মুকাম্মাল

লুগাতুল কুরআন

[আরবি-বাংলা]

[১৬ পারা থেকে ৩০ পারা পর্যন্ত]

রচনায়

মাওলানা আহমদ করিম সিদ্দীক

ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত

উচ্চতর আরবি ভাষা ও সাহিত্য, দারুল উলূম দেওবন্দ

শাইখুল হাদীস, জামিয়া ইসলামিয়া সোনারং, মুন্সিগঞ্জ

লেখক, গবেষক ও বহুগ্রন্থ প্রণেতা

মুফতি মহিউদ্দিন কাসেমী

ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত

শায়খুল হাদীস, বাঘবাড়ি সালামাতি মাদরাসা, মুন্সিগঞ্জ

প্রকাশনায়

ইসলামিয়া কুতুবখানা

৩০/৩২ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

মোকাম্মাল লুগাতুল কুরআন – ২য় খণ্ড [আরবি-বাংলা]

রচনায় ❖ মাওলানা আহমদ করিম সিদ্দীক

প্রকাশক ❖ আলহাজ মাওলানা মোহাম্মদ মোস্তফা এম.এম

শব্দ বিন্যাস ❖ ইসলামিয়া কম্পিউটার হোম
২৮/এ, প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা–১১০০

মুদ্রণে ❖ ইসলামিয়া অফসেট প্রেস, প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা

হাদিয়া ❖ ৬০০.০০ টাকা মাত্র

الحمد لله نحمده ونستعينه ونستغفره ونؤمن به ونتوكل عليه ونعوذ بالله من شرور انفسنا ومن سيئات اعمالنا من يهده الله فلا مضل له ومن يضلله فلاهادي له ونشهد ان لا اله الله وحده لا شريك له ونشهد ان محمدا عبده ورسوله صلى الله عليه وسلم تسليما كثيرا اما بعد! فقدقال الله تعالى ولقد يسرنا القرآن للذكر -

সকল প্রশংসা মহান রব্বুল আলামীন-এর জন্য, যিনি আমাদেরকে এ দুনিয়াতে আশরাফুল মাখলুকাত করে সৃষ্টি করেছেন। দরুদ ও সালাম বিশ্বনবী হযরত মুহাম্মদ (স.) -এর উপর যিনি খাতামুন্নাবিয়্যীন- লা নাবিয়্যা বা'দাহু। যার মাধ্যমে আমরা কুরআনুল কারীমের এ মহান নিয়ামতের অধিকারী হয়েছি। আর তাঁর পরিবারবর্গ ও সাহাবায়ে কেরামের প্রতিও করুণা বর্ষিত হোক, যারা মহাগ্রন্থ আল কুরআনের প্রকৃত মর্ম অনুধাবন করত তা হুবহু আমলে পরিণত করে নিজেদের জীবনকে আমাদের জন্য আদর্শরূপে স্থাপন করে গেছেন।

বিশ্বমানবতার এক চিরন্তন মুক্তির সনদ ও অনন্য সংবিধান, ইহকালীন-পরকালীন সকল প্রকার জ্ঞান-বিজ্ঞানে ভরপুর মহাগ্রন্থ আল কুরআন। কবি বলেন—

جميع العلم فى القران لكن * تقاصر عنه اعيان الرجال

অর্থ : আল কুরআনের পাতায় আছে,
সকল জ্ঞানের আলো।
কিন্তু মানুষ সবগুলো তার,
খুঁজে নাহি পেল।

এই কুরআনের মর্ম ও শিক্ষা যথাযথভাবে হৃদয়ঙ্গম করা এবং তদনুযায়ী জীবন গঠন করা প্রত্যেকের অপরিহার্য কর্তব্য। সে জন্য আমাদেরকে কুরআন বুঝতে হবে। কুরআন বুঝার জন্য সর্বপ্রথম করণীয় হলো কুরআনের শব্দ বিশ্লেষণ জানা। শব্দটির তরজমা, সীগাহ, বাব, বহছ, মূলবর্ণ ইত্যাদি জানা। কারণ এসব কিছুর উপর সঠিক অর্থ জানা নির্ভর করে। এতদিন যাবত আমাদের কওমী মাদরাসাগুলোতে পবিত্র কুরআনুল কারীমের দরস ও তাদরীসের উপর ততোখানি গুরুত্ব প্রদান করা হতো না যতটা অন্যান্য বিষয়ের প্রতি গুরুত্বারোপ করা হতো। কিন্তু অত্যন্ত আনন্দের বিষয় হলো আমাদের দেশের কওমী মাদরাসাগুলোতে সাম্প্রতিককালে এ বিষয়টির উপর যথেষ্ট জোর দেওয়া হচ্ছে। পর্যায়ক্রমে পূর্ণ কুরআনের তরজমা সিলেবাসভুক্ত করা হয়েছে, সাথে সাথে নহবী ও সরফী তাহকীকও করা হয়ে থাকে। সঙ্গত কারণেই এমন একটি গ্রন্থ প্রণয়ন অপরিহার্য হয়ে পড়েছে যাতে শিক্ষার্থীরা এ বিষয়গুলো সহজে পেতে পারে। আরবি ভাষায় এ বিষয়ের উপর পর্যাপ্ত গ্রন্থ রচিত হয়েছে। বড় বড় ভাষাবিদ, যুজাজ, ফাররা, আখফাশ, আবূ উবাইদা, ইবনে কুতাইবা, ইবনে দারীদ, আবূ বকর ইবনুল আম্বারী, আজীজী, রাগেব ইস্পাহানী, আবূ হাইয়ান উন্দুলুসী প্রমুখ এ বিষয়ের উপর মূল্যবান গ্রন্থাবলি রেখে গেছেন।

এ সমস্ত গ্রন্থরাজির মধ্যে ইমাম রাগেব ইস্পাহানীর 'মুফরাদাতুল কুরআন' ব্যতীত অন্যান্য সমস্ত কিতাব এখন দুষ্প্রাপ্য। আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) এতদসংক্রান্ত এটিকে সর্বোত্তম গ্রন্থ মনে করেন। বাস্তবতাও এটিই। কারণ আল কুরআনের শব্দাবলির বিশ্লেষণ সংক্রান্ত এটি অতুলনীয়, অনুপম।

বাংলা ভাষায়ও সাম্প্রতিককালে লোগাতুল কুরআনের উপর বিভিন্ন গ্রন্থ রচিত হয়েছে। কিন্তু প্রয়োজন ছিল এ বিষয়ের উপর এমন একটি গবেষণামূলক পূর্ণাঙ্গ ও নির্ভরযোগ্য গ্রন্থ রচনা করা, যাতে কুরআনুল কারীমের অর্থ ও উদ্দেশ্য অনুধাবন করা সর্বদিক থেকে সহায়ক হবে। বক্ষমান গ্রন্থ এ উদ্দেশ্যকে সামনে রেখেই রচিত হয়েছে।

এটা তো বলা যাবে না যে, লেখক এ উদ্দেশ্য পূরণে কতটুকু সফল হয়েছে; কিন্তু একটা কথা দৃঢ়তার সাথে বলা যেতে পারে যে, এ জাতীয় তথ্যবহুল ও বিশ্লেষণধর্মী গ্রন্থ এটিই প্রথম, যার প্রমাণ শিক্ষার্থীরা প্রতিটি পৃষ্ঠায় খুঁজে পেতে পারে।

প্রতিটি শব্দের প্রয়োজনীয় বিশ্লেষণ অতি যত্নসহকারে করা হয়েছে। কোনো শব্দের বিশ্লেষণ বা তার অর্থের তাহকীকের ক্ষেত্রে যেখানে মুফাসসিরীন, ফোকাহা ও ভাষাবিদগণের মতবিরোধ রয়েছে, তা বর্ণনা করে সিদ্ধান্তমূলক মন্তব্য বর্ণনা করা হয়েছে। পাশাপাশি আনুষঙ্গিক এমন বিষয়ও উপস্থাপন করা হয়েছে যা কুরআন অনুধাবনের ক্ষেত্রে সহায়ক হবে। যেহেতু আমাদের উদ্দেশ্য হলো কুরআনের চাহিদা অনুযায়ী কুরআনের অভিধান রচনা করা, তাই শুধুমাত্র শাব্দিক অর্থ লিখেই ক্ষান্ত করা হয়নি; বরং প্রতিটি শব্দের এমন অর্থ দেওয়ার চেষ্টা করা হয়েছে কুরআন শব্দটি যে অর্থে ব্যবহার করেছে এবং হক্কানী ওলামায়ে কেরাম তার যে অর্থ বুঝেছেন।

তেমনিভাবে যে শব্দটি পবিত্র কুরআনে একাধিক অর্থে ব্যবহৃত হয়েছে সে সকল অর্থ বিস্তারিতভাবে লেখা হয়েছে, পাশাপাশি এটাও বর্ণনা করা হয়েছে যে, কোথায় কি অর্থে তা ব্যবহৃত হয়েছে। যে শব্দের তাফসীরে কোনো মারফু' হাদীস এবং সাহাবী বা তাবেঈগণের উক্তি পাওয়া গেছে তাও তুলে ধরা হয়েছে।

নবী-রাসূল ﷺ বা অন্যান্য প্রসিদ্ধ ব্যক্তিবর্গ যেমন ফেরাউন, হামান, শয়তান ইত্যাদি যাদের আলোচনা কুরআনের বিভিন্ন স্থানে এসেছে তাদের ব্যাপারে সহীহ হাদীসে যে সমস্ত তথ্য-উপাত্ত পাওয়া গেছে তাও বর্ণনা করা হয়েছে। এ ক্ষেত্রে জাল হাদীস এবং ইসরাঈলী রেওয়ায়েতসমূহ যথাসম্ভব পরিহার করা হয়েছে, এবং যে সমস্ত জাল হাদীস খুবই প্রসিদ্ধ তা জাল এবং ভিত্তিহীন বলে সাব্যস্ত করা হয়েছে। কুরআনে যে সমস্ত স্থান ইত্যাদির আলোচনা এসেছে সেগুলোর পরিচিতিও ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে তুলে ধরা হয়েছে।

কুরআনের শব্দ বিশ্লেষণ এবং তার তাহকীকের ক্ষেত্রে আমার যতটুকু পুঁজি তার সিংহভাগই হলো ইমাম রাগেব ইস্পাহানী (র.) রচিত 'মুফরাদাতুল কুরআন' অতঃপর তাফসীর, হাদীস, লোগাত এবং ভূগোলের ঐ সমস্ত নির্ভরযোগ্য গ্রন্থাদি যার উদ্ধৃতি এ গ্রন্থের যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

যতটুকু সম্ভব পূর্ণ চেষ্টা করা হয়েছে যেন কিতাবের উপকারিতা বেশি থেকে বেশি ব্যাপক ও সার্বজনীন হয়। আশা করি ইনশাআল্লাহু তা'আলা এ কিতাব সাধারণ শিক্ষার্থীর জন্য শব্দের তরজমা, মধ্যমশ্রেণির শিক্ষার্থীদের জন্য মূলবর্ণ, সীগাহ নির্ধারণ, অর্থের প্রয়োজনীয় ব্যাখ্যা-বিশ্লেষণ এবং বিশেষ শ্রেণির জন্য জ্ঞান ও গবেষণামূলক আগ্রহের উপকরণ হবে। একজন শিক্ষক এ কিতাব হাতে নিয়ে কুরআনের দরস দিতে পারবেন, একজন শিক্ষার্থী এর দ্বারা ওস্তাদের প্রদত্ত্ব কুরআনী সবককে উত্তমরূপে আয়ত্ত করতে সক্ষম হবে, একজন সাধারণ মানুষ এ কিতাব অধ্যয়নে স্বীয় বুঝ অনুযায়ী কুরআনকে উত্তমরূপে হৃদয়ঙ্গম করতে পারবে।

পরিশেষে অভিধানটি রচনা ও প্রকাশের ক্ষেত্রে যারা আমাকে বিভিন্নভাবে সুন্দর সুন্দর পরামর্শ দিয়েছেন, সহযোগিতা করেছেন তাদের সকলকে আল্লাহ সর্বোত্তম বিনিময় দান করুন। বিশেষতঃ ইসলামিয়া কুতুবখানার সত্বাধিকারী মাওলানা মোহাম্মদ মোস্তফা (দা. বা.)-এর ঋণ কোনোদিনই পরিশোধ করার মতো নয়। কারণ তিনি আমার লেখালেখির পথে নানাভাবে সহযোগিতা করেছেন, অনুপ্রেরণা যুগিয়েছেন, লেখাগুলোকে মূল্যায়ন করেছেন, এবং তা প্রকাশের ব্যবস্থা করেছেন। আল্লাহর নিকট শুধু এই কামনা আল্লাহ যেন তাকে দীর্ঘজীবি করুন, সুস্থ রাখুন এবং একনিষ্ঠতার সাথে ইসলামের এ মহান খেদমতকে সম্মুখে এগিয়ে নিয়ে আকাশছোঁয়া সাফল্য লাভের তাওফীক দান করুন।

সেই সাথে অভিধান প্রকাশের এই বিশেষ মুহূর্তে স্মরণ করছি মরহুম আব্বাজানের কথা, তাঁর আজীবনের সাধনা ও শখ ছিল আমাকেসহ তাঁর সকল সন্তানদেরকে দীনের এবং কুরআন-হাদীসের খাদেম বানানো। কুরআন শিক্ষার সহায়ক গ্রন্থ রচনার এ সামান্য খিদমতটুকু যদি আল্লাহর দরবারে কবুল হয় এবং ইলমপিপাসু মহল যদি এর দ্বারা সামান্যতম উপকৃত হন, আল্লাহ যেন এর সমস্ত ছওয়াব তাঁর ও সদ্যপ্রয়াত আম্মাজানের কবর জীবনের সুখশান্তি এবং জান্নাতে তাঁদের মর্যাদা বৃদ্ধির জন্য অসিলা বানান।

আল কুরআনের এ অভিধান রচনা সংক্রান্ত সকল ত্রুটি-বিচ্যুতি আমার নিজস্ব এবং এর যা কিছু শুভ, কল্যাণপ্রদ ও ভালো দিক রয়েছে সেগুলো সবই আল্লাহর একান্ত অনুগ্রহের ফসল।

কবির পংক্তি দিয়েই শেষ করছি–

روز قیامت ہر کسی در دست گیرد نامہ

من نیز حاضر می شوم تصویر کتب در بغل

“কিয়ামতের দিন সকলেই যখন নিজ নিজ আমলনামা সঙ্গে নিয়ে আল্লাহর দরবারে হাজির হবে, তখন আমার নেক আমল যেহেতু শূন্যের কোঠায়, তাই আমি সেদিন মহান আল্লাহর সম্মুখীন হবো আমার বাহুর নিচে এইসব গ্রন্থরাজি ধারণ করে।”

বিনয়াবনত

আহমদ করিম সিদ্দীক

বি, পাইকপাড়া, আব্দুল্লাপুর, মুন্সিগঞ্জ।

২১ মে, ২০১৩

১০ রজব, ১৪৩৪

'মুকাম্মাল লোগাতুল কুরআন' -এর বৈশিষ্ট্যাবলি

- সর্বস্তরের পাঠকের প্রতি লক্ষ্য রেখে সহজ-সরল শব্দ ব্যবহার করা হয়েছে।
- সূরা ও আয়াতের ক্রমিকানুসারে আভিধানে উল্লিখিত শব্দের বিন্যাস প্রদত্ত হয়েছে।
- শব্দের তাহকীক ও ব্যাখ্যা বিশ্লেষণ বোধগম্য ভাষাশৈলীতে উপস্থাপন করা হয়েছে।
- বিশ্লেষণের ক্ষেত্রে প্রথমে শাব্দিক অর্থ অতঃপর বিশ্লেষণ উল্লেখ করা হয়েছে।
- শব্দটি فعل হলে তার সরফী তাহকীক তথা সীগাহ, বহুছ, বাব, মূলবর্ণ, মাসদার ও تعليل উল্লেখ করা হয়েছে।
- শব্দটি اسم হলে তার واحد ও جمع তুলে ধরা হয়েছে।
- আভিধানিক ও সরফী তাহকীকের পাশাপাশি প্রয়োজনীয় نحوى تحقيق -ও লিখে দেওয়া হয়েছে।
- শব্দের বিশ্লেষণের ক্ষেত্রে মুফাসসিরীন, ফোকাহা ও ভাষাবিদদের মতবিরোধ থাকলে তা উল্লেখপূর্বক যথাসম্ভব সিদ্ধান্তমূলক মন্তব্য বর্ণনা করা হয়েছে।
- যে শব্দটি পবিত্র কুরআনে একাধিক অর্থে ব্যবহৃত হয়েছে সে ক্ষেত্রে সকল অর্থ আয়াতসহ উল্লেখপূর্বক এ বিষয়টি স্পষ্ট করে দেওয়া হয়েছে যে; শব্দটি কোন আয়াতে কি অর্থে ব্যবহৃত হয়েছে।
- যে শব্দের তাফসীরে কোনো মারফূ' হাদীস বা সাহাবা-তাবেয়ীদের উক্তি পাওয়া গেছে, সেক্ষেত্রে তা-ও তুলে ধরা হয়েছে।
- শাব্দিক বিশ্লেষণের ক্ষেত্রে সালাফে সালেহীনের ধারা অনুসরণের পাশাপাশি কিতাবাদির হাওয়ালাও উল্লেখ করা হয়েছে।
- তাফসীরে মাযহারী, তাফসীরে কুরতুবী; তাফসীরে জালালাইন ও তাফসীরে বায়যাবীর অনুসরণে শাব্দিক বিশ্লেষণ উল্লেখ করা হয়েছে।
- তাফসীর সংক্রান্ত আলোচনাসমূহ সাধারণত তাফসীরে মাযহারী; তাফসীরে কুরতুবী; তাফসীরে রুহুল মা'আনী, তাফসীরে বয়ানুল কুরআন, তাফসীরে, মা'আরিফুল কুরআন, তাফসীরে উসমানী ও তাফসীরে মাজেদী থেকে উদ্ধৃত হয়েছে।
- যে সমস্ত শব্দ কোনো নবী-রাসূল বা প্রসিদ্ধ কোনো ব্যক্তিবর্গের নাম হিসেবে জনশ্রুত, সেক্ষেত্রে হাদীসের আলোকে নির্ভুল তত্ত্ব-উপাত্ত প্রদত্ত হয়েছে।
- শব্দের তাফসীরের ক্ষেত্রে জাল হাদীস ও ইসরাঈলি রেওয়াতেসমূহ যথাসম্ভব ভ্রান্ত সাব্যস্তপূর্বক পরিহার করা হয়েছে।
- কুরআনে যে সমস্ত জাতি বা স্থান ইত্যাদির আলোচনা এসেছে সেগুলোর পরিচিতি ঐতিহাসিক ও ভৌগলিক দৃষ্টিকোণ থেকে তুলে ধরা হয়েছে।
- এ অভিধানে উল্লিখিত শব্দের বাংলা অর্থ ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক রচিত আল-কুরআনুল কারীম থেকে নেওয়া হয়েছে।
- বাংলা বানানের ক্ষেত্রে 'বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান'কে পরিপূর্ণ রূপে অনুসরণ করা হয়েছে।
- অভিধানের সর্বত্র একই বানানরীতি প্রয়োগের আপ্রাণ চেষ্টা করা হয়েছে।

লোগাতুল কুরআনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা

পৃথিবীর সর্বাধিক পঠিত গ্রন্থ হলো আল-কুরআন। কুরআনের অমিয় বাণী যুগ যুগ ধরে আগ্রহী পাঠকের অন্তরের খোরাক যুগিয়ে আসছে। একজন মানুষ পবিত্র কুরআনুল কারীম যতই পাঠ করুক, এতে সে কোনোদিনই অতৃপ্তি অনুভব করে না। পাশাপাশি কুরআনের হৃদয়স্পর্শী বাণীসমূহের মর্ম উদঘাটনের আশা-আকাঙ্ক্ষা সকল যুগের সর্বশ্রেণির মানুষেরই একটি প্রাণের দাবি। তাদের সেই দাবির পরিপ্রেক্ষিতে সর্বস্তরের শিক্ষিত মানুষের মনের লালিত আশা পূরণের লক্ষ্যে আমাদের এই প্রয়াস। এই লোগাত তাদের সেই আশা পূরণে কার্যকরী ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী।

অনেক জেনারেল-শিক্ষিত লোকদেরকে দেখা যায় যে, ধর্মীয় অনুভূতি তাদেরকে কুরআনের জ্ঞান চর্চার প্রতি আগ্রহী করে তোলে। তারা তা আরবিতেই শিখতে চায়। এবং সেই লক্ষ্যে আরবি ভাষা শিক্ষার আকাঙ্ক্ষাও তাদের মধ্যে পরিলক্ষিত হয়। কিন্তু বয়সের কারণে তা বেশিদূর এগোতে পারে না। থেমে যায় তাদের কুরআন বুঝার প্রবল কামনার গতি। স্তিমিত হয়ে যায় মনের গহীনে লালিত সেই স্বপ্নপূরণের আশার ঝলক। নিরাশ হয়ে ব্যথিত মনে বসে বসে শুধু নীরবে অশ্রু প্রবাহিত করতে থাকে। এ ধরনের লোকদের স্বপ্নপূরণে এ কুরআনিক অভিধান যথেষ্ট সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

মাদ্‌রাসার প্রাথমিক স্তরের তরজমাতুল কুরআনের দরসে শিক্ষক পাঠদানের জন্য শব্দের সরফী-নহবী তাহকীক, শানে নুযূল ও টুকিটাকি তাফসীরের প্রয়োজনীয়তা ভীষণভাবে অনুভব করে থাকেন। এবং নানান তাফসীর ঘাটাঘাটি করে দলিলনির্ভর, সাবলিল ও সমৃদ্ধ পাঠ উপস্থাপনের চেষ্টা একজন শিক্ষকমাত্রেরই কাম্য থাকে। সে ক্ষেত্রে একজন সচেতন শিক্ষক এ লোগাতকে তার লক্ষ্যে পৌঁছার একমাত্র অবলম্বন হিসেবে গ্রহণ করতে পারেন।

একজন শিক্ষাত্রীর প্রধান লক্ষ্য-উদ্দেশ্য থাকে পরীক্ষায় ভালো ফলাফল করা। পরীক্ষায় ভালো ফলাফলের প্রধান সোপান হচ্ছে নির্ভুল, তথ্যমূলক ও দলিল-প্রমাণনির্ভর উত্তর প্রদান করা। আল কুরআনের এ অভিধান সহযোগিতা করার জন্য দৃঢ়প্রত্যয় নিয়ে কুরআনের দরসের শিক্ষার্থীদের হাতছানি দিয়ে ডাকছে।

ইসলামিক লিটারেচার, লেখালেখি ও গবেষণামূলক কর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য বাংলা ভাষায় রচিত সর্বাধিক শব্দ সম্বলিত আল কুরআনের এ অভিধান বিশেষভাবে উপযোগী হবে বলে আমরা মনে করি।

পবিত্র কুরআনুল কারীমের তাফসীর বিষয়ে যাদের বিশেষভাবে অধ্যয়নের সুযোগ হয়নি, তারা হয়তো তাফসীরের ঐ সমস্ত দুর্লভ ও সূক্ষ্মাতিসূক্ষ্ম মতামতসমূহের জ্ঞান থেকে কিছুটা হলেও না জানার গ্লানিতে ভুগে থাকেন। আল-কুরআনের এ অভিধান আপনার জ্ঞানের পরিধি সুপরিসর করবে, সমৃদ্ধ করবে আপনার জ্ঞানভাণ্ডার, এবং খুলে দিবে আপনার জানার ক্ষেত্রে প্রবল বাসনার বন্ধ জানালা।

যাদের নিরলস প্রচেষ্টায়
এ লোগাতুল কুরআন অভিধানটি আলোর মুখ দেখেছে

- **মাওলানা মোহাম্মদ মোস্তফা এম. এম**
  ব্যবস্থাপনা পরিচালক, ইসলামিয়া কুতুবখানা, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ আবুল কালাম মাসূম**
  ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত
  কামিল [১ম শ্রেণি], মাদরাসা-ই আলিয়া, ঢাকা।
  তাফসীরে জালালাইন শরীফের অনুবাদক ও বহুগ্রন্থ প্রণেতা।
- **মাওলানা মোহাম্মদ আনওয়ারুল হক**
  সিনিয়র সম্পাদক, ইসলামিয়া কুতুবখানা, ঢাকা।
- **মাওলানা রফিকুল ইসলাম সিরাজী**
  ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত
  সাবেক উস্তাদ, জামিয়া ইসলামিয়া দারুল উলূম মাদানিয়া
  ৩১২ দক্ষিণ যাত্রাবাড়ী, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ মাহমূদ হাসান**
  উস্তাদ, মাদরাসা উলূমে শরী'আহ, যাত্রাবাড়ী, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ এনামুল হাসান**
  উস্তাদ, মাদরাসা নূরুল কুরআন, ভিক্টোরিয়া পার্ক, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ সালাউদ্দিন**
  মুহাদ্দিস, জামিয়া ইসলামিয়া মোহাম্মাদিয়া মোহাম্মদনগর, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ কামরুল হাসান**
  ফাযেলে দারুল কুরআন শামসুল উলূম চৌধুরী পাড়া, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ মাহবুবুল হাসান**
  ফাযেলে জামেয়া আরাবিয়া ফরিদাবাদ, ঢাকা।

১৬তম পারা

আয়াত : ৭৬

سَأَلْتُكَ : **আমি আপনাকে প্রশ্ন করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلسُّؤَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা। ك যমীর মাফউলে বিহী।

فَلَا تُصَاحِبْنِى : **তবে আপনি আমাকে সঙ্গে রাখবেন না**। فاء জাযাইয়্যাহ। لَا تُصَاحِبْ সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ص ـ ح ـ ب) মাসদার اَلْمُصَاحَبَةُ অর্থ– কারো সঙ্গে থাকা; সান্নিধ্যে থাকা; সন্নিকটে থাকা; মিলে থাকা। نى নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

بَلَغْتَ : **চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গেছে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْبُلُوْغُ মূলবর্ণ (ب ـ ل ـ غ) অর্থ– পৌঁছা; চূড়ান্ত হওয়া।

عُذْرًا : **ওজর, আপত্তি**। ذَالْ-এর উপর পেশ দিয়েও পড়া হয়। একবচন, বহুবচন– أَعْذَارٌ

আয়াত : ৭৭

أَتَيَا : **তারা উভয়ে এলো**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِتْيَانُ অর্থ– আসা।

اِسْتَطْعَمَا : **তারা উভয়ে খাবার চাইল**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ ع ـ م) মাসদার اَلْاِسْتِطْعَامُ অর্থ– খাবার প্রার্থনা করা।

فَأَبَوْا : **অতঃপর তারা অস্বীকার করল**। فاء হরফে আত্‌ফ। أَبَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (أ ـ ب ـ و) মাসদার اَلْإِبَاءُ অর্থ– অস্বীকার করা।

يُضَيِّفُوْهُمَا : **তারা তাদের মেহমানদারী করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ض ـ ى ـ ف) মাসদার اَلتَّضْيِيْفُ অর্থ– মেহমানদারী করা।

يُرِيْدُ : **সে ইচ্ছা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْإِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

جِدَارًا : **প্রাচীর; দেয়াল**। এটি একচন, বহুবচন– جُدُرٌ

أَنْ يَّنْقَضَّ : **পতনোন্মুখ**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ض ـ ض) মাসদার اَلْاِنْقِضَاضُ অর্থ– ধ্বসে পড়া; পতিত হওয়া। ان দ্বারা মানসূব হয়েছে।

فَأَقَامَهُ : **অতঃপর তারা তা সুদৃঢ় করে দিল**। فاء হরফে আত্‌ফ। أَقَامَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْإِقَامَةُ অর্থ– সুদৃঢ় করা; সোজা করা; দাঁড় করানো।

لَوْ شِئْتَ : **তুমি যদি ইচ্ছা কর**। لَوْ হরফে শর্ত। شِئْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মুলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

لَتَّخَذْتَ : **গ্রহণ করতে পারতেন**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– গ্রহণ করা; বানানো। لام তাকীদের জন্য।

আয়াত : ৭৮

سَأُنَبِّئُكَ : **অচিরেই আমি আপনাকে বর্ণনা করছি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সংবাদ দেওয়া; বর্ণনা করা।

تَأْوِيْل : তাৎপর্য; ব্যাখ্যা। এটি বাব تَفْعِيْل -এর মাসদার। মূলবর্ণ (ا ـ و ـ ل) মাসদার اَلتَّاوِيْلُ অর্থ– তাৎপর্য বর্ণনা করা; ব্যাখ্যা করা।

আয়াত : ৭৯

فَأَرَدْتُّ : অতঃপর আমি ইচ্ছা করেছি। فاء হরফে আত্‌ফ। اَرَدْتُّ সীগাহ ماضى বহছ واحد متكلم বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ– ইচ্ছা করা।

اَعِيْبَهَا : আমি সেটিকে ত্রুটিযুক্ত করে দেই। اَعِيْبَ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ي ـ ب)মাসদার اَلْعَيْبُ অর্থ– ত্রুটিযুক্ত করা; দোষ সৃষ্টি করা।

غَصْبًا : ছিনিয়ে নেওয়া। এটি মাসদার ।

আয়াত : ৮০

فَخَشِيْنَا : অতঃপর আমি আশঙ্কা করলাম। فاء হরফে আত্‌ফ। خَشِيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

اَنْ يُرْهِقَهُمَا : যেন তাদের বিব্রত করে দেয়। ان নাসেবা। يُرْهِقَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ه ـ ق) মাসদার اَلْاِرْهَاقُ অর্থ– বিব্রত করা; কারো জন্য কোনো কাজে কঠিনতা সৃষ্টি করা; অনুপযোগী কাজে বাধ্য করা। هما যমীর মাফউলে বিহী।

طُغْيَانًا : অবাধ্যতা; অনিষ্ট; নাফরমানি; পথভ্রষ্টতা। মূলত طُغْيَان অর্থ অবাধ্যতায় সীমালঙ্ঘন করা। এটি মাসদার। এর فعل যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর যখন يائى হয় তখন বাব سَمِعَ ও فَتَحَ থেকে আসে। طَغٰى يَطْغٰى طُغْيَانًا ; পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকে এসেছে।

كُفْرًا : কুফরি। এটি মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; কুফরি করা।

আয়াত : ৮১

اَنْ يُبْدِلَهُمَا : তাদেরকে প্রতিদান দিবেন। ان নাসেবা। يُبْدِلَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلْاِبْدَالُ অর্থ– বদলা দেওয়া; প্রতিদান দেওয়া। هما যমীর মাফউলে বিহী।

اَقْرَبَ : অধিক ঘনিষ্ঠ। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقُرْبُ - اَلْقَرَابَةُ অর্থ– নিকটবর্তী হওয়া; ঘনিষ্ঠ হওয়া।

رُحْمًا : ভালোবাসা; মহব্বত। এটি বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– মহব্বত করা; ভালোবাসা।

আয়াত : ৮২

اَنْ يَّبْلُغَا : যেন তারা উভয়ে বয়ঃপ্রাপ্ত হয়। ان নাসেবা। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب - ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌঁছা; বয়ঃপ্রাপ্ত হওয়া; বালেগ হওয়া।

يَسْتَخْرِجَا : তারা যেন বের করে; উদ্ধার করে। সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; উদ্ধার করা। يَبْلُغَا -এর উপর আত্‌ফ হওয়ার কারণে মানসূব হয়েছে।

كَنْز : গুপ্তধন। এটি একবচন, বহুবচন– كُنُوْزٌ অর্থ– ধনভাণ্ডার; অঢেল মাল; সোনা-রুপা।

مَا فَعَلْتُهٗ : আমি তা করিনি। সীগাহ واحد متكلم বহছ نفى فعل ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْفِعْلُ মূলবর্ণ (ف ـ ع ـ ل) অর্থ– করা। ه যমীর মাফউল।

আয়াত : ৮৩

يَسْئَلُوْنَكَ : তারা আপনাকে জিজ্ঞাসা করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع

معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা। ى যমীর মাফউলে বিহী।

ذِى الْقَرْنَيْنِ : **যুলকারনাইন; দুই শিংওয়ালা**। ذِىْ অর্থ ওয়ালা; ذُو الْقَرْنَيْنِ قَرْنَيْنِ অর্থ দুই শিং। সুতরাং অর্থ– দুই শিংওয়ালা। রাসূলুল্লাহ ﷺ-এর নবুয়ত ও সত্যতা যাচাইয়ের উদ্দেশ্যে ইহুদিদের পরামর্শে কুরাইশরা এ প্রশ্ন করেছিল। জবাবে আয়াতগুলো অবতীর্ণ হয়।

ذُو الْقَرْنَيْنِ : **নামকরণের কারণ**। এ সম্পর্কে বহু উক্তি ও তীব্র মতভেদ পরিদৃষ্ট হয়। কেউ বলেন, তাঁর মাথার চুলে দু'টি গুচ্ছ ছিল। তাই যুলকারনাইন [দুই গুচ্ছওয়ালা] আখ্যায়িত হয়েছেন। কেউ বলেন, পাশ্চাত্য ও প্রাচ্যদেশসমূহ জয় করার কারণে যুলকারনাইন খেতাবে ভূষিত হয়েছেন। কেউ এমনও বলেছেন যে, তাঁর মাথায় শিং এর অনুরূপ দু'টি চিহ্ন ছিল। কোনো কোনো রেওয়ায়েতে রয়েছে যে, তাঁর মাথার দুই দিকে দু'টি ক্ষত চিহ্ন ছিল। এক ব্যাখ্যা মতে, পৃথিবীর পূর্ব হতে পশ্চিম পর্যন্ত ভ্রমণ করেছিলেন বলে তিনি এই নামে অভিহিত হয়েছেন।

তিনি কে ছিলেন : তিনি একজন সৎ ও ন্যায়পরায়ণ বাদশাহ ছিলেন এবং পাশ্চাত্য ও প্রাচ্যদেশসমূহ জয় করেছিলেন। এসব দেশে তিনি সুবিচার ও ইনসাফের রাজত্ব প্রতিষ্ঠিত করেছিলেন। আল্লাহ তা'আলার পক্ষ থেকে তাঁকে লক্ষ্য অর্জনের সর্বপ্রকার সরঞ্জাম দান করা হয়েছিল। তিনি দিগ্বিজয়ে বের হয়ে পৃথিবীর তিন প্রান্তে পৌঁছেছিলেন– পাশ্চাত্যের শেষ প্রান্তে, প্রাচ্যের শেষ প্রান্তে এবং উত্তরে পর্বতমালার পাদদেশ পর্যন্ত। এখানেই তিনি দুই পর্বতের মধ্যবর্তী গিরিপথকে একটি সুবিশাল লৌহ প্রাচীর দ্বারা বন্ধ করে দিয়েছিলেন। ফলে ইয়াজুজ-মাজুজের লুটতরাজ থেকে এলাকার জনগণ নিরাপদ হয়ে যায়। অনেকের মতে তিনি গ্রীক সম্রাট আলেকজাণ্ডার [মৃ. খৃ. পূ. ৩২৩], কারো মতে তিনি পারস্য সম্রাট 'সায়রাস' [কায়খুসুরু, মৃ. খৃ. পূ. ৫৩৯]

প্রাচীন আরবি কবিতায় ذوالقرنين নামের উল্লেখ থাকা দ্বারা অনুমিত হয় যে, তিনি প্রাচীন আরবের কোনো ধার্মিক শক্তিধর বাদশাহ ছিলেন। ইবনে কাসীরের মতে, তার আমল ছিল সিকান্দার গ্রীক, মকদূনী থেকে দু'হাজার বছর পূর্বে হযরত ইবরাহীম (আ.)-এর আমল। তার উজির ছিলেন হযরত খিযির (আ.)। ইবনে কাসীর 'আল বেদায়া ওয়ান্নেহায়াহ' গ্রন্থে এ রেওয়ায়েতও বর্ণনা করেন যে, যুলকারনাইন পদব্রজে হজের উদ্দেশ্যে আগমন করলে হযরত ইবরাহীম (আ.) মক্কা থেকে বের হয়ে তাঁকে অভ্যর্থনা জানান, তাঁর জন্য দোয়া করেন এবং কিছু উপদেশও প্রদান করেন। তিনি ইবরাহীম (আ.)-এর সাথে তওয়াফ করেন এবং কুরবানি করেন। [মা'আরেফুল কুরআন]

কোনো কোনো রেওয়ায়েতে রয়েছে যে, সমগ্র বিশ্বে শাসনক্ষমতা প্রতিষ্ঠাকারী চারজন সম্রাট অতিক্রান্ত হয়েছেন। তন্মধ্যে দু'জন ছিলেন মুমিন এবং দু'জন ছিলেন কাফের। মুমিন দু'জন হলেন হযরত সোলায়মান (আ.) ও যুলকারনাইন এবং কাফের দু'জন নমরূদ ও বখতে-নসর। [আরো বিস্তারিত তাফসীরে মা'আরেফুল কুরআনে দেখুন]

سَاَتْلُوْا : **আমি বর্ণনা করব; আমি পাঠ করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; বর্ণনা করা।

আয়াত : ৮৪

مَكَّنَّا : **আমি কতৃত্ব দান করেছি; আমি ক্ষমতাধর বানিয়েছি**। مَكَّنَّا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (م ـ ك ـ ن) মাসদার اَلتَّمْكِيْنُ অর্থ– কর্তৃত্ব দান করা; ক্ষমতাধর বানানো।

اٰتَيْنٰهُ : **আমি তাকে দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা।

আয়াত : ৮৫

فَاَتْبَعَ : **সুতরাং সে অবলম্বন করল**। فاء হরফে আতফ। اَتْبَعَ সীগাহ واحد مذكر غائب বহছ

(ت ـ ب ـ ع) মূলবর্ণ اِفْتِعَالٌ বাব مَاضِى مَعْرُوف মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; পিছনে চলা; অবলম্বন করা।

আয়াত : ৮৬

مَغْرِبَ : **অস্তগমনস্থান**। সীগাহ اسم ظرف واحد বহছ اَلْغُرُوْبُ বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ب) মাসদার مكان অর্থ– অস্ত যাওয়া।

تَغْرُبُ : **অস্তগমন করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ب) মাসদার اَلْغُرُوْبُ অর্থ– অস্ত যাওয়া; ডুবা।

حَمِئَةٍ : **পঙ্কিল; কাদাময়**। মাসদার اَلْحَمَأُ অর্থ– কাদা ও সেঁতসেঁতে হওয়া।

تَتَّخِذَ : **তুমি অবলম্বন করতে পার**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– বানানো; গ্রহণ করা; অবলম্বন করা।

আয়াত : ৮৭

نُعَذِّبُهُ : **আমি তাকে শাস্তি দিব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ– শাস্তি দেওয়া।

يُرَدُّ : **সে প্রত্যাবর্তিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরানো।

আয়াত : ৯০

مَطْلِعَ : **সূর্যোদয়স্থল; উদয়াচল**। এটি ইসম; বহুবচন مَطَالِعُ আবার বাব نَصَرَ মাসদারও আসে। অর্থ– প্রকাশিত হওয়া; সূর্য, সকাল বা যে কোনো ব্যক্তি ইত্যাদি বের হওয়া। যেমন– طُلُوْعُ الشَّمْسِ আবার مَطْلِعُ الْفَجْرِ

تَطْلُعُ : **তা উদয় হচ্ছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ ل ـ ع) মাসদার اَلطُّلُوْعُ অর্থ– উদয় হওয়া; প্রকাশ পাওয়া বের হওয়া।

لَمْ نَجْعَلْ : আমি করি নি। সীগাহ جمع متكلم বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো।

سِتْرًا : **অন্তরাল**। এটি ইসম; বহুবচন– اَسْتَارٌ ও سُتُوْرٌ

আয়াত : ৯১

اَحَطْنَا : **আমি বেষ্টন করেছি; আমি আয়ত্তে নিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা; আয়ত্ত করা।

لَدَيْهِ : **তার নিকট**। لَدَىْ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। لَدَىْ স্থানসূচক হরফ। নিকট, দিক।

আয়াত : ৯৩

لَا يَكَادُوْنَ : **তারা নিকটবর্তী ছিল না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ د) মাসদার اَلْكَوْدُ অর্থ– নিকটবর্তী হওয়া। এটি একটি فِعْل مُقَارِب تَامّ কিন্তু ব্যবহারের ক্ষেত্রে এর পরে অন্য কোনো ফে'ল থাকা আবশ্যক। যেমন– لَا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ قَوْلًا তারা কোনো কথা বোঝার নিকটবর্তী হচ্ছিল না।

আয়াত : ৯৪

يَاْجُوْجَ وَ مَاْجُوْجَ : **ইয়া'জূজ ও মা'জূজ**। এই দুই নামের বিভিন্ন ব্যাখ্যা করা হয়েছে। কুরআনের বিবরণ অনুযায়ী এরা ছিল দুষ্ট প্রকৃতির ভীষণ অত্যাচারী পার্বত্য জাতি, যাদের উৎপীড়নে পার্শ্ববর্তী এলাকার লোকেরা অতিষ্ঠ হয়েছিল। তাদের বাসস্থান কোথায় তা সঠিকভাবে এখনও নির্ণয় সম্ভব হয়নি। হযরত হুযায়ফা থেকে মারফূ রেওয়ায়েতে বর্ণিত আছে শব্দদ্'টি অনারবী। হযরত যাহহাকের মতানুযায়ী এরা ছিল তুর্কীদের বংশোদ্ভূত। আর সুদ্দীর মতানুযায়ী বরং তুর্কীরাই এদের একটি সম্প্রদায়। ঐতিহাসিকগণ এদেরকে ইয়াফেস বিন নূহের বংশধর বলে অভিহিত করেছেন। তাওরাতের অধ্যায়ঃ 'পয়দায়েশ', পরিচ্ছদঃ

১-২] তে রয়েছে যে, ইয়াফিসের এক ছেলের নাম مَاغُوْغ ছিল। ইবরানি ভাষায় এ- گ কে- غــيــن মাগোগ উচ্চারণ করা হয়। এ কারণে مَاغُوْغ কে- মাগোগ বলা হয়। আরবিতে گ কে جيم দ্বারা পরিবর্তন করা হয়। তাই মাগোগ কে مَاجُوْج বলা হয়। يَاْجُوْج مَاْجُوْج মূলত গোগ মাগোগ ছিল। কিতাব হিজকীল নবী, পরিচ্ছদঃ ২৭ঃ২) এ রয়েছে, গোগ শব্দটি জাতি এবং মেগোগ শব্দটি দেশ অর্থে ব্যবহৃত হয়। কিন্তু ব্যবহারের সময় শব্দদু'টি একসাথে ব্যবহার হয়। একটি দ্বারা অপরটিও বুঝানো হয়। আরবিতেও শব্দদু'টিকে একসাথে ব্যবহার করা হয়েছে। তারা বিচ্ছিন্নতা পরিহার করে সংঘবদ্ধভাবে থাকতে পছন্দ করে বলে তাদের يَاْجُوْج مَاْجُوْج বলা হয়ে থাকতে পারে।

مُفْسِدُوْنَ : অশান্তি সৃষ্টিকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– অশান্তি সৃষ্টি করা; বিপর্যয় সৃষ্টি করা; গণ্ডগোল বাধানো।

خَرْجً : খরচ; মাশুল; ট্যাক্স; কর। বহুবচন– اَخْرَاجٌ

سَدًّ : প্রাচীর। এটি একবচন, বহুবচন– اَسْدَادٌ- سُدُوْدٌ অর্থ– প্রতিবন্ধক, বাধা, পাহাড়, বাঁধ।

আয়াত : ৯৫

مَكَّنِّيْ : আমাকে ক্ষমতা দিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل ; মূলবর্ণ (م ـ ك ـ ن) মাসদার اَلتَّمْكِيْنُ অর্থ– কর্তৃত্ব দেওয়া; ক্ষমতা দেওয়া। يـاء নূনে বেকায়া نــى মাফউলে বিহী। متكلم

فَاَعِيْنُوْنِيْ : অতএব তোমরা আমাকে সাহায্য কর। فـاء হরফে আতফ। اَعِيْنُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعَانَةُ মূলবর্ণ (ع ـ و ـ ن) অর্থ– সাহায্য করা।

اَجْعَلْ : আমি বানিয়ে দেব। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো।

رَدْمًا : সুদৃঢ় প্রাচীর; মোটা দেয়াল। رَدَمَ يَرْدِمُ তথা বাব ضَرَبَ -এর মাসদার। যার অর্থ পাথর দ্বারা ফাটল বন্ধ করা। তবে এখানে মাসদার اسم مفعول অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৯৬

اٰتُوْنِيْ : তোমরা আমার নিকট আনয়ন কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

زُبَرَ الْحَدِيْدِ : লৌহপিণ্ডসমূহ। زُبَرَ মুযাফ اَلْحَدِيْدِ মুযাফ ইলাইহি। زُبَرَ টি- زُبْرَةٌ -এর বহুবচন। এর অর্থ পাত। এখানে লৌহখণ্ড বোঝানো হয়েছে। গিরিপথ বন্ধ করার জন্য নির্মিতব্য প্রাচীর ইট-পাথরের পরিবর্তে লোহার পাত ব্যবহার করা হয়েছিল।

اَلْحَدِيْدِ : লৌহ। একবচন, বহুবচন– حديدات، حدائد

سَاوٰى : সমান হয়ে গেল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُسَاوَاةُ মূলবর্ণ (س ـ و ـ ى) অর্থ– সমান হওয়া; বরাবর হওয়া।

صَدَفَيْنِ : মধ্যবর্তী ফাঁকা স্থান; দুই পাহাড়ের মধ্যবর্তী ফাঁক; পাহাড়ের দুই প্রান্ত। صَدْف -এর দ্বিবচন। নসব ও জর অবস্থায়।

اُنْفُخُوْا : তোমরা হাঁপরে দম দিতে থাক। তোমরা ফুঁ দাও। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ خ) মাসদার اَلنَّفْخُ অর্থ– ফুঁ দেওয়া; দম করা।

اُفْرِغْ : আমি ঢেলে দেব। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ غ) মাসদার اَلْاِفْرَاغُ অর্থ– ঢালা; প্রবাহিত করা।

قِطْرًا : গলিত তাম্র। [কামূস ও মুফরাদাতুল কুরআন] এটা শুধুমাত্র হিময়ারী ভাষা। আরবের অন্যান্য গোত্রের ভাষায় এর ব্যবহার নেই। হযরত ইবনে আব্বাস (রা.)-এর তরজমা করেছেন اَلصُّفْرُ তথা পিতল।

আয়াত : ৯৭

اِسْطَاعُوْا : **তারা সক্ষম হলো**। মূলত اِسْتَطَاعُوْا ছিল। تاء এবং طاء হরফদ্বয়ের মাখরাজ কাছাকাছি হওয়ায় تاء বিলুপ্ত হয়ে গেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالْ মাসদার اَلْاِسْتِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ– সক্ষম হওয়া; করতে পারা।

اَنْ يَّظْهَرُوْهُ : **তা অতিক্রম করতে**। اَنْ নাসেবা। يَظْهَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ(ظ ـ ه ـ ر) মাসদার اَلظُّهُوْرُ অর্থ– প্রকাশ পাওয়া। শক্তি পাওয়া।

نَقْبًا : **ছিদ্র**। এটি বাব كَرُمَ ও سَمِعَ-এর মাসদার। অর্থ– ফেটে যাওয়া।

আয়াত : ৯৮

دَكَّاءَ : **চূর্ণবিচূর্ণ**। এটি একবচন; বহুবচন– دَكَّاوَاتٌ

আয়াত : ৯৯

تَرَكْنَا : **আমি ছেড়ে দেব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– ছাড়া; বর্জন করা।

يَمُوْجُ : **তারা তরঙ্গায়িত হবে; তরঙ্গের ন্যায় পতিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ج) মাসদার اَلْمَوْجُ অর্থ– ঢেউ উঠা; তরঙ্গ সৃষ্টি হওয়া। অর্থাৎ মানুষের আধিক্যের কারণে মনে হবে যেন মানবসমুদ্র, যাতে ঢেউ উঠেছে।

نُفِخَ : **ফুৎকার দেওয়া হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلنَّفْخُ মূলবর্ণ (ن ـ ف ـ خ) অর্থ– ফুঁ দেওয়া।

اَلصُّوْرِ : **শিঙ্গা**। শায়েখ আবুল ফযল লিখেছেন– صُوْر অর্থ শিঙ্গা যাতে ইসরাফিল (আ.) সৃষ্টজীবকে ধ্বংস করার জন্য ফুৎকার দিবেন। যেমন আল্লাহর বাণী– يَوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ অন্যত্র রয়েছে ثُمَّ نُفِخَ فِيْهِ اُخْرٰى ; এখানে ه যমীর واحد مذكر غائب আনা হয়েছে, যাতে বুঝা যায় যে, এটি صُوْرَةٌ-এর বহুবচন নয়। যেমনটি হযরত কালবী বলেছেন। তাছাড়া একটি হাদীসে রয়েছে, হুযুর ﷺ বলেছেন– اَلصُّوْرُ اَلْقَرْنُ يُنْفَخُ فِيْهِ ;صُوْر হলো শিঙ্গা যাতে ফুৎকার দেওয়া হবে।

فَجَمَعْنٰهُمْ : **অতঃপর আমি তাদেরকে একত্র করব**। ফা হরফে আত্ফ। جَمَعْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ م ـ ع) মাসদার اَلْجَمْعُ অর্থ– একত্র করা; জমা করা। هم যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১০০

عَرَضْنَا : **আমি উপস্থিত করব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَرْضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– উপস্থিত করা; পেশ করা।

আয়াত : ১০১

غِطَاءٍ : **পর্দা; ঢাকনা**। এখানে পর্দা দ্বারা কাপড়ের পর্দা উদ্দেশ্য নয়; বরং গাফলতের পর্দা উদ্দেশ্য।

لَا يَسْتَطِيْعُوْنَ : **তারা সক্ষম হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সক্ষম হওয়া; সামর্থ্য রাখা।

আয়াত : ১০২

اَفَحَسِبَ : **অতঃপর সে কি ধারণা করেছে?** أ প্রশ্নবোধকের জন্য। حَسِبَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْحِسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– ধারণা করা; মনে করা।

اَنْ يَّتَّخِذُوْا : **যেন তারা গ্রহণ করে**। اَنْ নাসেবা। يَتَّخِذُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– গ্রহণ করা; সাব্যস্ত করা; বানানো।

أَعْتَدْنَا : আমি প্রস্তুত করে রেখেছি। أَعْتَدْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اَلْاِفْتِعَالُ মূলবর্ণ (ع ـ ت ـ د) মাসদার اَلْاِعْتَادُ অর্থ– প্রস্তুত রাখা।

نُزُلًا : আপ্যায়ন; অভ্যর্থনা। اسم আধিক্য; কল্যাণ; বরকত; পবিত্রতা।

আয়াত : ১০৩

نُنَبِّئُكُمْ : আমি তোমাদেরকে সংবাদ দেব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সংবাদ দেওয়া; বর্ণনা করা; সতর্ক করা।

بِالْاَخْسَرِيْنَ : ক্ষতিগ্রস্তদের ব্যাপারে। بِ হরফে জার। اسم تفضيل বহছ جمع مذكر সীগাহ اَخْسَرِيْنَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخَسَارَةُ ও اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

ضَلَّ : তা পণ্ড হয়েছে; নষ্ট হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট হওয়া; অন্তর্হিত হওয়া; পণ্ড হওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; হারিয়ে যাওয়া।

يَحْسَبُوْنَ : তারা মনে করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحِسْبَانُ অর্থ– মনে করা; ধারণা করা।

يُحْسِنُوْنَ : তারা সৎকর্ম করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِحْسَانُ মূলবর্ণ (ح ـ س ـ ن) অর্থ– সুন্দর করা; উত্তম করা। কাউকে তার প্রাপ্য থেকে অধিক দেওয়া; ঈমানের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা।

صُنْعًا : উত্তম কাজ করা। এটি বাব فَتَحَ -এর মাসদার। মূলবর্ণ (ص ـ ن ـ ع) ইমাম রাগেব ইস্পাহানী (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন صُنْع অর্থ اِجَادَة فِعْل কাজ উত্তমরূপে সম্পাদন করা। সুতরাং সকল صُنْع ই فعل কিন্তু সকল فعل ই صُنْع নয়। তাছাড়া فعل -এর সম্পর্ক প্রাণী এবং জড়পদার্থ সকলের দিকে হয় কিন্তু صُنْع -এর সম্পর্ক সবকিছুর প্রতি হয় না।

আয়াত : ১০৫

فَحَبِطَتْ : সুতরাং নিষ্ফল হয়ে গেছে। فاء হরফে আতফ। حَبِطَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْحَبْطُ অর্থ– নষ্ট হওয়া; নিষ্ফল হওয়া; মুছে ফেলা; ধ্বংস করা।

لَا نُقِيْمُ : আমি স্থাপন করব না। সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– স্থাপন করা; কায়েম করা; সুদৃঢ় করা।

وَزْنًا : ওজন। এটি বাব ضَرَبَ -এর মাসদার। জিনস مثال واوى অর্থ– দ্রব্য সামগ্রী ওজন করা; মাপা। মর্যাদা, সম্মান, আমলের মূল্যায়ন এর অর্থেও ব্যবহার হয়।

আয়াত : ১০৭

جَنّٰتُ الْفِرْدَوْسِ : ফিরদাউসের উদ্যান; জান্নাতুল ফিরদাউস। جَنّٰتُ শব্দটি جَنَّةٌ -এর বহুবচন। যার অর্থ– উদ্যান; ঘন বৃক্ষবিশিষ্ট বাগান। শব্দটি جَنَّ থেকে উদ্ভূত। যার অর্থ গোপন থাকা; দৃষ্টির আড়ালে থাকা। বৃক্ষবিশিষ্ট উদ্যান যার বৃক্ষরাজি তার মাটিকে আচ্ছাদিত করে ফেলে তাকে جَنَّةٌ বলা হয়। জান্নাতকে জান্নাত বলার কারণ হয়তো দুনিয়ার উদ্যানের সাথে সাদৃশ্যের কারণে বলা হয়েছে; যদিও এতদুভয়ের মাঝে বিশাল ব্যবধান রয়েছে। অথবা এ জন্য বলা হয়েছে যে তার নিয়ামতরাজি আমাদের দৃষ্টির অগোচরে।

فِرْدَوْس -এর অর্থ সবুজে ঘেরা উদ্যান। এটি আরবি শব্দ, না সুরইয়ানী ইত্যাদি সম্পর্কে মতভেদ রয়েছে। যারা অনারব বলেন, তারাও ফারসি রোমী, না সুরইয়ানী ইত্যাদি সম্পর্কে নানা মত পোষণ করেন। ফারসিতে فِرْدَوْس এমন উদ্যানকে বলা হয় যার বৃক্ষরাজি বিস্তৃত হতে থাকে। আর সুরইয়ানি ভাষায় আঙ্গুরের মাচানকে বলা হয়। [মু'জামুল কুরআন] কামূস ও মুনতাহাল আরব গ্রন্থকার লিখেছেন فِرْدَوْس

পানির এমন ছোট নহর যাতে সর্বপ্রকার সবজি বিদ্যমান এবং এমন বাগান যার মধ্যে আঙ্গুর ও সর্বপ্রকার ফল ও ফুল থাকে, তাকে ফিরদাউস বলা হয়। বহুবচন فَرَادِيْس ; আমার দৃষ্টিতে শব্দটি আরবি। কেননা এ মূলবর্ণের কিছু শব্দ আরবিতে ব্যবহৃত হয়েছে। যেমন– فِرْدَوْس অতিথির সম্মুখে যে খাবার রাখা হয়। صَدْرٌ مُفَرْدَسٌ প্রশস্ত বক্ষ। فَرْدَسَةٌ প্রশস্ততা; কাউকে ভূপাতিত করা; আছাড় দেওয়া। [কামূস] বুখারী ও মুসলিমে বর্ণিত হাদীসে রাসূলুল্লাহ ﷺ বলেন, তোমরা যখন আল্লাহর কাছে প্রার্থনা কর, তখন জান্নাতুল ফিরদাউসের প্রার্থনা কর। কেননা এটা জান্নাতের সর্বোৎকৃষ্ট স্তর। এর উপরেই আল্লাহর আরশ এবং এখান থেকেই জান্নাতের সব নহর প্রবাহিত হয়েছে। –[কুরতুবী]

لَا يَبْغُوْنَ : **তারা কামনা করবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْيُ অর্থ– কামনা করা; অন্বেষণ করা; চাওয়া।

আয়াত : ১০৯

مِدَادًا : **কালি। প্রদীপের তেল। পর্যাপ্ততা; আধিক্যতা।** জান্নাতের হাউজ সম্পর্কে হাদীসে রয়েছে–مِيْزَابَانِ مِدَادُهُمَا الْجَنَّةُ তাতে জান্নাতের দু'টি নালা এসে প্রবাহিত হয়, যা উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে। অর্থাৎ যার উৎস জান্নাত। আয়াতে প্রথম অর্থ উদ্দেশ্য।

لَنَفِدَ : **নিশ্চয় তা নিঃশেষ হয়ে যাবে।** لام তাকীদের জন্য। نفد সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ف ـ د) মাসদার اَلنَّفَادُ ও اَلنَّفْدُ অর্থ– নিঃশেষ হওয়া।

تَنْفَدَ : **শেষ হয়; শেষ হওয়া।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلنَّفَادُ ও اَلنَّفْدُ মূলবর্ণ (ن ـ ف ـ د) অর্থ– নিঃশেষ হওয়া।

مَدَدًا : **আধিক্য; শক্তির আধিক্য।** مَدَدُ الْجَيْش যা দ্বারা সেনাবাহিনীর শক্তি বৃদ্ধি করা হয়। যেমন– অস্ত্র, রসদ, অতিরিক্ত সৈন্য ইত্যাদি। আয়াতে প্রথম অর্থ উদ্দেশ্য। [মহল্লী] তবে ইমাম রাগেব (র.)-এর মতে এখানে সাধারণ বৃদ্ধি উদ্দেশ্য নয়; বরং কালির বৃদ্ধি এবং এমন বৃদ্ধি উদ্দেশ্য যা কোনো পানির ঝরনা ও স্রোত থেকে উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে।

আয়াত : ১১০

يُوْحٰى اِلَيَّ : **আমার প্রতি প্রত্যাদেশ হয়।** يُوْحٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ح ـ ي) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

يَرْجُوْ : **সে কামনা করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ و) মাসদার اَلرَّجَاءُ অর্থ– আশা করা; কামনা করা; আকাঙ্খা করা।

لِقَاءَ : **সাক্ষাৎ।** এটি বাব سَمِعَ -এর মাসদার।

فَلْيَعْمَلْ : **সে যেন সৎকর্ম করে।** فَاء জাযাইয়্যাহ। لِيَعْمَلْ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– সৎকর্ম করা; আমল করা।

لَا يُشْرِكْ : **সে যেন শরিক না করে।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা; শিরক করা।

رَبِّهٖ : **তার প্রতিপালক।** رب মুযাফ, ه যমীর واحد مذكر غائب মুযাফ ইলাইহি। এটি মূলত বাব نَصَرَ -এর মাসদার। যা تَرْبِيَة বা প্রতিপালন করা। অতঃপর মুবালাগার জন্য عدل -এর ন্যায় وصف হিসেবে ব্যবহৃত হতে থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন رَبٌّ হলো মাসদার যা فاعل -এর অর্থের জন্য ব্যবহার করা হয়। تَرْبِيَة -এর সংজ্ঞায় ইমাম রাগেব লিখেছেন– هُوَ اِنْشَاءُ الشَّيْءِ حَالًا فَحَالًا اِلٰى حَدِّ التَّمَامِ অর্থাৎ কোনো বস্তুকে একের পর এক পর্যায়ক্রমে এক অবস্থা থেকে অন্য অবস্থায় এমনভাবে বৃদ্ধি করতে থাকা যাতে তা পূর্ণাঙ্গতায় পৌঁছে যায়। [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

সূরা মারইয়াম : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৯৮ রুকূ' : ৬

আয়াত : ১

كٓهٰيٰعٓصٓ : **কাফ্- হা- ইয়া- আইন- সাদ;** এগুলো হুরূফে মুকাত্তাআতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ-এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এর অর্থের পিছনে পড়ার প্রয়োজন নেই। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের ব্যক্তিগত মতামত। ইমাম কুরতুবী (র.) খলীফা চতুষ্টয় ও ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ-এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন। [বিস্তারিত সূরা বাকারা الٓمّٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

ذِكْرُ : **উপদেশ**। ইসম। বহুবচন اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব লিখেছেন ذِكْر দ্বারা কখনও নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারিফত অর্জন করে তা স্মরণ রাখা সম্ভব হয়। আর এটা حِفْظ-এরই ন্যায়। কিন্তু حِفْظ বলা হয় অর্জন হিসেবে। আর ذِكْر বলা হয় স্মরণ রাখা সম্পর্কে। আবার কখনও ذِكْر দ্বারা কোনো জিনিস অন্তরে বা আলোচনায় স্মরণ এসে যাওয়ার জন্যও বলা হয়। এ কারণেই বলা হয় ذِكْر দু'প্রকার। ১. ذِكْر قَلْبِىْ (অন্তরে স্মরণ করা।) ২. ذِكْر لِسَانِىْ (মৌখিক স্মরণ করা।) প্রত্যেকটি আবার দু'প্রকার। ভুলে যাওয়ার পর স্মরণ আসা। ভুলা ব্যতীতই সর্বদা স্মরণ থাকা। বায়হাকী লিখেছেন ذِكْر দু'প্রকার। এক. যা نِسْيَانٌ [বিস্মৃত হওয়া] এর বিপরীতার্থক। যেমন– وَمَآ اَنْسَانِيْهُ اِلَّا الشَّيْطٰنُ اَنْ اَذْكُرَهٗ [শয়তানই আমাকে তা উচ্চারণ করতে ভুলিয়ে দিয়েছে] দুই. কথা যা মানুষ আলোচনা করে। যেমন سَمِعْنَا فَتًى يَّذْكُرُهُمْ [আমরা এক যুবকের ব্যাপারে শুনেছি যাকে লোকেরা আলোচনা করে]

زَكَرِيَّا : **হযরত যাকারিয়া (আ.)**। [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত ৩৮ দ্রষ্টব্য]

আয়াত : ৩

نَادٰى : **সে আহ্বান করেছে**। সীগাহ واحد مذكر বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُنَادَاةُ ও اَلنِّدَاءُ মূলবর্ণ (ن ـ د ـ ي) অর্থ– ডাকা; আহ্বান করা।

خَفِيًّا : **গোপনে; নিভৃতে**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব سَمِعَ জিনস ناقص يائى মাসদার اَلْخَفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ– লুকানো; গোপন করা।

আয়াত : ৪

وَهَنَ : **সে দুর্বল হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ه ـ ن) মাসদার اَلْوَهْنُ অর্থ– দুর্বল হওয়া।

اَلْعَظْمُ : **অস্থি; হাড়**। একবচন, বহুবচন– عِظَامٌ

اِشْتَعَلَ : **শুভ্রোজ্জ্বল হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِشْتِعَالُ মূলবর্ণ (ش ـ ع ـ ل) -এর আভিধানিক অর্থ– 'প্রজ্বলিত হওয়া' কিন্তু এটা একটি আরবি বাগধারা, যার অর্থ 'শুভ্রোজ্জ্বল হওয়া'। এখানে রূপকার্থে বয়সের কারণে মাথার চুল সাদা হওয়া উদ্দেশ্য। [লিসানুল আরব, কুরতুবী ইত্যাদি] কুরতুবী।

شَيْبًا : **শুভ্রতা; বার্ধক্য**। এটি বাব ضَرَبَ-এর মাসদার।

شَقِيًّا : **ব্যর্থকাম**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبة اَلشَّقَاوَةُ - فَعِيْلٌ-এর ওজনে; বাব سَمِعَ মাসদার অর্থ– হতভাগ্য হওয়া।

আয়াত : ৫

خِفْتُ : **আমি আশঙ্কা করি**। সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব سمع মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

مَوَالِيَ : **স্বগোত্রীয়গণ**। বহুবচন; একবচন– مَوْلَى চাচাতো ভাই। [বগভী] নিকট উত্তরাধিকার। [মুজাহিদ] যে কোনো উত্তরাধিকার। [কালবী]

عَاقِرٌ : **বন্ধ্যা**। فاعل -এর ওজনে; اسم منسوب -এর অর্থে হয়েছে। ইমাম রাগেব লিখেছেন عُقْرٌ اَلْحَوْضِ، عُقْرُ الدَّارِ (بضم العين) হাউজ এবং ঘরের আঙ্গিনা। عقرته অর্থ হলো আমি তার গোড়ায় আঘাত করেছি। عَقَرْتُ النَّخْلَ আমি খেজুর গাছ মূল থেকে কেটে ফেলেছি। عَقَرْتُ ظَهْرَ الْبَعِيْرِ فَانْعَقَرَ আমি উটের পিঠে আঘাত করেছি অতঃপর সে আহত হয়েছে। উল্লেখ্য এর كَرُمَ ও سَمِعَ، ضَرَبَ তিন বাব থেকেই فعل আসে। তাজুল উরূসে রয়েছে عَاقِرٌ ইসম যা نسبت অর্থ যেমন– ذَات عُقْر অর্থে ব্যবহৃত হয়। যেমন اِمْرَأَةٌ حَائِضٌ অর্থ হলো اِمْرَأٌ ; ذَات حَيْض طَالِقٌ অর্থ হলো ذَات طَلَاق ; তাফসীরে মাযহারীতে রয়েছে যে, শব্দটি مذكر و مونث উভয়ভাবেই ব্যবহার হয়। কাজী শওকানী লিখেছেন, যে মহিলা বার্ধক্যজনিত সন্তান জন্মদানে অক্ষম হয়েছে তাকেও عَاقِرْ বলা হয় এবং যে বন্ধ্যা তাকেও عَاقِرْ বলা হয়। এখানে বন্ধ্যা উদ্দেশ্য।

هَبْ : **তুমি দান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْهِبَةُ ও اَلْوَهْبُ অর্থ– দান করা।

আয়াত : ৬

يَرِثُنِيْ : **সে আমার উত্তরাধিকারিত্ব করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلْوِرَاثَةُ অর্থ– উত্তরাধিকার হওয়া; মালিক হওয়া।

اِجْعَلْ : **তুমি কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো।

رَضِيًّا : **সন্তোষভাজন**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ ى) জিনস ناقص واوى মাসদার اَلرِّضَاءُ অর্থ– সন্তুষ্ট হওয়া।

আয়াত : ৭

نُبَشِّرُكَ : **আমি তোমাকে সুসংবাদ দিচ্ছি**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া।

يَحْيَى : **ইয়াহইয়া**। হযরত মারইয়াম (আ.)-এর খালাতো ভাই, হযরত যাকারিয়া (আ.)-এর পুত্র। যিনি হযরত যাকারিয়া এর বার্ধক্যের সময় একমাত্র আল্লাহর অনুগ্রহে বাহ্যিক উপকরণ ব্যতীত জন্মগ্রহণ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ অর্থ– জীবিত থাকা।

سَمِيًّا : **নামকরণ করা; একই নামের**। অর্থাৎ ইতঃপূর্বে ইয়াহইয়া নামে আর কারো নামকরণ করা হয়নি।

بَلَغْتُ : **আমি উপনীত হয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْبُلُوْغُ মূলবর্ণ (ب ـ ل ـ غ) অর্থ– পৌঁছা; উপনীত হওয়া; পূর্ণতায় পৌঁছা।

عِتِيًّا : **শেষ সীমায় উপনীত হওয়া**। বাব نَصَرَ -এর মাসদার । জাওহারী বলেন, এটি মূলত عُتُوٌّ ছিল। দুই পেশ একত্র হওয়ায় একটি পেশকে যের দ্বারা পরিবর্তন করা হয়েছে। অতঃপর একটি যেরের সাথে আরেকটি যেরও দিয়ে দেওয়া হয়েছে। যেন এক পরিবর্তনের আরো অধিক তাকীদ হয়ে যায়। এভাবে عِتِيًّا হয়ে গেছে। তাজুল মাসাদির গ্রন্থে عِتِيًّا এর তরজমা লিখা হয়েছে 'চরম বার্ধক্যে উপনীত হওয়া'। রূহুল মা'আনীতে এর অর্থ লিখা হয়েছে জোড়া ও হাড্ডিসমূহ শুষ্ক হওয়া। [রূহুল মা'আনী, খ : ১৬, পৃ : ৬৬] ইমাম রাগেব ইস্পাহানী مِنَ الْكِبَرِ عِتِيًّا -এর অর্থ লিখেছেন 'বার্ধক্য এমন অবস্থায় উপনীত হয়েছে যে, যার সংশোধনের কোনো পন্থা আর অবশিষ্ট নেই।' কাজী সানাউল্লাহ পানিপথি (র.) তাফসীরে মাযহারীতে লিখেছেন– عُتُو অর্থ আনুগত্য করতে অস্বীকৃতি জানানো। এখানে চরম বার্ধক্য

উদ্দেশ্য, কেননা দুর্বল ব্যক্তির অঙ্গপ্রত্যঙ্গ তার আয়ত্বে থাকে না এবং সে যা চায় তা দিয়ে তা করানো যায় না। কাতাদাহ লিখেছেন, হাড্ডি নিরস হওয়া উদ্দেশ্য। আর যখন কেউ চরম বার্ধক্যে পৌঁছে যায় তখন তার ক্ষেত্রে বলা হয়– عَتَا الشَّيْخُ يَعْتُوْ عِتِيًّا وَ عَاشَ ও عَاتَ যার হাড্ডি শুষ্ক হয়েছে তাকে عَشِيًّا বলা হয়। [তাফসীরে মাযহারী, খ : ৬, পৃ : ৮৫]

আয়াত : ৯

هَيِّنٌ : **সহজসাধ্য**। সীগাহ صفت مشبه বহছ واحد مذكر মারফূ' বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْهَوْنُ অর্থ– সহজসাধ্য হওয়া; নরম ও কোমল হওয়া; মন্থরগতিতে চলা।

আয়াত : ১০

آيَةً : **নিদর্শন**। এটি একবচন; বহুবচন اٰيَاتٌ; বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতকে আয়াত নামকরণের কারণসমূহ–

১. اٰيَة অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআনে মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।

২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুরআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।

৩. আবার কেউ বলেছেন, আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলা হয়।

اَلَّا تُكَلِّمَ : **তুমি বাক্যালাপ করবে না**। اَلَّا মূলত اَنْ لَا ছিল। নূনকে লামের মধ্যে ইদগাম করে দেওয়া হয়েছে। এভাবে اَلَّا হয়ে গেছে। تُكَلِّمَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ অর্থ– কথাবার্তা বলা; বাক্যালাপ করা।

سَوِيًّا : **সঠিক**। [কমও নয় বেশিও নয় এমন] সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; فَعِيْلٌ-এর ওজনে। ইমাম রাগেব (র.) লিখেছেন– سَوِيٌّ বলা হয় যা পরিমাপ ও পরিমাণ উভয় দিক থেকেই কমবেশি থেকে মুক্ত থাকে। আল্লাহর বাণী– ثَلَاثَ لَيَالٍ سَوِيًّا পূর্ণ তিনদিন তিনরাত। رَجُلٌ سَوِيٌّ এমন ব্যক্তি যে সৃষ্টিগত ও স্বভাবগত কমবেশি থেকে মুক্ত হয়ে সামঞ্জস্যপূর্ণ হয়।

আয়াত : ১১

اَلْمِحْرَابِ : **কক্ষ**। ইসম, একবচন; বহুবচন– مَحَارِيْبُ ; সর্বশ্রেষ্ঠ ও সম্মুখের স্থান। মসজিদের মেহরাবও সর্বশ্রেষ্ঠ ও সর্বাগ্রে থাকে। শয়তান ও নফসের সাথে যুদ্ধ করারও স্থান। অথবা মেহরাবে অবস্থানকারী ব্যক্তি দুশ্চিন্তামুক্ত হয়ে একাগ্র হয়ে বসে। [মু'জামুল কুরআন]

اَوْحٰى : **তিনি ওহী প্রেরণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ي) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

سَبِّحُوْا : **তোমরা পবিত্রতা ও মহিমা ঘোষণা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ। অর্থ– পবিত্রতা ও মহিমা বর্ণনা করা।

عَشِيًّا : **অপরাহ্নে; গোধূলিলগ্নে**। যখন সূর্যের আলো হালকা হতে থাকে তাকে عَشِيٌّ বলা হয়। [মুফরাদাতুল কুরআন]

আয়াত : ১২

خُذْ : **তুমি ধর/তুমি গ্রহণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; পাকড়াও করা; গ্রহণ করা।

اٰتَيْنٰهُ : **আমি তাকে দান করেছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– দান করা; দেওয়া।

صَبِيًّا : **শৈশব**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; صَبْوَةٌ থেকে নির্গত। যার অর্থ অজ্ঞানতার দিকে আকৃষ্ট হওয়া। কামূস গ্রন্থকার صَبِيٌّ-এর অর্থ

প্রসঙ্গে লিখেছেন, যে এখনও দুধ ছাড়ায়নি। ইমাম রাগেব লিখেছেন, যে এখনও বয়ঃপ্রাপ্ত হয়নি তাকে صَبِىٌّ বলা হয়। এটিই বিশুদ্ধ মত। শব্দটি একবচন; বহুবচন– صِبْيَانٌ ও صِبْيَةٌ ;

আয়াত : ১৩

حَنَانًا : **হৃদয়ের কোমলতা**। বাব ضَرَبَ-এর মাসদার। মূলবর্ণ (ح - ن - ن) হৃদয়ের এমন কোমলতা যাতে অনুগ্রহ বিদ্যমান।

تَقِيًّا : **মুত্তাকী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (و - ق - ى) মাসদার اَلْوِقَايَةُ অর্থ– কষ্টদায়ক জিনিস থেকে সংযত থাকা; সংরক্ষণ করা।

আয়াত : ১৪

بَرًّا : **পিতা-মাতার অনুগত সন্তান**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; মাসদার اَلْبِرُّ অর্থ– কল্যাণকর কাজ করা; ভালো কাজ করা। بَرَّ -এর নিসবত আল্লাহর দিকে হলে অর্থ হবে ছওয়াব দেওয়া, আর বান্দার দিকে হলে অর্থ হবে আনুগত্য করা।

جَبَّارًا : **স্বৈরাচারী; উদ্ধত**। বাব نَصَرَ-এর মাসদার جَبْرٌ থেকে মুবালাগার সীগাহ। ভাষাবিদদের বর্ণনামতে جبر -এর মূল অর্থ কোনো বস্তুকে জোরপূর্বক সংশোধন করা। তবে এর ব্যবহার শুধুমাত্র সংশোধন করার জন্যও হয়ে থাকে। جَبَّارٌ বলা হয় স্বৈরাচারীকে। এ অর্থে এটি নিন্দনীয়। কখনও جَبَّارٌ ঐ ব্যক্তিকেও বলা হয় যার অন্যের উপর বল প্রয়োগের ক্ষমতা রয়েছে। যেমন– وَمَا اَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ [তাদের উপর তোমাদের কোনো জোর নেই; ক্ষমতা নেই] আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের মধ্যে جَبَّارٌ রয়েছে। যেমন– اَلْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ। এ ব্যাপারে দু'টি অভিমত রয়েছে। যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় অনুগ্রহের ঝরনাপ্রবাহে সকলের অবস্থার সংশোধন করে দেন এবং তাদের ঘাটতিসমূহ পূরণ করে দেন তাই তাকে جَبَّارٌ বলা হয়। অর্থাৎ ত্রুটি পূর্ণকারী; অবস্থার সংশোধনকারী। আরবরা বলে جَبَرْتُ الْفَقِيْرَ আমি দরিদ্রের অবস্থা সংশোধন করে দিয়েছি; তাকে ধনী বানিয়ে দিয়েছি। দ্বিতীয়ত যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছা দ্বারা সকলকে বাধ্য করে দেন। তাই তাঁর নাম جَبَّارٌ রাখা সমীচীন হয়েছে। ইমাম বায়হাকী মুহাম্মদ ইবনে কা'ব থেকে বর্ণনা করেন– اِنَّمَا سُمِّىَ الْجَبَّارُ لِاَنَّهُ يَجْبُرُ الْخَلْقَ عَلٰى مَا اَرَادَ। জাব্বার নামকরণ এ জন্য হয়েছে যে, তিনি স্বীয় ইচ্ছা দ্বারা বান্দাদেরকে বাধ্য করেন। আল্লামা খাযেন বাগদাদী বলেন جَبَّارٌ শব্দটি আল্লাহর সত্তার জন্য প্রশংসনীয় গুণ এবং মানুষের জন্য নিন্দনীয় গুণ।

عَصِيًّا : **অবাধ্য**। مَعْصِيَةٌ ও عِصْيَانٌ থেকে فَعِيْلٌ বা فَعُوْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ বা মুবালাগার সীগাহ। আল্লামা কুরতুবী স্বীয় তাফসীরে ইমাম কাসাইর উদ্ধৃতিতে বর্ণনা করেন যে, عَصِىٌّ ও عَاصٍ উভয়টির অর্থ একই। –[তাফসীরে কুরতুবী, খ. ১১, পৃ. ১১১]; কিন্তু ইমাম রাযী তাফসীরে কাবীরে লিখেছেন যে, عَصِيًّا-টি عَاصِىْ থেকে অধিক অর্থবহ। যেমনিভাবে عَلِيْمٌ-টি عَالِمٌ থেকে অধিক পাণ্ডিত্যপূর্ণ। এ হিসেবে এটি মুবালাগার সীগাহ। আল্লামা আবূ হাইয়ান উন্দুলূসির মতও তাই। عَصِيًّا মূলত عَصُوْىٌ ছিল। فَعُوْلٌ –এর ওজনে। আবার فَعِيْلٌ -এর ওজনেও হতে পারে, উভয়টিই মুবালাগার সীগাহ।

আয়াত : ১৫

سَلَامٌ : **সালাম, সম্ভাষণ**। ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– سَلَامَةٌ ও سِلْم অর্থ প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন– مُسَلَّمَةٌ لَا شِيَةَ فِيْهَا [নির্দোষ, তাতে কোনো দাগ নেই] অপ্রকাশ্য যেমন– بِقَلْبٍ سَلِيْمٍ [প্রতারণামুক্ত অন্তর] অন্যত্র আল্লাহ বলেন– اُدْخُلُوْهَا بِسَلَامٍ اٰمِنِيْنَ [তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।] প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়িত্ব আছে ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে অভাব-অনটন নেই, সম্মান আছে অপদস্থতা নেই, সুস্থতা আছে রোগব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার

হয়েছে। কেউ কেউ বলেন اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী কাতাদা থেকে اَلسَّلَامُ, -এর অর্থ বর্ণনা করেছেন যে, سَلَامٌ- سَلَامٌ] هُوَالَّذِىْ يَسْلَمُ خَلْقُهٗ مِنْ ظُلْمِهٖ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে]।

وُلِدَ : **সে জন্ম লাভ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্মগ্রহণ করা।

يَمُوْتُ : **সে মৃত্যুবরণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া।

يُبْعَثُ : **সে জীবিত অবস্থায় উত্থিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো।

আয়াত : ১৬

اُذْكُرْ : **তুমি বর্ণনা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضرمعروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; বর্ণনা করা।

مَرْيَمَ : **মারইয়াম**। শব্দটি সুরিয়ানি; যার অর্থ সুরিয়ানি ভাষায় সেবিকা; খাদেম। [কাশশাফ] হযরত মারইয়াম (আ.)-এর মাতার নাম হান্নাহ এবং পিতার নাম ইমরান। তাঁর নবী হওয়ার ব্যাপারে মতবিরোধ রয়েছে। আহলে সুন্নাত ওয়াল জামাতের আকিদা মতে, কোনো মহিলা নবী হননি। তবে শৈশবকাল থেকে তিনি কারামতের অধিকারী ছিলেন এ ব্যাপারে কারো কোনো দ্বিমত নেই। শিশুকালে আল্লাহর পক্ষ থেকে তার জন্য জান্নাত থেকে ফল প্রেরিত হতো। ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে মতবরোধ সত্ত্বেও বিশুদ্ধ মত হলো তিনি কখনো বিবাহ বন্ধনে আবদ্ধ হননি। তাই তিনি মারইয়ামে আজরা [চিরকুমারী] নামে অভিহিত ছিলেন। তারই গর্ভে হযরত ঈসা (আ.) পিতাবিহীন জন্মগ্রহণ করেন।

اِنْتَبَذَتْ : اِذْ **যখন সে পৃথক হলো**। اِذْ হরফে শর্ত। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) মাসদার الانتباذ অর্থ– পৃথক হওয়া; একাগ্র হওয়া।

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ১৭

حِجَابًا : **পর্দা; আড়াল**। একবচন, বহুবচন– حُجُبٌ

رُوْحَنَا : **আমার ফেরেশতা**। رُوْحَ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। একবচন; বহুবচন اَرْوَاحٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৮৭ দ্রষ্টব্য]

فَتَمَثَّلَ : **সে আত্মপ্রকাশ করল**। فاء হরফে আতফ। তাকীদের জন্য। تَمَثَّلَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার التمثل মূলবর্ণ (م ـ ث ـ ل) অর্থ– আকৃতি ধারণ করা; আত্মপ্রকাশ করা। এ অর্থে যখন تَمَثَّلَ শব্দটি ব্যবহার হয় তখন এটি لام দ্বারা متعدى হয়।

আয়াত : ১৮

اَعُوْذُ : **আমি আশ্রয় চাই; আমি শরণ লই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ ذ) মাসদার اَلْعَوْذُ অর্থ– আশ্রয় গ্রহণ করা; শরণ লওয়া।

আয়াত : ১৯

لِاَهَبَ : **যেন আমি দান করি**। لام كى টি لام। اهب সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْوَهْبُ ও اَلْهِبَةُ অর্থ– দান করা।

زَكِيًّا : **পবিত্র**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلزَّكٰوةُ ও اَلزَّكَاءُ অর্থ– পবিত্র হওয়া; বৃদ্ধি পাওয়া।

আয়াত : ২০

لَمْ يَمْسَسْنِىْ : **আমাকে স্পর্শ করেনি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم নূনে نِىْ ;

বেকায়া يـاء مـتـكـلـم মাফঊলে বিহী। বাব نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ− স্পর্শ করা; ছোঁয়া।

لَمْ اَكُ : আমি নই। সীগাহ نفى বহছ واحد متكلم বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার جحد بلم اَلْكَوْنُ অর্থ− হওয়া।

بَغِيًّا : ব্যভিচারী; ব্যভিচারিণী। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অর্থ− ঔদ্ধত্য করা; ব্যভিচার করা।

আয়াত : ২১

مَقْضِيًّا : স্থিরীকৃত/ফয়সালাকৃত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ− ফয়সালা করা; মীমাংসা করা; সিদ্ধান্ত দেওয়া।

আয়াত : ২২

فَحَمَلَتْهُ : তৎপর সে গর্ভে তাকে ধারণ করল। فاء হরফে আত্ফ। حملت সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ। অর্থ− বহন করা; গর্ভধারণ করা।

আয়াত : ২৩

فَاَجَاءَهَا : অতঃপর তাকে নিয়ে আসল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ى ـ ء) জিনস اجوف يائى مهموز لام মাসদার اَلْاِجَاءَةُ অর্থ− আনা; নিয়ে আসা; আসতে বাধ্য করা।

مَخَاضُ : প্রসব-বেদনা । ইসম। মাসদার, বাব فَتَحَ অর্থ− প্রসব-বেদনা হওয়া। বলা হয়− مَخَضَتِ الْحَامِلُ مَخَاضًا গর্ভবতীর প্রসববেদনা শুরু হয়েছে। تَمَخَّضَ الْوَلَدُ (বাব تَفَعُّلٌ) বের হওয়ার জন্য সন্তান পেটের মধ্যে নড়াচড়া করেছে।

جِذْعِ : শাখা। একবচন, বহুবচন جُذُوْعٌ ; جِذْعُ النَّخْلَةِ অর্থ− খর্জুর-বৃক্ষ।

كُنْتُ نَسْيًا مَّنْسِيًّا : আমি যদি লোকের স্মৃতি হতে সম্পূর্ণ বিলুপ্ত হয়ে যেতাম। نَسْيًا এমন পরিত্যক্ত বস্তু যা কেউ স্মরণ করে না। ইসম। مَنْسِيًّا বিস্মৃত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْوَةُ ও اَلنِّسَاءُ - اَلنِّسْيَانُ অর্থ− ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

اَلنَّخْلَةِ : খর্জুর-বৃক্ষ। একক বুঝানো জন্য, একটি খেজুর বৃক্ষ।

مِتُّ : আমি মারা যাবো। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ− মৃত্যুবরণ করা; মারা যাওয়া। مضارع হওয়া সত্ত্বেও শর্তের কারণে এখানে ماضى -এর অর্থ হয়েছে।]

আয়াত : ২৪

فَنَادٰهَا : অতঃপর তাকে আহ্বান করল। فاء হরফে আত্ফ। نَادٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ د ـ و) মাসদার اَلْمُنَادَاةُ ও اَلنِّدَاءُ অর্থ− আহ্বান করা; ডাকা। ها যমীর মাফঊলে বিহী।

لَا تَحْزَنِىْ : তুমি দুঃখ করো না। সীগাহ واحد مؤنث حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْحُزْنُ মূলবর্ণ (ح ـ ز ـ ن) অর্থ− দুঃখ করা; চিন্তা-ভাবনা করা।

سَرِيًّا : নহর; ছোট নদী। ইসম। একবচন, বহুবচন− اَسْرِيَةٌ ও سِرْيَانٌ

আয়াত : ২৫

هُزِّىْ : তুমি নাড়া দাও। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْهَزُّ মূলবর্ণ (ه ـ ز ـ ز) অর্থ− নাড়া দেওয়া। هُزَّةٌ খুশি; খোশমেজাজী; প্রফুল্লতা। هَزْهَزٌ - هَزِيْزٌ ও হাঁড়ির টগবগানির শব্দ। বাব نَصَرَ থেকে هَزَهَازٌ মাসদার هَزِيْزٌ ও আসে। তখন অর্থ হয় কাউকে এত খুশি করা যে সে আনন্দে দুলতে থাকে। জনৈক কবি বলেন−

اَهُزُّ بِهٖ فِىْ نُدْوَةِ الْحَىِّ عِطْفَهٗ
كَمَا هَزَّ عِطْفِىْ بِالْهِجَانِ الْاَوَارِكِ

هـزى : বিশৃঙ্খলা সৃষ্টি করা; গণ্ডগোল বাধানো; অপদস্থ করা। تَهْزِيْز নাড়ানো। تَهَزُّز আন্দোলিত হওয়া; নড়া। اِهْتِزَاز আন্দোলিত হওয়া; দুলতে থাকা। [তাজ ও সিহাহ]

تُسَاقِطْ عَلَيْكِ : সে তোমার দিকে ফেলবে। تساقط জওয়াবে আমরের কারণে মানসূব হয়েছে। সীগাহ مضارع معروف বহছ واحد مؤنث غائب বাব مُفَاعَلَة মূলবর্ণ(س ـ ق ـ ط) মাসদার اَلْمُسَاقَطَةُ অর্থ– ফেলা; নিক্ষেপ করা।

رُطَبًا : তাজা খেজুর। এটি বহুবচন, একবচন– رُطَبَةٌ বহুবচনের বহুবচন أَرْطَابٌ- رِطَابٌ

جَنِيًّا : আহরিত তাজা ফল। جَنِيٌّ থেকে فَعِيْلٌ-এর ওজনে সিফাতে মুশাব্বাহার সীগাহ । رُطَبًا جَنِيًّا সুপক্ক তাজা খেজুর।

আয়াত : ২৬

فَكُلِيْ : সুতরাং তুমি আহার কর। فاء হরফে আত্ফ। كُلِيْ সীগাহ امر حاضر বহছ واحد مؤنث حاضر বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ معروف অর্থ– আহার করা; খাওয়া।

اِشْرَبِيْ : তুমি পান কর। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلشُّرْبُ মূলবর্ণ (ش ـ ر ـ ب) অর্থ– পান করা।

قَرِّيْ عَيْنًا : তুমি চক্ষু জুড়াও। قرى সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر বাব ضَرَبَ মাসদার القر মূলবর্ণ (ق ـ ر ـ ر) অর্থ– চক্ষু শীতল করা; চোখ জুড়ানো।

فَاِمَّا : অতঃপর যদি। মূলত فَاِنْ مَا ছিল। اِنْ شَرْطِيَة কে ادغام-এর পর فَاِمَّا হয়েছে।

تَرَيِنَّ : তুমি অবশ্যই দেখবে। সীগাহ واحد مؤنث حاضر বহছ مضارع معروف بانون ثقيلة বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

نَذَرْتُ : আমি মানত করেছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلنَّذْرُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– মানত করা।

لَنْ اُكَلِّمَ : আমি কিছুতেই কথা বলব না। সীগাহ واحد متكلم বহছ نفى تاكيد بلن বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْلِيْمُ মূলবর্ণ (ك ـ ل ـ م) অর্থ– কথা বলা।

اِنْسِيًّا : মানুষ। মূলত اِنْس ছিল। শেষে সম্বন্ধসূচক ي যুক্ত হওয়ায় اِنْسِيًّا হয়েছে।

আয়াত : ২৭

فَاَتَتْ : সুতরাং সে নিয়ে এসেছে। فاء হরফে আত্ফ। اتت সীগাহ ماضى বহছ واحد مؤنث غائب معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এর পরে باء এলে অর্থ হয় নিয়ে আসা।

تَحْمِلُهُ : সে তাকে বহন করে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَمْلُ মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ– বহন করা।

فَرِيًّا : অদ্ভুত কাণ্ড। গুরুতর ব্যাপার। সীগাহ واحد বহছ صفت مشبه বাব سَمِعَ মাসদার اَلْفَرِيُّ মূলবর্ণ (ف ـ ر ـ ى) জিনস ناقص يائى অর্থ– হতভম্ভ হওয়া; হতবাক হওয়া; মিথ্যা রটনা করা।

আয়াত : ২৮

هَارُوْنَ : হযরত হারূন (আ.)। হযরত মূসা (আ.) এর বড় ভাই যাকে হযরত মূসা (আ.) এর দোয়ার বদৌলতে তাঁর সাহায্যের জন্য নবী বানানো হয়েছিল। সুদ্দীর বর্ণনা অনুযায়ী এখানে হারূন দ্বারা পয়গাম্বরই উদ্দেশ্য এবং মারইয়ামকে اُخْتَ هَارُوْنَ [হারূনের বোন] বলার কারণ হলো মারইয়াম তার বংশোদ্ভূতই ছিলেন। আরবগণ বংশের প্রধান পূর্বপুরুষের দিকে সম্বন্ধ করার জন্য যেমনিভাবে يَاء نِسْبَتِيْ লাগায় তেমনিভাবে তাঁর পূর্বে اُخْتٌ বা اَخٌ যুক্ত করেও বংশগত সম্পর্ক প্রকাশ করে থাকে। যেমন تَمِيْم এর বংশধরদের ক্ষেত্রে تَمِيْمِيْ বলা হয়, আবার اَخَا تَمِيْم ও বলা হয়। কালবী বলেন, হযরত মারইয়ামের একজন মা শরিক ভাই ছিলেন, তার নামও হারূন ছিল, যিনি খুবই বুযর্গ ছিলেন। এখানে তিনিই উদ্দেশ্য। কাতাদা বলেন, হারূন নামে বনী ইসরাঈলের একজন সৎকর্মপরায়ণ ব্যক্তি ছিল। সৎকর্মে যিনি উপমা

ছিলেন। এখানে তিনিই উদ্দেশ্য। এ বক্তব্যের প্রমাণ মিলে হযরত মুগীরা ইবনে শো'বা (রা.) -এর রেওয়ায়েত দ্বারা যা বগভী মা'আলিমের মধ্যে বর্ণনা করেছেন। রাসূল ﷺ মুগীরার প্রশ্নের উত্তরে বলেছেন, 'তারা তাদের নবী ও নেককারদের নামের সাথে নাম রাখত।' অর্থাৎ আয়াতে হারূন দ্বারা নবী হযরত হারূন (আ.) উদ্দেশ্য নন; বরং অন্য কোনো ব্যক্তি উদ্দেশ্য, যার নাম হারূন। একটি দুর্বল মত অনুযায়ী হারূন দ্বারা মন্দ চরিত্রের অধিকারী এক ব্যক্তি উদ্দেশ্য। হযরত মারইয়ামকে তার দিকে নিসবত করার দ্বারা উদ্দেশ্য হলো মন্দ চরিত্রে তাকে তার সাথে উপমা দেওয়া। তবে অধিকাংশ তাফসীরবিদের মতে أُخْتَ هَارُوْنَ বলার কারণ কেবল এই যে, হযরত মারইয়াম (আ.) ছিলেন সচ্চরিত্র ও পূত-পবিত্রতায় প্রসিদ্ধ। এ কারণেই তাকে أُخْتَ هَارُوْنَ বলা হয়েছে।

اِمْرَأَ : **লোক; ব্যক্তি**। اِمْرَأٌ -এর হামযাহ, নসব, রফা' ও জর অবস্থায় الف - ى ও واو -তে রূপান্তরিত হয়ে যায়।

سَوْءٍ : **মন্দ; অসৎ**। এটি বাব نَصَرَ -এর মাসদার।

بَغِيًّا : **ব্যভিচারী; ব্যভিচারিণী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْيُ অর্থ– ঔদ্ধত্য করা; ব্যভিচার করা।

আয়াত : ২৯

فَاَشَارَتْ : **অতঃপর সে ইঙ্গিত করেছে**। فاء হরফে আতফ। اَشَارَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ و ـ ر) মাসদার اَلْاِشَارَةُ অর্থ– ইঙ্গিত করা; ইশারা করা।

اَلْمَهْدِ : **দোলনা**। বহুবচন مُهُوْدٌ ; উল্লেখ্য مَهْد অর্থ দোলনা। কিন্তু এস্থলে 'দোলনার শিশু' না বলে 'কোলের শিশু' বললে প্রকৃত অর্থ প্রকাশ পায়। [ইমাম রাযী]

আয়াত : ৩০

اٰتَانِىَ : **তিনি আমাকে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) জিনস مهموز فاء ناقص يائى অর্থ– দেওয়া; দান করা।

আয়াত : ৩১

مُبَارَكًا : **কল্যাণময়**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ب ـ ر ـ ك) মাসদার اَلْمُبَارَكَةُ অর্থ– কল্যাণময় হওয়া; বরকত দেওয়া।

اَوْصٰنِىْ : **তিনি আমাকে নির্দেশ দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ص ـ ي) মাসদার اَلْاِيْصَاءُ অর্থ– উপদেশ দেওয়া; নির্দেশ দেওয়া। نى নূনে বেকায়া ياء متكلم মাফঊলে বিহী।

مَا دُمْتُ : **আমি যে পর্যন্ত থাকি**। ما মাওসূলাহ। دُمْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ و ـ م) জিনস ناقص واوى মাসদার اَلدَّوَامُ অর্থ– সর্বদা থাকা।

আয়াত : ৩২

شَقِيًّا : **ব্যর্থকাম**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه اَلشَّقَاوَةُ -এর ওজনে; বাব سَمِعَ মাসদার فَعِيْلٌ – অর্থ– হতভাগ্য হওয়া।

আয়াত : ৩৩

وُلِدْتُّ : **আমি জন্মলাভ করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব ضرب মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার الولادة অর্থ– জন্মলাভ করা; সৃষ্টি হওয়া।

اَمُوْتُ : **আমি মৃত্যুবরণ করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার الموت অর্থ– মৃত্যুবরণ করা।

اُبْعَثُ : **আমি পুনরুত্থিত হব**। সীগাহ واحد متكلم বহছ مضارع مجهول বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ– প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো।

حَيًّا : **জীবিত অবস্থায়**। সিফাতে মুশাব্বাহ। বাব سَمِعَ মাসদার اَلْحَيَاةُ অর্থ– জীবিত হওয়া।

আয়াত : ৩৪

يَمْتَرُوْنَ : **তারা বিতর্ক করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِمْتِرَاءُ মূলবর্ণ (م ـ ت ـ ر) অর্থ– বিতর্ক করা।

আয়াত : ৩৫

قَضَى : **তিনি সিদ্ধান্ত দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْقَضَاءُ অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা। যা কথা, কাজ, মানবীয় বা খোদায়ী সকল প্রকার সিদ্ধান্তের অর্থে ব্যবহৃত হয়। কোনো কিছুর ব্যাপারে চূড়ান্ত ইচ্ছা বা নির্দেশ বা কাজ সমাপ্ত করা قَضَاء -এর অর্থের মধ্যে বিদ্যমান। صلة -এর বিভিন্নতা এবং অগ্র-পশ্চাতের হিসেবে এর অর্থও বিভিন্ন হয়ে থাকে। বানানো; পূর্ণ করা; সংকল্প করা; দৃঢ় ইচ্ছা করা; নির্দেশ জারি করা; মীমাংসা করা; সিদ্ধান্ত করা; হুকুম দেওয়া; নির্ধারণ করা। অকাট্য ওহী প্রেরণ করে অবহিত করা; প্রয়োজন পূরণ করা; সম্পর্ক ছিন্ন করা; অবসর হওয়া; মারা যাওয়া; মেরে ফেলা। পবিত্র কুরআনের বিভিন্ন স্থানে এসব অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৩৬

فَاعْبُدُوْهُ : **তোমরা তার ইবাদত কর**। فاء হরফে আতফ। সীগাহ اُعْبُدُوْا বহছ جمع مذكر حاضر বাব امر حاضر معروف মূলবর্ণ (ع ـ ب ـ د) বাব نَصَرَ মাসদার العبادة অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

আয়াত : ৩৭

اِخْتَلَفَ : **সে মতানৈক্য করেছে**। সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

اَلْاَحْزَابُ : **সম্মিলিত বাহিনী**। এটি حِزْبٌ -এর বহুবচন। অর্থ– জামাত; দল;' বাহিনী।

مَشْهَد : **উপস্থিত হওয়া; আগমন করা**। এটি মাসদারে ميمى বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشُّهُوْدُ অর্থ– উপস্থিত হওয়া।

আয়াত : ৩৮

اَسْمِعْ بِهِمْ وَ اَبْصِرْ : **তিনি কত সুন্দর শ্রোতা ও দ্রষ্টা**। উভয়টি فعل تعجب যার কারণে اَبْصِرْ -এর পরে بِه উহ্য আছে।

আয়াত : ৩৯

اَنْذِرْهُمْ : **তুমি তাদেরকে সতর্ক করে দাও**। সীগাহ اَنْذِرْ বহছ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। هم যমীর মাফউলে বিহী।

يَوْمَ الْحَسْرَةِ : **পরিতাপের দিবস**। يَوْمٌ ইসমে যরফ। একবচন, বহুবচন– اَيَّامٌ দিন; দিবস। اَلْحَسْرَةُ ইসম ও মুযাফ ইলাইহি। অর্থ– আক্ষেপ; অনুশোচনা; পরিতাপ।

قُضِىَ : **তা সিদ্ধান্ত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– মীমাংসা করা; ফয়সালা করা; সিদ্ধান্ত করা।

غَفْلَةٍ : **অলসতায়**। এটি বাব نَصَرَ -এর মাসদার। মূলবর্ণ (غ ـ ف ـ ل) অর্থ– উদাসীন হওয়া; ভুলে যাওয়া।

لَا يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনবে না; তারা বিশ্বাস করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

আয়াত : ৪০

نَرِثُ : **আমি মালিক হব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلْمِيْرَاثُ ও اَلْاِرْثُ অর্থ– উত্তরাধিকার হওয়া; মালিক হওয়া; ক্রয়-বিক্রয়, দান ইত্যাদি ব্যতীত কারো থেকে কোনো সম্পদের মালিকানাস্বত্ব অন্যের দিকে স্থানান্তরিত হওয়া।

يُرْجَعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৪১

صِدِّيْقٌ : **সত্যনিষ্ঠ/ অধিক সত্যবাদী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব نَصَرَ মাসদার

اَلصِّدْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ– সত্য বলা। শাহ আব্দুল কাদির দেহলভী (র.) বলেন, صِدِّيْق হলো এমন ব্যক্তি, তার কাছে ওহীর মাধ্যমে যা আসবে তার মন এমনিতেই তা সাক্ষ্য দিবে। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন, صِدِّيْق হলো এমন ব্যক্তি যার থেকে ব্যপকহারে সত্যতা প্রকাশ পায় এবং যে কখনো মিথ্যা বলে না। কারো কারো মতে যার মধ্যে সত্যতার স্বভাব সৃষ্টি করার কারণে তার থেকে মিথ্যা সংঘটিত হতেই পারে না, তাকে সিদ্দীক বলা হয়। আবার কেউ কেউ বলেছেন, যে কথা এবং আকিদা-বিশ্বাসে সত্যবাদী এবং স্বীয় আমল দ্বারা সত্যতাকে প্রমাণ করে সেই হলো সিদ্দীক। আল্লাহর দরবারে সিদ্দীকগণের মর্যাদা নবীগণের চেয়ে কিছুটা কম, এবং শহীদদের চেয়ে ঊর্ধ্বে। যেমন নবীর বাণী– مِنَ النَّبِيِّيْنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِيْنَ

আয়াত : ৪২

يَاَبَتِ : **হে পিতা**। اَبٌ শব্দের উপর আহ্বানের সময় تاء বৃদ্ধি করা হয়।

لِمَ تَعْبُدُ : **কেন তুমি ইবাদত কর**। لِمَا মূলত لِمَ ছিল। مَا -এর আলিফকে সহজকরণার্থে বিলুপ্ত করা হয়েছে। অর্থ কেন? কি জন্য? تَعْبُدُ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

لَا يُغْنِيْ : **সে উপকারে আসে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– উপকারে আসা; কাজে আসা, অমুখাপেক্ষী করা।

আয়াত : ৪৩

لَمْ يَاْتِكَ : **তোমার নিকট আসেনি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

فَاتَّبِعْنِيْ : **অতএব তুমি আমার অনুসরণ কর**। فاء হরফে আতফ। اِتَّبِعْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

اَهْدِكَ : **আমি তোমাকে পথপ্রদর্শন করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– পথপ্রদর্শন করা; সঠিক পথে পরিচালিত করা।

আয়াত : ৪৫

يَآ اَبَتِ : **হে আমার পিতা!** يا হরফে নিদা। নাহুবিদদের মতে নিকটবর্তী-দূরবর্তী– মধ্যবর্তী সকলকে আহ্বানের জন্য গঠন করা হয়েছে। منادى টা দূরে হওয়া আবশ্যক নয়। আরবি ভাষায় আহ্বানের জন্য সর্বাধিক ব্যবহৃত হরফ এটিই। اسم الله শব্দ, اَيُّهَا، اَيَّتُهَا ও مستغاث -এর উপর يا ব্যতীত অন্য কোনো হরফে নিদা আসেই না। منادى -টি যদি উল্লেখ থাকে এবং হরফে নিদা উহ্য হয় তখন يا ব্যতীত অন্য কোনো হরফে নিদা উহ্য হতেই পারে না। যেমন– يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا : يا সর্বদা ইসমের উপর প্রবেশ করে।

اَبَتِ : **আমার পিতা**। মূলত اَبِىْ ছিল। নিয়ম হলো যদি اب শব্দের উপর হরফে নিদা প্রবেশ করে, তখন اب - এর শেষে تاء বৃদ্ধি করে দেওয়া হয়।

اَخَافُ : **আমি আশঙ্কা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

اَنْ يَّمَسَّكَ : **তোমাকে স্পর্শ করবে**। اَنْ নাসেবা। يَمَسَّ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া; পৌঁছা। ك যমীর মাফঊলে বিহী।

وَلِيًّ : **অভিভাবক**। এটি একবচন, বহুবচন– اَوْلِيَاءُ

আয়াত : ৪৬

اَرَاغِبٌ : **তুমি কি বিমুখ?** শুরুতে أ -টি প্রশ্নবোধক। رَاغِبٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব

اَلرَّغْبُ - اَلرَّغْبَةُ মূলবর্ণ (ر ـ غ ـ ب) মাসদার سَمِعَ ও اَلرَّغْبٰى ; ইমাম রাগেব (র.) লিখেছেন এর অর্থ কামনা; বাসনা; ইচ্ছা; আগ্রহ করা। যেমন– وَيَدْعُوْنَنَا رَغَبًا وَّرَهَبًا [তারা আমাকে ডাকে আশা ও আশঙ্কা নিয়ে] সুতরাং رَغْبَة-এর পরে যদি اِلٰى বা فِىْ আসে তখন অর্থ হবে আশা, কামনা, ইচ্ছা ইত্যাদি। যেমন–اِنَّا اِلٰى رَبِّنَا رَاغِبُوْنَ [আমরা আমাদের প্রতিপালকের নিকট আশা রাখি] আর যদি এর পরে عن আসে তখন অর্থ হবে বিমুখ হওয়া, অনাগ্রহী হওয়া। যেমন–اَرَاغِبٌ اَنْتَ عَنْ اٰلِهَتِىْ [তুমি কি আমার মাবুদ থেকে বিমুখ?]

لَئِنْ لَّمْ تَنْتَهِ : **যদি তুমি নিবৃত্ত না হও।** لَمْ تَنْتَهِ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ– বিরত থাকা; নিবৃত্ত হওয়া।

لَاَرْجُمَنَّكَ : **আমি প্রস্তরাঘাতে তোমার প্রাণ নাশ করবই।** সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ م) মাসদার اَلرَّجْمُ অর্থ– প্রস্তরাঘাতে হত্যা করা; প্রস্তর নিক্ষেপ করা।

اُهْجُرْنِىْ : **তুমি আমার থেকে দূর হয়ে যাও।** اُهْجُرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْهِجْرَةُ অর্থ– হিজরত করা; দেশত্যাগ করা; পৃথক হওয়া। نِىْ নূনে বেকায়া يـاء متكلم মাফউলে বিহী।

مَلِيًّا : **চিরদিন; সুদীর্ঘ সময়।** ইসম, মানসূব। জালালাইনে এর অর্থ করা হয়েছে– دَهْرًا طَوِيْلًا সুদীর্ঘ সময়। মা'আলিমুত তানযীল ও মাদারিকেও অদ্রূপ বর্ণনা করা হয়েছে।

আয়াত : ৪৭

سَلٰمٌ : **সালাম, সম্ভাষণ।** ইসম। আবার বাব سَمِعَ-এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া।

سَاَسْتَغْفِرُ : **আমি ক্ষমা প্রার্থনা করব।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা।

حَفِيًّا : **অতিশয় অনুগ্রহশীল।** বহছ صفت مشبه বাব سمع মূলবর্ণ (ح ـ ف ـ ى) মাসদার اَلْحَفَاوَةُ - اَلْحَفَاءُ ও اَلْحَفَايَةُ অর্থ– দয়ার্দ্র হওয়া; অনুগ্রহশীল হওয়া।

আয়াত : ৪৮

اَعْتَزِلُكُمْ : **আমি তোমাদের থেকে পৃথক হবো; তোমাদেরকে পরিত্যাগ করব।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ز ـ ل) মাসদার اَلْاِعْتِزَالُ অর্থ– পরিহার করা; পরিত্যাগ করা; পৃথক হওয়া।

اَدْعُوْا : **আমি আহ্বান করি।** اَدْعُوْ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدُّعَاءُ ও اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– আহ্বান করা; ডাকা।

اَكُوْنَ : **আমি হব না।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

আয়াত : ৪৯

اِعْتَزَلَهُمْ : **সে তাদের থেকে পৃথক হয়ে গেল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ز ـ ل) মাসদার اَلْاِعْتِزَالُ অর্থ– পৃথক হওয়া; পরিত্যাগ করা।

আয়াত : ৫০

وَهَبْنَا : **আমি দান করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْوَهْبُ ও اَلْهِبَةُ মূলবর্ণ (و ـ ه ـ ب) অর্থ– দান করা; দেওয়া।

لِسَانَ صِدْقٍ : **নাম-যশ।** لِسَانَ অর্থ– ভাষা; জিহ্বা; কথা; আলোচনা। একবচন, বহুবচন– اَلْسِنَةٌ - اَلْسُنٌ ; صِدْقٍ মাসদার, বাব نَصَرَ অর্থ– সত্যতা; সরলতা। সৎকথা; প্রশংসা। لِسَانَ صِدْقٍ হলো একটি আরবি বাগধারা; অর্থ যশ, সুখ্যাতি ইত্যাদি। [লিসানুল আরব]

مَرْضِيًّا : **সন্তোষভাজন**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ ى) মাসদার اَلرِّضَاءُ অর্থ– সন্তুষ্ট হওয়া।

আয়াত : ৫৬

اِدْرِيْسَ : **ইদরীস**। আল্লাহর প্রেরিত সত্য ও সম্মানিত নবী ছিলেন। اِدْرِيْس শব্দটি সম্পর্কে মতবিরোধ রয়েছে; কারো মতে সুরিয়ানি আবার কারো মতে আরবি। যদি আরবি ধরা হয় তখন শব্দটি উদ্ভূত হবে دِرَاسَةٌ থেকে, যার অর্থ পাঠ করা; মুখস্থ করা। আল্লাহর পক্ষ থেকে প্রেরিত সহীফা অধ্যয়ন করা ও অধিক পরিমাণ পাঠদানের কারণে তাঁকে اِدْرِيْس বলা হয়। কিন্তু আল্লামা যামাখশারী (র.) কাশশাফে এবং মাজদুদ্দীন ফিরোজাবাদী কামূস গ্রন্থে লিখেছেন যে, শব্দটি অনারবি। আল্লামা যামাখশারী বলেন, اِدْرِيْس কে যদি دَرْسٌ থেকে اِفْعِيْلٌ-এর ওজনে মানা হয় তাহলে তা منصرف হওয়া উচিত। কেননা এ অবস্থায় তার মধ্যে শুধুমাত্র একটি سبب অর্থাৎ علميت অবশিষ্ট থাকে। অথচ শব্দটি منصرف নয়; বরং غير منصرف তাই غير منصرف হওয়াটাই এর অনারবি হওয়ার দলিল। [তাফসীরে কাশশাফ, খ. ২, পৃ. ৪১৪] সহীহ ইবনে হিব্বানে হযরত আবূ যর (রা.) থেকে বর্ণিত রয়েছে যে, তিনি সুরিয়ানি ছিলেন। [ফতহুল বারী] তাই শব্দটি সুরিয়ানি হওয়াটাই অধিক যুক্তিযুক্ত। কুরআনের উদ্দেশ্য যেহেতু কেবলমাত্র হেদায়েত। তাই এর মধ্যে শুধু তার উচ্চ গুণাবলি, নবুয়ত, সত্যবাদিতা, ধৈর্য ও উচ্চ মর্যাদার আলোচনা করা হয়েছে। হাদীসেও তাই করা হয়েছে। সুতরাং এ সম্পর্কে যে সমস্ত কাহিনী বর্ণিত হয়েছে তার অধিকাংশই হলো ইসরাইলী রেওয়ায়েত। মি'রাজ সম্পর্কিত হাদীসে রাসূল ﷺ চতুর্থ আসমানে তাঁর সাথে সাক্ষাৎ করেছেন। হযরত আবূ যর (রা.) থেকে বর্ণিত রয়েছে যে, তিনি নবী ও রাসূল ছিলেন। তিনিই সর্বপ্রথম লেখার ক্ষেত্রে কলম ব্যবহার করেন এবং তিনিই সর্বপ্রথম কাপড় সেলাই করেছেন। [ফতহুল বারী, খ. ১২, পৃ. ৩২৬] পবিত্র কুরআনে তাঁর আলোচনা দু'স্থানে এসেছে। এখানে ও সূরা আম্বিয়ায়।

عَلِيًّا : **সমুচ্চ**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব نَصَرَ জিনস ناقص يائى মাসদার العلاء। অর্থ– বড় হওয়া; উঁচু হওয়া; সম্মানী হওয়া।

আয়াত : ৫১

مُخْلَصًا : **মনোনীত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব افعال মূলবর্ণ (خ ـ ل ـ ص) মাসদার اَلْإِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ– বেছে ছাটাই করা; ভেজালমুক্ত করা; মনোনীত করা; আলাদা করা।

আয়াত : ৫২

نَادَيْنَهُ : **আমি তাকে আহ্বান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ن ـ د ـ ى) মাসদার اَلْمُنَادَاةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

جَانِبِ : **দিক; পার্শ্ব; প্রান্ত**।

قَرَّبْنَهُ : **আমি তাকে নৈকট্য দান করেছি**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْب অর্থ– নৈকট্য দান করা; নিকটবর্তী করা। ইমাম রাগেব লিখেছেন, কোনো বান্দা আল্লাহর নৈকট্যশীল হওয়ার অর্থ হলো আত্মিক সম্পর্ক বৃদ্ধি পাওয়া, শারীরিক ও বৈষয়িক শক্তিসমূহ নিস্তেজ হওয়া; মূর্খতার কালিমা দূরীভূত হওয়া; জ্ঞান, প্রজ্ঞা, সহিষ্ণুতা, হিকমত, দয়া ও অন্যান্য আল্লাহর গুণাবলির ঝলক তার মধ্যে বিশেষভাবে প্রতীয়মান হওয়া। [মুফরাদাতুল কুরআন]

نَجِيًّا : **অন্তরঙ্গ আলাপরত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব مُفَاعَلَة মূলবর্ণ (ن ـ ج ـ ى) মাসদার اَلْمُنَاجَاةُ অর্থ– অন্তরঙ্গভাবে আলাপ করা; কানাকানি করা; গোপনে পরামর্শ দেওয়া।

আয়াত : ৫৫

يَأْمُرُ : **সে আদেশ দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া।

আয়াত : ৫৭

رَفَعْنَا : **আমি তাকে উচ্চে উন্নীত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ– উঁচু করা; মর্যাদা দান করা। ه যমীর মাফউলে বিহী।

আয়াত : ৫৮

اَنْعَمَ : **তিনি অনুগ্রহ করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْعَامُ মূলবর্ণ (ن ـ ع ـ م) অর্থ– অনুগ্রহ করা; দয়া করা।

ذُرِّيَّةٌ : **বংশ।** বহুবচন, ذُرِّيَّاتٌ، ذَرَارِيُّ অর্থ– বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذرية বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন, কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য)

حَمَلْنَا : **আমি আরোহণ করিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা; আরোহণ করা।

اِسْرَآئِيْلَ : **হযরত ইয়াকূব (আ.)-এর উপাধি।** শব্দটি علمية ও عجمة হওয়ার কারণে غير منصرف ; ইবরানী ভাষার এ শব্দটির অর্থ হলো আল্লাহর মনোনীত বা আল্লাহর বান্দা। এটাও হতে পারে যে, তাঁর দু'টি নাম ছিল– ইয়াকূব ও ইসরাঈল।

اِجْتَبَيْنَا : **আমি মনোনীত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ج ـ ب ـ ى) মাসদার اَلْاِجْتِبَاءُ অর্থ– মনোনীত করা; পছন্দ করা; নির্বাচন করা।

تُتْلٰى : **এটা পাঠ করা হয়।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; অনুসরণ করা।

خَرُّوْا : **তারা লুটিয়ে পড়েছিল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَرُّ মূলবর্ণ (خ ـ ر ـ ر) অর্থ– লুটিয়ে পড়া।

بُكِيًّا : **ক্রন্দন করতে করতে।** بَاكِىٌّ-এর বহুবচন। যার অর্থ– ক্রন্দনকারী। শব্দটি মূলত بُكُوْيٌ ছিল। و -কে يـاء দ্বারা পরিবর্তন করা হয়েছে এবং يـاء -কে يـاء -এর মধ্যে ইদগাম করা হয়েছে, এভাবে بُكِيًّا হয়েছে।

আয়াত : ৫৯

فَخَلَفَ : **সে পরে এসেছে; সে স্থলাভিষিক্ত হয়েছে।** فاء হরফে আত্‌ফ। خَلَفَ সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ف) প্রথম অর্থ হিসেবে মাসদার اَلْخَلْفُ অর্থ– পরে আসা; কারো পিছনে আসা। আর দ্বিতীয় অর্থ হিসেবে মাসদার اَلْخِلَافَةُ অর্থ– স্থলাভিষিক্ত হওয়া।

خَلْفٌ : **অপদার্থ পরবর্তীগণ; মন্দ স্থলবর্তী।** ইমাম বগভী (র.) লিখেছেন, خَلْف এমন বংশকে বলা হয় যারা দ্বিতীয় পুরুষের পরে আগমন করে। আবূ হাতেম বলেন–خَلْف [লামবর্ণে সুকূনযোগে] সন্তানসন্ততি। একবচন ও বহুবচনের জন্য সমভাবে ব্যবহার্য এবং خَلَف [লামবর্ণে যবরযোগে] বদল; সন্তান হোক বা অন্য কেউ। ইবনুল আ'রাবী বলেন– خَلَف [যবরযোগে] সৎ; উত্তম। আর خَلْف [জযমযোগে] মন্দ; অসৎ। নযর বিন শামীল বলেন– خَلْف [লামবর্ণে হরকত ও সুকূনযোগে] অযোগ্য উত্তরপুরুষ। আর লামবর্ণে হরকত ব্যতীত সুযোগ্য ও উত্তম অর্থের জন্য আসে না।

اَضَاعُوْا : **তারা নষ্ট করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضَاعَةُ মূলবর্ণ (ض ـ ي ـ ع) অর্থ– নষ্ট করা; ধ্বংস করা।

اَلشَّهَوَاتِ : **কুপ্রবৃত্তিসমূহ। কাম-তৃপ্তি করা। প্রবৃত্তি।** বহুবচন, একবচন– شَهْوَةٌ

يَلْقَوْنَ : **তারা প্রত্যক্ষ করবে; তারা পাবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سمع মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَللِّقَاءُ অর্থ– সাক্ষাৎ করা; প্রত্যক্ষ করা; মিলিত হওয়া।

غَيًّا : **শাস্তি।** اسم فعل ; মূলত غَيٌّ অর্থ কুকর্ম। এ স্থলে যার অর্থ কুকর্মের শাস্তি। [নাসাফী, সাফওয়াতুল

বায়ান] আরবদের দৃষ্টিতে যা কিছু মন্দ তাই غـي ; একমত অনুযায়ী এটি জাহান্নামের একটি উপত্যকার নাম। সে হিসেবে فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا -এর অর্থ হলো তারা উক্ত উপত্যকায় নিপতিত হবে।

আয়াত : ৬০

تَابَ : **সে তওবা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা।

يَدْخُلُوْنَ : **তারা প্রবেশ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

لَا يُظْلَمُوْنَ : **তাদের প্রতি জুলুম করা হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

আয়াত : ৬১

جَنّٰتِ عَدْنٍ : **স্থায়ী জান্নাত**। عَدْنٍ শব্দটি বাব ضَرَبَ ও نَصَرَ -এর মাসদার । অর্থ– থাকা; বসবাস করা; স্থায়ী হওয়া। جَنّٰتِ عَدْنٍ অর্থ– বসবাসের উদ্যান অর্থাৎ এমন উদ্যানসমূহ যেখানে চিরদিন থাকবে। উল্লেখ্য عَدْنٍ কে কোনো কোনো ওলামা علم বলেছেন; আবার কেউ صفت বলেছেন। যারা علم বলেন তারা বলেন, এটি একটি বিশেষ জান্নাতের নাম। দলিলস্বরূপ তারা কুরআনের আয়াত– جَنّٰتِ عَدْنِ الَّتِيْ وَعَدَ الرَّحْمٰنُ عِبَادَهٗ بِالْغَيْبِ পেশ করেন। কারণ এখানে মারেফাকে তার সিফাত বানানো হয়েছে। তাছাড়া হাদীসে রয়েছে রাসূল ﷺ বলেছেন, عَدْن হলো আল্লাহর তা'আলার নির্মিত গৃহ যা না কোনো চক্ষু কখনও দেখেছে, না কোনো মানুষের অন্তরে তার কল্পনা উদয় হয়েছে। নবীগণ, সিদ্দীকগণ ও শহীদগণ ব্যতীত কেউ তাতে বসবাস করতে পারবে না। পক্ষান্তরে যারা عَدْن -কে علم [নাম] বলে মনে করেন না, তারা বলেন, এটি جَنّٰت -এর সিফাত। কারণ عَدْن -এর প্রকৃত অর্থ হলো স্থায়িত্ব; অবিচলতা। বলা হয়– عَدَنَ بِالْمَكَانِ সে এখানে অবস্থান করেছে। عَدْن দ্বারা উদ্দেশ্য হলো চিরস্থায়ী বসবাস। এ মত হিসেবে সকল জান্নাতই عَدْن

مَأْتِيًّا : **অবশ্যম্ভাবী**। সীগাহ واحد مذكر বহছ اِسْم مَفْعُوْل যা اِسْم فَاعِل অর্থে ব্যবহৃত হয়েছে। শব্দটি মূলত مَأْتُوْيٌ ছিল। واو কে ياء দ্বারা পরিবর্তন করে. ياء কে ياء -এর মধ্যে ইদগাম করা হয়েছে এবং ياء -এর সামঞ্জস্যের জন্য যের দেওয়া হয়েছে।

আয়াত : ৬৩

نُوْرِثُ : **আমি অধিকারী করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِيْرَاثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকার বানানো।

تَقِيًّا : **মুত্তাকি**। সিফাতে মুশাব্বাহ। বাব ضَرَبَ মাসদার اَلْوِقَايَةُ মূলবর্ণ (و ـ ق ـ ي) অর্থ– সংযত হওয়া; বেঁচে থাকা; এমন বস্তু থেকে সংযত থাকা যা দ্বারা কষ্ট হয়।

আয়াত : ৬৪

مَا نَتَنَزَّلُ : **আমরা অবতরণ করব না**। সীগাহ جمع متكلم বহছ نفي فعل مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ(ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنَزُّلُ অর্থ– অবতীর্ণ করা।

اَيْدِيْنَا : **আমাদের সম্মুখে**। বহুবচন, একবচন– يَدٌ

نَسِيًّا : **ভুলে যায় যে**। সিফাতে মুশাব্বাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

আয়াত : ৬৫

اِصْطَبِرْ : **তুমি ধৈর্যশীল থাক**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلْاِصْطِبَارُ অর্থ– ধৈর্যশীল থাকা; দৃঢ় থাকা।

আয়াত : ৬৬

مِتُّ : **আমি মারা যাবো**। সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت)

মাসদার موت মৃত্যুবরণ করা; মারা যাওয়া। [ماضى হওয়া সত্ত্বেও শর্তের কারণে এখানে مضارع -এর অর্থ হয়েছে।]

اُخْرَجُ : **আমি উত্থিত হবো।** সীগাহ واحد متكلم বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বের করা; উত্তোলন করা।

আয়াত : ৬৭

لَا يَذْكُرُ : **সে স্মরণ করে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; মনে রাখা; অনুধাবন করা।

خَلَقْنَا : **আমি তাকে সৃষ্টি করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ– সৃষ্টি করা; গঠন করা; তৈরি করা।

আয়াত : ৬৮

لَنَحْشُرَنَّهُمْ : **অবশ্যই আমি তাদেরকে সমবেত করব।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; একত্র করা; উঠানো। هم যমীর মাফঊলে বিহী।

لَنُحْضِرَنَّهُمْ : **আমি অবশ্যই তাদেরকে উপস্থিত করব।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ض ـ ر) মাসদার اَلْاِحْضَارُ অর্থ– উপস্থিত করা; হাজির করা।

جِثِيًّا : **নতজানু অবস্থায়।** جاث -এর বহুবচন। কিন্তু এখানে اسم مفعول -এর অর্থ নেওয়া হয়েছে।

আয়াত : ৬৯

لَنَنْزِعَنَّ : **আমি টেনে বের করব।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلنَّزْعُ অর্থ– টেনে বের করা; পৃথক করা।

اَشَدُّ : **সর্বাধিক কঠোর।** সীগাহ اسم واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; শক্ত হওয়া।

عِتِيًّا : **শেষ সীমায় উপনীত হওয়া।** এটি বাব نَصَرَ -এর মাসদার। জাওহারী বলেন, এটি মূলত عِتُوٌّ ছিল। দুই পেশ একত্র হওয়ায় একটি পেশকে যের দ্বারা পরিবর্তন করা হয়েছে। অতঃপর একটি যেরের সাথে আরেকটি যেরও দিয়ে দেওয়া হয়েছে। যেন এক পরিবর্তনের আরো অধিক তাকীদ হয়ে যায়। এভাবে عِتِيًّا হয়ে গেছে।

আয়াত : ৭০

اَوْلٰى : **অধিকতর যোগ্য; অধিকতর নিকটবর্তী।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মাসদার اَلْوَلْىُ মূলবর্ণ (و ـ ل ـ ي) অর্থ– ধারাবাহিক বা একের পর এক পতিত হওয়া। এ কারণেই নিকটবর্তী হওয়ার অর্থে এর ব্যবহার হয়। এর صلة যখন لام আসে তখন অর্থ ধমক প্রদান করা; এবং এমতাবস্থায় মন্দত্ব ও অনিষ্টের অধিকতর নিকটবর্তী ও তার অধিকতর উপযুক্ত হওয়ার অর্থ হয়। যেমন–اَوْلٰى لَكَ [তোমার জন্য অনিষ্ট আর অনিষ্ট] فَاَوْلٰى لَهُمْ [তাদের জন্য রয়েছে অনিষ্ট] فَاَوْلٰى

صِلِيًّا : **জাহান্নামে প্রবেশকারী; জাহান্নামে প্রবেশ করা।** প্রথম অর্থ– হিসেবে এটি صَالٍ -এর বহুবচন। আর দ্বিতীয় অর্থ হিসেবে صَلِىَ يَصْلٰى তথা বাব سَمِعَ -এর মাসদার। যার অর্থ প্রজ্বলিত হওয়া; অগ্নিতে প্রবেশ করা।

আয়াত : ৭১

وَارِدُهَا : **তা অতিক্রমকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ د) মাসদার اَلْوُرُوْدُ অর্থ– অতিক্রম করা; অবতরণ করা। এখানে ها যমীরের মারজি' হলো জাহান্নাম। যা অতিক্রম

করে সকলকে জান্নাতে যেতে হবে। অধিকাংশ মুফাসসিরের মতে এখানে ورود দ্বারা পুলসিরাত অতিক্রম করা উদ্দেশ্য। সহীহ মুসলিমের ব্যাখ্যাকার আল্লামা নববীও এ মতকে প্রাধান্য দিয়েছেন। হযরত আনাস, আবূ হুরায়রা, জাবের, আবূ সাঈদ (রা.) -এর রেওয়ায়েতও এ মতকে সমর্থন করে। কিন্তু ইবনে আবী হাতিম হযরত ইবনে মাসঊদ থেকে বর্ণনা করেন যে, এখানে ورود দ্বারা উদ্দেশ্য হলো জাহান্নামের নিকটে দাঁড়ানো।

حَتْمًا : **আল্লাহর অনিবার্য সিদ্ধান্ত**। ইসম। অবশ্যই; আবশ্যক; চূড়ান্ত; অনিবার্য। আল্লাহর অনিবার্য সিদ্ধান্তকে حَتْم বলা হয়।

مَقْضِيًّا : **সিদ্ধান্তকৃত; ফয়সালাকৃত**। সীগাহ واحد مذكر اسم مفعول বহছ ضَرَبَ বাব মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ي) অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা।

আয়াত : ৭২

نُنَجِّي : **আমি উদ্ধার করব; মুক্তি দিব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ ي) মাসদার اَلنَّجَاةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা।

نَذَرُ : **আমি রেখে দেব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– ছেড়ে দেওয়া; রেখে দেওয়া।

আয়াত : ৭৩

نَدِيًّا : **মজলিস**। এমন মজলিস যেখানে বসে লোকেরা কথাবার্তা বলে, তাকে نَدِيٌّ বলা হয়। বহুবচন– اَنْدَاءٌ ও اَنْدِيَةٌ

আয়াত : ৭৪

اَهْلَكْنَا : **আমি বিনাশ করে দিয়েছি; আমি ধ্বংস করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; বিনাশ করা; ব্যয় করা; নষ্ট করা।

اَثَاثًا : **সম্পদের দৃষ্টিতে**। ইসম; হালতে নসব। অর্থ– আসবাব; সরঞ্জাম; সামগ্রী। এর বহুবচন আসে না।

رِئْيًا : **জাঁকজমক; বাহ্যদৃষ্টি**। এটি মাসদার مَنْظَرٌ অর্থে ব্যবহার হয়েছে। মূল মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা।

আয়াত : ৭৫

فَلْيَمْدُدْ : **তিনি ঢিল দিবেন**। فاء হরফে আতফ। لِيَمْدُدْ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب বাব نَصَرَ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْمَدُّ معروف অর্থ– বিস্তৃত করা; অবকাশ দেওয়া; ঢিল দেওয়া।

مَدًّا : **প্রচুর ঢিল**। মাসদার। এটি يَمْدُدْ -এর فعل -এর মাফউলে মুতলাক হওয়ার কারণে অর্থ করা হয়েছে প্রচুর ঢিল। নতুবা مَدًّا অর্থ ঢিল দেওয়া।

يُوْعَدُوْنَ : **তাদেরকে সতর্ক করা হচ্ছে; তাদেরকে ওয়াদা করা হচ্ছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ– অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; সতর্ক করা।

اَلسَّاعَةَ : **কিয়ামত দিবস; সময়, মুহূর্ত;** রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَة বলা হয়। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই سَاعَة শব্দ এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, কালের মুহূর্তসমূহের মধ্য থেকে যে কোনো মুহূর্তকে سَاعَة বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন–اِقْتَرَبَ السَّاعَةُ / يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ / وَعِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ইত্যাদি আয়াত এর প্রমাণ। কারো কারো মতে যে سَاعَة কিয়ামতের অর্থ প্রদান করে তা তিন প্রকার।

১. اَلسَّاعَةُ الْكُبْرٰى : তথা লোকদের হিসাব প্রদানের জন্য উত্থিত হওয়া। যেমন– রাসূল ﷺ -এর বাণী– لَاتَقُوْمُ السَّاعَةُ حَتّٰى يَظْهَرَ الْفُحْشُ وَ التَّفَحُّشُ وَحَتّٰى يُعْبَدَ الدِّرْهَمُ وَ الدِّيْنَارُ [কিয়ামত অনুষ্ঠিত হবে না ততক্ষণ, যতক্ষণ না অশ্লীলতা প্রকাশ্য হবে........]

- اَلسَّاعَةُ الْوُسْطٰى তথা এক যুগের লোকদের মৃত্যুবরণ করা। যেমন রাসূল ﷺ আব্দুল্লাহ ইবনে উনাইস (রা.) -কে দেখে বলেছিলেন– اِنْ يُطِلْ عُمُرُ هٰذَا الْغُلَامِ لَمْ يَمُتْ حَتّٰى تَقُوْمَ السَّاعَةُ [যদি এ বালকের বয়স বৃদ্ধি পায়, তাহলে সে কিয়ামত সংঘটিত না হওয়া পর্যন্ত মারা যাবে না।] বর্ণিত আছে যে, সাহাবায়ে কেরামের মধ্যে ইনি সবার পরে মৃত্যুবরণকারী ছিলেন।
- اَلسَّاعَةُ الصُّغْرٰى : তথা মানুষের মৃত্যু। সুতরাং সকল মানুষের ساعة হলো তার মৃত্যু। যেমন– قُلْ اَرَاَيْتُكُمْ اِنْ اَتٰكُمْ عَذَابُ اللّٰهِ اَوْ اَتَتْكُمُ السَّاعَةُ [আপনি তাদেরকে বলুন, যদি তাদের উপর আল্লাহর আজাব আসে বা কিয়ামত– মৃত্যু]

شَرٌّ : **মন্দ; নিকৃষ্ট**। এটি একবচন, বহুবচন–شُرُوْرٌ

اَضْعَفُ : **অধিক দুর্বল**। সীগাহ اسم واحد مذكر বহছ تفضيل বাব كَرُمَ ও نَصَرَ ; মূলবর্ণ (ض ـ ع ـ ف) মাসদার اَلضُّعْفُ অর্থ– দুর্বল হওয়া।

جُنْدٌ : **দলবল; সেনাবাহিনী**। পাথরের স্তূপবিশিষ্ট ভূমিকে جُنْدٌ বলা হয়। অতঃপর মানুষের দল ও জামাত এর ক্ষেত্রে جُنْدٌ -এর ব্যবহার হতে থাকে। বহুবচন–جُنُوْدٌ

আয়াত : ৭৬

يَزِيْدُ : **তিনি বৃদ্ধি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ي ـ د) অর্থ– বৃদ্ধি করা; অধিক হওয়া; বাড়িয়ে দেওয়া।

اِهْتَدَوْا : **তারা সৎপথে চলে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِهْتِدَاءُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– সৎপথে পরিচালিত হওয়া; হেদায়েত পাওয়া।

اَلْبٰقِيٰتُ : **স্থায়ী; চিরন্তন**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ق ـ ى) মাসদার اَلْبَقَاءُ অর্থ– স্থায়ী হওয়া; অবশিষ্ট থাকা।

اَلصّٰلِحٰتُ : **সৎকার্যসমূহ**। এটি বহুবচন, একবচন– صَالِحٌ ; শব্দটি পবিত্র কুরআনের এক স্থানে শুধুমাত্র 'পুণ্যবতী মহিলাগণ' অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ [পঞ্চম পারা] বাকি সমস্ত স্থানে সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

ثَوَابًا : **পুরস্কার; প্রতিদান**।

مَرَدًّا : **প্রতিদান; পরিণতি; পরিণাম**।

আয়াত : ৭৭

اَفَرَاَيْتَ : **তুমি কি লক্ষ্য করেছ?** أ প্রশ্নবোধক, فاء হরফে আতফ। رَاَيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

كَفَرَ : **সে প্রত্যাখ্যান করেছে; সে কুফরি করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অস্বীকার করা; গোপন করা; প্রত্যাখ্যান করা।

لَاُوْتَيَنَّ : **আমাকে অবশ্যই দেওয়া হবে**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; দেওয়া।

আয়াত : ৭৮

اَطَّلَعَ : **সে কি অবহিত হয়েছে?** أاطلع ছিল। همزة -কে বিলুপ্ত করে همزة استفهام -কে অবশিষ্ট রাখা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِطِّلَاعُ মূলবর্ণ (ط ـ ل ـ ع) অর্থ– অবগত হওয়া; অবহিত হওয়া; জানা।

عَهْدٌ : **প্রতিশ্রুতি**। এটি বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা।

আয়াত : ৭৯

سَنَكْتُبُ : **আমি লিখে রাখব**। سنكتب সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتَابَةُ মূলবর্ণ (ك ـ ت ـ ب) অর্থ– লেখা; লিপিবদ্ধ করা।

نَمُدُّ : **আমি বৃদ্ধি করতে থাকব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْمَدُّ অর্থ– বৃদ্ধি করা; দীর্ঘায়িত করা।

আয়াত : ৮০

نَرِثُهُ : **তা আমার অধিকারে থাকবে**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمِيْرَاثُ ও اَلْاِرْثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকারী হওয়া; মালিক হওয়া।

আয়াত : ৮১

لِيَكُوْنُوْا : **যাতে তারা হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া। শুরুতে لام كى দ্বারা মানসূব হয়েছে।

عِزًّا : **সহায়তা করা**। ইবনুল কুতা 'কিতাবুল আফ'আলে' লিখেছেন, এর অর্থ সহায্য করা। আল্লামা রাগেব ইস্পাহানি লিখেছেন– اَلْعِزُّ فِى الْاَصْلِ اَلْقُوَّةُ وَالشِّدَّةُ وَالْغَلَبَةُ وَالرِّفْعَةُ وَالْاِمْتِنَاعُ অর্থাৎ عِزّ অর্থ শক্তিশালী হওয়া, শক্ত হওয়া, বিজয়ী হওয়া, উচ্চ হওয়া এবং সংরক্ষিত হওয়া।

আয়াত : ৮২

سَيَكْفُرُوْنَ : **অচিরেই তারা অস্বীকার করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; লুকানো; গোপন করা।

ضِدًّا : **বিরোধী**। বহুবচন اَضْدَادٌ ; শব্দটি একবচন ও বহুবচন উভয়ভাবেই ব্যবহার হয়। এখানে বহুবচন অর্থেই ব্যবহৃত হয়েছে। আল্লামা শেখ সুলামান জামাল লিখেছেন ضِدٌّ সম্পর্কে এমন মনে হচ্ছে যে, হয়তো এটি مصدر سماعى অথবা ইসমে মাসদার। আল্লামা সামিন বলেন, সংবাদ এক জামাত সম্পর্কে দেওয়া সত্ত্বেও ضِدٌّ কে একবচন আনা হয়েছে। সম্ভবত এর দু'কারণ হতে পারে। **এক.** এটি মূলত মাসদার। আর সকল মাসদারই একবচন ও পুংলিঙ্গ হয়ে থাকে। **দুই.** এটি বহুবচনের অর্থে একবচন।

আয়াত : ৮৩

اَلَمْ تَرَ : **তুমি কি লক্ষ্য করনি?** أ প্রশ্নবোধক। لَمْ تَرَ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দেখা।

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

تَؤُزُّهُمْ : **তাদেরকে প্রলুব্ধ করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَزُّ মূলবর্ণ (ا ـ ز ـ ز) অর্থ– প্রলুব্ধ করা; উদ্বুদ্ধ করা।

اَزًّا : **বিশেষভাবে প্রলুব্ধ করার জন্য**। এটি মাসদার। যা تَؤُزُّهُمْ ফেল -এর مفعول مطلق হওয়ার কারণে অর্থ করা হয়েছে বিশেষভাবে প্রলুব্ধ করার জন্য। নতুবা اَزًّا অর্থ হলো– উত্তেজিত করা; প্রলুব্ধ করা। বাব نَصَرَ মূলবর্ণ (ا ـ ز ـ ز) জিনস مهموز فاء مضاعف ثلاثى

আয়াত : ৮৪

لَا تَعْجَلْ : **তুমি তাড়াতাড়ি করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سمع মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلْعَجَلُ অর্থ– তাড়াহুড়া করা; জলদি করা।

نَعُدُّ : **আমি গণনা করছি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা।

আয়াত : ৮৫

وَفْدًا : **সম্মানিত মেহমানরূপে**। মাসদার। এটি وَافِدٌ-এর বহুবচন। প্রতিনিধি; আগত। এখানে অতিথি অর্থ উদ্দেশ্য।

আয়াত : ৮৬

نَسُوْقُ : **আমি হাঁকিয়ে নিয়ে যাব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ ق) মাসদার اَلسَّوْقُ ও اَلسِّيَاقَةُ অর্থ– হাঁকানো; চালানো।

তৃষ্ণাতুর অবস্থায়। পানির নিকট গমনকারীকে وَارِدٌ বলা হয়। আর পানি আনতে বা পান করার জন্য পানির নিকট গমনকারী তৃষ্ণার্তই হয়ে থাকে। এ কারণেই وَارِدٌ-এর অর্থ হয়েছে তৃষ্ণার্ত।

আয়াত : ৮৭

لَا يَمْلِكُونَ : **তারা ক্ষমতা রাখে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمِلْكُ অর্থ– ক্ষমতা রাখা; অধিকার রাখা।

اَلشَّفَاعَةُ : **সুপারিশ করা**। এটি বাব فَتَحَ-এর মাসদার। হযরত মাওলানা ইসমাঈল শহীদ (র.) تَقْوِيَةُ الْاِيْمَانِ গ্রন্থে লিখেছেন, তোমরা কান লাগিয়ে শুনে রাখ, অধিকাংশ মানুষ আম্বিয়া ও আওলিয়াগণের সুপারিশের ক্ষেত্রে অনেক বাড়াবাড়ি ও ভুলের শিকার। তার অর্থ না বুঝে আল্লাহকে ভুলে রয়েছে। তাই সুপারিশের বাস্তব অবস্থা তুলে ধরা হয়েছে। যার সংক্ষিপ্তসার এখানে বর্ণনা করা হলো। شَفَاعَةٌ সাধারণত তিন প্রকার।

১. شَفَاعَة وَجَاهَة : তথা মর্যাদাগত সুপারিশ। যেমন– কোনো চোরের চুরি সাব্যস্ত হওয়ার কারণে বাদশাহ তাকে গ্রেফতার করলেন। পরে মন্ত্রীর সুপারিশে বিশেষ বিবেচনায় বাদশাহ চোরকে ছেড়ে দিলেন। কারণ অনেক ক্ষেত্রে মন্ত্রীর কথা রক্ষা করা বাদশার জন্য কর্তব্য হয়ে পড়ে। কারণ মন্ত্রীর উপর রাজত্বের অনেক কিছু নির্ভর করে। সংবিধান অনুযায়ী চোরকে ধরা এবং মন্ত্রীর সুপারিশে তাকে আবার ছেড়ে দেওয়া উভয়টিই সঠিক আছে। তবে এ জাতীয় সুপারিশ আল্লাহর দরবারে কখনও হবে না। কোনো নবী, ওলী, ইমাম ও শহীদ বা কোনো ফেরেশতা বা আল্লাহর প্রিয় বান্দার ব্যাপারে এ প্রকার সুপারিশ কামনাকারী একজন মুশরিক বৈ কিছুই নয়।

২. شَفَاعَة مَحَبَّتْ : ভালোবাসাজনিত সুপারিশ। যেমন– স্ত্রীর সুপারিশে বাদশা উক্ত চোরকে ছেড়ে দিলেন। স্ত্রী হলো বাদশার প্রেয়সী, তার মন সন্তুষ্ট রাখা বাদশার জন্য কর্তব্য। তা না হলে পরবর্তীতে প্রেয়সী তার উপর অসন্তুষ্ট হতে পারে এবং এক পর্যায়ে তাকে ছেড়ে চলেও যেতে পারে। এ ধরনের সুপারিশও আল্লাহর দরবারে হবে না। কেউ যদি মনে করে যে, কিয়ামতের দিন আল্লাহর দরবারে কেউ কাউকে এ ধরনের সুপারিশ করে নাজাত দিবেন, তারা মূর্খ ও মুশরিক বৈ কিছু নয়।

৩. شَفَاعَةٌ بِالْاِذْنِ : অনুমতি সাপেক্ষে সুপারিশ। যেমন কেউ শয়তানের প্ররোচনায় চুরি করে ফেলেছে। এবং এ কর্মের জন্য সে অনুতপ্ত। মুক্তি পেলে আর কোনোদিন এমন কাজ আর করবে না বলেও স্বীকার করছে। এ ক্ষেত্রে বাদশা বললেন, মন্ত্রী যদি সুপারিশ করে তাহলে আমি ক্ষমা করে দিতে পারি। এক্ষেত্রে যদি মন্ত্রী সুপারিশ করে তাহলে বাদশা তাকে ক্ষমা করে দিবেন। এ ধরনের সুপারিশ আল্লাহর দরবারে কোনো নবী, ওলী, বা কেউ করলে তা গ্রহণ করা হবে। এখানে এই সুপারিশই উদ্দেশ্য।

আয়াত : ৮৮

اِتَّخَذَ : **সে গ্রহণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– বানানো; গ্রহণ করা; সাব্যস্ত করা।

আয়াত : ৮৯

اِدًّا : **বীভৎস বিষয়**। ভাষাবিদ ইবনে খালুবিয়া এর অর্থ করেছেন বিস্ময়কর বা অযাচিত। আল্লামা রাগেব اِدًّا এর অর্থ করেছেন এমন অসমীচীন কাজ যা করলে হৈচৈ পড়ে যায়। জালালাইন প্রণেতা আল্লামা জালালুদ্দিন (র.) এর অর্থ করেছেন– مُنْكَرًا عَظِيْمًا (চরম অপছন্দনীয়) করা।

يَتَفَطَّرْنَ : **বিদীর্ণ হয়ে পড়বে**। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَطُّرُ মূলবর্ণ (ف ـ ط ـ ر) অর্থ– বিদীর্ণ হওয়া; টুকরা টুকরা হওয়া।

تَنْشَقُّ : **খণ্ড-বিখণ্ড হয়ে পড়বে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ش ـ ق ـ ق) মাসদার اَلْاِنْشِقَاقُ অর্থ– খণ্ডবিখণ্ড হওয়া; চূর্ণ-বিচূর্ণ হওয়া।

تَخِرُّ : **আপতিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخُرُّ অর্থ– পতিত হওয়া।

هَدًّا : **চূর্ণ-বিচূর্ণ হয়ে**। এটি মাসদার যা ইসমে মাফঊল অর্থে ব্যবহৃত হয়েছে। বাব ضَرَبَ ও سَمِعَ অর্থ– ধ্বংস হওয়া; চূর্ণ-বিচূর্ণ হওয়া।

আয়াত : ৯০

تَكَادُ : **তা উপক্রম হয়েছিল**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْكَوْدُ ও اَلْمَكَادَةُ অর্থ– নিকটবর্তী হওয়া; উপক্রম হওয়া।

আয়াত : ৯১

دَعَوْا : **তারা আরোপ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ ও اَلدُّعَاءُ অর্থ– ডাকা; আরোপ করা; সাব্যস্ত করা।

আয়াত : ৯২

مَا يَنْبَغِىْ : **শোভন নয়**। ما না-বাচক। ينبغى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ي) মাসদার اَلْاِنْبِغَاءُ অর্থ– সমীচীন হওয়া; শোভন হওয়া। উল্লেখ্য এ মাসদার থেকে কখনো ماضى ব্যবহার হয় না।

আয়াত : ৯৩

اٰتِىْ : **আগমনকারী**। সীগাহ اسم فاعل واحد مذكر বহছ বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

আয়াত : ৯৪

اَحْصٰهُمْ : **তিনি তাদেরকে পরিবেষ্টন করে রেখেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ي) মাসদার اَلْاِحْصَاءُ অর্থ– পরিবেষ্টন করা। هم যমীর মাফঊলে বিহী।

عَدَّهُمْ : **তিনি তাদেরকে গণনা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা।

আয়াত : ৯৫

فَرْدًا : **একাকী**। একবচন, বহুবচন– اَفْرَادٌ

আয়াত : ৯৬

وُدًّا : **ভালোবাসা**। এটি বাব سَمِعَ -এর মাসদার ও ইসম। ভালোবাসা; কামনা করা।

আয়াত : ৯৭

يَسَّرْنٰهُ : **আমি তা সহজ করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلتَّيْسِيْرُ অর্থ– সহজ করা।

لِتُبَشِّرَ : **যেন তুমি সুসংবাদ দিতে পার**। لام হরফে জার। تُبَشِّرُ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ প্রদান করা।

تُنْذِرَ : **তুমি সতর্ক করে দেবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

لُدًّا : **বিতণ্ডাপ্রবণ; ঝগড়াটে**। বহুবচন; একবচন اَلَدُّ। যাদেরকে নিরুত্তর করা সম্ভব নয়।

আয়াত : ৯৮

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

تُحِسُّ : **তুমি কি অনুভব কর; দেখতে পাও?** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ س) মাসদার اَلْاِحْسَاسُ অর্থ– অনুভব করা; টের পাওয়া; দেখতে পাওয়া।

تَسْمَعُ : **তুমি কি শুনতে পাও?** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسَّمْعُ মূলবর্ণ (س ـ م ـ ع) অর্থ– শ্রবণ করা; শুনতে পাওয়া।

رِكْزًا : **ক্ষীণতম শব্দ**। ইসম। পদধ্বনি; ক্ষীণস্বর। صَوْتًا خَفِيْفًا [জালালাইন]

সূরা ত্বাহা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮০ রুকূ' : ৮

আয়াত : ১

طٰهٰ : **ত্বা-হা**। এগুলো হুরূফে মুকাত্তাআতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ-এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। দীনের গুপ্তরহস্য, যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি। এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এর অর্থের পিছনে পড়ার প্রয়োজন নেই। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের ব্যক্তিগত মতামত। ইমাম কুরতুবী খলীফা চতুষ্টয় ও ইবনে মাসউদ প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ-এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন। [বিস্তারিত সূরা বাক্বারা الٓمّٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

مَاۤ اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করিনি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف منفى বাব اِفْعَال মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن : ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

لِتَشْقٰى : **যাতে তুমি ক্লেশে পড়**। শুরুর লামটি لام كى ; تَشْقٰى সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ(ش ـ ق ـ و) মাসদার اَلشَّقَاوَةُ অর্থ– ক্লেশে পড়া; দুর্ভাগ্য হওয়া; কষ্ট পাওয়া। شَقَاوَة শব্দটি سَعَادَة-এর বিপরীতার্থক শব্দ।

উল্লেখ্য شَقَاوَة বা দুর্ভাগ্য দুই প্রকার। ১. পার্থিব দুর্ভাগ্য ঃ যেমন আল্লাহর বাণী– فَلَا يُخْرِجَنَّكُمَا مِنَ الْجَنَّةِ فَتَشْقٰى সে যেন তোমাদেরকে জান্নাত থেকে বের করে না দেয়, তাহলে তোমরা ক্লেশে পড়ে যাবে] এখানে দুর্ভাগ্য বা ক্লেশ দ্বারা দুনিয়াবি দুর্ভাগ্য উদ্দেশ্য। ২. পরকালীন দুর্ভাগ্যঃ যেমন আল্লাহর বাণী– رَبَّنَا غَلَبَتْ عَلَيْنَا شِقْوَتُنَا [হে আমাদের প্রতিপালক! আমাদের দুর্ভাগ্য আমাদের উপর প্রবল হয়েছে] এখানে شَقَاوَة দ্বারা পরকালীন দুর্ভাগ্য উদ্দেশ্য।] তেমনিভাবে এর বিপরীত শব্দ سَعَادَة বা সৌভাগ্যও প্রথমত দুই প্রকার। ১. ইহকালীন সৌভাগ্য। ২. পরকালীন সৌভাগ্য। ইহকালীন সৌভাগ্য আবার তিন প্রকার। ১. আত্মিক সৌভাগ্য। ২. দৈহিক সৌভাগ্য। ৩. বাহ্যিক সৌভাগ্য।

আয়াত : ৩

تَذْكِرَةً : **উপদেশার্থে**। এটি বাব تَفْعِيْل-এর মাসদার تَفْعِلَةٌ-এর ওজনে। অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

يَخْشٰى : **সে ভয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ش ـ ي) মাসদার اَلْخَشْيَةُ অর্থ– ভয় করা। উল্লেখ্য خَشْيَة এমন ভয়কে বলা হয় যাতে শ্রদ্ধা ও সম্মান বিজড়িত থাকে। এ কারণেই আয়াতে কারীমা– اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا [আল্লাহর বান্দাদের মধ্য থেকে একমাত্র আলেমগণই আল্লাহকে ভয় করে] এখানে خَشْيَة-কে আলেমদের জন্য নির্দিষ্ট করা হয়েছে।

আয়াত : ৪

تَنْزِيْلًا : **অবতীর্ণ**। এটি বাব تَفْعِيْل-এর মাসদার। হালতে নসব। اِنْزَالٌ ও تَنْزِيْل-এর মধ্যে পার্থক্য হলো تَنْزِيْل হলো পর্যায়ক্রমে একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়া। আর اِنْزَالٌ হলো ব্যাপক। একবারে কোনো কিছু অবতীর্ণ হওয়াকেও বলা হয়; আবার একের পর এক পর্যায়ক্রমে অবতীর্ণ হওয়ার জন্যও ব্যবহৃত হয়।

اَلْعُلٰى : **সমুচ্চ**। সিফাতে মুশাব্বাহ। সীগাহ واحد বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনস ناقص واوى মাসদার اَلْعَلَاءُ অর্থ- বড় হওয়া; উঁচু হওয়া; সম্মানী হওয়া।

আয়াত : ৫

اِسْتَوٰى : **তিনি সমাসীন হলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِسْتِوَاءُ মূলবর্ণ (س ـ و ـ ي) এটি যখন على দ্বারা মুতা'আদ্দী হয় তখন এর অর্থ হয় স্থিতিশীল হওয়া; উঁচুতে উঠা; সমাসীন হওয়া। যেমন- وَاسْتَوَتْ عَلَى الْجُوْدِيِّ [সেই নৌকা জুদী পাহাড়ে গিয়ে থেমেছে] ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ [তিনি আরশে সমাসীন হয়েছেন; স্থিতিশীল হয়েছেন] আর যদি الى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ- ইচ্ছা করা। যেমন- ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ [তিনি আকাশের প্রতি ইচ্ছা করলেন] এবং এর যখন দু'টি فاعل হয় তখন অর্থ হয় উভয়টি সমান হওয়া। যেমন- لَا يَسْتَوِى الْخَبِيْثُ وَالطَّيِّبُ [নাপাক ও পাক সমান নয়] আল্লাহ আরশে সমাসীন হওয়ার উদ্দেশ্য এবং তার পদ্ধতি সম্পর্কে সঠিক আকিদা হলো যা হযরত উম্মে সালমা (র.) বর্ণনা করেছেন- اَلْاِسْتِوَاءُ غَيْرُ مَجْهُوْلٍ وَالْكَيْفُ غَيْرُ مَعْقُوْلٍ وَالْاِقْرَارُ بِهٖ اِيْمَانٌ وَالْجُحُوْدُ بِهٖ كُفْرٌ (رواه ابْنُ مَرْدَوَيْهِ وَاللَّالَكَائِىُّ فى كتاب السنة) (সমাসীন হওয়াটা অজানা বিষয় নয়, তার পদ্ধতি জানার বিষয় নয়, এটাকে বিশ্বাস করা ঈমানের অঙ্গ এবং অস্বীকার করা কুফরি। ইমাম আবূ ইউসুফ (রা.) ইমাম আবূ হানীফা (র.) থেকে বর্ণনা করেছেন যে- لَا يَنْبَغِىْ لِاَحَدٍ اَنْ يَنْطِقَ فِى اللّٰهِ تَعَالٰى بِشَيْئٍ مِنْ ذَاتِهٖ وَلٰكِنْ يَصِفُهٗ بِمَا وَصَفَ سُبْحَانَهٗ بِهٖ نَفْسَهٗ وَلَا يَقُوْلُ فِيْهِ بِرَأْيِهٖ شَيْئًا تَبَارَكَ وَتَعَالٰى رَبُّ الْعٰلَمِيْنَ (কারো জন্য এটা সমীচীন নয় যে, আল্লাহর সত্তা সম্পর্কে কোনো কিছু বলা, বরং ঐরূপই বর্ণনা করবে যেরূপ তিনি তাঁর নিজের সম্পর্কে বর্ণনা করেছেন এবং নিজের পক্ষ ও মত থেকে কিছুই বর্ণনা করবে না।)

عَرْشٌ : **আরশ; সিংহাসন; রাজাসন**। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, عَرْش বলা হয় ছাদবিশিষ্ট কোনো কিছুকে। এর বহুবচন عُرُوْشٌ কুরআনে রয়েছে- وَهِىَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا [তারা তাদের মাচানের উপর পতিত ছিল] عرشت الكرم অর্থ আঙ্গুরের লতার জন্য মাচান স্থাপন করা। আয়াত وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ-এর অর্থ আবূ উবায়দা বলেছেন- يبنون তারা উঁচু ইমারত নির্মাণ করত। বাদশার বসার স্থানকেও عَرْش বলা হয়, কারণ তা উঁচু হয়। عَرْش সম্পর্কে মুফাসসিরগণের মত হলো তা সিংহাসনই, যা দেহবিশিষ্ট, যাকে আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন এবং ফেরেশতাদেরকে নির্দেশ দিয়েছেন তা বহন করে রাখতে এবং সম্মানপ্রদর্শন ও তওয়াফ দ্বারা ইবাদত করতে। যেমনিভাবে দুনিয়াতে তিনি একটি গৃহ নির্মাণ করেছেন এবং বনি আদমকে নির্দেশ দিয়েছেন তার তওয়াফ করতে এবং নামাজে তার দিকে মুখ ফিরাতে। [কিতাবুল আসমা ওয়াসসিফাত, ইমাম বায়হাকী]

আয়াত : ৬

تَحْتَ الثَّرٰى : **ভূগর্ভে**। تَحْتَ মুযাফ, اَلثَّرٰى মুযাফ ইলাইহি। تَحْتَ অর্থ নিচে। যা فَوْقَ-এর বিপরীতার্থক। যার সমার্থক শব্দ হলো اَسْفَلُ; সুতরাং اَسْفَلُ ও تَحْتَ-এর মধ্যে পার্থক্য হলো تحت এর ব্যবহার مُنْفَصِلٌ-এর ক্ষেত্রে হয়ে থাকে। আর اَسْفَل-এর ব্যবহার متصل ক্ষেত্রে হয়ে থাকে। যেমন বলা হয়- اَلْمَالُ تَحْتَهٗ [সম্পদ তার নিচে] আর اَسْفَلُهٗ اَغْلَظُ مِنْ اَعْلَاهُ তার নিচটা তার উপর থেকে শক্ত।] اَلثَّرٰى ইসম। আর্দ্র মাটি।

আয়াত : ৭

اِنْ تَجْهَرْ بِالْقَوْلِ : **যদি তুমি উচ্চকণ্ঠে কথা বল**। اِنْ হরফে শর্ত। تَجْهَرْ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ه ـ ر) মাসদার اَلْجَهْرُ অর্থ- প্রকাশ করা; স্পষ্ট করা।

اَخْفٰى : **অধিক গুপ্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ف ـ ي) মাসদার اَلْخَفٰى অর্থ- লুকানো; গোপন হওয়া।

আয়াত : ৯

هَلْ اَتٰكَ : **তোমার নিকট পৌঁছেছে কি?** هَلْ প্রশ্নবোধক। اَتٰى সীগাহ وَاحِدٌ مُذَكَّرٌ غَائِبٌ বহছ

اَلْاِتْيَانُ মাসদার ضرب বাব مَاضِى مَعْرُوف মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– আসা; পৌঁছা। ك যমীরে মফউল।

حديث : **বৃত্তান্ত; কথা**। একবচন; বহুবচন– اَحَادِيْثُ অর্থ– বাণী; কথা।

আয়াত : ১০

اِذْ رَاٰ : **যখন সে দেখল**। اذ হরফে শর্ত। رأى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فتح মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اُمْكُثُوْا : **তোমরা অবস্থান কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَر মূলবর্ণ (م ـ ك ـ ث) মাসদার اَلْمَكْثُ অর্থ– অবস্থান করা; স্থায়ী হওয়া।

اٰنَسْتُ : **আমি অনুভব করেছি**। সীগাহ وَاحِد مُتَكَلِّم বহছ مَاضِىْ مَعْرُوْف বাব افعال মাসদার الايناس মূলবর্ণ (أ ـ ن ـ س) অর্থ– দেখা; অনুভব করা।

بِقَبَسٍ : **জ্বলন্ত অঙ্গার/ অগ্নিস্ফুলিঙ্গ**। ইসম ও মাসদার। اِقْتِبَاسٌ ও এর সমার্থক। রূপকার্থে হেদায়েত ও ইলম অন্বেষণের জন্যও ব্যবহার হয়।

اَجِدُ : **আমি পাব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ– পাওয়া; অর্জন করা।

আয়াত : ১১

نُوْدِىَ : **তাকে আহ্বান করা হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব مُفَاعَلَة মাসদার اَلْمُنَادَاةُ ও النِّدَاءُ মূলবর্ণ (ن ـ د ـ ي) অর্থ– আহ্বান করা; ডাকা।

আয়াত : ১২

فَاخْلَعْ : **অতএব তুমি খুলে ফেল**। فاء হরফে আতফ। اخلع সীগাহ واحد مذكر حاضر বহছ اَمْر حَاضِر معروف বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ل ـ ع) মাসদার اَلْخَلْعُ অর্থ– খোলা; খুলে ফেলা।

نَعْلَيْكَ : **তোমার পাদুকাদ্বয়**। نَعْل মুযাফ ك যমীর মুযাফ ইলাইহি। মূলত ছিল نَعْلَيْنِ ইযাফতের কারণে নূন বিলুপ্ত হয়ে গেছে। একবচন نَعْل অর্থ– জুতা; পাদুকা; বহুবচন– نِعَالٌ

بِالْوَادِ : **উপত্যকায়**। ب হরফে জার। واد ইসম; নাকেরা। মাজরূর। দু পাহাড়ের মধ্যবর্তী বিস্তীর্ণ ময়দানকে وادى বা উপাত্যকা বলা হয়।

اَلْمُقَدَّسِ : **পবিত্র**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ س) মাসদার اَلتَّقْدِيْسُ অর্থ– পবিত্র করা।

طُوًى : **তুওয়া**। একটি পবিত্র উপত্যকার নাম। আল্লামা মুরতাজা যুবাইদি তাজুল উরূস গ্রন্থে লিখেছেন طوى [পেশ ও যের যোগে] হলো সিরিয়ার একটি উপত্যকার নাম। যেমন আল্লাহর বাণী– اِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّس طُوًى [তুমি পবিত্র উপত্যকায় আছ] শব্দটি منصرف ও হতে পারে আবার غير منصرف ও হতে পারে। তবে যারা منصرف বলেন তাদের মতে এটি উপত্যকা ও স্থানের নাম এবং এটি نكرة ; আর যারা غير منصرف বলেন তাদের মতে এটি একটি শহর ও স্থানের নাম। এবং এটি معرفة ; আল্লামা মুহাইমি اَلَّذِىْ طَوَى فِيْهِ طُوًى -এর তাফসীর প্রসঙ্গে বলেন اَلْاِلْتِفَاتُ اِلَى مَا سِوَاهُ فَيَجِبُ فِيْهِ رِعَايَةُ الْاَدَبِ مِنْ كُلِّ وَجْهٍ অর্থাৎ طوى এমন স্থান যেখানে তা ব্যতীত অন্য দিক হতে দৃষ্টিকে পূর্ণরূপে পেছানো হয়েছে এবং যেখানে সর্বপ্রকার আদবের প্রতি লক্ষ্য রাখা আবশ্যক। আল্লামা মাহমূদ আলূসী তাফসীরে রূহুল মা'আনীতে লিখেছেন– وَلَا يَخْفَى عَلَيْكَ اَنَّ الْاَظْهَرَ كَوْنُهُ اِسْمًا لِلْوَادِىْ فِىْ جَمِيْعِ الْقِرَاءَاتِ এ কথা স্পষ্ট যে, طُوًى হলো সকল কেরাত মতেই একটি উপত্যকার নাম। আল্লামা জালালুদ্দিন সুয়ূতি 'আল ইতকান ফী উলূমিল কুরআন' এ লিখেছেন طُوًى হলো, উপত্যকার নাম। হাসান বসরী বলেন, ফিলিস্তিনের একটি উপত্যকার নাম। যাকে طُوًى এ জন্য নামকরণ করা হয়েছে যে, তাকে দু'বার পবিত্র করা হয়েছিল। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, তার নাম طُوًى এ জন্য হয়েছে তাকে হযরত মূসা (আ.) রাত্রিবেলা অতিক্রম করেছিলেন।

আয়াত : ১৩

اِخْتَرْتُكَ : **আমি তোমাকে মনোনীত করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِيَارُ মূলবর্ণ (خ ـ ي ـ ر) অর্থ– মনোনীত করা; পছন্দ করা।

فَاسْتَمِعْ : **তুমি মনোযোগ সহকারে শ্রবণ কর**। فاء হরফে আত্‌ফ। اِسْتَمِعْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِسْتِمَاعُ মূলবর্ণ (س ـ م ـ ع) অর্থ– মনোযোগ সহকারে শ্রবণ করা; কান লাগিয়ে শোনা।

يُوحٰى : **ওহী প্রেরণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ي) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

আয়াত : ১৪

فَاعْبُدْنِىْ : **অতএব তুমি আমার ইবাদত কর**। فاء হরফে আত্‌ফ। اعبد সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; উপাসনা করা। نى নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

اَقِمِ الصَّلٰوةَ : **তুমি সালাত কায়েম কর**। اقم সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– সোজা করা; কায়েম করা।

আয়াত : ১৫

اٰتِيَةٌ : **অবশ্যম্ভাবী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) জিনস مهموز فا، ناقص يائى মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

اُخْفِىْ : اَكَادُ اُخْفِيْهَا : **আমি তা গোপন রাখতে চাই**। সীগাহ وَاحِدْ مُتَكَلِّمْ বহছ مضارع معروف বাব افعال মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা। اَكَادُ এটি اَفْعَال مُقَارَبَة-এর একটি كَوْدٌ মাসদার থেকে, যা একাকী ব্যবহার হয় না; বরং কোনো ফেলের সাথে মিলিত হয়ে ব্যবহার হয়। যেমন– اَكَادُ اُخْفِيْهَا/كَادُوْا يَفْعَلُوْنَ অর্থ– নিকটবর্তী করা। ইচ্ছা করা; চাওয়া। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

لِتُجْزٰى : **যেন তাকে প্রতিফল দেওয়া হয়**। লামটি لام كى ; تُجْزٰى সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ أ) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিফল দেওয়া; বিনিময় দেওয়া।

نَفْسٍ : **ব্যক্তি**। একবচন, বহুবচন– اَنْفُسٌ- نُفُوْسٌ অর্থ– প্রাণ; প্রাণী।

تَسْعٰى : **সে পরিশ্রম করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلسَّعْىُ মূলবর্ণ (س ـ ع ـ ي) অর্থ– চেষ্টা করা; পরিশ্রম করা; কাজ করা।

আয়াত : ১৬

لَا يَصُدَّنَّكَ : **সে যেন তোমাকে নিবৃত্ত না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف بانون ثقيلة বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– নিবৃত্ত করা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

لَا يُؤْمِنُ : **সে ঈমান আনে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

اِتَّبَعَ : **সে অনুসরণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা; কারো কথামত চলা।

هَوٰىهُ : **তার প্রবৃত্তির**। এটি একবচন, বহুবচন– اَهْوَاءٌ অর্থ– অবৈধ কামনা; প্রবণতা।

فَتَرْدٰى : **তাহলে তুমি ধ্বংস হয়ে যাবে**। فاء হরফে আত্‌ফ। تَرْدٰى সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ د ـ ى) মাসদার الردى অর্থ– ধ্বংস হওয়া।

আয়াত : ১৮

عَصَاىَ : **আমার লাঠি**। এটি একবচন, বহুবচন– عِصِىٌّ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

[illegible] : **আমি ভর দেই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ و) মাসদার اَلتَّوَكُّؤُ অর্থ– ভর দেওয়া।

[illegible] : **আমি বৃক্ষপত্র ফেলে থাকি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْهَشُّ অর্থ– নাড়া দেওয়া; গাছের পাতা ফেলা।

مَآرِبُ : **প্রয়োজনসমূহ**। বহুবচন, একবচন– مَأْرُبَةٌ। অর্থ– কার্যাদি।

আয়াত : ১৯

أَلْقِ : **তুমি তা নিক্ষেপ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْإِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; ফেলে দেওয়া; ঢেলে দেওয়া।

আয়াত : ২০

فَأَلْقٰهَا : **অতঃপর সে তা নিক্ষেপ করল**। فاء হরফে আতফ। القا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাবে اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ي) মাসদার اَلْإِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; ফেলে দেওয়া; ঢেলে দেওয়া। ها যমীর মাফউলে বিহী।

حَيَّةٌ : **সাপ**। একবচন; বহুবচন– حَيَّاتٌ ; مذكر ও مؤنث উভয়টির জন্য একই শব্দ আসে।

تَسْعٰى : **সে দৌড়াতে লাগল**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلسَّعْىُ মূলবর্ণ (س ـ ع ـ ي) জিনস ناقص يائى অর্থ– চেষ্টা করা; পরিশ্রম করা; দৌড়ানো।

আয়াত : ২১

خُذْ : **তুমি তাকে ধর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْأَخْذُ অর্থ– ধরা; ধারণ করা।

لَا تَخَفْ : **তুমি ভয় করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سمع মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা।

سَنُعِيْدُ : **আমি তাতে ফিরিয়ে দেব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِعَادَةُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– ফিরিয়ে দেওয়া।

سِيْرَتَهَا : **তার রূপ, অবস্থা, আকৃতি**। এটি একবচন, বহুবচন– سِيَرٌ অর্থ– চরিত্র; যে অবস্থায় মানুষ বা অন্য কিছু থাকে, তা তার স্বভাবগত বা অর্জিত দুটোই হতে পারে।

আয়াত : ২২

اُضْمُمْ : **তুমি মিলাও; তুমি রাখ**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ض ـ م ـ م) মাসদার اَلضَّمُّ অর্থ– মিলিত করা; মিলানো; রাখা।

جَنَاحِكَ : **তোমার বগল**। جَنَاحٌ মুযাফ ك যমীর মুযাফ ইলাইহি। ইসম; বহুবচন أَجْنِحَةٌ শব্দটি তিনটি অর্থে ব্যবহৃত হয়। ১. পাখির ডানা। যেমন– وَلَا طٰٓئِرٍ يَّطِيْرُ بِجَنَاحَيْهِ [না পাখি, যারা তাদের দুটি ডানা দ্বারা উড়ে] ২. পার্শ্বদেশ। যেমন– وَاضْمُمْ يَدَكَ إِلٰى جَنَاحِكَ [মিলাও তোমার হাত পার্শ্বদেশের সাথে] ৩. হাত। যেমন– وَاضْمُمْ إِلَيْكَ جَنَاحَكَ [তোমার নিজের সাথে তোমার হাত মিলাও

بَيْضَاءَ : **উজ্জ্বল; ধবধবে সাদা**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচন بِيْضٌ

আয়াত : ২৩

لِنُرِيَكَ : **যেন আমি দেখাতে পারি**। لام كى ; نرى সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلْإِرَاءَةُ অর্থ– দেখানো; প্রত্যক্ষ করানো।

اَلْكُبْرٰى : **মহা; বড়**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচন– كُبَرٌ

আয়াত : ২৪

طَغٰى : সে **সীমালঙ্ঘন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلطُّغْيَانُ মূলবর্ণ (ط ـ غ ـ ي) অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ২৫

اِشْـرَحْ : **তুমি প্রশস্ত করে দাও**। সীগাহ واحد مـذكـر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ر ـ ح) মাসদার اَلشَّرْحُ অর্থ– খোলা; উন্মুক্ত করা; বিস্তৃত করা; প্রশস্ত করা।

صَدْرِىْ : **আমার বক্ষ**। صدر মুযাফ ى যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন صدور

আয়াত : ২৬

يَسِّرْ : **তুমি সহজ করে দাও**। সীগাহ واحد مـذكـر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّيْسِيْرُ মূলবর্ণ (ى ـ س ـ ر) অর্থ– সহজ করে দেওয়া।

আয়াত : ২৭

اُحْلُلْ : **তুমি দূর করে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْحَلُّ মূলবর্ণ (ح ـ ل ـ ل) অর্থ– খুলে দেওয়া; দূরীভূত করা।

عُقْدَةً : **জড়তা; গ্রন্থি**। ইসম। একবচন, বহুবচন عقد অর্থ– গিরা; গ্রন্থি; প্রতিবন্ধকতা; তোতলামি; বন্ধন। ইমাম রাগেব লিখেছেন, বিবাহ, চুক্তি ইত্যাদিতে যা কিছু সংঘটিত হয় তাকে عقدة বলা হয়। যেমন আল্লাহর বাণী–وَلَا تَعْزِمُوْا عُقْدَةَ النِّكَاحِ [তোমরা দৃঢ় সংকল্প করোনা বিবাহবন্ধনের] عُقِدَ لِسَانُهُ অর্থ হলো– তার জিহ্বায় গিরা লাগিয়ে দেওয়া হয়েছে। فِىْ لِسَانِهِ عُقْدَةٌ অর্থ হলো তার জিহ্বায় জড়তা রয়েছে। যেমন আল্লাহর বাণী–وَاحْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِىْ আমার জিহ্বা থেকে জড়তা দূর করে দাও।

আয়াত : ২৮

يَفْقَهُوْا : **যাতে তারা বুঝতে পারে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْفِقْهُ মূলবর্ণ (ف ـ ق ـ ه) অর্থ– অনুধাবন করা; বুঝা; হৃদয়ঙ্গম করা।

আয়াত : ২৯

اِجْعَلْ : **তুমি করে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো।

وَزِيْرًا : **সাহায্যকারী; মন্ত্রী**। সিফাতে মুশাব্বাহ। বাদশার উপদেষ্টা; বাদশার সহায্যকারী; রাজত্বের দায়িত্বের বোঝা বহনকারী; বাদশার হাতকে শক্তিশালীকারী। বর্তমানে শব্দটি মন্ত্রী অর্থে ব্যবহৃত হয়।

আয়াত : ৩১

اُشْدُدْ : **তুমি সুদৃঢ় কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امرحاضر معروف বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلشَّدُّ মূলবর্ণ (ش ـ د ـ د) অর্থ– সুদৃঢ় করা; মজবুত করা; বাধা।

اَزْرِىْ : **আমার শক্তি। আমার কোমর**। مركب اضافى

আয়াত : ৩২

اَشْرِكْهُ : **তাকে অংশী করা**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– অংশীদার করা; শরিক করা। ه যমীর মাফউল।

আয়াত : ৩৩

كَىْ نُسَبِّحَكَ : **যাতে আমরা তোমার মহিমা ও পবিত্রতা ঘোষণা করতে পারি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف ; كَىْ দ্বারা মানসূব হয়েছে। বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْبِيْحُ মূলবর্ণ (س ـ ب ـ ح) অর্থ– পবিত্রতা ও মহিমা বর্ণনা করা।

আয়াত : ৩৪

نَذْكُرَكَ : **তোমাকে স্মরণ করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা। نُسَبِّحَكَ -এর আতফ হওয়ার কারণে মানসূব হয়েছে। ك যমীর মাফউল।

আয়াত : ৩৬

اُوْتِيْتَ : **তোমাকে দেওয়া হয়েছে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى مجهول বাব اِفْعَالْ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া; দান করা।

سُؤْلَكَ : **তোমার চাহিদা; তুমি যা চেয়েছো তা**। سُؤْلَ এমন প্রয়োজনকে বলা হয় যা স্বভাব যার লালায়িত

হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন أُمْنِيَّةٌ-টি سُؤْل-এর কাছাকাছি অর্থবোধক। কিন্তু أُمْنِيَّةٌ [আকাঙ্ক্ষা] এমন বস্তুর জন্য বলা হয় যা মানুষ অন্তরে স্থির করেছে। আর سُؤْل বলা হয় এমন আকাঙ্ক্ষার জন্য যার প্রার্থনাও করা হয়েছে। সুতরাং أُمْنِيَّةٌ হয় سُؤْل এর পরে। আল্লামা জারুল্লাহ যমখশারী (র.) বলেন, سُؤْلٌ-টি فُعْلٌ-এর ওজনে مَفْعُوْلٌ অর্থে। যেমন– خُبْزٌ-টি مَخْبُوْزٌ এবং أُكُلٌ-টি مَأْكُوْلٌ অর্থে ব্যবহৃত হয়। [তাফসীরে কাশশাফ, খ. ২, পৃ. ৪৩৩]

আয়াত : ৩৭

مَنَنَّا : **আমি অনুগ্রহ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার اَلْمَنُّ অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া।

আয়াত : ৩৯

اِقْذِفِيْهِ : **তুমি তাকে রাখ**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَذْفُ মূলবর্ণ (ق ـ ذ ـ ف) অর্থ– দূরে নিক্ষেপ করা; ফেলে দেওয়া; রাখা।

اَلتَّابُوْتِ : **সিন্দুক; কফিন**।

اَلْيَمِّ : **সমুদ্র**। يم ও يميم বন্য কবুতর। اَلْيَمُّ মাসদার। সমুদ্রে নিক্ষেপ করা। সমুদ্র কূলে উপচে পড়া।

فَلْيُلْقِهِ : **যেন তা তাতে ঠেলে দেয়; নিক্ষেপ করে**। فاء হরফে আত্ফ। لِيُلْقِ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ي) অর্থ– নিক্ষেপ করা; ঠেলে দেওয়া; ঢেলে দেওয়া। ه যমীর মাফউল।

بِالسَّاحِلِ : **সমুদ্র তীর; উপকূল**। একবচন; বহুবচন– سواحل

يَأْخُذْهُ : **তাকে নিয়ে যাবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْأَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; নিয়ে নেওয়া।

اَلْقَيْتُ : **আমি ঢেলে দিয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْإِلْقَاءُ অর্থ– ঢেলে দেওয়া; নিক্ষেপ করা; রাখা।

مَحَبَّةً : **মহব্বত; ভালোবাসা**। مصدر ميمى ; কোনো বস্তুকে উৎকৃষ্ট মনে করে তার কামনা করা; বা কেনো বস্তুর ইচ্ছা করা এই ধারণায় যে, তা উত্তম বস্তু–তাকে মহব্বত বলা হয়। মহব্বত কখনো হয় উপভোগের জন্য। যেমন– সুস্বাদু খাবার, মিষ্টি ইত্যাদি আহার করা, অথবা নারীর কামনা করা। কখনো উপকৃত হওয়ার জন্য, যেমন– ধনসম্পদ ও সন্তান-সন্ততির মহব্বত। আবার কখনো কেবল সম্মান মর্যাদা ও উত্তম গুণাবলির কারণে হয় যেমন– একজন আলেম অপর আলেমের প্রতি, একজন মুমিন অপর মুমিনের প্রতি। এ সবগুলো হলো যা মানুষ কোনো সৃষ্টির সাথে মহব্বত করে। কিন্তু মানুষের ভালোবাসা আল্লাহর সাথে ও আল্লাহর ভালোবাসা মানুষের সাথে; সুতরাং প্রথমটির অর্থ হলো নৈকট্য অর্জনের কামনা, আর দ্বিতীয়টির অর্থ হলো অনুগ্রহ করা; নিয়ামত দান করা।

لِتُصْنَعَ : **যেন তুমি প্রতিপালিত হও**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ن ـ ع) মাসদার اَلصُّنْعُ অর্থ– করা; গঠন করা; সঠিক করা; মেরামত করা।

আয়াত : ৪০

تَمْشِيْ : **সে চলে; সে আসে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ش ـ ى) মাসদার اَلْمَشْيُ অর্থ– চলা; আসা।

اَدُلُّكُمْ : **আমি তোমাদেরকে বলে দেব**। সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মাসদার اَلدَّلَالَةُ মূলবর্ণ (د ـ ل ـ ل) অর্থ– পথ দেখানো; পথ প্রদর্শন করা।

يَكْفُلُهُ : **সে তার ভার নেবে; সে তাকে প্রতিপালন করবে**। يكفله সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ل) মাসদার اَلْكَفَالَةُ অর্থ– অভিভাবকত্ব গ্রহণ করা; প্রতিপালন করা।

رَجَعْنٰكَ : **আমি তোমাকে ফিরিয়ে দিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– ফিরিয়ে দেওয়া; প্রত্যাবর্তন করা।

كَيْ تَقَرَّ عَيْنُهَا : **যেন তার চক্ষু জুড়ায়**। تَقَرَّ সীগাহ واحد مونث غائب বহছ مضارع معروف বাব سمع মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْقَرَّةُ ও اَلْقُرُوْرُ অর্থ– আনন্দে চক্ষু শীতল হওয়া; চোখ জুড়ানো।

لَا تَحْزَنَ : **যেন সে দুঃখ না পায়**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– দুঃখ করা; চিন্তা করা।

قَتَلْتَ : **তুমি হত্যা করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ– হত্যা করা; মেরে ফেলা।

نَجَّيْنٰكَ : **আমি তোমাকে মুক্তি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; নাজাত দেওয়া।

فَتَنّٰكَ : **আমি তোমাকে পরীক্ষা করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْفُتُوْنُ، اَلْفَتْنُ، اَلْفِتْنَةُ মূলবর্ণ (ف ـ ت ـ ن) অর্থ– পরীক্ষা করা।

فُتُوْنًا : **পরীক্ষা**। মাসদার, বাব ضَرَبَ অর্থ– পরীক্ষা করা।

لَبِثْتَ : **তুমি অবস্থান করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَللُّبْثُ - اَللَّبَاثَةُ ও اَللُّبَاثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা; দীর্ঘকাল অবস্থান করা।

আয়াত : ৪১

اِصْطَنَعْتُكَ : **আমি তোমাকে প্রস্তুত করে নিয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِنَاعُ মূলবর্ণ (ص ـ ن ـ ع) অর্থ– গঠন করা; প্রস্তুত করা; কোনো বস্তু বানাতে বিশেষ যত্নবান হওয়া।

আয়াত : ৪২

لَا تَنِيَا : **তোমরা উভয়ে শৈথিল্য করো না**। সীগাহ تثنية مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ن ـ ى) মাসদার اَلْوَنْىُ অর্থ– অলসতা করা; শৈথিল্য করা; অবহেলা করা।

আয়াত : ৪৩

اِذْهَبَا : **তোমরা উভয়ে যাও; তোমরা যাত্রা কর**। সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَابُ অর্থ– যাওয়া; গমন করা; যাত্রা করা।

فَقُوْلَا : **তোমরা উভয়ে বল**। فاء হরফে আত্‌ফ। قُوْلَا সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ বলা, আরবিতে এর মাসদারের এত অধিক অর্থ আসে যা আয়ত্ত করা দুঃসাধ্য। তবে কয়েকটি অর্থে অধিক ব্যবহৃত হয়। যেমন– ১. বলা। ২. মনের কথা; মনে মনে কথা বলা। ৩. মতবাদ; মতাদর্শ। ৪. ইশারা ইঙ্গিতে কোনো কথা প্রকাশ করা। ৫. কোনো কিছুর প্রতি সঠিকভাবে মনোযোগ দেওয়া। ৬. কারো প্রতি ইলহাম করা। ৭. নির্দেশ প্রদান করা। ৮. আল্লাহর ইলম। ৯. বর্ণনা করা; রেওয়ায়েত করা। ১০. কারো প্রতি অপবাদ আরোপ করা। ১১. ইশরা করা; ইঙ্গিত করা। ১২. অন্তরে কোনো কিছুকে সত্য মনে করে মুখে তার স্বীকৃতি দেওয়া।

لَيِّنًا : **নম্রভাবে**। সিফাতে মুশাব্বাহর সীগাহ।

يَتَذَكَّرُ : **সে উপদেশ গ্রহণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ গ্রহণ করা।

يَخْشٰى : **সে ভয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف. বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ– ভয় করা।

আয়াত : ৪৫

اَنْ يَفْرُطَ : **সে বাড়াবাড়ি করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْفَرْطُ মূলবর্ণ (ف ـ ر ـ ط) অর্থ– সীমা ছাড়িয়ে যাওয়া; বাড়াবাড়ি করা।

يَطْغٰى : **সে সীমালঙ্ঘন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلطُّغْيَانُ মূলবর্ণ (ط ـ غ ـ ي) জিনস ناقى يائى অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের

ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغَى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৪৬

لَا تَخَافَا : **তোমরা উভয়ে ভয় করো না।** সীগাহ نهى حاضر معروف বহছ تثنية مذكر حاضر বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা।

اَسْمَعُ : **আমি শুনি।** সীগাহ مضارع واحد متكلم বহছ معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ– শোনা; শ্রবণ করা।

اَرٰى : **আমি দেখি।** সীগাহ مضارع واحد متكلم বহছ معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৪৭

فَأْتِيَا : **এরপর তোমরা উভয়ে তার কাছে যাও।** فاء হরফে আত্‌ফ। أْتِيَا সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার الاتيان মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– আসা; যাওয়া। ه যমীর মাফঊল।

اَرْسِلْ : **তুমি প্রেরণ কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

بَنِىْٓ اِسْرَآءِيْلَ : **বনী ইসরাঈল।** بَنِىْ মূলত بَنِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। অর্থ– বংশধর; সন্তানসন্ততি। اِسْرَائِيْل হযরত ইয়াকূব (আ.) -এর উপাধি। ইবরানী ভাষায় এর অর্থ আল্লাহর মনোনীত বা আল্লাহর বান্দা। আবার এও হতে পারে যে, এটা হযরত ইয়াকূব (আ.) এর অপর নাম। সুতরাং بَنِىْ اِسْرَائِيْل অর্থ হলো হযরত ইয়াকূব (আ.)-এর বংশধর। علمية ও عجمة এ দু'টি সববের কারণে শব্দটি غير منصرف

لَا تُعَذِّبْهُمْ : **তুমি তাদেরকে কষ্ট দিও না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ذ ـ ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ– শাস্তি দেওয়া; কষ্ট দেওয়া। هم যমীর মাফঊলে বিহী।

جِئْنٰكَ : **আমরা তোমার কাছে নিয়ে এসেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা। এর সেলা باء আসার কারণে অর্থ– হয় আনা; নিয়ে আসা।

اِتَّبَعَ : **সে অনুসরণ করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা।

আয়াত : ৪৮

اُوْحِىَ : **ওহী প্রেরণ করা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

كَذَّبَ : **সে মিথ্যা আরোপ করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْذِيْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যা আরোপ করা; মিথ্যায়ন করা।

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া; পৃষ্ঠ প্রদর্শন করা।

আয়াত : ৫০

اَعْطٰى : **সে দান করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْطَاءُ মূলবর্ণ (ع ـ ط ـ و) অর্থ– দান করা।

আয়াত : ৫১

فَمَا بَالُ : **তাহলে অবস্থা কি?** فاء হরফে আত্‌ফ। ما প্রশ্নবোধক। بَالُ অবস্থা; খবর। যে অবস্থার পরোয়া করা হয় তাকে بَالُ বলা হয়। আবার কখনো যে অবস্থা অন্তরে জমতে থাকে তাকেও بَالُ বলা হয়। এ কারণেই রূপকার্থে بَالُ অর্থ অন্তর ব্যবহার হয়।

اَلْقُرُوْنِ : **যুগ; কাল।** এটি বহুবচন, একবচন– قَرْنٌ

আয়াত : ৫২

لَا يَضِلُّ: **তিনি ভুল করেন না/তিনি পথভ্রষ্ট হন না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্ট হওয়া; ভুল করা।

لَا يَنْسَى: **তিনি বিস্মৃত হন না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ(ن ـ س ـ ي) মাসদার اَلنِّسْيَانُ অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

আয়াত : ৫৩

سَلَكَ: **তিনি করে দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلسُّلُوْكُ মূলবর্ণ (س ـ ل ـ ك)অর্থ– চালানো; অনুসরণ করা। কাজ করা।

سُبُلاً: **চলার পথ।** বহুবচন; একবচন– سَبِيْلٌ অর্থ– রাস্তা; পথ।

اَخْرَجْنَا: **আমি উৎপন্ন করেছি; আমি বের করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ বের করা; উৎপন্ন করা; আবিষ্কার করা।

اَزْوَاجًا: **বিভিন্ন প্রকার; রকমারী।** বহুবচন, একবচন– زوج ; আল্লামা আহমদ ফাইউমী বলেন زوج এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে যেমন– শুষ্ক ও আর্দ্র্য নর ও মাদী রাত ও দিন; তিক্ত ও মিষ্টি।

نَبَاتٍ: **উদ্ভিদ।** এটি একবচন, বহুবচন– نَبَاتَاتٌ

شَتّٰى: **নানা রকম।** শব্দটি একবচন, বহুবচন– شَتِيْتٌ -

আয়াত : ৫৪

كُلُوْا: **তোমরা আহার কর।** كُلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نصر মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– আহার করা; খাওয়া; পানাহার করা।

اِرْعَوْا: **তোমরা চরাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ع ـ ي) মাসদার اَلرَّعْىُ যার মূল অর্থ গবাদিপশুকে সংরক্ষণ করা, আহার করিয়ে হোক বা শুত্রু থেকে জীবন রক্ষা করে হোক। এখানে চরানো উদ্দেশ্য।

اَلْاَنْعَامَ: **গবাদিপশু। ভেড়া, বকরি, গরু, মহিষ; উট ইত্যাদি।** গবাদিপশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامٌ বলা হবেনা যতক্ষণ তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمٌ-এর বহুবচন, যার অর্থ উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمٌ বলা হয়।

اُولِى النُّهٰى: **বিবেকসম্পন্নগণ।** اُولِى অর্থ ওয়ালা; বিশিষ্ট; সম্পন্ন ইত্যাদি। النُّهٰى শব্দটি نُهْيَةٌ- এর বহুবচন। যার অর্থ অশ্লীলতা থেকে বারণকারী বিবেক।

আয়াত : ৫৫

خَلَقْنَاكُمْ: **আমি তোমাদেরকে সৃষ্টি করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق)মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; বানানো।

نُعِيْدُكُمْ: **আমি তোমাদের ফিরিয়ে দিব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعَادَةُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– প্রত্যাবর্তন করানো; পুনরায় সৃষ্টি করা।

نُخْرِجُكُمْ: **আমি তোমাদেরকে বের করব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বের করা।

تَارَةً: **দ্বিতীয়বার; কখনো।** এটি মূলে ছিল تارة অধিক ব্যবহারের কারণে همزة বিলুপ্ত হয়ে গেছে।

আয়াত : ৫৬

اَرَيْنٰهُ: **আমি তাকে দেখিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ– দেখানো।

اَبٰى: **সে অমান্য করেছে/সে অস্বীকার করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ب ـ ي) মাসদার اَلْاِبَاءُ অর্থ– অমান্য করা; কঠোরভাবে অস্বীকার করা। যদি অস্বীকারের মধ্যে কঠিনতা না থাকে, তাহলে তা اِبَاء হয় না।

আয়াত : ৫৭

أَجِئْتَنَا : **তুমি কি আমাদের নিকট এসেছ?** أ প্রশ্নবোধক। جِئْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব ضرب মূলবর্ণ (ج ـ أ ـ ي) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা। نا যমীর মাফঊলে বিহী।

لِتُخْرِجَ : **আমাদের বহিষ্কার করার জন্য।** ل টি لام كي। تخرج সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; বহিষ্কার করা। نا যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৫৮

فَلَنَأْتِيَنَّ : **আমরা অবশ্যই তোমার নিকট উপস্থিত করব।** فاء হরফে আত্‌ফ। لَنَأْتِيَنَّ সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মাসদার الاتيان মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– আসা। এর সেলা باء এলে অর্থ হয় নিয়ে আসা।

لَا نُخْلِفُ : **আমরা যার ব্যতিক্রম করব না।** সীগাহ جمع متكلم বহছ نفي فعل مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ– অঙ্গীকারের ব্যতিক্রম করা।

سُوًى : **মধ্যবর্তী।** এটি মাসদার, যা وصف হয়েও ব্যবহার হয়, আবার কখনো ظرف হয়েও। ইমাম রাগেব (র.) লিখেছেন, যার উভয় প্রান্ত বরাবর তাকে سُوًى বলা হয়।

আয়াত : ৫৯

مَوْعِدُكُمْ : **তোমাদের নির্ধারিত সময়।** সীগাহ واحد বহছ ظرف زمان বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ– অঙ্গীকার করা।

يَوْمُ الزِّيْنَةِ : **উৎসবের দিন।** يَوْمُ মুযাফ اَلزِّيْنَةِ মুযাফ ইলাইহি।

أَنْ يُحْشَرَ : **সমবেত করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلْحَشْرُ মূলবর্ণ (ح ـ ش ـ ر) অর্থ– সমবেত করা; একত্র করা।

ضُحًى : **পূর্বাহ্ণ; বেলা বাড়ার সময়; রৌদ্র প্রখর হওয়ার সময়।** ضُحًى অর্থ রৌদ্র বিস্তৃত হওয়া এবং বেলা বৃদ্ধি পাওয়া। তাছাড়া উক্ত সময়কেও ضُحًى বলা হয়। ভাষাবিদ ইবনে খালুবিয়া লিখেছেন ضُحًى শব্দটি স্ত্রীলিঙ্গ, আবার পুংলিঙ্গও হয়।

আয়াত : ৬০

كَيْدَهُ : **তার কৌশলসমূহ।** كَيْدَ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। كَيْدَ অর্থ– প্রতারণা, চক্রান্ত ও কৌশল। এ স্থলে এটা জাদুকরদেরকে বুঝাচ্ছে। –[জালালাইন, কুরতুবী ইত্যাদি]

أَتَى : **সে এসেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ(أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

আয়াত : ৬১

وَيْلَكُمْ : **দুর্ভোগ তোমাদের!** وَيْلَ শব্দটি বিভিন্ন অর্থ রয়েছে। অনিষ্টতা প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত করা। এ সকল অর্থে وَيْلَ মাসদার। আফসোস; কঠোরতা। ধমকস্বরূপ বাক্য; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকার নাম; জাহান্নামের একটি কূপের নাম। وَيْلَ-এর ইযাফত যখন যমীরের দিকে হয় তখন তার علامت পরিবর্তন হতে থাকে, এবং وَيْلَ-এর উপর সর্বদা নসব থাকে। যেমন– وَيْلَكَ، وَيْلَكُمْ ইত্যাদি। তবে যদি ياء متكلم-এর দিকে ইযাফত হয় তখন বাধ্যতামূলক তার লামকে যের দেওয়া হয়।

لَا تَفْتَرُوْا : **তোমরা মিথ্যা আরোপ করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ف ـ ر ـ ي) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যা আরোপ করা; অপবাদ দেওয়া।

فَيُسْحِتَكُمْ : **তিনি তোমাদেরকে সমূলে ধ্বংস করবেন।** فاء হরফে আত্‌ফ। এর পরে ان উহ্য আছে, যার ফলে يُسْحِتَ মানসূব হয়েছে। يُسْحِتَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (س ـ ح ـ ت) মাসদার اَلْاِسْحَاتُ অর্থ– সমূলে ধ্বংস করা; মূলোৎপাটন করা; হারাম বস্তু গ্রহণ করা; অবৈধ সম্পদ উপার্জন করা। كم যমীর جمع مذكر حاضر মাফঊল বিহী।

خَابَ : **সে ব্যর্থ হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ى ـ ب) মাসদার اَلْخَيْبَةُ অর্থ- বিফল হওয়া; অকৃতকার্য হওয়া; ব্যর্থ হওয়া।

اِفْتَرٰى : **সে মিথ্যা উদ্ভাবন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ- মিথ্যা আরোপ করা; মিথ্যা উদ্ভাবন করা।

আয়াত : ৬২

تَنَازَعُوْا : **তারা বিতর্ক করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلتَّنَازُعُ অর্থ- বিতর্ক করা; ঝগড়া করা।

اَسَرُّوْا : **তারা গোপন করল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ- গোপন করা।

اَلنَّجْوٰى : **গোপন পরামর্শ।** ইসম ও মাসদার।

আয়াত : ৬৩

سَاحِرَانِ : **দু'জন জাদুকর।** দ্বিবচন, একবচন- سَاحِرٌ বহুবচন- سَاحِرُوْنَ- سَحَرَةٌ

يُرِيْدَانِ : **তারা উভয়ে চায়।** সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার الارادة মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ- ইচ্ছা করা।

يُخْرِجٰكُمْ : **তোমাদেরকে বের করে দেয়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বহিষ্কার করা; বের করা।

يَذْهَبَا : **তারা উভয়ে ধ্বংস করে দেবে।** সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَابُ অর্থ- যাওয়া; নিয়ে যাওয়া; রহিত করা; ধ্বংস করা।

اَلْمُثْلٰى : **উৎকৃষ্ট।** সীগাহ اسم واحد مؤنث বহছ تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (م ـ ث ـ ل) মাসদার اَلْمَثَالَةُ অর্থ- উৎকৃষ্ট হওয়া।

আয়াত : ৬৪

اَجْمِعُوْا : **তোমরা সংহত কর; তোমরা একত্র কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ م ـ ع) মাসদার اَلْاِجْمَاعُ অর্থ- সংহত করা; একত্র করা।

اِئْتُوْا : **তোমরা উপস্থিত হও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- আসা; উপস্থিত হওয়া।

صَفًّا : **সারিবদ্ধভাবে।** একবচন, বহুবচন- صُفُوْفٌ

اَفْلَحَ : **সে সফলকাম হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ- সফল হওয়া; কৃতকার্য হওয়া।

اِسْتَعْلٰى : **সে জয়ী হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِعْلَاءُ মূলবর্ণ (ع ـ ل ـ ي) অর্থ- বিজয়ী হওয়া; উন্নত হওয়া।

আয়াত : ৬৫

اِمَّآ اَنْ تُلْقِيَ : **হয় তুমি নিক্ষেপ কর।** تُلْقِيَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ- নিক্ষেপ করা। ان দ্বারা মানসূব হয়েছে।

اَنْ نَّكُوْنَ : **আমরা হই।** نَكُوْنَ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার الكون অর্থ- হওয়া।

আয়াত : ৬৬

اَلْقُوْا : **তোমরা নিক্ষেপ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ- নিক্ষেপ করা।

حِبَالُهُمْ : **তাদের রশিসমূহ।** حِبَالٌ মুযাফ هم মুযাফ ইলাইহি। এটি বহুবচন, একবচন- حَبْلٌ

عِصِيُّهُمْ : **তাদের লাঠিগুলো।** عِصِيٌّ মুযাফ هُمْ যমীর মাফউলে বিহী। বহুবচন, একবচন- عَصَا

يُخَيَّلُ : **তার মনে হলো।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّخْيِيْلُ মূলবর্ণ (خ ـ ي ـ ل) অর্থ- ধারণা হওয়া; মনে হওয়া।

আয়াত : ৬৭

فَأَوْجَسَ : **অতঃপর সে অনুভব করল**। فاء হরফে আত্ফ। أَوْجَسَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَال মূলবর্ণ (و ـ ج ـ س) মাসদার اَلْاِيْجَاسُ অর্থ– ধারণা করা; অনুভব করা; টের পাওয়া।

خِيْفَةً : **ভীতি/ভয়**। এটি বাব سَمِعَ -এর মাসদার। خِيْفَةً এমন অবস্থাকে বলা হয় যা মানুষের ভয়ের অবস্থায় হয়ে থাকে। –[রাগেব]

আয়াত : ৬৮

لَا تَخَفْ : **তুমি ভয় করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

اَلْاَعْلٰى : **প্রবল; বিজয়ী**। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনস ناقص واوى মাসদার اَلْعُلُوُّ অর্থ– উঁচু হওয়া; উত্তম হওয়া।

আয়াত : ৬৯

اَلْقِ : **তুমি নিক্ষেপ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَال মূলবর্ণ (لْ ـ ق ـ ي) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; ঢেলে দেওয়া। ফেলে দেওয়া।

تَلْقَفْ : **সে গ্রাস করবে**। جواب امر -এর কারণে مجزوم হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ق ـ ف) মাসদার اَلَلَّقْفُ অর্থ– স্বতঃস্ফূর্তভাবে কোনো কিছু নেওয়া এবং দ্রুত নামানো, তা গলাধঃকরণের মাধ্যমে হোক বা হাত দ্বারা নেওয়ার দ্বারা হোক।

صَنَعُوْا : **তারা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ن ـ ع) মাসদার اَلصَّنْعُ অর্থ– বানানো; করা।

كَيْدُ : **ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْر ও اِسْتِدْرَاجْ -এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

لَا يُفْلِحُ : **সে সফল হয় না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব افعال মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ– সফল হওয়া।

حَيْثُ : **যেখানেই, যে স্থানে**। এটি مبنى - ظرف مكان عَلَى الضَّم অনির্দিষ্ট স্থান যা পরবর্তী বাক্য হতে বোঝা যায়।

আয়াত : ৭০

اٰمَنَّا : **আমরা ঈমান এনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَال মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

আয়াত : ৭১

اٰمَنْتُمْ : **তোমরা ঈমান এনেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَال মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

اٰذَنَ : **আমি অনুমতি দেই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ– হুকুম দেওয়া, আদেশ করা; অনুমতি প্রদান করা।

عَلَّمَكُمْ : **সে তোমাদেরকে শিখিয়েছে**। عَلَّمَكُمْ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْلِيْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– শিক্ষা দেওয়া।

لَاُقَطِّعَنَّ : **অবশ্যই আমি কর্তন করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ– কর্তন করা; পৃথক করা।

خِلَافٍ : **বিপরীত**। [একদিকের হাত ও অপরদিকের পা] এটি বাব مُفَاعَلَة -এর মাসদার। অর্থ– বিপরীত করা; উল্টা করা; বিরোধিতা করা।

تَقْضِىْ : **তুমি কর্তৃত্ব করতে পার**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ي) অর্থ– কর্তৃত্ব করা; ফয়সালা করা; চূড়ান্ত করা।

আয়াত : ৭৩

لِيَغْفِرَ : **যাতে তিনি ক্ষমা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা।

خَطٰينَا : **আমাদের অপরাধ, পাপরাশি**। خَطَايَا মুযাফ نا মুযাফ ইলাইহি। বহুবচন, একবচন– خَطِيْئَةٌ অর্থ– পাপ; অপরাধ।

اَكْرَهْتَنَا : **তুমি আমাদেরকে বাধ্য করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْاِكْرَاهُ অর্থ– বাধ্য করা। نا যমীর মাফউলে বিহী।

আয়াত : ৭৪

يَأْتِ : **সে উপস্থিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; উপস্থিত হওয়া।

مُجْرِمًا : **অপরাধী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

لَا يَمُوْتُ : **সে মরবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْمَوْتُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া।

لَا يَحْيٰى : **সে বাঁচবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ي ـ ي) মাসদার اَلْحَيُّ অর্থ– জীবিত থাকা।

আয়াত : ৭৬

تَزَكّٰى : **সে পবিত্র হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ– পবিত্র হওয়া।

لَاُصَلِّبَنَّكُمْ : **আমি তোমাদেরকে শূলবিদ্ধ করবই**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ ل ـ ب) মাসদার اَلتَّصْلِيْبُ অর্থ– শূলবিদ্ধ করা; শূলিতে চড়ানো।

جُذُوْعِ : **কাণ্ড; শাখা**। বহুবচন; একবচন– جذع ; جذوع النخل অর্থ– খর্জূর বৃক্ষের কাণ্ড।

لَتَعْلَمُنَّ : **তোমরা অবশ্যই জানতে পারবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

اَيُّنَا : **আমাদের মধ্যে কে?** اي মুযাফ نا যমীর মুযাফ ইলাইহি। اى হরফে ইসতিফহাম।

اَبْقٰى : **অধিক স্থায়ী**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ق ـ ى) জিনস ناقص يائى অবশিষ্ট থাকা; বেঁচে থাকা; স্থায়ী হওয়া।

আয়াত : ৭২

لَنْ نُّؤْثِرَكَ : **আমরা কিছুতেই তোমাকে প্রাধান্য দিব না**। সীগাহ جمع متكلم বহছ نفى تاكيد بلن বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ث ـ ر) মাসদার اَلْاِيْثَارُ অর্থ– প্রাধান্য দেওয়া।

فَطَرَنَا : **তিনি আমাদেরকে সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْفَطْرُ অর্থ– বিদীর্ণ করা; অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করা। মুফাসসিরগণ فَاطِرٌ-এর তাফসীর করেছেন مُبْدِعٌ বা নমুনাবিহীন অনস্তিত্ব থেকে অস্তিত্ব দানকারী। অভিধানমতে فطر অর্থ বিদীর্ণ করা। [কামূস ও সিহাহ] আল্লাহ তা'আলাও বিশ্বকে অনস্তিত্বের পর্দা বিদীর্ণ করে অস্তিত্বে এনেছেন, তাই আল্লাহকে فَاطِرٌ বলা হয়।

فَاقْضِ : **সুতরাং তুমি কর**। فاء হরফে আত্ফ। اقض সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ– ফয়সালা করা; চূড়ান্ত করা, কাজে হোক বা কথায় হোক।

আয়াত : ৭৭

أَوْحَيْنَا : **আমি প্রত্যাদেশ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ي) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

أَسْرِ : **তুমি রজনীযোগে বহির্গত হও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ي)মাসদার اَلْإِسْرَاءُ অর্থ– নৈশ ভ্রমণ করা; রাত্রিতে চলা।

اِضْرِبْ : **তুমি নির্মাণ কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ -এর অর্থ কোনো বস্তুকে অপর বস্তুর উপর পতিত করা। যেহেতু এর সুরত বিভিন্ন হতে পারে তাই ভিন্ন ভিন্ন অবস্থায় ভিন্ন ভিন্ন অর্থ হবে। কোথাও প্রহার করা, কোথাও ঢেলে দেওয়া, কোথাও চলা আবার কোথাও বর্ণনা করা এবং নির্মাণ করা। মোটকথা স্থানবিশেষে এর তরজমা করতে হবে, তবে মূল অর্থ ঠিক রাখতে হবে। যেহেতু চলার সময় পা মাটিতে পড়ে তাই ضَرَبَ فِى الْاَرْضِ অর্থ হবে ভূমিতে চলা। কোনো কিছুকে এভাবে বর্ণনা করা যার প্রভাব অন্যের উপর পড়ে তাকে বলা হয় ضَرَبَ الْمَثَلَ; তাই যখন مَثَلٌ -এর সাথে ضَرَبَ -এর ব্যবহার হবে তখন অর্থ হবে বর্ণনা করা। আয়াতে কারীমা فَاضْرِبْ لَهُمْ طَرِيْقًا فِى الْبَحْرِ يَبَسًا [তুমি সমুদ্রে শুষ্ক রাস্তা নির্মাণ কর] এখানে যেহেতু طَرِيْق [রাস্তা] কে بَحْر [সমুদ্র] -এর উপর পতিত করা হচ্ছে তাই এখানে اضرب অর্থ হবে নির্মাণ করা; তৈরি করা।

يَبَسًا : **শুষ্ক।** এটি মাসদার। যা اسم فاعل -এর অর্থে ব্যবহার হয়েছে।

دَرَكًا : **পেয়ে যাওয়া; ধরা।** درك -এর ব্যবহার দু'টি অর্থে হয়ে থাকে। ১. এমন রশি যার সাথে অপর রশি এই উদ্দেশ্যে মিলানো হয় যেন তা পানি পর্যন্ত পৌঁছে যায়। ২. অনিষ্টের ফলাফল যা মানুষের নিকট পৌঁছে তাকেও درك বলা হয়। এখানে এ অর্থই উদ্দেশ্য।

لَا تَخْشٰى : **তুমি ভয় করো না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ش ـ ي)মাসদার اَلْخَشْيَةُ অর্থ ভয় করা।

আয়াত : ৭৮

فَاَتْبَعَهُمْ : **অতঃপর তারা তার পশ্চাদ্ধাবন করল।** فاء হরফে আত্ফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) اَتْبَعَ মাসদার اَلْإِتْبَاعُ অর্থ– পশ্চাদ্ধাবন করা; পিছনে পড়া।

جُنُوْد : **সৈন্যদল।** বহুবচন, একবচন– جند

فَغَشِيَهُمْ : **অতঃপর তাদেরকে নিমজ্জিত করল।** فاء হরফে আত্ফ। غَشِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ي) মাসদার اَلْغِشْيَانُ - اَلْغَشَاوَةُ অর্থ– আচ্ছাদিত করা; নিমজ্জিত করা।

আয়াত : ৭৯

اَضَلَّ : **সে পথভ্রষ্ট করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْإِضْلَالُ অর্থ– পথভ্রষ্ট করা।

مَا هَدٰى : **সে সৎপথ দেখায়নি।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

আয়াত : ৮০

اَنْجَيْنٰكُمْ : **আমি তোমাদেরকে উদ্ধার করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلْإِنْجَاءُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা।

نَزَّلْنَا : **আমি অবতীর্ণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَلْمَنَّ : **মান্না :** শিশিরবিন্দুর ন্যায় আঠাজাতীয় একপ্রকার সুস্বাদু খাদ্য, যা তীহ উপত্যকায় উদ্ভ্রান্ত বনী ইসরাঈলদের জন্য আল্লাহ তা'আলা প্রত্যহ গাছের ডালে জমিয়ে দিতেন।

اَلسَّلْوٰى : **সালওয়া : একপ্রকার পাখি বা তার গোশত যাকে বাটীর বলা হয়।** কামূস গ্রন্থে যার একবচন سَلْوَاةٌ বর্ণনা করা হয়েছে। এবং সিহাহ গ্রন্থে ইমাম আখফাশ এর বর্ণনা মতে এর একবচন বহুবচনের ন্যায়ই। –[তাজুল উরূস]

আয়াত : ৮১

كُلُوا : **তোমরা আহার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ - ك - ل) অর্থ– খাওয়া; আহার করা; ভক্ষণ করা।

طَيِّبَاتِ : **বিশুদ্ধ জীবিকা**। এটি বহুবচন, একবচন– طَيِّبَةٌ পবিত্র; হালাল। সীগাহ واحد مؤنث বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ط - ي - ب) মাসদার اَلطِّيْبُ অর্থ– ভালো হওয়া; পবিত্র হওয়া।

رَزَقْنٰكُمْ : **আমি তোমাদেরকে দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر - ز - ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা দেওয়া; দান করা।

لَا تَطْغَوْا : **তোমরা সীমালঙ্ঘন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معر وف বাব نَصَرَ মূলবর্ণ (ط - غ - ي) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা; অবাধ্যতা করা।

فَيَحِلَّ : **তাহলে অবধারিত হবে**। فاء হরফে আত্ফ। يحل সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح - ل - ل) মাসদার اَلْحُلُوْلُ অর্থ– অবতীর্ণ হওয়া; অবধারিত হওয়া।

يَحْلِلْ : **তা অবধারিত হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْحُلُوْلُ মূলবর্ণ (ح - ل - ل) অর্থ– অবধারিত হওয়া; অবতীর্ণ হওয়া।

هَوٰى : **সে ধ্বংস হয়েছে**। সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه - و - ي) মাসদার اَلْهَوٰى অর্থ– পতিত হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ৮২

غَفَّارٌ : **ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (غ - ف - ر) মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ– ক্ষমা করা।

تَابَ : **সে তওবা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت - و - ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা।

اِهْتَدٰى : **সে সৎপথে অবিচলিত থাকে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه - د - ي) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ– সৎপথে অবিচলিত থাকা; সেচ্ছা প্রণোদিত হয়ে হেদায়েত অর্জন করা; হেদায়েত তলব করা; হেদায়েতের জন্য চেষ্টা করা; হেদায়েতপ্রাপ্ত ব্যক্তির অনুসরণ করা।

আয়াত : ৮৩

مَآ اَعْجَلَكَ : **তোমাকে কিসে ত্বরা করতে বাধ্য করেছে**। ما প্রশ্নবোধক। اعجل সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - ج - ل) মাসদার اَلْاِعْجَالُ অর্থ– ত্বরা করা; তাড়াহুড়া করা।

আয়াত : ৮৪

اَثَرِىْ : **আমার পশ্চাতে**। اثر واحد মুযাফ ي যমীর متكلم মুযাফ ইলাইহি।

عَجِلْتُ : **আমি ত্বরা করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - ج - ل) মাসদার اَلْعَجَلَةُ ও اَلْعَجْلُ অর্থ– ত্বরা করা; তাড়াহুড়া করা।

আয়াত : ৮৫

فَتَنَّا : **আমি পরীক্ষায় ফেলেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ف - ت - ن) মাসদার اَلْفُتُوْنُ ও اَلْفِتْنَةُ، اَلْفَتْنُ অর্থ– পরীক্ষা করা; বিপদে ফেলা।

اَضَلَّهُمْ : **তাদেরকে পথভ্রষ্ট করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض - ل - ل) অর্থ– পথভ্রষ্ট করা; বিপথগামী করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

اَلسَّامِرِيُّ : **সামিরী**। সামিরা গোত্রের জনৈক ব্যক্তি মতান্তরে বনী ইসরাঈলের সামিরী নামক ব্যক্তি। (কাশশাফ, কুরতুবী ইত্যাদি) কে এই সামেরী? কেউ কেউ বলেন, সামেরী ফেরাউন বংশীয় কিবতী ছিল। সে হযরত মূসা (আ.) এর প্রতিবেশী এবং তার প্রতি বিশ্বাসী ছিল। হযরত মূসা (আ.) যখন বনী ইসরাঈলকে সঙ্গে নিয়ে মিসর ত্যাগ করেন, তখন

...ও সাথে রওয়ানা হয়। কারও কারও মতে, সে বনী ইসরাঈলেরই সামেরা গোত্রের সরদার ছিল। সিরিয়ার এই সামেরা গোত্র সুবিদিত। হযরত সাঈদ ইবনে যোবায়ের বলেন, সে পারস্য বংশোদ্ভূত লোক কিরমানের অধিবাসী ছিল। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন. সে গো-বৎস পূজাকারী সম্প্রদায়ের লোক ছিল। কোনোরূপে মিসর পৌঁছে সে বনী ইসরাঈলীদের ধর্মে দীক্ষা লাভ করে। কিন্তু তার অন্তরে ছিল কপটতা। –(কুরতুবী) কুরতুবীর টীকায় বলা হয়েছে, সে ভারতবর্ষের জনৈক হিন্দু ছিল এবং গো–পূজা করত। সে হযরত মূসা (আ.) -এর প্রতি বিশ্বাস স্থাপন করার পর পুনরায় কুফর অবলম্বন করে অথবা প্রথম থেকেই কপট মনে ঈমান প্রকাশ করে। জনশ্রুতি এই, সামেরীর নাম ছিল মূসা ইবনে যফর। ইবনে জারীর হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেন যে, মূসা সামেরী যখন জন্মগ্রহণ করে তখন ফেরাউনের পক্ষ থেকে সমস্ত ইসরাঈলী ছেলে সন্তান হত্যার আদেশ বিদ্যমান ছিল।

ফেরাউনী সিপাহীদের হাতে চোখের সামনে স্বীয় পুত্রহত্যার ভয়ে ভীত জননী তাকে একটি জঙ্গলের গর্তে রেখে উপর থেকে ঢেকে দেয়। এদিকে আল্লাহ তা'আলা হযরত জিবরাঈল (আ.) -কে শিশুর হেফাজত ও পানাহারের কাজে নিয়োজিত করলেন। তিনি তার এক অঙ্গুলিতে মধু অন্য অঙ্গুলিতে মাখন এবং অপর অঙ্গুলিতে দুধ এনে শিশুকে চাটিয়ে দিতেন। অবশেষে সে গর্তের মধ্যে থেকেই বড় হয়ে গেল এবং পরিণামে কুফরে লিপ্ত হলো ও বনী ইসরাঈলকে পথভ্রষ্ট করল। এ কারণেই জনৈক কবি বলেন–

فَمُوْسَى الَّذِىْ رَبَّاهُ جِبْرِيْلُ كَافِرٌ
وَمُوْسَى الَّذِىْ رَبَّاهُ فِرْعَوْنُ مُرْسَلُ

যে মূসাকে প্রতিপালন করেছে জিবরাঈল সে হয়েছে কাফের। আর যে মূসাকে প্রতিপালন করেছে ফিরাউন সে হয়েছে রাসূল। –[মা'আরিফুল কুরআন, মুফতি শফী (র.)]

আয়াত : ৮৬

رَجَعَ : সে প্রত্যাবর্তন করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা।

غَضْبَانَ : ক্রুদ্ধ হয়ে। ইসমে মুবালাগা। ভীষণ রাগীকে غَضْبَانَ বলা হয়। غَضَبَةٌ যার ক্রোধ দ্রুত আসে।

اَسِفًا : ক্ষুব্ধ হয়ে; অনুতপ্তাবস্থায়। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ س ـ ف) মাসদার اَلْاَسَفُ অর্থ– দুঃখিত হওয়া; মনঃক্ষুণ্ন হওয়া; ক্ষুব্ধ হওয়া।

اَلَمْ يَعِدْكُمْ : তোমাদেরকে কি প্রতিশ্রুতি দেওয়া হয়নি? أ প্রশ্নবোধক। لم يعد সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মাসদার اَلْوَعْدُ মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা। كم যমীর মাফউলে বিহী।

اَفَطَالَ : তবে কি সুদীর্ঘ হয়েছে? أ প্রশবোধক। فـاء হরফে আত্‌ফ। طَالَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ و ـ ي) মাসদার اَلطُّوْلُ অর্থ– দীর্ঘ হওয়া; লম্বা হওয়া।

اَرَدْتُّمْ : তোমরা ইচ্ছা করেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা; চাওয়া।

اَخْلَفْتُمْ : তোমরা ব্যতিক্রম করেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– বিরোধিতা করা; ব্যতিক্রম করা; খেলাফ করা; ভঙ্গ করা।

আয়াত : ৮৭

مَا اَخْلَفْنَا : আমরা ভঙ্গ করিনি; ব্যতিক্রম করিনি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ– ব্যতিক্রম করা; ভঙ্গ করা; অঙ্গীকার ভঙ্গ করা।

مَوْعِدًا : প্রতিশ্রুতি। এটি বাব ضَرَبَ -এর মাসদার। মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ– অঙ্গীকার করা।

بِمَلْكِنَا : আমাদের ইচ্ছায়; স্বেচ্ছায়। بـا হরফে জর। مَلْكٌ মাসদার, مضاف اليه ; مَلْكٌ মুযাফ نَا যমীর বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) অর্থ– মালিক হওয়া। স্বত্বাধিকারী হওয়া।

حُمِّلْنَا : আমাদের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। সীগাহ جمع متكلم বহছ ماضى مجهول বাব اَلتَّحْمِيْلُ تَفْعِيْل মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার অর্থ- বহন করানো; চাপিয়ে দেওয়া।

اَوْزَارًا : **বোঝাসমূহ**। এটি বহুবচন, একবচন- وِزْرٌ

فَقَذَفْنٰهَا : আমরা তা [অগ্নিকুণ্ডে] নিক্ষেপ করি। فاء হরফে আত্ফ। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ذ ـ ف) মাসদার اَلْقَذْفُ এর আসল অর্থ- তীর দূরে নিক্ষেপ করা। অতঃপর তীরের শর্ত বাদ দিয়ে যে কোনো কিছু নিক্ষেপ করা এবং অবতরণ করার অর্থে ব্যবহার হতে থাকে এবং রূপকার্থে গালি দেওয়া এবং ব্যভিচারের অপবাদ দেওয়া এবং কোনো কিছুর দোষ-ত্রুটির দিকে সম্বন্ধ করার অর্থেও ব্যবহার হয়। ها যমীর মাফউলে বিহী।

اَلْقَى : **তিনি নিক্ষেপ করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ي) জিনস ناقص يائى অর্থ- নিক্ষেপ করা; ঢালা; শিক্ষা দেওয়া।

আয়াত : ৮৮

اَخْرَجَ : **সে বের করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা; বহিষ্কার করা।

عِجْلًا : **গো-বৎস; বাছুর**। বহুবচন, عُجُوْلٌ স্ত্রীলিঙ্গ عِجْلَةٌ আল্লামা মাতরাজি المغرب গ্রন্থে লিখেছেন, জন্মলগ্ন থেকে এক মাস পর্যন্ত গরুর বাচ্চাকে عِجْل বলা হয়। ইমাম রাগেব ইস্পাহানী মুফরাদাতুল কুরআনে লিখেছেন عِجْل গরুর বাচ্চাকে বলা হয়। কারণ তার মধ্যে দ্রুততার এমন বিষয় পাওয়া যায় যা ثَوْر (বলদ) হওয়ার পর পাওয়া যায় না। ইমাম আবু মানছুর ছা'আলাবী فقه اللغة গ্রন্থে লিখেছেন, গরুর জন্য তিনটি শব্দ ব্যবহার হয়। বাচ্চা গরুর জন্য عِجْل যুবক গরুর জন্য شُبُوْب তরুণ এবং বয়ঃবৃদ্ধ গরুর জন্য فَارِضٌ ব্যবহার হয়।

جَسَدًا : **অবয়ব; দেহ**। এটি একবচন, বহুবচন- اَجْسَادٌ

خُوَارٌ : **হাম্বা রব; গরুর আওয়াজ**। শব্দটি যদিও গরুর আওয়াজের জন্য নির্দিষ্ট; কিন্তু রূপকার্থে কখনও বকরি, হরিণ, উট বা তীরের ধ্বনির জন্য ব্যবহার হয়।

فَنَسِىَ : **কিন্তু সে ভুলে গেছে**। فاء হরফে আত্ফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

আয়াত : ৮৯

اَفَلَا يَرَوْنَ : **তবে কি তারা ভেবে দেখে না?** أ প্রশ্নবোধক। فاء হরফে আত্ফ। لَا يَرَوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; ভেবে দেখা।

لَا يَرْجِعُ : **সে ফিরিয়ে দেয় না; সে উত্তর দেয় না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরিয়ে দেওয়া; এখানে অর্থ হলো কথার উত্তর দেওয়া।

لَا يَمْلِكُ : **সে ক্ষমতা রাখে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمِلْكُ অর্থ- ক্ষমতা রাখা; কর্তৃত্ব করা।

ضَرًّا : **ক্ষতি**। মাসদার বাব نَصَرَ। মূলবর্ণ (ض ـ ر ـ ر) অর্থ- ক্ষতি করা।

نَفْعًا : **উপকার**। এটি বাব فَتَحَ-এর মাসদার। মূলবর্ণ (ن ـ ف ـ ع) অর্থ- উপকার করা।

আয়াত : ৯০

فُتِنْتُمْ : **তোমাদেরকে পরীক্ষায় ফেলা হয়েছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مجهول বাব ضرب মূলবর্ণ (ف ـ ت ـ ن) মাসদার اَلْفُتُوْنُ ও اَلْفَتْنُ অর্থ- পরীক্ষায় ফেলা; পরীক্ষা করা।

اِتَّبِعُوْنِىْ : **তোমরা আমার অনুসরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা; কারো কথামতো চলা। نِىْ নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

ـعـ تـ : **তোমরা আদেশ মেনে চল**। সীগাহ الجمع إِفْعَالٌ বাব امر حاضر معروف বহছ جمع مذكر حاضر মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْإِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; আদেশ মান্য করা।

আয়াত : ৯১

لَنْ نَبْرَحَ : **আমরা বিরত হবো না; আমরা নড়ব না**। সীগাহ جمع متكلم বহছ نفى تاكيد بلن বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ر ـ ح) মাসদার اَلْبَرَاحُ ও اَلْبَرْحُ অর্থ– বিরত হওয়া; ক্ষান্ত হওয়া।

عَاكِفِينَ : **পূজারতগণ/পূজা করা অবস্থায়**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার عُكُوْفٌ মূলবর্ণ (ع ـ ك ـ ف) অর্থ– অবস্থান করা; সম্মানার্থে কোনো কিছুর প্রতি মনোনিবেশ করা ও তাকে আঁকড়ে ধরা; কোনো কিছুর চতুর্দিকে জড়ো হওয়া। তাজুল উরূস গ্রন্থে عكف -এর অর্থ লেখা হয়েছে এভাবে– وَعَكَفَ عَلَيْهِ عُكُوْفًا فَاَقْبَلَ عَلَيْهِ مُوَاظِبًا لَا يَصْرِفُ وَجْهَهُ عَنْهُ অর্থাৎ তার দিকে এমন গুরুত্বের সাথে মনোনিবেশ করেছে যে, তা থেকে মুখ ফিরায় না। এখানে অর্থ হবে গো-বৎস পূজা করা।

আয়াত : ৯২

مَا مَنَعَكَ : **কিসে তোমাকে নিবৃত্ত করল?** مَا প্রশ্নবোধক। مَنَعَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ن ـ ع) মাসদার اَلْمَنْعُ অর্থ– বিরত রাখা; নিষেধ করা; নিবৃত্ত করা। ك যমীর واحد مذكر حاضر মাফঊলে বিহী।

إِذْ رَأَيْتَهُمْ : **তুমি যখন তাদেরকে দেখলে**। إذ হরফে শর্ত। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الرؤية অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

ضَلُّوا : **তারা পথভ্রষ্ট হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া।

আয়াত : ৯৩

أَلَّا تَتَّبِعَنِ : **আমার অনুসরণ করা হতে**। أَلَّا মূলত أَنْ لَا ছিল। তা'লীল হয়ে ألا হয়েছে। تَتَّبِعَنِ মূলত تَتَّبِعُنِيْ ছিল। শেষ থেকে ياء متكلم বিলুপ্ত হয়ে গেছে। لَا تَتَّبِعَنِ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

أَفَعَصَيْتَ : **তবে কি তুমি অমান্য করলে?** أ প্রশ্নবোধক। فاء হরফে আত্ফ। عَصَيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ي) মাসদার اَلْعِصْيَانُ অর্থ– অমান্য করা; নাফরমানি করা।

আয়াত : ৯৪

يَبْنَؤُمَّ : **হে আমার সহোদর**। শব্দটি মূলত يَا ابْنَ أُمَّ ছিল। يَا হরফে নেদা। اِبْنَ মুযাফ أُمَّ মুযাফ ইলাইহি।

فَرَّقْتَ : **তুমি বিভেদ সৃষ্টি করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفْرِيْقُ অর্থ– বিভেদ সৃষ্টি করা; পার্থক্য করা; টুকরা টুকরা করা।

لَمْ تَرْقُبْ : **তুমি যত্নবান হওনি**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব نَصَرَ মাসদার اَلرُّقُوْبُ মূলবর্ণ (ر ـ ق ـ ب) অর্থ– দৃষ্টি রাখা; যত্নবান হওয়া; লক্ষ্য রাখা।

আয়াত : ৯৫

مَا خَطْبُكَ : **তোমার ব্যাপার কি?** مَا প্রশ্নবোধক। خَطْبُ মুযাফ كَ যমীর মুযাফ ইলাইহি। এমন বিষয় যা সম্পর্কে লোকদের মাঝে ব্যাপক আলোচনা হয়, তাকে خطب বলা হয়।

আয়াত : ৯৬

بَصُرْتُ : **আমি দেখেছিলাম**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব كَرُمَ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْبَصَرُ অর্থ– দেখা।

لَمْ يَبْصُرُوْا : **তারা দেখেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব نَصَرَ মাসদার اَلْبَصُرُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

قَبَضْتُ : **আমি নিলাম/ নিয়েছিলাম।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَبْضَةُ মূলবর্ণ (ق ـ ب ـ ض) অর্থ– মুষ্টিভরে নেওয়া। قَبْضَةً -এর মধ্যে তানভীন قِلَّة তথা স্বল্পতার জন্য। উল্লেখ্য যে, فَقَبَضْتُ قَبْضَةً مِّنْ اَثَرِ الرَّسُوْلِ -এর তাফসীর প্রসঙ্গে অধিকাংশ মুফাসসির লিখেছেন যে, 'আমি জিবরাঈলের ঘোড়ার পায়ের নিচ থেকে মুষ্ঠি পরিমাণ মাটি নিয়েছিলাম। এখানে رَسُوْل দ্বারা উদ্দেশ্য হযরত জিবরাঈল (আ.) আর اَثَر দ্বারা উদ্দেশ্য পদচিহ্ন। তবে ইমাম রাযী (র.) তাফসীরে কাবীরে এর ভিন্ন তাফসীর করেছেন। তিনি বলেন قَبْضَة দ্বারা উদ্দেশ্য হলো প্রতিশ্রুতি ও সুন্নত, আর رَسُوْل দ্বারা উদ্দেশ্য হলো হযরত মূসা (আ.)। অর্থাৎ আমি হযরত মূসা (আ.) এর সুন্নতকে নিয়েছি, অবলম্বন করেছি।' معجم القرآن -এর গ্রন্থকার এ তাফসীরকে জমহূরের তাফসীরের উপর প্রাধান্য দিয়েছেন। আবূ মুসলিম ইস্পাহানী লিখেছেন– وَقَدْ كُنْتُ قَبَضْتُ قَبْضَةً مِنْ اَثَرِ اَيُّهَا الرَّسُوْل اَىْ شَيْئًا مِنْ سُنَّتِكَ وَدِيْنِكَ وَيُقْبَضُ اَثَرُ فُلَانٍ اِذَا كَانَ يَتَمَثَّلُ اِسْمَهُ اِنْتَهٰى" অর্থাৎ সামেরী বলল, হে মূসা! আমি আপনার দীন ও সুন্নত থেকে কিছুটা অনুসরণ করেছি। আরবিতে কারো পদাঙ্ক অনুসরণ করার অর্থ হলো তার তরিকা অবলম্বন করা। এ কথা দ্বারাও ইমাম রাযী (র.) -এর কথার সমর্থন পাওয়া যায়।

فَنَبَذْتُهَا : **অতঃপর আমি তা নিক্ষেপ করেছিলাম।** فاء হরফে আতফ। نَبَذْتُ সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلنَّبْذُ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) অর্থ– নিক্ষেপ করা।

سَوَّلَتْ : **শোভন করেছিল।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْوِيْلُ মূলবর্ণ (س ـ و ـ ل) অর্থ– শোভন করা; মন্দ বস্তুকে উত্তম আকৃতিতে উপস্থাপন করা।

আয়াত : ৯৭

اَنْ تَقُوْلَ لَا مِسَاسَ : **তুমি বলবে যে 'আমি অস্পৃশ্য'।** এটি ছিল হযরত মূসা (আ.) -এর পক্ষ থেকে সামেরীর জন্য নির্ধারিত শাস্তি, যে সবাই তাকে বর্জন করবে এবং কেউ তার কাছে ঘেঁষবে না, এবং সে কারো কাছে ঘেঁষবে না। সারা জীবন বন্যজন্তুর ন্যায় সবার কাছ থেকে আলাদা থাকবে। সম্ভবত এই শাস্তিটি একটি আইনের আকারে ছিল, যা পালন করা তার জন্য অপরিহার্য করে দেওয়া হয়েছিল। আবার এটাও সম্ভব যে, তা আইনগত শাস্তির ঊর্ধ্বে স্বয়ং তার সত্তায় খোদায়ী কুদরতে এমন বিষয় সৃষ্টি হয়েছিল, যদ্দরুন সে নিজেও অন্যকে স্পর্শ করতে পারত না এবং অন্যরাও তাকে স্পর্শ করতে পারত না। যেমন এক রেওয়ায়েতে রয়েছে, হযরত মূসা (আ.) -এর বদদোয়ায় তার মধ্যে এমন অবস্থা সৃষ্টি হয়েছিল যে, সে কাউকে হাত লাগালে অথবা কেউ তাকে হাত লাগালে উভয়েই জ্বরাক্রান্ত হয়ে যেত। (মা'আলিম) এই ভয়ে সে সবার কাছ থেকে আলাদা হয়ে উদ্ভ্রান্তের ন্যায় ঘোরাফেরা করে বলত لَامِسَاسَ অর্থাৎ আমাকে কেউ স্পর্শ করো না।

لَنْ تُخْلَفَهُ : **তোমার বেলায় যার ব্যতিক্রম হবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى تاكيد بلن در فعل مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– ব্যতিক্রম করা; অঙ্গীকার ভঙ্গ করা।

اُنْظُرْ : **তুমি লক্ষ্য কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

لَنُحَرِّقَنَّهُ : **আমরা তাকে জ্বালিয়ে দিবই।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْرِيْقُ মূলবর্ণ (ح ـ ر ـ ق) অর্থ– প্রজ্বলিত করা; জ্বালানো।

لَنَنْسِفَنَّهُ : **আমি অবশ্যই এটি বিক্ষিপ্ত করে দিব।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيل در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ س ـ ف) মাসদার اَلنَّسْفُ অর্থ– বিক্ষিপ্ত করা; মূলোৎপাটন করা।

আয়াত : ৯৮

وَسِعَ : **সে পরিব্যাপ্ত করে নিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْوَسَعُ মূলবর্ণ (و ـ س ـ ع) অর্থ– প্রশস্ত করা; পরিব্যপ্ত করা।

আয়াত : ৯৯

نقص : **আমি বর্ণনা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(ق ـ ص ـ ص) মাসদার قَصَصٌ -এর পরে যদি على আসে তখন অর্থ হয় কিসসা বলা; ঘটনা বর্ণনা করা। নতুবা তার অর্থ হবে পদাঙ্ক অনুসরণ করা; অনুকরণ করা; পদচিহ্ন তালাশ করা। কিসসা বর্ণনাকারীও তদ্রূপ বর্ণনা করে যেমন ঘটনা সংঘটিত হয়। তাহলে যেন সে মূল ঘটনার অনুসরণ নিজ বর্ণনার মধ্যে করে। তেমনিভাবে قِصَاص ও ঐ বদলাকে বলা হয় যা মূল অপরাধের সমপরিমাণ হয়। অপরাধ যেমন শাস্তিও তেমন। যেমন– হত্যার বদলে হত্যা, চোখের বদলে চোখ, হাতের বদলে হাত। এখানেও মূল অপরাধের অনুসরণ করা হয়।

انباء : **সংবাদ**। বহুবচন, একবচন– نَبَأٌ

مَا قَدْ سبق : **যা পূর্বে ঘটেছে**। ما ইসমে মাওসূল। قَدْ ماضى قريب সীগাহ واحد مذكر غائب বহছ سَبَقَ বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ب ـ ق) মাসদার معروف اَلسَّبْقُ অর্থ– অগ্রসর হওয়া; অতিক্রম করা।

اتينا : **আমি তোমাকে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া; দান করা।

আয়াত : ১০০

ساء : **কতইনা নিকৃষ্ট**। শব্দটি فعل ذم ; সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلسُّوْءُ মূলবর্ণ (س ـ و ـ أ) অর্থ– নিকৃষ্ট হওয়া; মন্দ হওয়া।

حمل : **বোঝা**। এটি একবচন, বহুবচন– اَحْمَالٌ- حُمُوْلَةٌ

আয়াত : ১০২

ينفخ : **ফুৎকার দেওয়া হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلنَّفْخُ মূলবর্ণ (ن ـ ف ـ خ) অর্থ– ফুৎকার দেওয়া।

نحشر : **আমি সমবেত করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحَشْرُ মূলবর্ণ (ح ـ ش ـ ر) অর্থ– সমবেত করা; পুনরুত্থিত করা।

زُرْقًا : **দৃষ্টিহীন করে; নীলচক্ষু করে**। এর অর্থ নীলচক্ষুবিশিষ্ট। বহুবচন اَزْرَقُ মূলত এটি একটি আরবি বাগধারা যার অর্থ ভয়ে দৃষ্টিহীন হওয়া। [কাশশাফ, কুরতুবী]

আয়াত : ১০৩

يَتَخَافَتُوْنَ : **তারা চুপিচুপি বলাবলি করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (خ ـ ف ـ ت) মাসদার اَلتَّخَافُتُ অর্থ– চুপিসারে কথা বলা।

لَبِثْتُمْ : **তোমরা অবস্থান করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَللَّبْثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা।

আয়াত : ১০৪

اَمْثَلُهُمْ : **তাদের মধ্যে সর্বাপেক্ষা অধিক জ্ঞানী**। اَمْثَلُ মুযাফ هم যমীর মুযাফ ইলাইহি। اَمْثَلُ -এর প্রকৃত অর্থ হলো বেশি সামঞ্জস্য থাকা; কিন্তু এর ব্যবহার ঐ ব্যক্তির ব্যাপারে হয় যার সামঞ্জস্য আছে ভালো লোকদের সঙ্গে। এই হিসেবে এর অর্থ বেশি উত্তম, বেশি ভালো ও জ্ঞানী করা হয়ে থাকে।

طَرِيْقَةً : **পথ**। এটি একবচন, বহুবচন– طَرَائِقُ

আয়াত : ১০৫

يَسْئَلُوْنَكَ : **তারা আপনাকে প্রশ্ন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা; জানতে চাওয়া।

يَنْسِفُهَا : **তিনি তা মূলোৎপাটন করে বিক্ষিপ্ত করে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ن ـ س ـ ف) মাসদার اَلنَّسْفُ অর্থ– মূলোৎপাটন করা; বিক্ষিপ্ত করা।

আয়াত : ১০৬

فَيَذَرُهَا : **তিনি তা পরিণত করবেন**। فاء হরফে আত্‌ফ, তাকীদের জন্য। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَذْرُ মূলবর্ণ (و ـ ذ ـ ر) অর্থ– ছেড়ে দেওয়া; পরিণত করা।

قَاعًا : **সমতল ময়দান;** নরম, সমতল ও নিম্নভূমিকে যা পাহাড় থেকে দূরে অবস্থিত হয়, তাকে قَاعٌ বলা হয়। [কামূস] বহুবচন, قِيَعٌ، قِيَعَةٌ، قِيعَانٌ، أَقْوَاعٌ و أَقْوُعٌ ;

صَفْصَفًا : **মরুভূমি;** এমন সমতল ভূমি যার অংশসমূহ এক সারিতে বিস্তৃত।

আয়াত : ১০৭

لَا تَرَى : **তুমি দেখতে পাবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ(ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

عِوَجًا : **বক্রতা।** এটি বাব سَمِعَ -এর মাসদার। যার অর্থ বাঁকা হওয়া; বক্রতা। আরবি ভাষাবিদ আবূ যায়েদ বলেন, যে বক্রতা চোখ দ্বারা দেখা যায় তার জন্য عَوَجٌ (بفتح العين) আসে। আর যে বক্রতা চক্ষু দ্বারা নয় বরং জ্ঞানবুদ্ধি ও অন্তর দ্বারা বুঝা যায়, তার জন্য عِوَجٌ (بكسر العين) আসে। এখানে এ অর্থই উদ্দেশ্য।

أَمْتًا : **উচ্চতা; টিলা; উচ্চভূমি; উঁচু-নিচু ভূমি।**

আয়াত : ১০৮

خَشَعَتِ : **স্তব্ধ হয়েছে; স্তব্ধ হয়ে যাবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْخُشُوْعُ মূলবর্ণ (خ ـ ش ـ ع) অর্থ– ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া।

اَلْأَصْوَاتُ : **সকল শব্দ।** বহুবচন, একবচন– صَوْتٌ

لَا تَسْمَعُ : **তুমি শুনবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسَّمْعُ মূলবর্ণ (س ـ م ـ ع) অর্থ– শোনা; শ্রবণ করা।

هَمْسًا : **মৃদু পদধ্বনি।**

আয়াত : ১০৯

لَا تَنْفَعُ : **তা কোনো কাজে আসবে না।** সীগাহ واحد مؤنث حاضر বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকারে আসা; কাজে আসা; কল্যাণকর হওয়া।

أَذِنَ : **তিনি অনুমতি দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْإِذْنُ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) অর্থ– অনুমতি প্রদান করা।

رَضِىَ : **তিনি পছন্দ করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ و) মাসদার اَلرِّضْوَانُ ও اَلرِّضَى অর্থ– রাজি হওয়া; সন্তুষ্ট হওয়া; পছন্দ হওয়া।

আয়াত : ১১১

عَنَتِ : **সে অধোবদন হয়েছে; অপদস্থ হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ن ـ ي) মাসদার اَلْعُنُوُّ অর্থ– অধোবদন হওয়া; অপদস্থ হওয়া।

اَلْوُجُوْهُ : **সকল চেহারা।** এটি বহুবচন, একবচন– وَجْهٌ অর্থ– চেহারা; অবয়ব।

اَلْحَىِّ : **চিরঞ্জীব।** সীগাহ واحد বহছ صفت مشبه - থেকে উদ্ভূত। মূলবর্ণ (ح ـ ي ـ ي) মাসদার حَيٰوةٌ اَلْحَيٰوةُ অর্থ– জীবিত থাকা।

اَلْقَيُّوْمِ : **চিরস্থায়ী।** সীগাহ واحد বহছ اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م)মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; স্থির হওয়া। قِيَامٌ ও قَيُّوْمٌ ঐ মহান সত্তা যিনি নিজেও থাকবেন এবং অন্যকেও থাকতে দিবেন, নিজে অস্তিত্ববান ও স্থায়ী এবং অন্যদেরকেও অস্তিত্বের প্রয়োজনীয় উপকরণ দাতা।

আয়াত : ১১২

فَلَا يَخَافُ : **তার আশঙ্কা নেই; সে আশঙ্কা করে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

هَضْمًا : **ক্ষতি/হ্রাসকরণ।** এটি বাব ضَرَبَ -এর মাসদার। অবিচার করা; হ্রাস করা; ভাঙ্গা।

আয়াত : ১১৩

صَرَّفْنَا : **আমি বারবার বিবৃত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلتَّصْرِيْفُ অর্থ– ফিরানো; রূপান্তর করা; বারবার বর্ণনা করা।

نُذُرًا : সতর্কবাণী। শাস্তির অঙ্গীকার।

يَتَّقُوْنَ : তারা ভয় করে। يَتَّقُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ- সতর্ক করা; ভয় করা।

يُحْدِثُ : সে সৃষ্টি করে; তা হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْدَاثُ মূলবর্ণ (ح ـ د ـ ث) অর্থ- নতুনরূপে প্রকাশ করা; নতুন সৃষ্টি করা; পরিণত করা।

ذِكْرًا : উপদেশ। এটি ইসম। বহুবচন اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- স্মরণ করা; মুখস্থ করা।

আয়াত : ১১৪

تَعَالَى : তিনি মহিমান্বিত। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّعَالِيْ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ- মহান ও সুউচ্চ হওয়া; মহিমান্বিত হওয়া। এখানে بَاب تَفَاعُلٌ-এর ব্যবহার আধিক্যের জন্য; কৃত্রিমতার জন্য নয়।

لَا تَعْجَلْ : তুমি ত্বরা করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلْعَجَلُ অর্থ- ত্বরা করা; জলদি করা; তাড়াহুড়া করা।

اَنْ يُقْضٰى : যেন পূর্ণ হয়ে যায়। يُقْضٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ي) মাসদার اَلْقَضَاءُ অর্থ- আদায় করা; পূর্ণ করা; সিদ্ধান্ত করা।

وَحْيُهٗ : তার ওহী। وَحْيٌ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। গোপন বার্তা যা সঙ্গে সঙ্গে বোধগম্য হয়, ঐশি বাণী যা নবী ﷺ এবং রাসূলদের উপর প্রক্ষিপ্ত হয়, তাকে ওহী বলা হয়।

زِدْنِيْ : তুমি সমৃদ্ধ কর; তুমি বৃদ্ধি করে দাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ي ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ- বৃদ্ধি করা; সমৃদ্ধ করা। نِىْ নূনে বেকায়া يَاء متكلم মাফউলে বিহী।

আয়াত : ১১৫

عَهِدْنَا : আমি নির্দেশ দিয়েছিলাম; আমি অঙ্গীকার করেছিলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ه ـ د) মাসদার اَلْعَهْدُ অর্থ- অঙ্গীকার করা; তাকিদ করা; দেখতে থাকা। ইমাম আবূ জাফর বায়হাকী তাজুল মাসাদির গ্রন্থে উল্লিখিত তিনটি অর্থ বর্ণনা করার পর লিখেছেন, এটা কোনো কিছু তত্ত্বাবধান করা ও তার দেখাশুনা করতে থাকাকে বুঝায়। এটাও উল্লেখ্য যে, প্রথম তিন অবস্থায় এটা اِلٰى দ্বারা মুতা'আদ্দী হয়। যেমন ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন عَهِدَ فُلَانٌ اِلٰى فُلَانٍ অর্থ হলো কারো থেকে অঙ্গীকার নেওয়া ও তার উপর অটল থাকার প্রতি তাকীদ করা। যেমন আল্লাহর বাণী- وَلَقَدْ عَهِدْنَا اِلٰى اٰدَمَ / اَلَمْ اَعْهَدْ اِلَيْكُمْ- [আমি কি তাকীদ করিনি তোমাকে?]

فَنَسِيَ : এরপর সে ভুলে গেছে। فَاء হরফে আত্ফ। نَسِيَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

لَمْ نَجِدْ : আমি পাইনি। সীগাহ جمع متكلم বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া।

عَزْمًا : দৃঢ়সংকল্প। এটি বাব ضَرَبَ-এর মাসদার। এখানে মাসদার معزوم অর্থে ব্যবহৃত হয়েছে। عَزْمٌ وَلَقَدْ عَهِدْنَا اِلٰى اٰدَمَ مِنْ قَبْلُ فَنَسِيَ وَلَمْ نَجِدْ لَهٗ عَزْمًا এর তাফসীর প্রসঙ্গে ইমাম ফখরুদ্দিন রাযী (র.) লিখেছেন- عَزْم অর্থ সুদৃঢ় হওয়া; পরিপক্ব হওয়া। আর لَمْ نَجِدْ لَهٗ عَزْمًا -এর মধ্যে عَزْم - এর অর্থ এটাও হতে পারে যে, গুনাহের উপর অটল থাকা। তখন এটি প্রশংসার খুবই কাছাকাছি হবে। অর্থাৎ আমি তার মধ্যে গুনাহের দৃঢ় ইচ্ছা পাইনি; বরং সে ভুলে এরকম করেছে। আবার এরকম সম্ভাবনাও রয়েছে যে, এর দ্বারা উদ্দেশ্য হবে 'আমি তার মধ্যে গুনাহ বর্জনের দৃঢ় ইচ্ছা পাইনি, বা অবহেলা থেকে বেঁচে থাকা এবং তা বর্জন করার দৃঢ় সংকল্প পাইনি। অথবা তার চেষ্টায় সতর্কতার দৃঢ় সংকল্প পাইনি। এ সকল অর্থ তখনই হবে যদি আমরা হযরত আদম (আ.) -এর ভুলকে خَطَاء اِجْتِهَادِيٌّ মনে করি। -[তাফসীরে কাবীর খ. ৬, পৃ. ১১২]

কাজি শাওকানী ফতহুল কাদীরে লিখেছেন, কোনো কোনো মুফাসসির عَزْم অর্থ– ধৈর্যধারণও নিয়েছেন, তখন অর্থ হবে আমি তাকে নিষিদ্ধ বৃক্ষ ভক্ষণ থেকে বিরত থাকার উপর ধৈর্যশীল পাইনি। লোগাতেও এ অর্থের সমর্থন পাওয়া যায়। বলা হয়– لِفُلَانٍ عَزْمٌ অমুকের মধ্যে গুনাহ থেকে বাঁচার ব্যাপারে ধৈর্য ও অবিচলতা রয়েছে। আয়াতেও রয়েছে– فَاصْبِرْ كَمَا صَبَرَ أُولُو الْعَزْمِ مِنَ الرُّسُلِ এখানেও عَزْم দ্বারা ধৈর্যই উদ্দেশ্য। –[ফতহুল কাদীর, খ. ৩, পৃ. ৩৫৬]

আয়াত : ১১৬

قُلْنَا : **আমি বলেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اُسْجُدُوْا : **তোমরা সেজদা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلسُّجُوْدُ মূলবর্ণ (س ـ ج ـ د) অর্থ– সেজদা করা; কপাল মাটিতে ঠেকানো; বিনয় প্রকাশ করা। سَجْدَة দুই প্রকার–

১. سُجُوْد تَسْخِيْرِيْ : বাধ্যতামূলক সেজদা। যা সকল সৃষ্টির জন্য অপরিহার্য। যেমন আল্লাহর বাণী– وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ

২. سُجُوْد اِخْتِيَارِيْ ঐচ্ছিক সেজদা। যা কেবলমাত্র মানুষ ও জিনদের জন্য নির্দিষ্ট। যেমন–فَاسْجُدُوْا لِلّٰهِ وَاعْبُدُوْا হযরত আদম (আ.) কে সেজদা করার ব্যাপারে কেউ বলেন ফেরেশতাদের নির্দেশ দেওয়া হয়েছিল আদম (আ.)-কে কেবলা বানিয়ে সেজদা করতে। আবার কারো মত হলো سجدة تعظيمى তথা সম্মানজনক সেজদা তথা মাথা নোয়ানো ও বিনয় প্রকাশ করা উদ্দেশ্য।

اَبٰى : **সে অস্বীকার করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ ও فَتَحَ মাসদার اَلْاِبَاءُ মূলবর্ণ (أ ـ ب ـ ى) অর্থ– ভীষণভাবে অস্বীকার করা। উল্লেখ্য অস্বীকারের ক্ষেত্রে কঠিনতা না থাকলে তাকে اباء বলা হয় না।

فَلَا يُخْرِجَنَّكُمَا : **সুতরাং সে যেন কিছুতেই তোমাদেরকে বের করে না দেয়**। فَاء হরফে আতফ। لَا يُخْرِجَنَّ সীগাহ واحد مذكر غائب বহছ فعل نهى بانون ثقيلة বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বহিষ্কার করা; বের করে দেওয়া। كما যমীর মাফউলে বিহী।

فَتَشْقٰى : **তাহলে তুমি দুঃখ-কষ্ট পাবে**। فَاء হরফে আতফ, তাকীদের জন্য। تَشْقٰى সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشَّقَاوَةُ মূলবর্ণ (ش ـ ق ـ و) অর্থ– দুর্ভাগা হওয়া; হতভাগা হওয়া। শব্দটি سَعَادَة-এর বিপরীতার্থক শব্দ।

আয়াত : ১১৮

لَا تَجُوْعَ : **তুমি ক্ষুধার্ত হবে না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفي فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ و ـ ع) মাসদার اَلْجُوْعُ অর্থ– ক্ষুধার্ত হওয়া; ক্ষুধা লাগা।

لَا تَعْرٰى : **তুমি নগ্ন হবে না**। لَا تَعْرٰى সীগাহ واحد مذكر حاضر বহছ نفي فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ي) মাসদার اَلْعُرْيُ অর্থ– বিবস্ত্র হওয়া; নগ্ন হওয়া।

আয়াত : ১১৯

لَا تَظْمَؤُا : **তুমি পিপাসার্ত হবে না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفي فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ظ ـ م ـ أ) মাসদার اَلظَّمَأُ অর্থ– পিপাসার্ত হওয়া; তৃষ্ণার্ত হওয়া।

لَا تَضْحٰى : **তুমি রৌদ্র-ক্লিষ্ট হবে না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفي فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ض ـ ح ـ ي) মাসদার اَلضُّحٰى অর্থ– বেলা বৃদ্ধি পাওয়া; রৌদ্র প্রখর হওয়া।

আয়াত : ১২০

وَسْوَسَ : **সে কুমন্ত্রণা দিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَعْلَلَة মাসদার اَلْوَسْوَسَةُ মূলবর্ণ (و ـ س ـ و ـ س) অর্থ– কুমন্ত্রণা দেওয়া।

هَلْ اَدُلُّكَ : **আমি কি তোমাকে বলে দিব?** هَلْ প্রশ্নবোধক। اَدُلُّ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ل ـ ل) মাসদার اَلدَّلَالَةُ অর্থ– রাস্তা দেখানো; পথ প্রদর্শন করা।

سَرْمَدًا : স্থায়ী, অনন্ত। এটি বাব نَصَرَ-এর মাসদার।

لَا يَبْلَى : অক্ষয় ; যা পুরাতন হয় না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْبِلٰى ও اَلْبَلَاءُ অর্থ– প্রাচীন হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ১২১

فَاَكَلَا : অতঃপর তারা উভয়ে ভক্ষণ করল। فَاء হরফে আত্ফ। اَكَلَا সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– আহার করা; খাওয়া; ভক্ষণ করা।

فَبَدَتْ : অতঃপর তা প্রকাশ হয়ে পড়ল। فَاء হরফে আত্ফ। بَدَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ د ـ و) মাসদার اَلْبُدُوُّ অর্থ– প্রকাশ পাওয়া।

سَوْاٰتُهُمَا : তাদের উভয়ের লজ্জাস্থান। سَوْاٰةٌ ইসম ও মুযাফ, هما যমীর মুযাফ ইলাইহি। একবচন سَوْأَةٌ

طَفِقَا يَخْصِفَانِ : তারা উভয়ে আবৃত করতে লাগল। طَفِقَا সীগাহ تثنية مذكر غائب এটি افعال مقاربة এর একটি। যা فاعل-এর জন্য خبر-কে শুরু করার জন্য গঠন করা হয়েছে। যেমন– طَفِقَ زَيْدٌ يَخْرُجُ যায়েদ বের হতে শুরু করেছে। طَفِقَا يَخْصِفَانِ তারা আবৃত করতে শুরু করেছে।

يَخْصِفَانِ : তারা উভয়ে আবৃত করে। সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ص ـ ف) মাসদার اَلْخُصُوْفُ অর্থ– আবৃত করা; লুকানো।

عَصٰى : সে অমান্য করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعِصْيَانُ মূলবর্ণ (ع ـ ص ـ ي) অর্থ– অমান্য করা; অবাধ্যতা করা; লঙ্ঘন করা।

فَغَوٰى : অতঃপর সে ভ্রমে পতিত হলো। فَاء হরফে আত্ফ। غَوٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ و ـ ي) মাসদার اَلْغَىُّ ও اَلْغَوَايَةُ অর্থ– বিভ্রান্ত করা; ভ্রমে পতিত করা।

আয়াত : ১২২

اِجْتَبَاهُ : তিনি তাকে মনোনীত করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ج ـ ب ـ ي) মাসদার اَلْاِجْتِبَاءُ অর্থ– নির্বাচিত করা; মনোনীত করা; বাছাই করা।

تَابَ : সে তওবা করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা।

আয়াত : ১২৩

اِهْبِطَا : তোমরা উভয়ে নেমে যাও। সীগাহ تثنية مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ب ـ ط) মাসদার اَلْهُبُوْطُ অর্থ– অবতরণ করা; নেমে যাওয়া।

يَأْتِيَنَّكُمْ : তোমাদের নিকট আসে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। كم যমীর মাফউল।

لَا يَضِلُّ : সে ভ্রষ্ট হয় না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া।

لَا يَشْقٰى : সে দুঃখ-কষ্ট পাবে না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ق ـ ى) মাসদার اَلشَّقَاوَةُ অর্থ– দুঃখ-কষ্ট পাওয়া; হতভাগা হওয়া।

আয়াত : ১২৪

مَنْ اَعْرَضَ : যে বিমুখ হবে। اعرض সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْرَاضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া; উপেক্ষা করা।

مَعِيْشَةً : জীবনযাপন। এটি ইসম; একবচন। বহুবচন– مَعَائِشُ অর্থ– জীবিকা; জীবনোপকরণ।

ضَنْكًا : সংকুচিত। এটি বাব كرم-এর মাসদার। আল্লামা শায়েখযাদা তাফসীরে বায়যাবীর টীকায় ضَنْكً-কে

বাব نَصَرَ থেকে লিখেছেন, যা সঠিক নয়। কেননা তাজুল মাসাদির ইত্যাদিতে তাকে বাব كرم থেকেই বলা হয়েছে। যেহেতু এটি মাসদার তাই, যখন সিফাত হিসেবে ব্যবহৃত হয় তখন مذكر، مؤنث، مفرد، تثنية و جمع সকলের জন্য সমানভাবে ব্যবহৃত হয়। এখানে এটি আসল হিসেবে مؤنث - এর সিফাত হয়েছে।

نَحْشُرُهُ : **আমি তাকে উত্থিত করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحَشْرُ মূলবর্ণ (ح - ش - ر) অর্থ- সমবেত করা; একত্র করা; জড়ো করা।

আয়াত : ১২৫

لِمَ حَشَرْتَنِيْ : **কেন আমাকে উত্থিত করেছ?** لم মূলত لما ছিল। সহজিকরণের লক্ষ্যে ما এর আলিফকে বিলুপ্ত করা হয়েছে। অর্থ কেন, কি জন্য, কি কারণে? حَشَرْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح - ش - ر) মাসদার اَلْحَشْرُ অর্থ- সমবেত করা; একত্র করা; জড়ো করা।

بَصِيْرًا : **চক্ষুষ্মান; দ্রষ্টা**। সীগাহ واحد বহছ صفت مشبه মাসদার اَلْبَصَارَةُ অর্থ- দেখা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১২৬

اَتَتْكَ : **তোমার নিকট এসেছিল**। اَتَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা। ك যমীরে মাফঊল।

فَنَسِيْتَهَا : **কিন্তু তুমি তা ভুলে গিয়েছিলে**। فاء হরফে আত্‌ফ। نَسِيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن - س - ى) অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া। ها যমীরে মাফঊল।

تُنْسٰى : **তুমি বিস্মৃত হলে**। সীগাহ واحد مذكر حاضر বহছ فعل مضارع مجهول বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن - س - ى) জিনস ناقص يائى অর্থ- বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

আয়াত : ১২৭

نَجْزِىْ : **আমি প্রতিফল দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج - ز - ى) অর্থ- প্রতিফল দেওয়া; প্রতিদান দেওয়া; পুরস্কার দেওয়া।

اَسْرَفَ : **সে বাড়াবাড়ি করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س - ر - ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ- বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; অপব্যয় করা। মানুষের যে কোনো কাজে বাড়াবাড়ি করাকেই اِسْرَافٌ বলা হয়; কিন্তু সাধারণত ব্যয়ের ক্ষেত্রে বাড়াবাড়ির জন্য বহুল ব্যবহৃত। পবিত্র কুরআনে উভয় অর্থেই ব্যবহার হয়েছে।

لَمْ يُؤْمِنْ : **সে ঈমান আনে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ - م - ن) অর্থ- ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

اَشَدُّ : **কঠিনতর**। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش - د - د) মাসদার اَلشَّدُّ অর্থ- কঠিন হওয়া; শক্তিশালী হওয়া।

اَبْقٰى : **অধিক স্থায়ী**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ب - ق - ي) মাসদার اَلْبَقَاءُ অর্থ- অবশিষ্ট থাকা; স্থায়ী হওয়া।

আয়াত : ১২৮

فَلَمْ يَهْدِ : **সে সৎপথ দেখায়নি**। فَاء হরফে আত্‌ফ। لَمْ يَهْدِ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মূলবর্ণ (ه - د - ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ- সৎপথে পরিচালিত করা।

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه - ل - ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ- ধ্বংস করা; ব্যয় করা।

اَلْقُرُوْنِ : **সম্প্রদায়ের লোকজন; মানবগোষ্ঠী**। বহুবচন। একবচন- قَرْنٌ এমন সম্প্রদায় যাদের যুগ বা কাল একে অপরের থেকে ভিন্ন, তাদেরকে قَرْنٌ বলা হয়। তাছাড়া গোত্র প্রধান, সূর্যের কিরণ, চন্দ্রের প্রান্ত, বয়স এবং দশ, বিশ, ত্রিশ, চল্লিশ, পঞ্চাশ, ষাট, সত্তর,

আশি, একশ, একশ বিশ বছরকেও قَرْن বলা হয়। তবে একশ বছরকে قَرْن বলাটা অধিক বিশুদ্ধ। এক হাদীসে রাসূল ﷺ একটি বালককে দোয়া করেছিলেন 'তোমার বয়স এক قَرْن হবে'। পরবর্তীতে দেখা গেল সে একশ বছর বেঁচেছিলেন। [মাজমাউল বিহার] তবে আয়াতে সমসাময়িক লোকজন উদ্দেশ্য।

مَسٰكِن : **বাসভূমি**। শব্দটি বহুবচন, একবচন– مَسْكَنٌ

اُولِى النُّهٰى : **বিবেকসম্পন্নগণ**। اُولِى অর্থ– ওয়ালা; বিশিষ্ট; সম্পন্ন ইত্যাদি। اَلنُّهٰى শব্দটি نُهْيَةٌ -এর বহুবচন। যার অর্থ– অশ্লীলতা থেকে বারণকারী বিবেক।

سَبَقَتْ : **তা পূর্বে ঘটেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ– অগ্রসর হওয়া; অতিক্রম করা।

لَكَانَ لِزَامًا : **অবশ্যম্ভাবী হতো**। لِزَامًا সিফাতে মুশাব্বাহর সীগাহ। বাব مُفَاعَلَة মূলবর্ণ (ل ـ ز ـ م) মাসদার اَلْمُلَازَمَةُ অর্থ– সর্বদা সাথে থাকা; জড়িত থাকা; পৃথক না হওয়া।

مُسَمًّى : **নির্ধারিত**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা। নামকরণের দ্বারা যেহেতু বস্তুটি নির্দিষ্ট হয়ে যায় তাই নির্ধারিত অর্থ করা হয়েছে।

আয়াত : ১৩০

فَاصْبِرْ : **তুমি ধৈর্যধারণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন صَبْر অর্থ নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন– বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো جَزْع [অস্থিরতা, উৎকণ্ঠা]। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে شَجَاعَة বা বীরত্ব, جُبْن [ভীরুতা] হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্ণকারী বিপদের সময় হলে তাকে বলা হবে– رَحْبُ الصَّدْر [প্রসন্নতা; উদারতা] ضَجْر [সঙ্কীর্ণতা] হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে كِتْمَانٌ [গোপন করা] আর مَذْل [কথা ফাঁস করে দেওয়া] হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

يَقُوْلُوْنَ : **তারা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

سَبِّحْ : **তুমি পবিত্রতা ও মহিমা ঘোষণা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা ও মহিমা বর্ণনা করা।

اٰنَاءِ : **সময়**। انى -এর বহুবচন। সময়; মুহূর্ত। انى -এর ব্যবহার পূর্ণদিন এবং পূর্ণরাত এর জন্য হয়ে থাকে।

اَطْرَافَ : **প্রান্তে; দিকসমূহ; চতুর্দিক**। বহুবচন, একবচন– طرف অর্থ– অংশ, কিনারা, দিক; প্রান্ত; দিগন্ত।

আয়াত : ১৩১

لَا تَمُدَّنَّ : **তুমি প্রসারিত করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব نَصَرَ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْمَدُّ অর্থ– আকর্ষণ করা; টানা। কিন্তু যখন চোখের জন্য এর ব্যবহার হয় তখন অর্থ হয় প্রসারিত করা; উঁচু করা।

مَتَّعْنَا : **আমি ভোগ বিলাসের উপকরণ দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো।

زَهْرَةَ : **সৌন্দর্য; চাকচিক্য**। ফুলের কলি পরিস্ফুটিত হলে তাকে زَهْرَةَ বলা হয়। এই হিসেবে দুনিয়ার সৌন্দর্যকেও زَهْرَةَ বলা হয়।

لِنَفْتِنَهُمْ : **যেন তাদেরকে পরীক্ষা করি**। نَفْتِنَ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ت ـ ن) মাসদার اَلْفَتْنُ অর্থ– পরীক্ষায় ফেলা; বিপদে পতিত করা; পদস্খলন ঘটানো।

اَرْسَلْتَ : **তুমি প্রেরণ করেছ**। اَرْسَلْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

نَتَّبِعَ : **আমরা অনুসরণ করি**। نتبع সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা।

اَنْ نَذِلَّ : **যেন আমরা লাঞ্ছিত হই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ذ ـ ل ـ ل) মাসদার اَلذِّلَّةُ অর্থ– অপদস্ত হওয়া; অপমানিত হওয়া; লাঞ্ছিত হওয়া।

نَخْزٰى : **আমরা অপমানিত হই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْاِخْزَاءُ মূলবর্ণ (خ ـ ز ـ ى) অর্থ– লাঞ্ছিত করা; লজ্জা দেওয়া।

আয়াত : ১৩৫

مُتَرَبِّصٌ : **প্রতীক্ষাকারী**। مُتَرَبِّصٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص) মাসদার اَلتَّرَبُّصُ অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

فَتَرَبَّصُوْا : **সুতরাং তোমরা প্রতীক্ষা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص) মাসদার اَلتَّرَبُّصُ অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

فَسَتَعْلَمُوْنَ : **তোমরা জানতে পারবে**। فاء হরফে আত্‌ফ। سَتَعْلَمُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবগত হওয়া।

اِهْتَدٰى : **সে সৎপথ অবলম্বন করেছে**। اِهْتَدٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ– সৎপথ অবলম্বন করা; সৎপথে পরিচালিত হওয়া।

আয়াত : ১৩২

وَأْمُرْ : **এবং তুমি নির্দেশ দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (أ ـ م ـ ر) অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ দেওয়া।

اِصْطَبِرْ : **তুমি ধৈর্যশীল থাক**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلْاِصْطِبَارُ অর্থ– ধৈর্যশীল থাকা; দৃঢ় থাকা।

لَانَسْئَلُكَ : **আমি তোমার নিকট চাই না**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা।

نَرْزُقُكَ : **আমি তোমাকে জীবিকা দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা দেওয়া। দান করা; দেওয়া।

اَلْعَاقِبَةُ : **পরিণাম**। এটি মূলত বাব نَصَرَ -এর মাসদার। যার অর্থ পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব লিখেছেন এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন– وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ শুভ পরিণাম মুত্তাকিদের জন্য। ইযাফতের অবস্থায় কখনো শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন– ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَاءُوْا (যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে।) এর বহুবচন– عَوَاقِبُ

আয়াত : ১৩৩

لَوْلَا يَاْتِيْنَا : **সে কেন আনয়ন করে না?** لولا হরফে তাখসীস। ياتى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। باء দ্বারা মুতা'আদ্দী হওয়ার কারণে অর্থ হবে নিয়ে আসা।

আয়াত : ১৩৪

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

১৭ তম পারা

সূরা আম্বিয়া : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১১২, রুকূ' : ৭

আয়াত : ১

اِقْتَرَبَ : **সে নিকটবর্তী হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِقْتِرَابُ মূলবর্ণ (ق ـ ر ـ ب) অর্থ– নিকটবর্তী হওয়া।

مُعْرِضُوْنَ : **উদাসীন/বিমুখ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– উপেক্ষা করা; উদাসীন হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

غَفْلَةٌ : **উদাসীনতা; অলসতা।** মাসদার, বাব نَصَرَ উদাসীন হওয়া; ভুলে যাওয়া।

আয়াত : ২

مَا يَأْتِيْهِمْ : **যখন তাদের নিকট আসে।** ما না-বাচক, কিন্তু পরে الا আসার কারণে অর্থ হবে হ্যাঁ-বাচক। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আপতিত হওয়া। هُمْ যমীরে মাফউলে বিহী।

مُّحْدَثٍ : **নতুন। তাজা; উদ্ভূত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْدَاثُ মূলবর্ণ (ح ـ د ـ ث) অর্থ– নতুনভাবে আবিষ্কার করা; উদ্ভাবন করা। حُدُوْثٌ ও حَدَثٌ এর মধ্যে নতুন, নব, পূর্ব থেকে ছিল না– এমন অর্থ বিদ্যমান থাকে। তাই حَدَثٌ অর্থ– অজু ভঙ্গকারী বস্তু। حَدَاثَةٌ অর্থ– নবযৌবন। حَدَاثَةُ الْاَمْرِ অর্থ– কাজের প্রারম্ভ। حُدُوْثَةٌ অর্থ– যৌবন। حَدَثَانٌ অর্থ– নতুন বস্তু। حَدَثَانُ الدَّهْرِ/ حَوَادِثُ الدَّهْرِ অর্থ– কালের দুর্যোগ। حَدِيْثُ السِّنِّ অর্থ– যুবক। এ সকল শব্দের অর্থে নতুনত্ব ও নব উদ্ভাবনের অর্থ বিদ্যমান।

اِسْتَمَعُوْهُ : **তারা তা কান পেতে শোনে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اِسْتِمَاعٌ কান লাগিয়ে শোনা; মনোযোগ দিয়ে শ্রবণ করা।

يَلْعَبُوْنَ : **যখন তারা ক্রীড়ারত।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَللَّعِبُ মূলবর্ণ (ل ـ ع ـ ب) অর্থ– খেলা করা; ক্রীড়া-কৌতুক করা।

আয়াত : ৩

لَاهِيَةً : **অমনোযোগী।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل হাল হওয়ার কারণে নসব অবস্থায়। বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (ل ـ ه ـ و) মাসদার اَللَّهْوُ অর্থ– খেলাধুলায় মত্ত থাকা; উদাসীন থাকা।

اَسَرُّوا : **তারা গোপন করল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ– গোপন করা; চুপিসারে কথা বলা; গোপনে পরামর্শ করা।

اَلنَّجْوٰى : **গোপন আলোচনা/গোপন পরামর্শ।** نَجْوٰى অর্থ– কানাকানি করা; গোপনে পরামর্শ করা। বাব نَصَرَ থেকে অর্থ– মুক্তি পাওয়া। বাব مُفَاعَلَةٌ থেকে অর্থ– কানাকানি করা; গোপনে পরামর্শ করা।

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে। তারা অস্বীকার করেছে।** ظَلَمُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা; –(বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য)

أَفَتَأْتُوْنَ : **তোমরা কি আসবে/ তোমরা কি করবে?** أ প্রশ্নবোধক। فَاءٌ হরফে আতফ। تَأْتُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা।

سِحْرٌ : **জাদু।** এটি বাব فَتَحَ -এর মাসদার। অর্থ– জাদু করা; সম্মোহিত করা। বিমোহিত করা; মুগ্ধ করা; বিস্মিত করা। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

تُبْصِرُوْنَ : **তোমরা দেখ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْصَارُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) অর্থ– দেখা; দর্শন করা। অন্তর্দৃষ্টি দ্বারা দেখা।

আয়াত : ৫

اَضْغَاثُ اَحْلَامٍ : **অর্থহীন স্বপ্ন**। اَضْغَاثٌ শব্দটি ضغث -এর বহুবচন। যার অর্থ লাকড়ির বোঝা। اَحْلَامٌ শব্দটি حِلْمٌ -এর বহুবচন। যার অর্থ স্বপ্নে দেখা। লাকড়ির বোঝার মধ্যে ভালো-মন্দ সর্বপ্রকার লাকড়িই থাকে। এ কারণেই দুঃস্বপ্ন বা রকমারী কাল্পনিক স্বপ্নকে اَضْغَاثُ اَحْلَامٍ বলা হয়। اَضْغَاثٌ মুযাফ اَحْلَامٌ মুযাফ ইলাইহি।

اِفْتَرٰهُ : **সে তা মিথ্যা রচনা করেছে/ সে তা উদ্ভাবন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মনগড়া কথা বলা; মিথ্যা রচনা করা; অপবাদ আরোপ করা।

فَلْيَأْتِنَا : **অতএব, সে আমাদের নিকট আনয়ন করুক**। فاء হরফে আত্‌ফ। সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব ضرب মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। কিন্তু এর সেলা باء আসার কারণে অর্থ হবে– আনা; নিয়ে আসা।

اُرْسِلَ : **প্রেরিত হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ৬

مَا اٰمَنَتْ : **সে ঈমান আনেনি**। مَا না-বাচক। اٰمَنَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

আয়াত : ৭

نُوْحِىْ : **আমি ওহী প্রেরণ করি**। نُوْحِىْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

فَسْئَلُوْا : **তারপর তোমরা প্রশ্ন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া।

আয়াত : ৮

مَا جَعَلْنٰهُمْ : **আমি তাদেরকে করিনি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف منفى বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো। هُمْ যমীর মাফঊলে বিহী।

جَسَدًا : **অবয়ব**। **দেহ**। এটি একবচন, বহুবচন– اَجْسَادٌ

আয়াত : ৯

صَدَقْنٰهُمْ : **আমি তাদের প্রতি পূর্ণ করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য করে দেখানো।

اَنْجَيْنَا : **আমি উদ্ধার করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلْاِنْجَاءُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা।

نَشَاءُ : **আমি ইচ্ছা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ أ ـ ى) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা; চাওয়া।

اَلْمُسْرِفِيْنَ : **অপব্যয়কারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ– অপচয় করা; অপব্যয় করা; সীমালঙ্ঘন করা।

আয়াত : ১০

قَدْ اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى قريب معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَفَلَا تَعْقِلُوْنَ : **তোমরা কি অনুধাবন কর না?** শুরুতে হামযা প্রশ্নবোধক। لَا تَعْقِلُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ– বুঝা; বোধগম্য হওয়া; অনুধাবন করা।

আয়াত : ১১

ظَالِمَةً : **অত্যাচারী; জুলুমকারী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩ দ্রষ্টব্য]

اَنْشَأْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْشَاءُ মূলবর্ণ (ن ـ ش ـ أ) অর্থ– সৃষ্টি করা; রচনা করা। সাধারণত প্রাণীর ক্ষেত্রে এর ব্যবহার হয়ে থাকে।

আয়াত : ১২

فَلَمَّا اَحَسُّوْا : **যখন তারা প্রত্যক্ষ করল**। فَاء হরফে আত্‌ফ। لَمَّا হরফে শর্ত। اَحَسُّوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ س) মাসদার اَلْاِحْسَاسُ অর্থ– অনুভব করা; প্রত্যক্ষ করা; টের পাওয়া।

يَرْكُضُوْنَ : **তারা পালাতে লাগল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلرَّكْضُ মূলবর্ণ (ر ـ ك ـ ض) অর্থ– পালানো; দ্রুতগতিতে পালানো।

আয়াত : ১৩

اُتْرِفْتُمْ : **তোমাদেরকে ভোগ-সম্ভার দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ر ـ ف) মাসদার اَلْاِتْرَافُ অর্থ– ভোগ-বিলাস দান করা; সুখ-স্বাচ্ছন্দ্যে রাখা।

تُسْئَلُوْنَ : **তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّوَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা; জানতে চাওয়া।

আয়াত : ১৪

يٰوَيْلَنَا : **হায়! দুর্ভোগ আমাদের!** وَيْلٌ শব্দটির বিভিন্ন অর্থ রয়েছে। অনিষ্টতা প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত করা। এ সকল অর্থে وَيْلٌ মাসদার। اسم হলে অর্থ হবে– আফসোস; কঠোরতা। ধমকস্বরূপ বাক্য; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকার নাম; জাহান্নামের একটি কূপের নাম। وَيْل -এর ইযাফত যখন যমীরের দিকে হয় তখন তার علامت পরিবর্তন হতে থাকে এবং وَيل -এর উপর সর্বদা নসব থাকে। যেমন وَيْلَكَ ، وَيْلَكُمْ ইত্যাদি। তবে যদি يَاء متكلم -এর দিকে ইযাফত হয় তখন বাধ্যতামূলক তার লামকে যের দেওয়া হয়।

আয়াত : ১৫

فَمَا زَالَتْ : **তা চলতে থাকে/ অনবরত হতে থাকে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ز ـ و ـ ل) মাসদার اَلزَّوَالُ শব্দটি افعال ناقصة -এর একটি। যা فاعل -এর সাথে استمرار فعل -এর অর্থ প্রদান করে। অর্থ– কোনো কাজ হতে থাকা; চলতে থাকা; করতে থাকা। এখানে فَمَا زَالَتْ تِلْكَ دَعْوَاهُمْ অর্থ হলো– তাদের আর্তনাদ চলতে থাকে।

حَصِيْدًا : **কর্তিত শস্যসদৃশ**। فَعِيْلٌ -এর ওজনে مفعول -এর অর্থে সিফাতে মুশাব্বার সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ص ـ د) মাসদার اَلْحَصَادُ অর্থ– ফসল কাটা।

خَامِدِيْنَ : **নির্বাপিত অগ্নি**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ م ـ د) মাসদার اَلْخَمُوْدُ অর্থ– নির্বাপিত করা; আগুন নিভিয়ে দেওয়া।

আয়াত : ১৬

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ– সৃষ্টি করা; সৃজন করা।

لٰعِبِيْنَ : **ক্রীড়াচ্ছলে/ ক্রীড়া করার জন্য**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَللَّعْبُ মূলবর্ণ (ل ـ ع ـ ب) অর্থ– খেলাধুলা করা।

আয়াত : ১৭

لَوْ اَرَدْنَا : **যদি আমি ইচ্ছা করি**। لَوْ হরফে শর্ত। اَرَدْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

اَنْ نَتَّخِذَ : **যেন আমি বানাই।** نَتَّخِذَ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ - خ - ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; করা।

لَهْوًا : **ক্রীড়া-কৌতুকরূপে।** لَهْو ক্রীড়া; খেলা। এটি ইসমে মাসদার। সৌজন্যতা পরিহার করে কৌতুকের দিকে আকৃষ্ট হওয়াকে لَهْو বলা হয়। আর এমন অহেতুক কাজে লিপ্ত হওয়া যার দ্বারা উপকারী কাজ বর্জিত হয় তাকে لَعْب বলা হয়। (আবুস সা'ঊদ) ইমাম রাগেব দ্বিতীয়টিকে لَهْو বলেছেন। মূলত لَهْو বলা হতো جِمَاعٌ বা স্ত্রী সহবাসকে। পরবর্তীতে নারীকে لَهْو বলা হতো; অতঃপর যে কোনো জ্ঞানসুলভ আনন্দ-বিনোদনকে لَهْو বলা হতে থাকে। -[মু'জামুল কুরআন]

لَاتَّخَذْنَاهُ : **তাহলে অবশ্যই বানাতাম।** لام তাকীদের জন্য। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ - خ - ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; করা; অবলম্বন করা; গ্রহণ করা।

اِنْ كُنَّا فَاعِلِيْنَ : **আমি করিনি। যদি আমি করতাম।** আয়াতের মধ্যে ان শর্ত ও منفى উভয়টিই হতে পারে। এজন্য দু ধরনের অর্থ দেখানো হয়েছে। فَاعِلِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ف - ع - ل) মাসদার اَلْفِعْلُ অর্থ– করা।

আয়াত : ১৮

نَقْذِفُ : **আমি আঘাত হানি।** نَقْذِفُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق - ذ - ف) মাসদার اَلْقَذْفُ ; এর আসল অর্থ– তীর দূরে নিক্ষেপ করা। অতঃপর তীরের শর্ত বাদ দিয়ে যে কোনো কিছু নিক্ষেপ করা এবং অবতরণ করার অর্থে ব্যবহার হতে থাকে। রূপকার্থে গালি দেওয়া, ব্যভিচারের অপবাদ দেওয়া এবং কোনো কিছুর দোষ-ক্রটির দিকে সম্বন্ধ করার অর্থেও এটা ব্যবহার হয়।

فَيَدْمَغُهُ : **ফলে তা মিথ্যাকে চূর্ণ-বিচূর্ণ করে দেয়।** فَاءٌ হরফে আতফ। يَدْمَغُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلدَّمْغُ মূলবর্ণ (د - م - غ) অর্থ– মস্তিষ্কে আঘাত করা। প্রচণ্ড আঘাত করা, এমন প্রচণ্ড আঘাত যাতে তা দ্বারা মস্তিষ্ক চূর্ণ হয়ে যায়, তাই আয়াতে মস্তিষ্কে আঘাতের কথা বলা হয়েছে, কারণ মস্তিষ্কের আঘাত মানুষকে বেহুঁশ করে দেয়, আবার আঘাত প্রচণ্ড হলে তা ধ্বংসের কারণও হয়ে থাকে।

زَاهِقٌ : **চূর্ণ-বিচূর্ণকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ز - ه - ق) মাসদার اَلزُّهُوْقُ অর্থ– বিলুপ্ত হওয়া; অপসৃত হওয়া; চূর্ণ-বিচূর্ণ হওয়া।

وَيْلٌ : **দুর্ভোগ।** এটি ইসমে মারফূ'। অর্থ– ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। [বিস্তারিত এ সূরার আয়াত : ১৪ দ্রষ্টব্য]

تَصِفُوْنَ : **তোমরা বর্ণনা করছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْفُ মূলবর্ণ (و - ص - ف) অর্থ– কোনো জিনিসকে তার বৈশিষ্ট্য ও গুণের সাথে বর্ণনা করা, সে গুণ সত্যও হতে পারে আবার মিথ্যাও হতে পারে। এখানে মিথ্যা গুণ উদ্দেশ্য।

আয়াত : ১৯

لَا يَسْتَكْبِرُوْنَ : **তারা অহংকার করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك - ب - ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; গর্ব করা; বড়াই করা।

لَا يَسْتَحْسِرُوْنَ : **তারা ক্লান্তিবোধ করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح - س - ر) মাসদার اَلْاِسْتِحْسَارُ অর্থ– ক্লান্তিবোধ করা; ক্ষান্ত হওয়া।

আয়াত : ২০

لَا يَفْتُرُوْنَ : **তারা মিথ্যা শৈথিল্য করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف - ت - ر) মাসদার اَلْفَتْرُ অর্থ– শৈথিল্য করা; অলসতা করা। স্থগিত করা।

আয়াত : ২১

يُنْشِرُوْنَ : **তারা মৃতকে জীবিত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن - ش - ر) মাসদার اَلْاِنْشَارُ অর্থ– মৃতকে জীবিত করা; পুনরুত্থিত করা।

আয়াত : ২২

لَفَسَدَتَا : তবে উভয়ই ধ্বংস হয়ে যেত। لَفَسَدَتَا সীগাহ ماضى معروف تثنية مؤنث غائب বহছ اَلْفَسَادُ মাসদার (ف ـ س ـ د) মূলবর্ণ ضَرَبَ বাব অর্থ– ধ্বংস হওয়া; নষ্ট হওয়া। এখানে لام -টি তাকীদের জন্য এসেছে।

يَصِفُونَ : তারা বর্ণনা করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার وَصْفٌ মূলবর্ণ (و ـ ص ـ ف) অর্থ– কোনো জিনিসকে তার বৈশিষ্ট্য ও গুণের সাথে বর্ণনা করা, সে গুণ সত্যও হতে পারে আবার মিথ্যাও হতে পারে। এখানে মিথ্যা গুণ উদ্দেশ্য।

আয়াত : ২৩

لَا يُسْئَلُ : সে জিজ্ঞাসিত হবে না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা; জানতে চাওয়া।

আয়াত : ২৪

هَاتُوا : তোমরা আন। শব্দটি اسم امر حاضر -এর অর্থে। সীগাহ جمع مذكر حاضر معروف ; فعل বাব اِفْعَال মূলত اٰتُوْا ছিল। হামযাকে هَا দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে هَاتُوْا হয়েছে।

لَا يَعْلَمُونَ : তারা জানে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবগত হওয়া।

مُعْرِضُونَ : উদাসীন। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– উপেক্ষা করা; উদাসীন হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ২৫

اَرْسَلْنَا : আমি প্রেরণ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

نُوحِىْ : আমি ওহী প্রেরণ করি। نُوْحِىْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ي) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

فَاعْبُدُوْنِ : তোমরা আমার ইবাদত কর। فَاءْ হরফে আত্‌ফ। اُعْبُدُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

আয়াত : ২৬

اِتَّخَذَ : সে গ্রহণ করেছে। اِتَّخَذَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– গ্রহণ করা; ধরা; নেওয়া।

مُكْرَمُوْنَ : সম্মানিত। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْاِكْرَامُ অর্থ– সম্মানিত করা।

আয়াত : ২৭

لَا يَسْبِقُوْنَهٗ : তারা সম্মুখে অগ্রসর হয় না। لَا نفى। يَسْبِقُوْنَهٗ সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ– সম্মুখে অগ্রসর হওয়া; অতিক্রম করা।

আয়াত : ২৮

لَا يَشْفَعُوْنَ : তারা সুপারিশ করে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ف ـ ع) মাসদার اَلشَّفَاعَةُ অর্থ– সুপারিশ করা; শাফায়াত করা।

مَنِ ارْتَضٰى : যাদের প্রতি তিনি সন্তুষ্ট। اِرْتَضٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ض ـ ي) মাসদার اَلْاِرْتِضَاءُ অর্থ– সন্তুষ্ট হওয়া; পছন্দ হওয়া; খুশি হওয়া।

مِنْ خَشْيَتِهٖ : তার ভয়ে। مِنْ হরফে জার। خَشْيَةَ মুযাফ, ه মুযাফ ইলাইহি। এটি বাব سَمِعَ -এর মাসদার। সম্মান বিজড়িত ভয়কে خَشْيَةٌ বলা হয়।

مُشْفِقُوْنَ : **আতঙ্কগ্রস্ত/ ভীত-সন্ত্রস্ত।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْإِشْفَاقُ মূলবর্ণ (ش ـ ف ـ ق) অর্থ– ভয় করা। মূলত শব্দটি شَفَقٌ থেকে উদগত হয়েছে। যার অর্থ– সূর্যাস্তকালীন সূর্যের আলো অন্ধকারের সাথে মিশ্রিত হওয়া। এ কারণেই যে ভালোবাসা ভয়ের সাথে মিশ্রিত তাকে شَفَقَتْ বলা হয়। বাব اِفْعَالٌ এ- اِشْفَاقٌ অর্থ এমনভাবে ভালোবাসা যার সাথে ভয়ও বিদ্যমান থাকে। এ অর্থের মধ্যে দু'টি অংশ রয়েছে। ভালোবাসা ও ভয়। সুতরাং যদি এর পরে مِنْ আসে তখন ভয় অর্থ হবে। যেমন– اَشْفَقَ مِنْهُ তাকে ভয় করেছে। আর যদি তারপরে فِىْ বা عَلٰى উল্লেখ থাকে তখন ভালোবাসার অর্থ অধিক প্রকাশ করে। –[রাগেব, মুফরাদাতুল কুরআন]

আয়াত : ২৯

مَنْ يَّقُلْ : **যে বলবে।** مَن ইসমে মাউসূল। يَقُلْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

نَجْزِيْهِ : **তাকে আমি প্রতিফল দিব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিফল দেওয়া; প্রতিদান দেওয়া।

جَهَنَّمُ : **জাহান্নাম।** দোজখের একটি স্তরের নাম। কারো কারো মতে শব্দটি মূলত ফারসিতে ছিল جَهَنَّامْ যাকে আরবিকরণ করা হয়েছে।

আয়াত : ৩০

اَوَلَمْ يَرَ : **তারা কি ভেবে দেখে না?** اَ হামযাটি প্রশ্নবোধক। و হরফে আত্‌ফ। لَمْ يَرَ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; দর্শন করা; ভাবা; চিন্তা করা।

كَانَتَا رَتْقًا : **তারা উভয়ে মিশে ছিল ওতপ্রোতভাবে।** সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া। رَتْقًا বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ হলো বন্ধ হওয়া ও মিলিত হওয়া, সৃষ্টিগতভাবে হোক বা কৃত্রিমভাবে হোক। মাসদারটি এখানে اسم فاعل বা اسم مفعول অর্থে ব্যবহৃত হয়েছে।

فَفَتَقْنٰهُمَا : **অতঃপর আমি উভয়কে [আকাশ ও পৃথিবী] পৃথক করে দিলাম।** فَاءٌ হরফে আত্‌ফ। فَتَقْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ت ـ ق) মাসদার اَلْفَتْقُ অর্থ– বিদীর্ণ করা; পৃথক করা। লেগে থাকা বস্তুকে পৃথক করা। আতা, কাতাদা ও ইবনে আব্বাস ও জালালুদ্দীন মহল্লী প্রমুখের এক উক্তি এবং আধুনিক বিজ্ঞানীদের মতে আদিতে আকাশ, নক্ষত্র, সূর্য, পৃথিবী ইত্যাদির পৃথক পৃথক সত্তা ছিল না। তখন মহাবিশ্ব ছিল অসংখ্য গ্যাসীয় কণার সমষ্টি, যাকে বলা হয় নীহারিকা। এই নীহারিকা পরবর্তীতে বহু খণ্ডে বিভক্ত হয়ে পড়ে এং এইসব খণ্ড ক্রমশ ঘনীভূত হয়ে নক্ষত্রপুঞ্জ, সূর্য, পৃথিবী ও অন্য গ্রহাদির সৃষ্টি হয়। মূলত এ কাজ আল্লাহই করেন। তবে আল্লামা জালালুদ্দীন মহল্লী (র.)-এর অপর মত হলো আকাশের فَتَقٌ হলো বৃষ্টি বর্ষণ করা, আর ভূমির فَتَقٌ হলো উদ্ভিদ উৎপন্ন করা। পূর্বে আকাশ থেকে পানি বর্ষিত হতো না এবং ভূমি থেকেও উদ্ভিদ উৎপন্ন হতো না। অতঃপর আল্লাহ তাদের মধ্যে এ যোগ্যতা সৃষ্টি করে দিয়েছেন। কাজী বায়যাভী (র.) এ মত বর্ণনা করার পর মতটির দুর্বলতার দিকে ইঙ্গিত করেছেন। মূলত এটি হযরত আতিয়া ও ইকরিমার উক্তি। এবং হাকেমের রেওয়ায়েত অনুযায়ী এটি হযরত ইবনে আব্বাস (রা.)-এরও একটি মত।

جَعَلْنَا : **আমি বানিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– করা; বানানো; তৈরি করা।

আয়াত : ৩১

رَوَاسِىَ : **পর্বত; পাহাড়।** এটি رَاسِيَةٌ-এর বহুবচন। স্থিতিশীল পাহাড়ের জন্য এর ব্যবহার হয়।

اَنْ تَمِيْدَ بِهِمْ : **যেন তা তাদেরকে নিয়ে আন্দোলিত না হয়।** تَمِيْدُ সীগাহ واحد مؤنث غائب বহছ

(م ـ ي ـ د) মূলবর্ণ ضَرَبَ বাব مضارع معروف মাসদার اَلْمَيْدُ অর্থ– কোনো বিশাল বস্তুকে নিয়ে নড়াচড়া করা।

فِجَاجًا : **দু'পাহাড়ের মধ্যবর্তী প্রশস্ত রাস্তা**। বহুবচন, একবচন– فَجٌّ হালতে নসব।

سُبُلًا : **পথসমূহ**। এটি বহুবচন, একবচন– سَبِيْلٌ

يَهْتَدُوْنَ : **তারা পথ পায়/ তারা গন্তব্যে পৌঁছতে পারে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ– পথ পাওয়া; গন্তব্যে পৌঁছা।

আয়াত : ৩২

سَقْفًا : **ছাদ**। এটি একবচন, বহুবচন– سُقُوْفٌ ; এ শব্দটি আসমান অর্থেও ব্যবহার হয়।

مُعْرِضُوْنَ : **উদাসীন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– উপেক্ষা করা; উদাসীন হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ৩৩

فَلَكٍ : **কক্ষপথ**। এটি একবচন, বহুবচন– اَفْلَاكٌ অর্থ– বৃত্ত, বেষ্টনী। মূলত শব্দটি গঠন করা হয়েছে ঐ পানির জন্য যার উপর বাতাস লাগার দ্বারা গোলাকার বৃত্ত তৈরি হয়ে যায়। –[মু'জামুল কুরআন]

يَسْبَحُوْنَ : **তারা সন্তরণ করে/ তার বিচরণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلسَّبَاحَةُ ও اَلسَّبْحُ অর্থ– সাঁতার কাটা; সাঁতরানো; পানিতে ভেসে বেড়ানো; বিচরণ করা।

আয়াত : ৩৪

اَلْخُلْدَ : **অনন্ত জীবন**। এটি বাব نَصَرَ-এর মাসদার। আরো একটি মাসদার হলো اَلْخُلُوْدُ ; কোনো বস্তু ধ্বংস হওয়া থেকে রক্ষা পাওয়া এবং স্বীয় অবস্থায় অটল থাকাকে خُلُوْدٌ বলা হয়। এ কারণেই আরবগণ ঐ জিনিসের জন্য خُلُوْد-এর ব্যবহার করে থাকেন যা দীর্ঘস্থায়ী হয় এবং তাতে পরিবর্তন ও বিনষ্টতা দীর্ঘ দিন পরে সৃষ্টি হয়। যেমন চুলার তিনটি পাথর যার উপর ডেক বসানো হয় তাকে خَوَالِدُ বলা হয়। কারণ তা দীর্ঘদিন বাকি থাকে। পরকালের জন্য خُلُوْدٌ ব্যবহার করা হয়। সেখানে তার আসল অর্থ– সকল বস্তু স্বীয় অবস্থায় স্থিতিশীল থাকা উদ্দেশ্য।

مِتَّ : **তুমি মৃত্যুবরণ করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَوْتُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া। নিদ্রা যাওয়া। প্রাচীন হওয়া।

আয়াত : ৩৫

ذَائِقَةُ : **স্বাদ গ্রহণকারী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা।

نَبْلُوْكُمْ : **আমি তোমাদের পরীক্ষা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَلَاءُ মূলবর্ণ (ب ـ ل ـ و) অর্থ– পরীক্ষা করা; যাচাই করা। কষ্টে ফেলা।

تُرْجَعُوْنَ : **তোমরা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৩৬

وَاِذَا رَاٰكَ : **যখন তোমাকে দেখে**। اِذَا হরফে শর্ত। رَأٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; ভেবে দেখা।

يَتَّخِذُوْنَكَ : **তারা তোমাকে গ্রহণ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– ধরা; গ্রহণ করা। ه যমীর মাফঊলে বিহী।

هُزُوًا : **বিদ্রূপস্বরূপ**। এটি বাব فَتَحَ-এর মাসদার, যা ইসমে মাফঊল অর্থে ব্যবহৃত হয়েছে।

يَذْكُرُ : **সে স্মরণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– স্মরণ করা; মনে রাখা; অনুধাবন করা।

اٰلِهَةً : দেবতা; উপাস্য। এটি বহুবচন, একবচন– اِلٰهٌ অর্থ– মাবুদ সত্য হোক বা বাতিল।

كٰفِرُوْنَ : কাফেরগণ; প্রত্যাখ্যানকারীগণ। সীগাহ جمع مذكر اسم فاعل বহছ اَلْكُفْرُ، বাব نَصَرَ মাসদার الكفران মূলবর্ণ (ك . ف . ر) অর্থ– অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া।

আয়াত : ৩৭

خُلِقَ : তা সৃষ্টি করা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (خ . ل . ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

عَجَلٍ : ত্বরা/ তাড়াহুড়া। এটি ইসম ও মাসদার। বাব سَمِعَ ; অর্থ– ত্বরা করা; জলদি করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– عُجْلَةٌ অর্থ– সময়ের পূর্বে কোনো কিছু তালাশ করা ও তার ইচ্ছা করা। যেহেতু এটি প্রবৃত্তির চাহিদা অনুযায়ী হয়ে থাকে তাই পবিত্র কুরআনে সর্বত্রই নিন্দনীয় অর্থে ব্যবহৃত হয়েছে। এমনকি বাগধারায় পরিণত হয়েছে যে, اَلْعُجْلَةُ مِنَ الشَّيْطَانِ তাড়াহুড়া শয়তানের কাজ। خُلِقَ الْاِنْسَانُ مِنْ عَجَلٍ এ আয়াতের কয়েকটি তাফসীর হতে পারে। আবূ উবায়দা বলেছেন– عَجَلٌ অর্থ– حَمَأٌ বা কাদা। অর্থাৎ মানুষ কাদা থেকে সৃষ্টি করা হয়েছে। দলিলস্বরূপ তিনি নিম্নোক্ত কবিতাটি উদ্ধৃত করেছেন।

وَالنَّبْعُ فِى الصَّخْرَةِ الصَّمَّاءِ مُنْبِتَةٌ
وَالنَّخْلُ يُنْبِتُ بَيْنَ الْمَاءِ وَالْعَجَلِ

[নাবা' বৃক্ষ শক্ত পাথরের মধ্যে গজায়, আর খেজুর বৃক্ষ গজায় পানি ও কাদার মধ্যে]

আল্লামা আহমদ ফাইউমী 'মিসবাহুলমুনীরে' লিখেছেন, আয়াতের মধ্যে قَلْبٌ বা পরিবর্তন হয়েছে। অর্থাৎ মূলত হবে– خُلِقَ الْعَجَلُ مِنَ الْاِنْسَانِ অর্থাৎ মানুষ ত্বরা থেকে নয়; বরং ত্বরাকে মানুষ থেকে সৃষ্টি করা হয়েছে। রুহুল মা'আনী এর লেখকও এ মত বর্ণনা করেছেন। দলিলস্বরূপ তারা নিম্নোক্ত আয়াত পেশ করেছেন।

يُعْرَضُ الَّذِيْنَ كَفَرُوْا عَلَى النَّارِ [কাফেরদেকে আগুনের উপর পেশ করা হবে] যা মূলত হবে– تُعْرَضُ النَّارُ عَلَيْهِمْ [আগুনকে তাদের উপর পেশ করা হবে]

আবূ ইসহাক জুযায বলেন, আরববাসীদেরকে তাদের মেধা ও বুঝ অনুযায়ী সম্বোধন করা হয়েছে। কারণ তারা কারো মধ্যে যে জিনিস অধিক পরিমাণ পাওয়া যায় তাকে বলে خُلِقَتْ مِنْهُ ; উদাহরণতঃ কারো মধ্যে খেলাধুলার আধিক্যতা বর্ণনা করতে হলে বলে– خُلِقْتَ مِنْ لَعْبٍ [তুমি খেলাধুলা থেকে সৃষ্টি হয়েছ।] তদ্রূপ কারো মধ্যে জ্ঞান-বিজ্ঞানের আধিক্যতা বর্ণনা করতে হলে বলে– خُلِقَ فُلَانٌ مِنَ الْكِيْسِ [অমুক জ্ঞান থেকে সৃষ্টি হয়েছে, তথা অমুক জ্ঞান ও বিচক্ষণতার মূর্তপ্রতীক।]

سَاُورِيْكُمْ : শীঘ্রই আমি তোমাদেরকে দেখাবো। أُرِى সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر . أ . ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ– দেখানো; প্রদর্শন করা।

لَا تَسْتَعْجِلُوْنَ : তোমরা আমাকে ত্বরা করতে বলোনা। لَا تَسْتَعْجِلُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع . ج . ل) মাসদার اَلْاِسْتِعْجَالُ অর্থ– ত্বরান্বিত করা; তাড়াহুড়া করা।

আয়াত : ৩৮

يَقُوْلُوْنَ : তারা বলে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق . و . ل) অর্থ– বলা।

আয়াত : ৩৯

حِيْنَ : সময়; কাল। বহুবচন– اَحْيَانٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

لَا يَكُفُّوْنَ : তারা প্রতিরোধ করতে পারবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . ف . ف) মাসদার اَلْكَفُّ অর্থ– প্রতিরোধ করা; বিরত রাখা।

ظُهُوْرِهِمْ : তাদের পশ্চাতে। বহুবচন, একবচন– ظَهْرٌ অর্থ– পিঠ; পশ্চাদংশ।

لَا هُمْ يُنْصَرُونَ : **তাদেরকে সাহায্য করা হবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা; সহযোগিতা করা।

আয়াত : ৪০

بَغْتَةً : **অতর্কিতভাবে; হঠাৎ।**

فَتَبْهَتُهُمْ : **তাদেরকে হতভম্ব করে দিবে; হতবুদ্ধি করে ফেলবে।** সীগাহ واحد مؤنث غائب تَبْهَتُ বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْبَهْتُ মূলবর্ণ (ب ـ ه ـ ت) অর্থ– হতবুদ্ধি করা; হতবাক করা; বেহুঁশ করা।

وَلَا هُمْ يُنْظَرُونَ : **এবং তাদেরকে কোনো অবকাশ দেওয়া হবে না।** সীগাহ لَا يُنْظَرُوْنَ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। কোনো কিছুর পরিমাণ নির্ধারণ করার জন্য চিন্তা করা; ভাবা। এর পরে যদি بين হয় তখন অর্থ হয়– মীমাংসা করা। বাব سَمِعَ ও ضَرَبَ থেকে মাসদার اَلنَّظْرُ، اَلْمَنْظَرُ، اَلنَّظَرَانُ আসে। যদি স্বয়ং متعدى হয় তখন অর্থ হয়– চিন্তা করা; ভাবা। আর যদি لام যোগে متعدى হয় তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা। এরপরে فِىْ এলে অর্থ হয়– চিন্তা করা।

আয়াত : ৪১

لَقَدِ اسْتُهْزِئَ : **ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছিল।** লাম তাকীদের জন্য। قَدْ সীগাহ اسْتُهْزِئَ واحد مذكر غائب বহছ ماضى قريب مجهول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; রসিকতা করা।

حَاقَ : **তা পরিবেষ্টন করেছে।** সীগাহ حَاقَ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَيْقُ মূলবর্ণ (ح ـ ى ـ ق) অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া। কারো কারো মতে শব্দটি حَقَّ ছিল। যা পরিবর্তিত হয়ে حَاقَ হয়েছে। যেমন– ذَمَّ থেকে ذَامَ হয়েছে।

سَخِرُوْا : **তারা ঠাট্টা-বিদ্রূপ করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلسُّخْرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

مَا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ : **যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত।** مَا ইসমে মাউসূল। كَانُوْا ماضى সীগাহ يَسْتَهْزِءُوْنَ جمع مذكر غائب বহছ استمرارى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ৪২

مَنْ يَّكْلَؤُكُمْ : **কে তোমাদেরকে রক্ষা করবে?** مَن ইসমে মাউসূল। সীগাহ يَكْلَؤُ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ك ـ ل ـ أ) মাসদার اَلْكِلَاءَةُ – اَلْكَلَاءُ অর্থ– রক্ষা করা; প্রতিরোধ করা; আত্মরক্ষা করা।

আয়াত : ৪৩

تَمْنَعُهُمْ : **সে তাদেরকে রক্ষা করবে।** تَمْنَعُهُمْ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ن ـ ع) মাসদার اَلْمَنْعُ অর্থ– রক্ষা করা; বাধা প্রদান করা; বিরত রাখা। هُمْ যমীর মাফঊলে বিহী।

يُصْحَبُوْنَ : **তাদের সাহায্য করা হবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ح ـ ب) মাসদার اَلصَّحَابَةُ। অর্থ– সাহায্য করা; সঙ্গ দেওয়া।

আয়াত : ৪৪

مَتَّعْنَا : **আমি ভোগ-বিলাসের উপকরণ দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো।

طَالَ : **সুদীর্ঘ হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ و ـ ل) মাসদার اَلطُّوْلُ অর্থ– দীর্ঘ হওয়া; লম্বা হওয়া।

اَفَلَا يَرَوْنَ : **তবে কি তারা ভেবে দেখে না?** أَ প্রশ্নবোধক। فاء হরফে আত্‌ফ। لَا يَرَوْنَ সীগাহ

نفى فعل مضارع جمع مذكر غائب বহছ فَتَحَ বাব معروف মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; ভেবে দেখা।

نَأْتِي : **আমি আনছি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِتْيَانُ অর্থ– আনা; আনয়ন করা।

نَنْقُصُهَا : **আমি তা সংকুচিত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ص) মাসদার اَلنَّقْصُ অর্থ–হ্রাস করা; সংকুচিত করা।

اَلْغٰلِبُوْنَ : **বিজয়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ– বিজয়ী হওয়া; পরাজিত করা।

আয়াত : ৪৫

اُنْذِرُكُمْ : **আমি তোমাদেরকে সতর্ক করি**। اُنْذِرُ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْإِنْذَارُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। كُمْ যমীর মাফউলে বিহী।

يُنْذَرُوْنَ : **তাদেরকে সতর্ক করা হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْإِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

আয়াত : ৪৬

لَئِنْ مَسَّتْهُمْ : **যদি তা তাদেরকে স্পর্শ করে**। লাম তাকীদের জন্য। ان হরফে শর্ত। مَسَّتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ভোগ করা; লেগে যাওয়া। هُمْ যমীর মাফউলে বিহী।

نَفْحَةٌ : **এক ঝলক**। একবারের ঝড়ো হাওয়া। نَفْحَةٌ مِنَ الْعَذَابِ অর্থ– কিঞ্চিত আজাব।

আয়াত : ৪৭

نَضَعُ : **আমি স্থাপন করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– রাখা; উপস্থিত করা; হাজির করা। এছাড়াও আরো কয়েকটি অর্থের জন্য এটি ব্যবহৃত হয়। যেমন– নিচে রাখা; সন্তান প্রসব করা। বিছানো। কায়েম করা; বানানো। প্রকাশ করা। রাখা।

اَلْمَوَازِيْنَ : **পাল্লা; দাড়িপাল্লা**। এটি বহুবচন, একবচন– مِيْزَانٌ বাব ضَرَبَ ; اَلْمَوْزُوْنُ শব্দটি اسم আলা বা اسم مفعول এর অর্থ– দাড়িপাল্লাসমূহ বা ওজনযোগ্য আমলসমূহ। প্রশ্ন হতে পারে– দাড়িপাল্লা হবে একটি কিন্তু তার জন্য বহুবচনের সীগাহ ব্যবহার করা হয়েছেন কেন? তার উত্তর হলো যা পরিমাপ করা হবে তা অনেক; প্রত্যেক্যের আমল পৃথক পৃথকভাবে মাপা হবে। সুতরাং বলা যায় প্রত্যেকের জন্য পৃথক পৃথক দাড়িপাল্লা হবে। অথবা ওজন বার বার হবে। তাই বহুবচনের সীগাহ আনা সঠিক হয়েছে। কারো কারো মতে مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهُ দ্বারা মুমিন উদ্দেশ্য। ه যমীর মাফউলে বিহী। অর্থ যার ওজন ভারি হবে। [শাইখুল হিন্দ] অথবা যে ব্যক্তির পাল্লা ভারি হবে। [তরজমায়ে থানভী]

بِالْقِسْطِ : **ন্যায্যভাবে**। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– ন্যায়বিচার করা; ইনসাফ করা।

فَلَا تُظْلَمُ : **অতঃপর জুলুম করা হবে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

مِثْقَالَ : **সমপরিমাণ**। বহুবচন مَثَاقِيْلُ দিরহাম পরিমাণ ওজনের পরিমাপ পাত্রবিশেষ। আয়াতে প্রথম অর্থই উদ্দেশ্য।

حَبَّةٍ : **দানা/বীজ**। একবচন, বহুবচন– حُبُوْبٌ

خَرْدَلٍ : **সরিষা; রাই**।

আয়াত : ৪৮

اٰتَيْنَا : **আমি দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْإِيْتَاءُ অর্থ– দান করা; দেওয়া।

اَلْفُرْقَانَ : **পার্থক্য করা। মীমাংসা করা**। এটি মাসদারও হতে পারে। অর্থাৎ সত্য-মিথ্যার মাঝে পার্থক্য করা;

পৃথক পৃথক করা। আবার صفت مشبه -এর সীগাহও হতে পারে। তখন অর্থ হবে– সত্য-মিথ্যার মাঝে পার্থক্যকারী। পবিত্র কুরআনে এটি কয়েকটি অর্থের জন্য ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন মাজিদ, তাওরাত, দলিল, প্রমাণ, এমন নূর যা দ্বারা হক ও বাতিলের মাঝে পার্থক্য করা যায়, অলৌকিক বস্তু; বদরের যুদ্ধের দিন। এখানে শেষোক্ত অর্থটি উদ্দেশ্য। কারণ বদরের যুদ্ধের দিন মুমিন ও কাফের উভয় দলের ভাগ্যের মীমাংসা হয়েছিল।

ضِيَاءً : **জ্যোতি। চমক; আলো**। আবূ আলী ফারসী বলেন, ضِيَاءً শব্দটি দু'টি বিষয়ের সম্ভাবনা রাখে। হয়ত سِيَاطٌ ও سَوْطٌ -এর বহুবচন। যেমন– ضَوْءٌ অথবা বাব نَصَرَ -এর মাসদার। যেমন– قَامَ قِيَامًا ও صَامَ صِيَامًا ; তাছাড়া মাসদার হলে এটি اسم فاعل তথা مُضِيْئَةً অর্থে হবে অথবা মুবালাগার অর্থে হবে। উল্লেখ্য نُوْرٌ এবং ضِيَاءٌ উভয়টির অর্থই জ্যোতি ও ঔজ্জ্বল্য। এ কারণেই অভিধানবিদগণ এ দু'টি শব্দকে একই অর্থবোধক শব্দ বলে উল্লেখ করেছেন। কিন্তু আল্লামা যমখশারী (র.) বলেন, যদিও উভয় শব্দের মাঝেই জ্যোতি অর্থ বিদ্যমান, তথাপি نُوْر শব্দটি ব্যাপক। দুর্বল সবল, ক্ষীণ-তীক্ষ্ণ যে কোনো জ্যোতিকেই نُوْرٌ বলা যায়। কিন্তু ضَوْءٌ এবং ضِيَاءٌ যে আলোতে তীক্ষ্ণতা বিদ্যমান শুধু তাকেই বলা হয়। যেমন– এ আয়াতে সূর্যের আলোর জন্য ضِيَاءٌ ব্যবহার করা হয়েছে আর চাঁদের আলোর জন্য نُوْرٌ ব্যবহার করা হয়েছে। সূর্য ও চাঁদের আলোর পার্থক্যের কথা কুরআন একাধিক স্থানে বিভিন্ন ভঙ্গিতে বর্ণনা করেছে।

لِلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণের জন্য**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সতর্ক হওয়া; পরিহার করা; ভয় করা।

আয়াত : ৪৯

يَخْشَوْنَ : **তারা ভয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيُ ও اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ی) অর্থ– আশঙ্কা করা; ভয় করা।

مُشْفِقُوْنَ : **আতঙ্কগ্রস্ত/ ভীত-সন্ত্রস্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ف ـ ق) মাসদার اَلْاِشْفَاقُ অর্থ– ভয় করা। মূলত শব্দটি شَفَقٌ -থেকে উদগত হয়েছে। যার অর্থ– সূর্যাস্তকালীন সূর্যের আলো অন্ধকারের সাথে মিশ্রিত হওয়া। এ কারণেই যে ভালোবাসা ভয়ের সাথে মিশ্রিত তাকে شَفَقَتْ বলা হয়। বাব اِفْعَالٌ এ اِشْفَاقٌ অর্থ এমনভাবে ভালোবাসা যার সাথে ভয়ও বিদ্যমান থাকে। এ অর্থের মধ্যে দুটি অংশ রয়েছে। ভালোবাসা ও ভয়। সুতরাং যদি এর পরে مِنْ আসে তখন ভয় অর্থ হবে। যেমন اَشْفَقَ مِنْهُ [তাকে ভয় করেছে।] আর যদি তারপরে فِیْ বা عَلٰی উল্লেখ থাকে তখন ভালোবাসার অর্থ অধিক প্রকাশ করে। –[রাগেব, মুফরাদাতুল কুরআন]

আয়াত : ৫০

مُبٰرَكٌ : **কল্যাণময়**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ب ـ ر ـ ك) মাসদার اَلْمُبَارَكَةُ অর্থ– কল্যাণময় হওয়া; বরকত হওয়া।

مُنْكِرُوْنَ : **অস্বীকারকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; চিনতে না পারা।

আয়াত : ৫১

رُشْدَ : **সৎপথ। হেদায়েত**। যোগ্যতা। সুপথপ্রাপ্তি; সচেতনতা; সুব্যবস্থাপনা। এটি বাব نَصَرَ -এর মাসদার। হেদায়েতের স্থলে ব্যবহার হয়।

عٰلِمِيْنَ : **সম্যক পরিজ্ঞাত**। একবচন عَالِمٌ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৫২

اَلتَّمَاثِيْلُ : **মূর্তিসমূহ**। تِمْثَالٌ -এর বহুবচন। উল্লেখ্য হযরত সুলায়মান (আ.) -এর শরিয়তে ছবি তৈরি করা হারাম ছিল না।

عٰكِفُوْنَ : **পূজারতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ك ـ ف) মাসদার اَلْعُكُوْفُ অর্থ– অবস্থান করা; সম্মানার্থে কোনো

কিছুর প্রতি মনোনিবেশ করা ও তাকে আঁকড়ে ধরা; কোনো কিছুর চতুর্দিকে জড়ো হওয়া। তাজুল উরূস গ্রন্থে عَكْف -এর অর্থ লেখা হয়েছে এভাবে- وَعَكَفَ عَلَيْهِ عُكُوفًا أَقْبَلَ عَلَيْهِ مُوَاظِبًا لَا يَصْرِفُ وَجْهَهُ عَنْهُ অর্থাৎ তার দিকে এমন গুরুত্বের সাথে মনোনিবেশ করেছে যে, তা থেকে মুখ ফিরায় না। এখানে অর্থ হবে- গোবৎস পূজা করা।

আয়াত : ৫৩

وَجَدْنَا : **আমরা পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া; দেখা।

আয়াত : ৫৫

أَجِئْتَنَا : **তুমি কি আমাদের নিকট এনেছ?** এখানে হামযাটি প্রশ্নবোধক। جِئْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ মূলবর্ণ (ج ـ أ ـ ى) অর্থ- আসা; আগমন করা। نَا যমীর جمع متكلم মাফঊল। এর সেলা باء আসার কারণে অর্থ হবে- নিয়ে আসা।

اَللّٰعِبِيْنَ : **ক্রীড়া- কৌতুককারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَللَّعْبُ মূলবর্ণ (ل ـ ع ـ ب) অর্থ- খেলাধুলা করা; কৌতুক করা; তামাশা করা।

আয়াত : ৫৬

فَطَرَهُنَّ : **তিনি তাদেরকে সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْفِطْرُ অর্থ- সৃষ্টি করা। هُنَّ যমীরে মাফঊলে বিহী।

اَلشَّاهِدِيْنَ : **সাক্ষীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ- স্বীকার করা; সাক্ষ্য দেওয়া।

আয়াত : ৫৭

تَاللّٰهِ : **শপথ আল্লাহর**। ت হরফে জার, শপথের জন্য এবং বিস্ময় প্রকাশের জন্য নির্দিষ্ট। যা اَللّٰه শব্দের শুরু ব্যতীত অন্য কোথাও আসে না। এ আয়াতে বিস্ময়ের বিষয় হলো এই যে, নমরূদের ঔদ্ধত্য ও ক্ষমতাশীল হওয়া সত্ত্বেও আমার জন্য এ মূর্তিগুলোকে নিঃশেষ করে দেওয়া কতইনা সহজ।

لَاَكِيْدَنَّ : **অবশ্যই আমি কৌশল গ্রহণ করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ي ـ د) মাসদার اَلْكَيْدُ অর্থ- প্রতারণা করা; কৌশল অবলম্বন করা; ষড়যন্ত্র করা।

مُدْبِرِيْنَ : **পৃষ্ঠপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلْاِدْبَارُ অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা; পলায়ন করা। পবিত্র কুরআনে مُدْبِرِيْنَ বা مُدْبِرٌ শব্দ একাকী ব্যবহার করা হয়নি। বরং تَوْلِيَةٌ বা تَوَلِّى থেকে গঠিত কোনো فعل যেমন وَلَّى ، وَلَّوْا ، تَوَلَّوْنَ ، تَوَلَّوْا ، وَلَّيْتُمْ ইত্যাদি অবশ্যই সাথে আনা হয়েছে। এরূপ করার কারণ হলো যেন মুখ ফিরিয়ে পৃষ্ঠপ্রদর্শন করে চলে যাওয়ার অর্থ সৃষ্টি হয়।

আয়াত : ৫৮

فَجَعَلَهُمْ : **অতঃপর সে করে দিল**। فاء হরফে আত্‌ফ। جعل সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো; গ্রহণ করা; অবলম্বন করা।

جُذَاذًا : **চূর্ণ-বিচূর্ণ**। এটি فُعَالٌ -এর ওজনে مفعول -এর অর্থে। جُذ থেকে নির্গত। যার অর্থ- চূর্ণবিচূর্ণ করা। বাব نَصَرَ

كَبِيْرًا : **প্রধানটি**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচন- كَبَائِرُ অর্থ- অতি বড়।

আয়াত : ৬০

سَمِعْنَا : **আমরা শুনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা; শোনা।

يَذْكُرُهُمْ : **সে তাদের সমালোচনা করে**। يَذْكُرُ সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- আলোচনা করা; সমালোচনা করা; স্মরণ করা।

আয়াত : ৬১

فَأْتُوا : **তোমরা তাকে উপস্থিত কর**। সীগাহ اِئْتُوْا বহছ جمع مذكر حاضر বাব امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; উপস্থিত হওয়া। এর সেলা باء আসার কারণে অর্থ হবে– নিয়ে আসা।

اَعْيُنِ النَّاسِ : **লোকসম্মুখে**। اَعْيُنْ মুযাফ, اَلنَّاسْ মুযাফ ইলাইহি। اَعْيُنْ হলো عَيْنٌ -এর বহুবচন। অর্থ– চোখ।

يَشْهَدُوْنَ : **তারা প্রত্যক্ষ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া; প্রত্যক্ষ করা; হাজির হওয়া।

আয়াত : ৬৩

فَعَلَ : **সে তা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ع ـ ل) মাসদার اَلْفِعْلُ অর্থ– করা; কাজ করা।

فَسْئَلُوْهُمْ : **তারপর তোমরা তাদের কাছে জিজ্ঞাসা কর**। সীগাহ اِسْئَلُوْا বহছ جمع مذكر حاضر امر বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) حاضر معروف মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া।

اِنْ كَانُوْا يَنْطِقُوْنَ : **যদি তারা কথা বলতে পারে**। সীগাহ يَنْطِقُوْنَ বহছ جمع مذكر غائب مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ط ـ ق) মাসদার اَلنُّطْقُ অর্থ– কথা বলা।

আয়াত : ৬৫

نُكِسُوْا : **তাদের [মস্তক] অবনত হয়ে গেল/ তারা [মস্তক] অবনত করল**। সীগাহ نُكِسُوْا বহছ جمع مذكر غائب ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلنَّكْسُ মূলবর্ণ (ن ـ ك ـ س) অর্থ– নোয়ানো; অবনত করা; ঝুঁকানো।

لَقَدْ عَلِمْتَ : **তুমি তো জানই**। لام তাকীদের জন্য। قَدْ সীগাহ عَلِمْتَ বহছ واحد مذكر حاضر ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ قريب معروف (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবগত হওয়া।

আয়াত : ৬৬

لَا يَنْفَعُكُمْ : **তোমাদের কোনো উপকার করে না**। সীগাহ يَنْفَعُ বহছ واحد مذكر غائب نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকার করা; কাজে আসা। كُمْ যমীর মাফঊলে বিহী।

لَا يَضُرُّكُمْ : **তোমাদের কোনো ক্ষতি করতে পারে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ض ـ ر ـ ر) মাসদার اَلضُّرُّ অর্থ– ক্ষতি করা; কষ্ট দেওয়া।

আয়াত : ৬৭

اُفٍّ : **ধিক**। মূলত اُفٌّ যে কোনো ময়লা [যেমন কর্তিত নখ ইত্যাদি]-কে বলা হয়। এ কারণেই কোনো জিনিসের প্রতি ঘৃণা ও অপছন্দনীয়তা প্রকাশের জন্য এটির ব্যবহার করা হয়। (বিস্তারিত সূরা বনী ইসরাঈল, আয়াত : ২৩ দ্রষ্টব্য)

আয়াত : ৬৮

حَرِّقُوْهُ : **তোমরা তাকে পুড়িয়ে দাও**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ ق) মাসদার اَلتَّحْرِيْقُ অর্থ– জ্বালানো; পোড়ানো; প্রজ্বলিত করা।

اُنْصُرُوْا : **তোমরা সাহায্য কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّصْرُ মূলবর্ণ (ن ـ ص ـ ر) অর্থ– সাহায্য করা; সহযোগিতা করা।

اٰلِهَتَكُمْ : **তোমাদের উপাস্যদেরকে**। اٰلِهَةٌ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। اٰلِهَةٌ বহুবচন; একবচন– اِلٰهٌ অর্থ– ইলাহ। উপাস্য। প্রভু; মাবুদ। এটি فِعَالٌ -এর ওজনে مفعول অর্থে– যে সম্প্রদায়ে যার ইবাদত করা হয়, চাই সত্য মাবুদ হোক বা বাতিল মাবুদ হোক তাকে اِلٰهٌ বলা হয়।

আয়াত : ৬৯

كُوْنِىْ : **তুমি হয়ে যাও**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া।

سَلٰمًا : **নিরাপদ**। ইসম। এটি আবার বাব سَمِعَ-এর মাসদার। অর্থ– দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– سَلَامَةٌ ও سِلْم অর্থ– প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন– مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيْهَا [নির্দোষ, তাতে কোনো দাগ নেই] অপ্রকাশ্য যেমন– بِقَلْبٍ سَلِيْمٍ [প্রতারণামুক্ত অন্তর] অন্যত্র আল্লাহ বলেন– اُدْخُلُوْهَا بِسَلَامٍ اٰمِنِيْنَ [তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।] প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়ীত্ব আছে; ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে; অভাব-অনটন নেই, সম্মান আছে; অপদস্থতা নেই, সুস্থতা আছে; রোগ-ব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার হয়েছে। কেউ কেউ বলেন اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে, আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী (র.) হযরত কাতাদা (র.) থেকে سَلَامٌ এর অর্থ বর্ণনা করেছেন যে, اَلسَّلَامُ هُوَ الَّذِيْ يَسْلَمُ خَلْقُهٗ مِنْ ظُلْمِهٖ [سَلَامٌ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে]।

আয়াত : ৭০

اَرَادُوْا : **তারা ইচ্ছা করেছে**। اَرَادُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা; কামনা করা; চাওয়া।

فَجَعَلْنَاهُمْ : **এরপর আমি তাদেরকে করে দিয়েছি/ আমি তাদেরকে বানিয়েছি**। فاء হরফে আত্ফ। جَعَلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; তৈরি করা। هُمْ যমীর মাফঊল।

اَلْاَخْسَرِيْنَ : **সর্বাধিক ক্ষতিগ্রস্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৭১

بٰرَكْنَا : **আমি বরকতময় করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) অর্থ– বরকতময় হওয়া।

আয়াত : ৭২

نَافِلَةً : **পৌত্ররূপে**। نَافِلَةً : নফল আদায়কারী। অতিরিক্ত কর্তব্য পালনকারী। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ ل) মাসদার اَلنَّفْلُ অর্থ– ফরজের অতিরিক্ত ইবাদত করা। যে কোনো অতিরিক্ত বস্তু। আয়াতে نَافِلَةٌ দ্বারা কী উদ্দেশ্য? সে সম্পর্কে ওলামায়ে কেরামের মতবিরোধ রয়েছে। মুজাহিদ ও আতা বলেন نَافِلَةً অর্থ হলো عَطَاءٌ اَحْسَنُ [সর্বোত্তম দান] আর যাহহাক (র.) বলেন, এর অর্থ– হলো فَضْلًا [অনুগ্রহস্বরূপ] উভয় বক্তব্যের সারমর্ম হলো হযরত ইবরাহীম (আ.)-কে সন্তান ইসহাক এবং পৌত্র হযরত ইয়াকূব উভয়কে বখশিশ এবং অনুগ্রহস্বরূপ দান করেছিলেন। কিন্তু হযরত উবাই ইবনে কা'ব, ইবনে আব্বাস, কাতাদা ও ইবনে যায়েদের মত হলো যে, نَافِلَةٌ-এর সম্পর্ক কেবল হযরত ইয়াকূব (আ.)-এর সাথে। কারণ হযরত ইবরাহীম (আ.) সন্তানের জন্য তো দোয়া করেছিলেন, সেই দোয়া কবুল হয়েছিল, যার পরিপ্রেক্ষিতে তাকে সন্তান দেওয়া হয়েছিল। হযরত ইয়াকূব অর্থাৎ পৌত্রের জন্য তো তিনি দোয়া করেননি। তাই তাকে অনুগ্রহস্বরূপ অতিরিক্ত দান করা হয়েছে, তাদের মতে نَافِلَةٌ অর্থ হবে– অতিরিক্ত।

আয়াত : ৭৩

يَّهْدُوْنَ : **তারা পথপ্রদর্শন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

اَوْحَيْنَا : **আমি প্রত্যাদেশ করলাম; আমি ওহী প্রেরণ করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ح ـ ى) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

ـــ : কায়েম করা; প্রতিষ্ঠা করা। মূলত إِقَامَةٌ ছিল। সহজিকরণার্থে تَاءٌ-কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ৭৪

حُكْمًا : বিচারকার্য। মাসদার, বাব نَصَرَ অর্থ– বিচার করা; ফয়সালা করা।

كَانَتْ تَّعْمَلُ : সে করত/ করতেছিল। সীগাহ واحد مونث غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– আমল করা; কাজ করা।

الْخَبَائِثَ : অশ্লীল কর্ম। এটি বহুবচন, একবচন– خَبِيْثَةٌ অর্থ– অশ্লীল কাজ; নোংরা কাজ।

سَوْءٍ : অশ্লীলকর্ম। এটি ইসম। একবচন, বহুবচন– اَسْوَاءٌ [বিস্তারিত সূরা আন'আম, আয়াত : ১৫৭ দ্রষ্টব্য]

আয়াত : ৭৫

اَدْخَلْنٰهُ : আমরা তাকে প্রবেশ করালাম। اَدْخَلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো; দাখিল করা; অন্তর্ভুক্ত করা। ہ যমীর মাফউল।

الصّٰلِحِيْنَ : সৎকর্মপরায়ণ। نصب ও جر অবস্থায়। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ، نَصَرَ ও كَرُمَ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ– সৎকর্মপরায়ণ হওয়া।

আয়াত : ৭৬

اِذْ نَادٰى : যখন সে আহ্বান করেছিল। اذ হরফে শর্ত। نَادٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُنَادَاةُ মূলবর্ণ (ن ـ د ـ و) অর্থ– সম্বোধন করা; আহ্বান করা; ডাকা।

اِسْتَجَبْنَا : আমি ডাকে সাড়া দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ– ডাকে সাড়া দেওয়া; জবাব দেওয়া; কবুল করা।

الْكَرْبِ : সংকট। এটি ইসম ও মাসদার। অর্থ– ভীষণ দুশ্চিন্তা। –[রাগেব] শ্বাসরুদ্ধকর দুঃখ। বড় বিপদ। –[কামূস] كَرَبُ الْاَرْضِ অর্থ– ভূমি খনন করা; জমি চাষ করা। দুঃখও অন্তরে অস্থিরতা সৃষ্টি করে, তাই যেন তা অন্তরের জমিকে খনন করে ফেলে। كَرْبٌ গাইট বা বোঝা যা রশির মাথায় বাঁধা হয়। দুঃখ-কষ্টও অন্তরের বোঝা হয়ে থাকে। –[মুফরাদাত] كَرْبٌ অর্থ নিকটবর্তীও আসে। বলা হয়– كَرَبَتِ الشَّمْسُ [সূর্য অস্ত যাওয়ার উপক্রম হয়েছে।] অধিক দুশ্চিন্তা দ্বারা অন্তরও ডুবতে থাকে, অন্তর ঝিমিয়ে পড়ে, নিষ্ক্রিয় হয়ে জীবনের সজীবতা নিঃশেষ করে দেয়।

আয়াত : ৭৭

نَصَرْنٰهُ : আমি তাকে সাহায্য করেছিলাম। نَصَرْنٰهُ সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার نَصْرٌ অর্থ– সাহায্য করা; সহযোগিতা করা।

كَذَّبُوْا : তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

اَغْرَقْنٰهُمْ : আমি তাদেরকে নিমজ্জিত করেছিলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ ق) মাসদার اَلْاِغْرَاقُ অর্থ– নিমজ্জিত করা; ডুবানো। هُمْ যমীর মাফউল।

আয়াত : ৭৮

دَاوُدَ : বিশিষ্ট নবী হযরত দাউদ (আ.)। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫১ দ্রষ্টব্য)

سُلَيْمٰنَ : বিশিষ্ট নবী হযরত সুলায়মান (আ.)। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দষ্টব্য]

اِذْ يَحْكُمٰنِ : যখন তারা বিচার করছিল। اِذْ হরফে শর্ত। يَحْكُمَانِ সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মসদার اَلْحُكْمُ অর্থ– নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা।

الْحَرْثِ : শস্যক্ষেত্র। মাসদার, বাব ضَرَبَ অর্থ– চাষ করা; বীজ বপন করা; চাষাবাদ করা এবং খেতকেও حرث বলা হয়।

إِذْ نَفَشَتْ : **যখন রাত্রিকালে প্রবেশ করেছিল**। إذ হরফে শর্ত। نَفَشَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ ش) মাসদার اَلنَّفْشُ অর্থ– রাত্রিকালে পশুকে চরতে ছেড়ে দেওয়া; রাত্রিকালে প্রবেশ করা।

شَاهِدِيْنَ : **স্বীকারকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– স্বীকার করা; সাক্ষ্য দেওয়া।

আয়াত : ৭৯

فَفَهَّمْنٰهَا : **অতঃপর আমি তাকে তা বুঝিয়ে দিয়েছিলাম**। فاء হরফে আতফ। فَهَّمْنَا সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ه ـ م) মাসদার اَلتَّفْهِيْمُ অর্থ– বুঝানো; বুঝিয়ে দেওয়া। هَا যমীর মাফঊল।

اٰتَيْنَا : **আমি দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَال মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা; দেওয়া।

سَخَّرْنَا : **আমি অধীন করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْخِيْرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

يُسَبِّحْنَ : **এগুলো পবিত্রতা ও মহিমা ঘোষণা করে**। يُسَبِّحْنَ সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْبِيْحُ মূলবর্ণ (س ـ ب ـ ح) অর্থ– পবিত্রতা বর্ণনা করা; মহিমা বর্ণনা করা।

আয়াত : ৮০

عَلَّمْنٰهُ : **আমি তাকে শিক্ষা দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া। ه যমীর মাফঊলে বিহী।

لَبُوْسٍ : **বর্ম**। এ শব্দটি فَعُوْل-এর ওজনে مَلْبُوْس অর্থে। মূলত যে কোনো পোশাককেই لَبُوْس বলা হয়। প্রসিদ্ধ প্রবাদ–

اَلْبَسْ لِكُلِّ حَالَةٍ لَبُوْسَهَا
اِمَّا نَعِيْمَهَا وَاِمَّا بُوْسَهَا

সর্বদা অবস্থা অনুযায়ী পোশাক পরিধান কর, সুখ অবস্থায় সুখের পোশাক, দুঃখ অবস্থায় দুঃখের পোশাক। এখানে যুদ্ধের পোশাক তথা বর্ম উদ্দেশ্য।

لِتُحْصِنَكُمْ : **যাতে তা তোমাদের সংরক্ষণ করে**। লামটি لام كى ; সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِحْصَانُ মূলবর্ণ (ح ـ ص ـ ن) অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা।

شٰكِرُوْنَ : **কৃতজ্ঞগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞ হওয়া; কৃতজ্ঞতা জ্ঞাপন করা।

আয়াত : ৮১

عَاصِفَةً : **উদ্দাম বায়ু**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ف) মাসদার اَلْعَصْفُ অর্থ– প্রবল বেগে বায়ু প্রবাহিত হওয়া।

تَجْرِىْ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ي) মাসদার اَلْجَرَيَانُ ও اَلْجَرْيُ অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; দৌড়ানো; এগিয়ে যাওয়া।

بٰرَكْنَا : **আমি বরকতময় করেছি**। بٰرَكْنَا সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) অর্থ– বরকতময় হওয়া।

আয়াত : ৮২

يَغُوْصُوْنَ : **তারা ডুবুরির কাজ করে/ তারা ডুব দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ و ـ ص) মাসদার اَلْغَوْصُ অর্থ– ডুব দেওয়া; ডুবুরির কাজ করা; ডুব দিয়ে মূল্যবান বস্তু বের করা।

আয়াত : ৮৩

اَيُّوْبَ : **নবী হযরত আইয়ূব (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

مَسَّ : আমাকে স্পর্শ করেছে/ আমার উপর পতিত হয়েছে। مَسَّنِىْ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْمَسُّ মূলবর্ণ (م ـ س ـ س) অর্থ– স্পর্শ করা; ছোঁয়া, পতিত হওয়া; ধরা।

আয়াত : ৮৪

فَكَشَفْ : অতঃপর আমি অপসারিত করে দিলাম। فاء হরফে আত্ফ। كَشَفْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَشْفُ মূলবর্ণ (ك ـ ش ـ ف) অর্থ– উন্মুক্ত করা; খোলা; অপসারণ করা; দূর করা।

ذِكْرٰى : উপদেশ। এটি বাব نَصَرَ-এর মাসদার। উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذكرى বলা হয়। এটি ذكر থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ৮৫

ذَا الْكِفْلِ : যুলকিফ্ল। পবিত্র কুরআনে তাঁর নাম নবীদের কাতারেই দু'বার উল্লেখ হয়েছে। উভয় স্থানেই শুধু তার নাম নেওয়া হয়েছে। বিস্তারিত কিছু বলা হয়নি। রাসূল ﷺ ও তাঁর ব্যাপারে কিছু বলেননি। পবিত্র কুরআনে তাঁকে ধৈর্যশীল, সৎকর্মপরায়ণ, এবং শ্রেষ্ঠদের মধ্যে হওয়ার সাক্ষ্য প্রদান করা হয়েছে এবং তাকে আল্লাহর রহমতের মধ্যে অন্তর্ভুক্ত করার সুসংবাদ প্রদান করা হয়েছে।

আয়াত : ৮৬

اَدْخَلْنٰهُمْ : আমরা তাদেরকে প্রবেশ করালাম। اَدْخَلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো; দাখিল করা; অন্তর্ভুক্ত করা। هُمْ যমীর মাফউলে বিহী।

আয়াত : ৮৭

ذَا النُّوْنِ : যুন-নূন। ذَا মুযাফ, النُّوْنِ মুযাফ ইলাইহি। ذَا النُّوْنِ অর্থ– মাছওয়ালা/ মাছের অধিকারী বা মাছের সাথে সম্পর্কিত ব্যক্তি। এখানে এই শব্দ দ্বারা হযরত ইউনুস (আ.)-কে বুঝানো হয়েছে। এটা তাঁর উপাধি। কেননা মাছ তাকে গ্রাস করেছিল এরপর তীরে এনে ফেলে দিয়েছিল। –[বায়যাভী, জালালাইন]

ذَهَبَ : সে চলে গেল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَابُ অর্থ– যাওয়া।

مُغَاضِبًا : ক্রুদ্ধ অবস্থায়/ক্রুদ্ধ হয়ে। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل নসব অবস্থায়। বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ض ـ ب) মাসদার اَلْغَضَبُ অর্থ– ক্রুদ্ধ হওয়া। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন–غَضْبَانٌ ঐ ব্যক্তি যার ক্রোধে তীব্রতা রয়েছে, غَضُوْبٌ ঐ ব্যক্তি যে অধিক ক্রুদ্ধ হয়, আর غَضَبَةٌ ঐ ব্যক্তি যে দ্রুত ক্রুদ্ধ হয়।

ظَنَّ : সে মনে করেছে; সে ধারণা করেছে। ظَنَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা। শব্দটি কখনও বাব نَصَرَ -এর মাসদার হয়ে আবার কখনও ইসম হয়ে ব্যবহার হয়। ইসম হলে তার বহুবচন আসে– ظُنُوْنٌ –[বিস্তারিত সূরা ইউসুফ, আয়াত : ৪২ দ্রষ্টব্য]

لَنْ نَقْدِرَ : আমি নির্ধারণ করব না। لَنْ نَقْدِرَ সীগাহ جمع متكلم বহছ نفى تاكيد بلن মাসদার اَلْقَدْرُ; اَلْقَدَرُ، اَلْقُدْرَةُ মূলবর্ণ (ق ـ د ـ ر) লাযেম-মুতা'আদ্দী উভয়ভাবেই ব্যবহৃত হয়। লাযেম হলে অর্থ হবে– সক্ষম হওয়া, প্রবল হওয়া, কর্তৃত্ববান হওয়া। বাব (ضَرَبَ، سَمِعَ، نَصَرَ) তখন তার মাসদার হবে اَلْقَدْرُ، اَلْقُدْرَةُ، اَلْمَقْدَرَةُ، اَلْمِقْدَارُ، اَلْاِقْتِدَارُ، اَلْقُدُوْرُ، وَالْقُدُوْرَةُ وَ اُلْقُدْرَانُ আর যদি মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে– জীবিকা সঙ্কীর্ণ করা; সম্মান করা; আল্লাহ নির্দেশ দেওয়া, পৌঁছানো; উদ্বুদ্ধ করা; সময় নির্ধারণ করা। বাব ضَرَبَ وَنَصَرَ [কামূস]

فَنَادٰى : অতঃপর সে আহ্বান করল। فاء হরফে আত্ফ। সীগাহ نَادٰى واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُنَادَاةُ মূলবর্ণ (ن ـ د ـ و) অর্থ– সম্বোধন করা; আহ্বান করা; ডাকা।

يَدْعُوْنَنَا : **তারা আমাদেরকে আহ্বান করে**। يَدْعُوْنَ সীগাহ مضارع معروف বহছ جمع مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা। نَا যমীর মাফউলে বিহী।

رَغَبًا : **আশার সাথে/ আশা করে**। এটি বাব سَمِعَ -এর মাসদার। আরো মাসদার হলো– اَلرَّغْبَةُ ، اَلرَّغْبى অর্থ– কামনা করা; প্রত্যাশা করা; আশা করা।

رَهَبًا : **ভীতির সাথে**। এটি বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– ভয় করা।

خٰشِعِيْنَ : **বিনয়ীগণ**। خٰشِعِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ش ـ ع) মাসদার اَلْخُشُوْعُ অর্থ– ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া।

আয়াত : ৯১

اَحْصَنَتْ : **সে রক্ষা করেছে**। اَحْصَنَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার اَلْاِحْصَانُ অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা।

فَرْجَهَا : **তার লজ্জাস্থান; তার যোনী**। فَرْجٌ মুযাফ هَا যমীর واحد مؤنث غائب মুযাফ ইলাইহি। [নসব অবস্থায়] একবচন, বহুবচন– فُرُوْجٌ , যার মাসদারী অর্থ– বিদীর্ণ করা; ফাড়া। আর মাসদার না হলে এর অর্থ– ফাটল। মহিলা ও পুরুষের লজ্জাস্থান। আয়াতে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

نَفَخْنَا : **আমি ফুঁ দিলাম**। [আমি রূহ সঞ্চার করেছি] نَفَخْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ خ) মাসদার اَلنَّفْخُ অর্থ– ফুঁ দেওয়া।

رُوْحِنَا : **আমার রূহ**। رُوْحٌ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। একবচন; বহুবচন– اَرْوَاحٌ ; পবিত্র কুরআনে শব্দটি তিন স্থানে এসেছে। যেখানে رُوْحَنَا (ح বর্ণে যবরযোগে) আছে সেখানে رُوْحٌ অর্থ– জিবরাঈল। আর যেখানে مِنْ رُّوْحِنَا আছে সেখানে روح অর্থ– হযরত ঈসা (আ.)-এর রূহ। আল্লামা

আয়াত : ৮৮

نُنْجِى : **আমি উদ্ধার করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلْاِنْجَاءُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া।

আয়াত : ৮৯

لَا تَذَرْنِى : **তুমি আমাকে ত্যাগ করো না**। لَا تَذَرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذَرُ অর্থ– ছেড়ে দেওয়া; অব্যাহতি দেওয়া; রেহাই দেওয়া। এ অর্থে فعل مضارع ও فعل نهى – فعل امر ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। نِى যমীর মাফঊলে বিহী।

فَرْدًا : **একা**। [নিঃসন্তান] একবচন, বহুবচন– اِفْرَادٌ ও فُرَادٰى ; অর্থ– একা; যে অন্যের সাথে মিশে না।

اَلْوٰرِثِيْنَ : **চূড়ান্ত মালিক**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব حَسِبَ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلتُّرَاثُ – اَلْاِرْثُ – اَلْوِرَاثَةُ অর্থ– উত্তরাধিকারী হওয়া; মালিক হওয়া।

আয়াত : ৯০

اَصْلَحْنَا : **আমরা যোগ্যতাসম্পন্ন করেছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ– সংশোধন করা; সংস্কার করা; সৎকর্ম করা। যোগ্যতাসম্পন্ন করা। [এখানে সন্তান ধারণের যোগ্যতা উদ্দেশ্য]

كَانُوْا يُسَارِعُوْنَ : **তারা প্রতিযোগিতা করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُسَارَعَةُ মূলবর্ণ (س ـ ر ـ ع) অর্থ– প্রতিযোগিতা করা; দৌড়ানো; ত্বরা করা।

اَلْخَيْرٰتِ : **সৎকর্ম; কল্যাণমূলক কাজ**। বহুবচন, একবচন– خَيْرَةٌ

জালালুদ্দিন সুয়ূতী (র.) লিখেছেন যে, رُوْحٌ শব্দের অনেকগুলো অর্থ আছে। –[বিস্তারিত সূরা মারইয়াম, আয়াত : ১৭ দ্রষ্টব্য]

আয়াত : ৯৩

تَقَطَّعُوْا : **তারা বিভক্ত করেছে।** جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ– বিভক্ত করা; টুকরা টুকরা করা; খণ্ড-বিখণ্ড করা।

رَاجِعُوْنَ : **প্রত্যানীতগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৯৪

فَلَا كُفْرَانَ : **অগ্রাহ্য হবে না/অস্বীকৃত হবে না।** فاء হরফে আত্ফ। كُفْرَانٌ বাব نَصَرَ -এর মাসদার। মূলবর্ণ(ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; কুফরি করা; অগ্রাহ্য করা।

لِسَعْيِهٖ : **তার কর্ম প্রচেষ্টা।** لام - حرف جر , سَعْيٌ মাসদার মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ع ـ ي) জিনস ناقص يائى অর্থ– চেষ্টা করা।

كَاتِبُوْنَ : **লিপিবদ্ধকারী।** كَاتِبُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل حاضر বাব نَصَرَ মাসদার اَلْكِتَابَةُ মূলবর্ণ (ك ـ ت ـ ب) অর্থ– লিখা; নির্ধারণ করা; ফরজ করা।

আয়াত : ৯৫

حَرَامٌ : **নিষিদ্ধ; হারাম; অসম্ভব।** একবচন, বহুবচন– حُرُمٌ

لَا يَرْجِعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৯৬

فُتِحَتْ : **উন্মুক্ত করা হবে/ মুক্ত করা হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ অর্থ– উন্মুক্ত করা; খোলা। বিজয় লাভ করা। মুক্ত করা।

يَاجُوْجُ وَ مَاجُوْجُ : **ইয়া'জুজ ও মা'জুজ।** এই দুই নামের বিভিন্ন ব্যাখ্যা করা হয়েছে। কুরআনের বিবরণ অনুযায়ী এরা ছিল দুষ্ট প্রকৃতির ভীষণ অত্যাচারী পার্বত্য জাতি, যাদের উৎপীড়নে পার্শ্ববর্তী এলাকার লোকেরা অতিষ্ঠ হয়েছিল। তাদের বাসস্থান কোথায় তা সঠিকভাবে এখনও নির্ণয় সম্ভব হয়নি। হযরত হুযায়ফা (রা.) থেকে মারফূ রেওয়ায়েতে বর্ণিত আছে শব্দদু'টি অনারবী। হযরত যাহহাকের মতানুযায়ী এরা ছিল তুর্কীদের বংশোদ্ভূত। আর সুদ্দীর মতানুযায়ী বরং তুর্কীরাই এদের একটি সম্প্রদায়। সকল ঐতিহাসিকগণ এদেরকে ইয়াফেস বিন নূহের বংশধর বলে অভিহিত করেছেন। [বিস্তারিত সূরা কাহাফ, আয়াত : ৯৪ দ্রষ্টব্য]

حَدَبٍ : **উচ্চভূমি।** حَدَبَ الرَّجُلُ তখন বলা হয় যখন মানুষ কুঁজো হয়ে যায় এবং তার কোমর উপরের দিকে উত্থিত হয়। এ সাদৃশ্যতার কারণে উচ্চভূমিকে حَدَبٌ বলা হয়।

يَنْسِلُوْنَ : **তারা বের হয়/ তারা ছুটে আসে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ س ـ ل) মাসদার اَلنَّسْلُ অর্থ– বের হওয়া; ছুটে আসা।

আয়াত : ৯৭

اِقْتَرَبَ : **সে নিকটবর্তী হয়েছে।** اِقْتَرَبَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِقْتِرَابُ মূলবর্ণ(ق ـ ر ـ ب) অর্থ– নিকটবর্তী হওয়া; পাশাপাশি হওয়া।

مُعْرِضُوْنَ : **উদাসীন/বিমুখ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ(ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– উপেক্ষা করা; উদাসীন হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

شَاخِصَةٌ : **স্থির।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ خ ـ ص) মাসদার اَلشُّخُوْصُ অর্থ– স্থির হওয়া, চোখ খোলা রাখা।

غَفْلَةٍ : **উদাসীন**। বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– ভুলে যাওয়া; উদাসীন হওয়া।

আয়াত : ৯৮

تَعْبُدُوْنَ : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ ও اَلْعُبُوْدَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

حَصَبُ جَهَنَّمَ : **জাহান্নামের ইন্ধন**। حَصَبُ মুযাফ, جَهَنَّمَ মুযাফ ইলাইহি।

وَارِدُوْنَ : **অবতরণকারীগণ**। وَارِدُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْوُرُوْدُ মূলবর্ণ (و ـ ر ـ د) অর্থ– অবতরণ করা; প্রবেশ করা; আগমন করা।

আয়াত : ৯৯

مَا وَرَدُوْا : **তারা প্রবেশ করত না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ د) মাসদার اَلْوُرُوْدُ অর্থ– অবতরণ করা; প্রবেশ করা।

خٰلِدُوْنَ : **স্থায়ী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– স্থায়ী হওয়া; শাশ্বত হওয়া।

আয়াত : ১০০

زَفِيْرٌ : **চিৎকারধ্বনি/ আর্তনাদ**। বাব ضَرَبَ-এর মাসদার। আল্লামা খাযেন বাগদাদী (র.) লিখেছেন– زَفِيْرٌ এমন শ্বাসকে বলা হয় যা এত অধিক আসা-যাওয়া করে যে, তাতে ফুসফুস স্ফীত হয়ে পড়ে। আর شَهِيْقٌ বলা হয় সিনার দিকে শ্বাস ফিরে যাওয়াকে। অথবা زَفِيْرٌ হলো শ্বাস টেনে বের করা। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন– زَفِيْرٌ হলো উচ্চশব্দ, আর شَهِيْقٌ হলো ক্ষীণশব্দ। যাহহাক ও মুকাতিল বলেন– زَفِيْرٌ বলা হয় গাধার আওয়াজের শুরুকে আর شَهِيْقٌ বলা হয় গাধার আওয়াজের শেষাংশকে,যখন সে শ্বাস সিনার দিকে ফিরিয়ে নেয়। আবুল আলিয়া বলেন– زَفِيْرٌ থাকে কণ্ঠে আর شَهِيْقٌ থাকে পেটের ভিতর।

আয়াত : ১০১

سَبَقَتْ : **তা পূর্বে নির্ধারিত হয়েছে**। سَبَقَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ– অগ্রসর হওয়া; অতিক্রম করা; পূর্বে কোনো কিছু সংঘটিত হওয়া।

مُبْعَدُوْنَ : **দূরকৃত/দূরীভূত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ع ـ د) মাসদার اَلْاِبْعَادُ অর্থ–দূর করা; দূরে রাখা।

আয়াত : ১০২

حَسِيْسَهَا : **তার ক্ষীণতম শব্দ**। حَسِيْسٌ মুযাফ, هَا যমীর মুযাফ ইলাইহি। যার مَرْجِع জাহান্নাম।

مَا اشْتَهَتْ : **তারা যা কামনা করবে/চাইবে**। مَا ইসমে মাউসূল। اِشْتَهَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِهَاءُ মূলবর্ণ (ش ـ ه ـ و) অর্থ– কামনা করা; আকাঙ্ক্ষা করা।

আয়াত : ১০৩

لَا يَحْزُنُهُمْ : **তাদেরকে বিচলিত করবে না**। لَا تَحْزَنُ সীগাহ واحد مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– দুঃখ করা; চিন্তা করা। هُمْ যমীর মাফঊল।

اَلْفَزَعُ الْاَكْبَرُ : **মহাভীতি**। اَلْفَزَعُ ইসমে ফে'ল। অর্থ– ভয়-ভীতি। রাসূল ﷺ বলেন– اِنَّكُمْ لَتَكْثُرُوْنَ عِنْدَ الْفَزَعِ وَتَقِلُّوْنَ عِنْدَ الطَّمَعِ (তোমরা ভয়-ভীতির সময় সংখ্যায় বৃদ্ধি পাও, আর সম্পদ গ্রহণের সময় তোমাদের সংখ্যা হ্রাস পায়।)

اَلْاَكْبَرُ : **সর্ববৃহৎ/ সবচেয়ে বড়**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكِبَرُ অর্থ– বড় হওয়া। এখানে اَلْفَزَعُ

اَلْاَكْبَرُ দ্বারা উদ্দেশ্য হলো দ্বিতীয় শিঙ্গায় ফুৎকার, যাতে সকল মৃত জীবিত হয়ে যাবে। মূলত কিয়ামতের সময় শিঙ্গায় ফুৎকার দেওয়া হবে তিনটি। প্রথমটি হলো نَفْخَةُ فَزَعٍ বা আতঙ্কিত করার ফুৎকার। যাতে সমগ্র মানুষ ঘাবড়ে যাবে, এ আয়াতে এটিই উদ্দেশ্য। দ্বিতীয়টি হবে نَفْخَةُ صَعْقٍ যা দ্বারা সকলে মরে যাবে। তৃতীয়টি হবে نَفْخَةُ بَعْثٍ বা পুনরুত্থানের ফুৎকার। এর দ্বারা সকলেই পুনরুত্থিত হবে।

تَتَلَقّٰهُمُ : **তাদেরকে অভ্যর্থনা করবে।** تَتَلَقّٰى সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّلَقِّىْ মূলবর্ণ (ل ـ ق ـ ي) অর্থ– সাক্ষাৎ করা; মিলিত হওয়া; অভ্যর্থনা জানানো; স্বাগতম জানানো।

كُنْتُمْ تُوْعَدُوْنَ : **তোমাদেরকে প্রতিশ্রুতি দেওয়া হচ্ছিল।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা; ওয়াদা করা।

আয়াত : ১০৪

نَطْوِىْ : **আমি গুটিয়ে ফেলব।** نَطْوِىْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلطَّىُّ মূলবর্ণ (ط ـ ي ـ ى) অর্থ– গুটানো; গুটিয়ে ফেলা।

السِّجِلِّ : **লিখিত দফতর।** এককালে দলিল-দস্তাবেয, ফরমান ইত্যাদি গুটিয়ে রাখা হতো। এখানে এভাবে কাগজ পত্রাদি গুটানোর সঙ্গে আকাশমণ্ডলীকে গুটিয়ে ফেলার তুলনা করা হয়েছে। –[কাশশাফ, বায়যাভী]

بَدَأْنَا : **আমি প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْبَدْأُ অর্থ– সূচনা করা; শুরু করা; আরম্ভ করা। كُمْ যমীর মাফউলে বিহী।

نُعِيْدُهٗ : **আমি তা পুনরায় সৃষ্টি করব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعَادَةُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– পুনর্বার সৃষ্টি করা।

আয়াত : ১০৫

كَتَبْنَا : **আমি লিখে দিয়েছি।** كَتَبْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتَابَةُ মূলবর্ণ (ك ـ ت ـ ب) অর্থ– লিপিবদ্ধ করা; লিখা।

الزَّبُوْرِ : **যাবূর।** এটি একবচন; বহুবচন– زُبُرٌ ; যার অর্থ লেখা। শব্দটি زَبُوْرٌ - فَعُوْلٌ -এর ওজনে مَكْتُوْبٌ অর্থে। ইমাম রাগেব লিখেছেন, যে কিতাবের লিখনী গাঢ় তাকে زَبُوْرٌ বলা হয়। আবার কেউ বলেছেন, এ রকম নয়; বরং আসমানি কিতাবসমূহের মধ্যে যা বুঝতে কষ্টকর তাকে زَبُوْرٌ বলা হয়। যেমন– وَاِنَّهٗ لَفِىْ زُبُرِ الْاَوَّلِيْنَ (পূর্ববর্তীদের কিতাবে এটা লিখা আছে)। আবার কারো মতে زَبُوْرٌ এমন কিতাবকে বলা হয়, যাতে শুধুমাত্র জ্ঞানমূলক ও হিকমতপূর্ণ কথা আছে। শরিয়তের বিধিবিধান তাতে থাকে না। আর কিতাব বলা হয় যাতে শরিয়তের বিধিবিধানও থাকে। হযরত দাঊদ (আ.)-এর যাবূরগ্রন্থে শরিয়তের বিধিবিধান সম্পর্কিত কোনো কিছু ছিল না। এখানে زُبُرٌ দ্বারা তাওরাত, যাবূর, ইঞ্জিল ও কুরআন উদ্দেশ্য।

يَرِثُهَا : **সে এটার উত্তরাধিকারীত্ব করবে।** يَرِثُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلْوَرَاثَةُ অর্থ– উত্তরাধিকারী হওয়া। মালিক হওয়া।

আয়াত : ১০৬

بَلٰغًا : **বার্তা; ম্যাসেজ।** মাসদার। বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) জিনস صحيح অর্থ– পৌঁছানো। এটি تَبْلِيْغٌ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১০৭

مَاۤ اَرْسَلْنٰكَ : **আমি আপনাকে প্রেরণ করিনি।** اَرْسَلْنَاكَ সীগাহ جمع متكلم বহছ ماضى منفى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো; বার্তা পৌঁছানো। ك যমীর মাফউলে বিহী।

আয়াত : ১০৮

يُوْحٰى : **সে প্ররোচিত করে।** يُوْحِىْ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী বা প্রত্যাদেশ প্রেরণ করা। এখানে এটি يُوَسْوِسُ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১০৯

اِنْ تَوَلَّوْا : **যদি তারা মুখ ফিরিয়ে নেয়।** اَنْ تَوَلَّوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া।

اٰذَنْتُكُمْ : **আমি তোমাদেরকে জানিয়ে দিয়েছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) মাসদার اَلْاِيْذَانُ অর্থ– জানিয়ে দেওয়া; অবগত করানো; সংবাদ দেওয়া। كُمْ যমীর মাফউল বিহী।

سَوَاءٍ : **সমান।** এটি ইসমে মাসদার اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) الاتقان গ্রন্থে লিখেছেন যে, سَوَاءٌ শব্দটি مُسْتَوِىْ (সমান) অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে قَصْر হয়। যেমন– مَكَانًا سُوًى [স্থান সমতল ও পরিচ্ছন্ন] আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়। যথা–

১. সমান। যেমন– سَوَاءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ (তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান)

২. মধ্যস্থল। যেমন– فِىْ سَوَاءِ الْجَحِيْمِ (জাহান্নামের মধ্যস্থলে)

৩. পরিপূর্ণ। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَاءً [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে এ শব্দটি غَيْر অর্থে ব্যবহার হয়নি।

اَدْرِىْ : **আমি জানি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (د ـ ر ـ ى) মাসদার اَلدِّرَايَةُ অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ১১০

مَا تَكْتُمُوْنَ : **যা তোমরা গোপন কর।** مَا ইসমে মাউসূল। تَكْتُمُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكَتْمُ ও اَلْكِتْمَانُ মূলবর্ণ (ك ـ ت ـ م) অর্থ– গোপন করা; লুকানো।

আয়াত : ১১১

فِتْنَةٌ : **পরীক্ষা।** একবচন, বহুবচন– فِتَنٌ

مَتَاعٌ : **সুখ-সম্ভোগ।** এটি ইসম ও নাকেরা। একবচন, বহুবচন– اَمْتِعَةٌ অর্থ– নির্দিষ্ট সময় পরিমাণ উপকৃত হওয়া; যে সম্পদ দ্বারা উপকৃত হওয়া যায় তাকে مَتَاعٌ বলা হয়। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ১১২

اُحْكُمْ : **তুমি ফয়সালা করে দাও/ব্যবস্থা করে দাও।** اُحْكُمْ সীগাহ واحد مذكر حاضر বহছ امرحاضر বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ– নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা; হুকুম দেওয়া।

اَلْمُسْتَعَانُ : **সাহায্যস্থল। যার নিকট সাহায্য প্রার্থনা করা হয়।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِعَانَةُ মূলবর্ণ (ع ـ و ـ ن) অর্থ– সাহায্য প্রার্থনা করা।

تَصِفُوْنَ : **তোমরা বর্ণনা করছ।** تَصِفُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْفُ মূলবর্ণ (و ـ ص ـ ف) অর্থ– কোনো জিনিসকে তার বৈশিষ্ট্য ও গুণের সাথে বর্ণনা করা, সে গুণ সত্যও হতে পারে আবার মিথ্যাও হতে পারে। এখানে মিথ্যা গুণ বর্ণনা উদ্দেশ্য।

সূরা হাজ্জ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৭৮ রুকূ' : ১০

আয়াত : ১

اِتَّقُوْا : **তোমরা তাকওয়া অবলম্বন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার : اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; আল্লাহভীতি অর্জন করা; বর্জন করা; বিরত থাকা।

زَلْزَلَة : **প্রকম্পন**। এটি بَعْثَرَةٌ -এর ওজনে মাসদার। رباعى مجرد

اَلسَّاعَة : **কিয়ামত দিবস**। সময়, মুহূর্ত। রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَةٌ বলা হয়। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই اَلسَّاعَةُ শব্দ এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, কালের মুহূর্তসমূহের মধ্য থেকে যে কোনো মুহূর্তকে سَاعَةٌ বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন– اِقْتَرَبَ السَّاعَة / يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَة / وَعِنْدَهُ عِلْمُ السَّاعَةِ ইত্যাদি আয়াত এর প্রমাণ।

আয়াত : ২

تَرَوْنَهَا : **তোমরা তা প্রত্যক্ষ করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

تَذْهَلُ : **সে বিস্মৃত হবে**। সীগাহ واحد مؤنث حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلذُّهُوْلُ মূলবর্ণ (ذ ـ ه ـ ل) অর্থ– কোনো কিছুর মধ্যে এমনভাবে ব্যস্ত হওয়া যে, কাজে ভুল সৃষ্টি হয়ে যায়।

مُرْضِعَة : **স্তন্যদাত্রী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ض ـ ع) মাসদার اَلْاِرْضَاعُ অর্থ– স্তন্য দান করা; দুধ পান করানো।

عَمَّا اَرْضَعَتْ : **দুগ্ধপোষ্য**। اَرْضَعَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْضَاعُ মূলবর্ণ (ر ـ ض ـ ع) অর্থ– স্তন্য দান করা; দুধ পান করানো।

تَضَعُ : **সে গর্ভপাত করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْوَضْعُ মূলবর্ণ (و ـ ض ـ ع) অর্থ– রাখা; গর্ভপাত করা।

حَمْلٍ : **গর্ভবতী**। একবচন, বহুবচন– اَحْمَالٌ

سُكَارَى : **নেশাগ্রস্ত**। এটি বাব سَمِعَ -এর মাসদার سُكْرٌ থেকে যার অর্থ মাতাল হওয়া; নেশাগ্রস্ত হওয়া। শব্দটি جمع مكسر বা اسم جمع ; আল্লামা সাহারানী এবং সীবাওয়াই جمع مكسر হওয়াকেই প্রাধান্য দিয়েছেন।

আয়াত : ৩

يُجَادِلُ : **সে বিতণ্ডা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– ঝগড়া-বিবাদ করা; বিতণ্ডা করা।

يَتَّبِعُ : **সে অনুসরণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

مَرِيْدٍ : **বিদ্রোহী**। সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মাসদার اَلْمَرَدُ ও اَلْمُرُوْدُ অর্থ– খালি হওয়া; শূন্য হওয়া; বিবস্ত্র হওয়া। শয়তান যেহেতু সকল প্রকার কল্যাণ থেকে শূন্য তাই তাকে مَرِيْد ও مَارِدْ বলা হয়েছে।

আয়াত : ৪

كُتِبَ : **লিখা হয়েছে/নিয়ম করে দেওয়া হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ– লিখা।

تَوَلَّاهُ : **সে তার সাথে বন্ধুত্ব করেছে**। تَوَلّٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– বন্ধুত্ব করা। ه যমীরে মাফঊল।

يُضِلُّهُ : **সে তাকে পথভ্রষ্ট করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ- বিপথগামী করা; পথভ্রষ্ট করা। ه যমীর মাফঊলে বিহী।

يَهْدِيْهِ : **সে তাকে পরিচালিত করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ- সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া। ه যমীর মাফঊলে বিহী।

اَلسَّعِيْرِ : **প্রজ্বলিত অগ্নি।** فَعِيْلٌ এর ওজনে مَسْعُوْرٌ অর্থে। বাব فَتَحَ থেকে মাসদার اَلسَّعْرُ অর্থ- প্রজ্বলিত করা।

আয়াত : ৫

اِنْ كُنْتُمْ فِيْ رَيْبٍ : **যদি তোমরা সন্দিগ্ধ হও।** رَيْبٌ সম্পর্কে ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন- اَلرَّيْبُ اَنْ تَتَوَهَّمَ بِالشَّيْءِ اَمْرًا مَا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمُهُ মোটকথা- رَيْبٌ -এর ব্যবহার এমন সন্দেহ বা ধারণা সম্বন্ধে হয় যার বাস্তবতা পরবর্তীতে তার বিপরীত প্রমাণিত হয়। কালের দুর্যোগের সময়ের ব্যাপারেও যেহেতু সন্দেহ থাকে যে, না জানি তা কখন এসে পড়ে, তাই যখন رَيْبٌ কে কালের সাথে সম্পৃক্ত করা হয় তখন অর্থ হবে- কালের দুর্যোগ। যেমন আল্লাহর বাণী- نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ

اَلْبَعْثِ : **পুনরুত্থান।** এটি বাব فَتَحَ -এর মাসদার; মূলবর্ণ (ب ـ ع ـ ث) -এর প্রকৃত অর্থ- প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো।

خَلَقْنٰكُمْ : **আমি তোমাদেরকে সৃষ্টি করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা। শুরুতে لام তাকীদের জন্য। كم যমীর মাফঊলে বিহী।

عَلَقَةٍ : **রক্তপিণ্ড, জমাট রক্ত।** ইমাম কুরতুবী (র.) লিখেছেন- عَلَقَةٌ জমাট রক্তপিণ্ডকে বলা হয়। আর যদি তা প্রবহমান হয় তখন তাকে مَسْفُوْحٌ বলা হয়। তাফসীরকারগণ এর অর্থ রক্তপিণ্ড করেছেন। কিন্তু আধুনিক জীববিজ্ঞানীগণ মাতৃগর্ভে মনুষ্য ভ্রুণের ক্রমবিকাশের বর্ণনায় বলেন যে, পুরুষের শুক্র ও নারীর ডিম্বাণু মিলিত হয়ে মাতৃগর্ভে যে ভ্রুণের সৃষ্টি হয় তা গর্ভধারণের পঞ্চম বা ষষ্ঠ দিবসে জরায়ু গাত্রে সংলগ্ন হয়ে পড়ে এবং এই সম্পৃক্তি সংঘটিত না হলে গর্ভধারণ স্থায়ী হয় না। এই কারণে বর্তমানে عَلَقٌ এর অনুবাদ করা হয় 'এমন কিছু, যা লেগে থাকে।

مُضْغَةٍ : **গোশতপিণ্ড।** একবচন, বহুবচন- مُضَغٌ

مُخَلَّقَةٍ : **পূর্ণাকৃতি।** সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلتَّخْلِيْقُ অর্থ- সৃষ্টি করা। مُخَلَّقَةٌ ও غَيْرِ - مُخَلَّقَةٍ -এর তাফসীর প্রসঙ্গে তাফসীরবিদদের কয়েকটি উক্তি রয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.) ও কাতাদা (র.) বলেন, مُخَلَّقَةٌ পূর্ণাঙ্গ। আর غَيْرِ مُخَلَّقَةٍ হলো অপূর্ণাঙ্গ; যা পড়ে যায়। আর মুজাহিদ (র.) বলেন- مُخَلَّقَةٍ হলো পূর্ণাকৃতি, আর غَيْرِ مُخَلَّقَةٍ হলো অপূর্ণাকৃতি, অপূর্ণাঙ্গ সন্তান, যা পড়ে যায়। কারো কারো মত হলো- যে বাচ্চা সময় মতো জন্মগ্রহণ করে তাকে বলা হয় مُخَلَّقَةٌ আর যদি সময়ের পূর্বে গর্ভপাত হয় তাকে বলা হয় غَيْرُ مُخَلَّقَةٍ

لِنُبَيِّنَ لَكُمْ : **তোমাদের নিকট ব্যক্ত করার জন্য।** نُبَيِّنُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ي ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- বর্ণনা করা; ব্যক্ত করা; বিবৃত করা।

نُقِرُّ : **আমি স্থিত রাখি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْاِقْرَارُ অর্থ- স্থিত রাখা।

نُخْرِجُكُمْ : **আমি তোমাদেরকে বের করব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা।

لِتَبْلُغُوْا اَشُدَّكُمْ : **যাতে তোমরা পরিণত বয়সে উপনীত হও।** লামটি لام كي ; تَبْلُغُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ- পৌঁছা; উপনীত হওয়া।

اَشُدَّكُمْ : তোমাদের পূর্ণ যৌবনে। اَشُدَّ মুযাফ, كُمْ যমীর مضاف اليه ; اَشُدَّ শব্দের অর্থ হলো শক্তি, জ্ঞান ও বিবেক পূর্ণাঙ্গ হওয়া। শব্দটি একবচন নাকি বহুবচন সে সম্পর্কে ভাষাবিদগণের বিভিন্ন মতামত রয়েছে। কারো কারো মতে এটি آنك -এর ন্যায় শব্দগত ও অর্থগতভাবে একবচন; কিন্তু বহুবচনের ওজনে এসেছে। এ বৈশিষ্ট্যের সাথে এ দু'টি শব্দের কোনো দৃষ্টান্ত নেই। কারো কারো মতে এটি شَدٌّ -এর বহুবচন। যেমন- كَلْبٌ -এর বহুবচন اَكْلُبٌ আবার কেউ এটাকে شَدٌّ -এর বহুবচন বলেছেন। যেমন ذِئْبٌ -এর বহুবচন اَذْؤُبٌ ; সিবাওয়াই বলেন, এটি বহুবচন; এর একবচন হলো شِدَّةٌ ; যেমন نِعْمَةٌ - এর বহুবচন- اَنْعُمٌ। যৌবনের এ পূর্ণাঙ্গতা কত বৎসর বয়সে হয় সে সম্পর্কেও মতবিরোধ রয়েছে। ইমাম আবূ হানীফা ও ইকরিমা বলেন ২৫ বছর। কেউ বলেন, বালেগ হওয়া থেকেই শুরু হয়। কেউ বলেন, ১৮ কেউ বলেন, ৩০ কেউ বলেন, ৪০ আবার কারো মতে ৩৫ বছর থেকে এর সূচনা হয়। কামূস গ্রন্থকারের মতে এ সময়টা ১৮ বছর থেকে ৩০ বছর পর্যন্ত বর্ণিত হয়েছে। কিন্তু আল্লামা যমখশারী (র.)-এর শেষসীমা ষাট বছর বলেছেন।

يُتَوَفّٰى : সে প্রাণ হরণ করছে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّىْ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ- প্রাণ হরণ করা; মৃত্যু দেওয়া; পূর্ণ করা।

يُرَدُّ : প্রত্যাবৃত্ত করা হয়। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ- প্রত্যাখ্যান করা; রদ করা; প্রত্যাবর্তন করা।

اَرْذَلِ الْعُمُرِ : হীনতম বয়স। اَرْذَلُ সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মুযাফ, اَلْعُمُرُ মুযাফ ইলাইহি।

هَامِدَةً : শুষ্ক। هَامِدَةٌ সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ م ـ د) মাসদার اَلْهُمُوْدُ অর্থ- শুষ্ক হওয়া।

اَنْزَلْنَا : আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা; নাজিল করা।

اِهْتَزَّتْ : সে আন্দোলিত হয়। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِهْتِزَازُ মূলবর্ণ (ه ـ ز ـ ز) অর্থ- নাড়া দেওয়া। هَزَّةٌ অর্থ- খুশি; খোশমেজাজী; প্রফুল্লতা। هَزِيْزٌ - هَزْهَازٌ ও هَزْهَزٌ অর্থ- হাঁড়ির টগবগানির শব্দ। বাব نَصَرَ থেকে মাসদার هَزِيْزٌ -ও আসে। তখন অর্থ হয়- কাউকে এত খুশি করা যে সে আনন্দে দুলতে থাকে। জনৈক কবি বলেন-

اَهُزُّ بِهٖ فِىْ نَدْوَةِ الْحَىِّ عِطْفَهٗ ۔
كَمَا هَزَّ عِطْفِىْ بِالْهِجَانِ الْاَوَارِكِ

هَزْهَزَةٌ অর্থ- বিশৃঙ্খলা সৃষ্টি করা; গণ্ডগোল বাধানো; অপদস্ত করা। تَهْزِيْزٌ অর্থ- নাড়ানো। تَهَزُّزٌ অর্থ- আন্দোলিত হওয়া; নড়া। اَلْاِهْتِزَازُ অর্থ- আন্দোলিত হওয়া; দুলতে থাকা। -[তাজ ও সিহাহ]

رَبَتْ : তা স্ফীত হয়। رَبَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلرُّبُوُّ মূলবর্ণ (ر ـ ب ـ و) অর্থ- বৃদ্ধি পাওয়া; স্ফীত হওয়া; বেশি হওয়া।

اَنْبَتَتْ : তা উদ্গত করে; উৎপন্ন করে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ- গজানো; উদ্গত করা; উৎপন্ন করা।

زَوْجٍ : জোড়া। বহুবচন- اَزْوَاجٌ ; আল্লামা আহমদ ফাইউমী বলেন- زَوْجٌ এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে। যেমন- শুষ্ক ও আদ্র, নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ বলেন, زَوْجٌ যে কোনো দু'টিকে বলে فَرْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ।

أَنْسَوْكُمْ : **তারা তোমাদেরকে ভুলিয়ে দিয়েছিল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ س ـ ي) মাসদার اَلْإِنْسَاءُ অর্থ– বিস্মৃত করা; ভুলিয়ে দেওয়া।

تَضْحَكُوْنَ : **তোমরা হাসি-ঠাট্টা করতে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ض ـ ح ـ ك) মাসদার اَلضَّحْكُ অর্থ– হাসা; হাসি-ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ১১১

جَزَيْتُهُمْ : **আমি তাদেরকে প্রতিফল দিয়েছিলাম।** جَزَيْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ي) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া। هم যমীর মাফঊলে বিহী।

اَلْفَائِزُوْنَ : **সফলকামগণ।** فَائِزُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ و ـ ز) মাসদার اَلْفَوْزُ - اَلْمَفَازَةُ অর্থ– সফলকাম হওয়া; সফলতা অর্জন করা।

আয়াত : ১১২

لَبِثْتُمْ : **তোমরা অবস্থান করেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَللَّبْثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা; দীর্ঘ সময় পর্যন্ত থাকা।

আয়াত : ১১৩

فَسْئَلْ : **তারপর তুমি প্রশ্ন কর।** فا হরফে আত্‌ফ اِسْئَلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া।

اَلْعَادِّيْنَ : **গণনাকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা।

আয়াত : ১১৫

اَفَحَسِبْتُمْ : **তোমরা কি মনে করেছিলে?** হামযাটি استفهامية ; فاء হরফে আত্‌ফ। حَسِبْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحَسْبُ অর্থ– ধারণা করা; মনে করা।

عَبَثًا : **অনর্থক।** এটি বাব سَمِعَ -এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন, নিজের কাজের মধ্যে খেল-তামাশা অন্তর্ভুক্ত করাকে عَبَثٌ বলা হয়। আরবদের পরিভাষা عَبَثَتْ الْاَقِطُ থেকে শব্দটি চয়িত হয়েছে যার অর্থ– পনিরকে মিশ্রণ করা এবং ঐ عَبَثٌ খাবারকে বলা হয় যা কোনো কিছুর সাথে মিশ্রিত থাকে। যেমন খেজুর ও ঘি মিশ্রিত ছাতুকে বলা হয়– عَوْثَبَانِىْ ; সুতরাং যা দ্বারা কোনো সঠিক উদ্দেশ্য হাসিল না হয় তাকে عَبَثٌ বলা হয়।

আয়াত : ১১৬

تَعَلَّى : **তিনি মহিমান্বিত।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّعَالُوْ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ– মহিমান্বিত হওয়া; সম্মানিত হওয়া; উঁচু হওয়া।

আয়াত : ১১৭

يَدْعُ : **সে আহ্বান করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) জিনস ناقص واوى মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

بُرْهَانَ : **সনদ, নিদর্শন, দলিল; প্রমাণ।** শব্দটি একবচন, বহুবচন بَرَاهِيْنُ কারো কারো মতে এটি বাব فَتَحَ -এর মাসদার। অর্থ সাদা ও উজ্জ্বল হওয়া। بُرْهَانٌ এমন দলিলকে বলা হয় যা সকল দলিলের উপর শ্রেষ্ঠ ও শক্তিশালী হয় এবং যা সর্বদা সত্যের উপর থাকে। উল্লেখ্য দলিল পাঁচ প্রকার। যথা– ১. যা সর্বদা সত্যের উপর প্রতিষ্ঠিত। ২. যা সর্বদা মিথ্যার উপর প্রতিষ্ঠিত। ৩. যা সত্যের খুব কাছাকাছি। ৪. যা মিথ্যার খুব কাছাকাছি। ৫. যাতে সত্য ও মিথ্যা উভয়ের সম্ভাবনা থাকে।

আয়াত : ১১৮

رٰحِمِيْنَ : **দয়ালু; করুণাময়।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

সূরা নূর : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৬৪ রুকূ' : ৯

আয়াত : ১

سُوْرَةٌ : **সূরা**। আল্লামা যমখশারী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন, সূরা কুরআনের নির্দিষ্ট অংশকে বলা হয়। যা সর্বনিম্ন তিন আয়াত বিশিষ্ট হবে। সূরার নামকরণের কারণ দু'টি হতে পারে। যথা–

১. এর واو কে যদি আসল ধরা হয় তাহলেএটি হয়তো سُوْرَةُ الْمَدِيْنَةِ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ– শহরের চৌহদ্দি। সূরাও কুরআনের একটি সীমাবেষ্টিত নির্দিষ্ট অংশ। অথবা এজন্য যে, সূরার মধ্যে ইলম ও বিভিন্ন কল্যাণকর বিষয় অন্তর্ভুক্ত। যেমনিভাবে শহরের চৌহদ্দি তার ভিতরের লোকদেরকে বেষ্টন করে রাখে।

অথবা সূরা নামকরণ করা হয়েছে سُوْرَةٌ থেকে যার অর্থ– মর্যাদা বা স্তর। কারণ সূরাসমূহও মর্যাদা ও স্তরের ন্যায়, পাঠক যেগুলো ধাপে ধাপে অতিক্রম করতে থাকে। তাছাড়া সূরাগুলোও বড়, মধ্যম ও ছোট এমনিভাবে ধাপে ধাপে বিন্যস্ত। অথবা এজন্য যে, দীনের মধ্যে এগুলোর মর্যাদা স্বীকৃত।

২. আর যদি سُوْرَةٌ-এর واو -টি হামযা থেকে পরিবর্তিত ধরা হয় যার অর্থ– বস্তুর অবশিষ্টাংশ। আর সূরাও কুরআনের একটি অংশ বা খণ্ড।

أَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব إفعال মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْإِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

فَرَضْنٰهَا : **আমি তা অবশ্য পালনীয় করেছি/আমি ফরজ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ض) মাসদার اَلْفَرْضُ অর্থ– ফরজ করা ; অবশ্য পালনীয় করা। ها যমীর মাফঊলে বিহী। অভিধানে فَرْض অর্থ হলো পুরু বিশিষ্ট শক্ত বস্তুকে কেটে দেওয়া। কুরআনের পরিভাষায় এর কয়েকটি অর্থ রয়েছে। যথা–

১. নির্ধারিত করা; নির্ধারণ করা। ২. দৃঢ় সংকল্প করা; নিজের জন্য আবশ্যক করা। ৩. ওয়াজিব করা। যদি দ্বিতীয় মাফঊলের উপর على আসে। ৪. অনুমতি তথা প্রতিবন্ধকতা না হওয়া। তবে শর্ত হলো তার পরে لم হতে হবে। –[মুফরাদাতুল কুরআন, গরীবুল কুরআন] فَرَضْنَا অর্থ– আমি ওয়াজিব করে দিয়েছি, অনুমতি দিয়েছি, দৃঢ় সংকল্প করেছি।

تَذَكَّرُوْنَ : **তোমরা উপদেশ গ্রহণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– উপদেশ গ্রহণ করা; স্মরণ করা। تَذَكَّرُوْنَ মূলত تَتَذَكَّرُوْنَ ছিল। সহজিকরণার্থে এক تاء -কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ২

اَلزَّانِيَةُ : **ব্যভিচারিণী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ن ـ ى) মাসদার اَلزِّنٰى অর্থ– ব্যভিচার করা; অবৈধ যৌন সম্ভোগ করা।

فَاجْلِدُوْا : **তোমরা কশাঘাত করো**। فاء হরফে আত্‌ফ। اِجْلِدُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ل ـ د) মাসদার اَلْجَلْدُ অর্থ– বেত্রাঘাত করা; কশাঘাত করা।

جَلْدَةٍ : **কশাঘাত; দোররা**। বাব ضَرَبَ -এর মাসদার; অর্থ– চাবুক মারা।

لَا تَأْخُذْكُمْ : **তা যেন তোমাদেরকে প্রভাবান্বিত না করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ نهى غائب معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْأَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; প্রভাবিত করা।

رَأْفَةٌ : **দয়ার্দ্রতা; দয়া**। এটি বাব فَتَحَ -এর মাসদার। মূলবর্ণ (ر ـ أ ـ ف) দয়া করা; অনুগ্রহ করা। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি হলো رَؤُوْفٌ [দয়ালু।] ইমাম হালীমী (র.) বলেন, এর অর্থ হলো স্বীয় বান্দাদের সাথে নম্রতা অবলম্বনকারী। কেননা আল্লাহ তা'আলা বান্দাদের উপর এমন কোনো ইবাদত আরোপ করেননি যা সে বিকলাঙ্গতা, অসুস্থতা বা দুর্বলতার কারণে করতে সক্ষম নয়; বরং যে ইবাদত করতে তারা সক্ষম তদপেক্ষা কম ইবাদত তাদের জন্য আরোপ করা হয়েছে এবং এর পাশাপাশি শক্তি-

সামর্থ্যপূর্ণ সময়ের জন্য স্বীয় ইবাদতকে কঠিন করেছেন এবং দুর্বলতা ও শক্তিহীনতার সময় তা হালকা করেছেন। স্থায়ীভাবে বসবাসকারী ব্যক্তির জন্য যা আবশ্যক করেছেন মুসাফিরের জন্য তা বাধ্য করেননি। সুস্থ ব্যক্তির জন্য যা বাধ্য করেছেন অসুস্থ ব্যক্তির জন্য তা আবশ্যক করেননি। এ সবকিছুই হলো رَأْفَةٌ বা দয়ার্দ্রতা। ইমাম খাত্তাবী (র.) رَحْمَتٌ ও رَأْفَةٌ-এর মধ্যে পার্থক্য করেছেন যে, رَحْمَتٌ কখনও বিশেষ কারণে অপছন্দনীয়তার ক্ষেত্রেও হয়ে থাকে কিন্তু رَأْفَةٌ অপছন্দনীয়তার ক্ষেত্রে হয় না।

تُؤْمِنُوْنَ : **তোমরা ঈমান আন/বিশ্বাস রাখ**। সীগাহ جمع حاضر بحث فعل مضارع معروف বহছ مذكر বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ - م - ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

لِيَشْهَدْ : **যেন তারা উপস্থিত হতে পারে**। লামটি لام كى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش - ه - د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া।

طَائِفَةٌ : **দল**। একবচন, বহুবচন– طَوَائِفُ অর্থ– সম্প্রদায়। এক বা একের অধিক লোককে طَائِفَةٌ বলা হয়। অভিধানে طَائِفَةٌ বলা হয়– اَلطَّائِفَةُ مِنَ الشَّيْءِ অর্থাৎ এক টুকরা বা খণ্ডকে طَائِفَةٌ বলা হয়। اَلْقِطْعَةُ

আয়াত : ৩

لَا يَنْكِحُ : **সে বিবাহ করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن - ك - ح) মাসদার اَلنِّكَاحُ অর্থ– বিবাহ করা।

زَانٍ : **ব্যভিচারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ز - ن - ى) মাসদার اَلزِّنٰى অর্থ– ব্যভিচার করা; অবৈধ যৌন সম্ভোগ করা।

حُرِّمَ : **হারাম করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ح - ر - م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম করা; অবৈধ করা।

আয়াত : ৪

يَرْمُوْنَ : **তারা অপবাদ আরোপ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر - م - ي) মাসদার اَلرَّمْىُ অর্থ– নিক্ষেপ করা। رمى এর ব্যবহার বস্তুর ক্ষেত্রেও হয়। যেমন তীর নিক্ষেপ করা; পাথর নিক্ষেপ করা। আবার উক্তিগত বিষয়েও হয়। তখন তার অর্থ হবে– অপবাদ আরোপ করা; গালি দেওয়া ইত্যাদি।

اَلْمُحْصَنٰتُ : **সাধ্বী রমণীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح - ص - ن) মাসদার اَلْاِحْصَانُ অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা। মু'জামুল কুরআন গ্রন্থকারের মতে সূরা নিসার প্রথম مُحْصَنٰتٌ দ্বারা উদ্দেশ্য হলো সতী-সাধ্বী নারী, কুমারী হোক বা না হোক। দ্বিতীয়টি দ্বারা উদ্দেশ্য হলো স্বামীবিশিষ্টা নারী, আর তৃতীয়টি দ্বারা উদ্দেশ্য হলো কুমারী নারী।

সা'লাব বলেন, যে কোনো সতী-সাধ্বী নারীকে مُحْصَنَةٌ (اسم مفعول) আবার مُحْصِنَةٌ (اسم فاعل) -ও বলা যাবে। স্বামীবিশিষ্টাকে مُحْصَنَةٌ (اسم مفعول) বলা হবে। ইমাম রাগেব (র.) লিখেছেন, اَلْمُحْصَنَات যদি حُرِّمَتْ-এর পরে আসে তখন এর দ্বারা উদ্দেশ্য হয় স্বামীবিশিষ্টা নারী এবং তার জন্য ইসমে মাফউলের সীগাহ ব্যবহার হয়। আর যদি حُرِّمَتْ-এর পরে না হয় তখন ইসমে ফা'য়েল ও মাফউল উভয়টিই সঠিক। বিবাহিত হোক বা না হোক। মূলত اِحْصَانٌ অর্থ হলো– সংরক্ষণ করা; হেফাজত করা। আত্মসম্ভ্রম বা উন্নত চরিত্রের কারণে যদি কোনো নারী তার ব্যভিচার থেকে নিজেকে রক্ষা করে তাহলে সে হলো مُحْصِنَةٌ (ইসমে ফায়েল)

لَمْ يَأْتُوْا : **তারা আনে না/ উপস্থিত করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আনা। আসা।

ثَمَانِيْنَ جَلْدَةً : **আশিটি কশাঘাত**।

لَا تَقْبَلُوْا : **তোমরা গ্রহণ করবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ق - ب - ل) মাসদার اَلْقَبُوْلُ অর্থ– গ্রহণ করা; কবুল করা।

আয়াত : ৫

تَابُوْا : **তারা তওবা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت - و - ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা।

عِبَادِهٖ فَيَقْبَلُ تَوْبَتَهُمْ كُلَّمَا تَكَرَّرَتِ التَّوْبَةُ تَكَرَّرَ الْقَبُوْلُ অর্থাৎ تواب এমন সত্তা যিনি তার বান্দার তওবা গ্রহণ করেন, বান্দা যতবারই তওবা করে তিনি ততবারই তা কবুল করেন। পবিত্র কুরআনে تَوَّابٌ শব্দটি একমাত্র আল্লাহর জন্যই ব্যবহার হয়েছে।

আয়াত : ১১

جَاءُوْا : **তারা আনল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج . أ . ي) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা।

اَلْإِفْكِ : **অপবাদ**। কোনো বস্তু তার আসল দিক থেকে মুখ ফিরানোকে إِفْك বলা হয়। সুতরাং যে কথা তার আসল আকৃতি থেকে ফিরে গেছে তাকে إِفْك বলা হবে। মিথ্যা অপবাদের মধ্যে এ অর্থটি ব্যাপকভাবে বিদ্যমান তাই তাকে إِفْك বলা হবে।

عُصْبَةٌ : **একটি দল**। এটা عَصَبٌ থেকে নির্গত। যার অর্থ– জমা হওয়া ও বেষ্টন করা। (বিস্তারিত সূরা ইউসুফ, আয়াত : ৮ দ্রষ্টব্য)

لَا تَحْسَبُوْهُ : **তোমরা এটাকে মনে করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح . س . ب) মাসদার اَلْحِسْبَانُ মনে করা; ধারণা করা।

اِكْتَسَبَ : **সে উপার্জন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِكْتِسَابُ মূলবর্ণ (ك . س . ب) অর্থ– উপার্জন করা; কামাই করা; ইচ্ছা ও শক্তিকে কাজে লাগানো।

تَوَلّٰى : **সে ভূমিকা গ্রহণ করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّيْ মূলবর্ণ (و . ل . ي) মুখ ফিরানো; বিমুখ হওয়া। অমনোযোগী হওয়া; বিরত হওয়া; কোনো কাজের চেষ্টা করা; ভূমিকা পালন করা।

كِبْرَهٗ : **তার জঘন্যতা**। ইসম ও মাসদার। বাব كَرُمَ মূলবর্ণ (ك . ب . ر) অন্যান্য মাসদার اَلْكِبَرُ - اَلْكِبْرُ - اَلْكِبَارَةُ অর্থ– বড় হওয়া; দেহগতভাবে বৃদ্ধি পাওয়া। বাব سَمِعَ ও نَصَرَ থেকে অর্থ হলো বয়সে বড় হওয়া; বৃদ্ধ হওয়া।

اَصْلَحُوْا : **তারা সংশোধন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِصْلَاحُ মূলবর্ণ (ص . ل . ح) অর্থ– সংশোধন করা।

আয়াত : ৬

اَزْوَاجَهُمْ : **তাদের নিজেদের স্ত্রীগণ**। اَزْوَاجَ মুযাফ هُمْ যমীর مضاف اليه ; اَزْوَاجَ বহুবচন, একবচন– زَوْجٌ ; আল্লামা আহমদ ফাইউমী বলেন– زَوْج এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে যেমন শুষ্ক ও আর্দ্র,নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ বলেন– زَوْج যে কোনো দু'টিকে বলে, فَرْد হলো এর বিপরীতার্থক শব্দ। ইবাবেল আম্বারী বলেন জনসাধারণ যা মনে করে যে, زَوْج দু'টি বস্তু, এটি সঠিক নয়। এটা আরবদের ব্যবহার নয়। উদাহরণত তারা কবুতরের জোড়া বলার সময় زَوْج ব্যবহার না করে زَوْجَانِ مِنْ حَمَامٍ বলে থাকে। কুরআনেও রয়েছে– خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى [তিনি সৃষ্টি করেছেন নর ও নারীর জোড়া] যদি زَوْج দ্বারা দুটি উদ্দেশ্য হতো তাহলে زَوْجَيْنِ বলা হতো না।

আয়াত : ৮

يَدْرَءُ : **সে দূরীভূত করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (د . ر . أ) মাসদার اَلدَّرْءُ অর্থ– দূর কর; প্রতিহত করা।

اَنْ تَشْهَدَ : **যেন সে সাক্ষ্য দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش . ه . د) অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া।

আয়াত : ১০

تَوَّابٌ : **অধিক তওবা গ্রহণকারী**। এটি فَعَّالٌ-এর ওজনে مبالغة এর সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ت . و . ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– প্রত্যাবর্তন করা; গুনাহ থেকে ফিরে আসা। অভিধানে تَوَّابٌ অর্থ– তওবাকারী আবার তওবা গ্রহণকারী উভয় অর্থেই আসে। এটি যখন বান্দার জন্য আসে তখন অর্থ হবে– অধিক তওবাকারী বান্দা। আর যখন আল্লাহর জন্য হবে তখন অর্থ হবে– অধিক তওবা কবুলকারী। ইমাম খাত্তাবী (র.) লিখেছেন– اَلتَّوَّابُ هُوَ الَّذِيْ يَتُوْبُ عَلٰى

আয়াত : ১২

سَمِعْتُمُوْهُ : **তোমরা তা শুনলে।** سَمِعْتُمُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (س - م - ع) মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা; শোনা। ه যমীর মাফউলে বিহী।

ظَنَّ : **সে মনে করেছে; সে ধারণা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ - ن - ن)মাসদার اَلظَّنُّ অর্থ- ধারণা করা; মনে করা; অনুমান করা। শব্দটি কখনও বাব نَصَرَ -এর মাসদার হয়ে আবার কখনও ইসম হয়ে ব্যবহার হয়। ইসম হলে তার বহুবচন আসে- ظُنُوْن ; আল্লামা ইবাবেল আরাবী বলেন, আমাদের আলেমগণ বলেছেন, ظَنَّ -এর বাস্তবতা হলো অন্তরে দু'টি বিষয় এমনভাবে অবস্থান করা যে, একটির উপর অন্যটি প্রাধান্য পায়। আর شَكّ -এর উদ্দেশ্য হচ্ছে উভয়টি বিষয়ই সমান থাকা। আর علم ঐ দু'টি বিষয় থেকে একটিকে বাদ দিয়ে অপরটিকে নির্দিষ্ট করে দেয়। এটা হলো ظَنّ -এর মানতেকী সংজ্ঞা যা উসূলবিদগণ অবলম্বন করেছেন। কুরআনে শব্দটি সর্বত্র এ অর্থে ব্যবহার হয়নি। আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) আল-ইতকান ফী উলূমিল কুরআন গ্রন্থে এ ব্যাপারে লিখেছেন- ظَنّ অর্থ- প্রবল বিশ্বাস। যেমন আল্লাহ বলেন اِنْ ظَنَّا اَنْ يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ [আল্লাহর বিধান বাস্তবায়নের ব্যাপারে তারা উভয়ে যদি প্রবল বিশ্বাস রাখে] আবার কখনও একিনের অর্থেও ব্যবহার হয়। যেমন- اَلَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُلَاقُوْا رَبِّهِمْ [যারা একিন করে যে, তারা আল্লাহর সাথে সাক্ষাৎ করবে।] বুঝা গেল ظَنّ টি شَكّ ও يَقِيْن উভয় অর্থে ব্যবহার হয়। কোথায় কী অর্থে ব্যবহার হবে আল্লামা যারকাশী (র.) তার দু'টি নিয়ম বর্ণনা ।

১. যেখানে তারীফ ও ছওয়াবের স্থানে হবে সেখানে يَقِيْن অর্থ হবে। আর যেখানে তিরস্কার, নিন্দা ও শাস্তির ধমকের স্থানে হবে সেখানে شَكّ অর্থে হবে।

২. যে ظن -এর পর ان خفيفة হবে সেখানে شك অর্থ হবে। যেমন بَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَنْقَلِبَ الرَّسُوْلُ [বরং তোমাদের সন্দেহ ছিল যে, রাসূল ফিরে আসবেন না।] আর যে ظن -এর পরে اَنَّ مُشَدَّدَة হবে সেখানে يقين অর্থ হবে। وَظَنَّ اَنَّهُ الْفِرَاقُ এক কেরাতে اَيْقَنَ اَنَّهُ الْفِرَاقُ রয়েছে। উল্লেখ্য ظن চার প্রকার। যথা-

১. محظور বা নিষিদ্ধ। যেমন আল্লাহর ব্যাপারে মন্দ ধারণা পোষণ করা। হযরত জাবের থেকে বর্ণিত একটি হাদীসে রয়েছে- لَا يَمُوْتَنَّ اَحَدُكُمْ اِلَّا وَهِيَ يُحْسِنُ الظَّنَّ بِاللّٰهِ عَزَّوَجَلَّ (আল্লাহর ব্যাপারে সুধারণা পোষণ করা ব্যতীত কেউ যেন মৃত্যুবরণ না করে) তদ্রূপভাবে মুমিনের ব্যাপারে মন্দ ধারণাও নিষিদ্ধ। যেমন একটি হাদীসে রয়েছে- اِيَّاكُمْ وَالظَّنَّ فَاِنَّ الظَّنَّ اَكْذَبُ الْحَدِيْثِ

২. مامور به : বা যার নির্দেশ প্রদান করা হয়েছে। যেমন হাদীসে কুদসী- اَنَا عِنْدَ ظَنِّ عَبْدِيْ بِيْ فَلْيَظُنَّ بِيْ مَا شَاءَ (আমি বান্দার ধারণার সাথে থাকি, সুতরাং বান্দা যেন আমার ব্যাপারে সুধারণা পোষণ করে)

৩. مَنْدُوْب اِلَيْه : যে ظن -এর প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে, নির্দেশ প্রদান করা হয়নি। যেমন- মুসলমান ভাইয়ের ব্যাপারে সুধারণা পোষণ করার প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে, নির্দেশ প্রদান করা হয়নি।

৪. ظَنّ مُبَاحْ বৈধ ধারণা। যেমন- যে ব্যক্তির নামাজে অধিক সন্দেহ হয় রাসূল ﷺ তাকে ظَنّ غَالِبْ বা প্রবল ধারণার উপর আমল করতে নির্দেশ দিয়েছেন।

আয়াত : ১৪

لَمَسَّكُمْ : **তোমাদের উপর আপতিত হয়।** লাম তাকীদের জন্য। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَسُّ মূলবর্ণ (م - س - س) অর্থ- স্পর্শ করা; ছোঁয়া; আপতিত হওয়া। কখনও এর অর্থ হয়- সহবাস করা। كُمْ যমীর মাফউলে বিহী।

فِيْ مَا اَفَضْتُمْ : **যাতে তোমরা লিপ্ত ছিলে।** فى হরফে জার, ما মাওসূলা; اَفَضْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَال মূলবর্ণ (ف - ي - ض) মাসদার اَلْاِفَاضَةُ অর্থ- চর্চা করা; লিপ্ত হওয়া; বিক্ষিপ্ত হওয়া; ছড়ানো।

আয়াত : ১৫

تَلَقَّوْنَهٗ : **তোমরা একে নিতে লাগলে/ছড়াতে লাগলে।** تَلَقَّوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (ل - ق - ى) মাসদার اَلتَّلَقِّىْ অর্থ- কোনো বস্তু গ্রহণ করা; সম্মুখীন হওয়া। ه যমীর মাফউলে বিহী।

اَلْسِنَةٌ ; حرف টি باء । : তোমাদের মুখে মুখে : بِاَلْسِنَتِكُمْ
বহুবচন; একবচন– لِسَانٌ অর্থ– জিহ্বা; জবান; মুখ। اَلْسِنَة মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি।

تَقُوْلُوْنَ : তোমরা বলতে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

بِاَفْوَاهِكُمْ : তোমাদের মুখ দ্বারা। اَفْوَاهٌ অর্থ– মুখ; বহুবচন, একবচন– فَمٌ

هَيِّنٌ : সহজসাধ্য। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه মারফূ'; বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْهَوْنُ অর্থ– সহজসাধ্য হওয়া; নরম ও কোমল হওয়া; মন্থরগতিতে চলা।

আয়াত : ১৬

نَتَكَلَّمَ : আমরা বাক্যালাপ করি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفَعُّل মাসদার اَلتَّكَلُّمُ মূলবর্ণ (ك ـ ل ـ م) অর্থ– কথাবার্তা বলা; বাক্যালাপ করা।

بُهْتَانٌ : অপবাদ। ইসম। এমন স্পষ্ট মিথ্যা যা শুনে শ্রোতা হতবাক হয়ে যায়।

আয়াত : ১৭

يَعِظُكُمْ : তিনি তোমাদেরকে উপদেশ দেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْعِظَةُ ও اَلْوَعْظُ অর্থ– উপদেশ দেওয়া; নসিহত করা। ভয়মিশ্রিত উপদেশকে وَعْظ বলা হয়। –[রাগেব] এমনভাবে সৎকর্মের উপদেশ দেওয়া যাতে হৃদয় বিগলিত হয় তাকে ওয়াজ বলে। –[খলীল] كم যমীর মাফঊলে বিহী।

اَنْ تَعُوْدُوْا : তোমরা পুনরাবৃত্তি করবে। اَنْ টি নাসেবা সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْعَوْدُ অর্থ– ফিরে আসা; প্রত্যাবর্তন করা; পুনরাবৃত্তি করা; পুনরায় করা।

আয়াত : ১৮

يُبَيِّنُ : তিনি সুস্পষ্টভাবে বিবৃত করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيل মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা; ব্যাখ্যা-বিশ্লেষণ করা।

আয়াত : ১৯

يُحِبُّوْنَ : তারা কামনা করে/ তারা ভালোবাসে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– পছন্দ করা; ভালেবাসা; মহব্বত করা।

تَشِيْعَ : তার প্রসার হয়। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلشُّيُوْعُ মূলবর্ণ (ش ـ ي ـ ع) অর্থ– প্রসারিত হওয়া; ছড়িয়ে পড়া।

فَاحِشَةٌ : অশ্লীলতা। শব্দটি একবচন, বহুবচন– فَوَاحِشُ অর্থ– অশ্লীল কাজ; নির্লজ্জতা। فَاحِشَةٌ বলা হয় সীমাহীন নির্লজ্জতাকে। –[কামূস] এমন নির্লজ্জতা যার প্রভাব অন্যের উপর পড়ে। –[মির্জা আবুল ফযল] এমন বস্তু যার নিষিদ্ধতা আল্লাহ তা'আলা নির্ধারণ করেছেন। [মুনতাহাল আরব] মন্দ কথা বা কাজ। –[সূরা আন-নূর : ২৯] ব্যভিচার; জেনা। –[ইবনে আব্বাস] বিবস্ত্র অবস্থায় তওয়াফ করা। –[সূরা আ'রাফ]

لَا تَعْلَمُوْنَ : তোমরা জান না। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ২০

رَءُوْفٌ : দয়ার্দ্র। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ف) মাসদার اَلرَّأْفَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। ইমাম হালীমী বলেন, এর অর্থ হলো স্বীয় বান্দাদের সাথে নম্রতা অবলম্বনকারী। কেননা আল্লাহ তা'আলা বান্দাদের উপর এমন কোনো ইবাদত আরোপ করেন নি যা সে বিকলাঙ্গতা, অসুস্থতা বা দুর্বলতার কারণে করতে সক্ষম নয়; বরং যে ইবাদত করতে তারা সক্ষম তদপেক্ষা কম ইবাদত তাদের জন্য আরোপ করা হয়েছে। এবং পাশাপাশি কঠিন সময়ের জন্য স্বীয় ইবাদতকে কঠিন করেছেন এবং দুর্বলতা ও শক্তিহীনতার সময় তা হালকা করেছেন। স্থায়ীভাবে বসবাসকারী ব্যক্তির জন্য যা আবশ্যক করেছেন মুসাফিরের জন্য তা বাধ্য করেননি। সুস্থ ব্যক্তির জন্য যা বাধ্য করেছেন অসুস্থ ব্যক্তির জন্য তা আবশ্যক করেননি। এ সবকিছুই হলো رَأْفَة বা দয়ার্দ্রতা। ইমাম খাত্তাবী رَحْمَتٌ ও

رَحْمَتْ -এর মধ্যে পার্থক্য করেছেন যে, رَأْفَة কখনও বিশেষ কারণে অপছন্দনীয়তার ক্ষেত্রেও হয়ে থাকে; কিন্তু رَأْفَة অপছন্দনীয়তার ক্ষেত্রে হয় না।

আয়াত : ২১

لَا تَتَّبِعُوْا : **তোমরা অনুসরণ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা।

خُطُوَاتِ : **পাসমূহ**। বহুবচন; একবচন– خُطْوَةٌ পদাঙ্ক।

مَنْ يَتَّبِعْ : **যে অনুসরণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

يَأْمُرُ : **সে আদেশ দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া।

بِالْفَحْشَاءِ : **অশ্লীল আচরণের**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ف ـ ح ـ ش) মাসদার اَلْفُحْشُ অর্থ– মন্দকর্ম। –[সিহাহ] এমন কথা বা কাজ যার মন্দত্ব স্পষ্ট এবং তা শুনা ও করা খারাপ লাগে। –[তাজ] কৃপণতা। –[কামূস] জাকাত না দেওয়া। নির্লজ্জতা। ব্যভিচার। –[সুয়ূতী ও মহল্লী]

اَلْمُنْكَرِ : **অসৎকার্য**। সীগাহ واحد مذكر বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; প্রত্যাখ্যান করা।

مَا زَكَى : **সে পবিত্র হয়নি/ পবিত্র হতে পারত না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ ك ـ و) মাসদার اَلزَّكَاةُ অর্থ– পবিত্র হওয়া; বৃদ্ধি পাওয়া।

يُزَكِّي : **তিনি পবিত্র করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْكِيَةُ মূলবর্ণ (ز ـ ك ـ و) অর্থ– পবিত্র হওয়া।

আয়াত : ২২

لَا يَأْتَلِ : **তারা যেন শপথ গ্রহণ না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلْاِيْتِلَاءُ অর্থ– শপথ করা; কসম খাওয়া।

اُولُوا الْفَضْلِ : **ঐশ্বর্যের অধিকারী**। اُولُوا ওয়ালা; বিশিষ্ট। বহুবচন, এর কোনো একবচন নেই। কেউ কেউ ذو কে এর একবচন বলে থাকেন। রফা অবস্থায় اولو এবং নসব ও جر অবস্থায় اولى আসে। اَلْفَضْلُ : অনুগ্রহ। মঙ্গল। এটি اسم فعل ; এর আরো অর্থ রয়েছে। যেমন– শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব, জ্ঞান ও বুদ্ধি-বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া।

اَلسَّعَةِ : **স্বচ্ছল; প্রাচুর্যের অধিকারী**। এটি বাব فَتَحَ - এর মাসদার মূলবর্ণ (و ـ س ـ ع) জিনস مثال واوى অর্থ– প্রশস্ত হওয়া; স্বচ্ছল হওয়া।

اَنْ يُّؤْتُوْا : **যেন তারা প্রদান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা।

اَلْمُهَاجِرِيْنَ : **হিজরতকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ অর্থ– হিজরত করা; স্বদেশ ত্যাগ করা। আল্লাহর সন্তুষ্টির জন্য স্বগোত্র ত্যাগকারী। [রাগেব ও মাদারেক] শরিয়তের পরিভাষায় মুহাজির ঐ সমস্ত ব্যক্তিবর্গ যারা রাসূলুল্লাহ ﷺ -এর নির্দেশে স্বদেশ ত্যাগ করে মদিনার অধিবাসী হয়েছিলেন। মক্কা বিজয়ের পরে হিজরতের হুকুম রহিত করা হয়েছে। এখন হিজরতের অর্থ শুধু এই যে, দীনের প্রয়োজনীয় কাজে বাধা সৃষ্টি হলে নিরাপদ স্থান চলে যাওয়া। মদিনায় হিজরতের নির্দেশ এখন আর নেই। হিজরত দ্বারা প্রকৃত উদ্দেশ্য হলো تَرْكُ مَا نَهَى اللّٰهُ তথা আল্লাহর নিষিদ্ধ বস্তুসমূহ বর্জন করা।

وَلْيَعْفُوْا : **তাদের সকলের ক্ষমা করা উচিত**। واو হরফে আতফ। لِيَعْفُوْا সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معروف বাব نَصَرَ মাসদার اَلْعَفْوُ মূলবর্ণ (ع ـ ف ـ و) অর্থ– ক্ষমা করা।

وَلْيَصْفَحُوْا : **এবং তাদের দোষ-ত্রুটি উপেক্ষা করা উচিত**। واو হরফে আতফ। يَصْفَحُوْا সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معروف বাব فَتَحَ মূলবর্ণ(ص ـ ف ـ ح) মাসদার اَلصَّفْحُ। অর্থ– ক্ষমা করা; মার্জনা করা। উপেক্ষা করা।

اَلَا تُحِبُّوْنَ : **তোমরা কি পছন্দ কর না? তোমরা কি ভালোবাস না?** হামযাটি প্রশ্নবোধক। لَا تُحِبُّوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع

বাব اِفْعَال মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার معروف اَلْاِحْبَابُ অর্থ– পছন্দ করা; ভালোবাসা; মহব্বত করা।

يَغْفِرَ : **তিনি ক্ষমা করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

আয়াত : ২৩

لُعِنُوْا : **তারা অভিশপ্ত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মাসদার اَللَّعْنَةُ মূলবর্ণ (ل ـ ع ـ ن) অর্থ– অভিসম্পাত করা; লা'নত করা; আল্লাহর রহমত ও অনুগ্রহ থেকে দূরে রাখা।

আয়াত : ২৪

تَشْهَدُ : **তারা প্রত্যক্ষ করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া; প্রত্যক্ষ করা; হাজির হওয়া।

كَانُوْا يَعْمَلُوْنَ : **তারা আমল করছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل)অর্থ– আমল করা; কাজ করা।

আয়াত : ২৫

يُوَفِّيْهِمْ : **তিনি তাদেরকে পূর্ণফল দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ف ـ ي) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ– পরিপূর্ণ দান করা। মূলত تَوَفِّىْ অর্থ– পূর্ণ গ্রহণ করা; পূর্ণরূপে আয়ত্তে আনা। কাজী বায়যাভী (র.) লিখেছেন–اَلتَّوَفِّىْ اَخْذُ الشَّىْءِ وَافِيًا অর্থাৎ تَوَفِّىْ অর্থ– কোনো কিছু পূর্ণরূপে নেওয়া।

আয়াত : ২৬

اَلْخَبِيْثَاتُ : **দুশ্চরিত্রা নারী**। বহুবচন, একবচন– خَبِيْثَةٌ

لِلْخَبِيْثِيْنَ : **দুশ্চরিত্র পুরুষদের জন্য**। লামটি حرف جر ; خَبِيْثِيْنَ বহুবচন। একবচন– خَبِيْثٌ ; বহুবচন রফা অবস্থায়– خَبِيْثُوْنَ

اَلطَّيِّبَاتُ : **সচ্চরিত্রা নারী**। বহুবচন, একবচন– طَيِّبَةٌ

لِلطَّيِّبِيْنَ : **সচ্চরিত্র পুরুষদের জন্য**। طَيِّبِيْنَ বহুবচন, একবচন– طَيِّبٌ

مُبَرَّءُوْنَ : **দায়মুক্ত/পবিত্র**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ر ـ أ) মাসদার اَلتَّبْرِئَةُ অর্থ– দায়মুক্ত করা; মুক্ত ঘোষণা দেওয়া। এর মূল অর্থ– অপবাদ ইত্যাদি থেকে নিষ্কৃতি পাওয়া।

আয়াত : ২৭

لَا تَدْخُلُوْا : **তোমরা প্রবেশ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

حَتّٰى تَسْتَأْنِسُوْا : **যে পর্যন্ত অনুমতি না নিবে**। حتى হরফে জার, تَسْتَأْنِسُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَال মাসদার اَلْاِسْتِيْنَاسُ মূলবর্ণ (أ ـ ن ـ س) অর্থ– অনুমতি নেওয়া; হৃদ্যতা সৃষ্টি করা।

تُسَلِّمُوْا : **তোমরা সালাম দিবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْلِيْمُ মূলবর্ণ (س ـ ل ـ م) অর্থ– সালাম দেওয়া।

আয়াত : ২৮

اِنْ لَمْ تَجِدُوْا : **যদি তোমরা না পাও**। ان হরফে শর্ত। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ– পাওয়া।

حَتّٰى يُؤْذَنَ : **যতক্ষণ না অনুমতি দেওয়া হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ– অনুমতি দেওয়া। এর صلة যদি باء আসে তাহলে অর্থ হয়– জানা। আর لام হলে অর্থ হবে– আশাবাদী হওয়া। বাব نَصَرَ থেকে অর্থ হবে– প্রহার করা।

قِيْلَ : **তাকে বলা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اِرْجِعُوْا : **তোমরা ফিরে যাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা।

اَزْكٰى : **উত্তম; অধিক পবিত্র**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলবর্ণ (ز ـ ك ـ و) মাসদার اَلزَّكٰوةُ অর্থ– পুতঃপবিত্র হওয়া; উত্তম হওয়া; হালাল হওয়া।

আয়াত : ২৯

جُنَاحٌ : **দোষ; গুনাহ।** বাব فَتَحَ -এর মাসদার جُنُوْحٌ থেকে উদ্ভূত। যার অর্থ– এক দিকে আকৃষ্ট হওয়া। এ কারণে যে গুনাহ মানুষকে সত্য থেকে বিমুখ করে অন্য দিকে ফিরিয়ে দেয় তাকে جُنَاحٌ বলা হয়। এরপর যে কোনো গুনাহের জন্যই এর ব্যবহার হতে থাকে।

بُيُوْتًا غَيْرَ مَسْكُوْنَةٍ : **যে গৃহে কেউ বাস করে না।** مَسْكُوْنَةٍ মাওসূফ, غَيْرَ মুযাফ بُيُوْتًا মুযাফ ইলাইহি। মুযাফ তার মুযাফ ইলাইহির সাথে মিলে بُيُوْتًا মাওসূফের সিফাত হয়েছে। مَسْكُوْنَةٍ সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول মাসদার اَلسُّكُوْنُ মূলবর্ণ (س ـ ك ـ ن) বাব نَصَرَ অর্থ– বসবাস করা।

مَتَاعٌ : **জীবিকা। ভোগের সামগ্রী। সুখ-সম্ভোগ।** ইসম ও নাকেরা। একবচন, বহুবচন– اَمْتِعَةٌ অর্থ– নির্দিষ্ট সময় পরিমাণ উপকৃত হওয়া; যে সম্পদ দ্বারা উপকৃত হওয়া যায় তাকে مَتَاعٌ বলা হয়। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

تُبْدُوْنَ : **তোমরা প্রকাশ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِبْدَاءُ মূলবর্ণ (ب ـ د ـ ء) অর্থ– প্রকাশ করা।

مَا تَكْتُمُوْنَ : **যা তোমরা গোপন কর।** مَا ইসমে মাউসূল। تَكْتُمُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتْمَانُ ও اَلْكَتْمُ মূলবর্ণ (ك ـ ت ـ م) অর্থ– গোপন করা; লুকানো।

আয়াত : ৩০

قُلْ : **আপনি বলুন।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

يَغُضُّوْا : **তারা যেন সংযত করে/ নত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نصر মূলবর্ণ (غ ـ ض ـ ض) মাসদার اَلْغَضُّ অর্থ– নত করা; নিচু করা; সংযত করা। جواب امر হওয়ার কারণে يَغُضُّوْا শব্দটি مجزوم হয়েছে।

يَحْفَظُوْا : **তারা হেফাজত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা। جواب امر হওয়ার কারণে يَحْفَظُوْا শব্দটি مجزوم হয়েছে।

يَصْنَعُوْنَ : **তারা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ن ـ ع) মাসদার اَلصُّنْعُ অর্থ– করা; বানানো।

আয়াত : ৩১

لَا يُبْدِيْنَ : **তারা প্রকাশ করে না।** সীগাহ جمع مؤنث غائب বহছ نفي فعل مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْاِبْدَاءُ অর্থ– প্রকাশ করা; উন্মোচন করা।

ظَهَرَ : **তা প্রকাশ পেল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) মাসদার اَلظُّهُوْرُ অর্থ– প্রকাশিত হওয়া; স্পষ্ট হওয়া।

لِيَضْرِبْنَ : **তারা যেন ফেলে রাখে।** সীগাহ جمع مؤنث غائب বহছ امر غائب معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ এটি বিভিন্ন স্থানে বিভিন্ন অর্থে ব্যবহার হয়। যেমন– প্রহার করা; ভূমিতে চলাচল করা। উপমা বা দৃষ্টান্ত বর্ণনা করা।

بِخُمُرِهِنَّ : **তাদের ওড়না বা স্কার্ফসমূহ।** ب হরফে জার। خُمُر মুযাফ هِنَّ যমীর جمع مؤنث غائب মুযাফ ইলাইহি। خُمُر বহুবচন। একবচন– خِمَارٌ ; মূলত خَمْرٌ অর্থ– কোনো কিছু গোপন হওয়া। আর যা দ্বারা গোপন হয় তাকে خِمَارٌ বলা হয়। কিন্তু পরিভাষায় خِمَارٌ বলা হয় যা দ্বারা মহিলারা তাদের মাথা আবৃত করে। যেমন– ওড়না, দোপাট্টা, স্কার্ফ ইত্যাদি।

جُيُوْبِهِنَّ : **তাদের গ্রীবা ও বক্ষদেশ।** جُيُوْب শব্দটি বহুবচন; একবচন جَيْبٌ ; جُيُوْب শব্দটি মুযাফ, هِنَّ যমীর মুযাফ ইলাইহি।

زِيْنَتَهُنَّ : **তাদের আভরণ/শোভার বস্তু।** زِيْنَةَ মুযাফ هُنَّ যমীর جمع مؤنث غائب মুযাফ ইলাইহি। ইমাম রাগেব (র.) লিখেছেন– زِيْنَة তিন প্রকার।

১. زِيْنَة نَفْسِيَّة (আধ্যাত্মিক সৌন্দর্য)। যেমন– ইলম, উত্তম আকিদা ইত্যাদি।
২. زِيْنَة بَدَنِيَّة (দৈহিক সৌন্দর্য)। যেমন– শক্তিশালী ও হ্যান্ডসাম হওয়া।
৩. زِيْنَة خَارِجِيَّة (বাহ্যিক সৌন্দর্য) যেমন– ধন, সম্পদ, মর্যাদা। আয়াত وَزَيَّنَهُ فِيْ قُلُوْبِكُمْ এর দ্বারা প্রথম প্রকার زِيْنَة উদ্দেশ্য। আর مَنْ حَرَّمَ زِيْنَةَ اللّٰهِ এ আয়াত দ্বারা দ্বিতীয় প্রকার তথা দৈহিক

সৌন্দর্য উদ্দেশ্য। কেননা একটি সম্প্রদায় বিবস্ত্র অবস্থায় কা'বা শরীফ তওয়াফ করত। তাদের ব্যাপারে এ আয়াত অবতীর্ণ হয়েছে। আর فَخَرَجَ عَلٰى قَوْمِه فِىْ زِيْنَتِه দ্বারা তৃতীয় প্রকার অর্থাৎ বাহ্যিক সৌন্দর্য তথা ধন-সম্পদ উদ্দেশ্য।

بُعُوْلَتِهِنَّ : **তাদের স্বামীগণ**। بُعُوْلَةٌ মুযাফ, هِنَّ যমীর মুযাফ ইলাইহি। جمع مؤنث غائب শব্দটি بُعُوْلَةٌ বَعْلٌ-এর বহুবচন। بَعْلٌ অর্থ– স্বামী। স্বামীরা যেহেতু স্ত্রীদের উপর কর্তৃত্বেরঅধিকারী হয় এই কারণে আরবিতে এমন যে কোনো বস্তুকে بَعْلٌ বলা হয় যা অন্যের উপর শ্রেষ্ঠত্ব রাখে। যেহেতু আরবরা দেবতাদের মাধ্যমে আল্লাহর সান্নিধ্য প্রত্যাশী ছিল, তাই দেবতাদেরকে তারা بَعْلٌ নামে অভিহিত করত। ইমাম রাগেব (র.)-এর তাহকীক অনুযায়ী শব্দটি এ অর্থে ইয়েমেনে অধিক ব্যবহার হয়।

مَلَكَتْ : **সে অধিকার রাখে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمِلْكُ অর্থ– মালিক হওয়া; অধিকারী হওয়া।

اَلتَّابِعِيْنَ : **যারা কাজকর্ম করে**। [তরজমা শাইখুল হিন্দ] সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلتَّبْعُ অর্থ– অনুসারী হওয়া; অনুগত হওয়া।

اِرْبَةِ : **প্রয়োজন; উদ্দেশ্য**। এমন তীব্র প্রয়োজন যা সমাধানের জন্য চেষ্টা তদবিরের প্রয়োজন পড়ে তাকে اِرْب বলা হয়। সুতরাং সকল প্রয়োজন اِرْب নয়; কিন্তু সকল اِرْب প্রয়োজনের অন্তর্ভুক্ত। غَيْرِ اُولِى الْاِرْبَةِ দ্বারা উদ্দেশ্য হলো বিবাহের প্রয়োজন।

اَلطِّفْلِ : **বালক**। বহুবচন اَطْفَالٌ ; কখনো طِفْلٌ বহুবচনের জন্য ব্যবহার হয়। কেননা এটি ইসমে জিন্স।

لَمْ يَظْهَرُوْا : **তারা অবগত নয়**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) মাসদার اَلظُّهُوْرُ অর্থ– প্রকাশ পাওয়া; প্রাধান্য লাভ করা অবগত হওয়া।

عَوْرَاتِ : **গোপন অঙ্গ**। বহুবচন, একবচন– عَوْرَةٌ

اَرْجُلِ : **পা**। বহুবচন; একবচন– رَجُلٌ

لِيُعْلَمَ : **যেন জানা যায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول শুরুতে لام كى-এর কারণে মানসূব হয়েছে। বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

مَا يُخْفِيْنَ : **যা তারা গোপন করে**। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ– গোপন রাখা।

আয়াত : ৩২

اَنْكِحُوْا : **তোমরা বিবাহ করিয়ে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ح) মাসদার اَلْاِنْكَاحُ অর্থ– বিবাহ করানো।

اَيَامٰى : **স্বামীবিহীন স্ত্রীগণ/স্ত্রীবিহীন স্বামীগণ**। শব্দটি বহুবচন। একবচন– اَيِّمٌ লিসানুল আরবে আছে– اَيِّمٌ বলা হয় এমন যে পুরুষের স্ত্রী নেই অথবা যে নারীর স্বামী নেই। তারা অবিবাহিত, বিপত্নীক অথবা বিধবা যাই হোক না কেন। কারো কারো মতে শুধু নারীদের জন্য এটি গঠিত, আর পুরুষদের জন্য রূপকভাবে ব্যবহৃত হয়।

عِبَادِ : **দাস**। শব্দটি বহুবচন, একবচন– عَبْدٌ

اِمَائِكُمْ : **তোমাদের দাস-দাসীরা**। اِمَاءٌ বহুবচন, একবচন– اَمَةٌ ; اِمَاءٌ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি।

اَنْ يَّكُوْنُوْا : **যদি তারা হয়**। اَنْ হরফে শর্ত। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

فُقَرَاءَ : **দরিদ্র ও অভাবগ্রস্ত লোকজন**। বহুবচন; একবচন– فَقِيْرٌ শব্দটি فَقْرٌ থেকে গঠিত। যার অর্থ– দরিদ্র্য হওয়া; মুখাপেক্ষী হওয়া। প্রফেসর আব্দুর রউফ লিখেছেন, যদি শুধুমাত্র পরিবার পরিজনের ভরণ-পোষণ পরিমাণ জীবিকা থাকে, অতিরিক্ত না থাকে তাহলে এমন ব্যক্তিকে فَقِيْر বলা হয়। এ পরিমাণও না থাকলে তাকে مِسْكِيْن বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন– فَقْر -এর ব্যবহার চারভাবে হয়।

১. প্রয়োজন মাফিক জীবিকা না থাকা।

২. কেবলমাত্র প্রয়োজন পরিমাণ জীবিকা থাকা, অতিরিক্ত না থাকা। এ আয়াতে এ প্রকারই উদ্দেশ্য।

৩. আত্মিক দরিদ্রতা। যত সম্পদই তার থাকুক কিন্তু আত্মা লোভাতুর। তার আরো সম্পদ প্রয়োজন।

৪. আল্লাহর প্রতি মুখাপেক্ষী। এমন দরিদ্র মানুষ, প্রাণী সকলেই। رَبِّ اِنِّىْ لِمَا اَنْزَلْتَ اِلَىَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ আয়াত দ্বারা এ প্রকার দারিদ্র্যই উদ্দেশ্য। –[মুফরাদাতুল কুরআন]

আয়াত : ৩৩

لِيَسْتَعْفِفْ : **সে যেন পুতঃপবিত্র থাকে**। সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِعْفَافُ মূলবর্ণ (ع ـ ف ـ ف) অর্থ– অশ্লীলতা থেকে বিরত থাকা; হারাম থেকে বিরত থাকা। পুতঃপবিত্র থাকা।

لَا يَجِدُوْنَ : **তারা পায় না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوِجْدَانُ অর্থ– পাওয়া।

يَبْتَغُوْنَ : **তারা সন্ধান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব মাসদার اَلْاِبْتِغَاءُ اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– অনুসন্ধান করা; তালাশ করা; কামনা করা।

كَاتِبُوْهُمْ : **তাদের সাথে তোমরা লিখিত চুক্তি করো**। সীগাহ جمع مذكر حاضر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ك ـ ت ـ ب) মাসদার اَلْمُكَاتَبَةُ অর্থ– মুকাতাব বানানো। مُكَاتَبٌ বলা হয় যে দাস তার মনিবকে বলে আমি আপনাকে এত টাকা দিব, আপনি আমাকে মুক্ত করে দিন, অথবা স্বয়ং মনিব বলে যে, তুমি আমাকে এত টাকা উপার্জন করে দিলে তুমি মুক্ত হয়ে যাবে। চুক্তি অনুযায়ী টাকা মনিবকে দিলে সে আজাদ হয়ে যাবে। এ চুক্তি রহিত করার অধিকার মনিবের থাকে না। هُمْ যমীর মাফঊলে বিহী।

اٰتُوْهُمْ : **তোমরা তাদেরকে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া। هُمْ যমীর মাফঊলে বিহী।

اٰتَاكُمْ : **সে তোমাদেরকে দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া।

لَا تُكْرِهُوْا : **তোমরা বাধ্য করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْاِكْرَاهُ অর্থ– বাধ্য করা; জবরদস্তি করা।

فَتَيَاتِكُمْ : **তোমাদের ভৃত্যগণ**। فَتَيَاتٌ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি فَتَيَاتٌ শব্দটি فَتَاةٌ-এর বহুবচন। অর্থ– যুবক; ভৃত্য; পরিচারক। পুংলিঙ্গ فَتًى

اَلْبِغَاءِ : **ব্যভিচার**। মূলত بِغَاءٌ অর্থ– সীমালঙ্ঘন করা। আর ব্যভিচার তো বড় ধরনের সীমালঙ্ঘন। তাই ব্যাপকার্থে بِغَاءٌ-এর অর্থ করা হয় ব্যভিচার করা।

اِنْ اَرَدْنَ : **যদি তারা ইচ্ছা করে**। اِنْ হরফে শর্ত। اَرَدْنَ সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ– ইচ্ছা করা; চাওয়া; কামনা করা।

تَحَصُّنًا : **সতীত্ব রক্ষা করা**। বাব تَفَعُّلٌ-এর মাসদার। বস্তুত এর অর্থ– কেল্লায় আবদ্ধ হওয়া। অতঃপর এর ব্যবহার যে কোনো ধরনের সংরক্ষণের জন্য হতে থাকে। এখানে সতীত্ব রক্ষা করা উদ্দেশ্য।

مَنْ يُّكْرِهْهُنَّ : **যে তাদেরকে বাধ্য করবে**। مَنْ মাউসূলা। يُكْرِهُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْاِكْرَاهُ অর্থ– বাধ্য করা; জবরদস্তি করা। هُنَّ যমীর মাফঊল।

بَعْدِ اِكْرَاهِهِنَّ : **তাদেরকে বাধ্য করার পর**। بَعْدِ মুযাফ, اِكْرَاهِ মুযাফ ইলাইহি মুযাফ, هِنَّ যমীর মুযাফ ইলাইহি اِكْرَاهِ মুযাফ তার মুযাফ ইলাইহির সাথে মিলে بَعْدِ মুযাফের মুযাফ ইলাইহি হয়েছে। اَلْاِكْرَاهُ শব্দটি বাব اِفْعَالٌ-এর মাসদার। অর্থ– বাধ্য করা, চাপ দেওয়া, বল প্রয়োগ করা।

আয়াত : ৩৪

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

مُبَيِّنٰتٍ : **সুস্পষ্ট**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা; বিশদভাবে বর্ণনা করা।

خَلَوْا : তারা অতীত হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخُلُوُّ অর্থ– অতীত হওয়া।

আয়াত : ৩৫

كَمِشْكٰوةٍ : দীপাধারের ন্যায়। كَ হরফে জার। مِشْكٰوةٍ মাজরূর। এটি ইসম। একবচন, বহুবচন مِشْكَاوَاتٌ – مَشَاكِيْ – অর্থ– প্রদীপ রাখার পাত্র; প্রদীপ।

مِصْبَاحٌ : প্রদীপ। একবচন, বহুবচন– مَصَابِيْحُ

زُجَاجَةٌ : কাঁচের আবরণ। একবচন, বহুবচন– زُجَاجٌ

كَوْكَبٌ : নক্ষত্র। একবচন, বহুবচন– كَوَاكِبُ অর্থ– যে কোনো নক্ষত্র; চোখের শুভ্রতা; গোত্রপ্রধান; নেতা। তরবারি। পানি। كَوْكَبُ [কুলি।] كَوْكَبُ الرَّوْضَةِ [লোহার চমক।] اَلْحَدِيْدِ [বিপদের দিন।] يَوْمٌ ذُوْ كَوَاكِبَ [তারা বিক্ষিপ্ত হয়ে গেছে।] ذَهَبُوْا تَحْتَ كُلِّ كَوْكَبٍ –[কামূস, তাজ]

دُرِّيٌّ : উজ্জ্বল। ي নিসবতের জন্য। دُرٌّ অর্থ– মোতি; মুক্তা। অর্থাৎ মুক্তার ন্যায় উজ্জ্বল।

يُوْقَدُ : এটা প্রজ্বলিত করা হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْقَادُ মূলবর্ণ (و ـ ق ـ د) অর্থ– প্রজ্বলিত করা; জ্বালানো।

لَا شَرْقِيَّةٍ : যা প্রাচ্যের নয়/পশ্চিমমুখী নয়।

لَا غَرْبِيَّةٍ : প্রতীচ্যেরও নয়/ পূর্বমুখীও নয়। غَرْبِيٌّ এমন বৃক্ষ যাতে সূর্যাস্তকালীন সূর্যের আলো পৌঁছে। [মুনতাহাল আরব] لَا شَرْقِيَّةٍ وَلَا غَرْبِيَّةٍ এর কয়েকটি তাফসীর হতে পারে।

- জালালুদ্দীন মহল্লী (র.) লিখেছেন– بَلْ بَيْنَهُمَا فَلَا يَتَمَكَّنُ حَرٌّ وَلَا بَرْدٌ مُضِرَّيْنِ [এ বৃক্ষ না পূর্বমুখী না পশ্চিমমুখী; বরং উভয়ের মাঝামাঝিতে অবস্থিত, তাই তাতে না ক্ষতিকারক গরম পৌঁছতে পারে, না ঠাণ্ডা] শায়েখ মহল্লীর মতে غَرْبِيَّةٌ অর্থ– হলো পশ্চিম দিক।
- কাজী বায়যাভী এক বিস্ময়কর তাফসীর করেছেন। তিনি বলেন, বৃক্ষটি এমন নয় যে, তাতে কখনো রৌদ্র লাগে, আবার কখনো লাগে না; বরং পূর্ণ দিন তাতে রৌদ্র লাগে। অর্থাৎ তা ছিল একটি টিলার উপর বা খোলা মাঠে। এমন বৃক্ষের ফল সুমিষ্ট হয়।

৩. অথবা এর অর্থ হলো বৃক্ষটি না সর্বদা রৌদ্রে থাকে যে, সূর্যের রৌদ্রে তা জ্বলে যায়, আবার না তা সর্বদা ছায়ায় থাকে যে, তার ফল কাঁচা থেকে যায়।

৪. বৃক্ষটি না জনপদের পূর্ব প্রান্তে অবস্থিত না পশ্চিম প্রান্তে; বরং মাঝামাঝিতে অবস্থিত ছিল।এ ব্যাখ্যাটিকে অধিকাংশ মুফাসসির পছন্দ করেছেন।

زَيْتٌ : তেল। যয়তুনের তেলকেও زَيْتٌ বলা হয়।

يُضِيْءُ : তা আলোকিত করছে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ و ـ ء) মাসদার اَلْاِضَاءَةُ অর্থ– আলোকিত করা; উজ্জ্বল করা।

لَمْ تَمْسَسْهُ : সে তাকে স্পর্শ করেনি। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মাসদার اَلْمَسُّ মূলবর্ণ (م ـ س ـ س) অর্থ– স্পর্শ করা; ছোঁয়া।

يَهْدِيْ : তিনি সৎপথে পরিচালিত করেন। يَهْدِيْ সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথের সন্ধান দেওয়া; হেদায়েত দেওয়া; সৎপথে পরিচালিত করা।

আয়াত : ৩৬

اَنْ تُرْفَعَ : তাকে সমুন্নত করতে। اَنْ নাসেবা تُرْفَعَ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ– উঠানো; উঁচু করা; নিকটবর্তী করা। رَفْعٌ-এর ব্যবহার কখনো রাখা বস্তুকে স্বস্থান থেকে উঠানো ও স্বস্থান থেকে উঁচু করার অর্থে আসে। যেমন– وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّوْرَ [আমি তোমাদের উপর তূর পাহাড়কে উঠিয়েছিলাম] আবার কখনো ভবন উঁচু করার অর্থে আসে। যেমন– وَاِذْ يَرْفَعُ اِبْرٰهِيْمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَاِسْمٰعِيْلُ (আর যখন ইবরাহীম ও ইসমাঈল এ ঘরের ভিত্তি উঁচু করতে লাগল) আবার কখনো কথা ও আলোচনা ইত্যাদি উঁচু করার অর্থে আসে। যেমন– وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ (আমি তোমার আলোচনাকে উঁচু করেছি অর্থাৎ উচ্চমর্যাদা দান] কখনো মর্যাদা ও খ্যাতি উঁচু করার অর্থে হয়। যেমন– نَرْفَعُ دَرَجٰتٍ مَنْ نَشَاءُ (আমি যাকে ইচ্ছা করি তার মর্যাদা উঁচু করি) এ আয়াতে رَفْعٌ দ্বারা رَفْعٌ حَقِيْقِيٌّ তথা বাস্তব উচ্চতাও উদ্দেশ্য নেওয়া যায়। অর্থাৎ

ঘরসমূহকে উঁচু করা। আবার رَفْع مَعْنَوِى বা অর্থগত উচ্চতাও উদ্দেশ্য হতে পারে। অর্থাৎ ঘরসমূহের মর্যাদা রক্ষা করা এবং সেখানে আদবের পরিপন্থি কোনো কাজ না করা উদ্দেশ্য।

يُسَبِّحُ : **পবিত্রতা ও মহিমা ঘোষণা করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ- পবিত্রতা বর্ণনা করা; মহিমা বর্ণনা করা।

بِالْغُدُوِّ : **প্রত্যুষে। সকালবেলা**। সুবহে সাদিক ও সূর্যোদয়ের মধ্যবর্তী সময়। (مجمع البحار) দিনের প্রথম প্রহর। [মুফরাদাত] দিনের প্রথমভাগে চলা। [মাজমাউল বিহার] শব্দটি غَدَاةٌ -এর বহুবচন।

اَلْاٰصَالِ : **সন্ধ্যাবেলা**। [জুযাজ, আখফাশ, জওহারী] মাজদুদ্দীন ফিরোজাবাদী বলেন, এটি اَصِيْلٌ -এর বহুবচন। ফাররা, আযহারী ও আবূ বকর সিজিসতানীর মতে এটি اَصْل -এর বহুবচন আর اَصْل হলো اَصِيْل -এর বহুবচন। اَصِيْل সম্পর্কে জাওহারীর মত হলো- আসর থেকে মাগরিব পর্যন্ত সময়কে اَصِيْل বলা হয়। সেমতে এটি جَمْعُ الْجَمْع তথা বহুবচনের বহুবচন।

আয়াত : ৩৭

لَا تُلْهِيْهِمْ : **এটা তাদেরকে বিরত রাখে না/ গাফেল রাখে না**। সীগাহ واحد مؤنث غائب لَا تُلْهِىْ বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْهَاءُ মূলবর্ণ (ل ـ ه ـ و) অর্থ- আসক্ত রাখা; মজিয়ে রাখা। গাফেল রাখা। هُمْ যমীর মাফঊলে বিহী।

اِقَام : **সে কায়েম করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ- প্রতিষ্ঠা করা; কায়েম করা।

صَلٰوة : **সালাত; নামাজ**। একবচন; বহুবচন- صَلَوَاتٌ অর্থ- নামাজ; দোয়া; প্রার্থনা।

تَتَقَلَّبُ : **এটা ওলটপালট হয়ে যাবে; বিপর্যস্ত হয়ে পড়বে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلتَّقَلُّبُ অর্থ- পরিবর্তন হওয়া; ওলটপালট হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ৩৮

لِيَجْزِيَهُمْ : **তাদেরকে প্রতিফল দেওয়ার জন্য**। শুরুতে لام كى -টি لام ; يَجْزِىَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ- প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া। هُمْ যমীর মাফঊলে বিহী।

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা; আমল করা; সৎকর্ম করা।

يَزِيْدَهُمْ : **তাদের বৃদ্ধি পেয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ي ـ د) অর্থ- বৃদ্ধি পাওয়া। هُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৩৯

كَسَرَابٍ : **মরীচিকাসদৃশ**। كَ হরফে জার। سَرَابٍ মাজরূর। চকচকে বালি। তীব্র গরমের দ্বিপ্রহরে ময়দানে যে বালি পানির ন্যায় চকচক করতে দেখা যায়; দূর থেকে মনে হয় যেন পানি প্রবাহিত হচ্ছে এবং গাছ-পালা ও ঘরবাড়ির ছায়া তার মধ্যে পরিলক্ষিত হয় তাকে سَرَاب বা মরীচিকা বলা হয়। সাধারণত এর দ্বারা মানুষ প্রতারিত হয় তাই سَرَاب শব্দটি প্রতারণার অর্থে প্রবাদস্বরূপ ব্যবহৃত হয়।

بِقِيْعَةٍ : **মরুভূমিতে**। بِ হরফে জার, قِيْعَةٍ মাজরূর قِيْعَة বহুবচন। একবচনে- قَاعٌ অর্থ- সমতল ভূমি। [রাগেব] নরম ও বিস্তীর্ণ ময়দান। [কামূস] এমন প্রশস্ত ময়দান যাতে সূর্যের কিরণ পড়ার দ্বারা তার বালিসমূহ পানির ন্যায় পরিলক্ষিত হয়। -[মু'জাম] কারো কারো মতে قِيْعَة শব্দটি একবচন। [মুনতাহাল আরব]

يَحْسَبُ : **সে ধারণা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْحِسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ- ধারণা করা; মনে করা।

اَلظَّمْاٰنُ : **পিপাসার্ত লোক**। বাব سَمِعَ -এর মাসদার। মূলবর্ণ (ظ ـ م ـ أ) জিনস مهموز لام অর্থ- পিপাসার্ত হওয়া; তৃষ্ণার্ত হওয়া।

لَمْ يَجِدْهُ : সে তাকে পাবে না। لَمْ يَجِدْ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার الوجود অর্থ– পাওয়া; অর্জন করা।

فَوَفّٰىهُ : অতঃপর তাকে পূর্ণফল দেওয়া হবে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْفِيَةُ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ– পরিপূর্ণ দান করা। মূলত تَوَفّٰى অর্থ– পূর্ণ গ্রহণ করা; পূর্ণরূপে আয়ত্বে আনা। কাজী বায়যাভী (র.) লিখেছেন– اَلتَّوَفِّىْ اَخْذُ الشَّيْئِ وَافِيًا অর্থাৎ تَوَفّٰى অর্থ– কোনো কিছু পূর্ণরূপে নেওয়া।

وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ : আল্লাহ হিসাব গ্রহণে তৎপর/দ্রুত হিসাবগ্রহণকারী। واو হরফে আতফ, اَللّٰهُ মুবতাদা, سَرِيْعُ মুযাফ اَلْحِسَابِ মুযাফ ইলাইহি মুযাফ তার মুযাফ ইলাইহি মিলে اَللّٰهُ মুবতাদার সাথে খবর হয়েছে। سَرِيْعُ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل مبالغة বাব كرم মাসদার اَلسُّرْعَةُ মূলবর্ণ (س ـ ر ـ ع) অর্থ– দ্রুততা; তৎপরতা। ত্বরা করা; দ্রুত চলা। আল্লাহ তা'আলা سَرِيْعُ الْحِسَابِ হওয়ার কয়েকটি অর্থ রয়েছে। যথা–

১. তার হিসাব গ্রহণ অবশ্যম্ভাবী।
২. এক হিসাব অন্য হিসাব থেকে এবং এক বস্তু অন্য বস্তু থেকে হটিয়ে নিজের দিকে লিপ্ত করতে পারে না।
৩. তার কাজ দ্রুত প্রকাশ পায়, তিনি যা ইচ্ছা করেন তাতে কোনো বিলম্ব হয় না। সুতরাং আল্লাহ তা'আলা সকল সৃষ্টজীব পুনর্জীবিত হওয়ার পর মুহূর্তের মধ্যেই কোনো প্রকার প্রতিবন্ধকতা ব্যতিরেকেই হিসাব নিয়ে ফেলবেন। ইমাম রাগেব (র.) বলেন আল্লাহ তা'আলা سَرِيْعُ الْعِقَابِ ও وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ – হওয়ার অর্থ হলো এ বিষয়ে সতর্ক করা যে, انما امره اِذَا اَرَادَ اَنْ يَكُوْنَ فَيَكُوْنُ [অর্থাৎ তিনি যখন কোনো কিছু করতে ইচ্ছা করেন তখন তা হয়ে যায়।]

আয়াত : ৪০

ظُلُمٰتٍ : অন্ধকারপুঞ্জ। শব্দটি বহুবচন; একবচন– ظُلْمَةٌ যার অর্থ হলো আলো না হওয়া। ইমাম রাগেব (র.) বলেন– কখনো অজ্ঞতা, শিরক ও ফিস্‌ককে ظُلْمَةٌ বলা হয়। যেমনিভাবে এর বিপরীতে [ইলম, ঈমান, সৎকর্ম] -কে نور বলা হয়। যেমন– يُخْرِجُهُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ইত্যাদি।

لُجِّيٍّ : গভীর। لج অর্থ ঢেউয়ের উপর ঢেউ। ي নিসবতের জন্য। অর্থাৎ অধিক পানিবিশিষ্ট গভীর সমুদ্র।

يَغْشٰىهُ : সে তা আচ্ছন্ন করবে। يَغْشٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ي) মাসদার اَلْغِشْيَانُ অর্থ– আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া।

مَوْجٌ : তরঙ্গ। ইসমে মুফরাদ নাকেরা। বহুবচন اَمْوَاجٌ ঢেউ; তরঙ্গ; ঊর্মি। বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ج) মাসদার اَلْمَوْجُ অর্থ– ঢেউ উঠা; তরঙ্গ সৃষ্টি হওয়া।

اَخْرَجَ : সে বহিষ্কার করেছে। সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বহিষ্কার করা; বের করা।

لَمْ يَكَدْ يَرٰىهَا : তা আদৌ দেখতে পাবে না। لَمْ نفى جحد সীগাহ يَكَدْ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ك ـ ي ـ د) মাসদার اَلْكَيْدُ নিকটবর্তী হওয়া; উপক্রম হওয়া। يَرٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। هَا যমীর মাফউলে বিহী।

لَمْ يَجْعَلْ : তিনি রাখেননি। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা।

আয়াত : ৪১

اَلَمْ تَرَ : তুমি কি লক্ষ্য কর না? শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ تَرَ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

صٰٓفّٰتٍ : উড্ডীয়মান/সারিবদ্ধ। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ ف ـ ف) মাসদার اَلصَّفُّ অর্থ– কাতার বাঁধা; সারিবদ্ধ হওয়া। শব্দটি আবার সারি বা কাতার অর্থেও আসে।

আয়াত : ৪৩

يُزْجِىْ : **তিনি সঞ্চালিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِزْجَاءُ মূলবর্ণ (ز ـ ج ـ ى) জিনস ناقص يائى অর্থ– চালানো; হাঁকানো।

سَحَابًا : **মেঘ**। মেঘে পানি হোক বা না হোক তাকে سَحَاب বলা হয়। কখনও উপমাস্বরূপ ছায়া ও অন্ধকার উদ্দেশ্য নেওয়া হয়। যেমন– اَوْ كَظُلُمٰتٍ فِىْ بَحْرٍ لُّجِّىٍّ يَّغْشٰىهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ; মূলত سَحْبٌ অর্থ– টানা। তা থেকেই سَحَاب শব্দটি উদ্ভূত হয়েছে। কারণ বাতাস তাকে টেনে নিয়ে বেড়ায়। অথবা এজন্য যে তা পানি বহন করে নিয়ে আসে অথবা এজন্য যে, তা নিজেই আকর্ষিত হয়ে চলে আসে। আরবি ভাষার ইমাম আসমায়ী (র.) লিখেছেন سَحَاب হলো اسم جنس جَمْعِىْ -এর একবচন سحابة শব্দটি পুং ও স্ত্রী, একবচন ও বহুবচন সর্বভাবে ব্যবহৃত হয়। ফরিদ ওয়াজদি লিখেছেন, শব্দের বিবেচনায় এর সিফত مفرد আসে। যেমন– وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَاءِ وَالْاَرْضِ আবার অর্থের বিবেচনায় বহুবচনও আনা হয়। যেমন– وَيُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ তেমনিভাবে পুংলিঙ্গের উদাহরণ হলো– وَالسَّحَابُ الْمُسَخَّرُ আর স্ত্রীলিঙ্গের উদাহরণ হলো حَتّٰى اَقَلَّتْ سَحَابًا ثِقَالًا ; লিসানুল আরবে রয়েছে– سَحَبٌ শব্দটি سَحَابٌ -এর বহুবচন, যা سَحَابَةٌ -এর বহুবচন। সুতরাং سَحَبٌ হলো جمع الجمع বা বহুবচনের বহুবচন।

يُؤَلِّفُ : **তিনি একত্র করেন/মিলিয়ে দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (أ ـ ل ـ ف) মাসদার اَلتَّالِيْفُ অর্থ– বন্ধুত্ব স্থাপন করা; সংযুক্ত করা; একত্র করা।

ثُمَّ يَجْعَلُهٗ رُكَامًا : **অতঃপর তিনি পুঞ্জিভূত করেন**। ركام অর্থ– স্তূপ; রাশি; পুঞ্জ। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– পুঞ্জিভূত করা; স্তরে স্তরে রাখা।

اَلْوَدْقُ : **বারিধারা/ বৃষ্টি**। এটি ইসম। অর্থ– প্রবল বর্ষণ। وَادِقٌ [গরমের তীব্রতা। সবুজ শ্যামল স্থান।] وَدِيْقَةٌ [ধারালো তলোয়ার।] مَوْدِقٌ [বৃষ্টিপাতের স্থান।] اَلْوَدْقُ মাসদার বাব ضَرَبَ যদি الى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে– নিকটবর্তী হওয়া; সক্ষম হওয়া। অর যদি باء দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয়– কারো সাথে অন্তরঙ্গ হওয়া। এরপর যদি কোনো حرف جر না থাকে তখন অর্থ হবে– প্রবাহিত হওয়া; বৃষ্টি বর্ষণ করা; প্রশস্ত হওয়া। তরবারি ধারালো হওয়া। اَلْاِيْدَاقُ অর্থ– বৃষ্টি বর্ষণ করা।

فَيُصِيْبُ : **তিনি আঘাত করেন/তিনি আপতিত করেন**। فا হরফে আতফ, يُصِيْبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছানো; আপতিত করা; আঘাত করা।

يَصْرِفُهٗ : **তিনি তা ফিরিয়ে দেন**। يَصْرِفُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ– ফিরিয়ে দেওয়া; বিরত রাখা। ه যমীর মাফঊলে বিহী।

سَنَا : **বিদ্যুৎঝলক**। অনেক ভাষাবিদের মতে এটি বিদ্যুতের চমকের জন্য নির্দিষ্ট। কিন্তু সঠিক কথা হলো এটি عام বা ব্যাপক। বিদ্যুতের চমক বা আগুনের ঝলক যে কোনো তীব্র আলোর জন্য ব্যবহৃত হয়। হাফেয ইবনে হাজার আসকালানী (র.) -এর একটি প্রসিদ্ধ কবিতা আছে যাতে তিনি আরবিকৃত অনারবী শব্দসমূহকে চয়ন করেছেন, তন্মধ্যে سنا -কেও অন্তর্ভুক্ত করেছেন। কিন্তু ইমাম সুয়ূতী (র.) লিখেছেন যে, ইবনে হাজার (র.) ব্যতীত আর কেউ এ কথা বলেছেন বলে আমার জানা নেই।

بَرْق : **বিদ্যুৎ; বিজলী**।

يَذْهَبُ : **সে কেড়ে নিবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَابُ অর্থ– যাওয়া; নিয়ে যাওয়া; রহিত করা; ধ্বংস করা।

يُقَلِّبُ : **তিনি পরিবর্তন ঘটান**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْلِيْبُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– পরিবর্তন করা।

আয়াত : ৪৫

يَمْشِىْ : **সে চলে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ش ـ ى) মাসদার اَلْمَشْىُ অর্থ– চলা; চলাফেরা করা; হাঁটা।

يَخْلُقُ : **তিনি সৃষ্টি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ- সৃষ্টি করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ- ইচ্ছা করা।

আয়াত : ৪৭

أٰمَنَّا : **আমরা ঈমান আনলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

اَطَعْنَا : **আমরা আনুগত্য করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ- আনুগত্য করা; মান্য করা; কারো কথা মতো চলা।

يَتَوَلّٰى : **তিনি মুখ ফিরিয়ে নেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ي) অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা।

আয়াত : ৪৮

دُعُوْا : **তাদেরকে আহ্বান করা হলো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ- ডাকা; আহ্বান করা।

لِيَحْكُمَ : **যাতে তিনি নির্দেশ/ফয়সালা করেন**। শুরুতে لام كى টি لام ; সীগাহ يَحْكُمَ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা।

مُعْرِضُوْنَ : **উপেক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ- উপেক্ষা করা; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ৪৯

ظَهِيْرًا : **সাহায্যকারী; সহায়ক**। فَعِيْل -এর ওজনে فاعل অর্থে সিফাতের সীগাহ। বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُظَاهَرَةُ অর্থ- একে অপরকে সাহায্য করা। ভাষাবিদ আল্লামা মুরতাজা জুবাইদি তাজুল 'আরূসে লিখেছেন- ظَهِيْر শব্দটি اَمِيْر -এর ওজনে সাহায্যকারী। একবচন ও বহুবচন একই রকম ব্যবহার হয়। আর ظَهِيْر -এর বহুবচন এ জন্য গঠন করা হয়নি যে, فَعِيْل ও فَعُوْل উভয়টি مذكر, مؤنث একবচন ও বহুবচন একই রকম ব্যবহার হয়। যেমন আল্লাহর বাণী- اَنَا رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ অন্য আয়াতে রয়েছে- وَالْمَلٰٓئِكَةُ بَعْدَ ذٰلِكَ ظَهِيْر [ফেরেশতারা তার পরে সাহায্যকারী] তবে আল্লামা ইবনে মালেক নহবী লিখেছেন, এর বহুবচন ظُهْر আসে। তিনি লিখেন-

আয়াত وَكَانَ الْكَافِرُ عَلٰى رَبِّهٖ ظَهِيْرًا -এর কয়েকটি তাফসীর হতে পারে।

১. ইমাম রাগেব (র.) লিখেছেন 'অর্থাৎ কাফেররা প্রতিপালকের বিরোধিতায় শয়তানের সাহায্যকারী'।

২. আবূ উবাইদা লিখেছেন- ظَهِيْر -অর্থ مَظْهَرٌ بِهٖ [যা পিছনে ফেলে রাখা হয়েছে।] অর্থাৎ আল্লাহর নিকট অপদস্ত ও উপেক্ষিত। আরবদের উক্তি- ظَهَرَ بِكَذَا [তা পিছনে ফেলে রেখে তাকে উপেক্ষা করা হয়েছে।]

ইমাম রাযী (র.) তাফসীরে কাবীরে আরো দুটি ব্যাখ্যা লিখেছেন। যথা-

৩. ظَهِيْر টি مَضَاهِر অর্থে হয়েছে। অর্থাৎ কাফেররা আল্লাহর সাথে শত্রুতা করে শয়তানের সাহায্যকারী হয়ে যায়।

৪. এটাও হতে পারে যে, ظَهِيْر দ্বারা জামাত বা দল উদ্দেশ্য। তখন অর্থ হবে- কাফেররা আল্লাহর বিরোধিতায় একে অপরের সাহায্যকারী।

৫. কাজী শাওকানী সুন্দর একটি ব্যাখ্যা লিখেছেন, তিনি বলেন, আয়াতে رَبّ দ্বারা কাফেরদের মূর্তি উদ্দেশ্য, যার পূজা তারা করত। আর ظَهِيْر দ্বারা উদ্দেশ্য হলো শক্তিশালী; প্রবল। তখন অর্থ হবে- মূর্তিদের মধ্যে না তো প্রতিহত করার ক্ষমতা আছে না উপকার করার; বরং কাফেররাই তাদের উপর প্রবল, যারা তাদের [মূর্তিদের] সাথে যা ইচ্ছা তাই করে থাকে।

আয়াত : ৫৬

مَآ اَرْسَلْنٰكَ : **আমি তোমাকে প্রেরণ করিনি**। [এখানে অর্থ হবে করেছি] مَا اَرْسَلْنَا সীগাহ جمع متكلم বহছ نفى فعل ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা; পাঠানো। ك যমীর মাফঊলে বিহী।

مُبَشِّرًا : **সুসংবাদদাতা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ- সুসংবাদ দেওয়া।

نَذِيْرًا : **সতর্ককারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيْر [ভীতিপ্রদর্শনকারী] দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শন করা।

আয়াত : ৫৭

مَآ اَسْئَلُكُمْ : **আমি চাই না**। সীগাহ واحد متكلم বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ- প্রার্থনা করা; জিজ্ঞাসা করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৫৮

تَوَكَّلْ : **তুমি নির্ভর কর**। تَوَكَّلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ- ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ৫৮

لَا يَمُوْتُ : **সে মরবে না**। يَمُوْتُ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ

মাসদার اَلْمَوْتُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া।

سَبِّحْ : **তুমি মহিমা ঘোষণা কর।** سَبِّحْ সীগাহ واحد امر حاضر معروف বহছ مذكر حاضر বাব تَفْعِيْل মূলবর্ণ(س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা। মহিমা ঘোষণা করা।

আয়াত : ৫৯

اِسْتَوٰى : **তিনি সমাসীন হলেন।** اِسْتَوٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلْاِسْتِوَاءُ এ শব্দটি যখন عَلٰى -দ্বারা মুতা'আদ্দী হবে তখন এর অর্থ হবে– স্থিতিশীল হওয়া; উঁচুতে উঠা; উপরে উঠা; সমাসীন হওয়া। যেমন– وَاسْتَوَتْ عَلَى الْجُوْدِيِّ [সেই নৌকা জুদী পাহাড়ে গিয়ে থেমেছে] আর যদি اِلٰى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে ইচ্ছা করা। যেমন– ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ [অতঃপর তিনি আকাশের প্রতি ইচ্ছা করলেন] এবং এর যখন দু'টি فَاعِل হয় তখন অর্থ হয়– উভয়টি সমানভাবে হওয়া। যেমন– لَا يَسْتَوِى الْخَبِيْثُ وَالطَّيِّبُ [নাপাক ও পাক সমান নয়]

عَرْشِ : **আরশ। সিংহাসন; রাজাসন।** ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– عَرْشٌ বলা হয় ছাদবিশিষ্ট কোনো কিছুকে। এর বহুবচন عُرُوْشٌ কুরআনে রয়েছে– وَهِىَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا [তারা তাদের মাচানের উপর পতিত ছিল] عَرْشُ الْكَرَمِ অর্থ– আঙ্গুরের লতার জন্য মাচান স্থাপন করা। আয়াত وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ -এর অর্থ আবূ উবায়দা বলেছেন–يَبْنُوْنَ [তারা উঁচু ইমারত নির্মাণ করত।] বাদশার বসার স্থানকেও عَرْش বলা হয়, কারণ তা উঁচু হয়। عَرْش সম্পর্কে মুফাসসিরগণের মত হলো তা সিংহাসনই, যা দেহবিশিষ্ট, যাকে আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন এবং ফেরেশতাদেরকে নির্দেশ দিয়েছেন তা বহন করে রাখতে এবং সম্মানপ্রদর্শন ও তওয়াফ দ্বারা ইবাদত করতে। যেমনিভাবে দুনিয়াতে তিনি একটি গৃহ নির্মাণ করেছেন এবং বনী আদমকে নির্দেশ দিয়েছেন তার তওয়াফ করতে এবং নামাজে তার দিকে মুখ ফিরাতে। –[কিতাবুল আসমা ওয়াসসিফাত, ইমাম বায়হাকী]

اَلرَّحْمٰنُ : **অধিক দয়ালু; দয়াময়।** এটি فَعْلَانٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ । এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এ শব্দটি আল্লাহ ব্যতীত অন্য কারো উপর প্রয়োগ হয় না। কেননা তার রহমত সকলের উপরই ব্যাপক। আরব ভাষাভাষীগণ এ ব্যাপারে মতবিরোধ করেছেন যে, শব্দটি আরবি নাকি অনারবি? মুবাররাদ ও ছা'লাবী বলেন, এটি ইবরানী শব্দ। যা মূলত رَخْمَانْ ছিল। [বিস্তারিত আলোচনা সূরা ফাতিহা দ্রষ্টব্য]

আয়াত : ৬০

زَادَهُمْ : **তা তাদের বৃদ্ধি করে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ى ـ د) অর্থ– বৃদ্ধি করা; অতিরিক্ত করা।

نُفُوْرًا : **বিমুখতা; ঘৃণা।** মাসদার ; বাব ضَرَبَ - نَصَرَ - এর মাসদার। অর্থ– দূরে সরে যাওয়া; অপছন্দ করা; ঘৃণা করা।

আয়াত : ৬১

بُرُوْجًا : **রাশি-চক্র/গ্রহ-নক্ষত্র।** بُرْجٌ -এর বহুবচন। এটি বৃহৎ প্রাসাদ, দুর্গ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। মুজাহিদ, কাতাদাহ, আবূ সালেহ, প্রমুখ তাফসীরবিদগণ এখানে بُرُوْجٌ -এর তাফসীর করেছেন বৃহৎ নক্ষত্র। আকাশের بُرُوْجٌ দ্বারা কী উদ্দেশ্য? সে সম্পর্কে শাহ আব্দুল কাদির مُوْضِحُ الْقُرْاٰن -এ লিখেছেন, আকাশের পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত বারটি অংশ রয়েছে। সেগুলোই বারোটি بُرُوْجٌ; সূর্য বৎসরে সেগুলো অতিক্রম করে। শীত ও গ্রীষ্ম তা দ্বারা পরিবর্তন হয়। গরম দ্বারা বৃষ্টি বর্ষিত হয়। আর বৃষ্টি দ্বারা পৃথিবী সজীব হয়। জ্যোতির্বিজ্ঞানীদের ভাষায় সেগুলোকে রাশি বলা হয়। বারটি রাশি হলো নিম্নরূপ–

حَمَلْ [মেষরাশি] : রাশিচক্রের প্রথম রাশি।

اَلثَّوْرُ [বৃষরাশি] : রাশিচক্রের দ্বিতীয় রাশি।

اَلْجَوْزَاءُ [মিথুনরাশি] : রাশিচক্রের তৃতীয় রাশি।
اَلسَّرَطَانُ [কর্কটরাশি] : রাশিচক্রের চতুর্থ রাশি।
اَلْاَسَدُ [সিংহরাশি] : রাশিচক্রের পঞ্চম রাশি।
اَلسُّنْبُلَةُ [কন্যারাশি] : রাশিচক্রের ষষ্ঠ রাশি।
اَلْمِيْزَانُ [তুলারাশি] : রাশিচক্রের সপ্তম রাশি।
اَلْعَقْرَبُ [বৃশ্চিকরাশি] : রাশিচক্রের অষ্টম রাশি।
اَلْقَوْسُ [ধনুরাশি] : রাশিচক্রের নবম রাশি।
اَلْجَدْيُ [মকররাশি] : রাশিচক্রের দশম রাশি।
اَلدَّلْوُ [কুম্ভরাশি] : রাশিচক্রের একাদশ রাশি।
اَلْحُوْتُ [মীনরাশি] : রাশিচক্রের দ্বাদশ রাশি।

سِرَاجًا : **প্রদীপ**। রূপকার্থে সূর্য ও উজ্জ্বল বস্তুর জন্যও ব্যবহার হয়। এটি একবচন, বহুবচন- سُرُجٌ

مُّنِيْرًا : **দীপ্তিমান/জ্যোতির্ময়**। مُنِيْرًا সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব افعال মাসদার اَلْاِنَارَةُ মূলবর্ণ (ن ـ و ـ ر) অর্থ- আলোকিত করা; উজ্জ্বল হওয়া; আলোকিত হওয়া।

আয়াত : ৬২

خِلْفَةً : **পরস্পরের অনুগামীরূপে**। এটি মূলত মাসদার, যা ফে'লের অবস্থা বর্ণনা করে। خَلْفٌ অর্থ- কারো পশ্চাতে আগমন করা। আর اَلْخَلِيْفَةُ অর্থ- লাগাতার একে অপরের পিছনে আসা।

اَنْ يَّذَّكَّرَ : **যেন তারা উপদেশ গ্রহণ করে**। اَنْ নাসেবা। مضارع বহছ واحد مذكر غائب সীগাহ يَذَّكَّرُ বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার التذكر معروف অর্থ- পরামর্শ নেওয়া; উপদেশ গ্রহণ করা। শব্দটি মূলত يَتَذَكَّرُ ছিল। اِفْتِعَالٌ-এর تاء কে ذال দ্বারা পরিবর্তন করে تاء কে ذال এর মধ্যে ইদগাম করা হয়েছে।

আয়াত : ৬৩

يَمْشُوْنَ : **তারা চলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ش ـ ى) মাসদার اَلْمَشْيُ অর্থ- চলা। হাঁটা।

هَوْنًا : **নম্রভাবে**। এটি ইসম; বাব نَصَرَ-এর মাসদার। অর্থ- নম্রভাবে চলাফেরা করা; সহজ হওয়া।

اِذَا خَاطَبَهُمُ : **যখন তাদেরকে সম্বোধন করে**। اِذَا হরফে শর্ত। خَاطَبَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (خ ـ ط ـ ب) মাসদার اَلْمُخَاطَبَةُ অর্থ- কথোপকথন করা; পরস্পর কথাবার্তা বলা। هُمْ যমীর মাফউলে বিহী।

আয়াত : ৬৪

يَبِيْتُوْنَ : **তারা রাত্রি অতিবাহিত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ ى ـ ت) মাসদার اَلْبَيَاتُ- اَلْمَبِيْتُ ও اَلْبَيْتُوْتَةُ অর্থ- রাত্রি যাপন করা; রাত্রি অতিক্রম করা; রাতে কোনো কাজ করা।

قِيَامًا : **দণ্ডায়মান**। এটি বহুবচন, একবচন- قَائِمٌ ; এটি মাসদারও হতে পারে। বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) জিনস اجوف واوى অর্থ- দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

আয়াত : ৬৫

اِصْرِفْ : **আপনি ফিরিয়ে রাখুন/বিদূরিত করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ- ফিরিয়ে রাখা; বিদূরিত করা।

غَرَامًا : **বিনাশ**। ইসমে ফে'ল। অর্থ- উপর্যুরি কষ্ট।

আয়াত : ৬৬

سَاءَتْ : **এটা নিকৃষ্ট**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ ء) মাসদার اَلسَّوْءُ অর্থ- নিকৃষ্ট হওয়া।

مُسْتَقَرًّا : **বসবাসের জায়গা; অবস্থানস্থল**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْاِسْتِقْرَارُ অর্থ- বসবাস করা; অবস্থান করা; স্থির হওয়া। বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ৬৭

اَنْفَقُوْا : **তারা ব্যয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ- ব্যয় করা; খরচ করা।

لَمْ يُسْرِفُوا : **তারা অপব্যয় করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব إِفْعَالٌ মূলবর্ণ (س - ر - ف) মাসদার اَلْإِسْرَافُ অর্থ- অপচয় করা; অপব্যয় করা। সীমালঙ্ঘন করা।

لَمْ يَقْتُرُوا : **তারা কার্পণ্য করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব نَصَرَ মাসদার اَلْقَتْرُ মূলবর্ণ (ق - ت - ر) অর্থ- কার্পণ্য করা; ব্যয় কম করা।

قَوَامًا : **মধ্যম পন্থায়।** অপব্যয় ও কার্পণ্যের মধ্যবর্তী সীমারেখা; মধ্যপন্থা; যা দ্বারা না নিজের ধ্বংস হয়, না অন্যের। যা দ্বারা কোনো বস্তুর স্থায়িত্ব ও সংস্কার হয় তাকে قِيَامٌ ও قِوَامٌ বলা হয়, অর্থাৎ স্থায়িত্বের মাধ্যম।

আয়াত : ৬৮

لَا يَدْعُوْنَ : **তারা আহ্বান করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د - ع - و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ- আহ্বান করা; ডাকা।

لَا يَقْتُلُوْنَ : **তারা হত্যা করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق - ت - ل) মাসদার اَلْقَتْلُ অর্থ- হত্যা করা; খুন করা।

حَرَّمَ : **তিনি হারাম করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْرِيْمُ মূলবর্ণ (ح - ر - م) অর্থ- হারাম করা; অবৈধ করা।

لَا يَزْنُوْنَ : **তারা ব্যভিচার করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن - ن - ى) মাসদার اَلزِّنَاءُ অর্থ- ব্যভিচার করা; অবৈধ নারী সম্ভোগ করা।

يَلْقَ : **সে ভোগ করবে।** يَلْقَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَللِّقَاءُ মূলবর্ণ (ل - ق - ى) অর্থ- সাক্ষাৎ করা; দেখা করা; সম্মুখীন হওয়া। يَلْقَ জাযার স্থানে হওয়ার কারণে مجزوم হয়েছে।

أَثَامًا : **শাস্তি- [রূপকার্থে] গুনাহ।** হযরত আব্দুল্লাহ ইবনে ওমর, ইকরিমা, মুজাহিদ (র.) প্রমুখের মতে أَثَامٌ হলো জাহান্নামের একটি উপত্যকা।

আয়াত : ৬৯

يُضٰعَفْ : **দ্বিগুণ করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَاعَفَةُ মূলবর্ণ (ض - ع - ف) অর্থ- দ্বিগুণ করা; ডবল করা; বৃদ্ধি করা।

يَخْلُدْ : **সে স্থায়ী হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ - ل - د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ- স্থায়ী হওয়া; সর্বদা এক অবস্থার উপর অবশিষ্ট থাকা এবং তাতে কোনো পরিবর্তন না হওয়া।

مُهَانًا : **হীন অবস্থায়।** সীগাহ اسم مفعول বহছ واحد مذكر বাব إِفْعَالٌ মূলবর্ণ (ه - و - ن) মাসদার اَلْإِهَانَةُ অর্থ- লাঞ্ছিত করা।

আয়াত : ৭০

تَابَ : **সে তওবা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت - و - ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ- তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা।

يُبَدِّلُ : **সে পরিবর্তন করবে।** يُبَدِّلُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب - د - ل) অর্থ- পরিবর্তন করা।

আয়াত : ৭১

يَتُوبُ : **সে অভিমুখী হয়; সে ফিরে আসে; সে তওবা করে।** يَتُوْبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت - و - ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ- তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা।

আয়াত : ৭২

لَا يَشْهَدُوْنَ : **তারা সাক্ষ্য দেয় না।** يَشْهَدُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع

বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ هـ ـ د) মাসদার معروف اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া; প্রত্যক্ষ করা; হাজির হওয়া।

اِذَا مَرُّوْا : **যখন তারা অতিক্রম করে/ সম্মুখীন হয়।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف مَرُّوْا বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ر ـ ر) মাসদার اَلْمُرُوْرُ অর্থ– অতিবাহিত করা; অতিক্রম করা; চলাফেরা করা। সম্মুখীন হওয়া।

كِرَامًا : **মর্যাদার সাথে; ভদ্রভাবে।** শব্দটি বহুবচন। একবচনে– كَرِيْمٌ সম্মানিত; ভদ্র। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৭৩

اِذَا ذُكِّرُوْا : **যখন তাদেরকে স্মরণ করানো হয়।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ– উপদেশ দেওয়া।

لَمْ يَخِرُّوْا : **তারা পতিত হয় না/ তারা ধাবিত হয় না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخُرُوْرُ অর্থ– পতিত হওয়া।

আয়াত : ৭৪

هَبْ : **তুমি দান কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ هـ ـ ب) মাসদার اَلْهِبَةُ ও اَلْوَهْبُ অর্থ– দান করা।

قُرَّةَ اَعْيُنٍ : **নয়ন-প্রীতিকর/ চোখের শীতলতা।** قُرَّةٌ শব্দটি قُرٌّ থেকে নির্গত, যার অর্থ– শীতলতা। কারো কারো উক্তি হলো আনন্দাশ্রু قَارَّةٌ [শীতল] হয়ে থাকে, আর দুঃখের অশ্রু حَارَّةٌ [গরম] হয়ে থাকে। এই কারণে চোখের শীতলতা দ্বারা উদ্দেশ্য হলো অন্তরের উৎফুল্লতা। আবার কারো মতে قُرَّةٌ শব্দটি قَرَارٌ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ– স্থিরতা।

اِجْعَلْنَا : **তুমি আমাদেরকে বানাও।** সীগাহ جمع متكلم বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নিযুক্ত করা।

আয়াত : ৭৫

يُجْزَوْنَ : **তাদেরকে প্রতিদান দেওয়া হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া।

اَلْغُرْفَةَ : **জান্নাতের সুউচ্চ কক্ষ।** একবচন; বহুবচন– غُرُفَاتٌ ; অর্থ– বাড়ির উপর তলা; উচ্চস্থান।

يُلَقَّوْنَ : **তাদেরকে অভ্যর্থনা করা হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلتَّلْقِيَةُ অর্থ– নিক্ষেপ করা; ঢালা। দান করা।

تَحِيَّةً : **অভিবাদন।** تَحِيَّةٌ শব্দটি حَيَاةٌ থেকে উদ্ভূত। যা حَيَّاكَ اللّٰهُ -এর মাসদার। এটি خَبَرٌ -এর শব্দ কিন্তু জীবিত থাকার দোয়ার [আল্লাহ তোমাকে জীবিত রাখুন] জন্য ব্যবহৃত। পরবর্তীতে যে কোনো দোয়া ও সালামের জন্য ব্যবহার হতে থাকে।

আয়াত : ৭৬

حَسُنَتْ : **তা উৎকৃষ্ট হয়েছে।** حَسُنَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– সুন্দর হওয়া; উত্তম হওয়া।

আয়াত : ৭৭

مَا يَعْبَؤُا : **তার কিছুই আসে যায় না/ সে পরওয়া করে না।** مَا নাফিয়া। يَعْبَؤُ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ع ـ ب ـ ؤ) মাসদার اَلْعَبْؤُ অর্থ– পরোয়া করা; খেয়াল রাখা; ভ্রূক্ষেপ করা; লক্ষ্য করা; গুরুত্ব দেওয়া।

فَسَوْفَ يَكُوْنُ لِزَامًا : **ফলে অচিরেই নেমে আসবে অপরিহার্য শাস্তি।** فَا -টি জাযাইয়্যা, سَوْفَ আলামতে মুযারে' يَكُوْنُ ফে'ল, তাতে উহ্য যমীর তার ফা'য়েল এবং لِزَامًا মাফউলে মুতলাক। لِزَامًا শব্দটি বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। সর্বদা সাথে থাকা; পৃথক না হওয়া। অপরিহার্য হওয়া।

সূরা শু'আরা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২২৭ রুকূ' : ১১

আয়াত : ১

ত্বা- সীন- মীম। এগুলো হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حروف تهجى-এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) খলীফা চতুষ্টয় এবং ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো – اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ [এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।] –[বিস্তারিত সূরা বাকারা الم দ্রষ্টব্য]

আয়াত : ২

اَلْكِتَابِ : **কিতাব**। গ্রন্থ। একবচন, বহুবচন– كُتُبٌ; এটি মাসদার যা মাফঊল তথা مَكْتُوْبٌ অর্থে ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন, আসমানি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূয; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আমলনামা; আল্লাহ প্রদত্ত দলিল। পবিত্র কুরআনে কুরআনেরও অনেকগুলো নাম উল্লেখ করা হয়েছে। যেমন– কুরআন; কিতাব; তানযীল; ফুরকান; যিকর ইত্যাদি।

اَلْمُبِيْنِ : **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ৩

فَلَعَلَّكَ : **সম্ভবত তুমি**। فَا হরফে আত্ফ। لَعَلَّ হরফে মুশব্বাহ বিল ফে'ল। تَرَجِّىْ (আশা-আকাঙ্ক্ষা) বা ভয় বুঝানোর জন্য তাকে গঠন করা হয়েছে। যা اسم কে নসব ও خبر কে রফা প্রদান করে। যেমন– لَعَلَّ – اَللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ اَمْرًا لَعَلَّ দ্বারা যে আশা সৃষ্টি হয় তা কখনো متكلم থেকে হয়। যেমন– لَعَلَّنَا نَتَّبِعُ السَّحَرَةَ (ফেরাউনের সম্প্রদায়ের লোকেরা বলেছিল, আমাদের আশা যে আমরা জাদুকরদের অনুসরণ করব।) আবার কখনো সম্বোধিত ব্যক্তিকে আশান্বিত করার এবং প্রত্যাশী বানানোর জন্য আসে। তখন আশাটি সম্বোধিত ব্যক্তির দিকে প্রত্যাবর্তন করবে। যেমন– لَعَلَّهٗ يَتَذَكَّرُ اَوْ يَخْشٰى [আল্লাহ হযরত মূসা ও হারূন (আ.) কে নির্দেশ প্রদান করেছেন তোমরা ফেরাউনের কাছে গিয়ে তাকে বল যে, আমরা আল্লাহর রাসূল। এই আশা নিয়ে যাবে যে, সম্ভবত তারা উপদেশ গ্রহণ করবে এবং সতর্ক হয়ে যাবে।] আবার কখনো আশার সম্পর্ক বক্তা-শ্রোতা কারো থেকেই হয় না; বরং তৃতীয় কোনো ব্যক্তি থেকে হয়। যেমন– فَلَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ [আপনার অবস্থা দেখে লোকেরা এই আশা বা আশঙ্কা করছে যে, আপনি স্বীয় জীবন বিসর্জন দিয়ে দিবেন।] لَعَلَّ কে মূলত গঠন করা হয়েছে আশা বা আশঙ্কার জন্য। কিন্তু সেই প্রত্যাশিত বস্তুটি সম্ভাব্য জিনিস হতে হবে। তাই لَعَلَّ الشَّبَابَ يَعُوْدُ বলা সঠিক নয়। কারণ হারানো যৌবন ফিরে পাওয়া সম্ভব নয়।

بَاخِعٌ : **আত্ম-বিনাশী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ خ ـ ع) মাসদার اَلْبَخْعُ অর্থ– জীবন বিনাশ করা; আত্মহনন করা।

لَا يَكُوْنُوْا : **তারা হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

আয়াত : ৪

نَشَأْ : **যদি আমি ইচ্ছা করি**। اِنْ نَشَأْ। اِنْ হরফে শর্ত। ফে'লটি শর্ত দ্বারা মাজযূম। সীগাহ جمع متكلم

اَلْمَشِيْئَةُ মাসদার فَتَحَ বাব مضارع معروف বহছ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

نُنَزِّلْ : **আমি অবতীর্ণ করি।** نُنَزِّلْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

ظَلَّتْ : **তা হয়ে যেত।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ ও سَمِعَ মাসদার اَلظِّلُّ ও اَلظُّلُوْلُ মূলবর্ণ (ظ ـ ل ـ ل) ; (صَارَ অর্থে হলে) তখন অর্থ হবে– হওয়া। আর (صَارَ অর্থে না হলে) অর্থ হবে– দিনে কোনো কাজ করা। এটি فعل ناقص যা خبر কে সারা দিনের জন্য প্রমাণ করে। কেননা এটা এমন সময়কে বুঝায় যখন সূর্যের ছায়া থাকে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত; বা সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত। উল্লেখ্য যেভাবে بَاتَ يَبِيْتُ -এর ব্যবহার রাত যাপনের জন্য হয় তদ্রূপ ظَلَّ يَظَلُّ -এর ব্যবহার দিন যাপনের জন্য হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, যা দিনে সম্পাদন করা হয় তা ظَلَّ দ্বারা প্রকাশ করা হয়। উল্লেখ এটি صَارَ -এর স্থলে ব্যবহার হলে তখন আর দিনের অর্থ প্রযোজ্য হয় না। তদ্রূপভাবে فعل تامة হলে তখন دَوَامٌ -এর অর্থ প্রদান করে। এখানে এটি فعل ناقصة হয়েছে, তাই তা কোনো কালের সাথে শর্তযুক্ত হবে না।

اَعْنَاقُ : **স্কন্ধ।** বহুবচন; একবচন– عُنُقٌ অর্থ– গর্দান; ঘাড়; স্কন্ধ।

خٰضِعِيْنَ : **বিনয়ীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ض ـ ع) মাসদার اَلْخُضُوْعُ অর্থ– বিনয়ী হওয়া; ঝুঁকা।

আয়াত : ৫

مُحْدَثٍ : **নতুন। তাজা; উদ্ভূত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ د ـ ث) মাসদার اَلْاِحْدَاثُ অর্থ– নতুনভাবে আবিষ্কার করা; উদ্ভাবন করা। حَدَثٌ ও حُدُوْثٌ -এর মধ্যে নতুন, নব, পূর্ব থেকে ছিল না– এমন অর্থ বিদ্যমান থাকে। তাই حَدَثٌ অর্থ– অজু ভঙ্গকারী বস্তু। حَدَاثَةٌ [নবযৌবন।] حَدَاثَةُ الْاَمْرِ [কাজের প্রারম্ভ।] حُدُوْثَةٌ [যৌবন।] حَدَثَانُ الدَّهْرِ / حَوَادِثُ الدَّهْرِ [নতুন বস্তু।] حَدَثَانُ [কালের দুর্যোগ।] حَدِيْثُ السِّنِّ [যুবক।] এ সকল শব্দের অর্থে নতুনত্ব ও নব উদ্ভাবনের অর্থ বিদ্যমান

আয়াত : ৬

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

اَنْبَاءُ (اَنْبٰؤُا) : **বার্তা; বৃত্তান্ত।** এটি نَبَأٌ -এর বহুবচন।

يَسْتَهْزِءُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করত।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

আয়াত : ৭

اَلَمْ يَرَوْا : **তারা কি লক্ষ্য করে না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

اَنْبَتْنَا : **আমি উদ্‌গত করেছি; উৎপন্ন করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ– গজানো; উদ্‌গত করা; উৎপন্ন করা।

زَوْجٍ : **রকমারি; প্রকার।** আল্লামা আহমদ ফাইয়ূমী বলেন– زَوْجٌ এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে যেমন শুষ্ক ও আর্দ্র, নর ও মাদী রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ বলেন– زَوْجٌ যে কোনো দু'টিকে বলে فَرْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ। জাওহারী বলেন, জোড় দু'টিকে زَوْجَانِ এবং زَوْجٌ বলা হয়। সুতরাং যদি বলা হয় عِنْدِىْ زَوْجُ نِعَالٍ তখন উদ্দেশ্য হবে দু'টি জুতা। আর যদি زَوْجَانِ বলা হয় তখন উদ্দেশ্য হবে চারটি জুতা।

আয়াত : ৮

مُؤْمِنِيْنَ : **মুমিনগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

আয়াত : ১০

إِذْ نَادٰى : **যখন তিনি সম্বোধন করে বললেন**। সীগাহ ماضي معروف واحد مذكر غائب বাব اَلْمُنَادَاةُ মূলবর্ণ (ن ـ د ـ و) মাসদার مُفَاعَلَةٌ অর্থ– সম্বোধন করা; আহ্বান করা; ডাকা।

اِئْتِ : **তুমি যাও**। সীগাহ امر واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; যাওয়া।

আয়াত : ১১

لَايَتَّقُوْنَ : **তারা ভয় করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

আয়াত : ১২

اَخَافُ : **আমি আশঙ্কা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

اَنْ يُّكَذِّبُوْنِ : **তারা অস্বীকার করবে/ মিথ্যা সাব্যস্ত করবে**। ان -টি নাসেবা। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْذِيْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

আয়াত : ১৩

يَضِيْقُ : **সে সংকুচিত হয়**। يَضِيْقُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلضِّيْقُ মূলবর্ণ (ض ـ ى ـ ق) অর্থ– সংকুচিত হওয়া; সংকীর্ণ হওয়া।

لَا يَنْطَلِقُ : **এটা চলে না; এটা সাবলীল নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اِنْطِلَاقٌ অর্থ– পথ চলা।

اَرْسِلْ : **প্রেরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ১৪

ذَنْبٌ : **অভিযোগ। পাপ; অপরাধ**। শব্দটি একবচন, বহুবচন– ذُنُوْبٌ ; মূলত ذَنْبٌ -এর অর্থ হচ্ছে কোনো কিছুর লেজ ধরা। আর লেজ হিসেবেই তার ব্যবহার ঐ সমস্ত কাজের জন্য হয় যার পরিণতি মন্দ। এ কারণেই মন্দ পরিণতিকে ذَنْبٌ বলা হয়। আর পাপের পরিণতিও যেহেতু মন্দ তাই তাকে ذَنْب বলা হয়।

اَنْ يَّقْتُلُوْنِ : **তারা আমাকে হত্যা করবে**। اَنْ টি নাসেবা يقتلون সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা।

আয়াত : ১৫

اِذْهَبَا : **তোমরা উভয় যাও**। সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلذَّهَابُ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) অর্থ– যাওয়া; গমন করা; যাত্রা করা।

مُسْتَمِعُوْنَ : **শ্রবণকারীগণ**। সীগাহ جمع مذكر غائب বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– কান লাগিয়ে শোনা; মনোযোগ দিয়ে শ্রবণ করা।

আয়াত : ১৬

فَأْتِيَا : **অতঃপর তোমরা উভয়ে যাও**। فَا হরফে আতফ, اِئْتِيَا সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; যাওয়া।

আয়াত : ১৭

بَنِىْ اِسْرَائِيْلَ : **বনী ইসরাঈলকে**। بَنِىْ মূলত بَنِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। অর্থ বংশধর; সন্তানসন্ততি। হযরত ইয়াকূব (আ.)-এর অপর নাম اِسْرَائِيْل। সুতরাং بَنِىْ اِسْرَائِيْل অর্থ হলো– হযরত ইয়াকূব (আ.)-এর বংশধর।

আয়াত : ১৮

اَلَمْ نُرَبِّكَ : **আমরা কি তোমাকে লালন-পালন করিনি?** হামযাটি প্রশ্নবোধক। لَمْ نُرَبِّ সীগাহ جمع متكلم

বহুছ نفى جحد بلم ; বাব تَفْعِيْل মাসদার اَلتَّرْبِيَة মূলবর্ণ (ر ـ ب ـ ب) অর্থ– লালন-পালন করা। نَا যমীর মাফঊলে বিহী।

وَلِيْدًا : **শৈশবে**। এটি সিফতের সীগাহ, وِلَادَةٌ থেকে উদ্ভূত। যার অর্থ– নবজাতক সন্তান। আল্লামা মহল্লীর মতে وَلِيْد-এর প্রয়োগ শিশুর দুধ ছাড়ানোর পর হয়ে থাকে। তিনি এ শব্দের বিশ্লেষণে বলেন– صَغِيْرًا। وَلِيْد ; قَرِيْبًا مِنَ الْوِلَادَةِ بَعْدَ فِطَامِهِ শব্দের প্রয়োগ শিশুর উপর তার দুধ ছাড়ানোর পর হয়। এমন শিশু যেহেতু ভূমিষ্ঠ হওয়ার খুবই কাছাকাছি তাই তাকে وَلِيْد বলা হয়। ইমাম রাযী (র.) তাফসীরে কাবীরে লিখেছেন–اَلْوَلِيْدُ الصَّبِيُّ تَقَرَّبَ عَهْدُ مِنَ الْوِلَادَةِ অর্থাৎ وَلِيْد এমন শিশু যে ভূমিষ্ঠ হওয়ার খুব কাছাকাছি।

لَبِثْتَ : **তুমি অবস্থান করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহুছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَللَّبْثُ - اَللَّبَاثَةُ ও اَللَّبَاثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা; দীর্ঘকাল অবস্থান করা।

سِنِيْنَ : **বহু বৎসর**। শব্দটি বহুবচন, একবচন– سَنَةٌ অর্থ– বর্ষ; দুর্ভিক্ষ।

আয়াত : ১৯

فَعْلَتَكَ : **তোমার কর্ম**। এটি ইসমে ফে'ল, মুযাফ। كَ যমীর মুযাফ ইলাইহি। فَعْلَتَكَ শব্দটি فعل অর্থে হবে। অর্থাৎ তুমি করেছ।

আয়াত : ২০

فَعَلْتُهَا : **আমি তা করেছি**। সীগাহ واحد متكلم বহুছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْفِعْلُ মূলবর্ণ (ف ـ ع ـ ل) অর্থ– করা; সম্পাদন করা। هَا যমীর মাফঊলে বিহী।

ইমাম রাগেব (র.) লিখেছেন, সকল প্রকার প্রভাব/প্রতিক্রিয়াকে فِعْل বলা হয়, তা অসম্পূর্ণ হোক বা পূর্ণাঙ্গ, জ্ঞাতসারে হোক বা অজ্ঞাতসারে, ইচ্ছায় হোক বা অনিচ্ছায়, মানুষের পক্ষ থেকে হোক অথবা প্রাণী বা অন্য কোনো কিছু থেকে হোক। عَمَلٌ ও فِعْل একই অর্থবোধক। তবে صَنَعَ এ থেকে খাস। তার অর্থ হলো নির্মাণ করা; বানানো। فِعْل শব্দটি ইসমে ফে'ল আবার মাসদার উভয়টি হয়ে থাকে। যে কাজ সম্পাদন করা হয়েছে তাকে فعل বলা হয়। مفعول ও منفعل-এর মধ্যে কোনো পার্থক্য নেই। তবে কিছু কিছু ভাষাবিদ এতদুভয়ের মাঝে পার্থক্য করেছেন যে, কর্তার কর্মের ফলাফলস্বরূপ যা অনিচ্ছায় প্রকাশিত হয় তাকে انفعال বলা হয়। যেমন– প্রিয়ার দর্শনে চেহারায় যে প্রফুল্লতা ও অন্তরে যে আনন্দ, গান শোনার দ্বারা মনে যে পুলক সৃষ্টি হয় ইত্যাদি। مفعول-এর মধ্যে এটা প্রযোজ্য নয়। –[মুফরাদাতুল কুরআন]

الضَّالِّيْنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر اسم বহুছ فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– ভ্রান্ত হওয়া; বিপথগামী হওয়া; পথচ্যুত হওয়া। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৯ দ্রষ্টব্য]

আয়াত : ২১

فَفَرَرْتُ : **অতঃপর আমি পালিয়ে গেলাম**। فاء হরফে আতফ। فَرَرْتُ সীগাহ واحد متكلم বহুছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ر) মাসদার اَلْمَفَرُّ অর্থ– পলায়ন করা; পালানো।

لَمَّا خِفْتُكُمْ : **যখন আমি তোমাদেরকে ভয় করলাম**। لَمَّا হরফে শর্ত। خِفْتُ সীগাহ واحد متكلم বহুছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা; আশঙ্কা করা। كُمْ যমীর মাফঊল।

فَوَهَبَ : **তিনি দান করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْهِبَةُ অর্থ– দান করা।

আয়াত : ২২

تَمُنُّهَا : **তুমি আমার প্রতি যে অনুগ্রহের খোটা দিচ্ছ/যে অনুগ্রহের কথা বলছ**। সীগাহ واحد مذكر حاضر বহুছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْمَنُّ মূলবর্ণ (م ـ ن ـ ن) অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া। هَا যমীর মাফঊল; مَنّ বা অনুগ্রহের দুই অবস্থা।

ক. منت بالفعل অর্থাৎ নিয়ামত ও অনুগ্রহে ভরপুর করে দেওয়া। এটা আল্লাহ তা'আলার গুণ। কেননা দুনিয়াতে যত অনুগ্রহ রয়েছে সব তারই সৃষ্টি।

খ. منت بالقول : অর্থাৎ কথার দ্বারা অনুগ্রহ প্রকাশ করা; অনুগ্রহ করে তা বলে বেড়ানো, খোটা দেওয়া। এটা মানুষের জন্য দূষণীয়। এখানে এ অর্থই উদ্দেশ্য।

عَبَّدْتَّ : **তুমি দাসে পরিণত করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব تفعيل মাসদার التعبيد মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– দাসে পরিণত করা। কাউকে এমন বিনয়ী বানানো যে, সে দাসদের ন্যায় কাজ করতে থাকে। বলা হয়– عبدت الرجل اى ذللته حتى عمل عمل العبد [আমি তাকে এমন বিনয়ী বানিয়েছি যে, সে দাসদের ন্যায় কাজ করেছে।]

আয়াত : ২৪

مُّوْقِنِيْنَ : **বিশ্বাসীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব افعال মূলবর্ণ (ى ـ ق ـ ن) মাসদার الايقان। বিশ্বাস করা; একীন করা। যা ظن তথা ধারণা ও অনুমানের বিপরীতার্থক শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে يقين বলা হয়। معرفت ও درايت থেকে - يقين এর স্তর অনেক উঁচু। এ কারণেই তা علم -এর صفت হয়। علم اليقين বলা হয় না, কিন্তু معرفت اليقين বলা হয়। –[রাগেব] বাব استفعال، افعال، تفعل সকল বাব থেকেই এর ব্যবহার হয় এবং অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার واجب কেও يقين বলা হয়। এ কারণেই মৃত্যুকে اليقين বলা হয়। কারণ তা অবশ্যম্ভাবী।

আয়াত : ২৫

اَلَا تَسْتَمِعُوْنَ : **তোমরা কি শোনো না?** শুরুর হামযাটি استفهامية ; لَا تَسْتَمِعُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– শ্রবণ করা; কান লাগিয়ে শোনা; মনোযোগ সহকারে শোনা।

আয়াত : ২৭

اُرْسِلَ : **এটা প্রেরণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

لَمَجْنُوْنٌ : **নিশ্চয় [তুমি] উন্মাদ**। لام -টি তাকীদের জন্য, ان হরফে শর্ত, [illegible] সীগাহ واحد مذكر বহছ اسم مفعول ; অর্থ– জিনগ্রস্ত। জিন যাকে শিক্ষা দিয়েছে। যার জ্ঞানের উপর রোগ বা কোনো কিছুর পর্দা পড়েছে। বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ ن ـ ن) মাসদার اَلْجَنُّ অর্থ– লুকানো; গোপন করা।

আয়াত : ২৯

لَئِنِ اتَّخَذْتَ : **যদি তুমি গ্রহণ কর**। لام টি তাকীদের জন্য, اِنْ হরফে শর্ত, اِتَّخَذْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার الاتخاذ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; গ্রহণ করা।

لَاَجْعَلَنَّكَ : **অবশ্যই আমি তোমাকে করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– করা; বানানো; তৈরি করা; গ্রহণ করা। ك যমীর মাফঊলে বিহী।

اَلْمَسْجُوْنِيْنَ : **বন্দী; কয়েদী**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ ن) মাসদার اَلسِّجْنُ অর্থ– বন্দী করা; কয়েদ করা।

আয়াত : ৩০

جِئْتُكَ : **আমি তোমাদের নিকট নিয়ে আসব**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা। ك যমীর মাফঊল।

আয়াত : ৩২

اَلْقٰى : **তিনি নিক্ষেপ করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– নিক্ষেপ করা; ঢালা। শিক্ষা দেওয়া।

عَصَاهُ : **তার লাঠি**। عَصَا মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

ثُعْبَانٌ : **অজগর**। একবচন, বহুবচন– ثَعَابِيْنُ ; এটি ইসম। مذكر ও مؤنث উভয়ের জন্য ব্যবহার হয়।

مُّبِيْنٌ : **সুস্পষ্ট; প্রকাশ্য। সাক্ষাৎ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبَانَةُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ– স্পষ্ট করা; প্রকাশ করা।

আয়াত : ৩৩

نَـزَعَ : **তিনি বের করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلنَّـزْعُ অর্থ– বের করা; উপড়ে ফেলা; উৎপাটন করা।

يَدَ :**হাত**। শব্দটি একবচন, বহুবচন– اَيْدٌ

بَيْضَاءُ : **শুভ্র উজ্জ্বল**। সীগাহ واحد مؤنث বহছ صفت مشبه ; এর পুংলিঙ্গ اَبْيَضُ

لِلنَّاظِرِيْنَ : **দর্শকদের দৃষ্টিতে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৩৪

اَلْمَلَأُ : **প্রধান; দলপতি**। শব্দটি একবচন, বহুবচন– اَلْاَمْلَاءُ অর্থ– নেতাদের দল; বড় লোকদের দল। مَلَأٌ অর্থ– পূর্ণ করা; ভরে দেওয়া। যেহেতু সম্প্রদায়ের নেতাগণ তাদের মতামত এবং ব্যক্তিত্ব ও সৌন্দর্য দ্বারা মানুষের চাহিদা পূরণ করে দেয়, অথবা চোখে আলো এবং অন্তরে ভয় দ্বারা ভরে দেয় এ কারণে তাদেরকে مَلَأٌ বলা হয়। –[মিসবাহ] ইমাম রাগেব (র.) বলেন, যারা দর্শকদের দৃষ্টিতে সম্মানিত হয় এবং তাদের চোখকে ভরে দেয় তাদেরকে مَلَأٌ বলা হয়। اَلْمَلَأُ الْخَلْقِ এবং شَابٌّ مَالِئُ الْعَيْنِ [দর্শনীয় যুবক যে তার তারুণ্যের সৌন্দর্যে ভরপুর।] –[মুফরাদাতুল কুরআন]

سَاحِرٌ : **জাদুকর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা।

عَلِيْمٌ : **সুদক্ষ; বিজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ৩৫

يُرِيْدُ : **সে ইচ্ছা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

اَنْ يُّخْرِجَكُمْ : **সে তোমাদেরকে বহিষ্কার করে**। ان -টি নাসেবা, সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা। كُمْ যমীর মাফউলে বিহী

اَرْضِكُمْ : **তোমাদের দেশ**। اَرْضٌ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– اَرْضُوْنَ অর্থ– ভূমি; জমি; দেশ; পৃথিবী; বিশ্ব।

مَاذَا تَأْمُرُوْنَ : **তোমরা কি পরামর্শ দাও?** تَأْمُرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া; পরামর্শ দেওয়া।

আয়াত : ৩৬

اَرْجِهْ : **কিঞ্চিত অবকাশ দাও**। اَرْجِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ج ـ ء) মাসদার اَلْاِرْجَاءُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। ه যমীর মাফউলে বিহী।

اَخَاهُ : **তার ভ্রাতা**। [এখানে উদ্দেশ্য হল হযরত মূসা (আ.) -এর ভ্রাতা হযরত হারূন (আ.)।] اَخٌ একবচন, বহুবচন– اِخْوَةٌ

اِبْعَثْ : **প্রেরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

اَلْمَدَائِنِ : **নগরে নগরে; শহরে শহরে**। শব্দটি বহুবচন, একবচন– مَدِيْنَةٌ অর্থ– শহর।

حٰشِرِيْنَ : **সংগ্রাহকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; সংগ্রহ করা; জমা করা।

আয়াত : ৩৭

يَأْتُوْكَ : **তারা তোমার নিকট নিয়ে আসবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা। এর সেলা بَاءٌ হওয়ার কারণে অর্থ হবে– নিয়ে আসা। جواب امر হওয়ার কারণে ফে'লটি مجزوم হয়েছে। ك যমীর মাফউলে বিহী।

سَحَّارٍ : জাদুকর। সীগাহ جمع مذكر বহছ اسم مبالغة বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা।

عَلِيْمٍ : সুদক্ষ; বিজ্ঞ। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ৩৮

فَجُمِعَ : অতঃপর একত্র করা হলো। فَاءٌ হরফে আত্ফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ م ـ ع) মাসদার اَلْجَمْعُ অর্থ– জমা করা; একত্র করা; একত্র হওয়া।

اَلسَّحَرَةُ : জাদুকরগণ। বহুবচন, একবচন– سَاحِرٌ অর্থ– জাদুকর। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত :১০২ দ্রষ্টব্য]

مِيْقَاتُ : সময়। এটি একবচন, বহুবচন– مَوَاقِيْتُ

আয়াত : ৪০

نَتَّبِعُ : আমরা অনুসরণ করি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

আয়াত : ৪২

اَلْمُقَرَّبِيْنَ : সান্নিধ্যপ্রাপ্তগণ। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ– নিকটবর্তী করা।

আয়াত : ৪৩

اَلْقُوْا : তোমরা নিক্ষেপ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– নিক্ষেপ করা; ঢালা।

مُّلْقُوْنَ : নিক্ষেপকারী। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা।

আয়াত : ৪৪

حِبَالَهُمْ : তাদের রজ্জু। حِبَالٌ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, একবচন– حَبْلٌ অর্থ– রশি; দড়ি।

عِصِيَّهُمْ : তাদের লাঠিসমূহ। عِصِيٌّ বহুবচন, একবচন– عَصًا অর্থ– লাঠি।

بِعِزَّةِ فِرْعَوْنَ : ফেরাউনের ইজ্জতের শপথ! عِزَّةٌ ইসম ও মাসদার। মুযাফ। বাব ضَرَبَ অর্থ– সম্মান; মর্যাদা; বিজয়। শক্তি; শ্রেষ্ঠত্ব। সৌভাগ্য। فِرْعَوْنَ মুযাফ ইলাইহি, এটি গাইরে মুনসারিফ হওয়ার কারণে যবরযুক্ত হয়েছে।

আয়াত : ৪৫

اَلْقٰى : তিনি নিক্ষেপ করলেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– নিক্ষেপ করা; ঢালা। শিক্ষা দেওয়া।

فَاِذَا هِىَ تَلْقَفُ : সহসা সে গ্রাস করতে লাগল। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ق ـ ف) মাসদার اَللَّقْفُ ও اَللَّقَفَانُ অর্থ– কোনো কিছুকে তড়িৎ নিয়ে নেওয়া; ছো মেরে নেওয়া; দ্রুত নামিয়ে আনা। এটা মুখ দিয়ে গলাধঃকরণ করা দ্বারা হোক বা হাত দ্বারা নেওয়া হোক উভয়টাই হতে পারে।

يَأْفِكُوْنَ : তারা অলীক সৃষ্টি করত। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِفْكُ মূলবর্ণ (إ ـ ف ـ ك) অর্থ– মিথ্যা রচনা করা; অলীক সৃষ্টি করা।

আয়াত : ৪৬

فَاُلْقِىَ : তারা উপুড় হয়ে গেল/ তারা অবনত হয়ে গেল। فاء হরফে আত্ফ। اُلْقِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; পতিত হওয়া।

আয়াত : ৪৯

اٰمَنْتُمْ : তোমরা ঈমান এনেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব افعال মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

اَنْ اٰذَنَ لَكُمْ : আমি তোমাদেরকে অনুমতি দিব। اٰذَنَ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) মাসদার اَلْاِيْذَانُ অর্থ– অনুমতি প্রদান করা।

عَلَّمَكُمْ : **সে তোমাদেরকে শিখিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া।

فَلَسَوْفَ تَعْلَمُوْنَ : **শীঘ্রই তোমরা জানতে পারবে।** فاء হরফে আতফ। ل তাকীদের জন্য। سَوْفَ এটি سين-এর সমার্থক শব্দ। তবে ل সীন-এর উপর আসে না; سَوْفَ এর উপর আসে। এটি فعل حال কে- اِسْتِقْبَالْ -এর সাথে খাস করে মضارع- থেকে পৃথক করে দেয়। تَعْلَمُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

لَاُقَطِّعَنَّ : **অবশ্যই আমি কর্তন করব।** সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ– কর্তন করা; পৃথক করা।

لَاُصَلِّبَنَّكُمْ : **আমি তোমাদেরকে শূলবিদ্ধ করবই।** সীগাহ لَاُصَلِّبَنَّ সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ل ـ ب) মাসদার اَلتَّصْلِيْبُ অর্থ– শূলবিদ্ধ করা; শূলিতে চড়ানো।

আয়াত : ৫০

لَا ضَيْرَ : **(তারা বলল,) কোনো ক্ষতি নেই।** ضَيْر ইসম ও মাসদার। বাব ضَرَبَ অর্থ– ক্ষতি করা।

مُنْقَلِبُوْنَ : **প্রত্যাবর্তনকারী।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِنْفِعَالْ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ– ফিরে যাওয়া; পরিবর্তন হওয়া।

আয়াত : ৫১

نَطْمَعُ : **আমরা আকাঙ্ক্ষা করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلطَّمَعُ মূলবর্ণ (ط ـ م ـ ع) অর্থ– আকাঙ্ক্ষা করা; প্রত্যাশা করা।

اَنْ يَّغْفِرَ لَنَا : **আমাদের তিনি ক্ষমা করে দিবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা।

اَنْ كُنَّا : **এজন্য যে আমরা হব।** اَنْ নাসেবা। كُنَّا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

আয়াত : ৫২

اَوْحَيْنَا : **আমি প্রত্যাদেশ করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اَسْرِ : **তুমি রাত্রিকালে বের হও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (س ـ ر ـ ى) মাসদার اَلْاِسْرَاءُ অর্থ– রাত্রে নিয়ে যাওয়া; নৈশ ভ্রমণ করা।

مُتَّبَعُوْنَ : **তারা অনুসরণ করছে।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

আয়াত : ৫৩

اَرْسَلَ : **তিনি প্রেরণ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

حٰشِرِيْنَ : **সংগ্রাহকগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; সংগ্রহ করা; জমা করা; জড়ো করা।

আয়াত : ৫৪

لَشِرْذِمَةٌ : **ক্ষুদ্র একটি দল।** لام হরফে তাকীদ। شِرْذِمَةٌ একবচন; বহুবচন– شَرَاذِيْمُ ও شَرَاذِمُ

আয়াত : ৫৫

لَغَائِظُوْنَ : **ক্রোধ উদ্রেককারীগণ।** لام -টি তাকীদের জন্য। غَائِظُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ى ـ ظ) মাসদার اَلْغَيْظُ অর্থ– ক্রুদ্ধ হওয়া; ক্রোধ করা।

আয়াত : ৫৬

حٰذِرُوْنَ : **শঙ্কিত।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلْحَذَرُ অর্থ– আশঙ্কা করা; সতর্ক করা।

আয়াত : ৫৭

أَخْرَجْنٰهُمْ : **আমি তাদেরকে বের করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বহিষ্কার করা; বের করা; উৎপাদন করা।

عُيُوْنٌ : **প্রস্রবণ। ঝরনা।** শব্দটি বহুবচন; একবচন– عَيْنٌ অর্থ– চক্ষু; ঝরণা; প্রস্রবণ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেকগুলো অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) বলেন, এর মূল অর্থ চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عَيْنٌ বলা যে, তা চক্ষুর সাথে সাদৃশ্য রাখে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

আয়াত : ৫৯

اَوْرَثْنَا : **আমি উত্তরাধিকারী করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْرَاثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকারী বানানো।

فَاَتْبَعُوْهُمْ : **অতঃপর তারা তার পশ্চাদ্ধাবন করল।** فاء হরফে আত্‌ফ। সীগাহ اَتْبَعُوْا جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ– পশ্চদ্ধাবন করা; পিছনে পড়া। هم যমীর মাফউল।

مُّشْرِقِيْنَ : **সূর্যোদয়ের সময়।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ق) মাসদার اَلْاِشْرَاقُ অর্থ– উজ্জ্বল হওয়া; সূর্যোদয় হওয়া।

আয়াত : ৬১

فَلَمَّا تَرَاءَ : **যখন তারা পরস্পরকে দেখল।** فاء হরফে আত্‌ফ। لما হরফে শর্ত। تَرَاءَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّرَائِىْ মূলবর্ণ (ر ـ أ ـ ى)অর্থ– পরস্পর সামনাসামনি হওয়া; একে অপরকে দেখা।

الْجَمْعٰنِ : **দুই দল।** শব্দটি দ্বিবচন, একবচন– جمع বহুবচন– جمع

لَمُدْرَكُوْنَ : **আমরা ধরা পড়ে গেলাম; আমরা ধৃত হলাম।** لام তাকীদের জন্য। مُدْرَكُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِدْرَاكُ মূলবর্ণ (د ـ ر ـ ك) অর্থ– ধাওয়া করে ধরা; চূড়ান্তে উপনীত হওয়া।

আয়াত : ৬২

سَيَهْدِيْنِ : **তিনি সৎপথে পরিচালিত করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া। نون টি نون وقاية এবং يائے متكلم মাফউলে বিহী।

আয়াত : ৬৩

فَانْفَلَقَ : **অতঃপর তা বিভক্ত হয়ে গেল।** فاء হরফে আত্‌ফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ق) মাসদার اَلْاِنْفِلَاقُ অর্থ– বিদীর্ণ হওয়া; ফেটে যাওয়া; বিভক্ত হওয়া।

كَالطَّوْدِ الْعَظِيْمِ : **বিশাল পর্বতসদৃশ।** اَلطَّوْدُ মাওসূফ; اَلْعَظِيْمُ সিফাত। আল্লামা যমখশারী (র.) লিখেছেন– طَوْد অর্থ– উঁচু পাহাড়। শব্দটি بِنَاءٌ مُتَطَاوِلٌ থেকে উদ্ভূত, যার অর্থ– আকাশচুম্বী অট্টালিকা। ইমাম রাগেব (র.) লিখেছেন, পবিত্র কুরআনে যে طَوْدٌ-এর সিফত عَظِيْم এসেছে এটা এজন্য যে, তা উঁচু পাহাড়ের ন্যায় ছিল। এর অর্থ এ নয় যে, সেগুলো অন্যান্য পাহাড়ের চেয়ে উঁচু ছিল।

আয়াত : ৬৪

اَزْلَفْنَا : **আমি উপনীত করলাম।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِزْلَافُ মূলবর্ণ (ز ـ ل ـ ف) অর্থ– নিকটবর্তী করা; পৌঁছে দেওয়া।

আয়াত : ৬৫

اَنْجَيْنَا : **আমি উদ্ধার করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلْاِنْجَاءُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া।

আয়াত : ৬৬

اَغْرَقْنَا : **আমি নিমজ্জিত করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْرَاقُ মূলবর্ণ (غ ـ ر ـ ق) অর্থ– নিমজ্জিত করা; ডুবানো।

আয়াত : ৬৭

لَاٰيَـةً : **অবশ্যই নিদর্শন [রয়েছে]**। শুরুতে لام -টি তাকীদের জন্য এটা একবচন; বহুবচন– اٰيَاتٌ; এটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন– নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতে আয়াত নামকরণের কারণসমূহ–

১. اٰيَـةً অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআন মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।

২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।

৩. আবার কেউ বলেছেন, আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলা হয়।

আয়াত : ৬৯

اُتْلُ : **তুমি বর্ণনা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ (ت ـ ل ـ و) নَصَرَ বাব امر حاضر معروف মূলবর্ণ মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; অধ্যয়ন করা; বর্ণনা করা।

আয়াত : ৭০

تَعْبُدُوْنَ : **তোমরা ইবাদত করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; পূজা করা।

আয়াত : ৭১

نَعْبُدُ : **আমরা ইবাদত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; পূজা করা।

فَنَظَلُّ : **আমরা নিরত/ লিপ্ত থাকি**। فاء হরফে আত্‌ফ। نَظَلُّ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ ও سَمِعَ মূলবর্ণ (ظ ـ ل ـ ل) মাসদার اَلظِّلُّ ও اَلظُّلُوْلُ ; (صَارَ অর্থে হলে) তখন অর্থ হবে– হওয়া; থাকা। আর (صَارَ অর্থে না হলে) অর্থ হবে– দিনে কোনো কাজ করা।

عٰكِفِيْنَ : **পূজারতগণ/ পূজা করা অবস্থায়**। সীগাহ جمع বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার عُكُوْفٌ مذكر মূলবর্ণ (ع ـ ك ـ ف) অর্থ– অবস্থান করা; সম্মানার্থে কোনো কিছুর প্রতি মনোনিবেশ করা ও তাকে আঁকড়ে ধরা; কোনো কিছুর চতুর্দিকে জড়ো হওয়া। তাজুল 'আরূস গ্রন্থে عَكْفٌ -এর অর্থ লেখা হয়েছে এভাবে–وَعَكَفَ عَلَيْهِ عُكُوْفًا اَقْبَلَ عَلَيْهِ مُوَاظِبًا لَا يَصْرِفُ وَجْهَهُ عَنْهُ অর্থাৎ তার দিকে এমন গুরুত্বের সাথে মনোনিবেশ করেছে যে, তা থেকে মুখ ফিরায় না। এখানে অর্থ হবে গোবৎস পূজা করা।

আয়াত : ৭২

هَلْ يَسْمَعُوْنَكُمْ : **তারা কি তোমাদের আহ্বান শোনে?** هَلْ প্রশ্নবোধক। يَسْمَعُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার سَمْعٌ অর্থ– শ্রবণ করা; শোনা। كُمْ যমীর মাফঊলে বিহী।

تَدْعُوْنَ : **তোমরা আহ্বান কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ ও اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

আয়াত : ৭৩

يَنْفَعُوْنَكُمْ : **তারা তোমাদের কোনো উপকার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকার করা; কাজে আসা। كم যমীর মাফঊলে বিহী।

يَضُرُّوْنَ : **তারা ক্ষতি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلضَّرُّ মূলবর্ণ (ض ـ ر ـ ر) অর্থ– ক্ষতিকরা; কষ্ট দেওয়া।

আয়াত : ৭৪

وَجَدْنَا : **আমি পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ فعل ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ ও اَلْوَجْدُ অর্থ– পাওয়া; অর্জন করা।

আয়াত : ৭৬

اَلْاَقْدَمُوْنَ : **অতীত পূর্ববর্তীগণ**। পূর্বে যারা গত হয়েছে। সীগাহ جمع مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ د ـ م) মাসদার اَلْقُدُوْمُ অর্থ– পূর্বে অতিবাহিত হওয়া; গত হওয়া।

আয়াত : ৭৭

عَدُوٌّ : শত্রু। বহুবচন– اَعْدَاءٌ ; এটি فَعُوْلٌ -এর ওজনে فاعل -এর অর্থে। সিফাতের সীগাহ। এটি صَدِيْقٌ -এর বিপরীত শব্দ।

আয়াত : ৭৮

يَهْدِيْنِ : তিনি সৎপথে পরিচালিত করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া।

আয়াত : ৭৯

يُطْعِمُنِىْ : তিনি আমাকে আহার করান। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ط ـ ع ـ م) মাসদার اَلطَّعْمُ ও اَلطَّعَامُ অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা; আহার করা; খাওয়া। نى নূনে বেকায়া ياء متكلم মাফঊলে বিহী।

يَسْقِيْنِ : তিনি পান করান। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(س ـ ق ـ ى) মাসদার اَلسَّقْىُ অর্থ– পান করানো। نون টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী। এখানে يائے متكلم কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ৮০

اِذَا مَرِضْتُ : যখন আমি রোগাক্রান্ত হই। اِذَا হরফে শর্ত। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ ر ـ ض) মাসদার اَلْمَرَضُ অর্থ– অসুস্থ হওয়া; রোগাক্রান্ত হওয়া। مَرِضْتُ হরফে শর্তের পরে আসার কারণে مضارع -এর অর্থে হয়েছে।

আয়াত : ৮১

يُمِيْتُنِىْ : তিনি আমাকে মৃত্যু দান করবেন। يُمِيْتُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْاِمَاتَةُ অর্থ– মৃত্যু দান করা। نون -টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী।

يُحْيِيْنِ : তিনি আমাকে জীবন দান করেন। يُحْيِىْ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবিত করা; জীবন দান করা। نون -টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী। এখানে يائے متكلم -কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ৮২

اَطْمَعُ : আমি আকাঙ্ক্ষা করি। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلطَّمْعُ মূলবর্ণ (ط ـ م ـ ع) অর্থ– আকাঙ্ক্ষা করা; প্রত্যাশা করা।

اَنْ يَغْفِرَ : তিনি ক্ষমা করে দিবেন। اَنْ -টি নাসেবা مضارع সীগাহ واحد مذكر غائب বহছ يَغْفِرَ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা।

خَطِيْئَتِىْ : আমার অপরাধ। خَطِيْئَةٌ মুযাফ, ى যমীর মুযাফ ইলাইহি। خَطِيْئَةٌ শব্দটি একবচন। বহুবচন– خَطَايَا ; উল্লেখ্য سَيِّئَةٌ ও خَطِيْئَةٌ সমার্থক শব্দ। কিন্তু خَطِيْئَةٌ -এর ব্যবহার অধিকতর এমন অনিচ্ছাকৃত মন্দ যে কাজের সূচনা হয়েছিল কোনো ভালো উদ্দেশ্যে কিন্তু অনিচ্ছাকৃতভাবে ভুলবশত মন্দকর্ম সংঘটিত হয়ে গেছে যেমন– শিকারকে গুলি মেরেছে, কিন্তু গুলি ভুলে গিয়ে মানুষের গায়ে লাগল।

আয়াত : ৮৩

هَبْ তুমি দান কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْهِبَةُ অর্থ– দান করা; দেওয়া।

اَلْحِقْنِىْ : আমাকে অন্তর্ভুক্ত কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ح ـ ق) মাসদার اَلْاِلْحَاقُ অর্থ– অন্তর্ভুক্ত করা; যুক্ত করা। نون টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী।

اَلصّٰلِحِيْنَ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ ও نَصَرَ মাসদার اَلصَّلَاحُ ও اَلصُّلُوْحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সৎ হওয়া; ভালো হওয়া।

আয়াত : ৮৪

لِسَانَ صِدْقٍ : নাম-যশ। لِسَانٌ অর্থ– ভাষা; জিহ্বা; কথা; আলোচনা। শব্দটি একবচন, বহুবচন– اَلْسِنَةٌ

صِدْقٌ শব্দটি বাব نَصَرَ -এর মাসদার। لُسُوْنٌ- অর্থ সত্যতা; সরলতা। সৎকথা; প্রশংসা। لِسَانٌ صِدْقٍ হলো একটি আরবি বাগধারা; অর্থ- যশ, সুখ্যাতি ইত্যাদি। -[লিসানুল আরব]

আয়াত : ৮৫

وَرَثَةِ : **উত্তরাধিকারী/ অধিকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ(و ـ ر ـ ث) মাসদার الْوِرْثُ অর্থ- উত্তরাধিকারী হওয়া।

جَنَّةِ النَّعِيْمِ : **সুখময় জান্নাত**। جَنَّةٌ একবচন, বহুবচন- جَنَّاتٌ ; اَلنَّعِيْمُ অর্থ- সুখময়।

আয়াত : ৮৭

لَا تُخْزِنِيْ : **আমাকে হেয় করো না**। لَا تُخْزِ সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ى) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ- হেয় করা; অপদস্থ করা; ধ্বংস করা। نون -টি نون وقاية এবং يائے متكلم মাফউলে বিহী।

يُبْعَثُوْنَ : **তাদেরকে পুনরুত্থান করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث)মাসদার اَلْبَعْثُ অর্থ- পুনরুত্থান করা; প্রেরণ করা।

আয়াত : ৮৯

مَنْ اَتَى : **যারা আসবে**। مَن ইসমে মাউসূল। اَتَى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- নিয়ে আসা।

قَلْبٍ سَلِيْمٍ : **বিশুদ্ধ অন্তঃকরণ**। قَلْبٌ মাওসূফ, سَلِيْمٌ তার সিফাত। قَلْبٌ শব্দটি একবচন, বহুবচন- قُلُوْبٌ অর্থ- হৃদয়, অন্তঃকরণ। سَلِيْمٌ শব্দটি فَعِيْلٌ -এর ওজনে সিফাতের সীগাহ। বাব سَمِعَ মাসদার اَلسَّلَامَةُ ও মূলবর্ণ (س ـ ل ـ م) اَلسِّلْمُ অর্থ- ভুল-ত্রুটি থেকে নিরাপদ থাকা; মুক্তি পাওয়া; নিষ্কৃতি পাওয়া।

আয়াত : ৯০

اُزْلِفَتِ : **নিকটবর্তী করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول মূলবর্ণ (ز ـ ل ـ ف) বাব اِفْعَالٌ মাসদার اَلْاِزْلَافُ অর্থ- নিকটবর্তী করা।

আয়াত : ৯১

بُرِّزَتْ : **উন্মোচিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার تَبْرِيْزٌ মূলবর্ণ (ب ـ ر ـ ز) অর্থ- উন্মোচিত করা; উন্মুক্ত করা; প্রকাশ করা।

لِلْغٰوِيْنَ : **পথভ্রষ্টগণ**। لام হরফে জার। غَاوِيْن সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْغَوَايَةُ মূলবর্ণ (غ ـ و ـ ى) অর্থ- পথভ্রষ্ট হওয়া।

আয়াত : ৯২

قِيْلَ : **তাকে বলা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

আয়াত : ৯৩

يَنْصُرُوْنَكُمْ : **তারা তোমাদেরকে সাহায্য করবে**। يَنْصُرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহায্য করা। كُمْ যমীরে মাফউলে বিহী।

يَنْتَصِرُوْنَ : **তারা আত্মরক্ষা করব**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِصَارُ মূলবর্ণ (ن ـ ص ـ ر) অর্থ- সাহায্য প্রার্থনা করা; প্রতিকার করা; আত্মরক্ষা করা।

আয়াত : ৯৪

فَكُبْكِبُوْا : **অতঃপর তাদেরকে অধঃমুখী করে নিক্ষেপ করা হবে**। فاء হরফে আতফ। كُبْكِبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব فَعْلَلَةٌ মূলবর্ণ (ك ـ ب ـ ك ـ ب) মাসদার اَلْكَبْكَبَةُ অর্থ- অধঃমুখী করা। -[কামূস] ঝুলিয়ে গর্তে নিক্ষেপ করা। -[আল-মুফরাদাত]

اَلْغَاوٗنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ و ـ ي) মাসদার اَلْغَوَايَةُ অর্থ- পথভ্রষ্ট হওয়া।

আয়াত : ৯৬

يَخْتَصِمُوْنَ : **তারা বিতর্কে লিপ্ত হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ص ـ م) মাসদার اَلْاِخْتِصَامُ অর্থ- বিতর্ক করা; ঝগড়া করা।

আয়াত : ৯৮

نُسَوِّيْكُمْ : **আমরা তোমাদেরকে সমকক্ষ গণ্য করতাম।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْوِيَةُ মূলবর্ণ (س ـ و ـ ى) অর্থ– সমান করা; সমকক্ষ করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৯৯

اَضَلَّنَا : **আমাদেরকে বিভ্রান্ত করেছে / পথভ্রষ্ট করেছে।** اَضَلَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ– পথভ্রষ্ট করা; বিপথগামী করা। نَا যমীর جمع متكلم মাফঊলে বিহী।

اَلْمُجْرِمُوْنَ : **অপরাধীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ১০০

شَافِعِيْنَ : **সুপারিশকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ف ـ ع) মাসদার اَلشَّفَاعَةُ অর্থ– সুপারিশ করা; শাফায়াত করা।

আয়াত : ১০১

حَمِيْمٍ : **সুহৃদয় বন্ধু; অন্তরঙ্গ বন্ধু। ফুটন্ত পানি। অত্যধিক গরম পানি।** মূলত حَمِيْم বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْم বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। দ্বিতীয় অর্থ হিসেবে এর বহুবচন– حَمَائِمُ আর প্রথম অর্থ হিসেবে বহুবচন– اِحِمَّاءُ আসে।

আয়াত : ১০২

كَرَّةً : **পুনরায়; একবার।** كَرَّ অর্থ– কারো প্রতি ঝুঁকে যাওয়া; ফিরে যাওয়া। [রাগেব] كَرَّ -এর পরে ة টি كَرَّةٌ -এর জন্য। যার অর্থ একবার। সুতরাং وَحْدَتٌ অর্থ হলো একবার প্রত্যাবর্তন করা; এক পালা। শত্রুর উপর ঘুরে এসে একযোগে আক্রমণ করে বিজয় অর্জন করাকেও كَرَّةٌ বলা হয়। –[তাজ] আয়াতে পরকাল থেকে একবার প্রত্যাবর্তন করে পুনর্বার দুনিয়াতে আসা উদ্দেশ্য। –[সুয়ূতী]

نَكُوْنَ : **আমরা হই।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَيْنُوْنَةُ ও اَلْكَوْنُ অর্থ– হওয়া।

আয়াত : ১০৫

كَذَّبَتْ : **[তারা] মিথ্যা আরোপ করেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা আরোপ করা; অস্বীকার করা।

اَلْمُرْسَلِيْنَ : **প্রেরিতগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

আয়াত : ১০৬

تَتَّقُوْنَ : **তোমরা তাকওয়া অবলম্বন করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

আয়াত : ১০৭

اَمِيْنٌ : **বিশ্বাসভাজন; বিশ্বস্ত।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل আবার اسم مفعول -ও হতে পারে। কারণ فَعِيْلٌ -এর ওজন উভয়ের জন্য যৌথ। ফাররা এটাকে اسم فاعل -এর অর্থে নিয়েছেন আর কতক আলেম اسم مفعول অর্থ নিয়েছেন। বাব كَرُمَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمَانَةُ অর্থ– বিশ্বস্ত হওয়া; আমানতদার হওয়া; আস্থাভাজন হওয়া।

আয়াত : ১০৮

فَاتَّقُوْا : **তোমরা তাকওয়া অবলম্বন কর।** اِتَّقُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

اَطِيْعُوْنِ : **তোমরা আমার আনুগত্য কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা। نون টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী। এখানে يائے متكلم -কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ১০৯

مَا اَسْئَلُكُمْ : আমি তোমাদের কাছে চাই না। مَا اَسْئَلُ সীগাহ واحد متكلم বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– জিজ্ঞাসা করা; প্রশ্ন করা; জানতে চাওয়া।

اَجْرٍ : বিনিময়। পারিশ্রমিক। একবচন, বহুবচন– اُجُوْرٌ

আয়াত : ১১১

اَنُؤْمِنُ : আমরা কি ঈমান আনব? শুরুর হামযাটি প্রশ্নবোধক। نُؤْمِنُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

اِتَّبَعَكَ : সে তোমার অনুসরণ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা। ك যমীর মাফঊল।

اَرْذَلُوْنَ : নীচলোক। শব্দটি বহুবচন, একবচন– اَرْذَلُ অর্থ– নিকৃষ্ট।

আয়াত : ১১৩

تَشْعُرُوْنَ : তোমরা উপলব্ধি কর/ তোমরা বুঝ। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ১১৪

بِطَارِدِ : বিতাড়িতকারী। بـاء হরফে জার। طَارِدٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلطَّرْدُ মূলবর্ণ (ط ـ ر ـ د) অর্থ– তাড়ানো; হাঁকানো।

আয়াত : ১১৫

نَذِيْرٌ : সতর্ককারী। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য, পবিত্র কুরআনের সর্বস্থানেই نَذِيْرٌ [ভীতিপ্রদর্শনকারী] দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শন করা।

আয়াত : ১১৬

لَئِنْ لَّمْ تَنْتَهِ : যদি তুমি নিবৃত্ত না হও। لام টি তাকীদের জন্য, اِنْ হরফে শর্ত, সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ– বিরত থাকা; নিবৃত্ত হওয়া।

لَتَكُوْنَنَّ : নিশ্চয় তুমি হবে। সীগাহ واحد مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া।

اَلْمَرْجُوْمِيْنَ : অপরাধীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ১১৮

اِفْتَحْ : তুমি মীমাংসা করে দাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ অর্থ– খোলা; উন্মোচন করা; মীমাংসা করা। আল্লামা আবূ হাইয়ান 'বাহরুল মুহীতে' লিখেছেন, ইয়েমেনী ভাষায় فَتَحَ অর্থ মীমাংসা করা; ফয়সালা করা। যেমন– وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ [তিনিই মীমাংসাকারী, সর্বজ্ঞ] স্মরণ করিয়ে দেওয়ার অর্থেও আসে। যেমন– فَتَحَ عَلَى الْاِمَامِ [সে ইমামকে স্মরণ করিয়ে দিয়েছে।] সাফল্য ও সাহায্যের অর্থেও ব্যবহৃত হয়। যেমন– فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ [তোমাদের নিকট বিজয় এসেছে] এ শব্দটি مَنَّ [বর্ণনা করা] تَبَيَّنَ [প্রকাশ করা] এবং قَصَصٌ [অনুগ্রহ করা]-এর অর্থেও ব্যবহৃত হয়। মূলত فَتْحٌ অর্থ খোলা; উন্মুক্ত করা, যা سَدٌّ (বন্ধ করা) এর বিপরীতার্থক শব্দ। –[আল-বাহরুল মুহীত খ. ১, পৃ. ২৬৯] ইমাম রাগেব (র.) লিখেছেন – فَتْحٌ অর্থ ধাঁধা ও জটিলতা সমাধান করা; বন্ধত্ব দূর করা। তার দু'টি সুরত রয়েছে। প্রথমত যা দৃষ্টিগোচর হয়। যেমন দরজা, তালা ইত্যাদি খোলা। যেমন– কুরআনে রয়েছে– وَلَمَّا فَتَحُوْا مَتَاعَهُمْ (যখন তারা তাদের মালামাল খুলেছে) وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِنَ السَّمَاءِ [যদি আমি আকাশে তাদের জন্য দরজা খুলে দেই]। দ্বিতীয়ত যা অন্তর্দৃষ্টি দ্বারা অনুভব করা যায়। যেমন– فَتْحُ الْهَمِّ [দুঃখ ইত্যাদি দূর করা।] এটাও

আবার কয়েক প্রকার। দুনিয়াবি বিষয়ের। দুঃখ দূর করে দেওয়া; দারিদ্র্য বিমোচন করা। যেমন– فَتَحْنَا عَلَيْهِمْ اَبْوَابَ كُلِّ شَيْئٍ (আমি তাদের জন্য সকল কিছুর দরজা খুলে দিলাম) অর্থাৎ আমি তাদেরকে প্রশস্ততা দান করলাম। وَلَوْ اَنَّ اَهْلَ الْقُرٰى اٰمَنُوْا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكٰتٍ مِّنَ السَّمَاءِ وَالْاَرْضِ [যদি জনপদবাসী ঈমান আনে এবং আল্লাহকে ভয় করে, তাহলে আমি খুলে দিব তাদের জন্য আসমান ও জমিনের নিয়ামত] অর্থাৎ তাদের উপর নিয়ামত আসতে শুরু করবে। তৃতীয়ত জটিল বিষয়ের সমাধান করা। যেমন–فَتَحَ مِنَ الْعِلْمِ بَابًا مُغْلَقًا (সে ইলমের জটিল বিষয়ের সমাধান করেছে)

نَجِّنِىْ : **তুমি আমাকে উদ্ধার কর/ মুক্তি দাও।** نَجِّ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব تَفْعِيْل মূলবর্ণ (ن - ج - و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া। نون-টি নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

আয়াত : ১১৯

اَلْمَشْحُوْنِ : **বোঝাই; ভর্তিকৃত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ ও سَمِعَ - فَتَحَ মূলবর্ণ (ش - ح - ن) মাসদার اَلشَّحْنُ অর্থ– ভরা; লোড করা; ভর্তি করা। তাছাড়া বাব سَمِعَ থেকে شَحِنَ শত্রুতা অর্থেও ব্যবহার হয়। اَلشَّحْنَةُ ও اَلشَّحْنَاءُ অর্থ– অন্তরে পোষণকৃত শত্রুতা; হিংসা; বিদ্বেষ। شَحْنَةٌ [এক রাতে পশুর পেট ভরে পরিমাণ ঘাস।] شَاحِنٌ [অন্তরে শত্রুতা পোষণকারী শত্রু।]

আয়াত : ১২০

اَغْرَقْنَا : **আমি নিমজ্জিত করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْرَاقُ মূলবর্ণ (غ - ر - ق) অর্থ– নিমজ্জিত করা; ডুবানো।

আয়াত : ১২৩

كَذَّبَتْ : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك - ذ - ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা। كَذَّبَتْ-এর فاعل সম্প্রদায় হওয়ার কারণে বহুবচনের অর্থ করা হয়েছে।

عَادٌ : **'আদ জাতি।** হযরত নূহ (আ.)-এর সম্প্রদায়ে এক ব্যক্তির নাম ছিল 'আদ। যার বংশ পরম্পরা তিন পুরুষে গিয়ে হযরত নূহ (আ.) -এর সাথে মিলিত হয়েছে। পরবর্তীতে এ. নামেই উক্ত সম্প্রদায়ের নামকরণ হয়ে যায়। এ সম্প্রদায় হযরত নূহ (আ.)-এর তুফানের পর আরব দেশে সর্বপ্রথম ক্ষমতাসীন শাসকগোষ্ঠী ছিল। –[বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৫৯ দ্রষ্টব্য]

আয়াত : ১২৪

هُوْدٌ : **হযরত হূদ (আ.)।** একজন প্রসিদ্ধ নবী ছিলেন। তিনি 'আদজাতির হেদায়েতের জন্য প্রেরিত হয়েছিলেন। উক্ত জাতি মূর্তিপূজায় লিপ্ত ছিল। তিনি তাদেরকে মূর্তিপূজা থেকে নিষেধ করলেন। আল্লাহর অনুগ্রহরাজির কথা স্মরণ করিয়ে তিনি প্রজ্ঞা ও হিকমতের সাথে তাদেরকে আল্লাহর একত্ববাদ ও ইবাদতের দাওয়াত দিতে থাকেন। 'আদজাতি তাদের দাম্ভিকতা ও অবাধ্যতা থেকে একচুলও হটতে রাজি হল না; বরং দাম্ভিকতা প্রদর্শন করে বলতে থাকল, যে শাস্তির ভয় তুমি আমাদেরকে দেখাচ্ছ তা শীঘ্রই নিয়ে এসো। আল্লাহ তা'আলা তাদের দাম্ভিকতা ও অবাধ্যতার শাস্তি দিলেন। সাতরাত ও আটদিন একাধারে তুফান চলতে থাকল। এতে তারা সমূলে ধ্বংস হয়ে গেল।

আয়াত : ১২৮

اَتَبْنُوْنَ : **তোমরা কি নির্মাণ কর?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। تَبْنُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبِنَاءُ মূলবর্ণ (ب - ن - ى) অর্থ– নির্মাণ করা; গঠন করা।

رِيْعٍ : **উচ্চস্থান।** এমন উঁচু ভবন যা দূর থেকে দেখা যায় তাকে رِيْعٌ বলা হয়। একবচন– رِيْعَةٌ এবং বহুবচন– اَرْيَاعٌ ও رُيُوْعٌ

تَعْبَثُوْنَ : **তোমরা নিরর্থক কাজ করছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - ب - ث) মাসদার اَلْعَبَثُ অর্থ– নিরর্থক কাজ করা; খেলাধুলা করা; অযথা কাজে লিপ্ত হওয়া।

আয়াত : ১২৯

تَتَّخِذُوْنَ : **তোমরা নির্মাণ করছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ - خ - ذ) অর্থ– নির্মাণ করা। ধরা; গ্রহণ করা।

مَصَانِعَ : **প্রাসাদসমূহ। বহুবচন।** ظرف مكان একবচন مَصْنَعَةٌ [বগভী] একবচন مَصْنَعَةٌ –[কামূস] ঘরবাড়ি [ইবনে আব্বাস] উঁচু ভবন। –[মুজাহিদ] কেল্লাসমূহ। –[কালবী] বৃষ্টির পানি জমা হওয়ার পুকুর। –[কাতাদা]

تَخْلُدُوْنَ : **তোমরা স্থায়ী হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخُلُوْدُ মূলবর্ণ (خ ـ ل ـ د) অর্থ– স্থায়ী হওয়া; সর্বদা এক অবস্থার উপর অবশিষ্ট থাকা এবং তাতে কোনো পরিবর্তন না হওয়া।

আয়াত : ১৩০

اِذَا بَطَشْتُمْ : **যখন তোমরা আঘাত হান/ যখন তোমরা পাকড়াও কর।** اِذَا হরফে শর্ত। بَطَشْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ ط ـ ش) মাসদার اَلْبَطْشُ অর্থ– ধরা; পাকড়াও করা; আঘাত করা।

جَبَّارِيْنَ : **কঠোরতাকারীগণ; শক্তিশালীগণ।** মুবালাগার সীগাহ। এটি جَبَّارٌ-এর বহুবচন। বাব نَصَرَ মাসদার اَلْجَبْرُ মূলবর্ণ (ج ـ ب ـ ر) অর্থ– কঠোরতা করা; শক্তি প্রয়োগ করে কোনো কিছু সংস্কার করা।

আয়াত : ১৩২

اَمَدَّكُمْ : **তিনি তোমাদেরকে সাহায্য করেছেন/ শক্তি দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْاِمْدَادُ অর্থ– সাহায্য করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১৩৫

اَخَافُ : **আমি আশঙ্কা করি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

আয়াত : ১৩৬

قَالُوْا : **তারা বলল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اَوَعَظْتَ : **তুমি কি উপদেশ দিয়েছ? চাই তুমি উপদেশ দাও [অথবা না দাও]।** শুরুর হামযাটি প্রশ্নবোধক। وَعَظْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى বাব ضَرَبَ মাসদার اَلْوَعْظُ ও اَلْعِظَةُ মূলবর্ণ (و ـ ع ـ ظ) অর্থ– উপদেশ দেওয়া; নসিহত করা। ভয়মিশ্রিত উপদেশকে وَعْظ বলা হয় –[রাগেব] এমনভাবে সৎকর্মের উপদেশ দেওয়া যাতে হৃদয় বিগলিত হয় তাকে ওয়াজ বলে। –[খলীল]

لَمْ تَكُنْ : **তুমি হয়ো না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

اَلْوَاعِظِيْنَ : **ওয়াজকারীগণ; উপদেশদাতাগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْوَعْظُ ও اَلْعِظَةُ উপদেশ দেওয়া; নসিহত করা। ভয়মিশ্রিত উপদেশকে وَعْظ বলা হয় –[রাগেব] এমনভাবে সৎকর্মের উপদেশ দেওয়া যাতে হৃদয় বিগলিত হয় তাকে ওয়াজ বলে। –[খলীল]

আয়াত : ১৩৭

خُلُقُ : **স্বভাব।** একবচন; বহুবচন– اَخْلَاقٌ অর্থ– অভ্যাস; স্বভাব; চরিত্র।

আয়াত : ১৩৮

مُعَذَّبِيْنَ : **শাস্তিপ্রাপ্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ذ ـ ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ– শাস্তি দান করা।

আয়াত : ১৩৯

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِهْلَاكُ মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

আয়াত : ১৪১

كَذَّبَتْ : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা। كَذَّبَتْ-এর فاعل সম্প্রদায় হওয়ার কারণে বহুবচনের অর্থ করা হয়েছে।

ثَمُوْدُ : **ছামূদ জাতি**। এটি হযরত সালেহ (আ.)-এর সম্প্রদায়ের নাম। ثَمُوْد শব্দটিকে কেউ অনারবী বলেন; আবার কেউ আরবি বলেন। আরবি হলে এটি ثَمْد থেকে উদ্ভূত। ثَمْد বৃষ্টির ঐ সামান্য পানিকে বলা হয় যা গর্তে জমা হয়, শীতকালে অবশিষ্ট থাকে এবং গ্রীষ্মকালে শুকিয়ে যায়। –[বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬১ দ্রষ্টব্য]

আয়াত : ১৪২

صٰلِحٌ : **হযরত সালেহ (আ.)**। তিনি একজন নবী ছিলেন। পবিত্র কুরআনে তাঁর নাম 'নয়' জায়গায় এসেছে। তিনি ছামূদ জাতির প্রতি প্রেরিত হয়েছিলেন। –[বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬১ দ্রষ্টব্য]

আয়াত : ১৪৬

اَتُتْرَكُوْنَ : **তোমাদেরকে কি ছেড়ে রাখা হবে?** হামযাটি প্রশ্নবোধক। تُتْرَكُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ت . ر . ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া।

هٰهُنَا : **এখানে**। هَا সতর্ককরণ হরফ। هُنَا ইসমে যরফ। নিকটবর্তী স্থানের জন্য ব্যবহার হয়।

اٰمِنِيْنَ : **নিরাপদগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বহুবচন, একবচন– اٰمِنٌ বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (أ . م . ن) অর্থ– নিরাপদ হওয়া।

আয়াত : ১৪৮

زُرُوْعٍ : **শস্যক্ষেত্রসমূহ**। এটি زَرْعٌ -এর বহুবচন।

طَلْعُهَا : **উহার গুচ্ছ**। طَلْعٌ মুযাফ। هَا যমীর মুযাফ ইলাইহি। খেজুর গাছের নতুন পাতা, প্রথম মুকুল যা বের হয় তাকে طَلْعٌ বলা হয়।

هَضِيْمٌ : **সুকোমল**। এটি فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বার সীগাহ।

আয়াত : ১৪৯

تَنْحِتُوْنَ : **তোমরা কর্তন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ن . ح . ت) মাসদার اَلنَّحْتُ অর্থ– কাটা; কর্তন করা; কেটে সাইজ করা; ভাস্কর্য বানানো।

فٰرِهِيْنَ : **নৈপুণ্যের সাথে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كرم মূলবর্ণ (ف . ر . ه) মাসদার اَلْفَرْهَةُ - اَلْفَرَاهِيَّةُ - اَلْفَرَاهَةُ অর্থ– পারদর্শী হওয়া; যোগ্য হওয়া।

আয়াত : ১৫১

لَا تُطِيْعُوْا : **তোমরা আনুগত্য করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ (ط . و . ع) অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা।

مُسْرِفِيْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س . ر . ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ– অপচয় করা; সীমালঙ্ঘন করা।

আয়াত : ১৫২

يُفْسِدُوْنَ : **তারা অশান্তি সৃষ্টি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف . س . د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– অশান্তি সৃষ্টি করা। ফ্যাসাদ ছড়ানো। বিনষ্ট করা।

لَا يُصْلِحُوْنَ : **তারা শান্তি স্থাপন করে না; তারা সৎকর্ম করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص . ل . ح) অর্থ– সংশোধন করা; সংস্কার করা; সদ্ভাব স্থাপন করা।

আয়াত : ১৫৩

اَلْمُسَحَّرِيْنَ : **জাদুগ্রস্ত লোকজন**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْحِيْرُ মূলবর্ণ (س . ح . ر) অর্থ– জাদুগ্রস্ত করা; মন্ত্রমুগ্ধ করা; জাদু করা।

আয়াত : ১৫৪

فَأْتِ : **তাহলে তুমি উপস্থিত কর/ নিয়ে আস**। فاء হরফে আত্‌ফ। أتِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ . ت . ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; উপস্থিত হওয়া।

আয়াত : ১৫৫

شِرْبٌ : **পানি পানের পালা**। পানির একাংশ। شِرْبٌ থেকে ইসম। বহুবচন– اَشْرَابٌ

আয়াত : ১৫৬

لَا تَمَسُّوْهَا : **তোমরা তাকে স্পর্শ করো না/ তোমরা তার ক্ষতিসাধন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া। এখানে অর্থ হবে ক্ষতির উদ্দেশ্যে স্পর্শ করা।

يَأْخُذَكُمْ : **তিনি তোমাদেরকে পাকড়াও করবেন/ তোমাদের উপর আপতিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ ধরা; পাকড়াও করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১৫৭

فَاَصْبَحُوْا : **তারা হলো। তারা প্রভাত করল**। فا হরফে আতফ, اَصْبَحُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– প্রভাত করা; সকাল করা; হওয়া।

نٰدِمِيْنَ : **অনুতপ্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ د ـ م) মাসদার اَلنَّدَامَةُ অর্থ– অনুতপ্ত হওয়া।

আয়াত : ১৫৮

فَاَخَذَهُمْ : **অতঃপর তাদেরকে গ্রাস করল**। ف হরফে আত্ফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ(أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; আঘাত করা; গ্রাস করা।

আয়াত : ১৬০

لُوْطٍ : **বিশিষ্ট নবী হযরত লূত (আ.)**। তিনি হযরত ইবরাহীম (আ.)-এর ভাই হারানের পুত্র ছিলেন। তিনি পয়গাম্বর ছিলেন। -[খাযেন, জালালাইন, মা'আলিম] তাঁকে মৃতসাগরের উপকূলের জনপদের লোকজনের হেদায়েতের জন্য প্রেরণ করা হয়েছিল। সেখানকার সবচেয়ে বড় বস্তী ছিল ছাদূম। তারা সাধারণত সমকামিতা, লুট-তরাজ ও মাপে কম দেওয়ার কাজে লিপ্ত ছিল। লোকেরা তাকে মানল না। ঈমানও আনেনি। যখন তাদের অবাধ্যতা চরমে পৌঁছে গেল তখন আল্লাহর আজাব অবতীর্ণ হলো। জনপদসমূহকে উল্টে দেওয়া হয়েছিল, উপর থেকে সুচালো কঙ্কর নিক্ষেপ করা হয়েছিল। হযরত লূত (আ.) এর স্ত্রীও এই দুরাচারীদের অন্তর্ভুক্ত ছিল। সেও ধ্বংস হয়ে গেল। তবে সৎকর্মপরায়ণদেরকে রক্ষা করা হয়েছিল।

আয়াত : ১৬৫

اَتَأْتُوْنَ الذُّكْرَانَ : **তোমরা কি পুরুষদের সাথে উপগত হও? তোমরা কি ব্যভিচার কর?** শুরুতে হামযাটি প্রশ্নবোধক। تَأْتُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা। এখানে উদ্দেশ্য সহবাস করা; ব্যভিচার করা; সমকামিতায় লিপ্ত হওয়া। ذُكْرَانٌ অর্থ– পুরুষগণ। শব্দটি বহুবচন, একবচন– ذَكَرٌ ইসমে জিন্‌স।

আয়াত : ১৬৬

تَذَرُوْنَ : **তোমরা বর্জন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْوَذْرُ মূলবর্ণ (و ـ ذ ـ ر) অর্থ– বর্জন করা; ত্যাগ করা; পরিহার করা। উক্ত মাসদার থেকে এ অর্থে فعل مضارع – امر ও نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

عٰدُوْنَ : **সীমালঙ্ঘনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْعُدْوَانُ অর্থ– সীমালঙ্ঘন করা; সীমা অতিক্রম করা।

আয়াত : ১৬৮

لِعَمَلِكُمْ : **তোমাদের কর্মকে**। লাম হরফে জার। عَمَلٌ মুযাফ, كم যমীর মুযাফ ইলাইহি عَمَلٌ বাব سَمِعَ -এর মাসদার হলে কাজ করা। এবং ইসম; হলে কাজ; কর্ম অর্থে ব্যবহৃত হয়। এখানে উদ্দেশ্য তাদের অপকর্ম; সমকামিতা।

اَلْقَالِيْنَ : **ঘৃণাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ ও ضَرَبَ মূলবর্ণ (ق ـ ل ـ و) অথবা (ق ـ ل ـ ى) যদি واوى হয় তখন অর্থ হবে– নিক্ষেপ করা। বলা হয়–قَلَتِ النَّاقَةُ بِرَاكِبِهَا (উষ্ট্রী আরোহীকে নিক্ষেপ করেছে।) ঘৃণা ও অসন্তুষ্টির অর্থও নিক্ষেপের মধ্যে বিদ্যমান, কারণ ঘৃণিত বস্তুকেই মানুষ নিক্ষেপ করে। আর যদি يائى হয়

তখন অর্থ হবে– ভুনা করা। বলা হয়– قَلَّيْتُ السَّوِيْقَ بِالْمِقْلَاةِ (আমি কড়াইতে ছাতু ভুনা করেছি।) আয়াতে প্রথম অর্থ– উদ্দেশ্য।

আয়াত : ১৬৯

نَجِّنِىْ : **তুমি আমাকে রক্ষা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضرمعروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া।

আয়াত : ১৭০

فَنَجَّيْنٰهُ : **অতঃপর আমি তাকে রক্ষা করি**। فا -টি তাকীবিয়্যাহ نَجَّيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া। ه যমীর মাফউলে বিহী।

আয়াত : ১৭১

عَجُوْزًا : **বৃদ্ধা; অতিশয় বৃদ্ধা**। ইমাম রাগেব (র.) লিখেছেন, বৃদ্ধাকে عَجُوْزٌ বলার কারণ হলো তারা অনেক ধরনের কাজ সম্পাদন করতে অক্ষম থাকে। আল্লামা ফাইউয়ূমী মিসবাহুল মুনীরে লিখেছেন, এর স্ত্রীলিঙ্গ ة দ্বারা আসে না। তবে ইবাবেল আম্বারী লিখেছেন– ة দ্বারা স্ত্রীলিঙ্গ আসে। ইউনূস থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি আরবদেরকে عَجُوْزَةٌ বলতে শুনেছি। এর বহুবচন–عُجُزٌ ও عَجَائِزُ

اَلْغٰبِرِيْنَ : **[মুক্তি থেকে] পশ্চাতে অবস্থানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ب ـ ر) মাসদার اَلْغُبُوْرُ অর্থ– গত হওয়া; অতীত হওয়া; পশ্চাতে অবস্থান করা; ধ্বংসপ্রাপ্ত হওয়া। প্রফেসর আব্দুর রউফ মিশরী লিখেছেন, আসল বস্তু অতিবাহিত হওয়ার পর যা অবশিষ্ট থাকে তাকে অভিধানে غَابِرٌ বলা হয়।এ কারণেই ঐ غُبَارٌ ধূলিকে বলা হয় যা কাফেলা চলে যাওয়ার পর উড়ে পিছে পড়ে থাকে। –[মু'জামুল কুরআন]

আয়াত : ১৭২

دَمَّرْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّدْمِيْرُ মূলবর্ণ (د ـ م ـ ر) অর্থ– ধ্বংস করা।

আয়াত : ১৭৩

اَمْطَرْنَا : **আমি বৃষ্টি বর্ষণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْطَارُ মূলবর্ণ (م ـ ط ـ ر) অর্থ– বৃষ্টি বর্ষণ করা। পবিত্র কুরআনে اِمْطَارٌ ও مَطَرٌ শব্দের ব্যবহার সাধারণত দুঃখ-কষ্ট দেওয়া ও আজাব দানকারী বৃষ্টির অর্থে হয়েছে। আর রহমতের বৃষ্টির জন্য غَيْثٌ শব্দ ব্যবহার হয়েছে। ভাষাবিদ জাহিয ও ইবনে কুতাইবাও এ বিষয়টিকে স্পষ্ট করেছেন যে, শাস্তি ও কষ্টদানের ক্ষেত্রে مَطَرٌ এবং শান্তি ও আরামের ক্ষেত্রে غَيْثٌ ব্যবহার করা হয়। তবে বিশিষ্ট ভাষাবিদ আবূ উবাইদা বিশ্লেষণ করে বলেছেন– مَطَرٌ (বাব نَصَرَ) -এর ব্যবহার কল্যাণের বৃষ্টির জন্য হয়, আর اَمْطَرَ [বাব افعال] -এর ব্যবহার শাস্তি বর্ষণের জন্য হয়ে থাকে।

سَاءَ : **কতইনা মন্দ!** সীগাহ واحد مذكر غائب বহছ فعل ذم বাব نَصَرَ মাসদার اَلسُّوْءُ অর্থ– মন্দ হওয়া।

اَلْمُنْذَرِيْنَ : **ভীতিপ্রদর্শিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা।

আয়াত : ১৭৬

اَصْحٰبُ لْـَٔيْكَةِ : **'আয়কাবাসীগণ'**। اَصْحَابٌ মুযাফ اَلْاَيْكَةُ মুযাফ ইলাইহি। মূলত اَصْحَابُ الْاَيْكَةُ শব্দের অর্থ গহীন অরণ্যের অধিবাসী; হযরত শু'আইব (আ.) -এর সম্প্রদায় এই অঞ্চলে বসবাস করত বলে তাদেরকে اَصْحَابُ الْاَيْكَةِ বলা হয়। আয়কার পার্শ্ববর্তী এলাকা হলো মাদইয়ান। এই দুই অঞ্চলের লোকদের হেদায়েতের জন্য আল্লাহ তা'আলা হযরত শু'আইব (আ.)-কে প্রেরণ করেছিলেন। এদের মধ্যে শিরক ও মূর্তিপূজার পাশাপাশি মাপে কম দেওয়ার ব্যাপক প্রচলন ছিল। হযরত শু'আইব (আ.) এসে তাদেরকে এহেন কাজ থেকে বিরত থাকার জন্য আহ্বান করলেন; কিন্তু তারা তার কথা মানল না। বরং তার অবাধ্য হয়ে গেল। সেই পরিপ্রেক্ষিতে তাদের উপর আল্লাহর আজাব আসল। মাদাইনবাসীর উপর আসল বজ্রনিনাদরূপে আর আয়লাবাসীদের উপর আজাব আসল মেঘাচ্ছন্ন দিনের। আল্লাহ তা'আলা যখন তাদেরকে আজাব প্রেরণ করতে ইচ্ছা করেছিলেন তখন প্রচণ্ড গরম সৃষ্টি করলেন এবং

মেঘের আকৃতিতে আজাব পাঠালেন। তারা গরমে অতীষ্ট হয়ে মেঘ দেখে ছায়া গ্রহণের জন্য মেঘের নিচে যেতেই সেখান থেকে আগুন বর্ষণ হতে লাগল। فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ

আয়াত : ১৮১

اَوْفُوا : **তোমরা পূর্ণ কর। তোমরা ঠিকভাবে দিবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلْاِيْفَاءُ অর্থ- পূর্ণ করা; ঠিকভাবে দেওয়া।

اَلْكَيْلَ : **পরিমাপ**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ- পরিমাপ করা; ওজন করা।

وَلَا تَكُوْنُوْا : **তোমরা হয়ো না**। সীগাহ جمع مذكر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ ও اَلْكَيْنُوْنَةُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ- হওয়া।

اَلْمُخْسِرِيْنَ : **মাপে কম দাতাগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْاِخْسَارُ অর্থ- মাপে কম দেওয়া; কম মাপা। ওজনে কম করার দু'টি অর্থ হতে পারে। যথা-

১. কাউকে কোনো জিনিস মেপে কম দেওয়া। যাকে تَطْفِيْفٌ বলা হয়।
২. এমন কাজ করা যা দ্বারা কিয়ামতের দিন নেকীর পাল্লা হালকা হয়ে যাবে। مُخْسِرِيْنَ-এর উভয় অর্থই উদ্দেশ্য হতে পারে। -[রাগেব] অধিকাংশ মুফাসসিরগণ প্রথম অর্থই গ্রহণ করেছেন এবং এটিকেই প্রাধান্য দিয়েছেন।

উল্লেখ্য পবিত্র কুরআনে যেখানেই خُسْرَانٌ বা এ মূলবর্ণ থেকে যত শব্দ এসেছে তা দ্বারা পরকালীন ক্ষতি এবং নেকীর পাল্লা হালকা হওয়া উদ্দেশ্য। তবে বাব اِفْعَالٌ থেকে যত শব্দ এসেছে তা দ্বারা উভয় অর্থই উদ্দেশ্য হতে পারে। -[মুফরাদাতুল কুরআন, ইমাম রাগেব]

আয়াত : ১৮২

وَزِنُوْا : **তোমরা ওজন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضرمعروف বাব ضَرَبَ মাসদার اَلْوَزْنُ ও اَلزِّنَةُ মূলবর্ণ (و ـ ز ـ ن) অর্থ- ওজন করা; পরিমাপ করা।

اَلْقِسْطَاسِ : **দাঁড়িপাল্লা। ন্যায়ের পাল্লা**। যে কোনো মাপের পাল্লা। কাফ বর্ণে পেশযোগেও শুদ্ধ এবং প্রথম س-এর পরিবর্তে ص-ও পড়া জায়েজ। কারো কারো মতে এটি রূমী শব্দ।

আয়াত : ১৮৩

لَا تَبْخَسُوْا : **তোমরা কম দিবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ خ ـ س) মাসদার اَلْبَخْسُ অর্থ-হ্রাস করা; কমানো; কম দেওয়া।

اَشْيَاءَ : **প্রাপ্যবস্তুসমূহ**। বহুবচন, একবচন- شَيْئٌ

لَا تَعْثَوْا : **তোমরা বিপর্যয় সৃষ্টি করে বেড়িয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ث ـ ى) মাসদার اَلْعَثْيَانُ ، اَلْعَثْىُ অর্থ- গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা করা।

اَلْاَرْضِ : **পৃথিবী**। এটি একবচন, বহুবচন- اَرْضُوْنَ অর্থ- ভূমি; বিশ্ব।

مُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ- গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

আয়াত : ১৮৪

اِتَّقُوْا : **তোমরা তাকওয়া অবলম্বন করো/ তোমরা ভয় করো**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

وَالْجِبِلَّةَ الْاَوَّلِيْنَ : **পূর্বে যারা গত হয়েছে। পূর্বপুরুষগণ**। اَلْجِبِلَّةُ অর্থ- সৃষ্টি; সৃষ্ট। اَلْاَوَّلِيْنَ অর্থ- পূর্ববর্তীগণ।

আয়াত : ১৮৫

اَلْمُسَحَّرِيْنَ : **জাদুগ্রস্ত লোকজন**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْحِيْرُ মূলবর্ণ (س ـ ح ـ ر) অর্থ- জাদুগ্রস্ত করা; মন্ত্রমুগ্ধ করা; জাদু করা।

আয়াত : ১৮৬

نَظُنُّكَ : **আমরা তোমাকে মনে করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلظَّنُّ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) অর্থ– ধারণা করা; মনে করা; বিশ্বাস করা।

আয়াত : ১৮৭

فَاَسْقِطْ : **তুমি ফেলে দাও**। فا হরফে আতফ, اَسْقِطْ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ق ـ ط) মাসদার اَلْاِسْقَاطُ অর্থ– ফেলা; নিপাত করা।

كِسَفًا : **খণ্ড-বিখণ্ড করে**। বহুবচন; একবচন– كِسَفَةٌ টুকরা টুকরা।

اَلصّٰدِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা।

আয়াত : ১৮৯

يَوْمِ الظُّلَّةِ : **মেঘাচ্ছন্ন দিবস**। يَوْم মুযাফ, اَلظُّلَّةَ মুযাফ ইলাইহি। ظلة অর্থ– চন্দ্রাতপ। ছায়ানীড়; শামিয়ানা। একবচন, বহুবচন– ظُلَلٌ ; ইমাম রাগেব (র.) লিখেছেন– ظُلَّةٌ ছায়াদার মেঘকে বলা হয়। এর সাধারণ ব্যবহার মন্দ অবস্থার জন্য হয়ে থাকে। এ সম্পর্কিত অন্য আয়াত হলো সূরা আ'রাফের ৭১ নং আয়াত– وَاِذْ نَتَقْنَا الْجَبَلَ فَوْقَهُمْ كَاَنَّهٗ ظُلَّةٌ এবং চলমান আয়াত– فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ [চন্দ্রাতপের দিনের বিপদ তাদেরকে পাকড়াও করেছে] ইমাম জাওহারী আবূ যায়েদ থেকে বর্ণনা করেন যে, প্রথম ছায়াবিস্তারকারী মেঘকে ظُلَّةٌ বলা হয়। তাদেরকে ظُلَّةٌ দ্বারা যে শাস্তি দেওয়া হয়েছিল তা ছিল একখণ্ড মেঘ যার নিচ দিয়ে লূ-হাওয়া প্রবাহমান ছিল। অপর বর্ণনা অনুযায়ী তা ছিল তাদের উপর ছায়া বিস্তারকারী একখণ্ড মেঘ। যখন লোকেরা ছায়া গ্রহণের জন্য তার নিচে সমবেত হলো তখনই তা তাদের উপর আজাবরূপে পতিত হয় এবং সকলেই সেখানে মৃত্যুবরণ করে।

আয়াত : ১৯২

لَتَنْزِيْلُ رَبِّ الْعٰلَمِيْنَ : **অবশ্যই [কুরআন] জগতসমূহের প্রতিপালকের নিকট হতে অবতীর্ণ**। لام তাকীদের জন্য। تَنْزِيْل বাব تَفْعِيْل-এর মাসদার, যা ইসমে মাফঊল তথা مُنَزَّلٌ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১৯৩

اَلرُّوْحُ الْاَمِيْنُ : **হযরত জিবরাঈল (আ.)। বিশ্বস্ত ফেরেশতা**। এখানে রূহুল আমীন দ্বারা জিবরাঈল উদ্দেশ্য। –[সাফওয়াতুল বায়ান]

আয়াত : ১৯৪

اَلْمُنْذِرِيْنَ : **ভীতি প্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– ভীতি প্রদর্শন করা।

আয়াত : ১৯৬

زُبُرِ الْاَوَّلِيْنَ : **পূর্ববর্তীদের কিতাব**। زُبُرٌ এটি زَبُوْر -এর বহুবচন। যার অর্থ লেখা। زَبُوْرٌ টি فَعُوْل-এর ওজনে مَكْتُوْبٌ অর্থে। ইমাম রাগেব (র.) লিখেছেন, যে কিতাবের লিখনী গাঢ় তাকে زَبُوْرٌ বলা হয়। আবার কেউ বলেছেন, এ রকম নয়; বরং আসমানি কিতাবসমূহের মধ্যে যা বুঝতে কষ্টকর তাকে زَبُوْر বলা হয়। যেমন– وَاِنَّهٗ لَفِىْ زُبُرِ الْاَوَّلِيْنَ (পূর্ববর্তীদের কিতাবে এটা লিখা আছে)। আবার কারো মতে زَبُوْرٌ এমন কিতাবকে বলা হয়, যাতে শুধুমাত্র জ্ঞানমূলক ও হিকমতপূর্ণ কথা আছে। শরিয়তের বিধিবিধান তাতে থাকে না। আর কিতাব বলা হয় যাতে শরিয়তের বিধিবিধানও থাকে। হযরত দাউদ (আ.)-এর যাবূর গ্রন্থে শরিয়তের বিধিবিধান সম্পর্কিত কোনো কিছু ছিল না। এখানে زُبُرٌ দ্বারা তাওরাত, যাবূর, ইঞ্জিল উদ্দেশ্য।

আয়াত : ১৯৭

اَنْ يَّعْلَمَهٗ : **তিনি তা জানেন**। ان নাসেবা। يَعْلَمَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ১৯৮

نَزَّلْنٰهُ : **তিনি অবতীর্ণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَلْاَعْجَمِيْنَ : **আজমীগণ**। এটি اَعْجَمُ -এর বহুবচন। যে স্পষ্ট ভাষায় ভাব প্রকাশ করতে পারে না তাকে আজমী বলে। এরূপ ব্যক্তি আরবি ভাষী হলেও তাকে আজমী বলা হয়। اَعْجَمِىٌّ -ও ঐ একই অর্থে ব্যবহার হয়ে থাকে। –[লিসানুল আরব]

আয়াত : ২০০

سَلَكْنٰهُ : **আমি তা সঞ্চার করেছি**। سَلَكْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ل ـ ك) মাসদার اَلسُّلُوْكُ অর্থ– সঞ্চার করা; চালানো; প্রবেশ করানো। এটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহার হয়। ه যমীর মাফউলে বিহী।

আয়াত : ২০২

يَأْتِيَهُمْ : **এটা তাদের উপর এসে পড়বে/ উপস্থিত হবে**। সীগাহ يَأْتِ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; উপস্থিত হওয়া। هُمْ যমীর মাফউলে বিহী।

لَا يَشْعُرُوْنَ : **তারা কিছুই বুঝতে পারবে না**। يَشْعُرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ২০৩

مُنْظَرُوْنَ : **অবকাশপ্রাপ্তগণ**। مُنْظَرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْظَارُ অর্থ– অবকাশ দেওয়া। সুযোগ দেওয়া।

আয়াত : ২০৫

مَتَّعْنَا : **আমি ভোগ-বিলাসের উপকরণ দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো।

مَا كَانُوْا يُوْعَدُوْنَ : **যে বিষয়ে তাদেরকে সতর্ক করা হয়েছিল/তাদেরকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ– অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; সতর্ক করা।

আয়াত : ২০৭

مَا اَغْنٰى : **সে কোনো কাজে আসেনি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ي) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– কাজে আসা; উপকারী হওয়া; অভাবমুক্ত করা।

مَا كَانُوْا يُمَتَّعُوْنَ : **যা তারা ভোগ করত**। مَا মাউসূল। كَانُوْا يُمَتَّعُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ অর্থ– উপভোগ করা; উপকৃত হওয়া।

আয়াত : ২০৮

مَا اَهْلَكْنَا : **আমি ধ্বংস করিনি**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

আয়াত : ২০৯

ذِكْرٰى : **উপদেশ**। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذِكْر থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ২১০

مَا تَنَزَّلَتْ : **[শয়তান এটাসহ] অবতীর্ণ হয়নি**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنَزُّلُ অর্থ– অবতীর্ণ হওয়া; নাজিল হওয়া।

আয়াত : ২১১

مَا يَنْبَغِىْ : **সে যোগ্য নয়**। مَا না-বাচক। يَنْبَغِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِنْبِغَاءُ অর্থ– সমীচীন হওয়া; শোভন হওয়া; যোগ্য হওয়া। উল্লেখ্য এ মাসদার থেকে কখনো ماضى ব্যবহার হয় না।

مَا يَسْتَطِيْعُوْنَ : **তারা সক্ষম নয়।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ— সক্ষম হওয়া; সমর্থ হওয়া।

আয়াত : ২১২

لَمَعْزُوْلُوْنَ : **অবশ্যই দূরবর্তীগণ/ যাদেরকে দূরে রাখা হয়েছে।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ز ـ ل) মাসদার اَلْعَزْلُ অর্থ— বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া; দূরে হওয়া।

আয়াত : ২১৩

لَا تَدْعُ : **তোমরা আহ্বান করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ— আহ্বান করা; ডাকা।

শাস্তিপ্রাপ্তগণ। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ— কঠিন শাস্তি দেওয়া।

আয়াত : ২১৪

اَنْذِرْ : **তুমি সতর্ক করে দাও।** اَنْذِرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ— সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

عَشِيْرَتَكَ : **তোমার স্বগোষ্ঠী।** একবচন; বহুবচন— عَشَائِرُ অর্থ— গোত্র; খান্দান; বংশ।

اَلْاَقْرَبِيْنَ : **সান্নিধ্যপ্রাপ্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقُرْبُ অর্থ— নিকটবর্তী হওয়া।

আয়াত : ২১৫

اِخْفِضْ : **তুমি অবনমিত কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَفْضُ মূলবর্ণ (خ ـ ف ـ ض) অর্থ— নিচু করা; অবনমিত করা।

جَنَاحَكَ : **তোমার পক্ষপুট।** جَنَاحٌ একবচন; বহুবচন اَجْنِحَةٌ অর্থ— ডানা। মূলত اِخْفِضْ جَنَاحَكَ একটি আরবি বাগধারা, যার অর্থ— সদয় হও।

اِتَّبَعَكَ : **সে তোমার অনুসরণ করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ— অনুসরণ করা; কারো কথামতো চলা।

আয়াত : ২১৬

فَاِنْ عَصَوْكَ : **যদি তারা তোমার অবাধ্যতা করে।** فاء হরফে আতফ। ان হরফে শর্ত। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعِصْيَانُ মূলবর্ণ (ع ـ ص ـ ي) অর্থ— অমান্য করা; অবাধ্যতা করা; লঙ্ঘন করা। ك যমীর মাফঊলে বিহী।

اِنِّىْ بَرِئٌ : **আমি দায়মুক্ত। আমার কোনো সংশ্রব নেই।** بَرِئٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ر ـ ء) মাসদার اَلْبَرَاءَةُ অর্থ— দায়মুক্ত হওয়া; নির্দোষ হওয়া।

আয়াত : ২১৭

تَوَكَّلْ : **তুমি নির্ভর কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ— ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ২১৮

اَلَّذِىْ يَرَاكَ : **যিনি তোমাকে দেখলেন।** اَلَّذِىْ ইসমে মাউসূল। يَرٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ— দেখা; প্রত্যক্ষ করা। كَ যমীর মাফঊলে বিহী।

تَقُوْمُ : **তুমি দণ্ডায়মান হবে।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ— দাঁড়ানো।

আয়াত : ২১৯

تَقَلُّبَكَ : **তোমার উঠাবসা।** تَقَلُّبٌ বাব تَفَعُّلٌ-এর মাসদার। অর্থ— উঠাবসা করা; ওলটপালট করা। تَقَلُّبٌ মুযাফ كَ যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ২২১

اُنَبِّئُكُمْ : **আমি তোমাদের জানিয়ে দিব।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ

(ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– অবহিত করা; সংবাদ দেওয়া; জানিয়ে দেওয়া।

تَنَزَّلُ : **সে অবতীর্ণ হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ فعل مضارع معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّنَزُّلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা।

আয়াত : ২২২

اَفَّاكٍ : **ঘোর মিথ্যাবাদী**। মুবালাগার সীগাহ। বাব ضَرَبَ ও سمع মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِفْكُ অর্থ– মিথ্যা আরোপ করা; মিথ্যা রচনা করা; অপবাদ দেওয়া।

আয়াত : ২২৩

يُلْقُوْنَ : **তারা নিক্ষেপ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– নিক্ষেপ করা; ঢালা।

আয়াত : ২২৪

اَلشُّعَرَاءُ : **কবিগণ**। বহুবচন। একবচন– شَاعِرٌ

يَتَّبِعُهُمْ : **সে তাদের অনুসরণ করে**। يَتَّبِعُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা। هُمْ যমীর মাফউলে বিহী।

اَلْغَاوٗنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ و ـ ي) মাসদার اَلْغَوَايَةُ অর্থ– পথভ্রষ্ট হওয়া।

আয়াত : ২২৫

وَادٍ : **উপত্যকা**। একবচন, বহুবচন اَوْدِيَةٌ অর্থ– দুই পাহাড়ের মধ্যবর্তী রাস্তা।

يَهِيْمُوْنَ : **তারা উদ্‌ভ্রান্ত হয়ে ঘুরে বেড়ায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ي ـ م) মাসদার اَلْهَيْمُ ও اَلْهَيَمَانُ অর্থ– উদ্‌ভ্রান্ত হয়ে ঘুরে বেড়ানো।

আয়াত : ২২৬

يَقُوْلُوْنَ : **তারা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

مَا لَا يَفْعَلُوْنَ : **যা তারা করে না**। مَا মাউসূল। لَا نفى فعل বহছ جمع مذكر غائب সীগাহ يَفْعَلُوْنَ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْفِعْلُ মূলবর্ণ (ف ـ ع ـ ل) অর্থ– করা; সম্পাদন করা।

আয়াত : ২২৭

اِنْتَصَرُوْا : **তারা প্রতিশোধ গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلْاِنْتِصَارُ অর্থ– প্রতিশোধ গ্রহণ করা।

ظُلِمُوْا : **তারা নির্যাতিত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْمٌ - এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তাঁর মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظُلْمٌ বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধিসহকারে বা পরিবর্তন করে স্থানান্তরিত করে অন্যস্থানে রাখা। এ থেকেই আরবিতে বলা হয়– ظَلَمْتُ السِّقَاءَ (আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি) আর এ ব্যবহৃত দুধকে ظَلِيْمٌ বলা হয়। তেমনিভাবে ظَلَمْتُ الْاَرْضَ অর্থ হলো ভূমি এমন স্থানে খনন করেছে যেখানে খননের স্থান ছিল না। এ ধরনের স্থানকে اَرْضٌ مَظْلُوْمَةٌ বলা হয়। আর খনন করে বেরকৃত মাটিকে ظَلِيْمٌ বলা হয়।

مُنْقَلَبٍ : **প্রত্যাবর্তনস্থল**। ইসমে যরফ। বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ– প্রত্যাবর্তন করা; পরিবর্তন করা।

يَنْقَلِبُوْنَ : **তারা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْقِلَابُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– ফিরে যাওয়া; প্রত্যাবর্তন করা; পরিবর্তন হওয়া; রূপান্তরিত হওয়া।

সূরা নামল : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৯৩ রুকূ' : ৭

আয়াত : ১

طٓسٓ : ত্বা- সীন। এগুলো হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حروف تهجى -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি। এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) ও খলীফা চতুষ্টয় এবং ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে বিভিন্ন ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ [এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।] [বিস্তারিত সূরা বাক্বারা الٓمّٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

هُدًى : পথনির্দেশ। এটি বাব ضَرَبَ -এর মাসদার। যা هَادٍ তথা ইসমে ফায়েল অর্থে ব্যবহৃত হয়েছে। মাসদারের অর্থ– সৎপথে পরিচালিত করা; রাস্তা দেখানো; পথের সন্ধান দেওয়া।

بُشْرٰى : সুসংবাদ। সীগাহ اسم واحد مؤنث বহছ تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْبِشَارَةُ অর্থ– খুশি হওয়া; আনন্দিত হওয়া। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য]

আয়াত : ২

يُقِيْمُوْنَ : তারা কায়েম করে। প্রতিষ্ঠা করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– সোজা করা; সঠিক করা। অবস্থান করা।

يُؤْتُوْنَ : তারা প্রদান করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা।

اَلزَّكٰوةَ : জাকাত। এটি تَزْكِيَةٌ থেকে ইসম। বহুবচন زَكَوَاتٌ ; زَكٰوةٌ অর্থ– পরিচ্ছন্নতা; প্রবৃদ্ধি। জাকাত আদায় করার দ্বারা সম্পদ বৃদ্ধি পায় এবং জাকাতদাতার অন্তর এবং অবশিষ্ট সম্পদ পবিত্র হয়ে যায় তাই একে জাকাত বলা হয়। নিসাবের অধিকারী মুসলমানের উপর সম্পদের চল্লিশভাগের একভাগ আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে দরিদ্র মুসলমানদের জন্য ব্যয় করাকে শরিয়তের পরিভাষায় জাকাত বলা হয়।

يُوْقِنُوْنَ : তারা নিশ্চিতভাবে বিশ্বাস করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُضَارِعٌ اِفْعَالٌ মূলবর্ণ (ي ـ ق ـ ن) মাসদার اَلْاِيْقَانُ অর্থ– বিশ্বাস করা; নিশ্চিত জানা।

আয়াত : ৪

لَا يُؤْمِنُوْنَ : তারা ঈমান আনে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা।

زَيَّنَّا : আমি সুশোভন করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ (ز ـ ي ـ ن) অর্থ– সুশোভিত করা; সজ্জিত করা।

يَعْمَهُوْنَ : তারা উদ্ভ্রান্ত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ ও سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ه) মাসদার اَلْعَمْهُ অর্থ– দিশেহারা হওয়া; উদ্ভ্রান্ত হওয়া; হতভম্ব হওয়া।

আয়াত : ৫

اَلْاَخْسَرُوْنَ : ক্ষতিগ্রস্তগণ। اَخْسَرُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم تفضيل মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৬

لَتُلَقَّى : নিশ্চয় তোমাকে দেওয়া হচ্ছে। ل তাকীদের জন্য। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلتَّلَقِّىْ অর্থ– কোনো বস্তু গ্রহণ করা; সম্মুখীন হওয়া।

আয়াত : ৭

أَنَسْتُ : আমি অনুভব করেছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْنَاسُ মূলবর্ণ (أ ـ ن ـ س) অর্থ- দেখা; অনুভব করা।

شِهَابٍ : শিখা। উল্কাপিণ্ড। আকাশে যে তারকা ছুটে পড়তে দেখা যায়। ইমাম রাগেব (র.) লিখেছেন- شِهَابٌ প্রদীপ্ত অগ্নিশিখাকে বলা হয়। একবচন, বহুবচন- اَشْهُبٌ- شُهْبَانٌ- شُهُبٌ ; একবার রাসূলুল্লাহ ﷺ সাহাবীদের কোনো এক মজলিসে ছিলেন। এমন সময় উল্কাপিণ্ড খসে পড়লে রাসূলুল্লাহ বললেন, তোমরা ইসলামের পূর্বে এ ধরনের উল্কাপিণ্ড খসে পড়াকে কি মনে করতে? লোকেরা বলল, আমরা মনে করতাম, দুনিয়াতে বড় কোনো ঘটনা ঘটবে অথবা মহৎ কোনো ব্যক্তির মৃত্যু কিংবা জন্ম হয়েছে। রাসূলুল্লাহ বললেন, এটা অমূলক ধারণা। এর সাথে জন্ম, মৃত্যুর কোনো সম্পর্ক নেই। এটা স্ফুলিঙ্গ যা শয়তানকে প্রতিরোধের জন্য মারা হয়।

قَبَسٍ : জ্বলন্ত অঙ্গার/ অগ্নিস্ফুলিঙ্গ। এটি ইসম ও মাসদার। اِقْتِبَاسٌ শব্দটি ও এর সমার্থক। রূপকার্থে হেদায়েত ও ইলম অন্বেষণের জন্যও ব্যবহার হয়।

تَصْطَلُوْنَ : তোমরা আগুন পোহাবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِلَاءُ মূলবর্ণ (ص ـ ل ـ ى) অর্থ- আগুন পোহানো।

আয়াত : ৮

نُوْدِىَ : তাকে আহ্বান করা হলো। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُنَادَاةُ ও اَلنِّدَاءُ মূলবর্ণ (ن ـ د ـ ى) অর্থ- আহ্বান করা; ডাকা।

بُوْرِكَ : তুমি ধন্য; তোমাকে কল্যাণ দেওয়া হয়েছে। সীগাহ ماضى مجهول বহছ واحد مذكر غائب বাবে مُفَاعَلَةٌ মূলবর্ণ (ب ـ ر ـ ك) মাসদার اَلْمُبَارَكَةُ অর্থ- বরকতময় হওয়া; কল্যাণময় হওয়া।

আয়াত : ১০

اَلْقِ : তুমি নিক্ষেপ কর। اَلْقِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ- নিক্ষেপ করা; ফেলে দেওয়া; ঢেলে দেওয়া।

تَهْتَزُّ : সে আন্দোলিত হয়/ সে ছোটাছুটি করছে সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ ز) মাসদার اَلْاِهْتِزَازُ অর্থ- নাড়া দেওয়া। هَزَّةٌ অর্থ- খুশি; খোশমেজাজী; প্রফুল্লতা। هَزْهَازٌ ও هَزْهَزٌ - هَزِيْزٌ হাঁড়ির টগবগানির শব্দ। বাব نَصَرَ থেকে মাসদার اَلْهَزِيْزُ -ও আসে তখন অর্থ হয় কাউকে এত খুশি করা যে সে আনন্দে দুলতে থাকে। জনৈক কবি বলেন-

اَهَزُّ بِهٖ فِىْ نَدْوَةِ الْحَىِّ عِطْفَهٗ ـ
كَمَا هَزَّ عِطْفِىْ بِالْهِجَانِ الْاَوَارِكِ

هَزْهَزَةٌ ; বিশৃঙ্খলা সৃষ্টি করা; গণ্ডগোল বাধানো; অপদস্থ করা। تَهْزِيْزٌ [নাড়ানো।] تَهَزَّزَ [আন্দোলিত হওয়া; নড়া।] اِهْتِزَازٌ [আন্দোলিত হওয়া; দুলতে থাকা।] -[তাজ ও সিহাহ]

جَانٌّ : জিনজাতি। এ শব্দটি جِنٌّ-এর বহুবচন। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, যেমনিভাবে মানবজাতির পিতার নাম আবুল বাশার তেমনিভাবে জিনজাতির পিতার নাম جَانٌّ ; হযরত কাতাদা (র.) বলেন, ইবলিশই جَانٌّ ; কারো কারো মতে جَانٌّ হলো জিনজাতির পিতা আর اِبْلِيْس শয়তান জাতির পিতা। জিনদের মধ্যে মুসলিম ও কাফের উভয়ই রয়েছে। তাদের মধ্যে মানুষের ন্যায় জীবন-মরণ, পানাহার সবই রয়েছে। তবে শয়তানজাতির মধ্যে মুসলমান নেই এবং ইবলিসের মৃত্যুর পূর্বে তাদের মৃত্যুও হবে না। -[তাফসীরে খাযেন]। ইমাম রাগেবের মতে جَانٌّ হলো জিনদের একটি বিশেষ জাতি। অধিক ফুসফুসকারী সাপকে আরবিতে جَانٌّ বলা হয়।

وَلّٰى : সে মুখ ফিরিয়ে নিয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْلِيَةُ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ- বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করে পালানো।

لَمْ يُعَقِّبْ : সে পেছনে ফিরে তাকাল না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ق ـ ب) মাসদার اَلتَّعْقِيْبُ অর্থ- পিছনে প্রত্যাবর্তন করা। একের পর এক আনা।

لَا تَخَفْ : তুমি ভয় করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা।

আয়াত : ১১

بَدَّلَ : সে পরিবর্তন করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب ـ د ـ ل) অর্থ– পরিবর্তন করা।

আয়াত : ১২

اَدْخِلْ : তুমি প্রবেশ করাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِدْخَالُ মূলবর্ণ (د ـ خ ـ ل) অর্থ– প্রবেশ করানো।

جَيْبِكَ : তোমার বগল। جَيْبٌ মুযাফ, كَ যমীর মুযাফ ইলাইহি। جَيْبٌ একবচন। বহুবচন– جُيُوْبٌ অর্থ– বগল; জেব; পকেট।

تَخْرُجْ : বের হয়ে আসবে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخُرُوْجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বের হওয়া; উৎপন্ন হওয়া; নির্গত হওয়া।

আয়াত : ১৩

جَاءَتْهُمْ : তাদের নিকট আসল। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ মূলবর্ণ (ج ـ أ ـ ى) অর্থ– আসা; আনা।

مُبْصِرَةً : আলোকপ্রদ/ স্পষ্ট। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْاِبْصَارُ অর্থ– উজ্জ্বল করা; আলোকপ্রদ করা।

আয়াত : ১৪

جَحَدُوْا : তারা অস্বীকার করল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْجَحْدُ ও اَلْجُحُوْدُ মূলবর্ণ (ج ـ ح ـ د) অর্থ– অস্বীকার করা; অবিশ্বাস করা।

اِسْتَيْقَنَتْهَا : তারা তা সত্য বলে গ্রহণ করেছে; তারা বিশ্বাস করেছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ي ـ ق ـ ن) মাসদার اَلْاِسْتِيْقَانُ অর্থ– একিন করা; বিশ্বাস করা।

عُلُوًّا : তিনি [বহু] উর্ধ্বে। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– উচু হওয়া; অবাধ্য হওয়া; সামর্থ্য হওয়া। বিজয়ী হওয়া।

فَانْظُرْ : তুমি লক্ষ্য কর। فا জাযাইয়্যাহ, اُنْظُرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; দৃষ্টিপাত করা; লক্ষ্য করা।

আয়াত : ১৫

اٰتَيْنَا : আমি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া।

دَاوٗد : বিশিষ্ট নবী হযরত দাউদ (আ.)। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫১ দ্রষ্টব্য]

اَلْحَمْدُ لِلّٰهِ : সকল প্রশংসা আল্লাহরই। আলিফ ও লাম استغراق -এর জন্য। حَمْد -এর শাব্দিক অর্থ প্রশংসা করা। এটি বাব سَمِعَ -এর মাসদার। পরিভাষায় حَمْدٌ বলা হয় ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক বা না হোক। তাফসীরে মাযহারীতে রয়েছে–اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِيِّ نِعْمَةً كَانَ اَوْ غَيْرَهَا [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

فَضَّلَنَا : আমি শ্রেষ্ঠত্ব দান করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْضِيْلُ মূলবর্ণ (ف ـ ض ـ ل) অর্থ– শ্রেষ্ঠত্ব প্রদান করা। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৭ দ্রষ্টব্য]

আয়াত : ১৬

وَرِثَ : সে উত্তরাধিকারী হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْوَرْثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকারী হওয়া।

عُلِّمْنَا : আমাদেরকে শিক্ষা দেওয়া হয়েছে। সীগাহ جمع متكلم বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া উপদেশ দেওয়া।

مَنْطِقَ : ভাষা। এটি ইসম ও মাসদার, বাব ضَرَبَ অর্থ– কথা বলা। مَنْطِقَ الطَّيْرِ [বিহঙ্গকুলের ভাষা]।

اُوْتِيْنَا : আমাদেরকে দেওয়া হয়েছে। সীগাহ جمع متكلم বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া; দান করা।

আয়াত : ১৭

حُشِرَ : সমবেত করা হলো। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلْحَشْرُ মূলবর্ণ (ح ـ ش ـ ر) অর্থ– সমবেত করা; একত্র করা; জড়ো করা।

يُوْزَعُوْنَ : তাদেরকে [বিভিন্ন ব্যূহে] বিন্যস্ত করা হলো। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (و ـ ز ـ ع) মাসদার اَلْوَزْعُ অর্থ– বিন্যস্ত করা; সেনা সমাবেশ ঘটানো।

আয়াত : ১৮

اِذَا اَتَوْا : যখন তারা এল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা; উপস্থিত হওয়া।

لَا يَحْطِمَنَّكُمْ : তারা যেন তোমাদেরকে পদতলে নিষ্পেষিত করে না ফেলে। সীগাহ واحد مذكر غائب বহছ فعل نهى معروف بانون ثقيلة যমীর মাফঊল كُمْ। বাব ضَرَبَ মাসদার اَلْحَطْمُ মূলবর্ণ (ح ـ ط ـ م) অর্থ– নিষ্পেষিত করা; পিষে ফেলা। চূর্ণ করা।

আয়াত : ১৯

فَتَبَسَّمَ : তিনি মৃদু হাস্য করলেন/ সে মুচকি হাসল। فاء হরফে আতফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّبَسُّمُ মূলবর্ণ (ب ـ س ـ م) অর্থ– মুচকি হাসা; মৃদু হাসা।

ضَاحِكًا : হাস্যকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ض ـ ح ـ ك) মাসদার اَلضِّحْكُ অর্থ– হাসা। এ আয়াতে হাসার দ্বারা উদ্দেশ্য হলো আশ্চর্যান্বিত ও আনন্দিত হয়ে হাসা।

اَوْزِعْنِىْ : তুমি আমাকে সামর্থ্য দাও। اَوْزِعْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ز ـ ع) মাসদার اَلْاِيْزَاعُ অর্থ– স্থির করা: তৌফিক দেওয়া; সামর্থ্য দেওয়া। نون -টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী।

اَنْ اَشْكُرَ : যেন আমি কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি। اَنْ নাসেবা। اَشْكُرَ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

اَنْعَمْتَ : তুমি অনুগ্রহ করেছ। اَنْعَمْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْعَامُ মূলবর্ণ (ن ـ ع ـ م) অর্থ– অনুগ্রহ করা; দয়া করা।

تَرْضٰىهُ : তুমি তা পছন্দ কর। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلرِّضٰى ও اَلرِّضَاءُ মূলবর্ণ (ر ـ ض ـ ي) অর্থ– পছন্দ করা; সন্তুষ্ট হওয়া।

اَدْخِلْنِىْ : তুমি আমাকে প্রবেশ করাও; তুমি শামিল কর। اَدْخِلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো। نون টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী।

আয়াত : ২০

تَفَقَّدَ : তিনি সন্ধান নিলেন; তিনি খোঁজ নিলেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّل মূলবর্ণ (ف ـ ق ـ د) মাসদার اَلتَّفَقُّدُ অর্থ– কোনো জনসমাবেশে উপস্থিতি ও অনুপস্থিতির খবর নেওয়া। হযরত সুলায়মান (আ.)-কে আল্লাহ তা'আলা মানব, জিন, জন্তু ও পশু-পক্ষীদের উপর রাজত্ব দান করেছিলেন। রাজ্যশাসনের নীতি অনুযায়ী সর্বস্তরের উপর প্রজাদের দেখাশোনা করা ও খোঁজ খবর নেওয়া শাসনকর্তার অন্যতম কর্তব্য। এই নীতির পরিপ্রেক্ষিতে তিনি তার পক্ষী প্রজাদের পরিদর্শন করলেন এবং দেখলেন কে উপস্থিত এবং কে অনুপস্থিত। রাসূলুল্লাহ ﷺ -এরও সুঅভ্যাস ছিল, তিনি সাহাবায়ে কেরামের অবস্থা সম্পর্কে খোঁজ-খবর নিতেন। যে ব্যক্তি অনুপস্থিত থাকত তিনি অসুস্থ হলে

দেখার জন্য তশরিফ নিয়ে যেতেন, সেবা-শুশ্রূষা করতেন, এবং কেউ কষ্টে থাকলে তা দূরীকরণের ব্যবস্থা করতেন।

لَآ اَرٰى : আমি দেখছি না। সীগাহ واحد متكلم বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

اَلْـهُـدْهُـدَ : হুদহুদ। এটি ইসমে মুফরাদ। বহুবচন– هَدَاهِدُ আসে। আবার একবচন– هُدَاهِدُ- ও আসে। –[মুফরাদাত]

এটি হযরত সুলাইমান (আ.)-এর দূত ছিল। এ পাখিটির নাম ছিল يَعْفُوْر ; এ পাখির বৈশিষ্ট্য ছিল যে, সে ভূগর্ভের বস্তুসমূহ এবং ভূগর্ভে প্রবাহিত পানির ঝরনাসমূহকে দেখতে পেত। তাই হযরত সুলায়মান (আ.) হুদহুদের কাছে জানতে চেয়েছিলেন যে, এই প্রান্তরে কতটুকু গভীরতায় পানি পাওয়া যাবে এবং কোথায় মাটি খনন করলে প্রচুর পানি পাওয়া যাবে। হুদহুদ স্থান চিহ্নিত করে দিলে তিনি জিনদেরকে মাটি খনন করে পানি বের করার আদেশ দিতেন। তারা ক্ষিপ্রগতিতে মাটি খনন করে পানি বের করতে পারত। হুদহুদ তার তীক্ষ্ণদৃষ্টি সত্ত্বেও শিকারীর জালে আবদ্ধ হয়ে যায়। এ সম্পর্কে হযরত ইবনে আব্বাস (রা.) বলেন– قِفْ يَا وَقَافُ كَيْفَ يَرَى الْهُدْهُدُ بَاطِنَ الْاَرْضِ وَهُوَ لَا يَرَى الْفَخَّ حِيْنَ يَقَعُ فِيْهِ [হে জ্ঞানীগণ! এই সত্য জেনে নাও যে, হুদহুদ পাখি মাটির গভীরে অবস্থিত বস্তুকে দেখে; কিন্তু মাটির উপর বিস্তৃত জাল তার নজরে পড়ে না, যাতে সে আবদ্ধ হয়ে যায়।]

আয়াত : ২১

لَاُعَذِّبَنَّهٗ : আমি অবশ্যই তাকে শাস্তি দিব। لَاُعَذِّبَنَّ সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ– শাস্তি দেওয়া। ه যমীর মাফউল।

لَاَذْبَحَنَّهٗ : অবশ্যই আমি তাকে জবাই করব। لَاَذْبَحَنَّ সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ب ـ ح) মাসদার اَلذَّبْحُ অর্থ– জবাই করা। ه যমীর মাফউলে বিহী।

لَيَأْتِيَنِّيْ : সে আমার নিকট আনবে। لَيَأْتِيَنَّ সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা; আনা। نون وقاية টি- نون এবং يائے متكلم মাফউলে বিহী।

আয়াত : ২২

فَمَكَثَ : অতঃপর সে অবস্থান করল। فاء হরফে আত্ফ। مكث সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمُكْثُ মূলবর্ণ (م ـ ك ـ ث) অর্থ– অবস্থান করা; স্থায়ী হওয়া।

غَيْرَ بَعِيْدٍ : অনতিবিলম্বে; একটু পরেই। غَيْرَ মুযাফ بَعِيْدٍ মুযাফ ইলাইহি।

اَحَطْتُّ : আমি বেষ্টন করেছি; আমি আয়ত্তে নিয়েছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা; আয়ত্ত করা।

لَمْ تُحِطْ : তুমি বেষ্টন করনি; তুমি আয়ত্ত করতে পারনি। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা; আয়ত্ব করা।

جِئْتُكَ : আমি তোমার নিকট এনেছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ج ـ أ ـ ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা।

فَإِذَا أُوْذِيَ : অতঃপর যখন তারা নিগৃহীত হয়। فاء হরফে আত্‌ফ। اذا হরফে শর্ত। اوذى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ذ ـ ى) মাসদার اَلْإِيْذَاءُ অর্থ– কষ্ট দেওয়া, অত্যাচার করা।

فِتْنَةَ : পীড়ন; কষ্ট। এটি একবচন; বহুবচন– فِتَنٌ

আয়াত : ১১

لَيَعْلَمَنَّ : তিনি অবশ্যই জানিয়ে দিবেন/ প্রকাশ করে দিবেন। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; জানানো।

اَلْمُنٰفِقِيْنَ : মুনাফিকগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْمُنَافَقَةُ ও اَلنِّفَاقُ অর্থ– কপটতা করা; দ্বিমুখিতা অবলম্বন করা। শব্দটি نَافِقَاءُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো গুইসাপের গর্ত, যার দুটি মুখ থাকে। এক মুখ দিয়ে প্রবেশ করে, যখন শিকারী ঐ মুখ দিয়ে তাকে ধরার জন্য ওঁৎপাতে তখন সে অন্য মুখ দিয়ে বের হয়ে যায়। তদ্রূপ মুনাফিকেরও দ্বিমুখিতার কারণে তাকে মুনাফিক বলা হয়। কারণ

সে বাহ্যিকভাবে নিজেকে মুমিন বলে দাবি করে, লোক দেখানোর জন্য নামাজও আদায় করে; কিন্তু অন্তরে কুফরি এবং ইসলাম বিরোধী আকিদা পোষণ করে।

আয়াত : ১২

اِتَّبِعُوْا : তোমরা অনুসরণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা। কারো কথামতো চলা।

لِنَحْمِلْ : আমরা বহন করব। সীগাহ جمع متكلم বহছ امر غائب معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَمْلُ মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ– বহন করা; উঠানো।

আয়াত : ১৩

لَيَحْمِلُنَّ : অবশ্যই তারা বহন করবে। لَيَحْمِلُنَّ সীগাহ جمع مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা।

اَثْقَالَهُمْ : তাদের বোঝাসমূহ। ثِقْلٌ -এর বহুবচন। هُمْ যমীর মুযাফ ইলাইহি।

لَيُسْئَلُنَّ : অবশ্যই তারা জিজ্ঞাসিত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّوَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

كَانُوْا يَفْتَرُوْنَ : তারা মিথ্যা রচনা করত। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যা রচনা করা; মনগড়া কথা বলা।

আয়াত : ১৪

اَرْسَلْنَا : আমি প্রেরণ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

فَلَبِثَ : সে অবস্থান করেছে। لَبِثَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَللُّبْثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা; দীর্ঘ সময় অবস্থান করা। فاء তা'কীবিয়্যাহ।

আয়াত : ১৫

اَصْحٰبَ السَّفِيْنَةِ : তরণীর অধিবাসীগণ। اَصْحٰبَ মুযাফ, السَّفِيْنَةِ মুযাফ ইলাইহি। এ দ্বারা উদ্দেশ্য হলো ঐ সমস্ত লোক যারা হযরত নূহ (আ.) এর উপর ঈমান এনেছিল এবং প্লাবনের সময় তাঁর সাথে জাহাজে আরোহণ করেছিল। আল্লাহ তা'আলা তাদেরকে মহাপ্লাবনের আজাব থেকে রক্ষা করেছিলেন।

আয়াত : ১৭

اِفْكًا : অপবাদ। কোনো বস্তু তার আসল দিক থেকে মুখ ফিরানোকে اِفْك বলা হয়। সুতরাং যে কথা তার আসল আকৃতি থেকে ফিরে গেছে তাকে اِفْك বলা হবে। মিথ্যা অপবাদের মধ্যে এ অর্থটি ব্যাপকভাবে বিদ্যমান তাই তাকে اِفْك বলা হয়। وَتَخْلُقُوْنَ اِفْكًا - এবং তোমরা মিথ্যা কথা বানাও।

আয়াত : ১৯

يَسِيْرٌ : সহজ। يَسِيْرٌ সীগাহ واحد مذكر বহছ صفت مشبه মাসদার اَلْيُسْرُ অর্থ– সহজ হওয়া; সরল হওয়া; কম হওয়া।

আয়াত : ২০

سِيْرُوْا : তোমরা ভ্রমণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّيْرُ বাব سَمِعَ ও كَرُمَ মূলবর্ণ (س ـ ى ـ ر) অর্থ– ভ্রমণ করা; সফর করা।

بَدَاَ : তিনি শুরু করলেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْبَدْءُ অর্থ– শুরু করা; আরম্ভ করা। যেমন– بَدَاَ الْخَلْقَ সে সৃষ্টি শুরু করল।

يُنْشِئُ : তিনি সৃষ্টি করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْشَاءُ মূলবর্ণ (ن ـ ش ـ أ) অর্থ– সৃষ্টি করা; রচনা করা।

আয়াত : ২১

يُعَذِّبُ : **তিনি শাস্তি দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ– শাস্তি দেওয়া।

يَرْحَمُ : **তিনি দয়া করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ ও اَلرُّحْمُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা; মাপ করে দেওয়া।

تُقْلَبُوْنَ : **তোমরা প্রত্যাবর্তিত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মাসদার اَلْقَلْبُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– পরিবর্তন করা। একদিক থেকে ফিরে অন্যমুখী হওয়া।

আয়াত : ২২

مُعْجِزِيْنَ : **ব্যর্থকারী। অক্ষমকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ز) মাসদার اَلْاِعْجَازُ অর্থ– অক্ষম করা; অসমর্থ বানানো, পরাজিত করা। বাব مُفَاعَلَة থেকে মাসদার اَلْمُعَاجَزَةُ অর্থ– মোকাবিলা করে প্রতিপক্ষকে হারিয়ে দেওয়া। কাফেরদের ধারণা হলো কিয়ামত সংঘটিত হবে না। হাশর- নাশর, হিসাব-নিকাশ, ছওয়াব-শাস্তি এসব কিছুরই অস্তিত্ব নেই। মূলত এসব কিছুই বাস্তব। এগুলো বাস্তবায়নের ক্ষেত্রে আল্লাহ তা'আলাকে কেউ বাধা দিতে পারবে না। তাকে এক্ষেত্রে কেউ অক্ষম করতে পারবে না।

আয়াত : ২৩

يَئِسُوْا : **তারা নিরাশ হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْيَأْسُ মূলবর্ণ (ى ـ أ ـ س) অর্থ– নিরাশ হওয়া; হতাশ হওয়া ; আশাহত হওয়া।

আয়াত : ২৪

اُقْتُلُوْا : **তোমরা হত্যা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা।

حَرِّقُوْهُ : **তোমরা তাকে পুড়িয়ে দাও**। حَرِّقُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ ق) মাসদার اَلتَّحْرِيْقُ অর্থ– জ্বালানো; পোড়ানো; প্রজ্বলিত করা।

اَنْجٰهُ : **তিনি তাকে রক্ষা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْجَاءُ মূলবর্ণ (ن ـ ج ـ و) অর্থ– মুক্তি দেওয়া; রক্ষা করা; অবসর দেওয়া। ه যমীর মাফউলে বিহী।

আয়াত : ২৫

اَوْثَانًا : **মূর্তিগুলি**। বহুবচন, একবচন– وثـن প্রতিমা; মূর্তি, আল্লাহ ব্যতীত যা পূজা করা হয় তা মূর্তি হোক বা পাথর ইত্যাদি।

مَوَدَّةَ : **বন্ধুত্ব**। ইসম ও মাসদার। মাসদারী অর্থ হবে বন্ধুত্ব রাখা; বাব سَمِعَ

يَلْعَنُ : **সে অভিসম্পাত দিবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَللَّعْنَةُ মূলবর্ণ (ل ـ ع ـ ن) অর্থ– অভিসম্পাত করা; লা'নত করা; গজব দেওয়া; আল্লাহর রহমত ও অনুগ্রহ থেকে দূরে রাখা।

مَأْوٰكُمْ : **তোমাদের আবাসস্থল**। اسم ظرف ও বাব ضرب -এর মাসদার। অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা। এর صلة যদি الى আসে তখন অর্থ হবে আশ্রয়গ্রহণ করা; অবস্থান করা। আর যদি صلة আসে لام তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা। যেমন اوى لـه সে তার প্রতি দয়া করেছে। [রাগেব] اَلْمَأْوٰى আলিফ-লাম সহ পবিত্র কুরআনে তিন স্থানে এসেছে। প্রতি স্থানেই মাসদারী অর্থে আর যেখানে ইযাফতের সাথে এসেছে সেখানে ظرف অর্থে ব্যবহার হয়েছে। كم যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ২৬

مُهَاجِرٌ : **হিজরতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ হিজরত করা; স্বদেশ ত্যাগ করা। আল্লাহর সন্তুষ্টির জন্য স্বগোত্র ত্যাগকারী। [রাগেব ও মাদারেক] শরিয়তের পরিভাষায় মুহাজির ঐ সমস্ত

ব্যক্তিবর্গ যারা রাসূলুল্লাহ ﷺ -এর নির্দেশে স্বদেশ ত্যাগ করে মদিনার অধিবাসী হয়েছিলেন। মক্কা বিজয়ের পরে হিজরতের হুকুম রহিত করা হয়েছে। এখন হিজরতের অর্থ শুধু এই যে, দীনের প্রয়োজনীয় কাজে বাধা সৃষ্টি হলে নিরাপদ স্থানে চলে যাওয়া। মদিনায় হিজরতের নির্দেশ এখন আর নেই। হিজরত দ্বারা প্রকৃত উদ্দেশ্য হলো تَرْكُ مَا نَهَى اللّٰهُ আল্লাহর নিষিদ্ধ বস্তুসমূহ বর্জন করা।

আয়াত : ২৮

لَتَأْتُوْنَ : **অবশ্যই তোমরা আস। তোমরা ব্যভিচার কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা। এখানে উদ্দেশ্য সহবাস করা; ব্যভিচার করা।

اَلْفَاحِشَةَ : **অশ্লীল কাজ; নির্লজ্জ কাজ; কুকর্ম; ব্যভিচার।** এটি একবচন, বহুবচন– فَوَاحِشُ ; فَاحِشَةَ বলা হয় সীমাহীন নির্লজ্জতাকে। [কামূস] এমন নির্লজ্জতা যার প্রভাব অন্যের উপর পড়ে। [মির্জা আবুল ফযল] এমন বস্তু যার নিষিদ্ধতা আল্লাহ তা'আলা নির্ধারণ করেছেন। [মুনতাহা আরব] মন্দ কথা বা কাজ। [সূরা আননূর : ২৯] ব্যভিচার; জেনা। [ইবনে আব্বাস] বিবস্ত্র অবস্থায় তওয়াফ করা। –[সূরা আ'রাফ]

مَا سَبَقَكُمْ بِهَا : **যা তোমাদের পূর্বে করেনি।** ما نفى فعل বহছ واحد مذكر غائب সীগাহ سبق (س ـ ب ـ ق) মূলবর্ণ ضَرَبَ বাব ماضى معروف মাসদার اَلسَّبْقُ অর্থ– পূর্ববর্তী হওয়া; অগ্রে গমন করা। كم যমীর মাফঊলে বিহী।

আয়াত : ২৯

تَقْطَعُوْنَ : **তোমরা কর্তন করছ/ তোমরা রাহাজানি করছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلْقَطْعُ অর্থ– কর্তন করা। قَطْعُ السَّبِيْلِ বা রাস্তা কাটার দুটি অর্থ। ১. হেঁটে রাস্তা অতিক্রম করা। ২. রাহাজানি করা; পথিকদের লুটপাট করা; ছিনতাই করা। এখানে উদ্দেশ্য দুটি হতে পারে। ১. পথচারীদের মালামাল ছিনতাই করা; লুটতরাজ করা। ২. রাস্তায় সমকামিতায় লিপ্ত হয়ে মানুষের পথ রুদ্ধ করা।

نَادِيْكُمْ : **তোমাদের মজলিস।** نَادِىْ মুযাফ। كُمْ মুযাফ ইলাইহি। বহুবচন– اَنْدِيَةٌ অর্থ– মজলিস; সংঘ; ক্লাব; অফিস।

اِئْتِنَا : **তুমি আমাদের উপর আনয়ন কর।** اِئْتِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; আনা। نا যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৩০

اُنْصُرْنِىْ : **তুমি আমাকে সাহায্য কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা; সহযোগিতা করা।

আয়াত : ৩১

مُهْلِكُوْا : **ধ্বংসকারী।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব افعال মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা। মূলত مُهْلِكُوْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

আয়াত : ৩২

لَنُنَجِّيَنَّهٗ : **অবশ্যই আমি তাকে রক্ষা করব/মুক্তি দিব।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ ى) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; রক্ষা করা।

اَلْغٰبِرِيْنَ : **পশ্চাতে অবস্থানকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْغُبُوْرُ মূলবর্ণ (غ ـ ب ـ ر) অর্থ– গত হওয়া; অতীত হওয়া; পশ্চাতে অবস্থান করা।

আয়াত : ৩৩

سِيْٓءَ : **সে বিষণ্ন হলো।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ ء) মাসদার اَلسُّوْءُ অর্থ– বিষণ্ন হওয়া; খারাপ মনে হওয়া; শোকার্ত হওয়া।

ضَاقَ : **সে সংকুচিত হলো/ সে অসমর্থ মনে করল**। সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ى ـ ق) মাসদার اَلضَّيْقُ অর্থ– সংকুচিত হওয়া; সংকীর্ণ হওয়া।

ذَرْعًا : **দুই বাহুর মধ্যস্থলের প্রসরণ, শক্তি, হাতের দৈর্ঘ্য; গড়**। এটি একবচন, বহুবচন– ذَرْعَانٌ ও اَذْرُعٌ

لَا تَخَفْ : **তুমি করো না**। لَا تَخَفْ সীগাহ واحد مذكر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা; ঘাবড়িয়ে যাওয়া।

مُنَجُّوكَ : **তোমাকে রক্ষাকারী**। مُنَجُّوْ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– রক্ষা করা; নাজাত দেওয়া। مُنَجُّوْ মূলত مُنَجِّيُوْنَ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে। আর যেরের পরে يـاء হরফে পেশ পড়া কঠিন তাই جيم-এর হরকত সরিয়ে يـاء-এর হরকত পেশ جيم কে দেওয়া হয়েছে। এখন يـاء ও واو-এর মধ্যে দুই সাকিন একত্র হয়েছে তাই يـاء পড়ে গেছে। এভাবে مُنَجُّوْ হয়ে গেছে। ك যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ৩৪

مُنْزِلُوْنَ : **নাজিলকারী; অবতীর্ণকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; অতিথিকে আপ্যায়নকারী। সাধারণত দূরের অতিথি সওয়ার হয়ে আসে এবং স্বাগতিক ব্যক্তি এসে তাকে নামায়। তাই স্বাগতিককে مُنْزِلٌ বলা হয়।

رِجْزًا : **শাস্তি**। কাজী বায়যাবী (র.) লিখেছেন– رجز হলো ঘৃণিত বস্তু। কিন্তু আল্লামা যামাখশারী (র.) اَلْفَائِقُ فِىْ غَرِيْبِ الْحَدِيْثِ গ্রন্থে লিখেছেন– رجز ও رجس অর্থ শাস্তি ও কঠিন বিপদ যা মানুষের উপর আপতিত হয়। শব্দ দুটি আরবদের উক্তি– اِرْتَجَزَتِ السَّمَاءُ وَ اِرْتَجَسَتْ [আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে] এবং رَعْدٌ مُرْتَجِزٌ وَ مُرْتَجِسٌ [প্রকম্পিতকারী বিদ্যুৎ] এ থেকে উদ্ভূত হয়েছে। আর এটা এমন কম্পন যাতে চিৎকারও থাকে। কেননা আজাব যখন অবতীর্ণ হয় তখন তার জন্য আবশ্যক হলো যার উপর অবতীর্ণ হয় সে প্রকম্পিত হওয়া এবং চিৎকার করা। এখানে শাস্তি দ্বারা উদ্দেশ্য হলো প্লাবন বা বন্যা। যা হযরত সাঈদ ইবনে যুবাইরের অভিমত।

আয়াত : ৩৫

تَرَكْنَا : **আমি ছেড়ে দিয়েছি; আমি রেখেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– ছেড়ে যাওয়া, রেখে যাওয়া; ছেড়ে দেওয়া।

بَيِّنَةً : **দলিল, প্রমাণ, যুক্তি, সাক্ষ্য**। এটি একবচন, বহুবচন– بَيِّنَاتٌ অর্থ– প্রমাণসমূহ। মূলবর্ণ (ب ـ ى ـ ن) আর بَيِّنٌ অর্থ– পরিষ্কার, সুস্পষ্ট।

আয়াত : ৩৬

لَا تَعْثَوْا : **তোমরা বিপর্যয় সৃষ্টি করে বেড়িয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ ও ضَرَبَ মূলবর্ণ (ع ـ ث ـ ى) মাসদার اَلْعَثْيَانُ ، اَلْعَثْىُ অর্থ– গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা করা।

اَلْاَرْضِ : **পৃথিবী**। এটি একবচন, বহুবচন– اَرَضُوْنَ অর্থ– ভূমি; বিশ্ব।

مُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

আয়াত : ৩৭

اَلرَّجْفَةُ : **ভূমিকম্প**। বাব نَصَرَ-এর মাসদার। প্রকম্পিত হওয়া; কাঁপা।

جٰثِمِيْنَ : **অধঃমুখে। উপুড় হয়ে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلْجَثْمُ ও اَلْجُثُوْمُ মূলবর্ণ (ج ـ ث ـ م) অর্থ– উপুড় হওয়া; অধঃমুখি হওয়া।

আয়াত : ৩৮

تَبَيَّنَ : **স্পষ্টভাবে প্রকাশিত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّبَيُّنُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ- স্পষ্ট হওয়া; প্রকাশিত হওয়া।

زَيَّنَ : **সে শোভন করেছে; সজ্জিত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ى ـ ن) মাসদার اَلتَّزْيِيْنُ অর্থ- শোভন করা; সজ্জিত কর; সুশোভিত করা; পরিপাটি করা; সুন্দর করা।

صَدَّ : **সে বাধা দিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ- নিবৃত্ত করা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

مُسْتَبْصِرِيْنَ : **বিচক্ষণ/চাক্ষুষ্মান**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالْ মাসদার اَلْاِسْتِبْصَارُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; সন্ধানী হওয়া।

আয়াত : ৩৯

اِسْتَكْبَرُوْا : **তারা অহংকার করেছে**। اِسْتَكْبَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা; বড়ত্ব চাওয়া।

আয়াত : ৪০

حَاصِبًا : **শিলা বর্ষণকারী ঝঞ্ঝা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل ; حَصْبَاءُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ- কঙ্কর।

اَلصَّيْحَةُ : **বিকট আওয়াজ**। ইসম। আবার বাব ضَرَبَ এর মাসদার। চিৎকার করা; আওয়াজ করা। মূলবর্ণ (ص ـ ى ـ ح) আজাবকেও صَيْحَة বলা হয়।

فَخَسَفْنَا : **আমি প্রোথিত করলাম; আমি ধসিয়ে দিলাম**। فاء হরফে আতফ। خَسَفْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ س ـ ف) মাসদার اَلْخَسْفُ অর্থ- ধসিয়ে দেওয়া; ভূ-গর্ভে বিলীন করে দেওয়া; প্রোথিত করা; ধ্বংস করে দেওয়া।

আয়াত : ৪১

اَلْعَنْكَبُوْتِ : **মাকড়সা**। এটি واحد ـ جمع ـ مذكر ও مؤنث সকলের জন্য সমভাবে ব্যবহৃত হয়। তবে সাধারণত مؤنث ব্যবহৃত। বহুবচন- عَنَاكِبُ - عَنْكَبُوْتَاتٌ ও আসে। নাহুবিদ সীবাওয়াইহি লিখেছেন যদি نون বর্ণটি বাক্যে দ্বিতীয় স্থানে হয় তখন তাকে পাকা দলিল ব্যতীত অতিরিক্ত বলা যাবে না। তবে আল্লামা জাওহারী এটিকে عَكْبٌ মাদ্দার মধ্যে উল্লেখ করেছেন। যাতে স্পষ্ট বুঝে আসে যে, তার মতে এর নূনটি অতিরিক্ত। আল্লামা ইবনে হিশাম লিখেছেন عَنْكَبُوْت এর নূনটি অতিরিক্ত হওয়াটাই সঠিক।

اَوْهَنَ : **দুর্বলতম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ه ـ ن) মাসদার اَلْوَهْنُ অর্থ- দুর্বল হওয়া।

আয়াত : ৪৩

نَضْرِبُهَا : **আমি [দৃষ্টান্ত] বর্ণনা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ অর্থ- প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থটিই উদ্দেশ্য। ضَرْبُ الْمِثَالِ অর্থ- উপমা দেওয়া; উদাহরণ বর্ণনা করা। ضَرَبَ اللّٰهُ مَثَلًا অর্থ আল্লাহ তা'আলা উপমা বর্ণনা করেছেন। তাছাড়া পবিত্র কুরআনে যেখানেই ضَرْب শব্দ এসেছে তা উপমা বা দৃষ্টান্ত বর্ণনার অর্থের জন্যই এসেছে।

مَا يَعْقِلُهَا : **সে তা বুঝে না**। مَا নাফিয়া। يَعْقِلُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ- বুঝা; বোধগম্য হওয়া; অনুধাবন করা।

اَلْعَالِمُوْنَ : **জ্ঞানীগণ**। এটি বহুবচন, একবচন عَالِمٌ অর্থ- জ্ঞানী। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা; জ্ঞানার্জন করা।

২১তম পারা

আয়াত : ৪৫

أُتْلُ : **তুমি পড়; তুমি পড়ে শোনাও।** أُتْلُ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পড়া; অধ্যয়ন করা; পাঠ করা; ।

أُوْحِيَ : **তোমাকে প্রত্যাদেশ করা হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَال মূলবর্ণ (و ـ ح ـ ي) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اَقِمِ الصَّلٰوةَ : **তুমি সালাত কায়েম কর।** اَقِمْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَال মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– সোজা করা; কায়েম করা।

تَنْهٰى : **তা বিরত রাখে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلنَّهْيُ মূলবর্ণ (ن ـ ه ـ ى) অর্থ– বাধাপ্রদান করা; নিষেধ করা; বিরত রাখা।

اَلْفَحْشَاءِ : **অশ্লীলতা।** সীগাহ واحد مؤنث বহছ اسم বাব كرم মূলবর্ণ (ف ـ ح ـ ش) মাসদার تفضيل اَلْفُحْشُ অর্থ– অশ্লীলতা করা। এমন কথা ও কাজ যার নিকৃষ্টতা স্পষ্ট এবং তা শুনতেও খারাপ লাগে তাকে فَحْش বলা হয়। –[কামূস] فَحْش বলা হয় সীমাহীন নির্লজ্জতাকে। –[কামূস] এমন নির্লজ্জতা যার প্রভাব অন্যের উপর পড়ে। –[মির্জা আবুল ফযল] এমন বস্তু যার নিষিদ্ধতা আল্লাহ তা'আলা নির্ধারণ করেছেন। –[মুনতাহাল আরব] মন্দ কথা বা কাজ। –[সূরা আন-নূর, ২৯] ব্যভিচার; জেনা। –[ইবনে আব্বাস] বিবস্ত্র অবস্থায় তওয়াফ করা। –[সূরা আ'রাফ]

اَلْمُنْكَرِ : **অসৎকার্য।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَال মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; প্রত্যাখ্যান করা।

تَصْنَعُوْنَ : **তোমরা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلصُّنْعُ মূলবর্ণ (ص ـ ن ـ ع) অর্থ– করা; বানানো তৈরি করা।

আয়াত : ৪৬

لَا تُجَادِلُوْا : **তোমরা বিতর্কে লিপ্ত হয়ো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) মাসদার مُفَاعَلَة অর্থ– বাদানুবাদ করা; বিতর্ক করা।

আয়াত : ৪৭

مَا يَجْحَدُ : **অস্বীকার করে না।** مَا নাফিয়াহ। يَجْحَدُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ح ـ د) মাসদার اَلْجُحُوْدُ ও اَلْجَحْدُ অর্থ– অস্বীকার করা; অবিশ্বাস করা।

আয়াত : ৪৮

تَتْلُوْا : **তুমি তেলাওয়াত করবে/ পাঠ করবে।** تَتْلُوْا সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; বর্ণনা করা; অনুসরণ করা; অধ্যয়ন করা।

لَا تَخُطُّهٗ : **তুমি তা লিখনি।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخَطُّ অর্থ– লেখা; অঙ্কন করা। ه যমীর মাফউল।

لَارْتَابَ : **সন্দেহ পোষণ করবে।** لام তাকীদের জন্য। اِرْتَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ر ـ ى ـ ب) মাসদার اَلْاِرْتِيَابُ অর্থ– সন্দেহে পতিত হওয়া; সংশয় পোষণ করা; ধারণা করা।

আয়াত : ৫১

اَوَ لَمْ يَكْفِهِمْ : **এটা কি তাদের জন্য যথেষ্ট নয়।** শুরুতে ا প্রশ্নবোধক। واو হরফে আত্ফ। সীগাহ

مضارع منفى معروف বহছ واحد مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ف ـ ى) মাসদার اَلْكِفَايَةُ অর্থ– যথেষ্ট হওয়া। هُمْ যমীর মাফউলে বিহী।

ذِكْرٰى : **উপদেশ**। বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذِكْر থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ৫২

كَفٰى : **তা যথেষ্ট**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ف ـ ي) মাসদার اَلْكِفَايَةُ অর্থ– যথেষ্ট হওয়া।

اَلْخٰسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ৫৩

يَسْتَعْجِلُوْنَكَ : **তারা তোমাকে ত্বরান্বিত করতে বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِعْجَالُ মূলবর্ণ (ع ـ ج ـ ل) অর্থ– ত্বরান্বিত করা; তাড়াহুড়া করা। ك যমীর মাফউলে বিহী।

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে– নির্ধারিত।

لَيَأْتِيَنَّهُمْ : **নিশ্চয় তাদের উপর আসবে**। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। এর সিলা باء এলে অর্থ হয় নিয়ে আসা।

بَغْتَةً : **অকস্মাৎ। হঠাৎ।**

لَا يَشْعُرُوْنَ : **তারা উপলব্ধি করতে পারেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ৫৪

لَمُحِيْطَةٌ : **নিশ্চিত বেষ্টনকারী**। لام তাকীদের জন্য। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা।

আয়াত : ৫৫

يَغْشٰهُمْ : **তাদেরকে আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ي) মাসদার اَلْغِشْيَانُ অর্থ– আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া। هم যমীর মাফউলে বিহী।

ذُوْقُوْا : **তোমরা আস্বাদন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذَّوْقُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা।

আয়াত : ৫৬

لَنُبَوِّئَنَّهُمْ : **নিশ্চয় আমি তাদেরকে স্থান দিব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ و ـ ي) মাসদার اَلتَّبْوِيَةُ অর্থ– স্থান দেওয়া; জায়গা দেওয়া। هم যমীর মাফউলে বিহী।

غُرَفًا : **জান্নাতের সুউচ্চ কক্ষ**। বহুবচন। একবচন– غُرْفَةٌ অর্থ– বাড়ির উপর তলা; উচ্চস্থান।

تَجْرِىْ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجَرَيَانُ ও اَلْجَرْيُ অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; দৌড়ানো; এগিয়ে যাওয়া।

مِنْ تَحْتِهَا : **তার পাদদেশে**। مِنْ হরফে জার। تَحْتِ اسم ظرف মুযাফ; هَا যমীর মুযাফ ইলাইহি। এটি অর্থ– নিচে, অধীনে। فَوْقَ-এর বিপরীতার্থক শব্দ।

اَلْاَنْهَارُ : **নদীসমূহ**। বহুবচন, একবচন– نَهْرٌ অর্থ– নদী; নির্ঝরণী; ঝরণা; প্রস্রবণ।

আয়াত : ৫৯

يَتَوَكَّلُوْنَ : **তারা নির্ভর করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ৬০

كَأَيِّنْ : এমন কত; অনেক। এটা মূলত ছিল كَأَيٍّ পবিত্র কুরআনে نون ساكن বা দুই যেরের স্থলে كَأَيٍّ দ্বারা লিখা হয়। যা সর্বদা বাক্যের প্রথমেই আসে। كَأَيِّنْ বড় সংখ্যা বা অস্পষ্টতা বোঝাবার জন্য ব্যবহার হয়। কিন্তু অস্পষ্টতা দূর করার জন্য তার পরে من থাকে, যেমন– وَكَأَيِّنْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنَا

دَابَّةٍ : বিচরণশীল প্রাণী। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (د ـ أ ـ ب) মাসদার اَلدَّأْبُ অর্থ– হামাগুড়ি দিয়ে চলা। [বিস্তারিত সূরা হূদ আয়াত : ৬ দ্রষ্টব্য]

لَا تَحْمِلُ : সে মজুদ রাখে না। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বোঝা চাপানো; উঠানো; মজুদ রাখা; সঞ্চিত রাখা।

আয়াত : ৬১

لَئِنْ سَأَلْتَهُمْ : যদি তাদেরকে জিজ্ঞাসা কর। لام হরফে তাকীদ। إِنْ হরফে শর্ত। سَأَلْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلسُّؤَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা। هم যমীর মাফউলে বিহী।

سَخَّرَ : তিনি অধীন করে দিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْخِيْرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

لَيَقُوْلُنَّ : অবশ্যই সে বলবে। সীগাহ جمع مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা।

يُؤْفَكُوْنَ : তারা ফিরে যাচ্ছে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব سَمِعَ মাসদার اَلْإِفْكُ মূলবর্ণ (أ ـ ف ـ ك) অর্থ– মিথ্যা বলা; ফিরে যাওয়া।

আয়াত : ৬৩

فَأَحْيَا : অতঃপর তিনি জীবিত করেছেন। فَ হরফে আত্‌ফ। أَحْيَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَال মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْإِحْيَاءُ অর্থ– জীবিত করা; হায়াত দান করা পুনরুজ্জীবিত করা।

لَا يَعْقِلُوْنَ : তারা অনুধাবন করে না? لَا يَعْقِلُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ– বুঝা; বোধগম্য হওয়া; অনুধাবন করা।

আয়াত : ৬৪

لَهْوٌ وَّ لَعِبٌ : ক্রীড়া-কৌতুকরূপে। لَهْوٌ অর্থ– ক্রীড়া; খেলা। এটি ইসমে মাসদার। সৌজন্যতা পরিহার করে কৌতুকের দিকে আকৃষ্ট হওয়াকে لَهْوٌ বলা হয়। পক্ষান্তরে এমন অহেতুক কাজে লিপ্ত হওয়া যার দ্বারা উপকারী কাজ বর্জিত হয় তাকে لَعِبٌ বলা হয়। –[আবুস সাঊদ] ইমাম রাগেব (র.) দ্বিতীয়টিকে لَهْوٌ বলেছেন। মূলত لَهْوٌ বলা হত جِمَاع বা স্ত্রী সহবাসকে। পরবর্তীতে নারীকে لَهْوٌ বলা হত অতঃপর যে কোনো জ্ঞানসুলভ আনন্দ-বিনোদন ও উৎসবকে لَهْوٌ বলা হতে থাকে। –[মু'জামুল কুরআন]

لَهِىَ الْحَيَوَانُ : এটাই প্রকৃত জীবন। لام তাকীদের জন্য। هى যমীর মুবতাদা। اَلْحَيَوَانُ বাব ضَرَبَ - এর মাসদার। যা মুবতাদার খবর হয়েছে। حَيَوَان মূলত حَيَيَان ছিল। দ্বিতীয় ياء -কে واو দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে حَيَوَان হয়েছে। যা حَيَاةٌ থেকে অধিক অলঙ্কারপূর্ণ। কেননা فَعَلَان -এর ওজনে, অর্থ– আন্দোলন ও স্পন্দন যা জীবনের জন্য আবশ্যক তা এখানে বিদ্যমান। এ কারণেই এখানে حَيَاةٌ -এর পরিবর্তে حَيَوَان ব্যবহার করা হয়েছে।

আয়াত : ৬৫

رَكِبُوْا : তারা সকলে আরোহণ করল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ك ـ ب) মাসদার اَلرُّكُوْبُ অর্থ– আরোহণ করা; ভ্রমণ করা।

دَعَوُا : **তারা আরোপ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلدُّعَاءُ ও اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ- ডাকা; আরোপ করা; সাব্যস্ত করা।

مُخْلِصِيْنَ : **একনিষ্ঠভাবে; বিশুদ্ধচিত্ত হয়ে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْإِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ- একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ব বাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। হযরত ইমাম রাগেব (রা.) -এর মতে, গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

আয়াত : ৬৬

لِيَكْفُرُوْا : **যেন তোমরা অকৃতজ্ঞতা পোষণ কর**। لام كى দ্বারা মানসূব। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- অকৃতজ্ঞতা করা; কুফরি করা; অস্বীকার করা; অবিশ্বাস করা।

لِيَتَمَتَّعُوا : **তারা ভোগ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّمَتُّعُ মূলবর্ণ (م ـ ت ـ ع) অর্থ- উপভোগ করা; উপকৃত হওয়া।

আয়াত : ৬৭

حَرَمًا : **হারাম; কা'বা শরীফের চতুষ্পার্শ্বস্থ নির্ধারিত সীমিত স্থান**। حَرَم অর্থ- হেরেম; আশ্রয়স্থল; আদবের স্থান। পবিত্র মক্কার একটি নির্দিষ্ট স্থান তার আদবের প্রতি লক্ষ্য রেখে যার সীমানার মধ্যে আল্লাহ কতিপয় কাজকে হারাম করেছেন। হেরেমের সীমানা হলো মদিনার দিকে তিন মাইল, ইরাক ও তায়েফের দিকে সাত মাইল, জেদ্দার দিকে দশ মাইল, জি'ইরানার দিকে নয় মাইল এবং ইয়েমেনের দিকে সাত মাইল।

يُتَخَطَّفُ : **হামলা করা হয়; ছিনিয়ে নেওয়া হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (خ ـ ط ـ ف) মাসদার اَلتَّخَطُّفُ অর্থ- ছোঁ মেরে নেওয়া; ছিনিয়ে নেওয়া; অকস্মাৎ নেওয়া।

আয়াত : ৬৮

اِفْتَرٰى : **সে মিথ্যা রচনা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ- মনগড়া কথা বলা; মিথ্যা রচনা করা; অপবাদ আরোপ করা।

مَثْوًى : **আবাসস্থল**। সীগাহ واحد বহছ ظرف مكان বহুবচন; مَثَاوِى অর্থ- নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল।

আয়াত : ৬৯

جَاهَدُوْا : **তারা জিহাদ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُجَاهَدَةُ মূলবর্ণ (ج ـ ه ـ د) অর্থ- চেষ্টা করা; পরিশ্রম করা; সংগ্রাম করা; জিহাদ করা। জিহাদ তিন প্রকার। যথা-

১. ইসলামের শত্রুর সাথে জিহাদ।
২. শয়তানের সাথে জিহাদ।
৩. নফসের সাথে জিহাদ। আবার জিহাদ তিন বস্তু দ্বারা হয়ে থাকে। যথা- জবান দ্বারা, হাত ও অন্তর দ্বারা।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْإِحْسَانُ অর্থ- সৎকর্ম করা; ফরজের চেয়ে অধিক আদায় করা; সর্বপ্রকার সৌন্দর্য সৃষ্টি করা। আমলের ক্ষেত্রে ইহসান দুভাবে হয়ে থাকে।

১. কাউকে তার অধিকারের চেয়ে অধিক দেওয়া এবং নিজের অধিকার কম নেওয়া।
২. নিজের আমলের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা। অর্থাৎ ফরজ ইবাদতের পর নফল, মোস্তাহাব ইত্যাদি আদায় করা। ইবাদতের ক্ষেত্রে اِحْسَانٌ -এর বিশ্লেষণ করা হয়েছে হাদীসে এভাবে যে- اَنْ تَعْبُدَ اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَّمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهٗ يَرَاكَ [তুমি এমনভাবে ইবাদত কর যে, তুমি আল্লাহকে দেখছ, যদি তুমি তাঁকে না দেখ তাহলে তিনি তোমাকে দেখছেন।]

সূরা রূম : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৬০ রুকূ' : ৬

আয়াত : ১

الٓمٓ : **আলিফ- লাম- মীম**। এগুলো হরূফে মুকাত্তাআতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) ও খলীফা চতুষ্টয় এবং ইবনে মাসঊদ (রা.) প্রমুখরা থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে নানা ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ [এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।] [বিস্তারিত সূরা বাক্বারা الٓمٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

غُلِبَتْ : **পরাজিত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلْبُ ও اَلْغَلَبَةُ অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া। এর পরে যদি على আসে তখন অর্থ হয় ক্ষমতা পাওয়া। আর যদি لام আসে তখন অর্থ হয় বিজয়ী হওয়া; প্রবল হওয়া। এখানে বিজয়ী হওয়া উদ্দেশ্য।

اَلرُّوْمُ : **রোমকগণ**। ৩৯৫ খ্রিস্টাব্দে রোমক সাম্রাজ্য হতে পৃথক হয়ে পূর্ব রোমক বা বায়যেনটাইন নামে যে সাম্রাজ্যটি অভিহিত হয়েছে এখানে اَلرُّوْمُ বলতে তাকেই বুঝানো হয়েছে। সিরিয়া ও প্যালেস্টাইন এই সাম্রাজ্যের অধীনে ছিল। পারস্য সাম্রাজ্যের সাথে এটার প্রায়ই সংঘর্ষ লেগে থাকত।

আয়াত : ৩

اَدْنٰى : **অধিক নিকটবর্তী**। তুচ্ছ। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ ي) মাসদার دَنْىٌ অর্থ– নিকটবর্তী হওয়া। এটি যখন كَبِيْر -এর বিপরীতে ব্যবহার হয় তখন অর্থ হয়– اَصْغَر অর্থাৎ অন্যের তুলনায় তুচ্ছ ও ছোট। যেমন আয়াত– وَلَا اَدْنٰى مِنْ ذٰلِكَ وَلَا اَكْثَرُ [না এর চেয়ে কম না এর চেয়ে বেশি আর যদি خَيْر -এর বিপরীতে ব্যবহার হয় তখন অর্থ হয়– اَرْذَل বা তুচ্ছ ও নগণ্য। যেমন– اَتَسْتَبْدِلُوْنَ الَّذِىْ هُوَ اَدْنٰى بِالَّذِىْ هُوَ خَيْرٌ –[তোমরা কি তুচ্ছ বস্তুকে শ্রেষ্ঠ বস্তু দ্বারা পরিবর্তন করতে চাও?] আর যখন اَقْصٰى -এর বিপরীতে আসে তখন অর্থ হবে– অধিক নিকটবর্তী। যেমন –ذٰلِكَ اَدْنٰى اَنْ يُّعْرَفْنَ [এটা চিনার খুব কাছাকাছি]

غَلَبِهِمْ : **তাদের পরাজয়**। غَلَب মুযাফ, هِمْ যমীর মুযাফ ইলাইহি। غَلْب বাব ضَرَبَ -এর মাসদার। অন্য মাসদার হলো اَلْغَلَبَةُ ; মূলত غَلْب বলা হয় মোটা গর্দানকে। আর اَغْلَبُ বলা হয় মোটা গর্দানবিশিষ্ট মানুষ ও সিংহকে। তাই আভিধানিক দৃষ্টিকোণ থেকে غَلَبَة অর্থ হবে– মোটা গর্দানকে নিজের আয়ত্তে নিয়ে নেওয়া। –[রাগেব]

سَيَغْلِبُوْنَ: **শীঘ্রই তারা বিজয়ী হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ– বিজয়ী হওয়া; সফলকাম হওয়া।

আয়াত : ৪

بِضْع : **কয়েক; কিছু**। দশ থেকে যা কমানো হয় তাকে بِضْع বলা হয়। কারো কারো মতে তিন থেকে নয় পর্যন্ত, কারো মতে পাঁচ থেকে নয় পর্যন্ত সংখ্যা بِضْع -এর অন্তর্ভুক্ত। এ আয়াতে যে ভবিষ্যদ্বাণী করা হয় যে, অনধিক নয় বৎসরের মধ্যে রোমকরা পারসিকদের উপর জয়ী হবে। ৬২৩-২৪ খ্রিস্টাব্দে এই ভবিষ্যদ্বাণী সত্যে পরিণত হয়। আর সেই বৎসরই বদর যুদ্ধে মুসলিমগণ মক্কার মুশরিকদের পরাজিত করে।

سِنِيْنَ : **কয়েক বছর**। এটি سَنَةٌ -এর বহুবচন। سَنَةٌ - ও عَامٌ -এর মধ্যে কোনো পার্থক্য আছে কিনা সে

ব্যাপারে ভাষাবিদগণের বিভিন্ন মতামত রয়েছে। ভাষাবিদ আল্লামা মুরতাযা জুবায়দি ও কামূস গ্রন্থকারের মতে এতদুভয়ের মাঝে কোনো পার্থক্য নেই। কিন্তু ইমাম রাগেব (র.) উভয়ের মাঝে পার্থক্য বর্ণনা প্রসঙ্গে বলেন- سَنَةٌ বলা হয় দুর্ভিক্ষ ও বিপদাপদের বছরকে। যেমন হাদীসে রয়েছে- اَللّٰهُمَّ اجْعَلْهَا سِنِيْنَ كَسِنِيْنَ يُوْسُفَ আর عَامٌ বলা হয় স্বাচ্ছন্দ্যের বছরকে। যেমন- ثُمَّ يَأْتِىْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَامٌ فِيْهِ يُغَاثُ النَّاسُ وَفِيْهِ يَعْصِرُوْنَ আল্লামা আযহারী বলেন- عَام এমন বছরকে বলা হয় যা শীত বা গ্রীষ্মের সাথে আসে। এ দৃষ্টিকোণ থেকে عام হলো سنة থেকে اخص مطلق ; আর যদি কোনো দিন থেকে নিয়ে ঐ দিন পর্যন্ত (বছর) গণনা কর হয় তাহলে তাকে سنة বলা হবে, যার মধ্যে কখনও অর্ধেক গ্রীষ্ম বা অর্ধেক শীত থাকে। আল্লামা সুহাইলি লিখেছেন- سنة - عام থেকে লম্বা হয়ে থাকে। আহমদ বিন ইয়াহইয়া বলেন- سنة হলো যে দিন থেকেই তুমি গণনা শুরু করা পরবর্তী বছরের ঐ দিন পর্যন্তকে বলা হয়। আর عام পূর্ণ শীত বা গ্রীষ্ম ব্যতীত হতে পারে না।

اَلْاَمْرُ : **আদেশ। কাজ; লেনদেন; অবস্থা ইত্যাদি**। এটি একবচন, বহুবচন- اَوَامِرُ ; اَمْر শব্দটি সকল কাজ ও কথার জন্য ব্যাপক। যেমন- اِلَيْهِ يُرْجَعُ الْاَمْرُ كُلُّهٗ [তারই প্রতি প্রত্যাবর্তিত হবে সকল কর্ম] এখানে امر শব্দটি তার ব্যাপক অর্থে ব্যবহৃত।

يَفْرَحُ : **হর্ষোৎফুল্ল হবে/ উৎফুল্ল বোধ করছ**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ر ـ ح) মাসদার اَلْفَرَحُ অর্থ- আনান্দিত হওয়া; খুশি হওয়া। فَرَح -এর ব্যবহার উত্তম আনন্দের জন্য হয়, আবার মন্দ আনন্দের জন্যও হয়। যেমন- অহংকার করা; মত্ত হওয়া। সাধারণত এর ব্যবহার দুনিয়াবি, দৈহিক ভোগ-বিলাসিতায় অর্জিত আনন্দের জন্য হয়ে থাকে।

আয়াত : ৫

يَنْصُرُ : **সে সাহায্য করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّصْرُ মূলবর্ণ (ن ـ ص ـ ر) অর্থ- সাহায্য করা; সহযোগিতা করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ- ইচ্ছা করা।

اَلْعَزِيْزُ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন- عَزِيْز এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনও পরাজিত হন না। আল্লামা যুজায (র.) লিখেছেন- عَزِيْز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অনুবাদ করেছেন- এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন- عزيز হলো যার উপমা কিছু নেই; অনুপম। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

رَحِيْمٌ : **অত্যন্ত দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; فَعِيْلٌ -এর ওজনে। বহুবচন- رُحَمَاءُ (বিস্তারিত সূরা ফাতিহা দেখুন) عَزِيْزٌ ও رَحِيْمٌ এ দুটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৬

لَا يُخْلِفُ : **তিনি প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ- ভঙ্গ করা; ব্যতিক্রম করা।

يَعْلَمُوْنَ : **তারা জানে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ- জানা।

আয়াত : ৭

غٰفِلُوْنَ : **অনবহিত/গাফিল**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلَةُ অর্থ- অসেচতন হওয়া; গাফেল হওয়া; আনমনা হওয়া।

আয়াত : ৮

اَوَلَمْ يَتَفَكَّرُوْا : **তারা কি চিন্তা করে না? শুরুতে হামযাটি প্রশ্নবোধক**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَكُّرُ মূলবর্ণ (ف ـ ك ـ ر) অর্থ- চিন্তাভাবনা করা। গবেষণা করা।

خَلَقَ : তিনি সৃষ্টি করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

اَجَلٍ : নির্দিষ্ট কাল। এ কারণেই মৃত্যুকেও اَجَل বলা হয়। একবচন, বহুবচন- اٰجَالٌ

مُسَمًّى : নির্দিষ্ট; নির্ধারিত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে- নির্ধারিত।

لِقَاءِ : সাক্ষাৎ করা; সম্মুখীন হওয়া। এটি বাব سَمِعَ-এর মাসদার। মূলবর্ণ (ل ـ ق ـ ى)

لَكٰفِرُوْنَ : কাফেরগণ; প্রত্যাখ্যাকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া।

আয়াত : ৯

اَوَ لَمْ يَسِيْرُوْا : তারা কি ভ্রমণ করেনি। শুরুর হামযাটি প্রশ্নবোধক। و আতফের জন্য। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ي ـ ر) মাসদার اَلسَّيْرُ অর্থ- চলাফেরা করা; ভ্রমণ করা।

فَيَنْظُرُوْا : তিনি লক্ষ্য করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- প্রত্যক্ষ করা; দেখা; লক্ষ্য করা।

عَاقِبَةُ : পরিণাম। এটি মূলত বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ- পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন- এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন- وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ [শুভ পরিণাম মুত্তাকীদের জন্য।] ইযাফত অবস্থায় কখনও শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন- ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَآءُوا যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে। এর বহুবচন- عواقب

اَشَدَّ : সর্বাধিক কঠোর। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ- কঠোর হওয়া; শক্ত হওয়া।

عَمَرُوْهَا : তারা এর রক্ষণাবেক্ষণ করল। আবাদ করল। عمروا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ م ـ ر) মাসদার اَلْعِمَارَةُ ও اَلْعُمْرُ অর্থ- আবাদ করা; রক্ষণাবেক্ষণ করা; তত্ত্বাবধান করা।

جَآءَتْ : সে এসেছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ ء) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ- আসা।

رُسُلُ : রাসূলগণ। বহুবচন, একবচন- رَسُوْلٌ অর্থ- পয়গাম্বর; নবী; রাসূল।

اَلْبَيِّنٰتِ : প্রমাণ। দলিল। বহুবচন, একবচন- بَيِّنَةٌ

كَانَ : হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া। كَانَ-টি فعل ناقص আবার فعل تام ও হয়ে থাকে। فعل ناقص তার পরে দুটি ইসম চায়। একটি মারফূ অর্থাৎ كَانَ-এর ইসম। অপরটি মানসূব অর্থাৎ كَانَ-এর খবর। فعل تام খবরকে চায় না। বরং তার অর্থ শুধুমাত্র ইসম অর্থাৎ فاعل উল্লেখ করার দ্বারা সম্পন্ন হয়ে যায়। فعل تام নিম্নে বর্ণিত অর্থসমূহের জন্য ব্যবহৃত হয়-

১. ثَبَتَ অর্থে : যেমন- كَانَ اللّٰهُ وَلَا شَيْءَ مَعَهُ (আল্লাহ বিদ্যমান ছিলেন, তাঁর সাথে কোনো কিছু ছিল না)

২. حَدَثَ অর্থে : যেমন- اِذَا كَانَ الشِّتَاءُ وَاَدْفِئُوْنِىْ فَاِنَّ الشَّيْخَ يَهْدِمُنَا الشِّتَاءُ (শীতকাল হলেই আমাকে শীতবস্ত্র পরিয়ে দাও, কারণ শীত বৃদ্ধকে ধ্বংস করে দেয়)

৩. وَجَدَ ও حَضَرَ অর্থে : যেমন- وَاِنْ كَانَ ذُوْ عُسْرَةٍ فَنَظِرَةٌ اِلٰى مَيْسَرَةٍ (যদি সে কোনো অভাবগ্রস্ত লোক হয়ে থাকে তাহলে তাকে সচ্ছলতা পর্যন্ত অবকাশ দিবে)

৪. وَقَعَ অর্থে : যেমন- مَا شَآءَ اللّٰهُ كَانَ (আল্লাহ যা ইচ্ছা করেন তা সংঘটিত হয়।)

لِيَظْلِمَهُمْ : **তিনি তাদের উপর জুলুম করেন** [এমন নয়]। واحد مذكر يَظْلِمُ সীগাহ ; لام كى টি لام মাসদার ضَرَبَ বাব مضارع معروف বহছ غائب মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ- জুলুম করা; الظُّلْمُ অত্যাচার করা। هم যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১০

اَلسُّوْآى : **মন্দকর্ম**। ইসম। فُعْلَى -এর ওজনে এটি اَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنَى ব্যবহার হয়। ইমাম রাগেব (র.) -এর মতে- سُوْء এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি লিখেছেন, এটি বিপদ ও রোগ-ব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন- سُوْء হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মান-মর্যাদা ও ধন-সম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধু-বান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন। নিম্নে যা বর্ণিত হলো-

১. কঠিনতা ও তীব্রতার অর্থে। যেমন- يَسُوْمُوْنَكُمْ سُوْءَ الْعَذَابِ [তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত]
২. ক্লেশ অর্থে। যেমন- وَلَا تَمَسُّوْهَا بِسُوْءٍ [তোমারা তাকে ক্লেশ দেওয়ার অভিপ্রায়ে স্পর্শ করো না]
৩. ব্যভিচার অর্থে। যেমন- مَا جَزَاءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْءً [যে তোমার ঘরে ব্যভিচার করতে চায় তার শাস্তি কি হতে পারে?]
৪. কুষ্ঠ রোগ অর্থে। যেমন- بَيْضَاءُ مِنْ غَيْرِ سُوْءٍ [নির্মল উজ্জ্বল হয়ে, অর্থাৎ কুষ্ঠরোগের কারণে নয় এমন উজ্জ্বল হয়ে]
৫. শাস্তি অর্থে। যেমন - اِنَّ الْخِزْىَ الْيَوْمَ وَالسُّوْءَ عَلَى الْكَافِرِيْنَ [আজ কাফেরদের জন্য রয়েছে লাঞ্ছনা ও শাস্তি]
৬. শিরক অর্থে। যেমন- مَا كُنَّا نَعْمَلُ مِنْ سُوْءٍ [আমরা মন্দকর্ম করতাম না অর্থাৎ শিরক করতাম না।]
৭. গালমন্দের অর্থে। যেমন- لَا يُحِبُّ اللّٰهُ الْجَهْرَ بِالسُّوْءِ [আল্লাহ তা'আলা পছন্দ করেন না মন্দকণ্ঠ প্রকাশ করা]
৮. গুনাহ অর্থে। যেমন- يَعْمَلُوْنَ السُّوْءَ بِجَهَالَةٍ [তারা গুনাহের কাজ করে মূর্খতাবশত]
৯. بِئْسَ তথা মন্দ অর্থে। যেমন- وَلَهُمْ سُوْءُ الدَّارِ [তাদের জন্য রয়েছে মন্দগৃহ]
১০. অনিষ্টতা অর্থে। যেমন- وَيَكْشِفُ السُّوْءَ [এবং তিনি দূর করে দেন অনিষ্টতা]
১১. হত্যা ও পরাজয় অর্থে। যেমন- لَمْ يَمْسَسْهُمْ سُوْءٌ [তাদের কোনো আঁচড় লাগেনি]। -[আল-ইতকান, খ. ১, পৃ. ১৪২]

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ- মিথ্যায়ন করা; অস্বীকার করা।

اٰيَاتِ : **নিদর্শনাবলি**। একবচন- اٰيَةٌ ; এটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যথা- নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতকে আয়াত নামকরণের কারণসমূহ নিম্নরূপ-

১. اٰيَةٌ অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআনে মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।
২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।
৩. আবার কেউ বলেছেন আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলা হয়।

يَسْتَهْزِئُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ- ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

আয়াত : ১১

يَبْدَأُ : **তিনি শুরু করেন/ তিনি আদিতে সৃষ্টি শুরু করেন**। يَبْدَأُ সীগাহ واحد مذكر غائب বহছ

(ب ـ د ـ أ) মুলবর্ণ فَتَحَ বাব مضارع معروف মাসদার البدء অর্থ– শুরু করা; আরম্ভ করা; অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা।

اَلْخَلْقَ : **সৃষ্টি। সৃষ্টি করা; বানানো।** এটি বাব نَصَرَ - এর মাসদার। মূলত خَلْقٌ অর্থ– সঠিক নমুনা স্থির করা। এর ব্যবহার কোনো কিছুকে নমুনাবিহীন সৃষ্টি করার অর্থের জন্যও হয়ে থাকে। যেমন আল্লাহ বলেন– خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ [তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন] এখানে خَلْق শব্দটি اِبْدَاع তথা নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে হয়েছে। যেমন بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ এ আয়াতটি এ কথার প্রমাণ বহন করে। তাছাড়া এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থেও ব্যবহার হয়। যেমন– خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُطْفَةٍ [মানুষকে সৃষ্টি করেছেন এক ফোঁটা পানি থেকে]

خَلْق -টি اِبْدَاع অর্থে এটি আল্লাহ তা'আলার একটি বিশেষ গুণ। اَفَمَنْ يَّخْلُقُ كَمَنْ لَا يَخْلُقُ اَفَلَا تَذَكَّرُوْنَ [যিনি সৃষ্টি করেন আর যে সৃষ্টি করে না উভয়ে কি সমান হতে পারে?] এ আয়াতে উক্ত কথাটিই স্পষ্ট করা হয়েছে। অবশ্য এর অন্য অর্থ যার মধ্যে اِبْدَاع নেই; বরং তা অসম্ভব কখনও আল্লাহ তা'আলা সে অর্থে অন্যের জন্য ব্যবহার করেছেন। যেমন হযরত ঈসা (আ.)-এর মু'জিযা সম্পর্কে বলেন– وَاِذْ تَخْلُقُ مِنَ الطِّيْنِ كَهَيْئَةِ الطَّيْرِ بِاِذْنِيْ [যখন তুমি মাটি থেকে প্রাণীর আকৃতি সৃষ্টি করতে আমার নির্দেশে]

সাধারণ লোকদের জন্য যে خَلْق শব্দটি ব্যবহার হয় তা দুটি অর্থের জন্য হয়ে থাকে। যথা–

১. অনুমান করা।

২. মিথ্যা ও মনগড়া কথা রচনা করার জন্য। যেমন– وَتَخْلُقُوْنَ اِفْكًا [তোমরা মিথ্যা রচনা করতে] মোটকথা যেখানেই বাক্যের সিফাতে خَلْق শব্দটি আসবে সেখানেই মিথ্যা রচনা করার অর্থে হবে। ইমাম রাগেব (র.) লিখেছেন– وَمِنْ هٰذَا الْوَجْهِ اِمْتَنَعَ كَثِيْرٌ مِّنَ النَّاسِ مِنْ اِطْلَاقِ لَفْظِ الْخَلْقِ عَلَى الْقُرْاٰنِ [এ কারণেই অনেক লোক কুরআন সম্পর্কে خَلْق শব্দের ব্যবহার থেকে বিরত রয়েছেন।] আয়াতে কারীমা– فَتَبٰرَكَ اللّٰهُ اَحْسَنُ الْخٰلِقِيْنَ [অত্যন্ত বরকতময় আল্লাহ যিনি সর্বোত্তম সৃষ্টিকর্তা।] এ আয়াতে خلق শব্দের ব্যবহার اِبْدَاع অর্থে হয়নি; বরং আকৃতি গঠনের অর্থে হয়েছে। এবং وَلَاٰمُرَنَّهُمْ فَلَيُغَيِّرُنَّ خَلْقَ اللّٰهِ [এবং আমি তাদেরকে নির্দেশ দিব আল্লাহর সৃষ্টির মধ্যে পরিবর্তন করতে] হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.), হাসান বসরী, মুজাহিদ, কাতাদাহ, যাহ্হাক (র.) প্রমুখ خَلْقَ اللّٰهِ -এর তাফসীর করেছেন دِيْنُ اللّٰهِ দ্বারা। অর্থাৎ দীন আল্লাহ যেভাবে প্রবর্তন করেছেন তা পরিবর্তন করে হারামকে হালাল, হালালকে হারাম সাব্যস্ত করতে বলবেন। আর ইকরিমাসহ অপর মুফাসসিরগণ বলেন, এখানে خَلْقَ اللّٰهِ দ্বারা আকৃতি পরিবর্তন করা উদ্দেশ্য। যেমন উল্কি-চিহ্ন আঁকা, কান ফোড়ানো ইত্যাদি। তদ্রূপভাবে خَلْقَ اللّٰهِ -لَا تَبْدِيْلَ لِخَلْقِ اللّٰهِ -এর মধ্যে দ্বারা কারো মতো শরিয়তের বিধিবিধান, কারো মতে তাকদীর, কারো মতে আকৃতি পরিবর্তন উদ্দেশ্য।

خَلْقَ : **শব্দের ব্যবহার** مَخْلُوْق অর্থেও হয়ে থাকে। তাছাড়া خَلْق এবং خُلُق একই শব্দ, যেমন شَرْب ও شُرْب এবং صَرْم ও صُرْم তবে পার্থক্য এতটুকু যে خَلْق -এর ব্যবহার সৃষ্টির জন্য নির্দিষ্ট, আর خُلُق অর্থ স্বভাব; চরিত্র ইত্যাদি। –[মুকাম্মাল লুগাতুল কুরআন : মাওঃ আব্দুর রশীদ উসমানী]

يُعِيْدُهٗ : **তিনি এর পুনরাবৃত্তি করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ– পুনরায় প্রত্যাবর্তন করা; পুনরাবৃত্তি করা। ه যমীর মাফঊলে বিহী।

ثُمَّ : **অতঃপর।** এটি হরফে আত্ফ। যা পূর্ববর্তী থেকে পরবর্তীটাকে পরে হওয়া বুঝায়। চাই পরে হওয়াটা সত্তাগত, হোক কিংবা মর্যাদাগত বা গঠনগত যে কোনোভাবে হোক।

تُرْجَعُوْنَ : **তোমরা প্রত্যাবর্তন করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ১২

تَقُوْمُ : **অনুষ্ঠিত হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– অনুষ্ঠিত হওয়া; সংঘটিত হওয়া।

اَلسَّاعَةُ : **কিয়ামত দিবস**। সময়, মুহূর্ত; রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَة বলা হয়। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই سَاعَة শব্দ এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, কালের মুহূর্তসমূহের মধ্য থেকে যে কোনো মুহূর্তকে سَاعَة বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন- اِقْتَرَبَ السَّاعَةُ / يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ / وَعِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ইত্যাদি আয়াত এর প্রমাণ। কারো কারো মতে, যে سَاعَة কিয়ামতের অর্থ প্রদান করে তা তিন প্রকার। যথা-

১. اَلسَّاعَةُ الْكُبْرٰى : তথা লোকদের হিসাবপ্রদানের জন্য উত্থিত হওয়া। যেমন রাসূল ﷺ -এর বাণী- لَا تَقُوْمُ السَّاعَةُ حَتّٰى يَظْهَرَ الْفُحْشُ وَ التَّفَحُّشُ وَ حَتّٰى يُعْبَدَ الدِّرْهَمُ وَ الدِّيْنَارُ [কিয়ামত অনুষ্ঠিত হবে না ততক্ষণ, যতক্ষণ না অশ্লীলতা প্রকাশ পাবে...]

২. اَلسَّاعَةُ الْوُسْطٰى : তথা এক যুগের লোকদের মৃত্যুবরণ করা। যেমন রাসূল ﷺ হযরত আব্দুল্লাহ ইবনে উনাইসকে দেখে বলেছিলেন- اَنْ يَطُلْ عُمُرُ هٰذَا الْغُلَامِ لَمْ يَمُتْ حَتّٰى تَقُوْمَ السَّاعَةُ [যদি এ বালকের বয়স বৃদ্ধি পায় তাহলে সে কিয়ামত সংঘটিত না হওয়া পর্যন্ত মারা যাবে না।] বর্ণিত আছে যে, সাহাবায়ে কেরামের মধ্যে ইনি সবার পরে মৃত্যুবরণকারী ছিলেন।

৩. اَلسَّاعَةُ الصُّغْرٰى : তথা মানুষের মৃত্যু। সুতরাং সকল মানুষের سَاعَة হলো তার মৃত্যু। যেমন- قُلْ اَرَاَيْتَكُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُ اللّٰهِ اَوْ اَتَتْكُمُ السَّاعَةُ (আপনি তাদেরকে বলুন! যদি তাদের উপর আল্লাহর আজাব আসে বা اَلسَّاعَةُ তথা মৃত্যু)

يُبْلِسُ : **হতাশ হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معرف বাব اِفْعَالٌ মসদার اَلْاِبْلَاسُ মূলবর্ণ (ب ـ ل ـ س) অর্থ- নিরাশ হওয়া; হতাশ হওয়া।

اَلْمُجْرِمُوْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ- অপরাধ করা; পাপ করা।

আয়াত : ১৩

لَمْ يَكُنْ : **তার কাজ নয়; সে হবে না**। সীগাহ واحد مذكرغائب বহছ نفى جحد بلم درفعل মূলবর্ণ (ك ـ و ـ ن) বাব نَصَرَ বাব مستقبل معروف মাসদার اَلْكَيْنُوْنَةُ ও اَلْكَوْنُ অর্থ- হওয়া; সংঘটিত হওয়া। এটি افعال ناقصة -এর একটি।

شُفَعٰٓؤُا : **সুপরিশকারীগণ**। বহুবচন, একবচন- شَفِيْعٌ সীগাহ جمع مؤنث বহছ صفت مشبه বাব فَتَحَ মাসদার اَلشَّفَاعَةُ মূলবর্ণ (ش ـ ف ـ ع) অর্থ- সুপারিশ করা।

كٰفِرِيْنَ : **কাফেরগণ; প্রত্যাখ্যাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া।

আয়াত : ১৪

يَتَفَرَّقُوْنَ : **তারা বিচ্ছিন্ন হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَرُّقُ মূলবর্ণ (ف ـ ر ـ ق) অর্থ- বিচ্ছিন্ন হওয়া; বিভক্ত হওয়া।

আয়াত : ১৫

اَمَّا : **কিন্তু; অথবা; সুতরাং**। এটি হরফে শর্ত। অধিকাংশ সময় বিস্তারিত বর্ণনার জন্য আসে, কখনও তাকীদের জন্যও আসে।

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা।

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ- আমল করা।

رَوْضَةٍ : **উদ্যান; বাগান**। বহুবচন- رِيَاضٌ ও رَوْضَاتٌ

يُحْبَرُوْنَ : **তাদেরকে খুশি করা হবে**। -[আবূ উবাইদা] তাদেরকে সম্মান দেওয়া হবে। -[ইবনে আব্বাস] তাদেরকে আরাম দেওয়া হবে; নিয়ামত দেওয়া হবে। [মুজাহিদ] জান্নাতে সংগীত শোনানো হবে। [ইয়াহইয়া ইবনে আবী কাছীর] সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ب ـ ر) মাসদার اَلْحُبُوْرُ ـ اَلْحَبْرُ ـ اَلْحَبْرَةُ ـ اَلْحَبَرُ অর্থ-

খুশি করা। বাব نَصَرَ মাসদার اَلْحَبْرُ অর্থ- কাপড় সজ্জিত করা; কোনো কিছুকে সৌন্দর্য করা। اَلْحَبَرُ বাব سَمِعَ অর্থ- ক্ষত সেরে যাওয়ার পর চিহ্ন অবশিষ্ট থাকা। দাঁত হলদে হওয়া। বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْبِيْرُ অর্থ- সুশ্রী বানানো। সজ্জিত করা। সুন্দর হস্তাক্ষরে লেখা। حَبْر অর্থ- ইহুদি পণ্ডিত; বিজ্ঞ আলেম; সন্তুষ্টি; নিয়ামত। حَبْر অর্থ- উত্তম সংগীত; জান্নাতের সংগীত।

আয়াত : ১৬

كَفَرُوْا : তারা কুফরি করেছে; তারা অবিশ্বাস করেছে। সীগাহ ماضي معروف বহছ جمع مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ অর্থ- অবিশ্বাস করা; অস্বীকার করা; কুফরি করা; অবিশ্বাস করা।

مُحْضَرُوْنَ : উপস্থিতগণ। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلْحُضُوْرُ মূলবর্ণ (ح ـ ض ـ ر) অর্থ- উপস্থিত হওয়া; হাজির হওয়া।

আয়াত : ১৭

سُبْحٰنَ : পবিত্র; মহিমাময়। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন- سُبْحَانَ হলো تَسْبِيْح অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং مفرد -এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই مفرد -টি ইসমে জাহির হোক। যেমন- سُبْحٰنَ اللّٰهِ অথবা ইসমে যমীর হোক। যেমন- سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ [সন্তান হওয়া তার জন্য সমীচীন নয়] এবং এটি এমন মাসদার যার فعل কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ কখনও ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী। তিনি বলেন, এর থেকে فعل -এর ব্যবহার হয়। এ থেকে فعل -এর ব্যবহার প্রসঙ্গে তিনি একটি পংক্তি উল্লেখ করেন-

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلِبَ كُلَّمَا

سَبَّحَ الْحَجِيْجُ وَكَبَّرُوْا اِهْلَالًا

[আল্লাহ তাগলিবের মুখসমূহ বিকৃত করুন, যখনই হাজী সাহেবান জোর আওয়াজে দোয়া করে এবং চিৎকার করে তাকবীর পড়ে]

ইবনে আবূ হাতিম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰهِ অর্থ- আল্লাহর সত্তাকে সর্বপ্রকার ত্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

حِيْنَ : সময়; কাল। বহুবচন اَحْيَانٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

حِيْنَ تُمْسُوْنَ : যখন সন্ধ্যা কর/ সন্ধ্যায়। تُمْسُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (م ـ س ـ و) মাসদার اَلْاِمْسَاءُ অর্থ- সন্ধ্যা করা; সন্ধ্যায় কোনো কাজ হওয়া।

حِيْنَ تُصْبِحُوْنَ : যখন তোমরা সকাল কর/ প্রভাতে। حِيْنَ যরফ। تُصْبِحُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْبَاحُ মূলবর্ণ (ص ـ ب ـ ح) অর্থ- সকাল করা।

اَلْحَمْدُ : সকল প্রশংসা আল্লাহরই। আলিফ ও লাম استغراق -এর জন্য। حَمْد -এর শাব্দিক অর্থ প্রশংসা করা। বাব سَمِعَ -এর মাসদার। পরিভাষায় حَمْد বলা হয় ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক বা না হোক। তাফসীরে মাযহারীতে রয়েছে- اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِىْ نِعْمَةً كَانَ اَوْ غَيْرَهَا [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

عَشِيًّا : অপরাহ্নে; গোধূলীলগ্নে। যখন সূর্যের আলো হালকা হতে থাকে, তাকে عَشِىٌّ বলা হয়। [মুফরাদাতুল কুরআন]

حِيْنَ تُظْهِرُوْنَ : যখন যোহরের সময় হয়। حِيْنَ যরফ تُظْهِرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (ظ ـ ه ـ ر) মাসদার اَلْاِظْهَارُ অর্থ- দ্বিপ্রহর হওয়া; যোহরের সময় হওয়া।

আয়াত : ১৯

يُخْرِجُ : তিনি বের করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ- বের করা।

اَلْحَىُّ : জীবন্ত। সীগাহ واحد مذكر বহছ صفت مشبة বহুবচন اَحْيَاءٌ বাব سَمِعَ মাসদার اَلْحَيَاةُ অর্থ- বেঁচে থাকা; জীবিত থাকা।

اَلْمَيِّتَ : **প্রাণহীন; মৃত**। বহুবচন, اَلْمَوْتٰى ও مَيِّتُوْنَ নিষ্প্রাণ; নির্জীব।

مُخْرِجُ : **বেরকারি; আবিষ্কারকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা, আবির্ভাব ঘটানো, আবিষ্কার করা।

يُحْيِ : **তিনি জীবিত করেন**। সীগাহ يُحْيِ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ي ـ ي) অর্থ– জীবিত করা; জীবন দান করা।

تُخْرَجُوْنَ : **তোমাদেরকে বের করা হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; উত্থিত করা।

আয়াত : ২০

خَلَقَ : **সৃষ্টি। সৃষ্টি করা; বানানো**। এটি বাব نَصَرَ-এর মাসদার। মূলত اَلْخَلْقُ অর্থ– সঠিক নমুনা স্থির করা। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য]

تُرَابٍ : **মৃত্তিকা/ মাটি**।

بَشَرٌ : **মানুষ**। শব্দটি بَشَرَةٌ থেকে উদ্ভূত। যার অর্থ– ত্বক; চামড়ার বাইরের অংশ। আর ভিতরের অংশকে اَدَمَةٌ বলা হয়। মানুষকে بَشَرٌ এ জন্য বলা হয় যে, অন্যান্য জীব-জন্তুর চামড়া উল বা পশমে ঢাকা থাকে। কিন্তু মানুষের চামড়া উন্মুক্ত থাকে। بَشَرٌ শব্দটি একবচন ও বহুবচনের জন্য ব্যবহার হয়। তবে দ্বিবচনে بَشَرَيْنِ আসে। পবিত্র কুরআন মানুষের বাহ্যিক দেহকে بَشَرٌ বলে অভিহিত করেছে।

تَنْتَشِرُوْنَ : **তোমরা সর্বত্র ছড়িয়ে পড়ছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ش ـ ر) মাসদার اَلْاِنْتِشَارُ অর্থ– বিক্ষিপ্ত হওয়া; ছড়িয়ে পড়া।

আয়াত : ২১

اَزْوَاجًا : **সঙ্গিনীগণ; জোড়াসমূহ**। এটি বহুনবচন; একবচন– زَوْجٌ আল্লামা আহমদ ফাইউমী (র.) বলেন– زَوْجٌ এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে যেমন শুষ্ক ও আর্দ্র, নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ (র.) বলেন– زَوْجٌ যে কোনো দুটিকে বলে فَرْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ। জওহারী বলেন, জোড় দুটিকে زَوْجٌ এবং زَوْجَانِ বলা হয়। সুতরাং যদি বলা হয় عِنْدِىْ زَوْجُ نِعَالٍ তখন উদ্দেশ্য হবে দুটি জুতা। আর যদি زوجان বলা হয় তখন উদ্দেশ্য হবে চারটি জুতা। আযহারী বলেন, নাহুবিদগণের নিকট زَوْجٌ দ্বারা দুটি উদ্দেশ্য হয় না। তাদের মতে زَوْجٌ দ্বারা এক উদ্দেশ্য হয়। ইবনুল আম্বারী বলেন, জনসাধারণ যা মনে করে যে, زَوْجٌ দুটি বস্তু, এটি সঠিক নয়। এটা আরবদের ব্যবহার নয়। উদাহরণত তারা কবুতরের জোড়া বলার সময় زَوْجٌ ব্যবহার না করে زَوْجَانِ مِنْ حَمَامٍ বলে থাকে। কুরআনেও রয়েছে– خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى [তিনি সৃষ্টি করেছেন নর ও নারীর জোড়া] যদি زَوْجٌ দ্বারা দুটি উদ্দেশ্য হতো তাহলে زَوْجَيْنِ বলা হতো না।

لِتَسْكُنُوْا : **যেন তোমরা বিশ্রাম করতে পার**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ك ـ ن) মাসদার اَلسُّكُوْنُ অর্থ– প্রশান্তি অর্জন করা; স্বস্তি পাওয়া; বিশ্রাম করা।

جَعَلَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– جَعَلَ এমন শব্দ যা صَنَعَ ও فعل জাতীয় এবং সকল ফে'লসমূহের জন্য ব্যাপক। এর ব্যবহার পাঁচভাবে হয়ে থাকে। যথা–

১. طَفِقَ ও صَارَ [হয়ে গেছে, হতে শুরু করেছে] -এর স্থানে। তখন তা متعدى হয় না। যেমন– جَعَلَ زَيْدٌ يَقُوْلُ كَذَا [যায়েদ বলতে শুরু করেছে।] কবি বলেন–

وَقَدْ جَعَلَتْ قُلُوْصُ بَنِىْ سُهَيْلٍ
مِنَ الْاَكْوَارِ مَرْتَعُهَا قَرِيْبٌ

[বনি সুহাইলের উষ্ট্রী এমন হয়ে গেছে যে, তাদের চারণভূমি গলার চেয়ে অধিক নিকটবর্তী]

২. أَوْجَدَ [সে উদ্ভাবন করেছে, সে সৃষ্টি করেছে] -এর স্থানে আসে। তখন এটি এক মাফঊলের দিকে متعدى হয়ে থাকে। যেমন–وَجَعَلَ الظُّلُمٰتِ وَالنُّوْرَ [তিনি আলো ও অন্ধকার সৃষ্টি করেছেন] وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْئِدَةَ [তিনি তোমাদের জন্য কর্ণ, চক্ষু ও অন্তর বানিয়েছেন]

৩. এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থে। যেমন– وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا [আল্লাহ তা'আলা তোমাদের থেকে তোমাদের স্ত্রীদেরকে সৃষ্টি করেছেন]

৪. কোনো বস্তুকে ভিন্ন অবস্থার পরিবর্তে এক অবস্থায় করার জন্য। যেমন– جَعَلَ لَكُمُ الْاَرْضَ فِرَاشًا [তিনি বানিয়েছেন তোমাদের জন্য ভূমিকে বিছানাস্বরূপ] وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّمَّا خَلَقَ ظِلَالًا ـ وَجَعَلَ الْقَمَرَ فِيْهِنَّ نُوْرًا ـ اِنَّا جَعَلْنٰهُ قُرْاٰنًا عَرَبِيًّا

৫. কোনো কিছু সম্পর্কে কোনো বিষয় নির্ধারণ করা চাই তা সত্য হোক বা বাতিল হোক। সত্যের উদাহরণ যেমন–اِنَّا رَادُّوْهُ اِلَيْكِ وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ [আমি তাকে তোমার দিকে প্রত্যাবর্তনকারী এবং তাকে নবী নির্বাচনকারী] আর বাতিলের উদাহরণ হলো– وَجَعَلُوْا لِلّٰهِ مِمَّا ذَرَاَ مِنَ الْحَرْثِ وَالْاَنْعَامِ نَصِيْبًا [আল্লাহর সৃষ্ট ফসল ও গবাদিপশুর মধ্যে আল্লাহর এক অংশ নির্ধারণ করেছে– وَيَجْعَلُوْنَ لِلّٰهِ الْبَنٰتِ [তারা আল্লাহর জন্য কন্যাসন্তান নির্ধারণ করে]

مَوَدَّةً : **বন্ধুত্ব**। ইসম ও মাসদার। মাসদারী অর্থ হবে বন্ধুত্ব রাখা; বাব سَمِعَ মূলবর্ণ (م ـ د ـ د)

رَحْمَةً : **দয়া। অনুগ্রহ; দান**। এটি বাব سَمِعَ -এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন– رَحْمَةً হলো এমন কোমলতা যা দ্বারা দয়াকৃত ব্যক্তির প্রতি সহানুভূতি কামনা হয়। কখনও এর ব্যবহার শুধুমাত্র কোমলতার জন্য হয় আবার কখনও শুধুমাত্র অনুগ্রহ ও দয়ার জন্য হয় যেখানে কোমলতা থাকে না। যেমন– رَحِمَ اللّٰهُ فُلَانًا [আল্লাহ অমুকের প্রতি দয়া করেছেন] যখন একে আল্লাহর সাথে সম্পৃক্ত করা হবে তখন শুধুমাত্র অনুগ্রহ ও দয়া উদ্দেশ্য হবে, কোমলতা বা বিনম্রতা উদ্দেশ্য হবে না। এ জন্য বলা হয় আল্লাহর পক্ষ থেকে رَحْمَةٌ হলো অনুগ্রহ ও দয়া। আর মানুষের পক্ষ থেকে رَحْمَةٌ হলো কোমলতা ও বিনম্রতা। মাওলানা আবুল কালাম আজাদ লিখেছেন, "আরবিতে رَحْمَت এমন কোমলতা ও নম্রতাকে বলা হয় যা দ্বারা কারো প্রতি অনুগ্রহ ও দয়ার ইচ্ছা জাগ্রত হয়। সুতরাং رَحْمَت -এর মধ্যে প্রেম, ভালোবাসা, অনুগ্রহ, দয়া–সকল অর্থ অন্তর্ভুক্ত রয়েছে। আর নিছক মহব্বত দয়া ও অনুগহ থেকে ব্যাপক। –[তরজুমানুল কুরআন, খ. ১, পৃ. ৩৯]

يَتَفَكَّرُوْنَ : **তারা চিন্তা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَكُّرُ মূলবর্ণ (ف ـ ك ـ ر) অর্থ– চিন্তা করা; গবেষণা করা।

আয়াত : ২২

خَلْقُ : **সৃষ্টি। সৃষ্টি করা; বানানো**। বাব نَصَرَ -এর মাসদার। মূলত خَلْق অর্থ সঠিক নমুনা স্থির করা।

اِخْتِلَافُ : **বৈচিত্র্যতা; বিভিন্নতা**। এ শব্দের অর্থ কোনো বিষয় বা কথাবার্তায় এমন পন্থা অবলম্বন করা যা অপরজন পছন্দ করে না। এ পন্থায় যেহেতু সাধারণত বিতর্কের সৃষ্টি হয় তাই اِخْتِلَافٌ শব্দটি نِزَاعٌ -এর অর্থে আসে।

اَلْوَانِ : **রংসমূহ**। বহুবচন। একবচন– لَوْنٌ

আয়াত : ২৩

مَنَامُ : **স্বপ্ন**। বহুবচন– مَنَامَاتٌ অর্থ– নিদ্রা; ঘুম।

اِبْتِغَاءُ : **কামনা করা; প্রত্যাশা করা; চাওয়া**। মাসদার, বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ي) অর্থ– কামনা করা; অন্বেষণ করা; তালাশ করা; অনুসন্ধান করা।

مِنْ فَضْلِهِ : **তাঁর অনুগ্রহ**। এটি اسم فعل। আরো অর্থ রয়েছে। যেমন শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব, জ্ঞান, বুদ্ধি, বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া। এ অর্থে এর দুটি সূরত রয়েছে।

১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন জ্ঞান, বিদ্যা ধৈর্য লজ্জা ইত্যাদিতে আধিক্য।

২. মন্দ আধিক্য।যেমন ক্রোধ, ইত্যাদির আধিক্য। فَضْل শব্দের সাধারণ ব্যবহার উত্তম আধিক্যের জন্যই হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য فُضُوْل শব্দ ব্যবহার হয়। যদিও গঠনগতভাবে উভয়টি একই অর্থবোধক। –[রাগেব]

يَسْمَعُوْنَ : **তারা শুনে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسَّمْعُ মূলবর্ণ (س ـ م ـ ع) অর্থ– শ্রবণ করা; শোনা।

আয়াত : ২৪

يُرِيْكُمْ : **তিনি তোমাদেরকে প্রদর্শন করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ– দেখানো; প্রদর্শন করা।

اَلْبَرْقَ : **বিদ্যুৎ; বিজলী।**

يُنَزِّلُ : **তিনি অবতীর্ণ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

يُحْيِى : **তিনি জীবিত করেন।** يحى সীগাহ واحد مذكر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ي ـ ي) অর্থ– জীবিত করা; জীবন দান করা।

قَوْمٍ : **জাতি; সম্প্রদায়।** এটি ইসম। অর্থ– শুধুমাত্র পুরুষদের দল। যেমন এক কবির পংক্তি– قَوْمٌ। اٰلُ حِصْنٍ اَمْ نِسَاءٌ [হিসন সম্প্রদায়ের লোকেরা পুরুষ নাকি মহিলা] এখানে মহিলার বিপরীতে قَوْم শব্দ আনা হয়েছে। মহিলাদের দলকে قَوْم বলা হবে না। –[রাগেব] কুরআনেও এর প্রমাণ রয়েছে। যেমন– لَا يَسْخَرْ قَوْمٌ مِّنْ قَوْمٍ عَسٰى اَنْ يَّكُوْنُوْا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاءٌ مِّنْ نِّسَاءٍ عَسٰى اَنْ يَّكُنَّ خَيْرًا এখানেও পুরুষদের জন্য قَوْم এবং মহিলাদের জন্য نساء ব্যবহার করা হয়েছে। قَوْم -এর বহুবচন اَقْوَام এবং جمع الجمع হলো اَقَاوِمُ وَ اَقَائِمُ و اَقَاوِيْمُ –[কামূস]

আয়াত : ২৫

تَقُوْمَ : **তা স্থিতি থাকে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; অনুষ্ঠিত হওয়া; সংঘটিত হওয়া; স্থিতি থাকা।

اَمْرِ : **আদেশ। কাজ; লেনদেন; অবস্থা ইত্যাদি।** একবচন, বহুবচন– اَوَامِرُ ; اَمْر শব্দটি সকল কাজ ও কথার জন্য ব্যাপক। যেমন اِلَيْهِ يَرْجِعُ الْاَمْرُ كُلُّهُ [তারই প্রতি প্রত্যাবর্তিত হবে সকল কর্ম] এখানে اَمْر শব্দটি তার ব্যাপক অর্থে ব্যবহৃত।

اِذَا دَعَاكُمْ : **যখন তিনি তোমাদেরকে আহ্বান করেন।** اِذَا যরফ, دَعَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা। كُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

دَعْوَةً : **আহ্বান করা; ডাকা।** বাব نَصَرَ -এর মাসদার।

تَخْرُجُوْنَ : **তোমরা বের হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخُرُوْجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বের হওয়া; উদগত হওয়া।

আয়াত : ২৬

قَانِتُوْنَ : **অনুগত/ আজ্ঞাবহ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ن ـ ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ– অনুগত হওয়া; বাধ্যগত হওয়া। নীরবে দাঁড়িয়ে থাকা।

আয়াত : ২৭

يَبْدَؤُا : **তিনি প্রথমবার সৃষ্টি করেছেন; অস্তিত্ব দান করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ د ـ و) মাসদার اَلْبَدْءُ অর্থ– সূচনা করা; শুরু করা; অনস্তিত্ব হতে অস্তিত্ব দান করা।

يُعِيْدُهٗ : **তিনি তাদেরকে পুনরায় প্রত্যাবর্তন করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ– পুনরায় প্রত্যাবর্তন করা। ه যমীর মাফঊলে বিহী। ه যমীরের মারজি' اَلْخَلْقَ তাই বহুবচনের অর্থ করা হয়েছে।

اَهْوَنُ : **অতি সহজ।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মারফূ' বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসাদর اَلْهَوْنُ অর্থ– সহজসাধ্য হওয়া; নরম ও কোমল হওয়া; মন্থরগতিতে চলা।

اَلْمَثَلُ الْاَعْلٰى : **সর্বোচ্চ মর্যাদা।** مَثَلٌ একবচন, বহুবচন– اَمْثَالٌ ; এমন কথা অন্যের সাথে যার

সামঞ্জস্য আছে। مَثَل-এর শুরুতে যদি الف لام ব্যবহার হয় তখন অর্থ হবে উচ্চ মর্যাদা। اعلى একবচন, বহুবচন– اَلْعُلُوُّ মাসদার نَصَرَ বাব اَعْلَوْنَ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনস ناقص واوى অর্থ– বিজয়ী হওয়া; উত্তম হওয়া; উচু হওয়া।

عَزِيْزُ : পরাক্রমশালী। عَزِيْزٌ সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فَاعِل অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন– عَزِيْز এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনও পরাজিত হন না। ইমাম যুজায (র.) লিখেছেন– عَزِيْز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অনুবাদ করেছেন, এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন عَزِيْز হলো যার উপমা কিছু নেই; অনুপম। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

حَكِيْمٌ : প্রজ্ঞাময়। সীগাহ واحد مذكر বহছ صفت مشبة এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কারণ প্রকৃত প্রজ্ঞাময় তিনিই।

আয়াত : ২৮

ضَرَبَ : তিনি বর্ণনা করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ (ض ـ ر ـ ب) অর্থ– প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থটিই উদ্দেশ্য। ضَرَبَ الْمَثَلَ অর্থ– উপমা দেওয়া; উদাহরণ বর্ণনা করা। ضَرَبَ اللّٰهُ مَثَلًا অর্থ– আল্লাহ তা'আলা উপমা বর্ণনা করেছেন। তাছাড়া পবিত্র কুরআনে যেখানেই ضَرَبَ শব্দ এসেছে তা উপমা বা দৃষ্টান্ত বর্ণনার অর্থের জন্যই এসেছে।

اَنْفُسِ : সত্তা; ব্যক্তি; আত্মা। বহুবচন, একবচন– نَفْسٌ

مَلَكَتْ : সে অধিকার রাখে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمُلْكُ অর্থ– মালিক হওয়া; অধিকারী হওয়া।

اَيْمَانُكُمْ : তোমাদের অধিকারভুক্ত দাসদাসীগণ। اَيْمَانُ হলো يَمِيْنٌ-এর বহুবচন, যার অর্থ– ডান হাত। এখানে হাত দ্বারা অধিকার বা কর্তৃত্ব উদ্দেশ্য। কারণ দাসদাসীরা তাদের অধিকারে থাকে।

رَزَقْنَاكُمْ : আমি তোমাদেরকে জীবিকা দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ– জীবিকা দান করা; দান করা; দেওয়া। كم যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী।

سَوَاءٌ : সমান। এটি ইসমে মাসদার। اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন যে– سَوَاء শব্দটি مُسْتَوِى [সমান] অর্থে ব্যবহৃত। سَوَاء যেরযোগে হলে قَصْر হয়। যেমন– مَكَانًا سِوًى [স্থান সমতল ও পরিচ্ছন্ন] আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়।

১. সমান। যেমন– سَوَاءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ [তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান]

২. মধ্যস্থল। যেমন– فِىْ سَوَاءِ الْجَحِيْمِ [জাহান্নামের মধ্যস্থলে]

৩. পরিপূর্ণ। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَاءٍ [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে শব্দটি غير অর্থে ব্যবহার হয়নি।

تَخَافُوْنَ : তোমরা ভয় কর। تَخَافُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

خِيْفَةً : সশংকচিত্তে। এটি বাব سَمِعَ-এর মাসদার। حال হওয়ার কারণে মানসূব হয়েছে। এখানে اسم فاعل অর্থে ব্যবহৃত হয়েছে।

نُفَصِّلُ : আমি বিশদভাবে বর্ণনা করি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ص ـ ل) মাসদার اَلتَّفْصِيْلُ অর্থ– বিশদভাবে বর্ণনা করা; বিশ্লেষণ করা; ব্যাখ্যা করা।

আয়াত : ২৯

اِتَّبَعَ : সে অনুসরণ করল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; পিছনে চলা; অবলম্বন করা।

ظَلَمُوا : **তারা জুলুম করেছে**। তারা অস্বীকার করেছে। ماضی বহছ جمع مذکر غائب সীগাহ ظَلَمُوا বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার معروف الظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

أَهْوَاءَ : **প্রবৃত্তি; খেয়াল-খুশি**। বহুবচন, একবচন– هَوٰى অর্থ– কামনা; বাসনা; আবেগ; প্রেম; ভালবাসা।

يَهْدِىْ : **তিনি সৎপথে পরিচালিত করেন**। সীগাহ واحد مذکر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার الْهِدَايَةُ অর্থ– পথের সন্ধান দেওয়া; হেদায়েত দেওয়া; সৎপথে পরিচালিত করা।

اَضَلَّ : **সে পথভ্রষ্ট করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضی معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْإِضْلَالُ অর্থ– পথভ্রষ্ট করা।

نَاصِرِيْنَ : **সাহায্যকারী**। সীগাহ جمع مذکر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

আয়াত : ৩০

اَقِمْ : **তুমি প্রতিষ্ঠিত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– সোজা করা; কায়েম করা; প্রতিষ্ঠিত করা।

اَلدِّيْنِ : **দীন**। একবচন; বহুবচন– اَدْيَانٌ; অর্থ– প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; আনুগত্য করা; নির্দেশ মান্য করা। دِيْنٌ অর্থ– মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ -এর মাসদারও হয়।

حَنِيْفًا : **একনিষ্ঠভাবে**। [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৬৭ দ্রষ্টব্য]

فِطْرَتَ اللّٰهِ **আল্লাহর প্রকৃতি**। فِطْرَةَ মুযাফ اللّٰهِ মুযাফ ইলাইহি। প্রফেসর আব্দুর রউফ লিখেছেন فطرة এমন বিশেষ গুণাবলিকে বলা হয় যা দ্বারা জাতি বা ব্যক্তি উত্তম বা মন্দ ব্যক্তিত্বে পরিণত হয়। উদাহরণত বীরত্ব, শক্তি, মেধা, পরিশ্রম, বিচক্ষণতা, প্রতারণা ইত্যাদি। ইমাম রাগেব (র.) লিখেছেন– فِطْرَةَ اللّٰهِ দ্বারা উদ্দেশ্য হলো মানুষের ঐ সহজাত প্রকৃতি যা দ্বারা ঈমান অর্জন হয়। –[আলমুফরাদাত]

فَطَرَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضی معروف বাব نَصَرَ মাসদার اَلْفَطْرُ মূলবর্ণ (ف ـ ط ـ ر) অর্থ– সৃষ্টি করা।

لَا تَبْدِيْلَ : **পরিবর্তন নেই**। تَبْدِيْلَ মাসদার। বাব تَفْعِيْلٌ অর্থ– পরিবর্তন করা। تَبْدِيْلٌ শব্দের মধ্যে عِوَضٌ -এর তুলনায় ব্যাপকতা রয়েছে। কারণ عِوَضٌ এর মধ্যে এক বস্তুর পরিবর্তে অপর বস্তু হয়; কিন্তু تَبْدِيْلٌ হলো সাধারণ পরিবর্তন।

اَلدِّيْنُ الْقَيِّمُ : **সরল দীন/সুপ্রতিষ্ঠিত বিধান**। اَلدِّيْنُ অর্থ– ধর্ম; প্রতিদান; আনুগত্য; শরিয়ত; আনুগত্য করা; প্রতিদান দেওয়া; নির্দেশ মান্য করা। এটি একবচন; বহুবচন– اَدْيَانٌ

اَلْقَيِّمُ : **সুপ্রতিষ্ঠিত; সোজা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ي ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– সোজা হওয়া, দাঁড়ানো।

আয়াত : ৩১

مُنِيْبِيْنَ : **বিশুদ্ধচিত্তে অভিমুখী হয়ে/অভিমুখীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْإِنَابَةُ অর্থ– বিশুদ্ধচিত্তে আল্লাহর কাছে তওবা করা; প্রত্যাবর্তন করা। اَلْاِنْتِيَابُ অর্থ– পালাক্রমে আসা। বাব نَصَرَ মাসদার اَلنَّوْبُ অর্থ– কোনো কিছু বারবার প্রত্যাবর্তন করা। [মুফরাদাত]

اِتَّقُوْهُ : **তোমরা তাকে ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

اَقِيْمُوْا : **তোমরা স্থির রাখ**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– সোজা করা; সঠিক করা; প্রতিষ্ঠা করা।

لَا تَكُوْنُوْا : **তোমরা হয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

নصر বাব مضارع معروف বহছ مذكر غائب মূলবর্ণ(ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرَانُ ও اَلْكُفْرُ অর্থ– অকৃতজ্ঞতা করা; কুফরি করা; অস্বীকার করা; অবিশ্বাস করা।

اٰتَيْنٰهُمْ : আমি তাদেরকে দান করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার الايتاء মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা।

فَتَمَتَّعُوْا : তোমরা ভোগ করে নাও। ف হরফে আত্ফ। تَمَتَّعُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ অর্থ– ভোগ করা; উপকৃত হওয়া। উল্লেখ্য পবিত্র কুরআনের যেখানেই تَمَتَّعَ ও تَمَتَّعُوْا শব্দ এসেছে সেখানে ধমকস্বরূপ দুনিয়া থেকে উপকৃত হওয়ার কথা বলা হয়েছে।

تَعْلَمُوْنَ : তোমরা জানতে পারবে। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৩২

فَرَّقُوْا : তারা নানা মত সৃষ্টি করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفْرِيْقُ অর্থ– পৃথক করা; বিভক্ত করা; খণ্ড খণ্ড করা।

شِيَعٌ : সম্প্রদায়গণ। বহুবচন; একবচন– شِيْعَةٌ যা একবচন, দ্বিবচন, বহুবচন, পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ সকলের জন্য ব্যবহার হয়।

حِزْبٌ : দল। একবচন, বহুবচন– اَحْزَابٌ

فَرِحُوْنَ : আনন্দিত। এটি সিফাতে মুশাব্বাহ। বহুবচন। বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ر ـ ح) মাসদার اَلْفَرَحُ অর্থ– আনান্দিত হওয়া; খুশি হওয়া।

আয়াত : ৩৩

مَسَّ : সে স্পর্শ করেছে; সে ভোগ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ভোগ করা; লেগে যাওয়া।

ضُرٌّ : অকল্যাণ; মন্দ। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– ক্ষতি করা; অনিষ্ট করা।

دَعَوْا : তারা আহ্বান করে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– আহ্বান করা; ডাকা।

مُنِيْبِيْنَ : বিশুদ্ধচিত্তে; প্রত্যাবর্তিত হয়ে; আল্লাহ অভিমুখী/ অভিমুখী। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْاِنَابَةُ অর্থ– বিশুদ্ধচিত্তে আল্লাহর কাছে তওবা করা; প্রত্যাবর্তন করা। اَلْاِنْتِيَابُ অর্থ– পালাক্রমে আসা। বাব نَصَرَ মাসদার اَلنَّوْبُ অর্থ– কোনো কিছু বারবার প্রত্যাবর্তন করা। –[মুফরাদাত]

ثُمَّ اِذَآ اَذَاقَهُمْ : অতঃপর যখন তিনি তাদেরকে তার আস্বাদ গ্রহণ করালেন। ثم হরফে আত্ফ। اَذَاقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلْاِذَاقَةُ অর্থ– আস্বাদ গ্রহণ করানো। هُمْ যমীর মাফউলে বিহী।

আয়াত : ৩৪

لِيَكْفُرُوْا : যেন তোমরা অকৃতজ্ঞতা পোষণ কর। শব্দটি لام كى দ্বারা মানসূব। يَكْفُرُوْا সীগাহ جمع

আয়াত : ৩৫

اَنْزَلْنَا : আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

سُلْطٰنًا সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য। তাজুল 'আরূসে রয়েছে– سُلْطَانٌ অর্থ– দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী– لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনও এর অর্থ হয় মু'জিযা। যেমন– اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ (মু'জিযা) সহকারে] উল্লেখ্য যখন سُلْطٰنٌ দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

يَتَكَلَّمُ : সে বলে; সে বাক্যালাপ করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكَلُّمُ অর্থ– কথাবার্তা বলা; বাক্যালাপ করা।

يَقْدِرُ : **তিনি সীমিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَدْرُ মূলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ– সীমিত করা; সঙ্কীর্ণ করা।

يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা।

আয়াত : ৩৮

اٰتِ : **তুমি দান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; দেওয়া।

اَلْقُرْبٰى : **নিকটাত্মীয়**। এটি ইসমে মাসদার। বাব كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقَرَابَةُ অর্থ– নিকটবর্তী হওয়া; পাশাপাশি হওয়া।

اَلْمِسْكِيْنَ : **মিসকিন**। এটি বহুবচন; একবচন– مِسْكِيْن অর্থ– অভাবগ্রস্ত; নিঃস্ব। যার নিকট কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

اِبْنَ السَّبِيْلِ : **পথচারী**। **মুসাফির**।

يُرِيْدُوْنَ : **তারা ইচ্ছা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা।

وَجْهَ اللّٰهِ : **আল্লাহর সন্তুষ্টি**। وَجْهَ মুযাফ, اللّٰهِ মুযাফ ইলাইহি।

اَلْمُفْلِحُوْنَ : **সফলকাম**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ– সফলকাম হওয়া।

আয়াত : ৩৯

اٰتَيْتُمْ : **তোমরা দিয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া।

رِبًا : **সুদ**। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৭৫ দ্রষ্টব্য]

لِيَرْبُوَ : **যেন বৃদ্ধি পায়**। لام كى টি لام ; يَرْبُوَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ب ـ و) মাসদার اَلرَّبَاءُ، اَلرُّبُوُّ، اَلرَّبْوُ অর্থ– বৃদ্ধি পাওয়া।

وَاِذَا اَذَقْنَا : **আর যখন আমি আস্বাদ গ্রহণ করাই**। واو হরফে আত্‌ফ। اذا যরফ, সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِذَاقَةُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদ গ্রহণ করানো।

فَرِحُوْا : **তারা উৎফুল্ল হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف ; বাব سَمِعَ মাসদার اَلْفَرَحُ মূলবর্ণ (ف ـ ر ـ ح) অর্থ– আনান্দিত হওয়া; খুশি হওয়া; উৎফুল্ল হওয়া। فَرَح -এর ব্যবহার উত্তম আনন্দের জন্য হয়, আবার মন্দ আনন্দের জন্যও হয়। যেমন– অহংকার করা; মত্ত হওয়া। সাধারণত এর ব্যবহার দুনিয়াবি, দৈহিক ভোগ-বিলাসিতায় অর্জিত আনন্দের জন্য হয়ে থাকে।

اِنْ تُصِبْهُمْ : **যদি তাদের উপর আপতিত হয়**। تُصِبْ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা; আপতিত হওয়া।

سَيِّئَةٌ : **অকল্যাণ/ দুর্দশা**। এটি একবচন, বহুবচন– سَيِّئَاتٌ অর্থ– মন্দ; অন্যায়।

قَدَّمَتْ : তা আগে পাঠিয়ে দিয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْدِيْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ– সামনে পাঠানো।

يَقْنَطُوْنَ : **তারা হতাশ হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْقُنُوْطُ মূলবর্ণ (ق ـ ن ـ ط) অর্থ– হতাশ হওয়া; নিরাশ হওয়া।

আয়াত : ৩৭

اَلَمْ يَرَوْا : **তারা কি লক্ষ্য করে না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ يَرَوْا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

يَبْسُطُ : **তিনি প্রশস্ত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَسْطُ মূলবর্ণ (ب ـ س ـ ط) অর্থ– প্রশস্ত করা; বিস্তৃত করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ي ـ أ) অর্থ– ইচ্ছা করা।

زَكٰوة : যাকাত। এটি تَزْكِيَةٌ থেকে ইসম। বহুবচন زَكَوَاتٌ ; زَكٰوة অর্থ– পরিচ্ছন্নতা; প্রবৃদ্ধি। জাকাত আদায় করার দ্বারা সম্পদ বৃদ্ধি পায় এবং জাকাতদাতার অন্তর এবং অবশিষ্ট সম্পদ পবিত্র হয়ে যায় তাই একে জাকাত বলা হয়। নিসাবের অধিকারী মুসলমানের উপর সম্পদের চল্লিশভাগের একভাগ আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে দরিদ্র মুসলমানদের জন্য ব্যয় করাকে শরিয়তের পরিভাষায় জাকাত বলা হয়।

وَجْهَ : **সন্তুষ্টি**। এটি মাসদার, অর্থ– মানুষ যে কাজ ইত্যাদির অভিমুখী হয়। মান - মর্যাদা, শ্রেণি।

اَلْمُضْعِفُوْنَ : **সমৃদ্ধিশালী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (ض ـ ع ـ ف) মাসদার اَلْاِضْعَافُ অর্থ– বৃদ্ধি করা; সমৃদ্ধ করা।

আয়াত : ৪০

اَللّٰهُ : **আল্লাহ তা'আলার জাতি নাম**। কুরআন নাজিল হওয়ার পূর্বে আরবিতে الله শব্দটি আল্লাহর জন্য জাতি নাম হিসেবে ব্যবহৃত ছিল। যেমনটি জাহিলী যুগের কবিদের কবিতা দ্বারা সুস্পষ্ট। এটা কোনো বিশেষ গুণের জন্য ব্যবহার হতো না। পবিত্র কুরআনও এ শব্দটিকে জাতি নাম হিসেবেই অবলম্বন করেছে এবং অন্যান্য গুণাবলিকে এর দিকে নিসবত করেছে।

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য]

رَزَقَكُمْ : **তোমাদেরকে জীবিকারূপে যা দান করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف রযক বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার الرزق অর্থ– জীবিকা দান করা; রিজিক দেওয়া; দান করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

يُمِيْتُ : **তিনি মৃত্যু দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِمَاتَةُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুদান করা; মেরে ফেলা।

يُحْيِىْ : **তিনি জীবন দান করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবন দান করা; জীবিত রাখা।

تَعٰلٰى : **তিনি মহিমান্বিত**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلْ মাসদার اَلتَّعَالِىْ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ– মহিমান্বিত হওয়া; সম্মানিত হওয়া; উঁচু হওয়া।

يُشْرِكُوْنَ : **তারা শরিক করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; কুফরি করা।

আয়াত : ৪১

ظَهَرَ : **প্রকাশ পেয়েছে**। **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلظُّهُوْرُ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) অর্থ– প্রকাশ পাওয়া।

اَلْفَسَادُ : **বিপর্যয়**। এটি বাব نَصَرَ -এর মাসদার।

اَلْبَرِّ : **স্থল**। যা بَحْر -এর বিপরীতার্থক শব্দ। শব্দটি বহুবচন– بُرُوْرٌ

بَحْرِ : **সমুদ্র**। বহুবচন– اَبْحُرٌ، بُحُوْرٌ، بِحَارٌ، اَبْحَارٌ
[বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৫০ দ্রষ্টব্য]

كَسَبَتْ : **সে অর্জন করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ– উপার্জন করা; অর্জন করা; কামাই করা।

لِيُذِيْقَهُمْ : **যেন তিনি তাদেরকে আস্বাদ করান**। لام - টি لام كى ; সীগাহ يُذِيْقَ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِذَاقَةُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদ গ্রহণ করানো। هم যমীর মাফঊলে বিহী।

بَعْضَ : **কতক**। কোনো কোনো। সমষ্টির মধ্যে বস্তুর কোনো অংশকে بَعْضَ বলা হয়। বহুবচন– اَبْعَاضٌ

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কাজ করা; আমল করা; সৎকর্ম করা।

يَرْجِعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৪২

سِيْرُوْا : **তোমরা ভ্রমণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّيْرُ মূলবর্ণ (س ـ ي ـ ر) অর্থ– ভ্রমণ করা; সফর করা। এখানে ভ্রমণ দ্বারা শারীরিক ভ্রমণ উদ্দেশ্য, আবার চিন্তা-চেতনার বিচরণও উদ্দেশ্য হতে পারে।

فَانْظُرُوْا **অতঃপর তোমরা দেখ**। ف হরফে আতফ। اُنْظُرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। বাহ্যিক দৃষ্টি দ্বারা দেখা আবার অন্তর্দৃষ্টি দ্বারা অনুভব করা, লক্ষ্য করা ইত্যাদি অর্থ উদ্দেশ্য হতে পারে।

مُشْرِكِيْنَ : **মুশরিকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা ; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ৪৩

اَقِمْ : **তুমি প্রতিষ্ঠিত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– সোজা করা; কায়েম করা; প্রতিষ্ঠিত করা।

اَلدِّيْنِ الْقَيِّمِ : **সরল দীন/সুপ্রতিষ্ঠিত বিধান**। دين অর্থ– ধর্ম; প্রতিদান; আনুগত্য; শরিয়ত; আনুগত্য করা; প্রতিদান দেওয়া; নির্দেশ মান্য করা। একবচন; বহুবচন– اَدْيَانٌ

اَلْقَيِّمِ : **সুপ্রতিষ্ঠিত; সোজা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ي ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– সোজা হওয়া, দাঁড়ানো।

يَصَّدَّعُوْنَ : **তারা বিভক্ত হয়ে পড়বে**। অর্থাৎ কিয়ামদের দিন হিসাবের পর জান্নাতিরা জান্নাতের দিকে এবং জাহান্নামিরা জাহান্নামের দিকে ছড়িয়ে পড়বে। يَصَّدَّعُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ص ـ د ـ ع) মাসদার اَلتَّصَدُّعُ অর্থ– বিভক্ত হওয়া; ছড়িয়ে পড়া; বিক্ষিপ্ত হওয়া। يَصَّدَّعُوْنَ মূলত يَتَصَدَّعُوْنَ ছিল। تاء কে صاد দ্বারা পরিবর্তন করে صاد-এর মধ্যে ইদগাম করা হয়েছে।

আয়াত : ৪৪

كَفَرَ : **সে কুফরি করেছে/ সে প্রত্যাখ্যান করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অস্বীকার করা; গোপন করা; প্রত্যাখ্যান করা।

يَمْهَدُوْنَ : **তারা সুখশয্যা রচনা করে; তারা বিছায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ه ـ د) মাসদার اَلْمَهْدُ অর্থ– বিছানা বিছানো; সমতল করা; শয্যা রচনা করা।

আয়াত : ৪৫

لِيَجْزِىَ : **প্রতিফল দেওয়ার জন্য**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া।

আয়াত : ৪৬

يُرْسِلَ : **তিনি প্রেরণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা।

اَلرِّيَاحَ : **বায়ু**। বহুবচন, একবচন– رِيْحٌ অর্থ– বাতাস।

مُبَشِّرٰتٍ : **সুসংবাদদাতা**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া। বৃষ্টির সুসংবাদবাহক শীতল বায়ু, যা বৃষ্টিপাতের সামান্য পূর্বে প্রবাহিত হয় তাকে مُبَشِّرَاتٍ বলা হয়। হাদীস শরীফে মুমিনের সত্য স্বপ্নকেও مُبَشِّرَاتٌ এবং নবুয়তির অংশ বলা হয়েছে। আয়াতে বৃষ্টির পূর্বের শীতল বায়ু উদ্দেশ্য।

لِيُذِيْقَكُمْ : **যেন তিনি তোমাদেরকে আস্বাদন করান**। لام كى টি لام সীগাহ يذيق ; واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِذَاقَةُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদ গ্রহণ করানো। كم যমীর মাফউলে বিহী।

تَجْرِىَ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجَرْيُ ও اَلْجَرَيَانُ অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; দৌড়ানো; এগিয়ে যাওয়া।

لِتَبْتَغُوا : যেন তোমরা সন্ধান করতে পার। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ي) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ– অন্বেষণ করা; সন্ধান করা। শুরুতে لام كي- এর কারণে نون اعرابى পড়ে গেছে। মূলত تَبْتَغُوْنَ ছিল।

مِنْ فَضْلِه : অনুগ্রহ। মঙ্গল। এটি اسم فعل ; এর আরো অর্থ রয়েছে। যেমন শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব, জ্ঞান, বুদ্ধি, বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া। এ অর্থে এর দুটি সুরত রয়েছে।

১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন জ্ঞান, বিদ্যা ধৈর্য লজ্জা ইত্যাদিতে আধিক্য।

২. মন্দ আধিক্য। যেমন ক্রোধ, ইত্যাদির আধিক্য। فضل শব্দের সাধারণ ব্যবহার উত্তম আধিক্যের জন্যই হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য فُضُول শব্দ ব্যবহার হয়। যদিও গঠনগতভাবে উভয়টি একই অর্থবোধক। –[রাগেব]

تَشْكُرُوْنَ : তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন করবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা; শুকরিয়া আদায় করা।

আয়াত : ৪৭

اَرْسَلْنَا : আমি প্রেরণ করেছি। সীগাহ جمع متكلم বহছ اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার الارسال অর্থ– প্রেরণ করা; পাঠানো।

جَاءُوْا : তারা আনল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ أ ـ ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা।

فَانْتَقَمْنَا : আমি শাস্তি দিয়েছি। আমি প্রতিশোধ গ্রহণ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ق ـ م) মাসদার اَلْاِنْتِقَامُ অর্থ– প্রতিশোধ গ্রহণ করা; বদলা নেওয়া।

اَجْرَمُوْا : তারা অপরাধ করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجْرَامُ মূলবর্ণ (ج ـ ر ـ م) অর্থ– অপরাধ করা; পাপ করা।

حَقًّا : দায়িত্ব/ আবশ্যক। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য]

আয়াত : ৪৮

فَتُثِيْرُ : ফলে তা সঞ্চালিত করে। فاء হরফে আতফ। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ث ـ و ـ ر) মাসদার اَلْاِثَارَةُ অর্থ– উত্তেজিত করা; নাড়া দেওয়া। জমি চাষে এবং বাতাস মেঘমালাকে আনার ক্ষেত্রে যেহেতু এ অর্থ পাওয়া যায় তাই এতদুভয়ের জন্যও এর ব্যবহার হয়ে থাকে।

سَحَابًا : মেঘমালা/ বাদল। পানি থাকুক বা না থাকুক মেঘকে سَحَابٌ বলা হয়। আবার কখনো سَحَابٌ দ্বারা রূপকার্থে ছায়া ও অন্ধকার উদ্দেশ্য হয়। যেমন– يَغْشَاهُ مَوْجٌ مِّنْ فَوْقِه مَوْجٌ مِّنْ فَوْقِه سَحَابٌ ظُلُمَاتٌ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ [ঢেউয়ের উপর ঢেউ তার উপর মেঘমালা, অন্ধকারের উপর অন্ধকার।] মূলত سَحَابٌ শব্দটি سَحْبٌ থেকে উদগত, যার অর্থ– আকর্ষণ করা, টানা। মেঘকে سَحَابٌ বলার কারণ হলো–

১. বাতাস তাকে টেনে নিয়ে আসে।

২. তা পানিকে টেনে নিয়ে আসে।

৩. এটা নিজে আকর্ষিত হয়ে চলতে থাকে। আরবি ভাষাবিদ ইমাম আওযাঈ (র.) كِتَابُ السَّحَاب -এ লিখেছেন– سَحَابٌ হলো اسم جنس جمعى -এর একবচন سَحَابَةٌ ; এটি مفرد ـ مؤنث ـ مذكر ও جمع সকলের জন্য সমভাবে ব্যবহৃত হয়। [তাজুল 'আরূস] [বিস্তারিত বাক্বারা, আয়াত : ১৬৪ দ্রষ্টব্য]

يَشَاءُ : তিনি ইচ্ছা করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

يَجْعَلُهُ : তিনি তাকে করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– جَعَلَ এমন শব্দ যা فَعَلَ ও صَنَعَ জাতীয় এবং সকল ফেলসমূহের জন্য ব্যাপক। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

كِسَفًا : খণ্ড-বিখণ্ড করে। বহুবচন; একবচন– كِسْفَةٌ অর্থ– টুকরা টুকরা।

اَلْوَدْقَ : [বারিধারা/ বৃষ্টি। ইসম। প্রবল বর্ষণ।] وَدِيْقَةٌ [গরমের তীব্রতা। সবুজ শ্যামল স্থান।] وَادِقٌ [ধারালো তলোয়ার।] مَوْدَقٌ [বৃষ্টিপাতের স্থান।] اَلْوَدْقُ বাব ضَرَب-এর মাসদার, এটি যদি الى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে– নিকটবর্তী হওয়া; সক্ষম হওয়া। আর যদি باء দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয়– কারো সাথে অন্তরঙ্গ হওয়া। এরপর যদি কোনো حرف جر না থাকে তখন অর্থ হবে– প্রবাহিত হওয়া; বৃষ্টি বর্ষণ করা; প্রশস্ত হওয়া। তরবারি ধারালো হওয়া। اَلْاِيْدَاقُ অর্থ– বৃষ্টি বর্ষণ করা।

يَخْرُجُ : তা নির্গত করে/ তা থেকে নির্গত হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ– বের হওয়া; জন্মানো।

فَاِذَا اَصَابَ : অতঃপর যখন তিনি পৌঁছে দেন। فاء হরফে আত্ফ। اذا হরফে শর্ত। اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছানো; আপতিত করা; আঘাত করা।

يَسْتَبْشِرُوْنَ : তারা উল্লসিত হয়/ হর্ষোৎফুল্ল হয়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْاِسْتِبْشَارُ অর্থ– সুসংবাদ গ্রহণ করা; উল্লসিত হওয়া; আনন্দে আত্মহারা হওয়া।

আয়াত : ৪৯

كَانُوْا : তারা হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ৯ দ্রষ্টব্য]

يُنَزَّلُ : বর্ষিত হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা; বর্ষণ করা।

مُبْلِسِيْنَ : হতাশ/নিরাশ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ل ـ س) মাসদার اَلْاِبْلَاسُ অর্থ– নিরাশ হওয়া; হতাশ হওয়া; বিষণ্ন হওয়া। পদদলিত করা।

আয়াত : ৫০

اُنْظُرْ : তুমি চিন্তা কর/লক্ষ্য কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– দেখা; লক্ষ্য করা।

مُحْيِ : জীবন দানকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ي ـ ي) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবন দান করা।

আয়াত : ৫১

رَاَوْا : তারা দেখল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

مُصْفَرًّا : পীতবর্ণ ধারণকৃত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব افعلال মূলবর্ণ (ص ـ ف ـ ر) মাসদার اَلْاِصْفِرَارُ অর্থ– হলদে হওয়া; পীতবর্ণ হওয়া। বাবে اِفْعِيْلَالٌ ও اِفْعَالٌ হলুদ বর্ণ হওয়া। বাব سَمِعَ থেকে اَلصَّفُوْرُ খালি করা। বাব ضَرَبَ থেকে صَفِيْرٌ শব্দ বের করা।

ظَلُّوْا : তারা হয়ে পড়ে/ তারা করতে থাকে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ظ ـ ل ـ ل) মাসদার اَلظُّلُوْلُ ও اَلظَّلُّ অর্থ, দিনে কোনো কাজ করা। এটি صَارَ-এর স্থলেও ব্যবহার হয়ে থাকে। উল্লেখ্য যেভাবে بَاتَ يَبِيْتُ-এর ব্যবহার রাত যাপনের জন্য হয় তদ্রূপ ظَلَّ يَظَلُّ-এর ব্যবহার দিন যাপনের জন্য হয়। ইমাম রাগেব লিখেছেন, যা দিনে সম্পাদন করা হয় তা ظَلَّ দ্বারা প্রকাশ করা হয়।এটি فعل ناقص যা خبر কে দিনভরের জন্য প্রমাণ করে। কেননা এটা এমন সময়কে বুঝায় যখন সূর্যের ছায়া থাকে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত; বা সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত।

يَكْفُرُوْنَ : তারা অস্বীকার করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– কুফরি করা; অস্বীকার করা; লুকানো; গোপন করা।

আয়াত : ৫২

لَا تُسْمِعُ : তুমি কথা শুনাতে পারবে না। لَا تُسْمِعُ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل

(س ـ م ـ ع) মূলবর্ণ إِفْعَالٌ বাব مضارع معروف মাসদার اَلْإِسْمَاعُ অর্থ– শ্রবণ করানো; শুনানো।

اَلصُّمَّ : বধির। যে সত্যের প্রতি ভ্রূক্ষেপ করে না এবং সত্যকে কবুল করেনা তাকে صُمٌّ বলা হয়। এটি বহুবচন; একবচন–أَصَمُّ

وَلَّوْا : তারা পৃষ্ঠপ্রদর্শন করে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّوْلِيَةُ মূলবর্ণ (و ـ ل ـ ي) অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করে পালানো।

مُدْبِرِيْنَ : পৃষ্ঠপ্রদর্শনকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلْإِدْبَارُ অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা; পলায়ন করা। পবিত্র কুরআনে مُدْبِرِيْنَ বা مُدْبِرٌ শব্দ একাকী ব্যবহার করা হয় না। বরং تَوْلِيَةٌ বা تَوَلِّى থেকে গঠিন কোনো فعل অবশ্যই সাথে আনা হয়। উদাহরণত, وَلَّيْتُمْ، وَلَّى ، وَلَّوْا، تُوَلُّوْنَ، تَوَلَّوْا ইত্যাদি। এরূপ করার কারণ হলো যেন মুখ ফিরিয়ে পৃষ্ঠপ্রদর্শন করে চলে যাওয়ার অর্থ সৃষ্টি হয়।

আয়াত : ৫৩

بِهَادِ : সরল পথে পরিচালিতকারী। بَاء হরফে জার। ضَرَبَ বাব اسم فاعل বহছ واحد مذكر সীগাহ هَادٍ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

اَلْعُمْيِ : অন্ধ/যে দেখে না। এটি أَعْمٰى-এর বহুবচন। এর ব্যবহার চোখের অন্ধত্ব এবং অন্তরের অন্ধত্ব উভয়ের জন্যই ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে যেখানেই অন্ধত্বের নিন্দা করা হয়েছে তা দ্বারা অন্তরের অন্ধত্ব উদ্দেশ্য। ইমাম রাগেব (র.) লিখেছেন– وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيَامَةِ عَلٰى وُجُوْهِهِمْ عُمْيًا وَبُكْمًا وَصُمًّا এখানে চোখের অন্ধত্ব ও অন্তরের অন্ধত্ব উভয়ই উদ্দেশ্য হওয়ার সম্ভাবনা রয়েছে।

ضَلَالَةِ : বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া। এটি ضَلَالٌ-এর ন্যায় বাব ضَرَبَ-এর মাসদার। আল্লামা জালাল কারশী লিখেছেন– اَلضَّلَالُ অর্থ– নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়–ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ পানি এর পরাভূত [কম] হয়েছে যে দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না। সূরা ইউসুফের এ আয়াত–إِنَّ اَبَانَا لَفِيْ ضَلَالٍ مُّبِيْنٍ [আমাদের পিতা তাদের দুজনের মহব্বতে পরাভূত] ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– ضَلَالٌ অর্থ– সঠিক রাস্তা থেকে বিচ্যুত হওয়া। هِدَايَةٌ হলো এর বিপরীতার্থক শব্দ। যেমন–فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا পথচ্যুত হওয়া যে কোনো ভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে কম বা অধিক সর্বাবস্থায়ই তাকে ضَلَالٌ বলা হবে। এ কারণেই পয়গাম্বর এবং কাফের উভয়ের জন্যই ضَلَالٌ শব্দের ব্যবহার হয়েছে। যদিও উভয়ের ضَلَالٌ-এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। যেমন রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى، [অর্থাৎ যে নবুয়ত রাসূল ﷺ এর প্রতি অবতীর্ণ হয়েছে সে সম্পর্কে তিনি পূর্বে জ্ঞাত ছিলেন না] হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে–إِنَّكَ لَفِيْ ضَلَالِكَ الْقَدِيْمِ হযরত মূসা (আ.) নিজে বলেন–وَاَنَا مِنَ الضَّالِّيْنَ

يُؤْمِنُ : সে ঈমান আনে। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

مُسْلِمُوْنَ : মুসলিমগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْإِسْلَامُ অর্থ– ইসলাম গ্রহণ করা; অনুগত হওয়া।

আয়াত : ৫৪

خَلَقَ : তিনি সৃষ্টি করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

ضُعْفًا : দুর্বলতা। বাব كَرُمَ-এর মাসদার। পবিত্র কুরআনে এটি বাব كَرُمَ থেকেই বর্ণিত হয়েছে।

شَيْبَةً : শুভ্রতা; বার্ধক্য। এটি বাব ضَرَبَ-এর মাসদার।

عَلِيْمٌ : সর্বজ্ঞ। عَلِيْمٌ সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; বাব سمع মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

قَدِيْرٌ : **শক্তিমান**। ক্ষমতাশালী। قَدِيْرٌ সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২১ দ্রষ্টব্য]

আয়াত : ৫৫

تَقُوْمُ : **অনুষ্ঠিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাড়ানো; অনুষ্ঠিত হওয়া; সংঘটিত হওয়া।

يُقْسِمُ : **তারা শপথ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْسَامُ মূলবর্ণ (ق ـ س ـ م) অর্থ– শপথ করা; কসম খাওয়া।

اَلْمُجْرِمُوْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

مَا لَبِثُوْا : **তারা অবস্থান করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ ث) মাসদার اَللُّبْثُ অর্থ– অবস্থান করা; দীর্ঘ সময় পর্যন্ত থাকা।

سَاعَةٍ : **কিয়ামত দিবস**। সময়, মুহূর্ত; রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَةٌ বলা হয়। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই سَاعَة শব্দ এসেছে সেখানে এর অর্থ– কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, কালের মুহূর্তসমূহের মধ্য থেকে যে কোনো মুহূর্তকে سَاعَة বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন– اِقْتَرَبَ السَّاعَةُ / يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ / وَعِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ইত্যাদি আয়াত এর প্রমাণ।

كَانُوْا يُؤْفَكُوْنَ : **তারা সত্যভ্রষ্ট হতো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي استمراري مجهول বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِفْكُ অর্থ– মিথ্যা বলা; ফিরে যাওয়া; সত্যভ্রষ্ট হওয়া।

আয়াত : ৫৬

اُتُوْا : **তাদেরকে দান করা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; দেওয়া।

لَبِثْتُمْ : **তোমরা অবস্থান করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব سَمِعَ মাসদার اَللُّبْثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা; দীর্ঘ সময় পর্যন্ত থাকা।

يَوْمُ الْبَعْثِ : **পুনরুত্থান দিবস**। يَوْمُ মুযাফ اَلْبَعْثِ মুযাফ ইলাইহি। بَعْثٌ বাব فَتَحَ-এর মাসদার, যার প্রকৃত অর্থ– প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো। কিন্তু قرينة ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের জন্য بَعْث শব্দ ব্যবহার হলে তার অর্থ হবে– উটকে হাঁকানো, চালানো। মৃতব্যক্তিদের জন্য হলে তখন অর্থ হবে– পুনরুত্থিত হওয়া। রাসূলগণের জন্য হলে অর্থ হবে– রাসূল বানিয়ে প্রেরণ করা। মোটকথা আলামত ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ বুঝে নিতে হবে।

আয়াত : ৫৭

لَا يَنْفَعُ : **তা কাজে আসবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকারে আসা; কল্যাণকর হওয়া। কাজে আসা।

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে। তারা অস্বীকার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

مَعْذِرَةٌ : **ওজর-আপত্তি**। একবচন, বহুবচন– مَعَاذِيْرُ মাসদার اَلْعُذْرُ অর্থ– ওজর আপত্তি করা; দায়িত্ব হতে মুক্ত হওয়া।

لَا هُمْ يُسْتَعْتَبُوْنَ : **তাদের কোনো ওজর গৃহীত হবে না/তাদেরকে আল্লাহর সন্তুষ্টি লাভের সুযোগও দেওয়া হবে না**। لَا يُسْتَعْتَبُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ت ـ ب) মাসদার اَلْاِسْتِعْتَابُ অর্থ– ওজর-আপত্তি গ্রহণ করা। সন্তুষ্টি কামনা করা। জালালুদ্দীন মহল্লী (র.) এ শব্দের ব্যাখ্যায় লিখেছেন– لَا يُطْلَبُ مِنْهُمْ اَنْ يَرْضَوْا رَبَّهُمْ بِالتَّوْبَةِ وَالطَّاعَةِ لِاَنَّهَا لَا تَنْتَفِعُ يَوْمَئِذٍ তাদের থেকে এ কথা আশা করা হবে না যে, তওবা-ইস্তিগফার করে তারা

আল্লাহর সন্তুষ্টি অর্জন করে নিবে, কেননা সেদিন এ কাজ কোনো ফলপ্রসূ হবে না। আল্লামা বগভী (র.) লিখেছেন– لَا يَكَادُ يَرْضُوا رَبَّهُمْ لِأَنَّ الْآخِرَةَ لَيْسَتْ بِدَارِ التَّكْلِيفِ [কিয়ামতের দিন তারা আল্লাহকে সন্তুষ্ট করার জন্য مكلف [বাধ্য] হবে না। কেননা পরকাল دَارُ التَّكْلِيفِ [আমলের স্থান] নয়; বরং তা হলো دَارُ الْجَزَاءِ তথা প্রতিদানের স্থান। আল্লামা যমখশরী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন– لَا يُسْتَرْضَوْنَ أَيْ لَا يُقَالُ لَهُمْ رَضُوا رَبَّهُمْ অর্থাৎ তাদেরকে বলা হবে না যে, তোমরা আল্লাহকে সন্তুষ্ট করে নাও। শব্দটি عُتْبَى থেকে সংগৃহীত। যার অর্থ হলো সন্তুষ্টি। রূহুল মা'আনী এর গ্রন্থকার লিখেছেন– اَلْإِعْتَابُ إِزَالَةُ الْعَتْبِ أَيْ اَلْغَضَبُ وَالْغِلْظَةُ وَالْاِسْتِعْتَابُ طَلَبُ ذٰلِكَ অর্থাৎ إِعْتَابٌ অর্থ হলো অসন্তুষ্টিকে দূর করা; আর إِسْتِعْتَابٌ অর্থ হলো طَلَبُ الْإِعْتَابِ অর্থাৎ অসন্তুষ্টিকে দূর করার কামনা। যেমন কারো থেকে এই কামনা করা যে, সে যেন তোমার অসন্তুষ্টিকে দূর করে দেয় এবং তোমাকে সন্তুষ্ট করে নেয়।

আয়াত : ৫৮

ضَرَبْنَا : আমি বর্ণনা করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ (ض . ر . ب) অর্থ– প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থটিই উদ্দেশ্য। ضَرْبُ الْمَثَلِ অর্থ– উপমা দেওয়া; উদাহরণ বর্ণনা করা। ضَرَبَ اللّٰهُ مَثَلًا অর্থ– আল্লাহ তা'আলা উপমা বর্ণনা করেছেন। তাছাড়া পবিত্র কুরআনের যেখানেই ضَرْب শব্দ এসেছে তা উপমা বা দৃষ্টান্ত বর্ণনার অর্থের জন্যই এসেছে।

لَئِنْ جِئْتَهُمْ : তুমি যদি তাদের নিকট উপস্থিত কর। লামটি لام كى ; ان হরফে শর্ত। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ মূলবর্ণ (ج . أ . ي) আসা। এর সেলা যদি باء হয় তখন অর্থ হয়– আনা; নিয়ে আসা; উপস্থিত করা।

لَيَقُوْلَنَّ : অবশ্যই সে বলবে। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق . و . ل) অর্থ– বলা।

আয়াত : ৫৯

يَطْبَعُ : তিনি মোহর করে দেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط . ب . ع) অর্থ– মোহর মারা; মোহরাঙ্কিত করা; সিল মারা।

قُلُوْبِ : হৃদয়; অন্তর। বহুবচন, একবচন– قَلْبٌ

আয়াত : ৬০

اِصْبِرْ : তুমি ধৈর্যধারণ কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص . ب . ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– صَبْر অর্থ নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো– جَزَع [অস্থিরতা, উৎকণ্ঠা]। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে– شَجَاعَة বা বীরত্ব , جُبْن [ভীরুতা] হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্ণকারী বিপদের সময় হলে তাকে বলা হবে رحب الصدر [প্রসন্নতা; উদারতা]; ضَجْر [সঙ্কীর্ণতা] হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে كِتْمَانٌ [গোপন করা] আর مُذِلٌ [কথা ফাঁস করে দেওয়া] হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

لَا يَسْتَخِفَّنَّكَ : তারা তোমাকে বিচলিত করতে পারে না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع بانون ثقيلة বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِخْفَافُ মূলবর্ণ (خ . ف . ف) অর্থ– হালকা মনে করা; বিচলিত করা। ك যমীর মাফঊলে বিহী।

لَا يُوْقِنُوْنَ : তারা নিশ্চিতভাবে বিশ্বাস করে না/ তারা দৃঢ় বিশ্বাসী নয়। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْقَانُ মূলবর্ণ (ي . ق . ن) অর্থ– বিশ্বাস করা; নিশ্চিতভাবে জানা।

সূরা লুকমান : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩৪ রুকূ' : ৪

আয়াত : ১

الٓمٓ : **আলিফ- লাম- মীম**। এগুলো হরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّى -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি। এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) ও খলীফা চতুষ্টয় এবং ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে নানা ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ [এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।] –[বিস্তারিত সূরা বাক্বারা الٓمٓ দেখুন]

আয়াত : ২

آيَاتُ : **নিদর্শন/আয়াত**। এটি اٰيَةٌ -এর বহুবচন ; এটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন– নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতকে আয়াত নামকরণের কারণসমূহ নিম্নরূপ–

১. اية অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআনে মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।

২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুরআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।

৩. আবার কেউ বলেছেন আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলা হয়।

اَلْكِتَابِ : **কিতাব**। **গ্রন্থ**। একবচন, বহুবচন كُتُبٌ ; এটি মাসদার যা মাফঊল তথা مَكْتُوْبٌ অর্থে– ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ শব্দটি অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন, আসামানি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূয; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আমলনামা; আল্লাহ প্রদত্ত দলিল। পবিত্র কুরআনে কুরআনেরও অনেকগুলো নাম উল্লেখ করা হয়েছে। যেমন– কুরআন; কিতাব; তানযীল; ফুরকান; যিকর ইত্যাদি।

اَلْحَكِيْمِ : **প্রজ্ঞাময়**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبة এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কারণ প্রকৃত প্রজ্ঞাময় তো তিনিই।

আয়াত : ৩

هُدًى : **পথনির্দেশ**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। যা هَادٍ তথা ইসমে ফা'য়েল অর্থে ব্যবহৃত হয়েছে। মাসদারের অর্থ– সৎপথে পরিচালিত করা; রাস্তা দেখানো; পথের সন্ধান দেওয়া।

رَحْمَةً : **দয়া**। **অনুগ্রহ; দান**। এটি বাব سَمِعَ -এর মাসদার। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح - س - ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সুন্দর করা; অনুগ্রহ করা; সৎকর্ম করা।

আয়াত : ৪

يُقِيْمُوْنَ : **তারা কায়েম করে; আদায় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقَامَةُ অর্থ– দেওয়া, প্রদান করা।

يُؤْتُوْنَ : **তারা দেয়, তারা প্রদান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– প্রদান করা।

اَلزَّكٰوةَ : **পরিষ্কার-পরিচ্ছন্নতা**। এটি تَزْكِيَةٌ থেকে ইসম। আল্লামা যামাখশারী সূরা মু'মিনে লিখেন, জাকাত সত্তা এবং অর্থ উভয়ের মধ্যে মুশতারাক

ইসম। অতএব সত্তা হলো– নিসাবের ঐ পরিমাণ, যা জাকাতদাতা বের করে ফকিরকে দিয়ে দেয়। আর অর্থ হলো– জাকাতদাতার কাজ যার নাম تَزْكِيَة বা আত্মশুদ্ধি।

يُوْقِنُوْنَ : তারা বিশ্বাস করে, তারা জানে, তারা একিন রাখে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِيْقَانُ অর্থ– বিশ্বাস করা, জানা।

আয়াত : ৬

يَشْتَرِىْ : সে ক্রয় করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ش . ر . ى) মাসদার اَلْاِشْتِرَاءُ অর্থ– ক্রয় করা; বিক্রয় করা। [বিপরীতার্থক]

لَهْوَ الْحَدِيْثِ : অসার বাক্য। لَهْوَ মুযাফ, الْحَدِيْثِ মুযাফ ইলাইহি। মূলত ছিল لَهْوًا مِنَ الْحَدِيْثِ ; لَهْو অর্থ– ক্রীড়া-কৌতুক; অনর্থক; অসার। আর حَدِيْث অর্থ– কথা; কিসসা; মুফাসসির বায়যাভী ও যমখশারী (র.) লিখেছেন لَهْو খাস, আর حَدِيْث হলো عَام ; কেননা কিসসা উপকারীও হয় আবার অনর্থকও হয়। অথবা لَهْو হবে عَام ; কারণ ক্রীড়া-কৌতুক কিসসা ব্যতীতও হয়ে থাকে। মোটকথা এটি مِنْ দ্বারা ইযাফত হয়েছে। –[তাফসীরে বায়যাভী ও কাশশাফ] لَهْو শব্দটি ইসমে মাসদার। সৌজন্যতা পরিহার করে কৌতুকের দিকে আকৃষ্ট হওয়াকে لَهْو বলা হয়। [আবুসসাউদ] মূলত لَهْو বলা হতো جماع বা স্ত্রী সহবাসকে। পরবর্তীতে নারীকে لَهْو বলা হতো; অতঃপর যে কোনো জ্ঞানসুলভ আনন্দ-বিনোদনকে لَهْو বলা হতে থাকে। –[মু'জামুল কুরআন]

لَهْوَ الْحَدِيْثِ বা অসার বাক্য দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে। যথা–

১. কালবী ও মুকাতিল (র.) বলেন, নাযর বিন হারিস ইরাক থেকে কিছু অনারবী উপাখ্যান ও কিসসার বই কিনে মক্কায় নিয়ে এসে কুরাইশদেরকে সমবেত করে তা শুনাত এবং বলত, মুহাম্মদ তোমাদেরকে 'আদ, ছামূদের প্রাচীন কিসসা শুনায়, আমি তোমাদেরকে রুস্তম ও ইস্কান্দীরিয়ার কিসসা শুনাই। তখন এতদ্ সংক্রান্ত এ আয়াতগুলো অবতীর্ণ হয়।

২. কিছু নির্ভরযোগ্য বর্ণনামতে উক্ত নযর বিন হারিছ কতিপয় নর্তকী বাদী দ্বারা নৃত্য করাত; এবং নৃত্য ও আমোদ-প্রমোদের আসর জমাত; যেন লোকেরা কুরআন শ্রবণের প্রতি আকৃষ্ট না হয়। لَهْوَ الْحَدِيْثِ দ্বারা এ ধরনের নৃত্য ও আমোদ-প্রমোদ উদ্দেশ্য।

৩. আবুসসাবা বলেন, আমি হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.)-কে এ সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেন– وَاللّٰهِ الَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ هُوَ الْغِنَاءُ– [আল্লাহর শপথ! এ দ্বারা গান-বাজনা ও সংগীত উদ্দেশ্য। (رَوَاهُ الْخَطِيْبُ فِى السِّرَاجِ الْمُنِيْرِ)

৪. এ ছাড়া হযরত ইবনে আব্বাস (রা.) হাসান বসরী, রদ্দুল মুখতারের গ্রন্থকার প্রমুখের মতেও لَهْو الْحَدِيْث দ্বারা গান ও সংগীত উদ্দেশ্য। সুতরাং ২, ৩ ও ৪ নং বর্ণনামতে يَشْتَرِىْ দ্বারা ক্রয় করা উদ্দেশ্য নয়; বরং এর দ্বারা উদ্দেশ্য কুরআন শ্রবণের পরিবর্তে গান-বাজনাকে অবলম্বন করা। –[খতীব]

৫. উভয়টিই উদ্দেশ্য হতে পারে।

لِيُضِلَّ : যেন সে বিভ্রান্ত করতে পারে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ض . ل . ل) মাসদার اَلْاِضْلَال অর্থ– পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা; বিপথগামী করা।

يَتَّخِذَ : সে বানায়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (أ . خ . ذ) মাসদার الاتخاذ অর্থ– বানানো; করা; গ্রহণ করা।

هُزُوًا : বিদ্রূপস্বরূপ। বাব فَتَحَ -এর মাসদার, যা ইসমে মাফঊল অর্থে ব্যবহৃত হয়েছে।

مُهِيْنٌ : লাঞ্ছনাদায়ক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَال মূলবর্ণ (ه . و . ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– অপমান করা; লাঞ্ছিত করা।

আয়াত : ৭

تُتْلٰى : পাঠ করা হয়। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت . ل . و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা।

وَلّٰى : সে মুখ ফিরিয়ে নিয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و . ل . ى) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করে পালানো।

مُسْتَكْبِرًا : দম্ভভরে। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; দম্ভ করা।

وَقْرًا : বধিরতা। এটি ইসম; মাসদারী অর্থ– বধিরতা।

فَبَشِّرْهُمْ : তুমি তাদেরকে সুসংবাদ দাও। فَا জাযাইয়্যা, بَشِّرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْر অর্থ– সুসংবাদ দেওয়া। هم যমীর মাফউল। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

عَذَابٍ : শাস্তি। একবচন; বহুবচন– اَعْذِبَةٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৭ দ্রষ্টব্য]

اَلِيْمٍ : মর্মন্তুদ। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه

আয়াত : ৮

عَمِلُوْا : তারা আমল করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা।

جَنّٰتُ النَّعِيْمِ : সুখময় জান্নাত/সুখদ কানন। جَنَّةٌ একবচন, বহুবচন– جَنَّاتٌ ; اَلنَّعِيْمُ অর্থ– সুখময়।

আয়াত : ১০

عَمَدٍ : স্তম্ভ। এটি বহুবচন; একবচন– عِمَادٌ ; আল্লামা আহমদ ফাইউমী (র.) লিখেছেন– عِمَادٌ এমন বস্তু যার উপর ভর দেওয়া হয়। ইমাম রাগেব (র.)-ও এ অর্থই লিখেছেন। কিন্তু কামূস গ্রন্থকার লিখেছেন– عِمَادٌ অর্থ– উঁচু অট্টালিকা এবং তিনি এটাকে عِمَادَةٌ -এর বহুবচন লিখেছেন। এটি مؤنث -ও ব্যবহার হয়।

رَوَاسِىَ : পর্বত; পাহাড়। এটি رَاسِيَةٌ-এর বহুবচন। স্থিতিশীল পাহাড়ের জন্য এর ব্যবহার হয়।

اَنْ تَمِيْدَ بِكُمْ : যেন তা তোমাদেরকে নিয়ে আন্দোলিত না হয়। تميد সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَيْدُ মূলবর্ণ (م ـ ي ـ د) অর্থ– কোনো বিশাল বস্তুকে নিয়ে নড়াচড়া করা।

بَثَّ : তিনি ছড়িয়ে দিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلْبَثُّ মূলবর্ণ (ب ـ ث ـ ث) অর্থ– বিক্ষিপ্ত করা; ছড়ানো। এ কারণেই মাটি উড়া এবং চিন্তায় অস্থির হওয়া এবং রহস্য উন্মোচন করার জন্য بَثٌّ -এর ব্যবহার হয়ে থাকে। وَبَثَّ فِيْهَا مِنْ كُلِّ دَآبَّةٍ [তিনি বিক্ষিপ্ত করেছেন তাতে সর্বপ্রকার জীব] এ আয়াতে بث অর্থ– সৃষ্টি করা।

دَآبَّةٍ : বিচরণশীল প্রাণী। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (د ـ أ ـ ب) মাসদার اَلدَّأْبُ অর্থ– হামাগুড়ি দিয়ে চলা। [বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬ দ্রষ্টব্য]

اَنْۢبَتْنَا : আমি উদ্‌গত করেছি; উৎপন্ন করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ– গজানো; উদ্‌গত করা; উৎপন্ন করা।

كَرِيْمٍ : সম্মানজনক। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْكَرَمُ ও اَلْكَرَامَةُ অর্থ– সম্মানিত হওয়া।

আয়াত : ১১

خَلْقُ : সৃষ্টি। সৃষ্টি করা; বানানো। এটি বাব نَصَرَ-এর মাসদার। মূলত خَلْق অর্থ সঠিক নমুনা স্থির করা। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য]

اَرُوْنِىْ : তোমরা আমাকে দেখাও। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ– দেখানো; দেখা দেওয়া। ياء متكلم মাফউলে বিহী।

دُوْنِهٖ : তাকে ব্যতীত; তাকে ছাড়া। যা কোনো কিছুর নিচে হয় তাকে دُوْنَ বলা হয়। কারো কারো মতে এটি دُنُوّ -এর مقلوب বা পরিবর্তিত রূপ। যার অর্থ– নিকটবর্তী। ইমাম সুয়ূতী (র.) লিখেছেন دُوْنَ যরফ হয়ে ব্যবহার হয়। যা فَوْقَ -এর বিপরীতার্থক শব্দ। প্রসিদ্ধ মত অনুযায়ী এটি معرب হয় না। আবার কারো মতে معرب হয়। যেমন– وَمِنَّا دُوْنَ ذٰلِكَ এখানে পেশযোগে ও যবরযোগে উভয়ভাবেই পড়া যায়। এটি আবার اسم হয়েও ব্যবহার হয়। তখন غَيْرَ -এর অর্থে হবে। যেমন– اِتَّخَذَ مِنْ دُوْنِهٖ اٰلِهَةً – دُوْنَ -টি غَيْر -এর অর্থে হয়েছে। অবস্থার

পার্থক্য বর্ণনার জন্যও এর ব্যবহার হয়ে থাকে। যেমন– زَيْدٌ دُوْنَ عَمْرو [যায়েদ আমরের নিচে] অর্থাৎ জ্ঞান-বিজ্ঞান বা দুষ্টামীতে তার চেয়ে নিচে।

ضَلَالٍ : **বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া**। আল্লামা জালাল কারশী লিখেছেন– ضَلَالٌ অর্থ– নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ। পানি পরাভূত (কম) হয়েছে যে দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না। সূরা ইউসূফের এ আয়াত– إِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ [আমাদের পিতা তাদের দুজনের মহব্বতে পরাভূত] ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– ضَلَالٌ অর্থ সঠিক রাস্তা থেকে বিচ্যুত হওয়া। هِدَايَةٌ হলো এর বিপরীতার্থক শব্দ। যেমন– فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِه وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ; পথচ্যুত হওয়া যে কোনো ভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে কম বা অধিক সর্বাবস্থায়ই তাকে ضَلَالٌ বলা হবে। এ কারণেই পয়গাম্বর এবং কাফের উভয়ের জন্যই ضَلَالٌ শব্দের ব্যবহার হয়েছে। যদিও উভয়ের ضَلَالٌ-এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। যেমন রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى، [অর্থাৎ যে নবুওয়ত রাসূল ﷺ-এর প্রতি অবতীর্ণ হয়েছে সে সম্পর্কে তিনি পূর্বে জ্ঞাত ছিলেন না] হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে– اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ হযরত মূসা (আ.) নিজে বলেন– وَاَنَا مِنَ الضَّالِّيْنَ

مُبِيْنٍ : **স্পষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْإِبَانَةُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ– স্পষ্ট করা; প্রকাশ করা।

আয়াত : ১২

اٰتَيْنَا : **আমি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ معروف ماضى বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اِتْيَانٌ আসা। এর সেলা بـاء আসার কারণে অর্থ হবে নিয়ে আসা, আনা।

لُقْمَانَ : **হযরত লোকমান (আ.)**। বংশ তালিকা এরূপ– লুকমান বিন আওয়ার বিন নাহূর বিন তারিখ অর্থাৎ আযর। [হযরত ইবরাহীম (আ.)-এর পিতা] ওয়াহহাব বিন মুনাব্বিহ বলেন– তিনি আইয়ূব (আ.)-এর ভাতিজা ছিলেন। মুকাতিল বলেন, তিনি হযরত আইয়ূব (আ.)-এর খালাতো ভাই ছিলেন। ওয়াকেদী বলেন তিনি হযরত দাউদ (আ.)-এর পূর্বে বনী ইসরাইলের বিচারপতি ছিলেন। খালিদ বরঈ বলেন, তিনি হাবশী গোলাম ছিলেন। কাঠমিস্ত্রির কাজ করতেন। সাঈদ ইবনে মুসায়্যিব বলেন, তিনি দর্জি ছিলেন। কারো কারো মতে, তিনি রাখাল ছিলেন। মুজাহিদ বলেন, তিনি নওবার অধিবাসী ছিলেন এবং কৃষ্ণাঙ্গ ছিলেন, তাঁর মোটা মোটা ঠোঁট ঝুলে ছিল। –[মা'আলিম] তবে তিনি কি ছিলেন সে সম্পর্কে মতভেদের অন্ত নেই। তবে এ কথা সঠিক যে, তিনি ছিলেন একজন একত্ববাদী, জ্ঞানী, বিচক্ষণ, আমলদার, উপদেশদাতা, বিশ্বস্ত পরিচ্ছন্ন চিন্তা-চেতনার অধিকারী একজন স্বচ্ছ ব্যক্তি। হযরত ইকরিমা (রা.) ব্যতীত কেউ তাকে নবী বলেননি। আরবি এ শব্দটি غير منصرف সম্ভবত এ কারণে যে, অনারবী নাম, অথবা এ কারণে যে, এর শেষে আলিফ নূন আছে আবার এটি নামও।

اَلْحِكْمَةَ : **হিকমত; প্রজ্ঞা**। এটি একবচন; বহুবচন– حِكَمٌ ; যাবতীয় বিষয়বস্তুকে সঠিক জ্ঞান দ্বারা জানাকে হিকমত বলা হয়। তাছাড়া حِكْمَتْ দ্বারা ইলমে নববীও উদ্দেশ্য হয়ে থাকে।

اُشْكُرْ : **তুমি কৃতজ্ঞতা প্রকাশ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা। উল্লেখ্য شُكْر বা কৃতজ্ঞতা তিন প্রকার।

১. অন্তরে অনুগ্রহের স্মরণ রাখা।
২ মুখে অনুগ্রহকারীর প্রশংসা করা।
৩. সামর্থ্য অনুযায়ী নিয়ামতের প্রতিদান দেওয়া।

আয়াত : ১৩

يَعِظُهٗ : **সে তাকে উপদেশ দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَعْظُ ও اَلْعِظَةُ মূলবর্ণ (و ـ ع ـ ظ) অর্থ– উপদেশ দেওয়া; নসিহত করা। ভয়মিশ্রিত উপদেশকে وَعْظ বলা হয়। –[রাগেব] এমনভাবে সৎকর্মের উপদেশ দেওয়া যাতে হৃদয় বিগলিত হয় তাকে ওয়াজ বলে। –[খলীল]

لَا تُشْرِكْ : **তুমি শিরক করবেনা**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف منفى বাব إِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْإِشْرَاكُ অর্থ– শিরক করা; শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

ظُلْمٌ : **জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা।** ظُلْم -এর প্রকৃত অর্থ– অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত ৫৪ দ্রষ্টব্য]

আয়াত : ১৪

وَوَصَّيْنَا : **আমি নির্দেশ প্রদান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ص ـ ي) মাসদার اَلتَّوْصِيَةُ অর্থ– অসিয়ত করা; আদেশ প্রদান করা; উপদেশ দেওয়া; নির্দেশ দেওয়া।

حَمَلَتْهُ : **সে তাকে গর্ভে ধারণ করল**। فاء হরফে আত্ফ। حَمَلَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা; গর্ভধারণ করা।

وَهْنٍ : **দুর্বলতা**। এটি বাব ضَرَبَ -এর মাসদার।

فِصَالٌ : **শিশুর দুধ ছাড়ানো**। ইসমে ফে'ল। এটি বাব مفاعلة -এর মাসদার। অর্থ– একে অপর থেকে বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া।

اَلْمَصِيْرُ : **প্রত্যাবর্তনস্থল**। বহুবচন مَصَائِرُ মূলবর্ণ (ص ـ ى ـ ر) অর্থ– প্রত্যাবর্তন করা।

আয়াত : ১৫

اِنْ جَاهَدٰكَ : **যদি তারা উভয়ে পীড়াপীড়ি করে/ তোমাকে জোর করে**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ ه ـ د) মাসদার اَلْمُجَاهَدَةُ অর্থ– জিহাদ করা; চেষ্টা চালানো; কষ্ট করা; পরিশ্রম করা। শত্রুর বিরুদ্ধে যা সম্ভব হয় তাই করার নাম জিহাদ। জিহাদ তিন প্রকার। ১. ইসলামের শত্রুর সাথে। ২. শয়তানের সাথে। ৩. নফসের সাথে। আবার জিহাদ তিন বস্তু দ্বারা হয়ে থাকে। জবান দ্বারা, হাত দ্বারা ও অন্তর দ্বারা। ك যমীর মানসূব মুত্তাসিল মাফউল।

اَنْ تُشْرِكَ : **তুমি শিরক কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف منصوب بان বাব إِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْإِشْرَاكُ অর্থ– শিরক করা; শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

لَا تُطِعْ : **তুমি আনুগত্য করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْإِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা।

صَاحِبْهُمَا : **তাদের সঙ্গে বসবাস কর**। صَاحِبْ সীগাহ واحد مذكر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ص ـ ح ـ ب) মাসদার اَلْمُصَاحَبَةُ অর্থ– বন্ধুত্ব করা; সংস্পর্শে আসা।

مَعْرُوْفًا : **সৎকার্য**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ وَ الْعِرْفَانُ অর্থ– জানা; চিনা; হৃদয়ঙ্গম করা। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২২৮ দ্রষ্টব্য]

اِتَّبِعْ : **তুমি অনুসরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معوف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْإِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; অনুগামী হওয়া।

اَنَابَ : **সে অভিমুখী হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْإِنَابَةُ অর্থ– ফিরে আসা; প্রত্যাবর্তন করা।

مَرْجِعُكُمْ : **তোমাদের প্রত্যাবর্তন**। مَرْجِعُ মাসদার মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। –[বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৫৫ দ্রষ্টব্য]

فَاُنَبِّئُكُمْ : **আমি তোমাদেরকে অবহিত করব**। فاء হরফে আত্ফ। اُنَبِّئُ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– অবহিত করা; সংবাদ দেওয়া; জানিয়ে দেওয়া। كُمْ যমীর মাফউলে বিহী।

مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ : **তোমরা যা করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– করা; আমল করা; সৎকার্য করা।

আয়াত : ১৬

يٰبُنَيَّ : হে আমার পুত্রগণ! يَا আহ্বানসূচক অব্যয়। بُنَيَّ শব্দটি اِبْنٌ -এর تصغير ; بُنَيَّ মুযাফ ي মুযাফ ইলাইহি। ইযাফতের কারণে يَاء কে يَاء -এর মধ্যে ইদগাম করা হয়েছে। ইযাফতের কারণে ي পড়ে গেছে।

اِنْ تَكُ : যদি হয়। اِنْ হরফে শর্ত। تَكُ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . و . ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া। تَكُ মূলত تَكُوْنُ ছিল। ان شرطية -এর কারণে হরফে ইল্লত واو পড়ে গেছে। আর نون -কে خلاف قياس হরফে ইল্লতের সামঞ্জস্যে অধিক ব্যবহারের কারণে সহজিকরণার্থে ফেলে দেওয়া হয়েছে।

مِثْقَالَ : সমপরিমাণ। বহুবচন مَثَاقِيْلُ ১-৩/৭ ওজনের পরিমাপ পাত্রবিশেষ। আয়াতে প্রথম অর্থই উদ্দেশ্য।

حَبَّةٍ : দানা/বীজ। একবচন, বহুবচন– حُبُوْبٌ

خَرْدَلٍ : সরিষা; রাই।

فَتَكُنْ : অতঃপর তা হয়ে যায়। فا তা'কীবিয়্যাহ, تكن সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . و . ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া; সংঘটিত হওয়া। تَكُنْ মূলত تَكُوْنُ ছিল। جواب شرط -এর কারণে শেষের নূন সাকিন হয়ে গেছে। نون ও واو এই সাকিন একত্র হওয়ার কারণে واو পড়ে গেছে। এভাবে تَكُنْ হয়েছে।

اَلصَّخْرَةِ : শক্ত ও বড় পাথর। صُخُوْرٌ ও صَخْرٌ হলো এর একবচন।

يَأْتِ : তিনি উপস্থিত করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ . ت . ي) অর্থ– আসা; উপস্থিত হওয়া। -এর সেলা بِاء হওয়ার কারণে অর্থ– আনা; উপস্থিত করা। يَأْتِ মূলত يَأْتِي ছিল। جزاء -এর স্থলে হওয়ার কারণে শেষ থেকে ی বিলুপ্ত হয়ে গেছে।

لَطِيْفٌ : সূক্ষ্মদর্শী। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ل . ط . ف) মাসদার اَللُّطْفُ অর্থ– সদয় হওয়া; অনুগ্রহ করা; বন্ধুভাবাপন্ন হওয়া। বাব كَرُمَ থেকে মাসদার اَللَّطَافَةُ অর্থ– কোমল হওয়া; সূক্ষ্ম হওয়া; কমনীয় হওয়া; পাতলা হওয়া; মনোরম হওয়া। কোনো দেহ لَطِيْف হওয়ার অর্থ হলো– নাজুক হওয়া; সরু হওয়া। কোনো কথা لَطِيْف হওয়ার অর্থ– হলো সূক্ষ্ম হওয়া; এর অর্থ গোপন হওয়া। নড়াচড়া لَطِيْف হওয়ার অর্থ– ক্ষীপ্র হওয়া; দ্রুত হওয়া। لُطْف অর্থ– নম্রতা; কোমলতা। لُطْفِ اِلٰهِيّ অর্থ হলো– আল্লাহর অনুগ্রহ; নেক কাজের সামর্থ্য; পাপকার্য থেকে বেঁচে থাকা। –[কামূস, আকরাবুল মাওয়ারিদ]

خَبِيْرٌ : সম্যক পরিজ্ঞাত। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব كَرُمَ মূলবর্ণ (خ . ب . ر) মাসদার اَلْخَبَرُ অর্থ– সম্যক অবহিত হওয়া; উত্তমরূপে জানা।

আয়াত : ১৭

يٰبُنَيَّ : হে আমার বৎস! এটি اِبْنٌ -এর তাসগীর। يَاء متكلم -এর দিকে মুযাফ হয়েছে। ইযাফতের কারণে ی -কে ی -এর মাঝে ইদগাম করা হয়েছে।

اَقِمِ الصَّلٰوةَ : তুমি সালাত কায়েম কর। اَقِمْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق . و . م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– সোজা করা; কায়েম করা।

صَلٰوةَ : সালাত; নামাজ। একবচন; বহুবচন– صَلَوَاتٌ অর্থ– নামাজ; দোয়া; প্রার্থনা।

اِنْهَ : তুমি নিষেধ কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن . ه . ي) মাসদার اَلنَّهْيُ অর্থ– বাধাপ্রদান করা; নিষেধ করা; বিরত রাখা।

اَلْمُنْكَرِ : অসৎকর্ম। সীগাহ واحد مذكر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن . ك . ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; প্রত্যাখ্যান করা।

اِصْبِرْ : তুমি ধৈর্যধারণ কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص . ب . ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

مَآ اَصَابَكَ : যা তোমার কাছে পৌঁছায়। ما মাউসূলা اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص . و . ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছানো। ك যমীর মাফঊল।

عَـزْم : **দৃঢ়সংকল্প**। বাব ضَـرَبَ-এর মাসদার। এখানে عَزْم মাসদারটি مَـعْـزُوْم অর্থে ব্যবহৃত হয়েছে। ইমাম ফখরুদ্দীন রাযী (র.) লিখেছেন– عَـزْم অর্থ– সুদৃঢ় হওয়া; পরিপক্ক হওয়া।

কাজি শাওকানী ফতহুল কাদীরে লিখেছেন, কোনো কোনো মুফাসসির عَـزْم অর্থ– ধৈর্যধারণও নিয়েছেন লোগাতেও এ অর্থের সমর্থন পাওয়া যায়। বলা হয়– لِـفُـلَان عَـزْمٌ [অমুকের মধ্যে গুনাহ থেকে বাঁচার ব্যাপারে ধৈর্য ও অবিচলতা রয়েছে।] আয়াতেও রয়েছে– فَاصْبِرْ كَمَا صَبَرَ أُولُو الْعَزْمِ مِنَ الرُّسُلِ– এখানেও عَزْم দ্বারা ধৈর্যই উদ্দেশ্য। –[ফতহুল কাদীর, খ. ৩, পৃ. ৩৫৬]

أُمُـوْر : **বিষয়াবলি; কাজ; আচার-ব্যবহার; লেনদেন**। এটি امر -এর বহুবচন।

আয়াত : ১৮

لَا تُصَعِّـرْ : **তুমি অহংকারবশত কাউকে অবজ্ঞা করো না**। সীগাহ نهى حاضر বহছ واحد مذكر حاضر বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ع ـ ر) মাসদার معروف تَصْعِيْر অর্থ– অহংকারবশত মুখ ফিরিয়ে নেওয়া। মূলত صَعَّرَ خَدَّهٗ-এর শাব্দিক অর্থ "সে তার মুখ ফিরিয়ে নিয়েছে"। এটা একটি আরবি বাগধারা, যার অর্থ অহংকারবশে কাউকেও অবজ্ঞা করা। –[কাশশাফ, কুরতুবী, সাফওয়াতুল বায়ান ইত্যাদি]

خَـدَّكَ : **তোমার চেহারা**। خَدَّ মুযাফ, كَ যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– خُدُوْدٌ

لَا تَمْشِ : **তুমি বিচরণ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ش ـ ي) মাসদার اَلْمَشْيُ অর্থ– চলা; হাঁটা; বিচরণ করা।

مَـرَحًـا : **দম্ভভরে**। ইসমে ফে'ল। বাব سَـمِـعَ থেকে মাসদারও আসে। তখন অর্থ হবে– গর্ব করা; দম্ভ করা; দর্প করা।

لَا يُحِبُّ : **তিনি ভালোবাসেন না**। সীগাহ واحد مذكر বহছ نفى فعل مضارع معروف غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– ভালোবাসা; মহব্বত করা; পছন্দ করা।

مُخْتَالٍ : **উদ্ধত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ي ـ ل) মাসদার اَلْاِخْتِيَالُ অর্থ– দম্ভভরে চলা; অহংকার করা; নিজের মধ্যে এমন বড়ত্বের খেয়াল করা যা বাস্তবে নেই। خَيَالٌ মূলত এমন মস্তিষ্কপ্রসূত অবস্থাকে বলা হয় যা কোনো ব্যক্তি বা বস্তুর সম্মুখ থেকে হটে যাওয়ার পর মস্তিষ্কে থেকে যায়। এমনিভাবে স্বপ্নের অবস্থাকেও خَيَالٌ বলা হয়। এ সমস্ত অর্থের প্রতি লক্ষ্য রেখে خَيَالٌ ধারণাকে বলা হতে থাকে এবং অহংকার ও গর্বের জন্যও তা ব্যবহৃত হতে থাকে। কারণ অহংকার ও দম্ভ ইত্যাদিরও কোনো বাস্তবতা নেই। ثلاثى مجرد এ বাব سَمِعَ থেকে আসে। -এর মাসদার. خَيْلٌ، خَيْلَةٌ، خَيَلَانٌ، مَخِيْلَةٌ، مَخَالَةٌ، خَيْلُوْلَةٌ সবগুলোর অর্থই ধারণা করা; কল্পনা করা।

فَخُـوْرٍ : **অহংকারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبہ অর্থ– অধিক অহংকারী।

আয়াত : ১৯

اِقْصِدْ : **তুমি মধ্যপন্থা অবলম্বন কর; তুমি সংযত হয়ে চল**। সীগাহ واحد مذكر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ص ـ د) মাসদার اَلْقَصْدُ অর্থ– মধ্যপন্থা অবলম্বন করা; সংযত হয়ে চলা।

مَشْيِ : **পদক্ষেপ; চলন**। বাব ضَرَبَ-এর মাসদার। মূলবর্ণ (م ـ ش ـ ى) জিনস ناقص يائى অর্থ– চলা।

اُغْضُضْ : **তুমি নীচু কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْغَضُّ মূলবর্ণ (غ ـ ض ـ ض) অর্থ– নীচু করা; ঝুঁকা।

صَوْتِ : **সুর; শব্দ; আওয়াজ**। এটি ইসম ও মাসদার। ইসম হলে বহুবচন اَصْوَاتٌ; মাসদার হলে অর্থ হবে শব্দ করা; আওয়াজ করা। বাব نَصَرَ

اَنْكَرَ : **সর্বাপেক্ষা অপ্রীতিকর; সবচেয়ে অপছন্দনীয়**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلنَّكَرُ অর্থ– অপছন্দ করা; খারাপ জানা। বাব كَرُمَ থেকে মাসদার اَلْاِنْكَارَةُ অর্থ– ভীতিপ্রদ হওয়া।

اَلْحَمِيْرِ : **গর্দভ/গাধা**। حِمَارٌ-এর বহুবচন। একবচন حُمُرٌ ও আসে। যেমন– كَاَنَّهُمْ حُمُرٌ مُسْتَنْفِرَةٌ

আয়াত : ২০

اَلَمْ تَرَوْا : তারা কি দেখেনি? শুরুর হামযাটি প্রশ্নবোধক। সীগাহ نفى جمع مذكر حاضر বহছ جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

سَخَّرَ : তিনি নিয়োজিত করে দিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

اَسْبَغَ : তিনি সম্পূর্ণ করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْبَاغُ মূলবর্ণ (س ـ ب ـ غ) অর্থ– সম্পূর্ণ করা; পূর্ণ করা।

نِعَمَهُ : তাঁর অনুগ্রহসমূহ। نِعَمَ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। বহুবচন। একবচন– نِعْمَةٌ অর্থ– আল্লাহর অনুগ্রহ; নিয়ামত।

يُجَادِلُ : সে বিতর্ক করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

هُدًى : পথনির্দেশ। এটি বাব ضَرَبَ-এর মাসদার। যা هَادٍ তথা ইসমে ফায়েল অর্থে ব্যবহৃত হয়েছে। মাসদারের অর্থ– সৎপথে পরিচালিত করা; রাস্তা দেখানো; পথের সন্ধান দেওয়া।

مُنِيْرٍ : দীপ্তিমান। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ر) মাসদার اَلْاِنَارَةُ অর্থ– আলোকিত করা; আলোকিত হওয়া; নিজে আলোকিত হওয়া ও অন্যকে আলোকিত করা।

আয়াত : ২১

اِتَّبِعُوْا : তোমরা অনুসরণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা। কারো কথামতো চলা।

اُنْزِلَ : তা অবতীর্ণ করা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

نَتَّبِعُ : আমরা অনুসরণ করি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা। কারো কথামতো চলা।

وَجَدْنَا : আমি পেয়েছি। সীগাহ جمع متكلم বহছ مَاضِىْ مَعْرُوْف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوجود অর্থ– পাওয়া; অর্জন করা।

يَدْعُوْا : তারা ডাক। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার الدعوة অর্থ– ডাকা; আহ্বান করা।

اَلسَّعِيْرِ : প্রজ্বলিত অগ্নি। فَعِيْلٌ-এর ওজনে مَسْعُوْرٌ অর্থে। বাব فَتَحَ থেকে মাসদার اَلسَّعْرُ অর্থ– প্রজ্বলিত করা।

আয়াত : ২২

يُسْلِمْ : সে আত্মসমর্পণ করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– বাধ্যগত হওয়া; অনুগত হওয়া; আত্মসমর্পণ করা।

مُحْسِنٌ : সৎকর্মপরায়গণ। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সৎকর্ম করা; আমলে উত্তম বৈশিষ্ট্য সংযোজন করা। কাজের মধ্যে اِحْسَانٌ দুভাবে হতে পারে। যথা–

১. কাউকে তার অধিকার থেকে অধিক দান করা এবং নিজের অধিকার কম নেওয়া।

২. নিজের আমলের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা অর্থাৎ ফরজ আদায়ের পর নফল ইত্যাদি আদায় করা। ইবাদতের ক্ষেত্রের اِحْسَان-এর ব্যাখ্যা হাদীসে এভাবে করা হয়েছে–اَنْ تَعْبُدَ اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهُ يَرَاكَ [তুমি ইবাদত কর এমনভাবে যেন তুমি আল্লাহকে দেখছ; আর তা সম্ভব না হলে এমনভাবে কর যেন তিনি তোমাকে দেখছেন] প্রথম অর্থ হিসেবে তার مفعول-এর উপর بَاء বা الى আসে। যেমন– اَحْسِنْ اِلَى زَيْدٍ [যায়েদের সাথে সদাচরণ কর] بِالْوَالِدَيْنِ اِحْسَانًا [পিতামাতার সাথে সদাচরণ কর] আর দ্বিতীয় অর্থে হলে তার মাফঊলের

উপর কোনো হরফে জার আসে না। যেমন– اَحْسِنِ الْوُضُوْءَ [উত্তমরূপে ওজু কর] –[কামূস]

اِسْتَمْسَكَ : **সে দৃঢ়ভাবে ধারণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَال মূলবর্ণ (م ـ س ـ ك) মাসদার اَلْاِسْتِمْسَاكُ অর্থ– দৃঢ় ভাবে ধারণ করা।

بِالْعُرْوَةِ الْوُثْقٰى : **মজবুত হাতল**। بَا হরফে জার عُرْوَة মাউসূফ اَلْوُثْقٰى সিফত। عُرْوَةٌ অর্থ; হাতল। একবচন, বহুবচন– عُرًى ; اَلْوُثْقٰى অর্থ– দৃঢ়; মজবুত। عُرْوَةُ الْوُثْقٰى দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন উক্তি রয়েছে। মুজাহিদ (র.) বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো ঈমান। সুদ্দী (র.) বলেন, ইসলাম উদ্দেশ্য। হযরত ইবনে আব্বাস (রা.), সাঈদ ইবনে যুবাইর ও যাহহাক (রা.) প্রমুখের মতে لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ উদ্দেশ্য। হযরত আনাস ইবনে মালিক (রা.), সালিম ইবনে আবিল জা'দ -এর মতে حُبٌّ فِى اللّٰهِ وَ بُغْضٌ فِى اللّٰهِ উদ্দেশ্য। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫৬ দ্রষ্টব্য]

আয়াত : ২৩

لَا يَحْزُنْكَ : **যেন তোমাকে ক্লিষ্ট না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– দুঃখ করা; চিন্তা করা।

نُنَبِّئُهُمْ : **আমি তাদেরকে অবহিত করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف ; هُمْ যমীর মাফউল। বাব تفعيل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সতর্ক করা; সংবাদ দেওয়া।

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কাজ করা; আমল করা; সৎকর্ম করা।

عَلِيْمٌ : **সর্বজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; জ্ঞাত হওয়া। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ২৪

نُمَتِّعُهُمْ : আমি তাদেরকে ভোগ-বিলাসের উপকরণ দিব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تفعيل মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো। هُمْ যমীর মাফউল।

نَضْطَرُّهُمْ : **আমি তাদেরকে বাধ্য করব**। نَضْطَرُّ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব افتعال মূলবর্ণ (ض ـ ر ـ ر) মাসদার اَلْاِضْطِرَارُ অর্থ– নিরুপায় হওয়া; অনন্যোপায় হওয়া; বাধ্য হওয়া। اِضْطِرَارٌ মূলত اِضْتِرَارٌ ছিল। বাব افتعال -এর تاء কে طاء দ্বারা পরিবর্তন করা হয়েছে। هُمْ যমীর মাফঊলে বিহী।

غَلِيْظٌ : **কঠিন**। সিফাতে মুশাব্বাহ। বহুবচন– غِلَاظٌ

আয়াত : ২৫

لَئِنْ سَأَلْتَهُمْ : **যদি তাদেরকে জিজ্ঞাসা কর**। لام হরফে তাকীদ। ان হরফে শর্ত। سَأَلْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلسُّؤَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা। هم যমীর মাফঊলে বিহী।

لَيَقُوْلُنَّ : **অবশ্যই সে বলবে**। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد با نون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা। [বিস্তারিত সূরা আনকাবূত, আয়াত : ৬১ দ্রষ্টব্য]

اَلْحَمْدُ لِلّٰهِ : **সকল প্রশংসা আল্লাহরই**। আলিফ ও লাম اِسْتِغْرَاقْ -এর জন্য। حَمْد -এর শাব্দিক অর্থ প্রশংসা করা। এটি বাব سَمِعَ -এর মাসদার। পরিভাষায় حَمْد বলা হয় ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক বা না হোক। তাফসীরে মাযহারীতে রয়েছে– اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِىِّ نِعْمَةً كَانَ اَوْ غَيْرَهَا –[বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

আয়াত : ২৬

اَلْغَنِىُّ : **অভাবমুক্ত**। এটি একবচন, বহুবচন– اَغْنِيَاءُ অর্থ– ধনী; অভাবমুক্ত; অমুখাপেক্ষী; বিত্তশালী।

আয়াত : ২৭

اَقْلَامٌ : **কলম**। বহুবচন, একবচন قَلَمٌ ; قَلَمٌ শব্দের শাব্দিক অর্থ হলো কোনো শক্ত বস্তু যেমন নখ, বল্লম

ইত্যাদি কাটা। আর কর্তিত বস্তুকে কলম বলা হয়। কলম দ্বারা লেখার উপকরণ এবং জুয়ার তীর উভয়ই উদ্দেশ্য হয়। এখানে কলম উদ্দেশ্য।

يَمُدُّهُ : **তিনি বৃদ্ধি করেন/ তিনি যুক্ত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِمْدَادُ মূলবর্ণ (م ـ د ـ د) অর্থ– কল্যাণকর কাজে বৃদ্ধি করা। ه যমীর মানসূব মুত্তাসিল ইমাম রাগেব, আবূ উবাইদা ও মাজদুদ্দীন ফিরোজাবাদী (র.) লিখেছেন, কোনো কল্যাণকর বিষয়ে বৃদ্ধির ক্ষেত্রে اَمَدَّ [বাব اِفْعَال] তার مُشْتَقَّاتُ ব্যবহার করা হয়। এবং দুঃখ ও কষ্টের ক্ষেত্রে বৃদ্ধি বর্ণনার জন্য مَدَّ [বাব نَصَرَ] ব্যবহার করা হয়। অর্থাৎ মূলবর্ণ একই; কিন্তু কল্যাণের বৃদ্ধির জন্য ثلاثى مزيد এবং শাস্তি ও দুঃখের বৃদ্ধির জন্য ثلاثى مجرد ব্যবহার অধিকতর করা হয়। আবূ উবায়দা আরো লিখেছেন, বাইরের কোনো কিছু সংযুক্তকরণ ব্যতীত কোনো কিছুতে বৃদ্ধি করার জন্য مَدَّ বলা হয়। আর বাইরের বস্তু দ্বারা বৃদ্ধির জন্য اِمْدَادٌ বলা হয়। যেমন– اَمْدَدْنٰكُمْ بِفَاكِهَةٍ الخ ... وَاِنِّىْ مُمِدُّكُمْ بِاَلْفٍ الخ ..

اَبْحُرٍ : **সমুদ্র**। এ শব্দটি বহুবচন, একবচন– بَحْرٌ

نَفِدَتْ : **তা নিঃশেষ হয়ে যাবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنَّفْدُ ও اَلنَّفَادُ মূলবর্ণ (ن ـ ف ـ د) অর্থ– নিঃশেষ হওয়া।

كَلِمٰتُ : **বাণীসমূহ**। এ শব্দটি বহুবচন, একবচন– كَلِمَةٌ আল্লাহর জ্ঞান; ক্ষমতা।

আয়াত : ২৮

خَلْقُكُمْ : **তোমাদের সৃষ্টি**। সৃষ্টি করা; বানানো। خَلْقٌ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। এটি বাব نصر - এর মাসদার। মূলত خَلْقٌ অর্থ– সঠিক নমুনা স্থির করা। –[বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য]

بَعْثٌ : **পুনরুত্থান**। মাসদার; প্রকৃত অর্থ প্রেরণ করা; উঠিয়ে দাড় করানো। কিন্তু قرينة ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন– উটের জন্য بَعْثٌ শব্দ ব্যবহার হলে তার অর্থ হবে উটকে হাঁকানো, চালানো। মৃতব্যক্তিদের জন্য হলে তখন অর্থ হবে– পুনরুত্থিত হওয়া। রাসূলগণের জন্য হলে অর্থ হবে– রাসূল বানিয়ে প্রেরণ করা। মোটকথা আলামত ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ বুঝে নিতে হবে।

আয়াত : ২৯

يُوْلِجُ : **তিনি প্রবিষ্ট করান**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِيْلَاجُ মূলবর্ণ (و ـ ل ـ ج) অর্থ– প্রবেশ করানো।

يَجْرِىْ : **তা বিচরণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَرْىُ ও اَلْجَرَيَانُ মূলবর্ণ (ج ـ ر ـ ي) অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; দৌড়ানো; এগিয়ে যাওয়া; বিচরণ করা; চলা।

اَجَلٍ : **নির্দিষ্ট সময়**। এটি একবচন, বহুবচন– اجال অর্থ– মৃত্যু; শেষ সময়; মেয়াদ।

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে নির্ধারিত।

আয়াত : ৩০

يَدْعُوْنَ : **তারা আহ্বান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– আহ্বান করা; ডাকা।

بَاطِلٌ : **মিথ্যা/অমূলক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْبَطْلُ অর্থ– বাতিল হওয়া; নষ্ট হওয়া।

اَلْعَلِىُّ : **সমুচ্চ**। এটি সিফাতে মুশাব্বাহ। বাব فَتَحَ মাসদার اَلْعُلَاءُ অর্থ– বড় হওয়া; উচু হওয়া; সম্মানী হওয়া; মর্যাদাবান হওয়া।

আয়াত : ৩১

اَلْفُلْكَ : **তরণী; নৌযান**। এটি সর্বলিঙ্গ ও বচনে একই রকম ব্যবহার হয়।

تَجْرِىْ : **তা বিচরণ করে**। تجرى সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার

اَلْجَرْيَانُ ও اَلْجَرْيُ মূলবর্ণ (ج ـ ر ـ ى) অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; দৌড়ানো; এগিয়ে যাওয়া; বিচরণ করা; চলা।

لِيُرِيَ : যেন তিনি দেখান। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام كي বাব اِفْعَال মাসদার اَلْاِرَاءَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখানো; প্রদর্শন করা।

صَبَّارٍ : পরম ধৈর্যশীল। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সহ্য করা।

شَكُورٍ : পরম কৃতজ্ঞ। এটি সিফাতের সীগাহ। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্য সমানভাবে ব্যবহার হয়। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। এটি যখন আল্লাহর সিফাত হিসেবে ব্যবহার হয় তখন এর অর্থ হয়– তিনি সামান্য কাজে অধিক প্রতিদানদাতা।

আয়াত : ৩২

غَشِيَهُمْ : যখন তাদেরকে আচ্ছন্ন করে। غَشِيَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ي) মাসদার اَلْغِشَاوَةُ - اَلْغِشْيَانُ - اَلْغَشَاوَةُ অর্থ– আচ্ছাদিত করা; নিমজ্জিত করা।

مَوْجٌ : তরঙ্গ। এটি ইসমে মুফরাদ নাকেরা। বহুবচন– امواج অর্থ– ঢেউ; তরঙ্গ;। বাব نَصَرَ মাসদার اَلْمَوْجُ মূলবর্ণ (م ـ و ـ ج)অর্থ– ঢেউ উঠা; তরঙ্গ সৃষ্টি হওয়া।

اَلظُّلَلِ : ছায়া। এটি ظِلٌّ -এর বহুবচন।

دَعَوْا : তারা আহ্বান করে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

مُخْلِصِيْنَ : একনিষ্ঠভাবে; বিশুদ্ধচিত্ত হয়ে। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَال মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ– একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ববাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেবের মতে, গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

نَجّٰهُمْ : তিনি তাদেরকে উদ্ধার করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা।

اَلْبَرِّ : স্থল, জমিন। এটি একবচন, বহুবচন– بُرُوْرٌ

مُقْتَصِدٌ : সরল পথে অবস্থানকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَال মাসদার اَلْاِقْتِصَادُ মূলবর্ণ (ق ـ ص ـ د) অর্থ– মধ্যপন্থা অবলম্বন করা।

مَا يَجْحَدُ : সে অস্বীকার করে না। ما নাফিয়াহ। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ح ـ د) মাসদার اَلْجَحْدُ ও اَلْجُحُوْدُ অর্থ– অস্বীকার করা; অবিশ্বাস করা।

خَتَّارٍ : বিশ্বাসঘাতক। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ت ـ ر) মাসদার اَلْخَتْرُ অর্থ– বিশ্বাসঘাতকতা করা।

كَفُوْرٍ : অকৃতজ্ঞ। এটি সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অকৃতজ্ঞতা করা; কুফরি করা; অস্বীকার করা।

আয়াত : ৩৩

اِتَّقُوْا : তোমরা তাকওয়া অবলম্বন কর। اِتَّقُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; আল্লাহভীতি অর্জন করা; বর্জন করা; বিরত থাকা।

اِخْشَوْا : তোমরা ভয় কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ ও اَلْخَشْيُ মূলবর্ণ (خ ـ ش ـ ي) অর্থ– আশঙ্কা করা; ভয় করা।

لَا يَجْزِيْ : কেউ উপকারে আসবে না/ কেউ প্রতিফল দিবে না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى

اَلْجَزَاءُ বাব ضَرَبَ মাসদার فعل مضارع معروف মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া; উপকার করা।

مَوْلُوْدٌ : **প্রসূত/পুত্র**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্মলাভ করা; সৃষ্টি হওয়া।

جَازٍ : **উপকারকারী; প্রতিফলদাতা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিফল দেওয়া; প্রতিদান দেওয়া; শাস্তি দেওয়া।

فَلَا تَغُرَّنَّكُمْ : **যেন তোমাদেরকে কিছুতেই প্রতারিত না করে**। فاء হরফে আত্‌ফ। সীগাহ واحد مؤنث غائب বহছ نهي معروف بانون ثقيلة বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ر) মাসদার اَلْغُرُوْرُ অর্থ– প্রতারিত করা।

غَرُوْرٌ : **প্রবঞ্চক**। এটি সিফাতে মুশাব্বাহ। অর্থ– মিথ্যা আশা প্রদানকারী। –[মু'জামুল কুরআন] সম্পদ বা দুনিয়া বা প্রবৃত্তি বা শয়তান। –[মুফরাদাত, যুবদাহ] শয়তান, কেননা সে মানুষকে দিয়ে গুনাহ করায়, এবং আল্লাহর কাছে ক্ষমার আশা দিয়ে রাখে, অর্থাৎ সে ক্ষমার আশা দিয়ে দিয়ে গুনাহে দুঃসাহসী করে তোলে। –[নেহায়া]

আয়াত : ৩৪

اَلسَّاعَةِ : **কিয়ামত দিবস**। **সময়, মুহূর্ত;** রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَة বলা হয়। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই سَاعَة শব্দ এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। –[বিস্তারিত সূরা রূম, আয়াত : ১২ দ্রষ্টব্য]

يُنَزِّلُ : **তিনি অবতীর্ণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাযিল করা।

اَلْغَيْثَ : **বৃষ্টি**। বাব ضَرَبَ-এর মাসদার اَلْغَيْثُ অর্থ– বৃষ্টি বর্ষণ করা। পবিত্র কুরআনে রহমতের বৃষ্টির জন্য غَيْث শব্দ ব্যবহার হয়েছে আর اَمْطَارٌ ও مَطَرٌ শব্দের ব্যবহার সাধারণত দুঃখ-কষ্ট ও আজাব প্রদানকারী বৃষ্টির অর্থে হয়েছে। ভাষাবিদ জাহিয ও ইবনে কুতাইবাও এ বিষয়টিকে স্পষ্ট করেছেন যে, শাস্তি ও কষ্টদানের ক্ষেত্রে مَطَر এবং শান্তিও আরামের ক্ষেত্রে غَيْث ব্যবহার করা হয়।

اَلْاَرْحَامِ : **গর্ভ; গর্ভাশয়**। রূপকার্থে আত্মীয়তা। কারণ একান্ত আপনজন একই জরায়ু থেকেই আসে। বহুবচন, একবচন– رَحِمٌ

مَا تَدْرِىْ : **সে জানে না**। تدرى সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মাসদার اَلدِّرَايَةُ মূলবর্ণ (د ـ ر ـ ى) অর্থ– জানা; অবহিত হওয়া।

تَكْسِبُ : **সে অর্জন করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ– উপার্জন করা; অর্জন করা।

غَدًا : **আগামীকল্য**। হালতে নসবে হয়েছে। মূলত غَدَو ছিল। কোনো অক্ষর দ্বারা পরিবর্তন ছাড়াই واو কে বিলুপ্ত করা হয়েছে। তবে কবিতায় واو অবশিষ্ট অবস্থায় ব্যবহৃত হয়েছে। যেমন হস্তীবাহিনী কা'বাগৃহে আক্রমণ করার সময় আব্দুল মুত্তালিব যে কবিতা পাঠ করেছিল তন্মধ্যে এ পংক্তিটিও রয়েছে– وَمِحَالُهُمْ غَدْوًا مِحَالَكَ –[মাজমাউল বিহার]

تَمُوْتُ : **সে মৃত্যুবরণ করে**। تموت সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْمَوْتُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া।

عَلِيْمٌ : **সর্বজ্ঞ**। عَلِيْمٌ সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; জ্ঞাত হওয়া। এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

خَبِيْرٌ : **সম্যক পরিজ্ঞাত/ সর্ববিষয়ে অবহিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব كَرُمَ মাসদার اَلْخَبَرُ মূলবর্ণ (خ ـ ب ـ ر) অর্থ– সম্যক অবহিত হওয়া; উত্তমরূপে জানা।

সূরা সাজদা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩০ রুকূ' : ৩

আয়াত : ১

الٓمّٓ : **আলিফ- লাম- মীম**। এগুলো হরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.)ও খলীফা চতুষ্টয় এবং হযরত ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে বিভিন্ন ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো- اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন। [বিস্তারিত সূরা বাক্বারা الٓمّٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

تَنْزِيْلُ : **অবতীর্ণ**। এটি বাব تَفْعِيْل -এর মাসদার। হালতে নসব। اِنْزَالٌ ও تَنْزِيْل -এর মধ্যে পার্থক্য হলো تَنْزِيْل হলো পর্যায়ক্রমে একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়া। আর اِنْزَالٌ হলো ব্যাপক। একবারে কোনো কিছু অবতীর্ণ হওয়াকেও বলা হয়; এটি আবার একের পর এক পর্যায়ক্রমে অবতীর্ণ হওয়ার জন্যও ব্যবহৃত হয়।

اَلْكِتَابِ : **কিতাব। গ্রন্থ**। একবচন, বহুবচন- كُتُبٌ ; এটি মাসদার যা মাফউল তথা مَكْتُوْبٌ অর্থে ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন- কুরআন, আসমানি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূয; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আমলনামা; আল্লাহপ্রদত্ত দলিল। পবিত্র কুরআনে কুরআনেরও অনেকগুলো নাম উল্লেখ করা হয়েছে। যেমন- কুরআন; কিতাব; তানযীল; ফুরকান; যিকর ইত্যাদি।

رَيْبَ : **সন্দেহ; সংশয়**। এটি বাব ضَرَبَ -এর মাসদার; رَيْبٌ ; মূলবর্ণ (ر ـ ي ـ ب) জিনস اجوف يائى সম্পর্কে ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন- اَلرَّيْبُ اَنْ تَتَوَهَّمَ بِالشَّيْئِ اَمْرًا مَا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمُهُ অর্থাৎ رَيْب -এর ব্যবহার এমন সন্দেহ বা ধারণা সম্বন্ধে হয় যার বাস্তবতা পরবর্তীতে তার বিপরীত প্রমাণিত হয়। কালের দুর্যোগের সময়ের ব্যাপারেও যেহেতু সন্দেহ থাকে যে, না জানি তা কখন এসে পড়ে, তাই যখন رَيْب কে কালের সাথে সম্পৃক্ত করা হয় তখন অর্থ হবে- কালের দুর্যোগ। যেমন আল্লাহর বাণী- نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ

আয়াত : ৩

اِفْتَرٰىهُ : **সে তা মিথ্যা রচনা করেছে/ সে তা উদ্ভাবন করেছে**। اِفْتَرٰىهُ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ي) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ- মনগড়া কথা বলা; মিথ্যা রচনা করা; অপবাদ আরোপ করা; সত্যকে লুকিয়ে রাখা। ه যমীর মাফউলে বিহী।

لِتُنْذِرَ : **যেন তুমি সতর্ক কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف منصوب بلام كى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

نَذِيْرٍ : **সতর্ককারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيْرٌ [ভীতিপ্রদর্শনকারী] দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শনকারী।

يَهْتَدُوْنَ : **তারা পথ পায়/ তারা গন্তব্যে পৌঁছতে পারে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ- পথ পাওয়া; গন্তব্যে পৌঁছা।

আয়াত : ৪

اِسْتَوٰی : **তিনি সমাসীন হলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِسْتِوَاءُ মূলবর্ণ (س ـ و ـ ي) অর্থ– এটি যখন على দ্বারা মুতা'আদ্দী হয় তখন এর অর্থ হয়– স্থিতিশীল হওয়া; উঁচুতে উঠা; সমাসীন হওয়া। যেমন– وَاسْتَوَتْ عَلَى الْجُوْدِيِّ [সেই নৌকা জুদী পাহাড়ে গিয়ে থেমেছে] ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ [তিনি আরশে সমাসীন হয়েছেন; স্থিতিশীল হয়েছেন] আর যদি الى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয়– ইচ্ছা করা। যেমন– ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ [তিনি আকাশের প্রতি ইচ্ছা করলেন] এবং এর যখন দুটি فاعل হয় তখন অর্থ হয় উভয়টি সমান হওয়া। যেমন– لَا يَسْتَوِى الْخَبِيْثُ وَالطَّيِّبُ [নাপাক ও পাক সমান নয়]

عَرْشِ : **আরশ**। **সিংহাসন; রাজাসন**। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– عَرْش বলা হয় ছাদবিশিষ্ট কোনো কিছুকে। এর বহুবচন– عُرُوْشٌ কুরআনে রয়েছে– وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا [তারা তাদের মাচানের উপর পতিত ছিল]

شَفِيْعٍ : **সুপরিশকারী**। একবচন, বহুবচন– شُفَعَاءُ সীগাহ واحد বহছ صفت مشبه মাসদার اَلشَّفَاعَةُ মূলবর্ণ (ش ـ ف ـ ع) অর্থ– সুপারিশ করা।

আয়াত : ৫

يُدَبِّرُ : **তিনি পরিচালনা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلتَّدْبِيْرُ অর্থ– পরিচালনা করা; তদবির করা; ব্যবস্থাপনা করা।

يَعْرُجُ : **সমুত্থিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ر ـ ج) মাসদার اَلْعُرُوْجُ অর্থ– আরোহণ করা; উর্ধ্বারোহণ করা ; উত্থিত হওয়া।

تَعُدُّوْنَ : **তোমরা গণনা কর**। تعدون সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা; শুমার করা।

আয়াত : ৭

اَحْسَنَ : **উত্তমরূপে/ তিনি উত্তম করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সুন্দর করা; উত্তম করা।

بَدَأَ : **তিনি সূচনা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْبَدْءُ অর্থ– শুরু করা; আরম্ভ করা।

আয়াত : ৮

نَسْلَهٗ : **তার বংশ**। نَسْلَ মুযাফ ه মুযাফ ইলাইহি।

سُلٰلَةٍ : **তরল নির্যাস**। এটি سَلٌّ থেকে নির্গত। যার অর্থ– টানা; নিংড়ানো।

مَهِيْنٍ : **লাঞ্ছনাদায়ক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– অপমান করা; লাঞ্ছিত করা।

আয়াত : ৯

سَوّٰهُ : **তিনি তাকে পূর্ণাঙ্গ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ و ـ ي) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সমান করা; বরাবর করা; পূর্ণাঙ্গ করা।

نَفَخَ : **তিনি ফুকিয়ে দিয়েছেন। [তিনি রূহ সঞ্চার করেছেন]** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ خ) মাসদার اَلنَّفْخُ অর্থ– ফু দেওয়া।

اَفْئِدَةَ : **মন; অন্তর; হৃদয়**। বহুবচন, একবচন– فُؤَادٌ

আয়াত : ১০

ضَلَلْنَا : **আমরা পর্যবসিত হয়েছি/আমরা হারিয়ে গেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالَةُ অর্থ– পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া; অন্তর্হিত হওয়া; পর্যবসিত হওয়া।

আয়াত : ১১

يَتَوَفّٰكُمْ : **তিনি তোমাদেরকে মৃত্যু দান করেন**। يَتَوَفّٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع

فتح বাব ثقيلة در فعل مستقبل معروف মূলবর্ণ (م ـ ل ـ أ) মাসদার اَلْاِمْلَاءُ অর্থ- পূর্ণ করা; ভর্তি করা।

اَلْجِنَّةِ : **জিন**। অন্যান্য মাখলুকাতের ন্যায় এরাও একপ্রকার সৃষ্টি। আগুন থেকে এদের জন্ম, তবে তার পদ্ধতি আমাদের জানা নেই। আমাদের ন্যায় এরাও শরিয়তের বিধিবিধান পালনে বাধ্য। এদের মধ্যে সন্তান প্রজননের ধারাবাহিকতা রয়েছে। এবং এরা ভালো ও মন্দ উভয়ই আছে। جِنٌّ অর্থ- অদৃশ্য গোপন। এরাও মানুষের দৃষ্টি থেকে অদৃশ্য থাকে। তাই এদেরকে জিন বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, জিন শব্দের ব্যবহার মানুষের মোকাবিলায় ঐ সমস্ত প্রাণীদের জন্য হয় যারা দৃষ্টির অগোচরে থাকে। এমতাবস্থায় শয়তানও জিনজাতির অন্তর্ভুক্ত হবে। সুতরাং সকল ফেরেশতা জিন; কিন্তু সকল জিন ফেরেশতা নয়। জিনদের অস্তিত্ব সম্পর্কে ওলামায়ে কেরামের ঐকমত্য রয়েছে। কারণ কুরআন ও মুতাওয়াতির হাদীস দ্বারা এর প্রমাণ রয়েছে। অনন্তর একটি হাদীসে রয়েছে রাসূল ﷺ বলেছেন জিন তিন প্রকার। যথা-

১. যাদের ডানা রয়েছে এবং তারা উড়ে বেড়ায়।
২. সাপ ও বিচ্ছুর আকৃতির থাকে।
৩. যারা এক স্থানে কিছুদিন অবস্থান করার পর সেখান থেকে চলে যায়। -[ফতহুল বারী, খ. ৬, পৃ. ২৪৬]

আয়াত : ১৪

ذُوْقُوْا : **তোমরা আস্বাদন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ- আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা।

نَسِيْتُمْ : **তোমরা ভুলে গিয়েছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ي) অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

لِقَاءَ : **সাক্ষাৎ**। বাব مُفَاعَلَة-এর মাসদার।

نَسِيْنَا كُمْ : **আমিও তোমাদেরকে ভুলে গেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া। كُمْ যমীর মাফঊল।

বাব تَفَعُّلْ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوَفِّىْ অর্থ- পূর্ণ করা; মৃত্যু দান করা। كم যমীর মাফঊলে বিহী।

وُكِّلَ : **তাকে নিযুক্ত করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوْكِيْلُ অর্থ- দায়িত্ব অর্পণ করা; নিযুক্ত করা।

আয়াত : ১২

نَاكِسُوْا : **তাদের [মস্তক] অবনত হয়ে গেল/ তারা অবনত করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ك ـ س) মাসদার اَلنَّكْسُ অর্থ- নোয়ানো; অবনত করা; ঝুঁকানো।

اَبْصَرْنَا : **আমরা প্রত্যক্ষ করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْاِبْصَارُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

اِرْجِعْنَا : **আমাদেরকে পুনরায় প্রেরণ কর/ আমাদেরকে ফিরিয়ে দাও**। সীগাহ اِرْجِعْ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরে যাওয়া। نا যমীর মাফঊলে বিহী।

مُوْقِنُوْنَ : **বিশ্বাসীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মাসদার اَلْاِيْقَانُ মূলবর্ণ (ى ـ ق ـ ن) মূলবর্ণ (ي ـ ق ـ ن) অর্থ- বিশ্বাস করা; একিন করা। যা ظَنٌّ ধারণা ও অনুমানের বিপরীতার্থক শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে - يَقِيْنٍ বলা হয়। يَقِيْن থেকে دِرَايَت ও مَعْرِفَت এর স্তর অনেক উঁচু। এ কারণেই তা عِلْم-এর عِلْمُ صفت হয়। مَعْرِفَتُ الْيَقِيْن বলা হয় না; কিন্তু اَلْيَقِيْن বলা হয়। -[রাগেব] বাবে اِسْتِفْعَالْ، اِفْعَالْ، تَفَعُّلْ সকল বাব থেকেই এর ব্যবহার হয় এবং অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার وَاجِبُ الْيَقِيْن কেও يقين বলা হয়। এ কারণেই মৃত্যুকে يقين বলা হয়। কারণ তা অবশ্যম্ভাবী।

আয়াত : ১৩

لَاَمْلَئَنَّ : **নিশ্চয় আমি পূর্ণ করব**। لَاَمْلَئَنَّ সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد

اَلْخُلْدُ : **অনন্ত জীবন**। এটি বাব نَصَرَ -এর মাসদার। আরো একটি মাসদার হলো اَلْخُلُوْدُ ; কোনো বস্তু ধ্বংস হওয়া থেকে রক্ষা পাওয়া এবং স্বীয় অবস্থায় অটল থাকাকে خُلُوْد বলা হয়। এ কারণেই আরবগণ ঐ জিনিসের জন্য خُلُوْد -এর ব্যবহার করে থাকেন যা দীর্ঘস্থায়ী হয় এবং তাতে পরিবর্তন ও বিনষ্টতা দীর্ঘ দিন পরে সৃষ্টি হয়। যেমন– চুলার তিনটি পাথর যার উপর ডেক বসানো হয় তাকে خَوَالِدْ বলা হয়। কারণ তা দীর্ঘদিন বাকি থাকে। পরকালের জন্য خُلُوْد ব্যবহার করা হয়; সেখানে তার আসল অর্থ অর্থাৎ সকল বস্তু স্বীয় অবস্থায় স্থিতিশীল থাকা উদ্দেশ্য।

আয়াত : ১৫

يُؤْمِنُ : **সে ঈমান আনে**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

ذُكِّرُوْا : **তাদেরকে উপদেশ দেওয়া হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّذْكِيْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

خَرُّوْا : **তারা লুটিয়ে পড়ল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخَرُّ অর্থ– লুটিয়ে পড়া; কোনো জিনিস উপর থেকে সশব্দে নিচে পতিত হওয়া।

سُجَّدًا : **সেজদারত**। এটি বহুবচন, একবচন– سَاجِدٌ বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা; অবনত হয়ে ঝুঁকা।

আয়াত : ১৬

تَتَجَافٰى : **সে দূরে থাকে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّجَافِىْ মূলবর্ণ (ج ـ ف ـ و) অর্থ– দূরে থাকা; অত্যাচার করা, কঠোর হওয়া; পৃথক থাকা।

جُنُوْبُهُمْ : **তাদের পার্শ্বদেশ**। جُنُوْبُ মুযাফ; هُمْ মুযাফ ইলাইহি। বহুবচন; একবচন– جَنْبٌ

مَضَاجِعِ : **শয্যা**। এটি مَضْجَعٌ -এর বহুবচন। اسم ظرف ; তাদের দেহপাশ শয্যা থেকে আলাদা হয় অর্থাৎ ইবাদতের জন্য গভীর রাত্রে তারা শয্যা ত্যাগ করতে অভ্যস্ত।

আয়াত : ১৭

أُخْفِىَ : **গোপন করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব سَمِعَ মাসদার اَلْخَفْىُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ– লুকানো; গোপন হওয়া।

قُرَّةِ اَعْيُنٍ : **নয়ন-প্রীতিকর / চোখের শীতলতা**। قُرَّةٌ শব্দটি قَرٌّ থেকে নির্গত, যার অর্থ শীতলতা। কারো কারো উক্তি হলো আনন্দাশ্রু قَارَّةٌ [শীতল] হয়ে থাকে, আর দুঃখের অশ্রু حَارَّةٌ [গরম] হয়ে থাকে। এই কারণে চোখের শীতলতা দ্বারা উদ্দেশ্য হলো অন্তরের উৎফুল্লতা। আবার কারো মতে قُرَّةٌ শব্দটি قَرَارٌ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ– স্থিরতা।

আয়াত : ১৮

لَايَسْتَوُنَ : **তারা সমান নয়**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ و ـ ي) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ– সমান হওয়া।

আয়াত : ১৯

مَأْوٰى : **আবাসস্থল**। اسم ظرف ও বাব ضرب -এর মাসদার। অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা। এর صلة যদি الى আসে তখন অর্থ হবে আশ্রয় গ্রহণ করা; অবস্থান করা। আর যদি صلة আসে لام তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা। যেমন اَوٰى لَهٗ সে তার প্রতি দয়া করেছে। [রাগেব] اَلْمَأْوٰى আলিফ-লামসহ পবিত্র কুরআনে তিন স্থানে এসেছে। প্রতি স্থানেই মাসদারী অর্থে আর যেখানে ইযাফতের সাথে এসেছে সেখানে ظرفى অর্থে ব্যবহার হয়েছে।

نُزُلًا : **আপ্যায়ন; অভ্যর্থনা**। এটি ইসম; অর্থ– আধিক্যতা; কল্যাণ; বরকত; পবিত্রতা।

আয়াত : ২০

اُعِيْدُوْا : **তাদেরকে ফিরিয়ে দেওয়া হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ– পুনর্বার সৃষ্টি করা; ফিরিয়ে দেওয়া।

আয়াত : ২১

لَنُذِيْقَنَّهُمْ : **অবশ্যই আমি তাদেরকে আস্বাদন করাব**। لَنُذِيْقَنَّ সীগাহ جمع متكلم বহছ لام

إِفْعَالٌ বাব تاكيد بانون ثقيلة مضارع معروف মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلْإِذَاقَةُ অর্থ– আস্বাদন করানো; স্বাদ গ্রহণ করানো।

اَلْاَدْنٰى : লঘু; তুচ্ছ। [ইহজগতের] নিকটবর্তী। সীগাহ اَلدُّنُوُّ বহছ اسم تفضيل বাব نَصَرَ মাসদার واحد মূলবর্ণ (د ـ ن ـ و) জিনস ناقص واوى ; অর্থ– নিকটবর্তী হওয়া। اَدْنٰى শব্দটি যখন اَكْبَرُ -এর বিপরীতে ব্যবহার হয় তখন اَدْنٰى -এর অর্থ- اَصْغَرُ তথা খুব কম। যেমন–وَلَا اَدْنٰى مِنْ ذٰلِكَ وَلَا اَكْبَرَ আর যখন خَيْر -এর বিপরীতে আসে তখন অর্থ হয়- اَرْذَلُ তথা অধিক তুচ্ছ;। যেমন–اَتَسْتَبْدِلُوْنَ الَّذِىْ هُوَ اَدْنٰى بِالَّذِىْ هُوَ خَيْرٌ ; আর اَقْصٰى -এর বিপরীতে আসলে অর্থ হয়– অতি নিকটে। যেমন- ذٰلِكَ اَدْنٰى اَنْ يُّعْرَفْنَ

يَرْجِعُوْنَ : তারা প্রত্যাবর্তন করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– ফিরে যাওয়া; প্রত্যাবর্তন করা।

আয়াত : ২২

اَظْلَمُ : অধিক জালিম। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– অত্যাচার করা; জুলুম করা।

ذُكِّرَ : তাকে উপদেশ দেওয়া হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ– স্মরণ করিয়ে দেওয়া। উপদেশ দেওয়া।

ثُمَّ اَعْرَضَ : অতঃপর সে মুখ ফিরিয়ে নিয়েছে। ثم হরফে আতফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاَعْرَاضُ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া।

مُنْتَقِمُوْنَ : শাস্তিদাতা; প্রতিশোধ গ্রহণকারী। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِقَامُ মূলবর্ণ (ن ـ ق ـ م) অর্থ– প্রতিশোধ গ্রহণ করা; বদলা নেওয়া; শাস্তি দেওয়া।

আয়াত : ২৩

اٰتَيْنَا : আমি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া; দান করা।

مِرْيَةٍ : সন্দেহ। এটি ইসমে মাসদার। যা رَيْب ও شَكّ থেকে খাস। যেন্ যে সন্দেহ দ্বারা দ্বিধা সৃষ্টি হয় তাকে رَيْب বলা হয়। –[রাগেব] اَلْاِمْتِرَاءُ অর্থ– সন্দিহান হওয়া; সন্দেহে নিপতিত হওয়া। اَلْمُمَارَاةُ ও اَلْمِرَاءُ অর্থ– সন্দেহযুক্ত বিষয় নিয়ে বিতর্ক করা।

আয়াত : ২৪

اَئِمَّةً : প্রধানগণ। এটি বহুবচন; একবচন– إِمَامٌ অর্থ- ইমাম; নেতা।

يَهْدُوْنَ : তারা পথপ্রদর্শন করে। এটি সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

صَبَرُوْا : তারা ধৈর্যধারণ করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

আয়াত : ২৫

يَفْصِلُ : তিনি ফয়সালা করে দিবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ص ـ ل) মাসদার اَلْفَصْلُ অর্থ- ফয়সালা করা; মীমাংসা করা; পৃথক করা।

يَخْتَلِفُوْنَ : তারা মতবিরোধ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

আয়াত : ২৬

اَلْقُرُوْنِ : সম্প্রদায়ের লোকজন/ মানবগোষ্ঠী। এটি বহুবচন। একবচন قَرْنٌ এমন সম্প্রদায় যাদের যুগ বা কাল একে অপরের থেকে ভিন্ন তাদেরকে قَرْن বলা হয়। তাছাড়া গোত্রপ্রধান, সূর্যের কিরণ, চন্দ্রের প্রান্ত, বয়স এবং দশ, বিশ, ত্রিশ, চল্লিশ, পঞ্চাশ, ষাট, সত্তর, আশি, একশ, একশ বিশ বছরকেও قَرْن বলা হয়। তবে একশ বছরকে قَرْنٌ বলাটা অধিক বিশুদ্ধ। এক হাদীসে রাসূল ﷺ একটি বালককে দোয়া করেছিলেন 'তোমার বয়স এক قَرْن হবে'।

পরবর্তীতে দেখা গেল যে তিনি একশ বছর বেঁচেছিলেন। -[মাজমাউল বিহার] তবে আয়াতে সমসাময়িক লোকজন উদ্দেশ্য।

আয়াত : ২৭

نَسُوْقُ : **আমি হাঁকিয়ে নিয়ে যাব**। সীগাহ جمع متكلم বহছ اَلسِّيَاقَةُ ও مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلسَّوْقُ মূলবর্ণ (س - و - ق) অর্থ- হাঁকানো; চালানো।

اَلْاَرْضِ الْجُرُزِ : **উষর ভূমি**। جُرُزٌ শব্দটি جُرُز থেকে চয়িত। যার অর্থ- কাটা; কর্তন করা ও খেয়ে সাবাড় করে ফেলা। এটি সিফাতে মুশাব্বাহর সীগাহ। অর্থাৎ এমন ভূমি যার ঘাস ইত্যাদি কেটে ছেটে দেওয়া হয়েছে। মরুভূমি যেহেতু বৃক্ষ ও ঘাসশূন্য হয়ে থাকে তাই একে جُرُز বলা হয়।

نُخْرِجُ : **আমি উদ্‌গত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ - ر - ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা; জীবিত করা; উৎপাদন করা।

আয়াত : ২৮

اَلْفَتْحُ : **মীমাংসা**। এটি মাসদার। আল্লামা আবূ হাইয়ান 'বাহরুল মুহীতে' লিখেছেন, ইয়েমেনী ভাষায় فَتْح অর্থ- মীমাংসা করা; ফয়সালা করা। যেমন- وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ [তিনিই মীমাংসাকারী, সর্বজ্ঞ] স্মরণ করিয়ে দেওয়ার অর্থেও আসে। যেমন- فَتَحَ عَلَى الْاِمَام [সে ইমামকে স্মরণ করিয়ে দিয়েছে। সাফল্য ও সাহায্যের অর্থেও ব্যবহৃত হয়। যেমন- فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ [তোমাদের নিকট বিজয় এসেছে] قِصَص [বর্ণনা করা]; تَبَيَّن [প্রকাশ করা]; مَنّ [অনুগ্রহ করার] অর্থেও ব্যবহৃত হয়। মূলত فَتْح অর্থ- খোলা; উন্মুক্ত করা, যা سَدّ [বন্ধ করা] এর বিপরীতার্থক শব্দ। -[আল বাহরুল মুহীত খ. ১ পৃ. ২৬৯] ইমাম রাগেব (র.) লিখেছেন- فَتْح অর্থ- ধাঁধা ও জটিলতা সমাধান করা; বদ্ধত্ব দূর করা। তার দুটি সুরত রয়েছে। প্রথমত যা দৃষ্টিগোচর হয়। যেমন- দরজা, তালা ইত্যাদি খোলা। যেমন কুরআনে রয়েছে- وَلَمَّا فَتَحُوْا مَتَاعَهُمْ [যখন তারা তাদের মালামাল খুলেছে] وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِّنَ السَّمَاءِ [যদি আমি আকাশে তাদের জন্য দরজা খুলে দেই]। দ্বিতীয়ত যা অন্তর্দৃষ্টি দ্বারা অনুভব করা যায়। যেমন- فَتَحَ الْهَمَّ [দুঃখ ইত্যাদি দূর করা।] এটাও আবার কয়েক প্রকার। দুনিয়াবি বিষয়ের। যেমন- দুঃখ দূর করে দেওয়া; দারিদ্র্য বিমোচন করা। যথা- فَتَحْنَا عَلَيْهِمْ اَبْوَابَ كُلِّ شَيْءٍ [আমি তাদের জন্য সকল কিছুর দরজা খুলে দিলাম] অর্থাৎ আমি তাদেরকে প্রশস্ততা দান করলাম। وَلَوْ اَنَّ اَهْلَ الْقُرٰى اٰمَنُوْا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكٰتٍ مِّنَ السَّمَاءِ والارض [যদি জনপদবাসী ঈমান আনে এবং আল্লাহকে ভয় করে, তাহলে আমি খুলে দিব তাদের জন্য আসমান ও জমির নিয়ামত] অর্থাৎ তাদের উপর নিয়ামত আসতে শুরু করবে। তৃতীয়ত জটিল বিষয়ের সমাধান করা। যেমন- فَتَحَ مِنَ الْعِلْمِ بَابًا مُغْلَقًا [সে ইলমের জটিল বিষয়ের সমাধান করেছে।]

আয়াত : ২৯

وَلَا هُمْ يُنْظَرُوْنَ : **এবং তাদেরকে কোনো অবকাশ দেওয়া হবে না**। সীগাহ جمع مذكر لَا يُنْظَرُوْنَ বহছ نفى فعل مضارع مجهول غائب বাব نَصَرَ মূলবর্ণ (ن - ظ - ر) মাসদার اَلنَّظَرُ অর্থ- অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। কোনো কিছুর পরিমাণ নির্ধারণ করার জন্য চিন্তা করা; ভাবা। এর পরে যদি بَيْن হয় তখন অর্থ হয়- মীমাংসা করা। বাব سَمِعَ ও ضَرَبَ থেকে মাসদার اَلنَّظَرُ، اَلْمَنْظَرُ، اَلنَّظَرَانُ আসে। যদি স্বয়ং متعدى হয় তখন অর্থ হয়- চিন্তা করা; ভাবা। আর যদি لام যোগে متعدى হয় তখন অর্থ হবে- অনুগ্রহ করা; দয়া করা। এরপরে فى এলে অর্থ হয় চিন্তা করা। هُمْ যমীর নায়েবে ফায়েল।

আয়াত : ৩০

اِنْتَظِرْ : **তুমি প্রতীক্ষা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِنْتِظَارُ মূলবর্ণ (ن - ظ - ر) অর্থ- অপেক্ষা করা; প্রতীক্ষা করা।

مُنْتَظِرُوْنَ : **প্রতীক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَال মূলবর্ণ (ن - ظ - ر) মাসদার اَلْاِنْتِظَارُ অর্থ- অপেক্ষা করা; প্রতীক্ষা করা।

সূরা আহযাব : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৭৩ রুকূ' : ৯

আয়াত : ১

اِتَّقِ : **তুমি ভয় কর**। সীগাহ امر واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ي) অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

لَا تُطِعِ : **তুমি আনুগত্য করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা।

اَلْمُنٰفِقِيْنَ : **মুনাফিকগণ**। সীগাহ اسم جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْمُنَافَقَةُ ও اَلنِّفَاقُ অর্থ– কপটতা করা; দ্বিমুখতা অবলম্বন করা। শব্দটি نَافِقَاء থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো গুইসাপের গর্ত, যার দুটি মুখ থাকে। এক মুখ দিয়ে প্রবেশ করে, যখন শিকারী ঐ মুখ দিয়ে তাকে ধরার জন্য ওঁৎপাতে তখন সে অন্য মুখ দিয়ে বের হয়ে যায়। তদ্রূপ মুনাফিকেরও দ্বিমুখিতার কারণে তাকে মুনাফিক বলা হয়। কারণ সে বাহ্যিকভাবে নিজেকে মুমিন বলে দাবি করে, লোক দেখানোর জন্য নামাজও আদায় করে; কিন্তু অন্তরে কুফরি এবং ইসলাম বিরোধী আকিদা পোষণ করে।

আয়াত : ২

يُوْحٰى : **ওহী প্রেরণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ي) জিনস لفيف مفروق অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

আয়াত : ৩

تَوَكَّلْ : **তুমি নির্ভর কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ– ভরসা করা; নির্ভর করা। এটি على এর মাধ্যমে متعدى হয়। শাহ ওয়ালিউল্লাহ (র.) تَوَكُّلُ عَلَى اللّٰهِ-এর সংজ্ঞায় লিখেছেন– اَلتَّوَكُّلُ وَهُوَ اَنْ يَغْلِبَ عَلَيْهِ الْيَقِيْنُ حَتّٰى يَفْتُرَ سَعْيُهُ فِى جَلْبِ الْمَنَافِعِ وَدَفْعِ الْمُضَارِّ مِنْ قِبَلِ الْاَسْبَابِ وَلٰكِنْ يَمْشِىْ عَلٰى مَا سَنَّهُ اللّٰهُ تَعَالٰى فِىْ عِبَادِهٖ مِنَ الْاِكْتِسَابِ مِنْ غَيْرِ اِعْتِمَادٍ عَلَيْهَا . তাওয়াক্কুল হলো আল্লাহর উপর বান্দার ভরসা এত প্রবল হয় যে, কল্যাণকে অর্জন করা এবং অকল্যাণকে প্রতিহত করার উপকরণসমূহ সম্পর্কে তার চেষ্টা বিফল হয়। কিন্তু আল্লাহ তা'আলা বান্দাদের মধ্যে উপার্জনের যে পদ্ধতিসমূহ নির্ধারণ করে দিয়েছেন সেগুলোর উপর ভরসা না করে সে সমস্ত পন্থাসমূহ অবলম্বন করা। –[হুজ্জাতুল্লাহিল বালিগা, খ. ২ পৃ. ৬৯]

ইমাম ইবনে বায়যায বলেন تَوَكُّلٌ দুই প্রকার। যথা– যা রাসূল ﷺ পূর্ববর্তীদের গুণ বর্ণনা করেছেন। যেমন তিনি বলেন– هُمُ الَّذِيْنَ لَا يَرْقُوْنَ وَلَا يَسْتَرْقُوْنَ وَلَا يَكْوُوْنَ وَلَا يَكْتَوُوْنَ وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ (এরা ঐ সমস্ত লোক যারা নিজেরা মন্ত্র করে না এবং অন্যকে দিয়ে করায় না, যারা দাগ দেয় না এবং অন্যকে দাগ লাগায় না এবং স্বীয় প্রতিপালকের উপর ভরসা করে।) উপকরণের দিকে মনোযোগী হওয়া এবং তাতে লিপ্ত হওয়া এ প্রকার তাওয়াক্কুলের পরিপন্থি। এ প্রকারের প্রতিই রাসূল ﷺ ইরশাদ করেছেন– لَوْ تَوَكَّلْتُمْ عَلَى اللّٰهِ حَقَّ تَوَكُّلِهٖ لَرُزِقْتُمْ كَمَا تُرْزَقُ الطَّيْرُ تَغْدُوْا خِمَاصًا وَتَرُوْحُ بِطَانًا (যদি তোমরা আল্লাহর উপর পূর্ণ তাওয়াক্কুল কর তাহলে তোমাদেরকে ঐরূপ রিজিক সরবরাহ করা হবে যেরূপ পাখিরা পায়। যারা প্রত্যুষে খালি পেটে বের হয় এবং সন্ধ্যাবেলা ভরাপেটে ফিরে আসে।) যা অনিষ্টতা থেকে আত্মরক্ষা করা, সীমানা পাহারা দেওয়া এবং বিপদাপদ থেকে রক্ষার জন্য হয়ে থাকে। এ প্রকারও তাওয়াক্কুল তবে অসম্পূর্ণ। যেমন হযরত বেলাল (রা.)-কে রাসূল ﷺ বলেছিলেন– اَنْفِقْ بِلَالُ وَلَا تَخْشَ مِنْ ذِى الْعَرْشِ اِقْلَالًا [বেলাল

তুমি ব্যয় কর এবং আরশওয়ালার নিকট কম দেওয়ার আশঙ্কা করো না।] এ প্রকার তাওয়াক্কুলের অনুমতি প্রদান করা হয়েছে; কিন্তু তার দাওয়াত দেওয়া হয়নি।

كَفَى : **তা যথেষ্ট**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ف ـ ى) মাসদার اَلْكِفَايَةُ অর্থ– যথেষ্ট হওয়া।

وَكِيلًا : **তত্ত্বাবধায়ক**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلْوَكْلُ অর্থ– ন্যাস্ত করা; অর্পণ করা।

আয়াত : ৪

قَلْبَيْنِ : **দু'টি হৃদয়**। দ্বিবচন, একবচন– قَلْبٌ বহুবচন– اَلْقُلُوْبُ অর্থ– অন্তর; হৃদয়।

جَوْفِ : **অভ্যন্তর**। جَوْفِ মুযাফ ، যমীর মুযাফ ইলাইহি। অভ্যন্তরীণ শূন্য অংশকে جَوْف বলা হয়।

أَزْوَاجَ : **স্ত্রীগণ**। শব্দটি বহুবচন, একবচন– زَوْجَةٌ ; আল্লামা আহমদ ফাইউমী (র.) বলেন, زَوْج এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে যেমন শুষ্কও আর্দ্র, নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্টি।

تُظٰهِرُوْنَ : **তোমরা যিহার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মাসদার اَلظِّهَارُ ও اَلْمُظَاهَرَةُ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) শব্দটি ظهر থেকে চয়িত। যার অর্থ– পৃষ্ঠ। প্রাক ইসলামি যুগে আরব সমাজে যদি কোনো ব্যক্তি তার স্ত্রীকে বলত, তুমি আমার জন্য আমার মাতার পৃষ্ঠসদৃশ তাহলে স্বামী-স্ত্রীর সম্পর্কে ছিন্ন হয়ে যেত। যাকে ইসলামি পরিভাষায় ظِهَارٌ বলা হয়। ظِهَارٌ -এর হুকুম হলো যিহারের কাফফারা আদায় না করা পর্যন্ত স্বামীর জন্য উক্ত স্ত্রীকে সঙ্গম বা সঙ্গমে উদ্বুদ্ধকারী সকল বিষয় অবৈধ। যিহারের কাফফারা হলো একটি গোলাম আজাদ করা বা দুই মাস লাগাতার রোজা রাখা অথবা ষাটজন দুঃস্থকে আহার করানো বা তার মূল্য দিয়ে দেওয়া।

أُمَّهَاتِ : **জননী; মাতা**। বহুবচন, একবচন– أُمٌّ

أَدْعِيَاءَكُمْ : **তোমাদের পোষ্যপুত্রগণ**। أَدْعِيَاءَ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। এটি বহুবচন, একবচন– دَعِيٌّ

أَفْوَاهِ : **মুখ**। বহুবচন, একবচন– فَمٌ মূলে ছিল فَوْهٌ

আয়াত : ৫

أُدْعُوْهُمْ : **তোমরা তাদেরকে ডাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) জিনস ناقص واوى অর্থ– আহবান করা; ডাকা।

أَقْسَطُ : **অধিক ন্যায়সঙ্গত**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মাসদার اَلْقِسْطُ অর্থ– ন্যায়বিচার করা; ইনসাফ করা।

مَوَالِىْ : **স্বগোত্রীয়গণ**। শব্দটি বহুবচন; একবচন– مولى অর্থ– চাচাতো ভাই। –[বগভী] নিকট উত্তরাধিকার। –[মুজাহিদ] যে কোনো উত্তরাধিকার। –[কালবী]

جُنَاحٌ : **অপরাধ; গুনাহ**। এ শব্দটি বাব فَتَحَ -এর মাসদার جُنُوْحٌ থেকে উদ্ভূত। যার অর্থ– এক দিকে আকৃষ্ট হওয়া। এ কারণে যে গুনাহ মানুষকে সত্য থেকে বিমুখ করে অন্য দিকে ফিরিয়ে দেয় তাকে جُنَاحٌ বলা হয়। এরপর যে কোনো গুনাহের জন্যই এর ব্যবহার হতে থাকে।

أَخْطَأْتُمْ : **তোমরা ভুল করেছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَطَأُ মূলবর্ণ (خ ـ ط ـ أ) অর্থ– অপরাধ করা; পাপ করা; ভুল করা। خَطَأ -এর বিভিন্ন সুরত রয়েছে।

১. যা ভালো কাজ নয়, তার ইচ্ছা করা এবং তা করে ফেলা। এটা পরিপূর্ণ ভুল বা অপরাধ। যা শাস্তিযোগ্য। পবিত্র কুরআনে আল্লাহ বলেন– إِنَّ قَتْلَهُمْ كَانَ خِطْأً كَبِيْرًا (তাদের হত্যা করা বড় ভুল) এখানে خطأ দ্বারা এটাই উদ্দেশ্য।

২. কেউ ইচ্ছা করেছে ভালো কাজ করার, কিন্তু ভুলক্রমে তার বিপরীত হয়ে গেল। এটা যদিও خَطَأ ; কিন্তু যেহেতু ইচ্ছা ছিল না, তাই এটা শাস্তিযোগ্য নয়। পবিত্র কুরআনে রয়েছে– وَمَنْ قَتَلَ مُؤْمِنًا خَطَأً [যে ব্যক্তি মুমিনকে ভুলক্রমে মেরে ফেলে] এখানে এ প্রকার خَطَأ -ই উদ্দেশ্য।

تَعَمَّدَتْ : **সে সংকল্প করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّعَمُّدُ মূলবর্ণ (ع ـ م ـ د) অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা।

غَفُوْرًا : **অতিশয় ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ– ক্ষমা করা; মাফ করা।

رَحِيْمًا : **অত্যন্ত দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم رُحَمَاءُ –فَعِيْلٌ -এর ওজনে। বহুবচন– مبالغة [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য] رَحِيْمٌ ও غَفُوْرٌ এ দুটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৬

اَوْلٰى : **ঘনিষ্টতর/ অধিকতর যোগ্য/ অধিকতর নিকটবর্তী**। اَوْلٰى সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلْوَلْىُ অর্থ– ধারাবাহিকভাবে বা একের পর এক পতিত হওয়া। এ কারণেই নিকটবর্তী হওয়ার অর্থে এর ব্যবহার হয়। এর صلة যখন لام আসে তখন অর্থ হয়– ধমক প্রদান করা; এবং এমতাবস্থায় মন্দত্ব ও অনিষ্টতার অধিকতর নিকটবর্তী ও তার অধিকতর উপযুক্ত হওয়ার অর্থ হয়। যেমন–اَوْلٰى لَكَ فَاَوْلٰى (তোমার জন্য অনিষ্টতা আর অনিষ্টতা) فَاَوْلٰى لَهُمْ (তাদের জন্য রয়েছে অনিষ্টতা)

اَرْحَام : **গর্ভ; গর্ভাশয়**। এ শব্দটি বহুবচন, একবচন– رَحِمٌ এটি রূপকার্থে আত্মীয়তার অর্থে আসে, কারণ তারা একই গর্ভ থেকে এসেছে।

اَلْمُهٰجِرِيْنَ : **হিজরতকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ অর্থ– হিজরত করা; স্বদেশ ত্যাগ করা। আল্লাহর সন্তুষ্টির জন্য স্বগোত্র ত্যাগকারী। –[রাগেব ও মাদারেক] শরিয়তের পরিভাষায় মুহাজির ঐ সমস্ত ব্যক্তিবর্গ যারা রাসূলুল্লাহ ﷺ-এর নির্দেশে স্বদেশ ত্যাগ করে মদীনার অধিবাসী হয়েছিলেন। মক্কা বিজয়ের পরে হিজরতের হুকুম রহিত করা হয়েছে। এখন হিজরতের অর্থ শুধু এই যে, দীনের প্রয়োজনীয় কাজে বাধা সৃষ্টি হলে নিরাপদ স্থান চলে যাওয়া। মদীনায় হিজরতের নির্দেশ এখন আর নেই। হিজরত দ্বারা প্রকৃত উদ্দেশ্য হলো تَرْكُ مَا نَهَى اللّٰهُ [আল্লাহর নিষিদ্ধ বস্তুসমূহ বর্জন করা।]

مَعْرُوْفًا : **সৎকার্য**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ অর্থ– জানা; চিনা; হৃদয়ঙ্গম করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২২৮ দ্রষ্টব্য]

مَسْطُوْرًا : **লিপিবদ্ধ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ط ـ ر) মাসদার اَلسَّطْرُ অর্থ– লেখা; কাটা।

আয়াত : ৭

اَخَذْنَا : **আমি গ্রহণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; আক্রান্ত করা; গ্রহণ করা।

نُوْحٍ : **বিশিষ্ট নবী হযরত নূহ (আ.)**। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

اِبْرَاهِيْمَ : **বিশিষ্ট নবী হযরত ইবরাহীম (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৪ দ্রষ্টব্য]

مُوْسٰى : **বিশিষ্ট নবী হযরত মূসা (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫১ দ্রষ্টব্য]

عِيْسٰى : **বিশিষ্ট নবী হযরত ঈসা (আ.)**। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৬ দ্রষ্টব্য]।

مِيْثَاقًا : **অঙ্গীকার**। শব্দটি একবচন, বহুবচন– مواثيق অর্থ– প্রতিশ্রুতি; চুক্তি।

غَلِيْظًا : **দৃঢ়; কঠিন**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচন– غِلَاظٌ বাব نَصَرَ - ضَرَبَ - كَرُمَ মাসদার اَلْغِلَاظَةُ - اَلْغِلْظَةُ - اَلْغَلْظَةُ অর্থ– পুরু হওয়া; মোটা হওয়া; রূঢ় বা কঠোর ও শক্ত হওয়া।

আয়াত : ৮

لِيَسْئَلَ : **জিজ্ঞাসা করার জন্য**। لام كى টি- لام ; সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّوَالُ অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া।

اَعَدَّ : **তিনি প্রস্তুত রেখেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْاِعْدَادُ অর্থ– প্রস্তুত করা।

اَلِيْمٌ : **মর্মন্তুদ। যন্ত্রণাদায়ক।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (أ - ل - م) মাসদার اَلْاَلَمُ অর্থ– কষ্ট পাওয়া।

আয়াত : ৯

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ - ك - ر) অর্থ– স্মরণ করা; আলোচনা করা।

نِعْمَةَ : **অনুগ্রহ; নিয়ামত।** শব্দটি একবচন, বহুবচন– نِعْمَاتٌ- اَنْعُمٌ - نِعَمٌ অর্থ– আনন্দ, বিনোদন, প্রাচুর্য; সম্পদ।

اِذْ جَاءَتْكُمْ : **যখন তোমাদের বিরুদ্ধে সমাগত হয়েছিল।** اذ হরফে শর্ত। جَاءَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج - أ - ي) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা। كم যমীর মাফঊল।

جُنُوْدٌ : **বাহিনী; দল।** শব্দটি বহুবচন, একবচন– جُنْدٌ অর্থ– সৈন্য।

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر - س - ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

رِيْحًا : **ঝঞ্ঝাবায়ু।** শব্দটি একবচন, বহুবচন– رِيَاحٌ ; পবিত্র কুরআনে যেখানে رِيَاحٌ বহুবচন বলা হয়েছে সেখানে সাধারণত রহমতের বাতাস বুঝানো হয়েছে। আর যেখানে একবচন رِيْحٌ আনা হয়েছে সেখানে আজাব বুঝানো হয়েছে।

لَمْ تَرَوْهَا : **যাদেরকে তোমরা দেখ না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر - أ - ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। ها যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১০

اِذْ جَاءُوْا : **যখন তারা তোমাদের বিরুদ্ধে সমাগত হয়েছিল।** اذ হরফে শর্ত। جَاءَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج - أ - ي) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা।

اَسْفَلَ : **নীচের দিক; নিম্নভূমি।** اَسْفَلَ সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মাসদার اَلسَّفَالَةُ মূলবর্ণ (ك - ر - م) অর্থ– নীচু হওয়া; নিম্ন হওয়া; নিকৃষ্ট হওয়া।

زَاغَتْ : **বিস্ফারিত হয়েছে; বক্র হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز - ي - غ) মাসদার اَلزَّيْغُ অর্থ– বক্র হওয়া; বাঁকা হওয়া; বিস্ফারিত হওয়া।

بَلَغَتْ : **চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গেছে।** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب - ل - غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌঁছা; চূড়ান্ত হওয়া।

حَنَاجِرَ : **কণ্ঠনালী।** বহুবচন, একবচন, حَنْجَرٌ।

تَظُنُّوْنَ : **তোমরা ধারণা পোষণ করছিলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ - ن - ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা। শব্দটি কখনও বাব نَصَرَ -এর মাসদার হয়ে আবার কখনও ইসম হয়ে ব্যবহার হয়। ইসম হলে তার বহুবচন আসে। ظُنُوْنٌ আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) আল-ইতকান ফী উলূমিল কুরআনে লিখেছেন– ظَنٌّ অর্থ প্রবল বিশ্বাস। যেমন আল্লাহ বলেন اِنْ ظَنَّا اَنْ يُّقِيْمَا حُدُوْدَ اللّٰهِ [তারা উভয়ে যদি প্রবল বিশ্বাস রাখে] আবার কখনও একিনের অর্থেও ব্যবহার হয়। যেমন– اَلَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ [যারা একিন করে যে, তারা আল্লাহর সাথে সাক্ষাৎ করবে।] বুঝা গেল ظَنّ -টি يَقِيْن ও شَكّ উভয় অর্থে ব্যবহার হয়। কোথায় কি অর্থে ব্যবহার হবে আল্লামা যারকাশী (র.) তার দুটি নিয়ম বর্ণনা করেছেন। যথা–

১. যেখানে তারীফ ও ছওয়াবের স্থানে হবে সেখানে يَقِيْن অর্থ হবে। আর যেখানে তিরস্কার, নিন্দা ও শাস্তির ধমকের স্থানে হবে সেখানে شَكّ অর্থে হবে।

২. যে ظَنَّ -এর পর ان خفيفة হবে সেখানে شك অর্থ হবে। যেমন– بَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّنْقَلِبَ الرَّسُوْلُ

[বরং তোমাদের সন্দেহ ছিল যে, রাসূল ফিরে আসবে না।] আর যে ظَنّ -এর পরে ان مشددة হবে সেখানে يَقِيْن অর্থ হবে। وَظَنَّ اَنَّهُ الْفِرَاقَ এক কেরাতে اَيْقَنَ اَنَّهُ الْفِرَاقَ রয়েছে। উল্লেখ্য ظَنّ চার প্রকার। যথা–

১. مَحْظُوْر বা নিষিদ্ধ। যেমন– আল্লাহর ব্যাপারে মন্দ ধারণা পোষণ করা। হযরত জাবের থেকে বর্ণিত একটি হাদীসে রয়েছে–لَا يَمُوْتَنَّ اَحَدُكُمْ اِلَّا وَهِيَ يُحْسِنُ الظَّنَّ بِاللّٰهِ عَزَّوَجَلَّ [আল্লাহর ব্যাপারে সুধারণা পোষণ করা ব্যতীত কেউ যেন মৃত্যুবরণ না করে] তদ্রূপভাবে মুমিনের ব্যাপারে মন্দ ধারণাও নিষিদ্ধ। যেমন একটি হাদীসে রয়েছে–اِيَّاكُمْ وَالظَّنَّ فَاِنَّ الظَّنَّ اَكْذَبُ الْحَدِيْثِ

২. مَامُوْر بِه : বা যার নির্দেশ প্রদান করা হয়েছে। যেমন হাদীসে কুদসী –اَنَا عِنْدَ ظَنِّ عَبْدِيْ بِيْ فَلْيَظُنَّ بِيْ مَاشَاءَ (আমি বান্দার ধারণার সাথে থাকি, সুতরাং বান্দা যেন আমার ব্যাপারে সুধারণা পোষণ করে)

৩. مَنْدُوْب اِلَيْه : যে ظَنّ -এর প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে, নির্দেশ প্রদান করা হয়নি। যেমন– মুসলমান ভাইয়ের ব্যাপারে সুধারণা পোষণ করার প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে, নির্দেশ প্রদান করা হয়নি।

৪. ظَنّ مُبَاحْ বৈধ ধারণা করা। যেমন– যে ব্যক্তির নামাজে অধিক সন্দেহ হয় রাসূল ﷺ তাকে ظَنّ غَالِبْ বা প্রবল ধারণার উপর আমল করতে নির্দেশ দিয়েছেন।

আয়াত : ১১

هُنَالِكَ : **তখন**। সেখানে; ওখানে। ইসম। ظرف مكان।

اُبْتُلِيَ : **সে পরীক্ষিত হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِبْتِلَاءُ মূলবর্ণ (ب ـ ل ـ ى) অর্থ– পরীক্ষা করা; বিপদে ফেলা; কষ্টে ফেলা।

زُلْزِلُوْا : **তারা প্রকম্পিত হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَعْلَلَ ওজন بَعْثَرَ মাসদার اَلزَّلْزَلَةُ ও رباعى مجرد ; অর্থ– কাঁপানো; প্রকম্পিত করা।

আয়াত : ১২

اَلْمُنٰفِقُوْنَ : **মুনাফিকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْمُنَافَقَةُ ও اَلنِّفَاقُ অর্থ– কপটতা করা; দ্বিমুখতা অবলম্বন করা। শব্দটি نافقاء থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো গুইসাপের গর্ত, যার দুটি মুখ থাকে। এক মুখ দিয়ে প্রবেশ করে, যখন শিকারী ঐ মুখ দিয়ে তাকে ধরার জন্য ওঁৎপাতে তখন সে অন্য মুখ দিয়ে বের হয়ে যায়। তদ্রূপ মুনাফিকেরও দ্বিমুখিতার কারণে তাকে মুনাফিক বলা হয়। কারণ সে বাহ্যিকভাবে নিজেকে মুমিন বলে দাবি করে, লোক দেখানোর জন্য নামাজও আদায় করে; কিন্তু অন্তরে কুফরি এবং ইসলাম বিরোধী আকিদা পোষণ করে।

مَا وَعَدَنَا : **তিনি আমাদেরকে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন**। ما মাওসূলা; وَعَدَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَعْدُ মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ– প্রতিশ্রুতি দেওয়া। نا যমীর মানসূব মুত্তাসিল।

غُرُوْرًا : **প্রতারণামূলক**। এটি বাব نَصَرَ -এর মাসদার। মাফউলে লাহূ হওয়ার কারণে حالت نصب -এ হয়েছে।

আয়াত : ১৩

طَائِفَةٌ : **দল**। এটি একবচন, বহুবচন– طَوَائِفُ অর্থ– সম্প্রদায়। এক বা একের অধিক লোককে সকলকে طَائِفَة বলা হয়। অভিধানে طَائِفَة বলা হয় – اَلطَّائِفَةُ مِنَ الشَّيْءِ الْقِطْعَةُ ; [এক টুকরা বা খণ্ডকে طَائِفَة বলা হয়।]

يَثْرِبَ : اَهْلَ يَثْرِبَ : **ইয়াছরিববাসী/ মদিনাবাসী**। শব্দটি وزن فعل ও معرفة -এর কারণে غير منصرف ; এটি মদিনার পূর্ব নাম। রাসূল ﷺ বলেন, আমাকে এমন শহরে থাকার নির্দেশ প্রদান করা হয়েছে যা অন্যান্য শহরকে গ্রাস করে, তাকে يَثْرِبْ বলা হয় আর তা হচ্ছে মদিনা। রাসূল ﷺ মদিনায় হিজরত করে যাওয়ার পর এর নামকরণ করা হয় মদিনাতুর রাসূল।

مُقَامَ : **স্থান**। সীগাহ ظرف مكان বহছ واحد বাব نَصَرَ মূলবর্ণ (ق - و - م) জিনস ناقص واوى মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

يَسْتَأْذِنُ : **সে অনুমতি প্রার্থনা করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ا - ذ - ن) মাসদার اَلْاِسْتِيْذَانُ অর্থ– অনুমতি প্রার্থনা করা।

عَوْرَةٌ : **অরক্ষিত; উন্মুক্ত; খোলা**। বহুবচন– عورات অর্থ– স্পষ্ট; উন্মুক্ত; অসংরক্ষিত; খালি। আল্লামা মাজদুদ্দীন ফিরোজাবাদী কামূস গ্রন্থে এর নিম্নবর্ণিত অর্থসমূহ লিখেছেন–

১. সীমানা ইত্যাদির প্রতিবন্ধক। ২. লুকানোর স্থান। ৩. পুরুষ ও মহিলার লজ্জাস্থান। ৪. পর্দাহীন হওয়ার সময়। ৫. লজ্জাজনক কথা যা প্রকাশ করতে মানুষ লজ্জা পায়।

ইমাম রাগেব (র.) লিখেছেন– عَوْرَةٌ টি- عَارٌ থেকে নির্গত। যার অর্থ– লজ্জা। সুতরাং عَوْرَةٌ দ্বারা মানুষের লজ্জাস্থান উদ্দেশ্য। কারণ লজ্জাস্থান প্রকাশ পেলে মানুষ লজ্জিত হয়। আর মহিলাদেরকেও عَوْرَةٌ এ জন্য বলা হয় যে, তারা পরপুরুষের সম্মুখে আসতে লজ্জাবোধ করে। اَلْعَوْرَةُ ও اَلْعَوَارُ ঐ ফাটল ও ছিদ্রকেও বলা হয় যা কাপড় বা ঘর ইত্যাদিতে হয়ে থাকে। اِنَّ بُيُوْتَنَا عَوْرَةٌ এর ব্যাখ্যায় নুযহাতুল কুলূব গ্রন্থে উল্লেখ করা হয়েছে যে– عَوْرَةٌ দ্বারা উদ্দেশ্য হলো আমাদের ঘরে চোরদের আনাগোনার অনেক স্থান রয়েছে। আরবিতে বলা হয়– اَعْوَرَتْ بُيُوْتُ الْقَوْمُ [লোকেরা তাদের ঘরবাড়ি ছেড়ে চলে গেছে, আর এখন শত্রু বা যে কোনো ব্যক্তি সেখানে প্রবেশ করতে পারে।]

يُرِيْدُوْنَ : **তারা ইচ্ছা করে।** يُرِيْدُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر - و - د) মাসদার الارادة অর্থ– ইচ্ছা করা; প্রতিজ্ঞা করা।

فِرَارًا : **ভয়ে পালানো**। বাব ضَرَبَ ; মূলবর্ণ (ف - ر - ر) এটি لازم ; কিন্তু কখনো متعدى -ও আসে। বলা হয়– فُرَّ الدَّابَّةُ [বয়স জানার জন্য ঘোড়ার দাঁত দেখেছে।] اَلْجَوَادُ عَيْنُهُ فِرَارُهُ [ঘোড়ার দাঁতই তার বয়স বলে দেয়।] এ অর্থে এটি বাব ضَرَبَ ও نَصَرَ উভয় থেকেই আসে।

আয়াত : ১৪

دُخِلَتْ : **যদি প্রবেশ ঘটত** : لَوْ دُخِلَتْ। لو হরফে শর্ত। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د - خ - ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

اَقْطَارِهَا : **তার দিকে।** اَقْطَار মুযাফ, قُطْرٌ -এর বহুবচন। هَا যমীর মুযাফ ইলাইহি। قُطْرٌ অর্থ– পার্শ্ব; দিক।

اَلْفِتْنَةَ : **বিদ্রোহ; ফ্যাসাদ**। একবচন; বহুবচন– فِتَنٌ অর্থ– পরীক্ষা , আজাব, মসিবত।

لَاٰتَوْهَا : **তারা তা করে বসত**। لام তাকীদের জন্য। اٰتَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ - ت - ي) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– আসা; আনা। এখানে অর্থ হবে– মেনে নেওয়া।

مَا تَلَبَّثُوْا : **তারা কালবিলম্ব করে না**। مَا নাফিয়া। تَلَبَّثُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ل - ب - ث) মাসদার اَلتَّلَبُّثُ অর্থ– বিলম্ব করা; অবস্থান করা।

يَسِيْرًا : **অল্প**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه মাসদার اَلْيُسْرُ অর্থ– সহজ হওয়া। কম হওয়া।

আয়াত : ১৫

عَاهَدُوْا : **তারা অঙ্গীকার করেছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُعَاهَدَةُ মূলবর্ণ (ع - ه - د) অর্থ– চুক্তিতে আবদ্ধ হওয়া; অঙ্গীকার করা।

لَا يُوَلُّوْنَ : **তারা পৃষ্ঠপ্রদর্শন করবে না**। لَا يُوَلُّوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (و - ل - ي) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা।

اَلْاَدْبَارَ : **পৃষ্ঠ; পিছন**। এটি اَلدُّبُرُ -এর বহুবচন।

مَسْئُولًا : **জিজ্ঞাসিত**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

আয়াত : ১৬

لَنْ يَنْفَعَكُمْ : **তোমাদের কোনো উপকার করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) مضارع معروف মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকার করা; কাজে আসা; উপকৃত হওয়া।

فَرَرْتُمْ : **তোমরা ভয়ে পলায়ন করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ر) মাসদার اَلْمَفَرُّ অর্থ– পলায়ন করা; ভয়ে পালানো।

اِذًا : **তবে; তখন**। এটি হরফে জাযা। সীবাওয়াই এর তাহকীক মতে এটি جَوَاب ও جَزَاء -এর জন্য আসে। মূলত اِذَنْ ছিল। ওয়াক্ফ অবস্থায় نون -কে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়।

لَا تُمَتَّعُوْنَ : **তোমাদেরকে ভোগ করতে দেওয়া হবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার مجهول اَلتَّمَتُّعُ অর্থ– উপভোগ করা; উপকৃত হওয়া।

আয়াত : ১৭

ذَا : **১. যা। ২. এটা। ৩. সাহেব; ওয়ালা; বিশিষ্ট**। প্রথম অর্থ হিসেবে এটি اَلَّذِىْ -এর অর্থে ব্যবহৃত। এটা তখন হয় যখন প্রশ্নবোধকের مَا ও مَنْ -এর পরে আসে এবং ইশারার জন্য আসে না। দ্বিতীয় অর্থ হিসেবে এটি ইসমে ইশারা নিকটবর্তীর জন্য ব্যবহৃত হয়। এর উপর هَاءُ التَّنْبِيْهِ প্রবিষ্ট হয়ে هذا বলা হয়। তবে পবিত্র কুরআনে هَاءُ التَّنْبِيْهِ ব্যতীত শুধু ذا এর ব্যবহার اسم اشارة -এর জন্য হয়নি। তৃতীয় অর্থ হিসেবে এটি ইসম। ওয়ালা; বিশিষ্ট ইত্যাদি অর্থের জন্য আসে। এটি اَسْمَاء سِتَّة مُكَبَّرَة -এর একটি। এটি اِسْم ظَاهِرْ -এর দিকে মুযাফ হয়ে ব্যবহার হয়। যমীরের দিকে মুযাফ হয় না। এর দ্বিবচন, বহুবচনও আসে।

يَعْصِمُكُمْ : **তোমাদেরকে রক্ষা করবে**। يعصم সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْعَصْمُ অর্থ– রক্ষা করা। كم যমীর মানসূবে মুত্তাসিল।

سُوْءً : **মন্দকর্ম**। এটি ইসম। اَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ; যেমনিভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءً এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি (র.) লিখেছেন, এটি বিপদ ও রোগ-ব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন–سُوْءً হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মান-মর্যাদা ও ধন-সম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধু-বান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন।

وَلِيًّا : **অভিভাবক**। একবচন, বহুবচন–اَوْلِيَاءُ ; অর্থ– বন্ধু; সাহায্যকারী; সহচর।

আয়াত : ১৮

اَلْمُعَوِّقِيْنَ : **বাধাদানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ و ـ ق) মাসদার اَلتَّعْوِيْقُ ; বাব نَصَرَ এর মাসদার اَلْعَوْقُ এ ; اَلْاِعْتِيَاقُ -এর মাসদার اِفْتِعَال বাব তিনটিরই অর্থ ভালো কাজ থেকে বাধাপ্রদান করা। رَجُلٌ عَوْقٌ [মানুষকে ভালো কাজ থেকে বাধাদানকারী।] হযরত কাতাদা (র.)-এর উক্তি অনুযায়ী এর দ্বারা ঐ সমস্ত মুনাফিক উদ্দেশ্য যারা বলেছিল যে, মুহাম্মদ তো একদিন মারা যাবেই, তখন যদি তোমরা আবূ সুফিয়ানের কাছে যাও তখন সে কিছুতেই তোমাদের প্রতি সদয় হবে না। সুতরাং তোমাদের জন্য এটাই উত্তম যে, তোমরা মুহাম্মদের সাহচর্য পরিহার করে তোমাদের [ইহুদি] সম্প্রদায়ের সাথে গিয়ে মিলিত হও।

اَلْقَائِلِيْنَ : **যারা বলে; বর্ণনাকারী; প্রবক্তাগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা; বর্ণনা করা। [বিস্তারিত সূরা আনকাবুত, আয়াত : ৬৯ দ্রষ্টব্য]

هَلُمَّ : **এসো**। এটি ইসমে ফে'ল যা امر -এর অর্থে ব্যবহৃত। এটি একবচন, দ্বি-বচন ও বহুবচন সকলের জন্য ব্যবহার হয়। –[বগভী] আহলে হেজাজদের মতে এটি ইসমে ফে'ল, যার রূপান্তর আসে না। সর্বলিঙ্গ ও বচনে একই রকম ব্যবহার হয়। কিন্তু বনূ তামীমের মতে এটি فعل যা পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন ও বহুবচন সকলের জন্য فعل -এর ন্যায় পৃথক পৃথক সীগাহ ব্যবহার হয়। [বায়যাভী] এটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহার হয়।

لَا يَأْتُوْنَ : **তারা আসে না**। لَا يَأْتُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِتْيَانُ অর্থ– আসা; অংশগ্রহণ করা।

اَلْبَأْسَ : **যুদ্ধ/শাস্তি**। এটি ইসম। এটি দারিদ্র্য ও ভীষণ বিপদের জন্য গঠিত হলেও এর অধিক ব্যবহার যুদ্ধ, বিগ্রহ ও প্রভাবের জন্য হয়ে থাকে।

আয়াত : ১৯

اَشِحَّةً : **কৃপণ**। এটি شَحِيْحٌ -এর বহুবচন। লোভী। এখানে ঐ সমস্ত মুনাফিক উদ্দেশ্য যারা যুদ্ধে মুসলিম বাহিনীকে সাহায্য করার ব্যাপারে কৃপণতা প্রকাশ করেছিল।

تَدُوْرُ : **তা ঘুরায়/ উল্টায়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ و ـ ر) মাসদার اَلدَّوَرَانُ ও اَلدَّوْرُ অর্থ– ঘুরা।

يُغْشٰى : **সে তা আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব سَمِعَ মাসদার اَلْغَشْيَانُ মূলবর্ণ (غ ـ ش ـ ي) অর্থ– আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া।

سَلَقُوْكُمْ : **তারা তোমাদেরকে বিদ্ধ করে/তোমাদেরকে তীক্ষ্ণ ভাষায় কথা বলে**। سَلَقُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ل ـ ق) মাসদার اَلسَّلْقُ অর্থ– কথার দ্বারা কষ্ট দেওয়া। كُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফউল।

بِاَلْسِنَةٍ حِدَادٍ : **তীক্ষ্ণ ভাষায়**। হরফে জার। اَلْسِنَةٌ - لِسَانٌ -এর বহুবচন। অর্থ– ভাষা; জিহ্বা। حداد শব্দটি حديد -এর বহুবচন। অর্থ– তীক্ষ্ণ; ধারালো।

اَحْبَطَ : **তিনি নিষ্ফল করেছেন**। حَبِطَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْحَبْطُ অর্থ– নিষ্ফল হওয়া; নষ্ট হওয়া।

اَحْبَطَ اللّٰهُ اَعْمَالَهُمْ : **আল্লাহ তাদের আমলসমূহ নিষ্ফল করেছেন**। اَحْبَطَ সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْبَاطُ মূলবর্ণ (ح ـ ب ـ ط) অর্থ– নিষ্ফল করা; নষ্ট করা; ক্ষতি করা।

يَسِيْرًا : **অল্প**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه মাসদার اَلْيُسْرُ অর্থ– সহজ হওয়া। কম হওয়া।

আয়াত : ২০

يَحْسَبُوْنَ : **তারা মনে করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব حَسِبَ মাসদার اَلْحَسْبُ ও اَلْحُسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– মনে করা; ধারণা করা; অনুমান করা।

اَلْاَحْزَابُ : **সম্মিলিত বাহিনী**। এটি حِزْبٌ -এর বহুবচন। এটি জমাত; দল; বাহিনী।

يَأْتِ : **সে উপস্থিত হবে**। يات সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْإِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– আসা; উপস্থিত হওয়া; হাজির হওয়া।

يَوَدُّوْا : **তারা আকাঙ্খা করে/ তারা কামনা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوُدُّ অর্থ– আকাঙ্ক্ষা করা; কামনা করা।

بَادُوْنَ : **মরুবাসীগণ**। بَادُوْنَ শব্দটি بَادٍ -এর বহুবচন। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل ; অর্থ– মরুবাসী; বাহিরে অবস্থানকারী।

اَلْاَعْـرَابِ : **যাযাবর, মরুবাসী; বেদুঈন**। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, হযরত ইসমাঈল (আ.)-এর বংশধরকে عَـرَبٌ বলা হয়। اَعْـرَابٌ হলো মূলত তার বহুবচন, যা মরুবাসীদের নাম সাব্যস্ত হয়েছে। কিন্তু মাজদুদ্দীন ফিরোজাবাদী কামূসে লিখেছেন– اَعْرَابٌ মরুবাসী আরবদেরকে বলা হয়। এর একবচন হয় না। বহুবচন اَعَـارِيْبُ আসে। –[বিস্তারিত সূরা তওবা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য]

يَسْـئَـلُـوْنَ : **তারা জিজ্ঞেস করে/ তারা সংবাদ নেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَـحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّـؤَالُ অর্থ– জিজ্ঞাসা করা; প্রশ্ন করা; জানতে চাওয়া।

اَنْبَاءِ : **সংবাদসমূহ**। বহুবচন; একবচন– نَبَأٌ

مَا قَاتَلُوْا : **তারা যুদ্ধ করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُقَاتَلَةُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– যুদ্ধ করা; সংগ্রাম করা।

আয়াত : ২১

اُسْـوَةٌ : **আদর্শ**। এটি ইসম। অন্যের অনুসরণের ক্ষেত্রে মানুষ যে রীতি অবলম্বন করে তাকে اُسْوَةٌ বলা হয়, তা উত্তম হোক বা মন্দ, কল্যাণকর হোক বা ক্ষতিকর।

يَـرْجُـوْا : **তারা ভয় করে; তারা আশঙ্কা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ و) মাসদার اَلرَّجَاءُ অর্থ– আশা করা; আশঙ্কা করা; ভয় করা।

ذَكَرَ : **সে স্মরণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; উল্লেখ করা।

আয়াত : ২২

لَمَّا رَاَ : **যখন দেখল**। لَمَّا হরফে শর্ত। رَاٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَـةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

وَعَـدَنَـا : **আমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন**। وَعَـدَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَـرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মূলবর্ণ (و ـ ع ـ د)জিনস مثال واوى মাসদার اَلْوَعْدُ অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা।

صَدَقَ : **তিনি সত্য বলেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلصِّدْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ- সত্য বলা।

زَادَهُمْ : **তা তাদের বৃদ্ধি করে**। زاد সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ى ـ د) অর্থ– বৃদ্ধি করা; অতিরিক্ত করা। هُـمْ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

تَسْلِيْمًا : **আনুগত্য করা**। বাব تَفْعِيْل-এর মাসদার। অর্থ– সালাম প্রেরণ করা; আনুগত্য করা; মুক্ত করা। এ সকল অর্থের জন্য এটি ব্যবহৃত হয়। কিন্তু বিশেষভাবে যখন على দ্বারা মুতা'আদ্দী হয় তখন সালাম করা ও সালাম প্রেরণ করার অর্থে হয়। আর যখন দ্বিতীয় মাফঊলের দিকে الى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয়– সোপর্দ করা; অর্পণ করা। আর لام দ্বারা মুতা'আদ্দী হলে অর্থ হয় গর্দান রাখা। আর من দ্বারা মুতা'আদ্দী হলে অর্থ হয়– মুক্ত করা; ছাড়ানো।

আয়াত : ২৩

قَضٰى : **সে পূর্ণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ– ফয়সালা করা। আদেশ দেওয়া; পূর্ণ করা।

نَحْبَهُ : **তার মানত**। ইঙ্গিতার্থে– মৃত্যু। কেননা প্রত্যেক প্রাণীর গলায় মৃত্যু মানতের ন্যায় আবশ্যক। ইমাম রাগেব (র.) লিখেছেন– قَضٰى نَحْبَهٗ-এর আসল মানত পূর্ণ করা। কেউ যদি তার মানত পূর্ণ করে তাহলে বলা হয় قَضٰى نَحْبَهٗ কিন্তু কখনও ইঙ্গিতার্থে এর দ্বারা উদ্দেশ্য হয় মৃত্যু। نَحْبَ মুযাফ ة যমীর মুযাফ ইলাইহি।

يَنْتَظِرُ : **সে প্রতীক্ষায় রয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِظَارُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

بَدَّلُوْا : **তারা পরিবর্তন করে দিয়েছে।** بَدَّلُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب ـ د ـ ل) অর্থ– পরিবর্তন করা। عَوَضٌ ও تَبْدِيْل -এর মধ্যে পার্থক্য হলো تَبْدِيْل বলা হয় যে কোনো পরিবর্তনকে। আর عِوَضٌ বলা হয় এক জিনিসের পরিবর্তে অন্য জিনিস পরিবর্তনকে। সুতরাং تَبْدِيْل ব্যাপক।

আয়াত : ২৪

لِيَجْزِيَ : **প্রতিফলদেওয়ার জন্য।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া।

اِنْ شَاءَ : **তার ইচ্ছা হলে।** اِنْ হরফে শর্ত। شَاءَ সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ي ـ أ) জিনস مهموز لام اجوف يائى، মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

يَتُوْبَ : **তিনি তওবা কবুল করেন, তিনি ক্ষমা করে দেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। তওবার সংজ্ঞায় ইমাম খাত্তাবী (র.) বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ (তওবার অর্থ হলো গুনাহর পর বান্দা নেকীর দিকে প্রত্যাবর্তন করা।) تَوْبَة শব্দটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহৃত হয়। সেলা ব্যতীত অর্থাৎ لازم হলে অর্থ হবে– তওবা করা; আল্লাহর প্রতি মনোযোগী হওয়া। আর যদি على দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে– আল্লাহ তওবা কবুল করা। তওবা কবুল হওয়ার শর্ত চারটি। যথা–

১. পাপকে মন্দ মনে করে বর্জন করা।
২. যা ভুল-ত্রুটি হয়েছে তার জন্য অনুতপ্ত হওয়া।
৩. পুনরায় উক্ত পাপ না করার দৃঢ় সংকল্প করা।
৪. যে সমস্ত কাজের ক্ষতিপূরণ সম্ভব তার ক্ষতিপূরণ দেওয়া। যেমন বান্দার হক হলে তা আদায় করা; আর আল্লাহর হক হলে যদি তা কাজা করার মতো হয় তবে তা কাজা করা। এ চারটি শর্ত পাওয়া গেলে মনে করতে হবে যে তার তওবা কবুল হয়েছে।

আয়াত : ২৫

رَدَّ : **তিনি ফিরিয়ে দিলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরানো।

غَيْظٌ : **ক্রোধ। ভীষণ ক্রোধ।** উষ্ণতা যা চরম ক্রোধের সময় অন্তরে অনুভূত হয়। –[মুফরাদাত, মু'জাম]

لَمْ يَنَالُوْا : **তারা তা পায়নি বা পাবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ى ـ ل) মাসদার اَلنَّيْلُ অর্থ– পাওয়া; অর্জন করা।

كَفَى : **তা যথেষ্ট।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ف ـ ي) মাসদার اَلْكِفَايَةُ অর্থ– যথেষ্ট হওয়া।

عَزِيْزًا : **পরাক্রমশালী।** عَزِيْزًا সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন– عزيز এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনও পরাজিত হন না। আল্লামা যুজায (র.) লিখেছেন عزيز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অনুবাদ করেছেন এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন– عزيز হলো যার উপমা কিছু নেই; অনুপম। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

আয়াত : ২৬

اَنْزَلَ : **তিনি অবতীর্ণ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

ظَاهَرُوْهُمْ : **তারা তাদেরকে সাহায্য করেছে।** ظَاهَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব

اَلْمُظَاهَرَةُ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) মাসদার مُفَاعَلَة অর্থ– একে অপরকে সাহায্য করা; সহযোগিতা করা; অনুগ্রহ করা।

صَيَاصِيْهِمْ : **তাদের দুর্গ**। هِمْ যমীর মুযাফ ইলাইহি। صَيَاصِيْ মুযাফ শব্দটি صَيْصَةٌ -এর বহুবচন। অর্থ– দুর্গ; কেল্লা, যা দ্বারা সংরক্ষণ করা হয়। এ কারণেই গরুর শিং এবং মোরগের ঝুটিকে صَيْصَةٌ বলা হয়।

: **তিনি সঞ্চার করেন; তিনি নিক্ষেপ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ذ ـ ف) মাসদার اَلْقَذْفُ -এর আসল অর্থ– তীর দূরে নিক্ষেপ করা। অতঃপর তীরের শর্ত বাদ দিয়ে যে কোনো কিছু নিক্ষেপ করা এবং অবতরণ করার অর্থে ব্যবহার হতে থাকে। রূপকার্থে গালি দেওয়া, ব্যভিচারের অপবাদ দেওয়া এবং কোনো কিছুর দোষ-ত্রুটির দিকে সম্বন্ধ করার অর্থেও ব্যবহার হয়।

اَلرُّعْبَ : **ভীতি**। বাব فَتَحَ -এর মাসদার। অর্থ– ভয় করা; দাপট দেখানো।

تَقْتُلُوْنَ : **তোমরা হত্যা করবে**। تَقْتُلُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা; মেরে ফেলা।

تَأْسِرُوْنَ : **তোমরা বন্দি করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاَسْرُ মূলবর্ণ (أ ـ س ـ ر) অর্থ– বন্দি করা।

আয়াত : ২৭

اَوْرَثَكُمْ : **তিনি তোমাদেরকে উত্তারধিকারী বানিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلْاِيْرَاثُ অর্থ– উত্তরাধিকারী বানানো।

لَمْ تَطَئُوْهَا : **তোমরা সেখানে পদার্পণ করনি**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفي جحد بلم در فعل مستقبل معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُوَاطَاةُ অর্থ– পদার্পণ করা।

আয়াত : ২৮

قُلْ : **তুমি বল**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। আরবিতে قَوْل অর্থ এত অধিক যে তা পরিসংখ্যান করা দুষ্কর। তন্মধ্য হতে অধিক ব্যবহৃত কয়েকটি নিম্নরূপ–

১. বলা, শব্দটি একবচন হোক বা বহুবচন।
২. মনের কথা। মনে মনে কথা বলা।
৩. মতবাদ, মতাদর্শ; অভিমত।
৪. ইঙ্গিতে কোনো কথা প্রকাশ করা।
৫. কোনো কিছুর প্রতি সঠিকভাবে মনোনিবেশ করা।
৬. কারো প্রতি কোনো কিছু ইলহাম করা।
৭. নির্দেশ প্রদান করা।
৮. আল্লাহর জ্ঞান।
৯. এমন বিষয় যা সম্পর্কে কোনো কথা বলা হয়েছে।
১০. বর্ণনা করা; রেওয়ায়েত করা।
১১. অপবাদ আরোপ করা।
১২. ইঙ্গিত করা; ইশারা করা।
১৩. অন্তরে কোনো কথাকে বিশ্বাস করা ও মুখে তা স্বীকার করা।

كُنْتُنَّ : اِنْ كُنْتُنَّ : **যদি তোমরা হও**। اِنْ হরফে শর্ত, সীগাহ جمع مؤنث حاضر বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

تَعَالَيْنَ : **তোমরা এসো**। تَعَالَيْنَ সীগাহ جمع مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّعَالِيُ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ– উঁচু হওয়া ও আসা। মূলত تَعَالِيُ অর্থ মানুষকে উচ্চমর্যাদার দিকে আহ্বান করা। কিন্তু পরবর্তীতে যে কোনো কিছুর জন্য আহ্বান করার অর্থে– ব্যবহার হয়। কারো কারো মতে, এটি عُلُوٌّ থেকে নির্গত হয়েছে। যার অর্থের মধ্যে উচ্চমর্যাদার অর্থ বিদ্যমান। সুতরাং تَعَالَوْا/تَعَالَى -এর মধ্যে উচ্চমর্যাদা অর্জনের আহ্বান রয়েছে। পবিত্র কুরআনের যেখানেই এটি ব্যবহার হয়েছে সেখানে এ অর্থ বিদ্যমান। আরবি ভাষাবিদগণের মতে এটি هَلُمَّ

-এর সমার্থবোধক। এর কয়েকটি সীগাহ ব্যবহার হয়। যথা– ক. واحد مذكر حاضر খ. যেমন– تَعَالَ গ. واحد مؤنث حاضر যেমন– تَعَالَي ঘ. تثنية مذكر و مؤنث যেমন– تَعَالَيَا ঙ. جمع مؤنث যেমন– تَعَالَيْنَ

أُمَتِّعْكُنَّ : **আমি তোমাদের ভোগ-সামগ্রীর ব্যবস্থা করি।** সীগাহ أُمَتِّعُ মুতাকাল্লিম واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো। كُنَّ যমীর মাফঊলে বিহী।

أُسَرِّحْكُنَّ : **তুমি তাদেরকে বিদায় কর।** أُسَرِّحْ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ر ـ ح) মাসদার اَلتَّسْرِيْحُ অর্থ– বিদায় দেওয়া; ছুটি দেওয়া; মুক্ত করা; স্বাধীন হওয়া। كُنَّ যমীর মানসূব মুত্তাসিল মাফঊল।

سَرَاحًا : **বিদায় করা। ছেড়ে দেওয়া। তালাক দেওয়া।** تَسْرِيْحٌ থেকে নির্গত, যার অর্থ– তালাক দেওয়া। এটি ইসম। যেমন– تَبْلِيْغٌ থেকে بَلَاغٌ; ইমাম বায়হাকী (র.) লিখেছেন এ ব্যাপারে সঠিক কথা হলো যে, كَلَامٌ- سَلَامٌ- سَرَاحٌ এগুলো فَعَالٌ -এর ওজনে ইসম, যা মাসদারের অর্থে ব্যবহৃত। ইমাম রাগেব (র.) লিখেছেন– سَرِّحُوْهُنَّ سَرَاحًا جَمِيْلًا [তাদেরকে বিদায় কর উত্তমভাবে] এ শব্দটি تَسْرِيْحُ الْاِبِلِ [উটপালকে চরতে পাঠানো] থেকে চয়িত। যেমন طَلَاقٌ শব্দটি اِطْلَاقِ اِبِلٍ [উটের পায়ের বন্ধন খুলে দেওয়া] থেকে চয়িত।

جَمِيْلًا : **সৌজন্য; সদ্ভাব।** সীগাহ واحد বহছ صفت المشبه। অর্থ– উত্তম হওয়া; সুন্দর হওয়া।

আয়াত : ২৯

أَعَدَّ : **তিনি প্রস্তুত রেখেছেন।** أَعَدَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْدَادُ মূলবর্ণ (ع ـ د ـ د) অর্থ– প্রস্তুত করা।

لِلْمُحْسِنَاتِ : **সৎকর্মপরায়ণগণের জন্য।** لام হরফে জার, اَلْمُحْسِنَاتِ সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সুন্দর করা; অনুগ্রহ করা; দয়া করা সৎকর্ম করা।

عَظِيْمًا : **মহান।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْعَظَامَةُ অর্থ– মহান হওয়া; সম্মানিত হওয়া।

আয়াত : ৩০

يٰنِسَآءَ : **হে পত্নীগণ।** يَا হরফে নেদা। نِسَاءَ শব্দটি বহুবচন, একবচন– اِمْرَأَةٌ অর্থ– স্ত্রী; মহিলা।

يَأْتِ : **সে আনবে; করবে।** يَأْتِ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– আসা; উপস্থিত হওয়া; আনা।

فَاحِشَةٍ : **অশ্লীল কর্ম।** এটি একবচন, বহুবচন– فَوَاحِشُ অর্থ– অশ্লীল কাজ; নির্লজ্জতা। فَاحِشَةٌ বলা সীমাহীন নির্লজ্জতাকে। –[কামূস] এমন নির্লজ্জতা যার প্রভাব অন্যের উপর পড়ে। –[মির্জা আবুল ফযল] এমন বস্তু যার নিষিদ্ধতা আল্লাহ তা'আলা নির্ধারণ করেছেন। –[মুনতাহাল আরব] মন্দ কথা বা কাজ। সূরা আননূরের ২৯ নং আয়াতে فَاحِشَةٌ অর্থ– মন্দ কথা বা কাজ। আর সূরা নিসার ১৪ নং আয়াতে فَاحِشَةٌ দ্বারা উদ্দেশ্য ব্যভিচার। সূরা 'আরাফের ২৭ নং আয়াতে فَاحِشَةٌ দ্বারা বিবস্ত্র হয়ে কা'বা প্রদক্ষিণ করা উদ্দেশ্য।

مُبَيِّنَةٍ : **সুস্পষ্ট।** مبينة সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ي ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ। অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা; বিশদভাবে বর্ণনা করা।

يُضٰعَفْ : **দ্বিগুণ করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَاعَفَةُ মূলবর্ণ (ض ـ ع ـ ف) অর্থ– দ্বিগুণ করা; ডবল করা; বৃদ্ধি করা।

ضِعْفَيْنِ : **দুই গুণ।** শব্দটি ضِعْفٌ এর দ্বি-বচন; নসব ও জর অবস্থায়।

২২তম পারা

আয়াত : ৩১

يَقْنُتْ : সে অনুগত হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ن ـ ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ– অনুগত হওয়া; বাধ্যগত হওয়া। নীরবে দাঁড়িয়ে থাকা।

تَعْمَلْ : সে করবে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা; কাজ করা; ইবাদাত করা।

نُؤْتِهَا : আমি তাকে দিব। সীগাহ جمع متكلم نُؤْتِ বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার الايتاء অর্থ– দেওয়া; দান করা। ها যমীরে মাফঊলে বিহী।

أَجْرٌ : প্রতিদান; বিনিময়। একবচন, বহুবচন– اُجُوْرٌ

مَرَّتَيْنِ : দুইবার। এটি مَرَّةٌ এর দ্বি-বচন।

أَعْتَدْنَا : আমি প্রস্তুত রেখেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْتَادُ মূলবর্ণ (ع ـ ت ـ ر) অর্থ– প্রস্তুত করা; তৈরি করা; গঠন করা।

كَرِيْمًا : সম্মানজনক। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْكَرَمُ ও اَلْكَرَامَةُ অর্থ– সম্মানিত হওয়া।

আয়াত : ৩২

لَسْتُنَّ : তোমরা নও। সীগাহ جمع مؤنث حاضر বহছ افعال ناقصة [না-বাচকের জন্য।]

اِنِ اتَّقَيْتُنَّ : যদি তোমরা আল্লাহকে ভয় কর। اِنْ হরফে শর্ত। সীগাহ اِتَّقَيْتُنَّ جمع مؤنث حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; আল্লাহভীতি অর্জন করা; বর্জন করা; বিরত থাকা।

لَا تَخْضَعْنَ : তোমরা কোমল হয়ো না। সীগাহ جمع مؤنث حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ض ـ ع) মাসদার اَلْخُضُوْعُ অর্থ– বিনয়ী হওয়া; ঝুঁকা; কোমল হওয়া।

اَلْقَوْلِ : কথা বলা। এটি বাব ضَرَبَ-এর মাসদার; মূলবর্ণ (ق ـ و ـ ل) –[বিস্তারিত সূরা আহযাব, আয়াত : ২৮ দ্রষ্টব্য]

فَيَطْمَعَ : সে প্রলুব্ধ হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلطَّمْعُ মূলবর্ণ (ط ـ م ـ ع) অর্থ– আকাঙ্ক্ষা করা; প্রত্যাশা করা; লোভ করা।

قُلْنَ : তোমরা বল। সীগাহ جمع مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা।

مَعْرُوْفًا : ন্যায়সঙ্গত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضرب মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ অর্থ– জানা; চিনা; হৃদয়ঙ্গম করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২২৮ দ্রষ্টব্য]

আয়াত : ৩৩

قَرْنَ : তোমরা অবস্থান কর। সীগাহ جمع مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْقَرَارُ মূলবর্ণ (ق ـ ر ـ ر) অর্থ– স্থিত থাকা; অবস্থান করা।

لَا تَبَرَّجْنَ : তোমরা নিজেদেরকে প্রদর্শন করে বেড়াবে না। সীগাহ جمع مؤنث حاضر বহছ نهى حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ر ـ ج) মাসদার اَلتَّبَرُّجُ অর্থ– অঙ্গসজ্জা করা; কেশ বিন্যাস করা; প্রদর্শনী করা। শব্দটি মূলত تَتَبَرَّجْنَ ছিল। সহজি করণার্থে একটি ت বিলুপ্ত করা হয়েছে।

اَلْجَاهِلِيَّةِ الْاُوْلٰى : প্রাচীন যুগ, অজ্ঞতার যুগ। এটি جَهْلٌ হতে গঠিত ইসম। অর্থ– অজ্ঞতা; মূর্খতা। ইসলাম তথা রাসূল ﷺ-এর আবির্ভাবের পূর্বের যুগ।

অন্য মতে হযরত নূহ (আ.) -এর সময় হতে হযরত ঈসা (আ.)-এর আগমনের পূর্ব পর্যন্ত সময়কাল। বায়যাভী গ্রন্থকার (র.) লিখেন- اَلْمُرَادُ بِالْجَاهِلِيَّةِ الْمِلَّةُ الْجَاهِلِيَّةُ الَّتِى اِلَى هِىَ مُتَابَعَةُ الْهَوٰى [অজ্ঞতা ও মূর্খতার যুগ বলতে অজ্ঞতা ও মুর্খতার ধর্মকে বুঝানো হয়েছে, প্রবৃত্তি যার প্রতি ধাবিত হয়।

اَقِمْنَ : اَقِمْنَ الصَّلٰوةَ : তোমরা সালাত কায়েম কর। সীগাহ امر حاضر বহছ جمع مؤنث حاضر বাব افعال মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ- সোজা করা; কায়েম করা। اَقِمْنَ মূলত اَقْوِمْنَ ছিল। واو এর হরকতটি قاف হরফে সহীহ সাকিনকে দেওয়া হয়েছে। এবার واو এবং ميم এর মাঝে দুই সাকিন একত্র হওয়ার কারণে واو পড়ে গেছে। এভাবে اَقِمْنَ হয়েছে।

اٰتِيْنَ : اٰتِيْنَ الزَّكٰوةَ : তোমরা জাকাত প্রদান কর। সীগাহ امر حاضر معروف বহছ جمع مؤنث حاضر বাব افعال মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দেওয়া।

اَطِعْنَ : তোমরা আনুগত্য কর। সীগাহ جمع مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব افعال মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ- আনুগত্য করা; কথামতো চলা।

يُرِيْدُ : সে ইচ্ছা করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ- ইচ্ছা করা।

لِيُذْهِبَ : যেন সে দূর করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام كي বাব افعال মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلْاِذْهَابُ অর্থ- নিয়ে যাওয়া; দূর করা; সরিয়ে নেওয়া।

اَلرِّجْسَ : অপবিত্রতা। একবচন, বহুবচন- اَرْجَاسٌ; আরো অর্থ হলো নাপাক; শাস্তি; ময়লা; বিপদ। رِجْس -এর চারটি সুরত রয়েছে।

১. শরিয়তের দৃষ্টিকোণ থেকে।
২. জ্ঞান ও আকলের দৃষ্টিকোণ থেকে।
৩. স্বভাবগতভাবে।
৪. উপরিউক্ত তিন দিক থেকেই। رِجْس شَرْعِىْ হলো জুয়া; শরাব। رِجْس عَقْلِىْ হলো শিরক; শূকরের গোশত; তিনটির সমন্বয়ে যে رِجْس তা হলো মৃতদেহ। -[বিস্তারিত সূরা মায়েদা : ৯, সূরা তওবা- ৯৫ ও সূরা ইউনুস, আয়াত : ১০০ দ্রষ্টব্য]

يُطَهِّرَ : يُطَهِّرَكُمْ : তিনি তোমাদেরকে পবিত্র করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تفعيل মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ- পবিত্রকরণ; পরিশুদ্ধ করা; পবিত্র করা। كم যমীর মাফউলে বিহী।

আয়াত : ৩৪

اُذْكُرْنَ : তোমরা স্মরণ কর। সীগাহ جمع مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- স্মরণ করা।

يُتْلٰى : তা পঠিত হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ- তেলাওয়াত করা; পাঠ করা; অধ্যয়ন করা।

حِكْمَةِ : হিকমত; প্রজ্ঞা। শব্দটি একবচন; বহুবচন- حِكَمٌ যাবতীয় বিষয়বস্তুকে সঠিক জ্ঞান দ্বারা জানাকে হিকমত বলা হয়। তাছাড়া حِكْمَتْ দ্বারা ইলমে নববীও উদ্দেশ্য হয়ে থাকে।

لَطِيْفًا : সূক্ষ্মদর্শী। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ل ـ ط ـ ف)মাসদার اَللُّطْفُ। অর্থ- সদয় হওয়া; অনুগ্রহ করা; বন্ধুভাবাপন্ন হওয়া। বাব كَرُمَ থেকে মাসদার اَللَّطَافَةُ অর্থ- কোমল হওয়া; সূক্ষ্ম হওয়া; কমনীয় হওয়া; পাতলা হওয়া; মনোরম হওয়া। কোনো দেহ لَطِيْف হওয়ার অর্থ হলো নাজুক হওয়া; সরু হওয়া। কোনো কথা لَطِيْف হওয়ার অর্থ হলো সূক্ষ্ম হওয়া; কথাটির অর্থ গোপন হওয়া। নড়াচড়া لَطِيْف হওয়ার অর্থ- ক্ষীপ্র হওয়া; দ্রুত হওয়া। لُطْف অর্থ- নম্রতা; কোমলতা। لُطْف الٰهىْ অর্থ হলো আল্লাহর অনুগ্রহ; নেক কাজের সামর্থ্য; পাপকার্য থেকে বেঁচে থাকা। -[কামূস, আকরাবুল মাওয়ারিদ]

আয়াত : ৩৫

إِنَّ : **নিশ্চয়; অবশ্যই**। হরফে তাহকীক ও হরফে মুশাব্বাহ বিল ফে'ল। যা خبر -এর তাকীদ ও দৃঢ়তা বৃদ্ধির জন্য আসে। এটি তার ইসমকে নসব এবং خبر -কে রফা' প্রদান করে।

اَلْمُسْلِمِيْنَ : **মুসলিমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– ইসলাম গ্রহণ করা; অনুগত হওয়া।

اَلْمُؤْمِنٰتِ : **মুমিন নারীসকল**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা।

قٰنِتِيْنَ : **অনুগত/ আজ্ঞাবহ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ن ـ ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ– অনুগত হওয়া; বাধ্যগত হওয়া। নীরবে দাঁড়িয়ে থাকা।

اَلْقٰنِتٰتِ : **অনুগত নারী/আজ্ঞাবহ নারী**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْقُنُوْتُ মূলবর্ণ (ق ـ ن ـ ت) অর্থ– অনুগত হওয়া; বাধ্যগত হওয়া। নীরবে দাঁড়িয়ে থাকা।

اَلصّٰدِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা; সত্যবাদী হওয়া।

اَلصّٰدِقٰتِ : **সত্যবাদী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা; সত্যবাদী হওয়া।

اَلصّٰبِرِيْنَ : **ধৈর্যধারণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– صَبْر অর্থ– নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো جَزَع [অস্থিরতা, উৎকণ্ঠা]। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে– شُجَاعَةٌ বা বীরত্ব ; جُبْن [ভীরুতা] হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্ণকারী বিপদের সময় হলে তাকে বলা হবে– رَحْبُ الصَّدْر [প্রসন্নতা; উদারতা] ضَجَر [সঙ্কীর্ণতা] হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে– كِتْمَانٌ [গোপন করা] আর مَذِلٌ [কথা ফাঁস করে দেওয়া] হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

اَلصّٰبِرٰتِ : **ধৈর্যধারণকারী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

اَلْخٰشِعِيْنَ : **বিনয়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ش ـ ع) মাসদার اَلْخُشُوْعُ অর্থ– ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া।

اَلْخٰشِعٰتِ : **বিনয়ী নারীগণ**। خٰشِعَتْ সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মাসদার اَلْخُشُوْعُ মূলবর্ণ (خ ـ ش ـ ع) অর্থ– ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া।

اَلْمُتَصَدِّقِيْنَ : **সদকাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصَدُّقُ অর্থ– সদকা করা; দান করা।

اَلْمُتَصَدِّقٰتِ : **সদকাকারী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّصَدُّقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ– সদকা করা; দান করা; হাদিয়া দেওয়া।

اَلصّٰٓئِمِيْنَ : **সওম পালনকারী পুরুষগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلصِّيَامُ ও اَلصَّوْمُ মূলবর্ণ (ص ـ و ـ م) অর্থ– রোজা রাখা; সওম পালন করা। صَوْم অর্থ মূলত বিরত থাকা; চাই তা আহার, কথাবার্তা বা চলাফেরা হোক। এ কারণেই যে ঘোড়া চলাফেরা ও ঘাস খাওয়া থেকে বিরত থাকে তাকে صَائِمٌ বলা হয়। যেমন কবি বলেন– خَيْلٌ صِيَامٌ وَ غَيْرُ صَائِمَةٍ –এবং থেমে যাওয়া বাতাসকেও صَائِم বলা হয়। শরিয়তের পরিভাষায় প্রাপ্তবয়স্ক ব্যক্তি নিয়তসহকারে সুবহে-

সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও اِسْتِمْنَاءٌ [স্বেচ্ছায় বীর্য নির্গত করা] এবং اِسْتِقَاءٌ [স্বেচ্ছায় বমি করা] থেকে বিরত থাকাকে صَوْمٌ বলা হয়।

اَلصّٰئِمٰتِ : **সওম পালনকারী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلصِّيَامُ ও اَلصَّوْمُ মূলবর্ণ (ص . و . م) অর্থ– রোজা রাখা; সওম পালন করা।

اَلْحٰفِظِيْنَ : **রক্ষণাবেক্ষণকারী পুরুষগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح . ف . ظ) অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা।

اَلْحٰفِظٰتِ : **রক্ষণাবেক্ষণকারী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح . ف . ظ) অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা।

فُرُوْجَهُمْ : **তাদের যৌনাঙ্গ**। فُرُوْجٌ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। فُرُوْجٌ শব্দটি বহুবচন, একবচন– فَرْجٌ যার অর্থ– বিদীর্ণ করা; ছিদ্র করা। মাসদার। ছিদ্র; ফাটল। (حَاصِلْ مَصْدَرْ) ; পুরুষ ও স্ত্রীর যৌনাঙ্গ।

اَلذّٰكِرِيْنَ : **স্মরণকারী পুরুষগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ذ . ك . ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; জিকির করা।

اَلذّٰكِرٰتِ : **স্মরণকারী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ذ . ك . ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; জিকির করা।

اَعَدَّ : **তিনি প্রস্তুত রেখেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع . د . د) মাসদার اَلْاِعْدَادُ অর্থ– প্রস্তুত রাখা; প্রস্তুত করা।

مَغْفِرَةً : **ক্ষমা**। ইসম ও মাসদার। অর্থ– ক্ষমা করা।

اَجْرًا : **শ্রমফল**। এটি একবচন, বহুবচন– اُجُوْرٌ অর্থ– প্রতিফল; প্রতিদান।

আয়াত : ৩৬

قَضٰى : **তিনি আদেশ দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق . ض . ى) অর্থ– ফয়সালা করা। আদেশ দেওয়া।

خِيَرَةُ : **এখতিয়ার; ভিন্ন সিদ্ধান্ত**। বাব ضَرَبَ-এর মাসদার।

مَنْ يَّعْصِ : **যে অমান্য করবে**। مَنْ মাউসূলাহ। يَعْصِ সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع . ص . ى) মাসদার اَلْعِصْيَانُ অর্থ– অমান্য করা; নাফরমানি করা; ওয়াদা ভঙ্গ করা।

ضَلَّ : **সে পথভ্রষ্ট হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض . ل . ل) অর্থ– পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া।

ضَلٰلًا : **বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া**। আল্লামা জালাল কারশী লিখেছেন– ضَلَالٌ অর্থ– নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ (পানি এত পরাভূত (কম) হয়েছে যে দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না।) সূরা ইউসুফের আয়াত– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ [আমাদের পিতা তাদের দুজনের মহব্বতে পরাভূত] ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– ضَلَالٌ অর্থ– সঠিক রাস্তা থেকে বিচ্যুত হওয়া। هِدَايَةٌ হলো এর বিপরীতার্থক শব্দ। যেমন– فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ ; وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا পথচ্যুত হওয়া যে কোনো ভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে কম বা অধিক সর্বাবস্থায়ই তাকে ضَلَالٌ বলা হবে। এ কারণেই পয়গাম্বর এবং কাফের উভয়ের জন্যই ضَلَالٌ শব্দের ব্যবহার হয়েছে। যদিও উভয়ের ضَلَالٌ-এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। যেমন– রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى [অর্থাৎ যে নবুয়ত রাসূল ﷺ -এর প্রতি অবতীর্ণ হয়েছে সে সম্পর্কে তিনি পূর্বে জ্ঞাত ছিলেন না] হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে– اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ হযরত মূসা (আ.) নিজে বলেন– وَاَنَا مِنَ الضَّآلِّيْنَ।

مُّبِيْنًا : **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب . ى . ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– স্পষ্ট করা; বর্ণনা করা।

আয়াত : ৩৭

اَنْعَمَ : তিনি অনুগ্রহ করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْعَامُ মূলবর্ণ (ن ـ ع ـ م) অর্থ– অনুগ্রহ করা; দয়া করা; অনুশোচনা করা।

اَنْعَمْتَ : তুমি অনুগ্রহ করেছ। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْعَامُ মূলবর্ণ (ن ـ ع ـ م) অর্থ– অনুগ্রহ করা; দয়া করা।

اَمْسِكْ : তুমি বিরত রাখ। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْسَاكُ মূলবর্ণ (م ـ س ـ ك) অর্থ– বিরত রাখা।

اِتَّقِ : তোমরা ভয় কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– সাবধান হওয়া; বিরত থাকা; দূরে থাকা।

تُخْفِىْ : তুমি গোপন করছ। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ– গোপন করা।

مُبْدِيْهِ : তিনি তা প্রকাশকারী। مُبْدِئٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْدَاءُ মূলবর্ণ (ب ـ د ـ و) অর্থ– প্রকাশ করা; উন্মোচন করা। ه যমীর মাজরূর বা ইযাফত।

تَخْشٰى : তুমি ভয় করছ / করবে। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ– ভয় করা।

اَحَقُّ : অধিকতর সঙ্গত / অধিক হকদার। اَحَقُّ সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ অর্থ– সত্য হওয়া; সঙ্গত হওয়া।

قَضٰى : তিনি আদেশ দিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– ফয়সালা করা। আদেশ দেওয়া।

زَيْدٌ : যায়েদ। একজন বিশিষ্ট সাহাবী। সমগ্র কুরআনে নবীগণ ব্যতীত কোনো শ্রেষ্ঠ বা বিশিষ্টতম সাহাবীগণের নামেরও উল্লেখ নেই। একমাত্র যায়েদ ইবনে হারেসা (রা.)-এর নাম রয়েছে। রাসূলুল্লাহ ﷺ তাঁর প্রতি বিশেষ মর্যাদা প্রদর্শন করতেন। হযরত আয়েশা সিদ্দীকা (রা.) বলেন যে, যখন তিনি যায়েদ বিন হারেসাকে কোনো সৈন্যবাহিনীভুক্ত করে পাঠিয়েছেন, তখন তাকেই সেনাপতি নিযুক্ত করে পাঠিছেন। –[ইবনে কাছীর]

دَاوٗدَ : বিশিষ্ট নবী হযরত দাউদ (আ.)। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫১ দ্রষ্টব্য]

فَضْلًا : অনুগ্রহ। মঙ্গল। এটি اسم فعل ; এর আরো অর্থ রয়েছে। যেমন- শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব, জ্ঞান, বুদ্ধি, বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া। এ অর্থে -এর দুটি সুরত রয়েছে। যথা-

১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন- জ্ঞান, বিদ্যা, ধৈর্য ও লজ্জা ইত্যাদিতে আধিক্য।

২. মন্দ আধিক্য। যেমন- ক্রোধ, ইত্যাদির আধিক্য। فَضْلٌ শব্দের সাধারণ ব্যবহার উত্তম আধিক্যের

জন্যই হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য فُضُوْلٌ শব্দ ব্যবহার হয়। যদিও গঠনগতভাবে উভয়টি একই অর্থবোধক। -[রাগেব]

يٰجِبَالُ : **হে পর্বতমালা**। বহুবচন, একবচন- جَبَلٌ পাহাড়; পর্বত।

اَوِّبِىْ : **তুমি আমার পবিত্রতা ঘোষণা কর/ আমার দিকে প্রত্যাবর্তন কর**। সীগাহ اَوِّبِىْ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّاْوِيْبُ মূলবর্ণ (أ ـ و ـ ب) অর্থ- প্রত্যাবর্তন করা; তাসবীহ পাঠ করা; পবিত্রতা ঘোষণা করা; অভিমুখী হওয়া। এখানে শেষোক্ত অর্থই উদ্দেশ্য। এর প্রমাণ হলো সূরা সাদের আয়াত- اِنَّا سَخَّرْنَا الْجِبَالَ مَعَهٗ يُسَبِّحْنَ بِالْعَشِىِّ وَالْاِشْرَاقِ ـ وَالطَّيْرَ مَحْشُوْرَةً كُلٌّ لَّهٗ اَوَّابٌ [আমি অনুগত করে দিয়েছিলাম পর্বতমালাকে, তা তার সাথে সকাল-সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা বর্ণনা করত এবং সমবেত বিহঙ্গকুলকে ; সকলেই ছিল তাঁর অভিমুখী।] যেমনটি হযরত ইবনে আব্বাস (রা.), কাতাদাহ, মুজাহিদ, ইকরিমা ও ইবনে যাইদ প্রমুখের মত। এটা ছিল হযরত দাউদ (আ.)-এর মু'জিযা, যে যখন তিনি আল্লাহর জিকিরে নিমগ্ন থাকতেন তখন পাহাড়, পাখি সকলে মিলে তার সাথে জিকিরে লিপ্ত হয়ে যেত। এটা ছিল তাঁর প্রতি আল্লাহর বিশেষ অনুগ্রহ। উল্লেখ্য পাহাড় ও পাখির তাসবীহ পাঠ দ্বারা তার প্রতিধ্বনি বা সাধারণ তাসবীহ যা সকল কিছুই করে থাকে তা উদ্দেশ্য নয়। যদি তা-ই হয় তাহলে হযরত দাউদ (আ.)-এর উপর বিশেষ অনুগ্রহের কথা যা কুরআনে বর্ণিত হয়েছে তার কোনো গুরুত্ব থাকত না, তাছাড়া পাহাড় ও পাখিকে তার বাধ্যগত করারই বা কি উদ্দেশ্য হবে।

اَلطَّيْرَ : **বিহঙ্গকুল**। বহুবচন, একবচন- طَائِرٌ যেমনিভাবে رَاكِبٌ-এর বহুবচন صَحْبٌ এবং صَاحِبٌ-এর বহুবচন- رَكْبٌ

اَلَنَّا : **আমি নমনীয় করেছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ل ـ ن) মাসদার اَلْاِلَانَةُ অর্থ- কোমল করা; নরম করা।

اَلْحَدِيْدَ : **লৌহ**। একবচন, বহুবচন- حَدَائِدُ

আয়াত : ১১

اِعْمَلْ : **তুমি কাজ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- করা; কাজ করা; আমল করা।

سٰبِغٰتٍ : **প্রশস্ত বর্মসমূহ**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل মূলবর্ণ (س ـ ب ـ غ) মাসদার اَلسُّبُوْغُ অর্থ- প্রশস্ত হওয়া; বিস্তৃত হওয়া। سَابِغَةٌ-এর বহুবচন। পূর্ণমাপের তৈরি লম্বা বর্মকে سَابِغَةٌ বলা হয়।

قَدِّرْ : **তুমি পরিমিত কর/ পরিমাণ রক্ষা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ- স্থির করা; নির্ধারণ করা; পরিমাণ নির্ধারণ করা।

سَرْدِ : **বুনন করা; বোনা**। এটি বাব كَرُمَ-এর মাসদার। কড়াসমূহ মিলানো; বুনন করা; জোড়া লাগানো।

اِعْمَلُوْا : **তোমরা আমল কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ- করা; কাজ করা; আমল করা।

بَصِيْرٌ : **সম্যক দ্রষ্টা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْبَصَرُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা। আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১২

اَلرِّيْحَ : **বায়ু; বাতাস**। একবচন, বহুবচন- رِيَاحٌ

غُدُوُّهَا : **তার প্রভাত**। غُدُوٌّ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। সকালবেলা। সুবহে সাদিক ও সূর্যোদয়ের মধ্যবর্তী সময়। -(مَجْمَعُ الْبِحَار) দিনের প্রথম প্রহর। [মুফরাদাত] দিনের প্রথমভাগে চলা। -[মাজ মাউল বিহার]

شَهْرٌ : **একমাস**। একবচন, বহুবচন- اَشْهُرٌ

رَوَاحُهَا : **তার সন্ধ্যাবেলা। অর্থাৎ সন্ধ্যাবেলার ভ্রমণ**। رواح মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ- সন্ধ্যা করা; সন্ধ্যার সময় ভ্রমণ করা।

اَسَلْنَا : **আমি প্রবাহিত করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِسَالَةُ অর্থ– প্রবাহিত করা।

عَيْنَ الْقِطْرِ : **গলিত তাম্রের প্রস্রবন**। اَلْقِطْرُ অর্থ– গলিত তাম্র। –[কামূস ও মুফরাদাতুল কুরআন] এটা শুধুমাত্র হিময়ারী ভাষা। আরবের অন্যান্য গোত্রের ভাষায় এর ব্যবহার নেই। হযরত ইবনে আব্বাস (রা.)-এর অর্থ করেছেন– اَلصُّفْرُ তথা পিতল। عَيْنٌ অর্থ– প্রস্রবর্ণ. চক্ষু, ঝরনা। এটি একবচন, বহুবচন– اَعْيُنٌ ও عُيُوْنٌ পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেকগুলো অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) বলেন, এর মূল অর্থ– চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عَيْنٌ বলা হয় যে, চক্ষুর সাথে এর সাদৃশ্য রয়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝ রনা থেকেও পানি নির্গত হয়।

اِذْنٌ : **অনুমতি**। এটি বাব سَمِعَ -এর মাসদার।

مَنْ يَزِغْ : **যে অমান্য করে**। مَنْ হরফে শর্ত। يَزِغْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجزوم বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ غ) মাসদার اَلزَّيْغُ অর্থ– বক্র হওয়া; অমান্য করা।

اَمْرٌ : **নির্দেশ**। একবচন, বহুবচন– اَوَامِرُ

نُذِقْهُ : **আমি তাকে আস্বাদন করাব**। সীগাহ نُذِقْ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلْإِذَاقَةُ অর্থ– আস্বাদন করানো; স্বাদ গ্রহণ করানো। ه যমীর মাফঊলে বিহী।

اَلسَّعِيْرِ : **প্রজ্বলিত অগ্নি**। فَعِيْلٌ -এর ওযনে مَسْعُوْرٌ অর্থে। বাব فَتَحَ থেকে মাসদার اَلسَّعْرُ অর্থ– প্রজ্বলিত করা।

আয়াত : ১৩

يَعْمَلُوْنَ : **তারা নির্মাণ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা; কাজ করা; নির্মাণ করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

مَحَارِيْبَ : **প্রাসাদসমূহ/কক্ষ**। এটি ইসম, বহুবচন; একবচন– مِحْرَابٌ ; সর্বশ্রেষ্ঠ ও সম্মুখের স্থান। মসজিদের মেহরাবও সর্বশ্রেষ্ঠ ও সর্বাগ্রে থাকে। শয়তান ও নফসের সাথে যুদ্ধ করার স্থান। অথবা মেহরাবে অবস্থানকারী ব্যক্তি দুশ্চিন্তামুক্ত হয়ে একাগ্র হয়ে বসে। –[মু'জামুল কুরআন]

تَمَاثِيْلَ : **ভাস্কর্য**। تِمْثَالٌ -এর বহুবচন। উল্লেখ্য হযরত সুলায়মান (আ.) এর শরিয়তে ছবি তৈরি করা হারাম ছিল না।

كَالْجَوَابِ : **হাউজসদৃশ**। **চৌবাচ্চার ন্যায়**। جَابِيَةٌ - এর বহুবচন।

قُدُوْرٍ : ডেগ। বহুবচন, একবচন– قِدْرٌ

رَّسِيٰتٍ : **সুদৃঢ়ভাবে স্থাপিত**। স্থিতিশীল পাহাড়; এ শব্দটি راسية -এর বহুবচন। স্থিতিশীল পাহাড়ের জন্য এর ব্যবহার হয়।

شُكْرًا : **কৃতজ্ঞতা**। এটি বাব نَصَرَ -এর মাসদার। কৃতজ্ঞতা প্রকাশ করা।

আয়াত : ১৪

لَمَّا قَضَيْنَا : **যখন আমি মৃত্যু দিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ ও اَلْقَضْىُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– ফয়সালা করা; চূড়ান্ত করা; মৃত্যু দেওয়া।

اَلْمَوْتُ : **মৃত্যু**। এটি বাব نَصَرَ -এর মাসদার। মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুবরণ করা।

دَلَّهُمْ : **সে তাদেরকে বলে দিল**। دل সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلدَّلَالَةُ মূলবর্ণ (د ـ ل ـ ل) অর্থ– রাস্তা দেখানো; পথপ্রদর্শন করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

دَابَّةُ : **বিচরণশীল প্রাণী**। সীগাহ اسم فاعل বহছ واحد مؤنث বাব فَتَحَ মূলবর্ণ (د ـ أ ـ ب) মাসদার اَلدَّأْبُ অর্থ– হামাগুড়ি দিয়ে চলা। –[বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬ দ্রষ্টব্য]

مِنْسَأَتَه : **তার লাঠি**। مِنْسَأَتٌ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি مِنْسَأَتٌ সীগাহ واحد বহছ اسم اله বাব فَتَحَ মাসদার اَلنَّسْئُ অর্থ– শব্দ করা; হাঁকানো; সংরক্ষণ করা; বাকিতে বিক্রয় করা; অবকাশ দেওয়া।

خَرَّ : **তিনি পড়ে গেলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخَرُّ অর্থ– পড়ে যাওয়া; পতিত হওয়া।

تَبَيَّنَتْ : **স্পষ্টভাবে প্রকাশিত হয়েছে/ তারা জানতে পেরেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبَيُّنُ অর্থ– স্পষ্ট হওয়া; প্রকাশিত হওয়া।

جِنٌّ : **জিন**। অন্যান্য মাখলুকাতের ন্যায় এরাও একপ্রকার সৃষ্টি। আগুন থেকে এদের জন্ম, তবে তার পদ্ধতি আমাদের জানা নেই। আমাদের ন্যায় এরাও শরিয়তের বিধিবিধান পালনে বাধ্য। এদের মধ্যে সন্তান প্রজননের ধারাবাহিকতা রয়েছে এবং এরা ভালো ও মন্দ উভয়ই আছে। [বিস্তারিত সূরা সিজদা, আয়াত : ১৩ দ্রষ্টব্য]

اَلْغَيْبَ : **অদৃশ্য**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– অদৃশ্য হওয়া।

مَا لَبِثُوْا : **তারা অবস্থান করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ ث) মাসদার اَللَّبْثُ অর্থ– অবস্থান করা; দীর্ঘ সময় পর্যন্ত থাকা।

مُهِيْنِ : **লাঞ্ছনাদায়ক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– অপমান করা; লাঞ্ছিত করা।

আয়াত : ১৫

سَبَإٍ : **'সাবা'। এটি একটি সম্প্রদায়ের নাম**। ইয়েমেন, হাযরামাউত ও আসীর এলাকা নিয়ে সাবা সাম্রাজ্য প্রতিষ্ঠিত ছিল। এর অপর নাম মা'আরিব। এর প্রতিষ্ঠাতা ছিল আব্দুশশামস সাবা। এ শহরটি ইয়েমেনের রাজধানী সান'আ থেকে তিন দিনের দূরত্বে অবস্থিত। শব্দটি سَبْىٌ থেকে উদ্ভূত। যার অর্থ দাস বানানো। যেহেতু আবদুশশামস ছিলেন একজন বিজেতা। তিনি অনেক লোককে গ্রেফতার করে দাসে পরিণত করতেন। তাই তাদের উপাধি হয়ে গেছে সাবা। আধুনিক বিশ্লেষণ মতে سَبَا ও سَبْى ঐ অর্থ থেকে উদ্ভূত যার অর্থ ব্যবসা-বাণিজ্য। সাধারণত سَبَا ব্যবসায়িক ভ্রমণের জন্য ব্যবহৃত হয়। আরবিতে এটি এখনো মদের ব্যবসা ও তার জন্য ভ্রমণ করার অর্থে ব্যবহার হয়ে চলেছে। সাবা সম্প্রদায় যেহেতু ব্যবসায়ী জাতি তাই তারা এ উপাধিতে ভূষিত হয়।

مَسْكَنِهِمْ : **তাদের বাসস্থান**। مَسْكَنْ যরফে মাকান মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। مَسْكَنْ শব্দটি একবচন ; বহুবচন– مَسَاكِنُ অর্থ– বাসস্থান।

يَمِيْنِ : **ডানদিক**। এটি ইসমে নাকেরা।

شِمَالٍ : **বামদিক**। এটি ইসমে নাকেরা।

كُلُوْا : **তোমরা আহার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– খাওয়া; আহার করা; ভক্ষণ করা।

اُشْكُرُوْا : **কৃতজ্ঞতা প্রকাশ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

بَلْدَةٌ : **নগর, শহর**। একবচন, বহুবচন– بِلَادٌ

رَبٌّ : **প্রতিপালক**। একবচন; বহুবচন– اَرْبَابٌ [বিস্তারিত সূরা ফাতিহা, আয়াত : ১ দ্রষ্টব্য]

আয়াত : ১৬

اَعْرَضُوْا : **তারা মুখ ফিরিয়ে নেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاَعْرَاضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া; দিক পরিবর্তন করা।

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

سَيْلَ : **বন্যা; ঢল; প্লাবন**। একবচন। বহুবচন– سُيُوْلٌ ; এটি আবার বাব ضَرَبَ এর মাসদার। অর্থ– প্রবাহিত হওয়া। তবে পবিত্র কুরআনে এটি ইসম হিসেবেই ব্যবহৃত হয়েছে।

اَلْعَرِمُ : **বাঁধ**। এটি সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। অর্থ– প্রবল; তীব্র; শক্ত; কঠিন ইত্যাদি। এটি عَرَامَةٌ ও عَرَامٌ থেকে উদ্ভূত। যার অর্থ দুশ্চরিত্র হওয়া; রুক্ষ হওয়া। অভিধান মতে এর অর্থ এটিই। কিন্তু এ গুণবিশিষ্ট অনেক বস্তুর জন্যও এটি ব্যবহৃত হয়। তাই ভাষাবিদগণ এর আরো অনেকগুলো অর্থ বর্ণনা করেছেন। যথা– ১. প্রবল বর্ষণ। ২. বাঁধ; ড্যাম। ৩. ইয়েমেনের বিশেষ বাঁধ। ৪. একটি উপত্যকার নাম। ৫. বাঁধভাঙ্গা বন্যা; অপ্রতিরোধ্য বন্যা। ৬. দুই বস্তুর মধ্যকার আড়াল। ৭. লাল পানি যা আল্লাহ তা'আলা শাস্তিস্বরূপ এ বাঁধের মধ্যে প্রেরণ করেছিলেন এবং তা এ বাঁধকে ভেঙ্গে সকলকে প্লাবিত করেছিল। শব্দটি কারো মতে বহুবচন, কিন্তু এর একবচন আসে না। আবার কেউ বলেন, একবচন عَرِمَةٌ আসে।

بَدَّلْنَا : **আমি পরিবর্তন করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب ـ د ـ ل) অর্থ– পরিবর্তন করা।

ذَوَاتَىْ : **ওয়ালা; মালিক; অধিকারী**। শব্দটি দ্বিবচন, একবচন– ذَاتٌ

خَمْطٍ : **বিস্বাদ**। **কষযুক্ত**। ইমাম বগভী (র.) লিখেছেন خَمْط হলো পিলুবৃক্ষ ও তার ফল। এটাই অধিকাংশ মুফাসসিরগণের মত। মুবাররাদ ও যুজাজ (র.) বলেন যে সবজির স্বাদে এত অধিক তিক্ততা সৃষ্টি হয় যা খাওয়া যায় না, তাকে خَمْط বলা হয়। ইবনুল আরাবী (র.) বলেন, خَمْط হলো একপ্রকার বৃক্ষের ফল যাকে فَسْوَةُ الضَّبْعِ বলা হয়, যা দ্বারা কেউ উপকৃত হতে পারে না। [মা'আলিমুত্তানযীল, খ. ৫, পৃ. ২৩২]

اَثْلٍ : **ঝাউ গাছ**। একবচন, বহুবচন– اَثْلَاثٌ – اَثَالٌ ও اُثُوْلٌ

سِدْرٍ : **কুলগাছ/বরই গাছ**। ইমাম রাগেব (র.) লিখেছেন– سِدْرٌ এমন বৃক্ষ যা ভক্ষণে যথেষ্ট নয়। তবে ছায়া গ্রহণের জন্য প্রচুর উপযোগী হয়। যেমন আল্লাহ বলেন– فِىْ سِدْرٍ مَخْضُوْدٍ [বরই গাছের নিচে, যার কাঁটা নেই।]

আয়াত : ১৭

جَزَيْنَاهُمْ : **আমি তাদেরকে প্রতিফল দিয়েছিলাম**। جَزَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া। هُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী।

نَجْزِىْ : **আমি শাস্তি দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ ز ـ أ) মাসদার اَلْمُجَازَاةُ অর্থ– প্রতিদান দেওয়া; পুরস্কৃত করা; শাস্তি দেওয়া। এটি بَابْ مُفَاعَلَةٌ হলেও ثلاثى مجرد এর অর্থে হবে।

اَلْكَفُوْرُ : **অকৃতজ্ঞ**। এটি সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অকৃতজ্ঞতা করা; কুফরী করা; অস্বীকার করা।

আয়াত : ১৮

اَلْقُرٰى : **জনপদ**। বহুবচন, একবচন– اَلْقَرْيَةُ অর্থ– গ্রাম; জনপদ; লোকালয়।

بَارَكْنَا : **আমি বরকতময় করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) অর্থ– বরকতময় হওয়া।

قَدَّرْنَا : **আমি স্থির করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ– স্থির করা; নির্ধারণ করা।

اَلسَّيْرُ : **ভ্রমণ**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– চলা; ভ্রমণ করা।

سِيْرُوْا : **তোমরা ভ্রমণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّيْرُ মূলবর্ণ (س ـ ى ـ ر) অর্থ– ভ্রমণ করা; সফর করা।

لَيَالِىَ : **রজনীসমূহ**। বহুবচন, একবচন– لَيْلَةٌ - لَيْلٌ; অর্থ– রাত।

اٰمِنِيْنَ : **নিরাপদে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার الأمن অর্থ– নিরাপদ হওয়া।

আয়াত : ১৯

بٰعِدْ : **তুমি বর্ধিত কর/ তুমি দূরত্ব সৃষ্টি করে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ب ـ ع ـ د) মাসদার اَلْمُبَاعَدَةُ অর্থ– দূরত্ব সৃষ্টি করা; বর্ধিত করা।

أَسْفَارِنَا : **আমাদের সফর**। أَسْفَارٌ মুযাফ نَا যমীর মুযাফ ইলাইহি। أَسْفَارٌ শব্দটি বহুবচন, একবচন– سَفَرٌ

ظَلَمُوا : **তারা জুলুম করেছে। তারা অস্বীকার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْم -এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেছেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظُلْم বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধিসহকারে বা পরিবর্তন করে স্থানান্তরিত করে অন্যস্থানে রাখা। এ থেকেই আরবিতে বলা হয়– ظَلَمْتُ السِّقَاءَ (আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি) আর এ ব্যবহৃত দুধকে ظَلِيْم বলা হয়। তেমনিভাবে ظَلَمَتِ الْاَرْضُ অর্থ হলো ভূমি এমন স্থানে খনন করেছে যেখানে খননের স্থান ছিল না। এ ধরনের স্থানকে اَرْضٌ مَظْلُوْمَةٌ বলা হয়। খনন করে বেরকৃত মাটিকে ظَلِيْم বলা হয়। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

أَحَادِيْثَ : **কাহিনীর বিষয়বস্তু**। এটি حَدِيْث -এর বহুবচন। এমন কথা যা মানুষ পর্যন্ত পৌঁছতে পারে, শ্রবণের মাধ্যমে হোক বা ওহীর মাধ্যমে; স্বপ্নের মাধ্যমে বা জাগ্রত অবস্থায় তাকে حَدِيْث বলা হয়।

مَزَّقْنٰهُمْ : **আমি তাদেরকে ছিন্ন-ভিন্ন করে দিলাম।** مَزَّقْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف মূলবর্ণ (م ـ ز ـ ق) মাসদার اَلتَّمْزِيْقُ অর্থ– ছিন্ন ভিন্ন করা; টুকরা টুকরা করা; খণ্ড-বিখণ্ড করা।

كُلَّ مُمَزَّقٍ : **সম্পূর্ণরূপে ছিন্ন ভিন্ন করা**। كُلَّ মুযাফ, مُمَزَّقٍ মুযাফ ইলাইহি مُمَزَّقٌ মাসদারে মীমী, تَمْزِيْقٌ অর্থে।

صَبَّارٍ : **পরম ধৈর্যশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সহ্য করা।

شَكُوْرٍ : **পরম কৃতজ্ঞ**। সিফাতের সীগাহ। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্য সমানভাবে ব্যবহার হয়। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। এটি যখন আল্লাহর সিফাত হিসেবে ব্যবহার হয় তখন এর অর্থ হয় তিনি সামান্য কাজে অধিক প্রতিদানদাতা।

আয়াত : ২০

صَدَّقَ : **সে সত্য প্রমাণিত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْدِيْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ– সত্য প্রমাণিত করা; সত্যায়ন করা।

اِبْلِيْس : **ইবলীস**। এটি শয়তানের নাম। اِفْعِيْل -এর ওযনে اِبْلَاسٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ– ভীষণ নৈরাশ্যতার কারণে বিষণ্ন হয়ে হতভম্ব হওয়া। যেহেতু শয়তান আল্লাহর রহমত থেকে নিরাশ তাই তার নাম ইবলীস হয়েছে। আল্লামা যমখশরী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন– اِبْلِيْس অনারবী শব্দ। এর উৎপত্তিস্থল اِبْلَاسٌ বলাটা সঠিক নয়। কারণ এটি غير منصرف আর ; غير منصرف হওয়ার জন্য منع صرف -এর কারণসমূহের মধ্য থেকে কমপক্ষে দুটি অথবা দুটির স্থলবর্তী একটি কারণ থাকা আবশ্যক। অথচ اِبْلَاسٌ থেকে مشتق হলে علميت ব্যতীত অন্য কোনো سبب পাওয়া যায় না। সুতরাং غير منصرف হওয়া এর অনারবী হওয়ার প্রমাণ বহন করে। মুসনাদে আহমদ ইবনে হাম্বলে হযরত জাবের ইবনে আব্দুল্লাহ (রা.) থেকে রেওয়ায়েত রয়েছে রাসূলুল্লাহ ﷺ বলেছেন, ইবলীসের সিংহাসন সমুদ্রে স্থাপিত। সে প্রতিদিন তার বাহিনী প্রেরণ করে লোকদের মাঝে ফেতনা ফ্যাসাদ সৃষ্টি করায়। যে যত বেশি ফেতনা ফ্যাসাদ সৃষ্টি করাতে পারে ইবলীসের কাছে তার মর্যাদা তত বেশি হবে।

ظَنَّهٗ : **তার ধারণা**। ظَنَّ মাসদার মুযাফ; ہٗ যমীর মুযাফ ইলাইহি। বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা। [বিস্তারিত সূরা আহযাব, আয়াত : ১০ দ্রষ্টব্য]

فَرِيْقًا : **দল; জামাত**। একবচন, বহুবচন– فِرَقٌ

আয়াত : ২১

سُلْطَانٍ : **আধিপত্য। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য।** তাজুল আরূসে রয়েছে سُلْطَانٌ অর্থ– দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী– لَا تَنْفُذُوْنَ إِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনো এর অর্থ হয় মু'জিযা। যেমন – إِذْ أَرْسَلْنٰهُ إِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ [মু'জিযা] সহকারে] উল্লেখ্য যখন سُلْطٰنٌ দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। –[বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

لِنَعْلَمَ : **যেন আমরা জানতে পারি।** সীগাহ جمع متكلم বহছ اَلْعِلْمُ মাসদার سَمِعَ বাব مضارع معروف মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবগত হওয়া। শুরুর লামটি لام كى ; যা দ্বারা نَعْلَمَ মানসূব হয়েছে।

شَكٍّ : **সন্দিহান।** বাব نَصَرَ এর মাসদার। সন্দেহ করা। আবার ইসম হিসেবেও ব্যবহৃত হয়। তখন তার বহুবচন আসে شُكُوْكٌ ; ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন দুটি পরস্পর বিরোধী বস্তু সমান হওয়াকে شَكٌّ বলা হয়। সন্দেহ কখনো বস্তুর ব্যাপারে হয় যে বস্তুটি বিদ্যমান আছে অথবা নেই। কখনো তার প্রকার, গুণ ও উদ্দেশ্য সম্পর্কে হয়। شَكٌّ-টি جَهْلٌ বা অজ্ঞতারই এক প্রকার, তবে جَهْلٌ থেকে তা اَخَصّ ; কেননা جَهْلٌ-এর মধ্যে কখনো দুটি পরস্পর বিরোধী বস্তুর ইলমই হয় না। সুতরাং সকল شَكٌّ-ই جَهْلٌ কিন্তু সকল جَهْلٌ-ই شَكٌّ নয়।

حَفِيْظٌ : **সংরক্ষক; তত্ত্বাবধায়ক।** সিফাতের সীগাহ। فَعِيْلٌ-এর ওযনে فَاعِلٌ-এর অর্থে। বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) অর্থ– সংরক্ষণ করা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা তিনিই হলেন প্রকৃত রক্ষণাবেক্ষণকারী।

আয়াত : ২২

اُدْعُوْا : **তোমরা ডাক।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা; সম্বোধন করা।

زَعَمْتُمْ : **তোমরা মনে করতে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلزَّعْمُ অর্থ– মনে করা; ধারণা করা; অনুমান করা; ধরে নেওয়া।

لَا يَمْلِكُوْنَ : **তারা শক্তি রাখে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمِلْكُ অর্থ– সামর্থ্য রাখা; শক্তি রাখা; মালিক হওয়া।

مِثْقَالَ : **পরিমাণ।** একবচন, বহুবচন– مَثَاقِيْلُ সমওজন, ওজনবিশিষ্ট।

ذَرَّةٍ : **অণু।** একবচন, বহুবচন– ذَرَّاتٌ অর্থ– সামান্য; ছোট পিঁপড়া ইত্যাদি।

شِرْكٍ : **অংশ।** এটি বাব سَمِعَ-এর মাসদার। অর্থ– শরিক হওয়া; অংশীদার হওয়া।

ظَهِيْرٍ : **সাহায্যকারী; সহায়ক।** فَعِيْلٌ-এর ওযনে فاعل অর্থে সিফাতের সীগাহ। বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُظَاهَرَةُ অর্থ– একে অপরকে সাহায্য করা। ভাষাবিদ আল্লামা মুরতাজা জুবাইদি তাজুল আরূসে লিখেছেন– ظَهِيْرٌ শব্দটি اَمِيْرٌ-এর ওযনে সাহায্যকারী। একবচন ও বহুবচন একই রকম ব্যবহার হয়। আর ظَهِيْرٌ-এর বহুবচন এ জন্য গঠন করা হয়নি যে, فَعُوْلٌ ও فَعِيْلٌ উভয়টি مذكر، مؤنث ও বহুবচন একই রকম ব্যবহার হয়। যেমন আল্লাহর বাণী– اَنَا رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ; অন্য আয়াতে রয়েছে– وَالْمَلٰئِكَةُ بَعْدَ ذٰلِكَ ظَهِيْرٌ [ফেরেশতারা তার পরে সাহায্যকারী] তবে আল্লামা ইবনে মালেক নহবী লিখেছেন, এর বহুবচন ظُهَرٌ আসে। তিনি লিখেন–

فَهُوَ ظَهِيْرٌ وَ الْجَمْعُ ظُهُرًا
عَلٰى خِلَافٍ لِلْاِقْيَاسِ اَبٰى

আয়াত : ২৩

لَا تَنْفَعُ : **তা কোনো কাজে আসবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকারে আসা; কাজে আসা; কল্যাণকর হওয়া; ভালো হওয়া; সঠিক হওয়া।

اَلشَّفَاعَةُ : **সুপারিশ করা**। এটি বাব فَتَحَ -এর মাসদার। হযরত মাওলানা ইসমাঈল শহীদ (র.) تَقْوِيَةُ الْاِيْمَانْ গ্রন্থে লিখেছেন, তোমরা কান লাগিয়ে শুনে রেখো, অধিকাংশ মানুষ আম্বিয়া ও আওলিয়াগণের সুপারিশের ক্ষেত্রে অনেক বাড়াবাড়ি ও ভুলের শিকার। তারা অর্থ না বুঝে আল্লাহকে ভুলে রয়েছে। তাই সুপারিশের বাস্তব অবস্থা তুলে ধরা হয়েছে। যার সারসংক্ষিপ্ত এখানে বর্ণনা করা হলো। شَفَاعَةٌ সাধারণত তিন প্রকার। যথা–

১. شَفَاعَةُ وِجَاهَةً : তথা মর্যাদাগত সুপারিশ। যেমন কোনো চোরের চুরি সাব্যস্ত হওয়ার কারণে বাদশাহ তাকে গ্রেফতার করলেন। পরে মন্ত্রীর সুপারিশে বিশেষ বিবেচনায় বাদশাহ চোরকে ছেড়ে দিলেন। কারণ অনেক ক্ষেত্রে মন্ত্রীর কথা রক্ষা করা বাদশার জন্য কর্তব্য হয়ে পড়ে। কারণ মন্ত্রীর উপর রাজত্বের অনেক কিছু নির্ভর করে। সংবিধান অনুযায়ী চোরকে ধরা এবং মন্ত্রীর সুপারিশে তাকে আবার ছেড়ে দেওয়া উভয়টিই সঠিক আছে। তবে এ জাতীয় সুপারিশ আল্লাহর দরবারে কখনো হবে না। কোনো নবী, ওলী, ইমাম ও শহীদ বা কোনো ফেরেশতা বা আল্লাহর প্রিয় বান্দার ব্যাপারে এই প্রকার সুপারিশ কামনাকারী একজন মুশরিক বৈ কিছুই নয়।

২. شَفَاعَةٌ مُحَبَّتْ : ভালোবাসাজনিত সুপারিশ। যেমন স্ত্রীর সুপারিশে বাদশা উক্ত চোরকে ছেড়ে দিলেন। স্ত্রী হলো বাদশার প্রিয়সী, তার মন সন্তুষ্ট রাখা বাদশার জন্য কর্তব্য। তা না হলে পরবর্তীতে প্রিয়সী তার উপর অসন্তুষ্ট হতে পারে এবং এক পর্যায়ে তাকে ছেড়ে চলেও যেতে পারে। এ ধরনের সুপারিশও আল্লাহর দরবারে হবে না। কেউ যদি মনে করে যে, কিয়ামতের দিন আল্লাহর দরবারে কেউ কাউকে এ ধরনের সুপারিশ করে নাজাত দিবেন, তারা মূর্খ ও মুশরিক বৈ কিছু নয়।

৩. شَفَاعَةٌ بِالْاِذْنْ : অনুমতি সাপেক্ষে সুপারিশ। যেমন কেউ শয়তানের প্ররোচনায় চুরি করে ফেলেছে এবং এ কর্মের জন্য সে অনুতপ্ত। মুক্তি পেলে আর কোনোদিন এমন কাজ আর করবে না বলেও স্বীকার করছে। এ ক্ষেত্রে বাদশা বললেন, মন্ত্রী যদি সুপারিশ করে তাহলে আমি ক্ষমা করে দিতে পারি। এক্ষেত্রে যদি মন্ত্রী সুপারিশ করে তাহলে বাদশা তাকে ক্ষমা করে দিবেন। এ ধরনের সুপারিশ আল্লাহর দরবারে কোনো নবী, ওলী, বা কেউ করলে তা গ্রহণ করা হবে। এখানে এই সুপারিশই উদ্দেশ্য।

اَذِنَ : **সে অনুমতি দিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ– অনুমতি দেওয়া।

فُزِّعَ : **তা দূরীভূত করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْزِيْعُ মূলবর্ণ (ف ـ ز ـ ع)অর্থ– অন্তর থেকে ভয়-ভীতি দূর করা।

قُلُوْبِهِمْ : **তাদের অন্তর**। قُلُوْبَ মুযাফ هُمْ মুযাফ ইলাইহি। قُلُوْبٌ বহুবচন, একবচন– قَلْبٌ

اَلْعَلِيُّ : **সমুচ্চ**। সিফাতে মুশাব্বাহ। বাব فَتَحَ মাসদার اَلْاِعْلَاءُ অর্থ– বড় হওয়া; উঁচু হওয়া; সম্মানী হওয়া।

اَلْكَبِيْرُ : **মহান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكُبْرُ ـ اَلْكِبَرُ অর্থ– বড় হওয়া; মহান হওয়া।

আয়াত : ২৪

يَرْزُقُكُمْ : **তিনি তোমাদেরকে জীবনোপকরণ দান করেন**। يَرْزُقُكُمْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা দান করা; রিযক দেওয়া। كُمْ যমীর মানসূবে মুত্তাসিল মাফঊলে বিহী।

هُدًى : **পথনির্দেশ**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। যা هَادٍ তথা ইসমে ফা'য়েল অর্থে ব্যবহৃত হয়েছে। মাসদারের অর্থ– সৎপথে পরিচালিত করা; রাস্তা দেখানো; পথের সন্ধান দেওয়া।

ضَلَالٍ : **বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া**। আল্লামা জালাল কারশী লিখেছেন– ضَلَّ অর্থ– নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ। পানি এত পরাভূত (কম) হয়েছে যে দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না। [বিস্তারিত সূরা আহযাব, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ২৫

لَا تُسْـَٔلُوْنَ : তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে না। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা; জানতে চাওয়া।

عَمَّآ اَجْرَمْنَا : আমাদের অপরাধের ব্যাপারে। عن হরফে জর, مَا মাওসূলা اَجْرَمْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجْرَامُ মূলবর্ণ (ج ـ ر ـ م) অর্থ– অপরাধ করা; পাপ করা; অন্যায় করা।

لَا نُسْـَٔلُ : আমাদেরকে জবাবদিহি করতে হবে না। সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞেস করা।

আয়াত : ২৬

يَجْمَعُ : তিনি একত্র করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْجَمْعُ মূলবর্ণ (ج ـ م ـ ع) অর্থ– জমা করা; একত্র করা; একসাথে করা।

يَفْتَحُ : তিনি ফয়সালা করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْفَتْحُ মূলবর্ণ (ف ـ ت ـ ح) অর্থ– উন্মুক্ত করা; খোলা। বিজয় লাভ করা; ফয়সালা করা; পরাজিত করা; জয়ী হওয়া।

فَتَّاحُ : শ্রেষ্ঠ ফয়সালাকারী। সীগাহ واحد বহছ اسم مبالغة বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ অর্থ– উন্মুক্ত করা; খোলা। বিজয় লাভ করা; ফয়সালা করা।

আয়াত : ২৭

اَرُوْنِىَ : তোমরা আমাকে দেখাও। اَرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ– দেখানো; প্রত্যক্ষ করানো। نِىْ নূনে বেকায়া يَاء متكلم মাফঊলে বিহী।

اَلْحَقْتُمْ : তোমরা অন্তর্ভুক্ত করেছ; তোমরা জুড়ে দিয়েছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ح ـ ق) মাসদার اَلْاِلْحَاقُ অর্থ– অন্তর্ভুক্ত করা; যুক্ত করা।

আয়াত : ২৮

اَرْسَلْنَا : আমি প্রেরণ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

كَافَّةً : সমগ্র; সকল। সীগাহ واحد বহছ اسم فاعل কিংবা اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ف) জিনস مُضَاعَفٌ মাসদার اَلْكَفُّ অর্থ– প্রতিহত করা; দূর করা; পুরাপুরি ও সকলই অর্থেও ব্যবহার হয়।

بَشِيْرًا : সুসংবাদদাতা। বহুবচন– بُشَرَاءُ ; فَعِيْلٌ-এর ওযনে فاعل এর অর্থে। সিফাতের সীগাহ।

نَذِيْرًا : সতর্ককারী। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيْرٌ [ভীতিপ্রদর্শনকারী] দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শনকারী।

আয়াত : ২৯

مَتٰى : কখন? এটি ইসমও হয়, আবার কখনো হরফও হয়। ইসম হলে কখনো সময় জানার জন্য আসে। যেমন– مَتٰى هٰذَا الْوَعْدُ [প্রতিশ্রুতি কখন বাস্তবায়িত হবে?] কখনো শর্ত ও জাযার জন্য আসে। যেমন– مَتٰى اَضَعُ الْعِمَامَةَ تَعْرِفُوْنِىْ [যখন আমি পাগড়ি খুলব তখন তুমি আমাকে চিনতে পারবে] হরফ হলে তখন তা فِىْ বা مِنْ এর সমার্থক হয়ে থাকে। যেমন– اَخْرَجَهَا مَتٰى كُمِّه [সে তা তার জামার পকেট থেকে বের করেছে] وَضَعْتُهٗ مَتٰى كُمِّهٖ [আমি তা পকেটে রেখেছি] আবার بنى هذيل গণ مَتٰى কে وَسْط বা মধ্যবর্তীর অর্থের জন্যও ব্যবহার করে থাকেন। যেমন–

شَرِبْنَ بِمَاءِ الْبَحْرِ ثُمَّ تَرَفَّعَتْ
مَتٰى لُجَجٍ خَضِرٍ لَهُنَّ نَئِيْجٌ

[তারা সমুদ্রের পানি পান করেছে, অতঃপর কালো রঙের গাঢ় পাত্রের মধ্য থেকে শব্দ নির্গত হয়েছে] পবিত্র কুরআনে কেবলমাত্র اسـتـفـهـام অর্থে এর ব্যবহার হয়েছে।

اَلْـوَعْـدُ : **প্রতিশ্রুতি**। এটি বাব ضَـرَبَ-এর মাসদার। মূলবর্ণ (و ـ ع ـ د) জিনস مـثـال واوى অর্থ— প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা।

اِنْ كُـنْـتُـمْ صٰـدِقِـيْـنَ : **যদি তোমরা সত্যবাদী হও**। اسم فاعـل বহছ جمع مذكر সীগাহ صَـادِقِـيْـنَ বাব نَـصَـرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلـصِّـدْقُ অর্থ— সত্যবাদী হওয়া; সত্য হওয়া।

আয়াত : ৩০

مِـيْـعَـادُ : **অঙ্গীকার; ওয়াদা**। সীগাহ واحـد مـذكـر বহছ اسـم آلـة বাব ضَـرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْـوَعْـدُ অর্থ— অঙ্গীকার করা; ওয়াদা করা।

لَا تَـسْـتَـأْخِـرُوْنَ : **তোমরা বিলম্বিত করতে পারবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِسْـتِـفْـعَـالْ মূলবর্ণ (أ ـ خ ـ ر) মাসদার اَلْاِسْـتِـيْـخَـارُ অর্থ— বিলম্ব করা ; পিছনে পড়া।

سَـاعَـةً : **সময়, মুহূর্ত; রাত বা দিনের যে কোনো সময়কে سَـاعَـةٌ বলা হয়**। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকেন। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই اَلـسَّـاعَـةُ শব্দ এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, কালের মুহূর্তসমূহের মধ্য থেকে যে কোনো মুহূর্তকে سَـاعَـةٌ বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন— اِقْـتَـرَبَتِ الـسَّـاعَـةُ/يَـسْـئَـلُـوْنَـكَ عَـنِ الـسَّـاعَـةِ / وَعِـنْـدَهٗ عِـلْـمُ الـسَّـاعَـةِ ইত্যাদি আয়াত এর প্রমাণ। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ১২ দ্রষ্টব্য]

আয়াত : ৩১

لَـنْ نُّـؤْمِـنَ : **কখনো ঈমান আনব না**। সীগাহ جـمـع مـتـكـلـم বহছ نـفـى تـاكـيـد بـلـن درفـعـل مـسـتـقـبـل معروف বাব اِفْـعَـالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْـمَـانُ অর্থ— ঈমান আনা; বিশ্বাস করা।

لَـوْ تَـرٰى : **যদি তুমি দেখতে পেতে**। لَـوْ হরফে শর্ত। সীগাহ واحـد مـذكـر حـاضـر বহছ مـضـارع معروف বাব فَـتَـحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلـرُّؤْيَـةُ তَرٰى অর্থ— দেখা।

اَلـظّٰـلِـمُـوْنَ : **অত্যাচারীগণ**। সীগাহ جـمـع مـذكـر বহছ اسم فـاعـل বাব ضَـرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلـظُّـلْـمُ অর্থ— অত্যাচার করা; জুলুম করা।

مَـوْقُـوْفُـوْنَ : **দণ্ডায়মান**। সীগাহ جمـع مـذكـر বহছ اسم مـفـعـول বাব ضَـرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ف) মাসদার اَلْـوُقُـوْفُ অর্থ— দাঁড় করানো।

يَـرْجِـعُ : **সে ফিরিয়ে দেয়/ সে উত্তর দেয়**। সীগাহ واحـد مـذكـر غـائـب বহছ مـضـارع مــعــروف বাব ضَـرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلـرُّجُـوْعُ অর্থ— প্রত্যাবর্তন করা; ফিরিয়ে দেওয়া; এখানে অর্থ হলো কথার উত্তর দেওয়া; বাদানুবাদ করা।

اُسْـتُـضْـعِـفُـوْا : **তাদেরকে দুর্বল মনে করা হতো**। সীগাহ جـمـع مـذكـر غـائـب বহছ مـاضـى مـجـهـول বাব اِسْـتِـفْـعَـالْ মূলবর্ণ (ض ـ ع ـ ف) মাসদার اَلْاِسْـتِـضْـعَـافُ অর্থ— দুর্বল মনে করা; অসহায় মনে করা।

আয়াত : ৩২

اِسْـتَـكْـبَـرُوْا : **তারা দাম্ভিকতা প্রদর্শন করেছে**। সীগাহ جـمـع مـذكـر غـائـب বহছ مـاضـى مـعـروف বাব اِسْـتِـفْـعَـالْ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْـتِـكْـبَـارُ অর্থ— অহংকার করা; দাম্ভিকতা প্রদর্শন করা; গর্ব করা; বড় মনে করা।

صَـدَدْنٰـكُـمْ : **আমরা তোমাদেরকে নিবৃত্ত করেছি**। صَـدَدْنَـا সীগাহ جمع متكلم বহছ مـاضـى معروف বাব نَـصَـرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلـصَّـدُّ অর্থ— প্রতিরোধ করা; বাধা সৃষ্টি করা। كُـمْ যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী।

اِذْ جَـآءَكُـمْ : **যখন তাদের নিকট আসবে**। اِذْ হরফে শর্ত। সীগাহ واحـد مـذكـر غـائـب جَـاءَ বহছ مـاضـى مـعـروف বাব ضَـرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْـمَـجِـيْـئَـةُ অর্থ— আসা; আগমন করা। كُـمْ যমীর মাফউলে বিহী।

اَلْمُجْرِمِيْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ- অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৩৩

مَكْرُ : **চক্রান্ত করা**। ইসম ও মাসদার। অর্থ- প্রতারণা; প্রবঞ্চনা; গোপন পরিকল্পনা করা।

تَأْمُرُوْنَنَا : **তোমরা আমাদেরকে পরামর্শ দিবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع تَأْمُرُوْنَ বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ معروف অর্থ- নির্দেশ দেওয়া; পরামর্শ দেওয়া। نَا যমীর মাফউলে বিহী।

نَكْفُرَ : **আমি অকৃতজ্ঞতা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- কুফরি করা; গোপন করা; লুকানো; অকৃতজ্ঞতা করা।

اَنْدَادًا : **সমকক্ষ; সমান**। এটি نِدٌّ-এর বহুবচন। যা কোনো বস্তুর সত্তা ও মূলবস্তুতে অংশীদার হয় তাকে نِدٌّ বলা হয়। مِثْل ও نِدٌّ-এর মধ্যে পার্থক্য হলো مِثْل হলো ব্যাপক আর نِدّ হলো নির্দিষ্ট। যে কোনো ধরনের অংশীদারিত্বের জন্য مِثْل ব্যবহার হয়। আর সত্তাগতভাবে অংশীদারিত্বের জন্য نِدّ ব্যবহার হয়।

اَسَرُّوْا : **তারা গোপন করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ- গোপন রাখা; লুকিয়ে রাখা; হেফাজতে রাখা।

اَلنَّدَامَةَ : **অনুতাপ**। বাব سَمِعَ-এর মাসদার। মূলবর্ণ (ن ـ د ـ م) অর্থ- অনুতপ্ত হওয়া।

رَأَوُا : **তারা দেখল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

اَلْاَغْلٰلَ : **শৃঙ্খল**। বহুবচন, একবচন- غِلٌّ অর্থ- বেড়ি; শৃঙ্খল। غِلّ বলা হয় এমন বস্তুকে যা দ্বারা বন্দী করা হয় এবং শরীরের অঙ্গ বাঁধা হয়। এখানে উদ্দেশ্য এমন কঠিন বিধিবিধান যা হযরত মুহাম্মদ ﷺ-এর শরিয়তে রহিত হয়ে গেছে।

اَلْاَعْنَاقِ : **স্কন্ধ**। এটি বহুবচন, একবচন- عُنُقٌ অর্থ- গর্দান; ঘাড়; স্কন্ধ।

يُجْزَوْنَ : **তাদেরকে প্রতিফল দেওয়া হবে/ তারা সমুচিত শাস্তি পাবে**। يُجْزَوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ- শাস্তি দেওয়া; প্রতিদান দেওয়া।

আয়াত : ৩৪

اُرْسِلْتُمْ : **তোমাদেরকে প্রেরণ করা হয়েছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা; পাঠানো।

نَّذِيْرٍ : **সতর্ককারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيْر [ভীতিপ্রদর্শনকারী] দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শনকারী।

مُتْرَفُوْهَا : **এর [উক্ত জনপদের] বিত্তশালী ব্যক্তিবর্গ**। مُتْرَفُوْا সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ر ـ ف) মাসদার اَلْاِتْرَافُ অর্থ- সমৃদ্ধিশালী হওয়া; সম্পদশালী হওয়া; আরাম-আয়েশ করা। শব্দটি মূলত مُتْرَفُوْنَ ছিল। هَا যমীরের দিকে ইযাফতের কারণে نُوْن পড়ে গেছে। هَا যমীরের মারজি‘ হলো قَرْيَةٌ। অর্থাৎ জনপদের আরামপ্রিয় মানুষ।

كٰفِرُوْنَ : **কাফেররা; প্রত্যাখ্যানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া।

আয়াত : ৩৫

اَكْثَرُ : **সমৃদ্ধিশালী; অধিক**। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ- অধিক হওয়া; প্রচুর হওয়া।

اَمْوَالًا : **ধন-সম্পদ**। বহুবচন, একবচন- مَالٌ

اَلْغُرُفَاتِ : **প্রাসাদ/ জান্নাতের সুউচ্চ কক্ষ**। বহুবচন; একবচন– غُرْفَةٌ ; অর্থ– বাড়ির উপর তলা; উচ্চস্থান; বড় স্থান।

اٰمِنُوْنَ : **নিরাপদে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْأَمْنُ অর্থ– নিরাপদ হওয়া।

আয়াত : ৩৮

يَسْعَوْنَ : **তারা পরিশ্রম করেছে**। সীগাহ جمع مذكر বহছ مضارع معروف غائب বাব فَتَحَ মাসদার اَلسَّعْىُ মূলবর্ণ (س ـ ع ـ ى) অর্থ– চেষ্টা করা; পরিশ্রম করা; কাজ করা।

مُعٰجِزِيْنَ : **ব্যর্থকারী। অক্ষমকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ز) মাসদার اَلْاِعْجَازُ অর্থ– অক্ষম করা; অসমর্থ বানানো। বাব مُفَاعَلَةٌ থেকে মাসদার اَلْمُعَاجَزَةُ অর্থ– মোকাবেলা করে প্রতিপক্ষকে হারিয়ে দেওয়া। কাফেরদের ধারণা হলো কিয়ামত সংঘটিত হবে না। হাশর- নাশর, হিসাব-নিকাশ, ছওয়াব-শাস্তি এগুলোর অস্তিত্ব নেই। মূলত এ সবকিছুই বাস্তব। এগুলো বাস্তবায়নের ক্ষেত্রে আল্লাহ তা'আলাকে কেউ বাধা দিতে পারবে না। তাকে এক্ষেত্রে কেউ অক্ষম করতে পারবে না।

مُحْضَرُوْنَ : **উপস্থিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ض ـ ر) মাসদার اَلْحُضُوْرُ অর্থ– উপস্থিত হওয়া; হাজির হওয়া।

আয়াত : ৩৯

يَبْسُطُ : **তিনি প্রশস্ত করে দেন**। সীগাহ واحد مذكر বহছ مضارع معروف غائب বাব نَصَرَ মাসদার اَلْبَسْطُ মূলবর্ণ (ب ـ س ـ ط) অর্থ– প্রশস্ত করা; বিস্তৃত করা।

اَنْفَقْتُمْ : **তোমরা ব্যয় করেছ**। সীগাহ جمع مذكر বহছ ماضى معروف حاضر বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ– ব্যয় করা; খরচ করা।

شَيْءٍ : **কিছু; বস্তু**। একবচন, বহুবচন– اَشْيَاءُ

مُعَذَّبِيْنَ : **শাস্তিপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ– শাস্তি প্রদান করা।

আয়াত : ৩৬

يَبْسُطُ : **তিনি প্রশস্ত করে দেন**। সীগাহ واحد مذكر বহছ مضارع معروف غائب বাব نَصَرَ মাসদার اَلْبَسْطُ মূলবর্ণ (ب ـ س ـ ط) অর্থ– প্রশস্ত করা; বিস্তৃত করা।

يَقْدِرُ : **তিনি সঙ্কুচিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَدْرُ মূলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ– সঙ্কুচিত করা; সন্দেহ করা; ধারণা করা।

আয়াত : ৩৭

تُقَرِّبُكُمْ : **সে তোমাদেরকে নিকটবর্তী করে দিবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ– নৈকট্য দান করা; নিকটবর্তী করা। ইমাম রাগেব (র.) লিখেছেন, কোনো বান্দা আল্লাহর নৈকট্যশীল হওয়ার অর্থ হলো আত্মিক সম্পর্ক বৃদ্ধি পাওয়া, শারীরিক ও বৈষয়িক শক্তিসমূহ নিস্তেজ হওয়া। মূর্খতার কালিমা দূরীভূত হওয়া; জ্ঞান, প্রজ্ঞা, সহিষ্ণুতা, হিকমত, দয়া ও আল্লাহর অন্যান্য গুণাবলির ঝলক তার মধ্যে বিশেষভাবে প্রতীয়মান হওয়া। –[মুফরাদাতুল কুরআন]

زُلْفٰى : **নিকটবর্তী**। মাসদার। অর্থ– মর্যাদা; স্তর।

ضِعْفٌ : **দ্বিগুণ**। একবচন, বহুবচন– اَضْعَافٌ

صَالِحٌ : **সৎ, ভালো**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلْحُ অর্থ– সৎ হওয়া; যোগ্য হওয়া।

جَزَاءٌ : **প্রতিদান**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– বদলা দেওয়া; প্রতিদান দেওয়া; শাস্তি দেওয়া।

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر বহছ ماضى مطلق معروف غائب বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– কাজ করা; আমল করা; সৎকর্ম করা।

[আল্লাহ তাগলিবের মুখসমূহ বিকৃত করুন, যখনই হাজী সাহেবান জোর আওয়াজে দোয়া করে এবং চিৎকার করে তাকবীর পড়ে] ইবনে আবূ হাতিম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰهِ অর্থ– আল্লাহর সত্তাকে সর্বপ্রকার ত্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

وَلِيُّنَا : **আমাদের অভিভাবক**। وَلِىٌّ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– اَوْلِيَاءُ অর্থ– অভিভাবক।

আয়াত : ৪২

لَا يَمْلِكُ : **সে অধিকার রাখে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمُلْكُ অর্থ– মালিক হওয়া; অধিকারী হওয়া।

ضَرًّا : **ক্ষতি; অপকার**। বাব نَصَرَ -এর মাসদার। মূলবর্ণ (ض ـ ر ـ ر) জিনস مضاعف অর্থ– ক্ষতি করা।

ذُوْقُوْا : **তোমরা আস্বাদন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذَّوْقُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) জিনস اجوف واوى অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা।

تُكَذِّبُوْنَ : **তোমার অস্বীকার করতে/ মিথ্যা সাব্যস্ত করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

আয়াত : ৪৩

تُتْلٰى : **পাঠ করা হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা।

يُرِيْدُ : **সে ইচ্ছা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

يَصُدَّكُمْ : **সে তোমাদেরকে বাধা দেয়**। يَصُدُّ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ

يُخْلِفُهُ : **তিনি প্রতিদান দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– প্রতিদান দেওয়া; পুরস্কার দেওয়া।

خَيْرُ : **শ্রেষ্ঠ; উত্তম**। সীগাহ واحد বহছ اسم تفضيل মূলত اَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের ফলে শুরু থেকে আলিফ বিলুপ্ত হয়ে গেছে।

আয়াত : ৪০

يَحْشُرُهُمْ : **তিনি তাদেরকে একত্র করবেন**। يَحْشُرُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– জমা করা; সমবেত করা; একত্র করা। هُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

لِلْمَلَائِكَةِ : **ফেরেশতা**। এটি مَلَكٌ -এর বহুবচন। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৩০ দ্রষ্টব্য]

يَعْبُدُوْنَ : **তারা ইবাদত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

আয়াত : ৪১

سُبْحٰنَ : **পবিত্র; মহিমাময়**। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন– سُبْحَانَ হলো تَسْبِيْحٌ অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং مفرد -এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন– سُبْحٰنَ اللّٰهِ অথবা ইসমে যমীর হোক। যেমন– سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ [সন্তান হওয়া তাঁর জন্য সমীচীন নয়] এবং এটি এমন মাসদার যার فعل কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ কখনো ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী। তিনি বলেন, এর থেকে فعل -এর ব্যবহার হয়। এ থেকে فعل -এর ব্যবহার প্রসঙ্গে তিনি একটি পংক্তি উল্লেখ করেন–

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلَبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَكَبَّرُوْا اِهْلَالًا

মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– নিবৃত্ত করা; বাধাপ্রদান করা; বিরত রাখা; নিষেধ করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

اِفْكٌ : **অপবাদ**। কোনো বস্তু তার আসল দিক থেকে মুখ ফিরানোকে اِفْكٌ বলা হয়। সুতরাং যে কথা তার আসল আকৃতি থেকে ফিরে গেছে তাকে اِفْكٌ বলা হবে। মিথ্যা অপবাদের মধ্যে এ অর্থটি ব্যাপকভাবে বিদ্যমান তাই তাকে اِفْكٌ বলা হয়।

مُفْتَرًى : **মিথ্যা ; অলীক**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যা অপবাদ দেওয়া; মিথ্যা রটনা করা।

سِحْرٌ : **জাদু**। এটি বাব فَتَحَ-এর মাসদার। অর্থ– জাদু করা; সম্মোহিত করা। বিমোহিত করা; মুগ্ধ করা। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

আয়াত : ৪৪

اٰتَيْنَا : **আমি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া; দান করা।

كُتُبٍ : **কিতাবাদী**। বহুবচন, একবচন– كِتَابٌ

يَدْرُسُوْنَهَا : **তারা অধ্যয়ন করে**। يَدْرُسُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معرو বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ر ـ س) মাসদার اَلدَّرْسُ অর্থ– পাঠ করা; অধ্যয়ন করা। هَا যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৪৫

كَذَّبَ : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা। كَذَّبَ-এর فاعل পূর্ববর্তী সম্প্রদায় হওয়ার কারণে বহুবচনের অর্থ করা হয়েছে।

مَا بَلَغُوْا : **তারা পায়নি/ তাদের কাছে পৌঁছেনি।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌঁছা; উপনীত হওয়া; বালেগ হওয়া; বয়ঃপ্রাপ্ত হওয়া।

مِعْشَارَ : **এক দশমাংশ**। এটি ইসম।

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

رُسُلِىْ : **আমার রাসূলগণ**। পয়গাম্বর; প্রেরিত পুরুষ। এটি বহুবচন, একবচন– رَسُوْلٌ ; রাসূল কাকে বলা হয় সে সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। জমহূরের মতে– যাদের নিকট আল্লাহর পক্ষ থেকে ওহী আসে তারা হলেন নবী এবং তাদের মধ্যে যারা বিশিষ্ট বা যাদের উম্মত আছে বা কিতাব আছে তারা হলেন রাসূল। কাজী বায়যাভী (র.)-এর মতে – যাদেরকে আল্লাহ তা'আলা নতুন শরিয়ত দিয়ে প্রেরণ করেছেন তারা হলেন রাসূল, আর নবী হলেন ব্যাপক অর্থাৎ যাদেরকে নতুন শরিয়ত দান করা হয়েছে এবং যাদেরকে পূর্ববর্তী রাসূলের দীনের উপর পাঠানো হয়েছে।

نَكِيْرِ : **শাস্তি**। এটি মাসদার, যা نُكْرٌ অর্থে হয়েছে। মূলত نَكِيْرِىْ ছিল। যার অর্থ– শাস্তি, কঠিন ও জঘন্য ভয়াবহ বিপদে লিপ্ত করে দেওয়া। –[রূহুল মা'আনী]

আয়াত : ৪৬

اَعِظُكُمْ : **আমি তোমাদেরকে উপদেশ দিচ্ছি**। اَعِظُ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْوَعْظُ ও اَلْعِظَةُ অর্থ– উপদেশ দেওয়া; নসিহত করা। كُمْ যমীর মাফঊলে বিহী। ভয়মিশ্রিত উপদেশকে وَعْظ বলা হয়। –[রাগেব] এমনভাবে সৎকর্মের উপদেশ দেওয়া যাতে হৃদয় বিগলিত হয় তাকে ওয়াজ বলে। –[খলীল]

تَقُوْمُوْا : **তোমরা দণ্ডায়মান হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقِيَامُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– দণ্ডায়মান হওয়া; দাঁড়ানো; সোজা হওয়া।

مَثْنٰى : **দুই-দুইজন**। এটি মুফরাদ। বহুবচন– مَثَانِىْ অর্থ– দুই দুই; উপত্যকার মোড়; ঘোরার স্থান।

فُرَادٰى : **এক-একজন; একা একা**। বলা হয়– جَاءُوْا فُرَادٰى [তারা এক একজন এসেছে।]

تَتَفَكَّرُوا : **তোমরা চিন্তা করে দেখ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ(ف ـ ك ـ ر) মাসদার اَلتَّفَكُّرُ অর্থ– চিন্তা করা। فِكْرٌ আর تَفَكُّرٌ-এর মধ্যে পার্থক্য হলো فِكْرٌ এমন শক্তিকে বলা হয় যা عِلْم-কে- مَعْلُوْمٌ এর দিকে আনে। আর تَفَكُّرٌ হলো উক্ত শক্তিকে আকলের চাহিদা অনুযায়ী কাজে পরিণত করা। এটা মানুষের গুণ, প্রাণীর গুণ নয়। এ কারণেই تَفَكُّرٌ - এর ব্যবহার এমন বস্তু সম্পর্কে হয় যার আকৃতি মানুষের অন্তর ও মস্তিষ্কে আসা সম্ভব। তাই বর্ণিত আছে– تَفَكَّرُوْا فِىْ اٰلَاءِاللّٰهِ وَلَا تَفَكَّرُوْا فِى اللّٰهِ [আল্লাহর নিয়ামত সম্পর্কে চিন্তা কর; কিন্তু আল্লাহর জাত সম্পর্কে চিন্তা করো না।]

جِنَّةٍ : **উন্মাদনা**। এটি বাব نَصَرَ-এর মাসদার اَلْجُنُوْنُ অর্থ– উন্মাদনা; উন্মত্ততা। মূলবর্ণ (ج ـ ن ـ ن) جَنَّ শব্দের অর্থ– আচ্ছাদিত করা; লুকিয়ে রাখা। যেহেতু উন্মাদনা জ্ঞান-বুদ্ধিকে আচ্ছাদিত করে ফেলে তাই উন্মাদনাকে جِنَّةٌ বলা হয়েছে।

بَيْنَ يَدَىْ : **আসন্ন; সম্মুখে**। بَيْنَ অর্থ– মধ্যে, মিলন, বিচ্ছিন্নতা। بَيْنَ-এর ইযাফত যদি اَيْدِىْ-এর দিকে হয় তবে অর্থ হবে– সামনে এবং নিকটে।

شَدِيْدٌ : **কঠোর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; তীব্র হওয়া; প্রচণ্ড হওয়া।

আয়াত : ৪৭

مَا سَأَلْتُكُمْ : **আমি তোমাদের নিকট চাই না**। مَا نفى فعل বহছ واحد متكلم সীগাহ سَئَلْتُ মূলবর্ণ (س ـ أ ـ ل) বাব فَتَحَ বাব ماضى معروف মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রার্থনা করা; জিজ্ঞাসা করা। كُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফঊল।

اَجُوْرٌ– **বিনিময়; প্রতিদান**। একবচন, বহুবচন–

সাক্ষী। فَعِيْل-এর ওযনে সিফাতের সীগাহ। যা فَاعِل অর্থে ব্যবহৃত। ইমাম রাগেব (র.) লিখেছেন– شَهِيْدٌ - شَاهِدٌ তথা সাক্ষীকেও বলা হয়। আবার কোনো কিছুকে প্রত্যক্ষকারীকেও বলা হয়। আল্লামা ইবনুল আছীর (র.) বলেন, আল্লাহ তা'আলার নামসমূহের মধ্যে شَهِيْدٌ এমন সত্তাকে বুঝায় যার জ্ঞানের বাইরে কোনো কিছুই নেই। আর শরিয়তের পরিভাষায় شَهِيْدٌ বলা হয় ঐ ব্যক্তিকে যে আল্লাহর রাস্তায় জীবন বিসর্জন দিয়েছেন।

আয়াত : ৪৮

يَقْذِفُ : **তিনি আঘাত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَذْفُ মূলবর্ণ (ق ـ ذ ـ ف) অর্থ– তীর দূরে নিক্ষেপ করা। অতঃপর তীরের শর্ত বাদ দিয়ে যে কোনো কিছু নিক্ষেপ করা এবং অবতরণ করার অর্থে ব্যবহার হতে থাকে। আর রূপকার্থে গালি দেওয়া, ব্যভিচারের অপবাদ দেওয়া এবং কোনো কিছুর দোষ-ত্রুটির দিকে সম্বন্ধ করার অর্থেও ব্যবহার হয়।

عَلَّامُ الْغُيُوْبِ : **সকল অদৃশ্য বিষয়ে অধিক জ্ঞাত**। عَلَّامٌ সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। اَلْغُيُوْبُ অর্থ– অদৃশ্য বিষয়। এটি غَيْب - এর বহুবচন। সিফাতটি আল্লাহ তা'আলার জন্য খাস।

আয়াত : ৪৯

مَا يُبْدِئُ : **সে নতুন সৃষ্টি করতে পারে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْاِبْدَاءُ অর্থ– প্রকাশ করা; উন্মোচন করা। নতুনভাবে সৃষ্টি করা।

اَلْبَاطِلُ : **অসত্য; বাতিল; মিথ্যা; অমূলক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْبُطْلُ মূলবর্ণ (ب ـ ط ـ ل) অর্থ– বাতিল হওয়া; নষ্ট হওয়া।

مَا يُعِيْدُ : **সে উহার পুনরাবৃত্তি করতে পারে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ– পুনরায় প্রত্যাবর্তন করা; পুনরাবৃত্তি করা; পুনরায় সৃষ্টি করা।

আয়াত : ৫০

ضَلَلْتُ : **আমি বিভ্রান্ত হয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالَةُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া; অন্তর্হিত হওয়া; পর্যবসিত হওয়া।

اَضِلُّ : আমি বিভ্রান্ত হব। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ- বিভ্রান্ত হওয়া; পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; খতিগ্রস্থ হওয়া।

اِنِ اهْتَدَيْتُ : আমি যদি সৎপথে চলি। اِنْ হরফে শর্ত। اِهْتَدَيْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ- সৎপথে পরিচালিত হওয়া; হেদায়েত পাওয়া।

يُوحِىْ : তিনি ওহী প্রেরণ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ- ওহী বা প্রত্যাদেশ প্রেরণ করা। এখানে এটি يُوَسْوِسُ অর্থে ব্যবহৃত হয়েছে।

سَمِيْعٌ : সর্বশ্রোতা। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা; শোনা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি, যার শ্রবণ প্রত্যেক জিনিসের উপর পরিবেষ্টিত।

قَرِيْبٌ : নিকটবর্তী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقُرْبُ অর্থ- নিকটবর্তী হওয়া।

আয়াত : ৫১

وَلَوْ تَرَى : যদি তুমি দেখতে। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

اِذْ فَزِعُوْا : যখন তারা ভীত-বিহ্বল হয়ে পড়বে। فَزِعُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ز ـ ع) মাসদার اَلْفَزَعُ অর্থ- ঘাবড়ে যাওয়া; ভীত-বিহ্বল হওয়া।

فَلَا فَوْتَ : তখন তারা অব্যাহতি পাবে না। فَوْتَ ইসমে ফে'ল। বাব نَصَرَ অর্থ- ফউত হওয়া; হাত ছাড়া হওয়া; আয়ত্তের বাইরে চলে যাওয়া।

اُخِذُوْا : তারা ধৃত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ- ধরা; পাকড়াও করা।

আয়াত : ৫২

اٰمَنَّا : আমরা ঈমান আনলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা; বিশ্বাস করা।

اَنّٰى لَهُمُ التَّنَاوُشُ : তারা কিভাবে নাগাল পাবে? اَلتَّنَاوُشُ অর্থ- নাগাল পাওয়া, নেওয়া। এটি বাবে تَفَاعُلٌ-এর মাসদার।

আয়াত : ৫৪

حِيْلَ : তা অন্তরাল করা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلْحَيْلُوْلَةُ মূলবর্ণ (ح ـ و ـ ل) অর্থ- প্রতিবন্ধক হওয়া; অন্তরায় হওয়া।

يَشْتَهُوْنَ : তারা বাসনা করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ه ـ و) মাসদার اَلْاِشْتِهَاءُ অর্থ- কামনা করা; আকাঙ্ক্ষা করা।

فُعِلَ : করা হয়েছিল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ع ـ ل) মাসদার اَلْفِعْلُ অর্থ- করা।

اَشْيَاعِهِمْ : তাদের সমপন্থিগণ। اَشْيَاعُ মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি।

شَكٍّ : সন্দিহান। এটি বাব نَصَرَ-এর মাসদার। সন্দেহ করা। আবার ইসম হিসেবেও ব্যবহৃত হয়। তখন তার বহুবচন আসে- شُكُوْكٌ ; ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, দুটি পরস্পর বিরোধী বস্তু সমান হওয়াকে شَكٌّ বলা হয়। সন্দেহ কখনো বস্তুর ব্যাপারে হয় যে বস্তুটি বিদ্যমান আছে অথবা নেই। কখনো তার প্রকার, গুণ ও উদ্দেশ্য সম্পর্কে হয়। شَكٌّ টি جَهْلٌ তথা অজ্ঞতারই এক প্রকার, তবে جَهْلٌ থেকে তা اَخَصُّ ; কেননা جَهْلٌ-এর মধ্যে কখনো দুটি পরস্পর বিরোধী বস্তুর ইলমই হয় না। সুতরাং সকল شَكٌّ-ই- جَهْلٌ কিন্তু সকল جَهْلٌ-ই- شَكٌّ নয়।

مُّرِيْبٍ : বিভ্রান্তিকর। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ى ـ ب) মাসদার اَلْاِرَابَةُ অর্থ- সংশয়ে ফেলা; বিভ্রান্ত করা।

সূরা ফাতির : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪৫, রুকূ' : ৫

আয়াত : ১

اَلْحَمْدُ لِلّٰهِ : **সকল প্রশংসা আল্লাহরই**। আলিফ ও লাম اِسْتِغْرَاق -এর জন্য। حَمْد -এর শাব্দিক অর্থ- প্রশংসা করা; গুণাগুন বর্ণনা করা। এটি বাব سَمِعَ -এর মাসদার। পরিভাষায় حَمْد বলা হয় ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক বা না হোক। তাফসীরে মাযহারীতে রয়েছে- اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِىْ نِعْمَةً كَانَ اَوْ غَيْرُهَا [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

فَاطِر : **স্রষ্টা। সৃষ্টিকর্তা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْفَطْرُ অর্থ- বিদীর্ণ করা; অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করা। মুফাসসিরগণ فَاطِرٌ -এর তাফসীর করেছেন مُبْدِعٌ বা নমুনাবিহীন অনস্তিত্ব থেকে অস্তিত্ব দানকারী। অভিধানমতে فِطْر অর্থ- বিদীর্ণ করা। -[কামূস ও সিহাহ] আল্লাহ তা'আলাও বিশ্বকে অনস্তিত্বের পর্দা বিদীর্ণ করে অস্তিত্বে এনেছেন। তাই আল্লাহকে فَاطِرٌ বলা হয়।

اَلسَّمٰوٰت : **আকাশমণ্ডলী**। বহুবচন, একবচন- سَمَاءٌ ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে কোনো বস্তুর উপরি অংশ হলো سَمَاءٌ কেউ কেউ বলেন, যে কোনো سَمَاءٌ তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং উপরটির তুলনায় নিচেরটি ارض ; তবে سَمَاءٌ عُلْيَا এর ব্যতিক্রম। কারণ সেটি সর্বাবস্থায় سَمَاءٌ ই। কোনো অবস্থাতেই اَرْضٌ নয়। -[বিস্তারিত মা'আরিফুল কুরআন : সূরা হিজর]

جَاعِل : **কর্তা/সম্পাদনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। ইমাম রাগেব (র.) লিখেছেন- جَعْل এমন শব্দ যা فَعَلَ ও صَنَعَ জাতীয় এবং সকল ফে'লসমূহের জন্য ব্যাপক। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

رُسُلًا : **রাসূলগণ। পয়গাম্বর; প্রেরিত**। শব্দটি বহুবচন, একবচন- رَسُوْل ; [বিস্তারিত সূরা সাবা, আয়াত : ৪৫ দ্রষ্টব্য]

اُولِىْٓ اَجْنِحَةٍ : **পক্ষ/ডানাবিশিষ্ট**। বহুবচন; একবচন جُنَاحٌ ইসম। শব্দটি তিনটি অর্থে ব্যবহৃত হয়। ১. পাখির ডানা। যেমন- وَلَا طٰئِرٍ يَّطِيْرُ بِجَنَاحَيْهِ [না কোনো পাখি, যারা তাদের দুটি ডানা দ্বারা উড়ে]

২. পার্শ্বদেশ। যেমন- وَاضْمُمْ يَدَكَ اِلٰى جَنَاحِكَ [মিলাও তোমার হাত পার্শ্বদেশের সাথে]

৩. হাত। যেমন- وَاضْمُمْ يَدَكَ اِلٰى جَنَاحِكَ [তোমার নিজের সাথে তোমার হাত মিলাও] পবিত্র কুরআনে যে وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ [মমতাবশে তাদের প্রতি নম্রতার পক্ষপুট অবনমিত কর] এসেছে তা ইঙ্গিতার্থে ব্যবহৃত হয়েছে। কারণ ذِلَّتٌ বা বিনয় ও নম্রতা দুই প্রকার। এক. যা মানুষকে অপদস্থ করে। দুই. যা মানুষকে মর্যাদাবান করে। এখানে দ্বিতীয় প্রকার উদ্দেশ্য। যা দ্বারা তার মর্যাদা হ্রাস পাওয়ার পরিবর্তে বৃদ্ধি পায়। এ কারণেই جُنَاحٌ শব্দটি ইঙ্গিতার্থে ব্যবহার করা হয়েছে। অর্থাৎ তাদের সম্মুখে বিনয় অবলম্বন করে দয়া ও অনুগ্রহের এমন আচরণ পেশ কর যা তোমাকে উড়িয়ে নিয়ে আল্লাহ তা'আলার দয়ার উচ্চাসনে পৌঁছে দিবে।

مَثْنٰى : **দুই-দুইজন**। মুফরাদ। বহুবচন- مَثَانِىْ দুই দুই; উপত্যকার মোড়; ঘোরার স্থান।

ثُلٰثَ : **তিন তিন**। ইসম। ثَلٰثَةً ثَلٰثَةً থেকে রূপান্তরিত হয়েছে।

رُبٰعَ : **চার চার**। এটি اَرْبَعَ اَرْبَعَ থেকে রূপান্তরিত হয়েছে। এতে দু' ধরনের রূপান্তর হয়েছে।

১. তার সীগাহ থেকে।

২. তাকরার দ্বারা। এ কারণে এটি غير منصرف এটা আল্লামা যমখশরী (র.)-এর মত। কাজী বায়যাভী (র.) বলেন عَدْل ও وصف -এর কারণে غير منصرف হয়েছে।

دَابَّةٍ : **জীব-জন্তু।** একবচন, বহুবচন- دَوَابُّ [বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬ দ্রষ্টব্য।

يُؤَخِّرُهُمْ : **তাদেরকে অবকাশ দিবেন।** يُؤَخِّرُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (أ - خ - ر) মাসদার اَلتَّأْخِيْرُ অর্থ- বিলম্ব করা, অবকাশ দেওয়া; দেরি করা। هُمْ যমীর মাফউলে বিহী।

اَجَلٍ : **নির্দিষ্ট সময়।** একবচন, বহুবচন- اٰجَالٌ অর্থ- মৃত্যু; শেষ সময়; মেয়াদ।

بَصِيْرًا : **সর্বদ্রষ্টা।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ ও كَرُمَ মাসদার اَلْبَصَرُ অর্থ- দেখা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

সূরা ইয়াসীন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮৩ রুকূ' : ৫

আয়াত : ১

يٰسٓ : **ইয়া-সীন**। এগুলো হরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حروف تهجى -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য; যার অর্থ- বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) ও খলীফা চতুষ্টয় এবং হযরত ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে বিভিন্ন ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো- اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ [এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।] -[বিস্তারিত সূরা বাক্বারা : الٓمّٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

اَلْقُرْاٰنِ : **কুরআন**। এটি মাসদার। অর্থ- পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। কুরআনের নামকরণের ব্যাপারে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। কারো মতে قَرْءٌ থেকে قُرْاٰن শব্দ গঠন করা হয়েছে। যার অর্থ- জমা করা; একত্র করা। কুরআন অন্যান্য সকল আসমানি কিতাবের সমষ্টি বরং ইমাম রাগেব (র.) তো আরো আগে বেড়ে বলেছেন, সকল ইলমের সমষ্টি। আবূ উবাইদা বলেন, সকল সূরার সমষ্টি। মোটকথা কুরআন নামকরণের কারণ সম্পর্কে জমা হওয়ার বিষয়টিকেই গুরুত্ব দিয়েছেন। প্রফেসর আব্দুর রউফ বলেছেন, নামকরণের এ কারণটি সঠিক নয়। কারণ কুরআন নামটি সর্বপ্রথম এসেছে সূরা মুজ্জাম্মিলে। যা অবতীর্ণ হওয়ার দিক থেকে তৃতীয় সূরা। তখন না সূরাসমূহের সমষ্টি ছিল না পূর্ববর্তী কিতাবসমূহের সংক্ষিপ্তসার; বরং কুরআনকে কুরআন বলার কারণ শুধুমাত্র قِرَاءَةٌ তথা পাঠ ও তেলাওয়াত। নামাজে, দীনি মাহফিলে, মাদরাসায় ও অনুষ্ঠান ইত্যাদিতে কুরআন পাঠ করা হয়, তাই কুরআনকে কুরআন বলা হয়। তাছাড়া اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ -[মু'জামুল কুরআন] এখানেও স্পষ্ট যে কুরআন জমা করা ও কুরআন তেলাওয়াত দুটি ভিন্ন জিনিস। কুরআনের কিছু অংশ মক্কী ও কিছু অংশ মাদানী। ৪র্থ হিজরির ১৭ রমজান পর্যন্ত অবতীর্ণ অংশকে মক্কী বলা হয়। তার পরবর্তী সময়ে অবতীর্ণ অংশকে মাদানী বলা হয়। কুরআনের আয়াত সংখ্যা ৬২৩৬ মোট শব্দ ৭৬৪৪০ মোট বর্ণসংখ্যা ৩২৩৬৭১ টি। কুরআন যেহেতু পূর্ণাঙ্গ জীবন বিধান এবং সম্পূর্ণ জীবনের পাঠ তাই তাতে জীবনের সকল প্রয়োজনাবলি সুস্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে।

কুরআনকে বলা হয়েছে- تِبْيَانًا لِكُلِّ شَىْءٍ তাই মানবজীবনের সুস্পষ্ট দিক সামনে রেখে কুরআনের বিষয়বস্তু আট প্রকার পরিলক্ষিত হয়। যথা-

১. **আকাইদঃ** তথা একত্ববাদ, রিসালাত, মালাইকা, কিয়ামত ইত্যাদির উপর ঈমান আনা।
২. **দীনি বিধিবিধানঃ** যেমন নামাজ, রোজা, হজ, জাকাত ইত্যাদি বিষয়ের আলোচনা।
৩. **চারিত্রিক বিধিবিধানঃ** সত্যতা, ন্যায়বিচার, অনুগ্রহ, দয়া, দানশীলতা, কাউকে কষ্ট না দেওয়া ইত্যাদি।
৪. ইহকালীন ও পরকালীন প্রতিশ্রুতি, অঙ্গীকার, ভীতিপ্রদর্শন ইত্যাদি।
৫. কুরআনের মাধ্যমে চ্যালেঞ্জগ্রহণ ও তর্ক-বিতর্ক ইত্যাদি।
৬. পূর্ববর্তী উম্মতের ঘটনাবলি থেকে শিক্ষাগ্রহণ।
৭. উপদেশ, আদেশ-নিষেধ, ভালোবাসা, প্রজ্ঞা, জাতির উন্নতি ও অগ্রগতির নিয়মাবলি।
৮. আইন প্রণয়ন। আইন প্রণয়নের চারটি অংশ রয়েছে।
ক. রাজনৈতিক ও প্রশাসনিক। যেমন শাসককে মান্য করা, প্রতিশ্রুতি, চুক্তি ইত্যাদি পূর্ণ করা।

খ. ফৌজদারী দণ্ডবিধি, হুদূদ ও কিসাস ইত্যাদি।

গ. সংস্কৃতি ও সামাজিকতার বিধিবিধান। যেমন সুদ, উত্তরাধিকার, অসিয়ত, ঋণ, ইত্যাদির বিধান।

ঘ. যুদ্ধের নিয়ম কানুন। যুদ্ধের জন্য প্রস্তুতি, যুদ্ধাস্ত্র সরবরাহ, সামরিক গোপন তথ্য-উপাত্ত সংরক্ষণ। সন্ধি স্থাপন ও সন্ধি রক্ষা, বন্দী বিনিময়, গুপ্তচরদের ব্যাপারে সতর্কতা, শত্রুদের সাথে লেনদেনের ব্যাপারে নিষেধাজ্ঞা ইত্যাদি।

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়**। সীগাহ صفت واحد مذكر বহছ فعيل -এর ওযনে। বাব كَرُمَ মাসদার اَلْحِكْمَةُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- প্রজ্ঞাময় হওয়া; জ্ঞানী হওয়া; চালাক হওয়া; বুদ্ধিমান হওয়া। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কারণ প্রকৃত প্রজ্ঞা তাঁরই।

আয়াত : ৩

اَلْمُرْسَلِيْنَ : **প্রেরিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা।

আয়াত : ৪

صِرَاطٍ : **পথ; রাস্তা**। একবচন, বহুবচন- صُرُطٌ [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

مُسْتَقِيْمٍ : **সরল; সঠিক**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ- সঠিক হওয়া; সোজা হওয়া; সরল হওয়া।

আয়াত : ৫

تَنْزِيْلَ : **অবতীর্ণ করা**। এটি বাব تَفْعِيْلٌ -এর মাসদার, যা ইসমে মাফঊল তথা مُنَزَّلٌ অর্থে ব্যবহৃত হয়েছে। اِنْزَالٌ ও تَنْزِيْلٌ -এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়; কিন্তু تَنْزِيْلٌ অর্থ ধরাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

عَزِيْزِ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন عَزِيْزٌ এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন, কখনো পরাজিত হন না। আল্লামা যুজায (র.) লিখেছেন- عَزِيْزٌ এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অর্থ করেছেন- এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন- عَزِيْزٌ হলো যার উপমা কিছু নেই; অনুপম। -[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

اَلرَّحِيْمِ : **পরম দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ- দয়া করা; অনুগ্রহ করা। বহুবচন- رُحَمَاءُ ; رَحِيْمٌ আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এর ব্যবহার আল্লাহ তা'আলা ব্যতীত অন্যদের ক্ষেত্রেও হয়ে থাকে। যেমন নবী করীম ﷺ সম্পর্কে বলা হয়েছে- رَؤُفٌ رَّحِيْمٌ ; ইবনে মুবারক (র.) বলেন- رَحْمٰنٌ এমন সত্তা যার কাছে প্রার্থনা করা হলে তিনি দান করেন। আর رَحِيْمٌ এমন সত্তা যার কাছে প্রার্থনা করা না হলে তিনি ক্রুদ্ধ হন।

আয়াত : ৬

لِتُنْذِرَ : **যেন তুমি সতর্ক কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف منصوب بلام كي বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

اُنْذِرَ : **তাকে ভয় দেখানো হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

غٰفِلُوْنَ : **অনবহিত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلَةُ অর্থ- অসেচতন হওয়া; গাফেল হওয়া; আনমনা হওয়া।

আয়াত : ৭

حَقَّ : **তা অবধারিত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার

اَلْحَقُّ মূলবর্ণ (ح ـ ق ـ ق) অর্থ– সত্য হওয়া; অবধারিত হওয়া। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য]

اَكْثَرِهِمْ : **তাদের অধিকাংশ**। اَكْثَرُ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ– অধিক হওয়া।

لَا يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

আয়াত : ৮

جَعَلْنَا : **আমি বানিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা; তৈরি করা। –[বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

اَعْنَاق : **গলদেশ/স্কন্ধ**। এটি বহুবচন, একবচন– عُنُقٌ অর্থ– গর্দান; ঘাড়; স্কন্ধ।

اَغْلَالًا : **শৃঙ্খল**। বহুবচন, একবচন– غِلٌّ অর্থ– বেড়ি; শৃঙ্খল। غِلٌّ বলা এমন বস্তুকে যা দ্বারা বন্দী করা হয় এবং শরিরের অঙ্গ বাঁধা হয়। এখানে উদ্দেশ্য এমন কঠিন বিধিবিধান যা হযরত মুহাম্মদ ﷺ-এর শরিয়তে রহিত হয়ে গেছে।

اَلْاَذْقَان : **চিবুক**। এটি ذَقْنٌ-এর বহুবচন। অর্থ– চিবুক; থুতনি।

مُقْمَحُوْنَ : **ঊর্ধ্বমুখী**। চিবুক পর্যন্ত বেড়ি পরানোর কারণে মাথা উপরের দিকে উত্থিত। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ م ـ ح) মাসদার اَلْاِقْمَاحُ অর্থ– মাথা উঠানো ও চোখ বন্ধ করে রাখা। مُقْمَحٌ ঐ ব্যক্তি যে মাথা উঠিয়ে রাখে ও চোখ বন্ধ করে রাখে। بَعِيْرٌ قَامِحٌ এমন উট যা পানি পানের পর চোখ বন্ধ করে মাথা উচিয়ে দাঁড়িয়ে থাকে। আযহারী লিখেছেন, যেহেতু জাহান্নামীদের গলায় বেড়ি পরানো থাকবে এবং চিবুক উপরের দিকে উঠে যাবে, যার কারণে আবশ্যিকভাবে মাথাও উপরের দিকে উঠে যাবে। –[মা'আলিম] ইমাম রাগেব (র.) লিখেছেন– قَمَحَ الْبَعِيْرُ قَمْحٌ অর্থ– মাথা উত্তোলন করা। [উট মাথা উঁচু করেছে।] যদি অবাধ্য উটের মাথা পিছন থেকে টেনে কষে বাঁধা হয় এবং উপরের দিকে উঠে যায় তাহলে বলা হয়– اَقْمَحْتُ الْبَعِيْرَ ; এখানে مُقْمَحُوْنَ উপমা ও উদাহরণস্বরূপ বলা হয়েছে। কারণ কাফেররা দুনিয়াতে অবাধ্য ছিল, ইসলাম গ্রহণ করা থেকে অবাধ্যতা করত, আল্লাহর রাস্তায় ব্যয় করা থেকে ঘাড় বাঁকাতো, এ কারণে তাদের অবস্থা بَعِيْرٌ مُقْمَحٌ-এর ন্যায় হয়ে যাবে। –[মুফরাদাত]

আয়াত : ৯

سَدًّا : **প্রাচীর। আড়াল; প্রতিবন্ধক;** দুই বস্তুর মাঝে অন্তরায়কে سَدٌّ বলা হয়। মূলত এটি বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ হলো– ফাটল মেরামত করে তা বন্ধ করা। প্রাচীর, পাহাড় ও বাঁধের মধ্যে এ গুণটি বিদ্যমান তাই তার জন্য سَدٌّ ব্যবহার হতে থাকে।

مِنْ خَلْفِهِمْ : **তাদের পশ্চাতে**। خَلْفٌ বাব نَصَرَ-এর মাসদার, যা قُدَّامٌ-এর বিপরীত।

فَاَغْشَيْنٰهُمْ : **অতঃপর আমি তাদেরকে আবৃত করেছি**। فاء হরফে আত্ফ। اَغْشَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার غِشْيَانٌ - غِشَاوَةٌ - غِشَاءٌ মূলবর্ণ (غ ـ ش ـ ى) অর্থ– আচ্ছাদিত করা; নিমজ্জিত করা।

لَا يُبْصِرُوْنَ : **তারা দেখে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْاِبْصَارُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ১০

سَوَاءٌ : **সমান**। ইসমে মাসদার। اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন যে, سَوَاءٌ শব্দটি

مُسْتَوِىٌ (সমান) অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে قَصْر হয়। যেমন– مَكَانًا سُوًى (স্থান সমতল ও পরিচ্ছন্ন) আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়।

১. সমান। যেমন– سَوَآءٌ عَلَيْهِمْ ءَأَنْذَرْتَهُمْ أَمْ لَمْ تُنْذِرْهُمْ [তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান]

২. মধ্যস্থল। যেমন– فِىْ سَوَاءِ الْجَحِيْمِ [জাহান্নামের মধ্যস্থলে]

৩. পরিপূর্ণ। যেমন– فِىْ أَرْبَعَةِ أَيَّامٍ سَوَآءً [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে শব্দটি غَيْرٌ অর্থে ব্যবহার হয় নি।

أَنْذَرْتَهُمْ : **তুমি তাদেরকে সতর্ক করেছ**। সীগাহ أَنْذَرْتَ বহছ واحد مذكر حاضر ماضى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা; সাবধান করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

لَمْ تُنْذِرْ : **তুমি সতর্ক করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

আয়াত : ১১

اِتَّبَعَ : **সে অনুসরণ করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; পিছনে চলা; অবলম্বন করা।

اَلذِّكْرَ : **উপদেশ**। এটি ইসম। একবচন, বহুবচন– أَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– ذِكْرٌ দ্বারা কখনো নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারেফত অর্জন করে তা স্মরণ রাখা সম্ভব হয়। আর এটা حِفْظٌ-এরই ন্যায়। কিন্তু حِفْظٌ বলা হয় অর্জন হিসেবে। আর ذِكْرٌ বলা হয় স্মরণ রাখা সম্পর্কে। আবার কখনো ذِكْرٌ শব্দটি কোনো জিনিস অন্তরে বা আলোচনায় স্মরণ এসে যাওয়ার জন্যও বলা হয়।

خَشِىَ : **সে ভয় পেয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ– ভয় করা; আশঙ্কা করা; সন্দেহ করা।

اَلرَّحْمٰنَ : **অধিক দয়ালু; দয়াময়**। এটি فَعْلَانٌ-এর ওযনে مبالغة-এর সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এ শব্দটি আল্লাহ ব্যতীত অন্য কারো উপর প্রয়োগ হয় না। কেননা তার রহমত সকলের উপরই ব্যাপ্ত। শব্দটি আরবি না অনারবী এ ব্যাপারে আরব ভাষাভাষীগণের মতবিরোধ রয়েছে। –[বিস্তারিত আলোচনা সূরা ফাতিহা দ্রষ্টব্য]

فَبَشِّرْهُ : **তুমি তাকে সুসংবাদ দাও**। فا জাযাইয়্যা بَشِّرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ। অর্থ– সুসংবাদ দেওয়া; ভালো খবর দেওয়া। ه যমীর মাফঊলে বিহী। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

مَغْفِرَةٍ : **ক্ষমা**। **মার্জনা**। ইসম ও মাসদার। বাব ضَرَبَ

كَرِيْمٍ : **উত্তম; মহা**। সীগাহ واحد বহছ صفت مشبه একবচন, বহুবচন– كِرَامٌ অর্থ– সম্মানিত; মর্যাদাবান; মহৎ; বড়।

আয়াত : ১২

نُحْىِ : **আমি জীবন দান করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবন দান করা; জীবিত করা; হায়াত দান করা।

قَدَّمُوْا : **তারা পূর্বে প্রেরণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّقْدِيْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ– অগ্রে পেশ করা; পূর্বে প্রেরণ করা।

أَحْصَيْنٰهُ : **আমি তা সংরক্ষিত রেখেছি**। أَحْصَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব

اِفْعَال মাসদার اَلْاِحْصَاءُ মূলবর্ণ (ح ـ ص ـ ى) অর্থ– গণনা করা; হিসাব রাখা; সংরক্ষিত রাখা। ه যমীর মাফউলে বিহী।

اِمَامٍ مُّبِيْنٍ : **স্পষ্ট কিতাব**। اِمَامْ বলা হয় যার ইচ্ছা করা হয় এবং যাকে অনুসরণ করা হয়। যেহেতু রাস্তার ইচ্ছা করা হয় এজন্য اِمَامٌ দ্বারা রাস্তা উদ্দেশ্য হয়। তাছাড়া কিয়ামতের দিন আমলনামার অনুসরণ করা হবে, অর্থাৎ তাতে যেমন লেখা থাকবে তদনুযায়ী শাস্তি ও প্রতিদান দেওয়া হবে, তাই اِمَامْ দ্বারা আমলনামাও উদ্দেশ্য হয়। তেমনিভাবে لَوْحٌ مَحْفُوْظٌ -এ যা কিছু লেখা থাকবে সকলেই তার অনুসরণ করবে। এ কারণে اِمَامٌ দ্বারা لَوْحٌ مَحْفُوْظٌ-ও উদ্দেশ্য নেওয়া হয়েছে। মোটকথা পবিত্র কুরআনে اِمَامْ শব্দ দ্বারা রাস্তা, আমলনামা বা লওহে মাহফূয বুঝানো হয়েছে।

مُّبِيْنٍ : **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– স্পষ্ট করা; বর্ণনা করা।

اِضْرِبْ : **তুমি বর্ণনা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ (ض ـ ر ـ ب) -এর অর্থ কোনো বস্তুকে অপর বস্তুর উপর পতিত করা। যেহেতু এর সুরত বিভিন্ন হতে পারে তাই ভিন্ন ভিন্ন অবস্থায় ভিন্ন ভিন্ন অর্থ হবে। কোথাও প্রহার করা, কোথাও ঢেলে দেওয়া, কোথাও চলা, আবার কোথাও বর্ণনা করা এবং নির্মাণ করা। মোটকথা স্থানবিশেষে এর অর্থ– করতে হবে– তবে মূল অর্থ ঠিক রাখতে হবে। যেহেতু চলার সময় পা মাটিতে পড়ে তাই ضَرَبَ فِى الْاَرْضِ অর্থ হবে– ভূমিতে চলা। কোনো কিছুকে এভাবে বর্ণনা যার প্রভাব অন্যের উপর পড়ে তাকে বলা হয় ضَرْبُ الْمِثْلِ ; তাই যখন مِثْلٌ -এর সাথে ضَرْب -এর ব্যবহার হবে তখন অর্থ হবে– বর্ণনা করা।

اَصْحٰبَ الْقَرْيَةِ : **জনপদের অধিবাসীগণ**। اَصْحَابْ মুযাফ اَلْقَرْيَةُ মুযাফ ইলাইহি। এখানে উক্ত জনপদ বা গ্রামের নাম এবং ঐ তিনজন পয়গাম্বর যাদেরকে সেখানে প্রেরণ করা হয়েছিল এবং ঐ ব্যক্তি যে গ্রামের প্রান্ত থেকে দৌড়ে এসেছিল এবং পরে তাকে শহীদ করা হয়েছিল তাদের কারো নামই এখানে স্পষ্ট করে বর্ণনা করা হয়নি। হযরত ইমাম কুরতুবী (র.) লিখেছেন, সকল মুফাসসির এ ব্যাপারে একমত যে উক্ত গ্রাম দ্বারা ইনতাকিয়া [কনস্টান্টিনোপল] উদ্দেশ্য। তবে হাফেজ ইবনে হাজার আসকালানীর মতে ইনতাকিয়ার নিকটবর্তী কোনো একটি শহর উদ্দেশ্য হবে। কেননা আল্লাহ তা'আলা ঘোষণা দিয়েছেন যে, উক্ত জনপদের লোকদেরকে ধ্বংস করে দেওয়া হয়েছে; অথচ বর্তমানে ইনতাকিয়া শহরে উক্ত ধ্বংসের কোনো চিহ্ন বিদ্যমান নেই। হযরত ইবনে ইসহাক হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস, কা'বে আহবার ও ওয়াহাব বিন মুনাব্বিহ থেকে বর্ণনা করেছেন যে, এটা ইনতাকিয়া শহর ছিল, এখানকার বাদশার নাম ছিল ইনতিখাশ বিন ইনতিখাশ। আর যে তিনজন রাসূল -কে তাদের নিকট প্রেরণ করা হয়েছিল তাদের নাম ছিল ১. সাদিক, ২. সাদূক ও ৩.শালূম। হযরত কাতাদা (র.) বলেন উক্ত তিনজন ছিলেন হযরত ঈসা (আ.)-এর হাওয়ারী। তাদের নাম হলো শামঊন, ইউহান্না ও বাউলাস। আর যে ব্যক্তি গ্রামের প্রান্ত থেকে দৌড়ে এসেছিল তার নাম সম্পর্কে হযরত ইবনে জারীর ও ইবনে আবী হাতীম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেন যে, তার নাম হলো হাবীবে নাজ্জার।

আয়াত : ১৪

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো; জানানো।

اِثْنَيْنِ : **দুজন**।

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে**। كَذَّبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা; মিথ্যা বলা; কুফরি করা।

عَـزَّزْنَـا : **আমি শক্তিশালী করেছিলাম**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (ع - ز - ز) মাসদার اَلتَّعْزِيْزُ অর্থ- শক্তিশালী করা; জোরদার করা।

ثَالِثٍ : **তৃতীয়**।

আয়াত : ১৫

تَـكْـذِبُـوْنَ : **তোমরা মিথ্যা বলবে**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব ضَرَبَ মাসদার اَلْـكِـذْبُ মূলবর্ণ (ك - ذ - ب) অর্থ- মিথ্যা বলা; অস্বীকার করা।

আয়াত : ১৭

بَلٰـغُ : **বার্তা; ম্যাসেজ**। মাসদার। অর্থ- পৌঁছানো। বাবে نَصَرَ এটি তাবলীগ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১৮

تَطَيَّـرْنَـا : **আমরা অমঙ্গলের কারণ মনে করি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব **تَفَعُّلْ** মূলবর্ণ (ط - ي - ر) মাসদার اَلتَّطَيُّرُ এর মূল অর্থ- পাখিকে অমঙ্গল অথবা কুলক্ষণের কারণ মনে করা। অতঃপর যে কোনো অমঙ্গলের কারণের জন্য ব্যবহার হতে থাকে।

لَـئِنْ لَّمْ تَنْـتَـهُـوْا : **যদি তোমরা নিবৃত্ত না হও**। لَمْ **نفى جحد بلم** বহছ **جمع مذكر حاضر** সীগাহ تَنْتَهُوْا **جمع مذكر حاضر** বহছ **نفى جحد بلم** বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ن - ه - ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ- বিরত থাকা; নিবৃত্ত হওয়া।

لَنَرْجُمَنَّـكُـمْ : **আমি প্রস্তরাঘাতে তোমাদের প্রাণ নাশ করবই**। সীগাহ **جمع متكلم** বহছ **لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ر - ج - م) মাসদার اَلرَّجْمُ অর্থ- প্রস্তরাঘাতে হত্যা করা; প্রস্তর নিক্ষেপ করা। كُـمْ যমীর মাফঊলে বিহী।

لَيَمَسَّنَّـكُـمْ : **অবশ্যই তোমাদের উপর আপতিত হবে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف** বাব سَمِعَ মূলবর্ণ (م - س - س) মাসদার اَلْمَسُّ অর্থ- স্পর্শ করা; ছোঁয়া; আপতিত হওয়া। كُـمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১৯

طَـائِـرُكُـمْ : **তোমাদের অকল্যাণ**। তোমাদের অশুভ লক্ষণ। طَائِرٌ অর্থ- পাখি। আরবগণ পাখি উড়িয়ে তা দ্বারা শুভ-অশুভ নির্ধারণ করত। পরবর্তীতে প্রত্যেক অশুভ লক্ষণকে طَائِرٌ বলা হয়।

ذُكِّـرْتُـمْ : **তোমাদেরকে উপদেশ দেওয়া হয়েছিল**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **ماضى مجهول** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (ذ - ك - ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ- উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

مُّسْرِفُـوْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ **جمع مذكر** বহছ **اسم فاعل** বাব اِفْعَالْ মূলবর্ণ (س - ر - ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ- অপচয় করা; অপব্যয় করা; সীমালঙ্ঘন করা।

আয়াত : ২০

اَقْصَـا : **প্রান্ত; দূরবর্তী স্থান**। সীগাহ **واحد مذكر** বহছ **اسم تفضيل** বাব سَمِعَ মূলবর্ণ (ق - ص - و) মাসদার اَلْـقَـصَـاءُ অর্থ- দূরে হওয়া; দূরবর্তী হওয়া। আরবদের তুলনায় দূরে হওয়ার কারণে مَسْجِدُ اَقْصٰى -কে- اَلْاَقْصٰى বলা হয়েছে।

يَسْعٰـى : **সে দৌড়াচ্ছে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **مضارع معروف** বাব فَتَحَ মাসদার اَلسَّعْىُ মূলবর্ণ (س - ع - ى) অর্থ- চেষ্টা করা; পরিশ্রম করা; দৌড়ানো; ছুটে আসা।

আয়াত : ২১

اِتَّبِـعُـوا : **তোমরা অনুসরণ কর**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ت - ب - ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা। কারো কথামতো চলা।

مُّهْـتَـدُوْنَ : **হেদায়েতপ্রাপ্তগণ**। সীগাহ **جمع مذكر** বহছ **اسم مفعول** বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ه - د - ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ- হেদায়েতপ্রাপ্ত হওয়া। হেদায়েত গ্রহণ করা।

২৩তম পারা

আয়াত : ২২

لَا أَعْبُدُ : **আমি ইবাদত করি না**। সীগাহ واحد متكلم বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د)অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

فَطَرَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْفَطْرُ অর্থ– বিদীর্ণ করা; অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করা। মুফাসসিরগণ فَاطِرٌ -এর তাফসীর করেছেন– مُبْدِعٌ বা নমুনাবিহীন অনস্তিত্ব থেকে অস্তিত্ব দানকারী। অভিধানমতে فِطْر অর্থ– বিদীর্ণ করা। -[কামূস ও সিহাহ] আল্লাহ তা'আলাও বিশ্বকে অনস্তিত্বের পর্দা বিদীর্ণ করে অস্তিত্বে এনেছেন তাই আল্লাহকে فَاطِرٌ বলা হয়।

تُرْجَعُوْنَ : **তোমরা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ২৩

أَأَتَّخِذُ : **আমি কি গ্রহণ করব?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ–গ্রহণ করা; ধরা; নেওয়া; মনে করা।

اٰلِهَةً : **দেবতাগণ**। বহুবচন, একবচন– اِلٰهٌ অর্থ– উপাস্য; মাবুদ; মালিক।

اِنْ يُّرِدْنِ : **তিনি যদি ইচ্ছা করেন**। اِنْ হরফে শর্ত। يُرِدْنِ সীগাহ واحد مذكر غائب ; মূলত يُرِدْنِيْ ছিল। নূনে বেকায়া ইয়ায়ে متكلم মাফউলে বিহী। বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

ضُرٍّ : **অকল্যাণ; মন্দ**। এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– ক্ষতি করা; অনিষ্ট করা।

لَا تُغْنِ : **আমার কাজে আসবে না**। সীগাহ واحد مؤنث غائب; মূলত تُغْنِىْ ছিল। শর্তের জাযার স্থানে হওয়ার কারণে تُغْنِىْ-এর শেষ হতে يـاء পড়ে গেছে। বহছ نفى فعل مضارع معروف বাবে اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– উপকার দেওয়া; কাজে আসা।

شَفَاعَتُهُمْ : **তাদের সুপারিশ**। شَفَاعَةٌ মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। এটি বাব فَتَحَ-এর মাসদার। [বিস্তারিত সূরা সাবা, আয়াত : ২৩ দ্রষ্টব্য]

لَا يُنْقِذُوْنَ : **তারা আমাকে উদ্ধার করতে পারবে না**। সীগাহ جمع مذكر غائب ; মূলত لَا يُنْقِذُوْنِىْ ছিল। শেষ থেকে নূনকে বিলুপ্ত করে নূনে এরাবীকে যের দেওয়া হয়েছে, যাতে نِىْ টি উহ্য থাকার ইঙ্গিত বহন করে। বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ق ـ ذ) মাসদার اَلْاِنْقَاذُ অর্থ– উদ্ধার করা; ফিরিয়ে নেওয়া।

আয়াত : ২৫

اٰمَنْتُ : **আমি ঈমান এনেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা; বিশ্বাস করা।

فَاسْمَعُوْنِ : **তোমরা আমার কথা শ্রবণ কর**। فَاءٌ হরফে আত্‌ফ। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ– শ্রবণ করা; শোনা। نون وقاية يائے متكلم মাফউলে বিহী।

আয়াত : ২৬

قِيْلَ : **তাকে বলা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। قِيْلَ মূলত قُوِلَ ছিল। তা'লীল হয়ে قِيْلَ হয়েছে।

يَلَيْتَ : **হায় আফসোস!** يَا হরফে নিদা। لَيْتَ হরফে মুশাব্বাহ বিল ফে'ল। যা ইসমকে নসব এবং খবরকে রফা' দেয়। আকাঙ্ক্ষার অর্থ প্রদান করে। নাহুবিদ ফাররা বলেন, উভয়কেই নসব প্রদান করে। যেমন পংক্তি–

يَا لَيْتَ اَيَّامَ الصِّبَا رَوَاجِعُ

لَيْتَ সাধারণত অসম্ভব বিষয়ের উপর প্রবিষ্ট হয়। যেমন–يَالَيْتَهَا كَانَتِ الْقَاضِيَةَ/ يَالَيْتَنِيْ كُنْتُ تُرَابًا [হায় আমি যদি মাটি হয়ে যেতাম]

প্রসিদ্ধ কবিতা–

فَيَا لَيْتَ الشَّبَابَ يَعُوْدُ يَوْمًا
فَاُخْبِرُهٗ بِمَا فَعَلَ الْمَشِيْبُ

[আফসোস যৌবন যদি পুনরায় ফিরে আসত, তাহলে বার্ধক্য আমার সাথে যে আচরণ করেছে সে সম্পর্কে তাকে আমি অবহিত করতাম]

قَوْمِىْ : **আমার সম্প্রদায়**। يَا মুযাফ قَوْم মুযাফ ইলাইহি। ইসম। শুধুমাত্র পুরুষদের দলকে قَوْم বলা হয়। যেমন এক কবির পংক্তি–اَقَوْمُ الْحِصْنِ اَمْ نِسَاءٌ [হিসন সম্প্রদায়ের লোকেরা পুরুষ নাকি মহিলা] এখানে মহিলার বিপরীতে قَوْم আনা হয়েছে। মহিলাদের দলকে قَوْم বলা হবে না। –[রাগেব] কুরআনেও এর প্রমাণ রয়েছে। যেমন–لَا يَسْخَرْ قَوْمٌ مِّنْ قَوْمٍ عَسٰۤى اَنْ يَّكُوْنُوْا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاۤءٌ مِّنْ نِّسَاۤءٍ عَسٰۤى اَنْ يَّكُنَّ خَيْرًا مِّنْهُنَّ এখানেও পুরুষদের জন্য قَوْم এবং মহিলাদের জন্য نِسَاءٌ ব্যবহার করা হয়েছে। قَوْم-এর বহুবচন اقوم نِسَاءٌ এবং جَمْعُ الْجَمْع হলো اَقَاوِمُ وَ اَقَائِمُ وَ اَقَاوِيْمُ –[কামূস]

يَعْلَمُوْنَ : **তারা জানতে পারত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ২৭

غَفَرَ : **তিনি ক্ষমা করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা।

جَعَلَنِىْ : **আমাকে করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। نِىْ নূনে বেকায়া ইয়ায়ে মুতাকাল্লিম মাফউলে বিহী।

اَلْمُكْرَمِيْنَ : **সম্মানিত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْاِكْرَامُ অর্থ– সম্মানিত করাা।

আয়াত : ২৮

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাযিল করা। اِنْزَالٌ ও تَنْزِيْلٌ-এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়; কিন্তু تَنْزِيْلٌ ধারাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

جُنْدٍ : **দলবল/ বাহিনী**। পাথরের স্তুপবিশিষ্ট ভূমিকে جُنْد বলা হয়। অতঃপর মানুষের দল ও জমাত এর ক্ষেত্রে جُنْد-এর ব্যবহার হতে থাকে। একবচন, বহুবচন– جُنُوْدٌ

اَلسَّمَاءِ : **আকাশ**। একবচন, বহুবচন– سَمٰوٰتٌ ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে কোনো বস্তুর উপরি অংশ হলো سَمَاءٌ ; কেউ কেউ বলেন যে কোনো سَمَاءٌ তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং উপরটির তুলনায় নিচেরটি ارض তবে سَمَاءٌ عُلْيَا-এর ব্যতিক্রম। কারণ সেটি সর্বাবস্থায় سَمَاءٌ-ই, কোনো অবস্থাতেই اَرْض নয়।

مُنْزِلِيْنَ : **অবতীর্ণকারী/ অতিথিপরায়ণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; مُنْزِلٌ অর্থ– অতিথিকে আপ্যায়নকারী। সাধারণত দূরের অতিথি সওয়ার হয়ে আসে এবং স্বাগতিক ব্যক্তি এসে তাকে অবতরণ করায়। তাই স্বাগতিককেও مُنْزِلٌ বলা হয়।

আয়াত : ২৯

اَلصَّيْحَةَ : **বিকট আওয়াজ**। ইসম। আবার বাব ضرب -এর মাসদার। অর্থ– চিৎকার করা; আওয়াজ করা। মূলবর্ণ (ص ـ ى ـ ح)

خَامِدُوْنَ : **নিথর নিস্তব্ধ/ নির্বাপিত অগ্নি**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ ও نَصَرَ মাসদার اَلْخُمُوْدُ মূলবর্ণ (خ ـ م ـ د) অর্থ– নির্বাপিত করা; আগুন নিভিয়ে দেওয়া।

আয়াত : ৩০

يٰحَسْرَةً : **হায় পরিতাপ!** يَا হরফে নেদা। حَسْرَةً একবচন, বহুবচন– حَسَرَاتٌ ইসম। এটি আক্ষেপ; অনুশোচনা; পরিতাপ অর্থে ব্যবহৃত হয়।

يَأْتِيْهِمْ : **সে তাদের নিকট আসবে**। يأتى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাবে ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। هُمْ যমীর মাফউলে বিহী।

يَسْتَهْزِئُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

আয়াত : ৩১

اَلَمْ يَرَوْا : **তারা কি লক্ষ্য করে না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ يَرَوْا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা।

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِهْلَاكُ মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ– ধ্বংস করা; ব্যয় করা; নষ্ট করা; ক্ষতি করা।

اَلْقُرُوْنِ : **সম্প্রদায়ের লোকজন/ মানবগোষ্ঠী**। বহুবচন, একবচন– قَرْنٌ ; এমন সম্প্রদায় যাদের যুগ বা কাল একে অপরের থেকে ভিন্ন তাদেরকে قَرْن বলা হয়। তাছাড়া গোত্রপ্রধান, সূর্যের কিরণ, চন্দ্রের প্রান্ত, বয়স এবং দশ, বিশ, ত্রিশ, চল্লিশ, পঞ্চাশ, ষাট, সত্তর, আশি, একশ, একশ বিশ বছরকেও قَرْنٌ বলা হয়। তবে একশ বছরকে قَرْنٌ বলাটা অধিক বিশুদ্ধ। এক হাদীসে রাসূল ﷺ একটি বালককে দোয়া করেছিলেন 'তোমার বয়স এক قَرْن হবে। পরবর্তীতে দেখা গেল তিনি একশ বছর বেঁচেছিলেন। –[মাজমাউল বিহার] তবে আয়াতে সমসাময়িক লোকজন উদ্দেশ্য।

لَا يَرْجِعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৩২

جَمِيْعٌ : **সকলে; সবাই**। جَمْع হতে গঠিত। جَمِيْع এবং جَمِيْعَةٌ উভয়ভাবে পবিত্র কুরআনে বহু স্থানে ব্যবহৃত হয়েছে।

لَدَيْنَا : **আমাদের নিকট**। لَدٰى ; ظرف مكان মুযাফ; نَا যমীর মুযাফ ইলাইহি। এটি যমীরের দিকে ইযাফতের সময় عَلٰى হরফে জার এর ন্যায় হবে। যেমন– عَلَىَّ- لَدَىَّ - عَلَيْنَا - لَدَيْنَا ইত্যাদি।

مُحْضَرُوْنَ : **উপস্থিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ض ـ ر) মাসদার اَلْحُضُوْرُ অর্থ– উপস্থিত হওয়া; হাজির হওয়া; ডাকে সাড়া দেওয়া।

আয়াত : ৩৩

اٰيَةٌ : **নিদর্শন**। একবচন; বহুবচন– اٰيَاتٌ ; এটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন– নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা।

اَلْاَرْضُ : **ধরিত্রী**। **জমিন**। একবচন, বহুবচন– اَرَضُوْنَ ও اَرَاضِىْ

اَلْمَيْتَةُ : **মৃত; নির্জীব**। বাব ضَرَبَ -এর মাসদার মূলবর্ণ (م ـ ى ـ ت) জিনস اجوف يائى অর্থ– মৃত হওয়া; স্থানান্তরিত হওয়া।

اَحْيَيْنَا : **আমি জীবিত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবিত করা; জীবন দান করা।

اَخْرَجْنَا : **আমি উৎপন্ন করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বহিষ্কার করা; বের করা; উৎপাদন করা।

حَبًّا : **শস্য।** একবচন, বহুবচন– حُبُوْبٌ অর্থ– বীজ; সবজি; গম; যব ইত্যাদি।

يَاْكُلُوْنَ : **তারা আহার করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– খাওয়া; আহার করা; ভক্ষণ করা।

আয়াত : ৩৪

جَنّٰتٍ : **উদ্যান; বাগান।** বহুবচন; একবচন– جَنَّةٌ

نَخِيْلٍ : **খর্জুর বৃক্ষ।** একবচন– نَخْلَةٌ ; نَخْلٌ ও نَخْلٌ ইসমে জিনস। খেজুর বৃক্ষ। نَخِيْلٌ খেজুরকেও বলা হয়। نَخِيْلَةٌ অর্থ– স্বভাব; চরিত্র; উপদেশ; হিতাকাঙ্ক্ষা। نُخَالَةٌ ভুসি। مَنْخَلٌ চালন। نَخْلٌ বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– বাছাই করা; উত্তম বস্তু নির্বাচন করা। تَنْخل -এরও একই অর্থ। اِنْتِخَالٌ অর্থ– তালাশ করা; অনুসন্ধান করা; খোঁজ করা। –[কামূস]

اَعْنَابٍ : **আঙুর।** এটি عِنَبٌ -এর বহুবচন।

فَجَّرْنَا : **আমি উৎসারিত করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْجِيْرُ মূলবর্ণ (ف ـ ج ـ ر) অর্থ– উৎসারিত করা; জারি করা; প্রবাহিত করা।

اَلْعُيُوْنِ : **প্রস্রবণ; ঝরনা।** বহুবচন, একবচন– عَيْنٌ অর্থ– চক্ষু; ঝরনা; প্রস্রবণ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেকগুলো অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) বলেন, এর মূল অর্থ– চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عَيْن বলা হয় যে, তার চক্ষুর সাথে সাদৃশ্য রয়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

আয়াত : ৩৫

لِيَاْكُلُوْا : **যেন তারা আহার করতে পারে।** শুরুর লামটি لام كى ; يَاْكُلُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) জিনস مهموز فا মাসদার اَلْاَكْلُ অর্থ– আহার করা; খাওয়া; ভক্ষণ করা।

ثَمَرِ : **ফলমূল।** একবচন, বহুবচন– اَثْمَارٌ - ثِمَارٌ

عَمِلَتْ : **সে করেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কাজ করা; আমল করা।

لَا يَشْكُرُوْنَ : **তারা কৃতজ্ঞতা স্বীকার করবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

আয়াত : ৩৬

سُبْحٰنَ : **পবিত্র; মহিমময়।** ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন سُبْحَانَ হলো تَسْبِيْح অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং مفرد এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন سُبْحٰنَ اللّٰهِ অথবা ইসমে যমীর হোক। যেমন– سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ [সন্তান হওয়া তার জন্য সমীচীন নয়] এবং এটি এমন মাসদার যার فِعْل -কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ কখনও ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী। তিনি বলেন, এর থেকে فِعْل -এর ব্যবহার হয়। এ থেকে فِعْل -এর ব্যবহার প্রসঙ্গে তিনি একটি পংক্তি উল্লেখ করেনে–

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلَبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَكَبَّرُوْا اِهْلَالًا

[আল্লাহ তাগলিবের মুখসমূহ বিকৃত করুন, যখনই হাজী সাহেবান জোর আওয়াজে দোয়া করে এবং

চিৎকার করে তাকবীর পড়ে। ইবনে আবূ হাতিম ইবনে আব্বাস থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰهِ অর্থ আল্লাহর সত্তাকে সর্বপ্রকার ত্রুটি থেকে পবিত্র বলে বর্ণনা করা।

اَزْوَاجَ : **নর-নারী; স্বামী-স্ত্রী**। বহুবচনন, একবচন- زَوْجٌ অর্থ- জোড়া; স্বামী; বিভিন্ন প্রকার। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

تُنْبِتُ : **তিনি জন্মান**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْبَاتُ মূলবর্ণ (ن - ب - ت) অর্থ- উৎপন্ন করা; জন্মানো; সৃষ্টি করা।

مِنْ اَنْفُسِهِمْ : **তাদের [মানবমণ্ডলী] হতে**। حرف- مِنْ جر ; انفس মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। اَنْفُسٌ বহুবচন, একবচন- نَفْس অর্থ- ব্যক্তি; মানুষ; সত্তা।

আয়াত : ৩৭

اَلَّيْلُ : **রাত্র; রজনী**। একবচন; বহুবচন- لَيَالِيْ

اَلنَّهَارَ : **দিন; দিবা; দিবস**। একবচন, বহুবচন- نُهُرٌ، اَنْهُرٌ نَهْر সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়কে বলা হয়।

نَسْلَخُ : **আমি অপসারিত করি/ বিদূরীত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ ও فَتَحَ মূলবর্ণ (س - ل - خ) মাসদার اَلسَّلْخُ অর্থ- চামড়া খসানো; রাত অন্ধকার থেকে বেরিয়ে আসা। সাপ খোলস থেকে বের হয়ে আসা। বর্জন করা; অতিক্রম করা। এর মূল অর্থ- চামড়া টেনে বের করা। এ কারণেই কোনো কিছুকে বর্জন করা ও অতিক্রম করার জন্য এর ব্যবহার হয়ে থাকে।

مُظْلِمُوْنَ : **অন্ধকারাচ্ছন্নগণ**। সীগাহ جَمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ظ - ل - م) মাসদার اَلْاِظْلَامُ অর্থ- অন্ধকারাচ্ছন্ন হওয়া।

আয়াত : ৩৮

مُسْتَقَرٌّ : **নির্দিষ্ট গন্তব্য/ বাসস্থান**। সীগাহ واحد مذكر বহছ اسم ظرف ও اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق - ر - ر) মাসদার اَلْاِسْتِقْرَارُ অর্থ- অবস্থান করা; বসবাস করা; স্থির হওয়া।

تَقْدِيْرٌ : **নিরূপণ। নির্ধারিত**। এটি বাব تَفْعِيْل-এর মাসদার। এখানে اسم فاعل তথা مقدر অর্থে ব্যবহৃত হয়েছে। মূলবর্ণ (ق - د - ر) ; قدر ও تَقْدِيْر উভয়টির অর্থ- কোনো বস্তুর পরিমাণ বর্ণনা করা। تَقْدِيْرٌ শব্দের ব্যবহার শক্তি বা সামর্থ্য প্রদান করার জন্যও হয়। যেমন বলা হয়- قَدَّرَنِيَ اللّٰهُ عَلٰى كَذَا আল্লাহ তা'আলা আমাকে এ কাজের সামর্থ্য দিয়েছেন।

اَلْعَزِيْزِ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন- عَزِيْز এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনও পরাজিত হন না। আল্লামা যুজায (র.) লিখেছেন- عَزِيْز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অর্থ- করেছেন এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন- عَزِيْز হলো যার উপমা কিছু নেই; অনুপম। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

اَلْعَلِيْمِ : **সর্বজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع - ل - م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা। اَلْعَزِيْزُ ও اَلْعَلِيْمُ এ দুটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৩৯

اَلْقَمَرَ : **চন্দ্র ; চাঁদ**। একবচন, বহুবচন- اَقْمَارٌ; প্রথম দুই দিনকে هِلَالٌ বলা হয়। তৃতীয় রাত হতে শেষ পর্যন্ত চন্দ্রের নামকে قَمَرٌ বলা হয়।

قَدَّرْنَا : **আমরা স্থির করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْدِيْرُ মূলবর্ণ (ق - د - ر) অর্থ- স্থির করা; নির্ধারণ করা।

مَنَازِلَ : **মনজিলসমূহ**। ইসমে যরফ, جمع منتهى الجموع ; বহুবচন, একবচন- مَنْزِلٌ ; আরবি জ্যোতির্বিজ্ঞানে চান্দ্রমাসকে ২৮টি مَنْزِلٌ-এ ভাগ করা হয়েছে। চান্দ্রমাসের এই مَنْزِلٌ-কে তিথি বলে।

عَادَ : **সে পুনরাবৃত্তি করে/ সে ফিরে আসে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ

মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْعَوْدُ অর্থ- পুনরায় প্রত্যাবর্তন করা; আকার ধারণ করা। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

عُرْجُوْنِ : **খর্জুর শাখা; খেজুরের শুষ্ক ডাল**। এর প্রকৃত অর্থ হলো খেজুরের গুচ্ছের ঐ শাখা যাতে গুচ্ছ থাকে, যা বাঁকা থকে। গুচ্ছ কাটার পরে তা গাছে শুকিয়ে থাকে। একবচন, বহুবচন- عَرَاجِيْنُ

اَلْقَدِيْمِ : **পুরাতন। পূর্বে যারা গত হয়েছে**। সীগাহ واحد مذكر صفت مشبهة বহছ نَصَرَ বাব مذكر মাসদার القدوم। মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ- পূর্বে অতিবাহিত হওয়া; গত হওয়া; পুরাতন হওয়া। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

আয়াত : ৪০

(لَا) يَنْبَغِىْ : **সম্ভব নয়/ শোভন নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِنْبِغَاءُ অর্থ- সমীচীন হওয়া; শোভন হওয়া। উল্লেখ্য এ মাসদার থেকে কখনো ماضى ব্যবহার হয় না।

اَنْ تُدْرِكَ : **সে তার নাগাল পায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ر ـ ك) মাসদার اَلْاِدْرَاكُ অর্থ- নাগাল পাওয়া; ধরতে পারা।

سَابِقُ : **অতিক্রমকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ب ـ ق) মাসদার اَلسَّبْقُ। অর্থ- অগ্রগামী হওয়া। অতিক্রম করা; পিছনে ফেলা।

فَلَكٍ : **কক্ষপথ**। একবচন, বহুবচন- اَفْلَاكٌ অর্থ- বৃত্ত, বেষ্টনী। মূলত শব্দটি গঠন করা হয়েছে ঐ পানির জন্য যার উপর বাতাস লাগার দ্বারা গোলাকার বৃত্ত তৈরি হয়ে যায়। [মু'জামুল কুরআন]

يَسْبَحُوْنَ : **তারা সন্তরণ করে/ তারা বিচরণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلسِّبَاحَةُ ও اَلسَّبْحُ অর্থ- সাঁতার কাটা; সাঁতরানো; পানিতে ভেসে বেড়ানো; বিচরণ করা।

আয়াত : ৪১

حَمَلْنَا : **আমি আরোহণ করিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَمْلُ। মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ- বহন করা; আরোহণ করা।

মাসদার اَلْحَمْلُ ও اَلْحِمْلُ অর্থ- বোঝা চাপানো; উঠানো; মজুদ রাখা; সঞ্চিত রাখা; গর্ভধারণ করা; জমা। حَمْل ও حِمْل -এর মধ্যে পার্থক্য হলো যে বোঝা বাহ্যিকভাবে বহন করা হয় বা চাপানো হয়; যেমন- পিঠের বোঝা, গাড়ির বোঝা ইত্যাদি তার জন্য (بِالْكَسْر) حِمْل ব্যবহার হয়। আর যে বোঝা বাতেনি বা অভ্যন্তরীণভাবে উঠানো হয়, যেমন- পেটে সন্তান বহন করা, মানসিক চিন্তার বোঝা ইত্যাদি তার জন্য (بِالْفَتْح) حَمْل ব্যবহার হয়। সুতরাং فعل একইরকম থাকবে; কিন্তু মাসদারের মধ্যে পার্থক্য হবে।

ذُرِّيَّةَ : **বংশ**। একবচন, বহুবচন- ذُرِّيَّاتٌ، ذَرَارِيٌّ অর্থ- বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন; কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য]

اَلْفُلْكِ : **তরণী; নৌকা**। এটি সর্বলিঙ্গ ও বচনে একই রকম ব্যবহার হয়।

اَلْمَشْحُوْنِ : **বোঝাই; ভর্তিকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ ও سَمِعَ - فَتَحَ মূলবর্ণ (ش ـ ح ـ ن) মাসদার اَلشَّحْنُ অর্থ- ভরা; লোড করা; ভর্তি করা। তাছাড়া বাব سَمِعَ থেকে اَلشَّحْنُ অর্থ- শত্রুতা অর্থেও ব্যবহার হয়। شَحْنَةٌ ও شَحْنَاءُ [অন্তরে পোষণকৃত শত্রুতা; হিংসা; বিদ্বেষ।] شَحْنَةٌ [এক রাতে পশুর পেট ভরে পরিমাণ ঘাস।] شَاحِنٌ [অন্তরে শত্রুতা পোষণকারী শত্রু।]

আয়াত : ৪২

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق)

মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা; মূলত خَلْق অর্থ- সঠিক নমুনা স্থির করা। এর ব্যবহার কোনো কিছুকে নমুনাবিহীন সৃষ্টি করার অর্থের জন্যও হয়ে থাকে। যেমন আল্লাহ তা'আলা বলেন- خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ [তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন] এখানে خَلَقَ শব্দটি اِبْدَاعْ তথা নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে হয়েছে। যেমন- بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ; এ আয়াতটি এ কথার প্রমাণ বহন করে। তাছাড়া এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থেও ব্যবহার হয়। যেমন- خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ [মানুষকে সৃষ্টি করেছেন এক ফোঁটা পানি থেকে]

مِّثْلِهٖ : তার অনুরূপ। مِثْلُ ; مركب اضافى একবচন; বহুবচন- اَمْثِلَةٌ - اَمْثَالٌ মতো; সদৃশ্য।

يَرْكَبُوْنَ : তারা আরোহণ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلرُّكُوْبُ মূলবর্ণ (ر ـ ك ـ ب) অর্থ- পশুপৃষ্ঠে আরোহণ করা; সওয়ার হওয়া। কখনো নৌকায় আরোহণের জন্যও এর ব্যবহার হয়।

আয়াত : ৪৩

اِنْ نَّشَأْ : যদি আমি ইচ্ছা করি। ان হরফে শর্ত, نَشَأْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلشَّيْئُ ও اَلْمَشِيْئَةُ অর্থ- ইচ্ছা করা।

نُغْرِقْ : আমি নিমজ্জিত করি। نُغْرِقُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْرَاقُ মূলবর্ণ (غ ـ ر ـ ق) অর্থ- নিমজ্জিত করা; ডুবানো; লুকানো।

صَرِيْخَ : সাহায্যকারী। فَعِيْلٌ-এর ওযনে فاعل অর্থে। صَرَاخٌ থেকে উদ্ভূত। যা বিপরীতার্থক শব্দ। অর্থাৎ ফরিয়াদ বা অভিযোগ করা; অভিযোগ গ্রহণ করা। একবচন, বহুবচন- صُرَخَاءُ

(لَا) يُنْقَذُوْنَ : তাদেরকে পরিত্রাণ করা হবে না। সীগাহ جمع مذكر غائب ; বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ق ـ ذ) মাসদার اَلْاِنْقَاذُ অর্থ- উদ্ধার করা; ফিরিয়ে নেওয়া; মুক্ত করা।

আয়াত : ৪৪

مَتَاعٌ : জীবিকা। ভোগের সামগ্রী। একবচন, বহুবচন- اَمْتِعَةٌ -[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

حِيْنٍ : সময়; কাল। একবচন, বহুবচন- اَحْيَانٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ৪৫

قِيْلَ : তাকে বলা হয়েছিল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা। قِيْلَ মূলত قُوِلَ ছিল। পেশের পরে واو এর নিচে যের পড়া কঠিন বিধায় واو-এর হরকত ফেলে قَافْ এর হরকত قَافْ-এর মধ্যে দেওয়া হয়েছে। ফলে واو সাকিন হয়ে قِوْلَ হয়ে গেল। واو সাকিন এবং তার পূর্বে যের হলে উক্ত ওয়াও ياء হয়ে যায়, সেই নিয়মে ওয়াওটি ইয়া হয়ে গেছে। এভাবে قِيْلَ হয়ে গেছে।

اِتَّقُوْا : তোমরা তাকওয়া অবলম্বন কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

تُرْحَمُوْنَ : তোমাদের প্রতি দয়া প্রদর্শন করা হবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ- অনুগ্রহ করা; দয়া করা।

আয়াত : ৪৬

مَا تَأْتِيْهِمْ : যখনই তাদের নিকট আসে। مَا মাউসূলাহ। تَأْتِىْ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা; আগমন করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

مُعْرِضِيْنَ : উপেক্ষাকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। -এর صِلَةٌ যদি لام আসে তাহলে অর্থ হয়- সম্মুখে আসা। যেমন- اَعْرَضَ لِىْ [সে আমার সামনে এসেছে।] আর যদি সেলা عَنْ আসে তাহলে অর্থ

হয়– মুখ ফিরানো; বিমুখ হওয়া। যেমন– وَمَنْ أَعْرَضَ عَنْ ذِكْرِيْ [যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়।]

আয়াত : ৪৭

أَنْفِقُوْا : তোমরা ব্যয় কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِنْفَاقْ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ– ব্যয় করা; খরচ করা।

أَنُطْعِمُ : আমরা কি আহার করাব? শুরুর হামযাটি প্রশ্নবোধক। نُطْعِمُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ط ـ ع ـ م) মাসদার اَلْاِطْعَامُ অর্থ– আহার করানো।

أَطْعَمَهُ : সে তাকে আহার করিয়েছে। أَطْعَمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ط ـ ع ـ م) মাসদার اَلْاِطْعَامُ অর্থ– আহার করানো; খানা খাওয়া; তৃষ্ণা নিবারণ করানো। ه যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৪৮

يَقُوْلُوْنَ : তারা বলে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

مَتٰى : কখন? এটি ইসমও হয় আবার হরফও হয়। ইসম হলে কখনও সময় জানার জন্য আসে। যেমন– مَتٰى هٰذَا الْوَعْدُ [প্রতিশ্রুতি কখন বাস্তবায়িত হবে?] কখনও শর্ত ও জাযার জন্য আসে। যেমন– مَتٰى اَضَعُ الْعِمَامَةَ تَعْرِفُوْنِيْ [যখন আমি পাগড়ি খুলব তখন তুমি আমাকে চিনতে পারবে] হরফ হলে তখন তা فِيْ বা مِنْ -এর সমার্থক হয়ে থাকে। যেমন– اَخْرَجَهَا مَتٰى كُمِّهٖ [সে তা তার জামার পকেট থেকে বের করেছে] وَضَعْتُهُ مَتٰى كُمِّهٖ [আমি তা পকেটে রেখেছি] আবার مَتٰى -কে- بَنِيْ هُذَيْل গণ وسط বা মধ্যবর্তীর অর্থের জন্যও ব্যবহার করে।

إِنْ كُنْتُمْ صَادِقِيْنَ : اِنْ : যদি তোমরা সত্যবাদী হও। اِنْ হরফে শর্ত। صَادِقِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্যবাদী হওয়া; সত্য হওয়া।

আয়াত : ৪৯

مَا يَنْظُرُوْنَ : তারা তো শুধু এরই প্রতীক্ষা করে। يَنْظُرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দৃষ্টি দেওয়া; দেখা; প্রতীক্ষা করা। مَا না-বাচক; তবে এখানে হ্যাঁ-বাচকের অর্থে হয়েছে। কারণ তার পরে الا রয়েছে।

صَيْحَةً : মহানাদ/ বিকট আওয়াজ। ইসম। আবার বাব ضَرَبَ -এর মাসদার। চিৎকার করা; আওয়াজ করা। মূলবর্ণ (ص ـ ى ـ ح)

تَأْخُذُهُمْ : তা তাদেরকে আঘাত করবে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; প্রভাবিত করা; আঘাত করা।

يَخِصِّمُوْنَ : তারা বিতর্কে লিপ্ত হয়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (خ ـ ص ـ م) মাসদার اَلْاِخْتِصَامُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা। يَخِصِّمُوْنَ মূলত يَخْتَصِمُوْنَ ছিল। বাব افتعال -এর تاء -কে صاد দ্বারা পরিবর্তন করে صاد কে صاد -এর মধ্যে ইদগাম করে দেওয়া হয়েছে। এভাবে يَخِصِّمُوْنَ হয়েছে।

আয়াত : ৫০

لَا يَسْتَطِيْعُوْنَ : তারা সমর্থ হবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সক্ষম হওয়া; সমর্থ হওয়া।

تَوْصِيَةً : অসিয়ত করা। এটি বাব تَفْعِيْل -এর মাসদার।

يَرْجِعُوْنَ : তারা প্রত্যাবর্তন করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

أَهْلِهِمْ : তাদের নিজেদের পরিবার-পরিজন। اَهْل মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। اَهْل অর্থ– ওয়ালা; মালিক; অধিবাসী। একই মাযহাব, বংশ বা অন্য

কোনো ধরনের আত্মীয়তার সম্পর্ক অথবা কোনো বিশেষ পেশায় অংশীদার হলে তাদের মধ্যকার সম্পর্কের জন্য اَهْل ব্যবহার হয়।

আয়াত : ৫১

نُفِخَ : **ফুৎকার দেওয়া হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلنَّفْخُ মূলবর্ণ (ن ـ ف ـ خ) অর্থ- ফু দেওয়া; ফুৎকার দেওয়া।

اَلصُّوْر : **শিঙ্গা**। শাইখ আবুল ফযল লিখেছেন- صُوْر অর্থ- শাখা এবং যাতে হযরত ইসরাফিল (আ.) সৃষ্টজীবকে ধ্বংস করার জন্য ফুৎকার দিবেন। যেমন আল্লাহর বাণী- يَوْمَ يُنْفَخُ فِى الصُّوْر ; অন্যত্র রয়েছে- ثم نفخ فيه اخرى ; এখানে ه যমীর আনা হয়েছে, যাতে বুঝা যায় যে, এটি صُوْرَةٌ-এর বহুবচন নয়। যেমনটি হযরত কালবী (র.) বলেছেন। তাছাড়া একটি হাদীসে রয়েছে, রাসূল ﷺ বলেছেন- اَلصُّوْرُ الْقَرْنُ يُنْفَخُ فِيْهِ : অর্থাৎ صُوْر হলো শিঙ্গা যাতে ফুৎকার দেওয়া হবে।

اَجْدَاثِ : **কবর**। একবচন, বহুবচন, جُدُثٌ।

يَنْسِلُوْنَ : **তারা বের হয়/ তারা ছুটে আসে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ س ـ ل) মাসদার اَلنَّسْلُ অর্থ- বের হওয়া; ছুটে আসা।

আয়াত : ৫২

يَـوَيْلَنَا : **হায়! দুর্ভোগ আমাদের!** وَيْل শব্দটির বিভিন্ন অর্থ রয়েছে। যেমন- অনিষ্টতা প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত করা। এ সকল অর্থে وَيْل মাসদার। আফসোস; কঠোরতা। ধমকস্বরূপ বাক্য; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকার নাম; জাহান্নামের একটি কূপের নাম। وَيْل-এর ইযাফত যখন যমীরের দিকে হয় তখন তার علامت পরিবর্তন হতে থাকে এবং وَيْل-এর উপর সর্বদা নসব থাকে। যেমন- وَيْلَكَ وَيْلَكُمْ ইত্যাদি। তবে যদি يـاء متكلم - এর দিকে ইযাফত হয় তখন বাধ্যতামূলক তার লামকে যের দেওয়া হয়।

مَنْ بَعَثَنَا : **কে আমাদেরকে উঠিয়েছে?** مَنْ প্রশ্নবোধক। بَعَثَنَا সীগাহ واحد مذكر غائب বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ- প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো। কিন্তু قَرِيْنَة ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের জন্য بَعْث শব্দ ব্যবহার হলে তার অর্থ হবে- উটকে হাঁকানো, চালানো। মৃতব্যক্তিদের জন্য হলে তখন অর্থ হবে- পুনরুত্থিত হওয়া। রাসূলগণের জন্য হলে অর্থ হবে- রাসূল বানিয়ে প্রেরণ করা। মোটকথা আলামত ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ বুঝে নিতে হবে।

مَّرْقَدِنَا : **আমাদের নিদ্রাস্থল**। مَرْقَدٌ যরফে মাকান মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। বাব نَصَرَ মাসদার اَلرُّقَادُ ও اَلرُّقُوْدُ অর্থ- শয়ন করা; ঘুমানো; নিদ্রে যাওয়া।

وَعَدَ : **তিনি প্রতিশ্রুতি দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَعْدُ মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ- প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা।

صَدَقَ : **সে সত্য বলেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ- সত্য বলা।

اَلْمُرْسَلُوْنَ : **প্রেরিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা।

আয়াত : ৫৪

اَلْيَوْم : **আজ**। একবচন, বহুবচন- اَيَّامٌ অর্থ- দিন; ভোর হতে সন্ধ্যা পর্যন্ত সময়।

لَا تُظْلَمُ : **জুলুম করা হবে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- জুলুম করা; অত্যাচার করা। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظُلْم বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধিসহকারে বা

পরিবর্তন করে স্থানান্তরিত করে অন্যস্থানে রাখা। এ থেকেই আরবিতে বলা হয়- ظَلَمْتُ السِّقَاءَ (আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি) আর এ ব্যবহৃত দুধকে ظَلِيْم বলা হয়। -[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

شَيْئًا : **বস্তু; কোনো; একটুও**। মাসদার, বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) যা জ্ঞাতব্য এবং যার বিষয়ে কিছু বলা যায় তাকে شَيْءٌ বলা হয়।

لَا تُجْزَوْنَ : **তোমাদেরকে প্রতিদান দেওয়া হবে না**। সীগাহ نفى فعل مضارع বহছ جمع مذكر حاضر বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার مجهول اَلْجَزَاءُ অর্থ- প্রতিদান দেওয়া।

আয়াত : ৫৫

اَصْحٰبَ الْجَنَّةِ : **জান্নাতবাসীগণ**। اَصْحٰبُ মুযাফ, اَلْجَنَّةُ মুযাফ ইলাইহি, اَصْحٰبٌ বহুবচন, একবচন- صَاحِبٌ কখনও মালিককে صَاحِبٌ বলা হয়।

شُغُلٍ : **মগ্ন; ব্যস্ততা**। একবচন, বহুবচন- اَشْغَالٌ ও شُغُوْلٌ

فٰكِهُوْنَ : **আনন্দিত; প্রফুল্ল**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ك ـ ه) মাসদার اَلْفَكَهُ ও اَلْفُكَاهَةُ অর্থ- আনন্দিত হওয়া; খুশি হওয়া।

আয়াত : ৫৬

اَزْوَاجُهُمْ : **তাদের স্ত্রীগণ**। اَزْوَاجُ মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, একবচন- زَوْجٌ অর্থ- জোড়া; স্বামী; বিভিন্ন প্রকার। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

ظِلٰلٍ : **সুশীতল ছায়া**। এটি ظِلٌّ -এর বহুবচন।

اَلْاَرَائِكِ : **সুসজ্জিত আসন**। এটি اَرِيْكَةٌ -এর বহুবচন। অর্থ- সোফা; গদি; সিংহাসন।

مُتَّكِـُٔوْنَ : **হেলান দিয়ে উপবিষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّكَاءُ অর্থ- হেলান দেওয়া।

আয়াত : ৫৭

فَاكِهَةٌ : **ফলমূল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل শেষের تاء মুবালাগার জন্য। তাছাড়া فَاكِهَةٌ হাসিমুখ ও রসিক ব্যক্তিকেও বলা হয়। [কামূস] অনেকে আঙ্গুর ও আনারকে فَاكِهَةٌ -এর মধ্যে অন্তর্ভুক্ত করেন না। -[খাযেন]

مَا يَدَّعُوْنَ : **যা তারা দাবি করবে**। ما মাউসূলাহ। يَدَّعُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلْاِدِّعَاءُ অর্থ- দাবি করা; কামনা করা; আশা করা। اِدِّعَاءُ মূলত اِدْتِعَاءُ ছিল। বাব اِفْتِعَالٌ -এর تاء -কে دال -এর মাঝে ইদগাম করা হয়েছে। এভাবে ادعاء হয়েছে।

আয়াত : ৫৮

سَلٰمٌ : **সালাম, সম্ভাষণ**। এটি ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষক্রটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। ইমাম রাগেব (র.) মুফরাদুল কুরআনে লিখেছেন- سَلَامَةٌ ও سِلْمٌ অর্থ প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন- مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيْهَا [নির্দোষ, তাতে কোনো দাগ নেই] অপ্রকাশ্য যেমন- بِقَلْبٍ سَلِيْمٍ [প্রতারণামুক্ত অন্তর] অন্যত্র আল্লাহ তা'আলা বলেন- اُدْخُلُوْهَا بِسَلَامٍ اٰمِنِيْنَ [তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।] প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়ীত্ব আছে; ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে; অভাব-অনটন নেই, সম্মান আছে; অপদস্থতা নেই, সুস্থতা আছে; রোগ-ব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার হয়েছে। কেউ কেউ বলেন- اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী (র.) কাতাদা (রা.) থেকে سَلَامٌ এর অর্থ বর্ণনা করেছেন যে, اَلسَّلَامُ هُوَ الَّذِىْ يَسْلَمُ خَلْقُهٗ مِنْ ظُلْمِهٖ [سَلَامٌ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে]।

قَوْلًا : **সম্ভাষণ; বলা হবে**। এটি বাব نَصَرَ-এর মাসদার। মূলবর্ণ (ق ـ و ـ ل) জিনস أَجْوَف وَاوِى বলা।

رَّحِيْمٍ : **পরম দয়ালু**। একবচন, বহুবচন– رُحَمَاءُ বহছ إِسْمُ مُبَالَغَةٍ [বিস্তারিত সূরা ফাতিহাহ দ্রষ্টব্য]

আয়াত : ৫৯

إِمْتَازُوْا : **তোমরা পৃথক হয়ে যাও**। সীগাহ جمع مذكر حاضر বাব إِفْتِعَالٌ বাব امر حاضر معروف বহছ মূলবর্ণ (م ـ ى ـ ز) মাসদার اَلْاِمْتِيَازُ অর্থ– তারতম্য হওয়া; পৃথক হওয়া; দূর হওয়া।

اَلْمُجْرِمُوْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৬০

اَلَمْ اَعْهَدْ : **আমি কি তোমাদেরকে নির্দেশ দেইনি?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ اَعْهَدْ সীগাহ واحد متكلم বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ه ـ د) মাসদার اَلْعَهْدُ অর্থ– অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া।

لَا تَعْبُدُوْا : **তোমরা দাসত্ব করো না**। সীগাহ جمع مذكر حاضر বাব نَصَرَ বাব نهى حاضر معروف বহছ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ ও اَلْعُبُوْدَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা; দাসত্ব করা; গোলামি করা।

اَلشَّيْطَانَ : **শয়তান**। **অবাধ্য; দুষ্ট**। ইমাম তাবারী (র.) লিখেছেন, আরবি ভাষায় যে কোনো অবাধ্যকে শয়তান বলা হয়, চাই সে মানুষ হোক বা জিন অথবা চতুষ্পদ জন্তু। যেমন আল্লাহর বাণী– وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْاِنْسِ وَالْجِنِّ [সকল নবীর জন্য আমি শত্রু নির্ধারণ করেছি দুষ্ট মানুষ ও জিন থেকে] হযরত ওমর (রা.) একটি তুর্কী ঘোড়ায় আরোহণ করলে ঘোড়াটি লাফাতে শুরু করে; তিনি ক্ষিপ্ত হয়ে তাকে প্রহার করতে থাকেন। অতঃপর বলেন, তোমরা আমাকে একটি শয়তানের উপর আরোহণ করিয়েছ। শব্দটির اِشْتِقَاقٌ সম্পর্কে মতবিরোধ রয়েছে। বাসরীগণের মতে এটি شَطَنٌ থেকে مشتق হয়েছে। যার অর্থ– দূরীভূত হওয়া। আর কুফাবাসী ইমামগণের মতে شَاطَ يَشِيْطُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ– জ্বলা; ধ্বংস হওয়া। এর স্ত্রীলিঙ্গ شَيْطَانَةٌ এবং বহুবচন شَيَاطِيْنُ আসে। পরিভাষায় شَيْطَانٌ বলা হয় ইবলিসকে। اَلشَّيْطَانُ আলিফ লামসহ লিখলে এ অর্থই হয়।

عَدُوٌّ : **শত্রু**। একবচন, বহুবচন– اَعْدَاءُ

আয়াত : ৬১

اُعْبُدُوْنِىْ : **তোমরা আমার দাসত্ব কর**। সীগাহ جمع مذكر حاضر বাব نَصَرَ বাব امر حاضر معروف বহছ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ ও اَلْعُبُوْدَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা; দাসত্ব করা। শেষের يائے متكلم টি نون وقاية এবং মাফঊলে বিহী।

صِرَاطٌ : **পথ; রাস্তা**। একবচন, বহুবচন– صُرُطٌ [বিস্তারিত সূরা ফাতিহা দেখুন]

مُّسْتَقِيْمٌ : **সরল; সঠিক**। সীগাহ اسم واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– সঠিক হওয়া; সোজা হওয়া; সরল হওয়া; ভদ্র হওয়া।

আয়াত : ৬২

اَضَلَّ : **অধিক বিভ্রান্ত**। সীগাহ اسم واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– বিভ্রান্ত হওয়া; পথভ্রষ্ট হওয়া।

جِبِلًّا : **দল; জমাত**। এটি جَبَلٌ থেকে নির্গত, যার অর্থ– পাহাড়। পাহাড়ের মধ্যে যেহেতু বিশালতার কল্পনা বিদ্যমান তাই বড় দলকে جَبَلٌ বলা হয়। অর্থাৎ এমন দল যারা বিশালতায় পাহাড় সদৃশ্য।

كَثِيْرًا : **অনেক; বহু**। সীগাহ واحد বহছ صفت مشبه অধিক; বেশি।

تَعْقِلُوْنَ : **তোমরা অনুধাবন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَقْلُ মূলবর্ণ (ع ـ ق ـ ل) অর্থ– অনুধাবন করা; বুঝা; জ্ঞানী হওয়া। আটকে রাখা।

يَكْسِبُوْنَ : **তারা অর্জন করে; উপার্জন করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ– উপার্জন করা; কামাই করা।

আয়াত : ৬৩

جَهَنَّمُ : **জাহান্নাম।** দোজখ।

تُوْعَدُوْنَ : **তোমাদের সাথে ওয়াদা করা হচ্ছে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ ও اَلْعِدَةُ অর্থ– ওয়াদা করা; অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; কথা দেওয়া।

আয়াত : ৬৪

اِصْلَوْهَا : **তোমরা তাতে প্রবেশ কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلْىُ অর্থ– প্রবেশ করা। ها যমীর মুযাফ ইলাইহি।

تَكْفُرُوْنَ : **তোমরা অস্বীকার করেছিলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; লুকানো; গোপন করা।

আয়াত : ৬৫

نَخْتِمُ : **আমি মোহার করে দিব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَتْمُ মলবর্ণ (خ ـ ت ـ م) অর্থ– মোহরাঙ্কিত করা; সীলমোহর মারা।

اَفْوَاهِهِمْ : **তাদের মুখ।** اَفْوَاهٌ বহুবচন, একবচন– فَمٌ যা মূলত فَوْهٌ ছিল।

تُكَلِّمُنَا : **আমাদের সাথে কথা বলবে।** تكلم সীগাহ واحد مؤنث غائب বহছ فعل مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ অর্থ– কথা বলা। نَا যমীর মাফঊলে বিহী।

تَشْهَدُ : **সে সাক্ষ্য দিবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া।

اَرْجُلُهُمْ : **তাদের পা।** اَرْجُلٌ বহুবচন, একবচন– رِجْلٌ পা; পদ; চরণ। اَرْجُلُ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ৬৬

لَوْ نَشَاءُ : **যদি আমি ইচ্ছা করি।** لو হরফে শর্ত। نَشَاءُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

لَطَمَسْنَا : **অবশ্যই আমি লোপ করে দিতাম।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ م ـ س) মাসদার اَلطَّمْسُ অর্থ– বিলুপ্ত করা। বাব ضَرَبَ মাসদার اَلطُّمُوْسُ অর্থ– বিলুপ্ত হওয়া; নিশ্চিহ্ন হওয়া।

اَعْيُنِهِمْ : **তাদের চক্ষুসমূহ।** اَعْيُنٌ বহুবচন, একবচন عَيْنٌ অর্থ– চোখ; চক্ষু; ঝরণা। اَعْيُنٌ মুযাফ, هم যমীর মুযাফ ইলাইহি।

اِسْتَبَقُوْا : **তারা দৌড়ালো।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِسْتِبَاقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ– দৌড়ের পাল্লা দেওয়া; আগে যাওয়ার প্রতিযোগিতা করা।

يُبْصِرُوْنَ : **তারা দেখে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْصَارُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) অর্থ– দেখা; প্রত্যক্ষ্য করা।

আয়াত : ৬৭

لَمَسَخْنٰهُمْ : **আমি তাদের আকৃতি পরিবর্তন করে দিয়েছি।** শুরুতে لام টি তাকীদের জন্য। مَسَخْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ س ـ خ) মাসদার اَلْمَسْخُ অর্থ– আকৃতি বিকৃত করা; আকৃতি পরিবর্তন করে দেওয়া। هُمْ যমীর মাফঊলে বিহী।

مَكَانَتِهِمْ : **তাদের স্ব স্ব স্থান।** مَكَانَةٌ অবস্থা; অবস্থান। সীগাহ واحد বহছ اسم ظرف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া। مَكَانَةٌ মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি।

اِسْتَطَاعُوْا : **তারা সক্ষম হলো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সক্ষম হওয়া; করতে পারা।

مُضِيًّا : **চলা; হাঁটা**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– অতিবাহিত হওয়া; চলে যাওয়া।

لَا يَرْجِعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাবে ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৬৮

نُعَمِّرْهُ : **আমি তাকে দীর্ঘ জীবন দান করি**। نُعَمِّرُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ م ـ ر) মাসদার اَلتَّعْمِيْرُ অর্থ– বয়স বৃদ্ধি করা; বয়স দান করা। ه যমীর মাফঊলে বিহী।

نُنَكِّسْ : **আমি অবনতি ঘটাই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْكِيْسُ মূলবর্ণ (ن ـ ك ـ س) অর্থ– নোয়ানো; অবনত করা; ঝুঁকানো।

اَلْخَلْقِ : **সৃষ্টি। সৃষ্টি করা; বানানো**। এটি বাব نَصَرَ-এর মাসদার। মূলত خَلْقٌ অর্থ– সঠিক নমুনা স্থির করা। এর ব্যবহার কোনো কিছুকে নমুনাবিহীন সৃষ্টি করার অর্থের জন্যও হয়ে থাকে। যেমন আল্লাহ বলেন– خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ (তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন) এখানে خَلْقٌ শব্দটি اِبْدَاعٌ তথা নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে হয়েছে। যেমন– بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ : এ আয়াতটি এ কথার প্রমাণ বহন করে। তাছাড়া এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থেও ব্যবহার হয়। যেমন– خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُطْفَةٍ [মানুষকে সৃষ্টি করেছেন এক ফোঁটা পানি থেকে]

আয়াত : ৬৯

عَلَّمْنٰهُ : **আমি তাকে তা শিখিয়েছি**। عَلَّمْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া; তালিম দেওয়া; সৎপথের উপদেশ দেওয়া। ه যমীরে মাফঊলে বিহী।

اَلشِّعْرُ : **কাব্য রচনা করা**। এটি বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ– কবিতা বলা। সাহিত্যের পরিভাষায় ছন্দবদ্ধ বাক্য বা মানুষ যাকে স্বেচ্ছায় ছন্দময় করেছে তাকে কবিতা বলা হয়। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– شَعْرٌ অর্থ চুল। আর شَعُرْتُ অর্থ– আমি চুল অর্জন করেছি। [অর্থাৎ চুল ঘন করেছি] তা থেকেই ইঙ্গিতার্থে বলা হয়– شَعُرْتُ بِكَذَا [আমি এমন জ্ঞান অর্জন করেছি যা সূক্ষ্মতায় চুলের ন্যায়।] কবিকেও شَاعِرٌ বলা হয় তার সূক্ষ্মতা ও বিচক্ষণতার কারণে। মোটকথা شِعْرٌ বলা হয় সূক্ষ্ম জ্ঞানকে। আরবদের পরিভাষা রয়েছে– لَيْتَ شِعْرِىْ [হায়! আমি যদি তার গভীরতায় পৌঁছতে পারতাম]

مَا يَنْبَغِىْ : **[তার জন্য] শোভন নয়**। এখানে مَا না-বাচক। يَنْبَغِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِنْبِغَاءُ অর্থ– সমীচীন হওয়া; শোভন হওয়া। উল্লেখ্য এ মাসদার থেকে কখনো ماضى ব্যবহার হয় না।

আয়াত : ৭০

لِيُنْذِرَ : **যেন তিনি সতর্ক করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام كى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

حَيًّا : **জীবিতগণ**। সীগাহ واحد বহছ صفت مشبه বাবে نَصَرَ মাসদার اَلْحَيَاةُ অর্থ– জীবিত হওয়া।

يَحِقَّ : **তা সত্য হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْاِحْقَاقُ অর্থ– সত্য পরিণত করা; সত্য প্রতিপন্ন করা। اَلْحَقُّ অর্থ– সত্য; সঠিক। একবচন, বহুবচন– حُقُوْقٌ

আয়াত : ৭১

اَوَلَمْ يَرَوْا : **তারা কি লক্ষ্য করে না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। واو টি হরফে আতফ। لَمْ يَرَوْا সীগাহ

نفى جحد بلم درفعل বহছ جمع مذكر غائب (ر - أ - ى) মূলবর্ণ فَتَحَ বাব مستقبل معروف মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

عَمِلَتْ : **সে করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - م - ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা; আমল করা।

اَنْعَامًا : **গবাদি পশু**। ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদি পশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامْ বলা হবে না যতক্ষণ তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمْ-এর বহুবচন, যার অর্থ- উট। কিন্তু نَعَمْ শব্দটি ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمْ বলা হয়।

আয়াত : ৭২

ذَلَّلْنَاهَا : **আমি সেগুলোকে বশীভূত করে দিয়েছি/ অধীনস্থ করে দিয়েছি**। ذَلَّلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلذِّلَّةُ মূলবর্ণ (ذ - ل - ل) অর্থ- অপদস্থ হওয়া; অপমানিত হওয়া; লাঞ্ছিত হওয়া। ها যমীরের মারজি' انعام-এর দিকে ফিরেছে।

يَأْكُلُوْنَ : **তারা আহার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ - ك - ل) মাসদার اَلْاَكْلُ অর্থ- খাওয়া; আহার করা।

আয়াত : ৭৩

مَنَافِعُ : **বহু উপকারিতা**। এটি ইসম। جمع منتهى الجموع হালতে রফা'। একবচন- مَنْفَعَةٌ

مَشَارِبُ : **পানীয় বস্তু**। এটি مَشْرَبٌ-এর বহুবচন। এটি ظرف مكان - ও হয় আবার কখনো مصدر ميمى ও হয়। আল্লামা বগবী (র.) مَشَارِبُ-এর বর্ণনায় লিখেছেন- مَشْرُوْبٌ مِنْ اَلْبَانِهَا অর্থাৎ مَشْرَبٌ দ্বারা বা পানীয় উদ্দেশ্য।

لَا يَشْكُرُوْنَ : **তারা কৃতজ্ঞতা প্রকাশ করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش - ك - ر) মাসদার اَلشُّكْرُ অর্থ- কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

আয়াত : ৭৪

اِتَّخَذُوْا : **তারা গ্রহণ করেছে**। ماضى সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ - خ - ذ) অর্থ- বানানো; করা; গ্রহণ করা নেওয়া।

اٰلِهَةً : **দেবতা; উপাস্য**। বহুবচন, একবচন- اِلٰهٌ মাবুদ; সত্য হোক বা বাতিল।

يُنْصَرُوْنَ : **তাদেরকে সাহায্য করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن - ص - ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহয্য করা; সহযোগিতা করা।

আয়াত : ৭৫

لَا يَسْتَطِيْعُوْنَ : **তারা সক্ষম নয়**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ط - و - ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সক্ষম হওয়া; সামর্থ্য হওয়া।

نَصْرَهُمْ : **তাদেরকে সাহায্য করা**। نَصْر মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। اَلنَّصْرُ মাসদার, বাব نَصَرَ অর্থ- সাহায্য করা।

جُنْدٌ : **দলবল/ সেনাবাহিনী**। পাথরের স্তুপবিশিষ্ট ভূমিকে جُنْدٌ বলা হয়। অতঃপর মানুষের দল ও জমাত এর ক্ষেত্রে جُنْدٌ-এর ব্যবহার হতে থাকে। একবচন, বহুবচন- جُنُوْدٌ

مُحْضَرُوْنَ : **উপস্থিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ح - ض - ر) মাসদার اَلْحُضُوْرُ অর্থ- উপস্থিত হওয়া; হাজির হওয়া।

আয়াত : ৭৬

لَا يَحْزُنْكَ : **যেন তোমাকে ক্লিষ্ট না করে**। لَا يَحْزُنْ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع বাব سَمِعَ معروف মূলবর্ণ (ح - ز - ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- দুঃখ করা; চিন্তা করা।

نَعْلَمُ : **আমি জানি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - ل - م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা; অবগত হওয়া।

يُسِرُّوْنَ : **তারা গোপন করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ– গোপন করা; চুপিসারে কথা বলা; গোপনে পরামর্শ করা।

يُعْلِنُوْنَ : **তারা প্রকাশ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْلَانُ মূলবর্ণ (ع ـ ل ـ ن) অর্থ– ঘোষণা করা; প্রকাশ করা।

আয়াত : ৭৭

اَلَمْ يَرَوْا : **তারা কি লক্ষ্য করে না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ يَرَوْا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা।

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি।** خَلَقْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ– সৃষ্টি করা; সৃজন করা; তৈরি করা।

نُطْفَةً : **শুক্র; বীর্য।** ইসমে মুফরাদ। বহুবচন– نُطَفٌ

خَصِيْمٌ : **বিতণ্ডাকারী।** **ঝগড়াটে।** সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة অর্থাৎ كَثِيْرُ الْمُخَاصَمَةِ বহুবচন– خِصَامٌ - خِصْمَانٌ - خُصَمَاءُ

مُبِيْنٌ : **প্রকাশ্য।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; খুলে বর্ণনা করা।

আয়াত : ৭৮

ضَرَبَ : **তিনি বর্ণনা করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ অর্থ– প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থটিই উদ্দেশ্য। ضَرْبُ الْمَثَلِ অর্থ– উপমা দেওয়া; উদাহরণ বর্ণনা করা। ضَرَبَ اللّٰهُ مَثَلًا অর্থ– আল্লাহ তা'আলা উপমা বর্ণনা করেছেন। তাছাড়া পবিত্র কুরআনে যেখানেই ضَرْبٌ শব্দ এসেছে তা উপমা বা দৃষ্টান্ত বর্ণনার অর্থের জন্যই এসেছে।

مَثَلًا : **উপমা; অভিনব বিষয়।** একবচন, বহুবচন– اَمْثِلَةٌ ও اَمْثَالٌ

نَسِىَ : **সে ভুলে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ى) অর্থ– ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া; স্বরণ না থাকা।

يُحْىِ : **তিনি জীবন দান করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবন দান করা।

اَلْعِظَامَ : **অস্থি; হাড়।** বহুবচন, একবচন– عَظْمٌ

رَمِيْمٌ : **পচা-গলা/চূর্ণ-বিচূর্ণ।** সিফাতে মুশাব্বাহ। একবচন; বহুবচন– رِمَامٌ ও اَرِمَّاءُ

আয়াত : ৭৯

اَنْشَاَ : **তিনি সৃষ্টি করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْشَاءُ মূলবর্ণ (ن ـ ش ـ أ) অর্থ– সৃষ্টি করা; রচনা করা; তৈরি করা।

اَوَّلَ مَرَّةٍ : **প্রথমবার।** اول একবচন, বহুবচন– اَوَائِلُ ; مَرَّةٌ অর্থ– বার। একবচন, বহুবচন– مَرَّاتٌ ও مِرَارٌ

خَلْقٍ : **সৃষ্টি।** **সৃষ্টি করা; বানানো।** এটি বাব نَصَرَ-এর মাসদার। মূলত خَلْقٌ অর্থ সঠিক নমুনা স্থির করা। এর ব্যবহার কোনো কিছুকে নমুনাবিহীন সৃষ্টি করার অর্থের জন্যও হয়ে থাকে। যেমন আল্লাহ বলেন– خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ [তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন] এখানে خَلَقَ শব্দটি اِبْدَاعٌ তথা নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে হয়েছে। যেমন– بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ এ আয়াতটি এ কথার প্রমাণ বহন করে। তাছাড়া এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থেও ব্যবহার হয়। যেমন– خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ [মানুষকে সৃষ্টি করেছেন এক ফোঁটা পানি থেকে]

عَلِيْمٌ : **সর্বজ্ঞ।** সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৮০

اَلشَّجَرِ الْاَخْضَرِ : **সবুজ বৃক্ষ**। شَجَرٌ : বৃক্ষ। একবচন; বহুবচন- اَشْجَارٌ ; সাধারণত বৃক্ষ অর্থেই ব্যবহৃত হয়। কিন্তু شَجَرٌ দ্বারা শাক-সবজি জাতীয় উদ্ভিদকেও বুঝায়। [লিসানুল আরব] اَلْاَخْضَرُ : সিফাতে মুশাব্বাহর সীগাহ। বাবে سَمِعَ মূলবর্ণ (خ ـ ض ـ ر) মাসদার اَلْخُضَرُ। অর্থ- সবুজ হওয়া।

تُوْقِدُوْنَ : **তোমরা আগুন প্রজ্বলিত করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ د) মাসদার اَلْاِيْقَادُ অর্থ- প্রজ্বলিত করা; জ্বালানো।

আয়াত : ৮১

قَدِرٍ : **সক্ষম; সমর্থ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقُدْرَةُ অর্থ- সক্ষম হওয়া।

خَلَّاقُ : **মহাস্রষ্টা**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা। ইমাম হালীমী এর অর্থ লিখেছেন- اَلْخَالِقُ خَلْقًا بَعْدَ خَلْقٍ [এক মাখলুককে সৃষ্টি করার পর অন্য মাখলুক সৃষ্টি করা।] এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

اَلْعَلِيْمُ : **মহাজ্ঞানী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৮২

اَمْرُهٗ : **তার দস্তুর; তার নিয়ম**। اَمْرٌ একবচন, বহুবচন- اُمُوْرٌ অর্থ- বিষয়; কর্ম; নির্দেশ।

اَرَادَ : **সে ইচ্ছা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ- ইচ্ছা করা; সংকল্প করা; কামনা করা।

كُنْ : **হয়ে যাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া।

فَيَكُوْنُ : **অতঃপর তা হয়ে যায়**। ف-টি জওয়াবে - امر এর স্থানে হওয়ার কারণে হালতে নসবে হয়েছে। يَكُوْنُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া।

আয়াত : ৮৩

سُبْحٰنَ : **পবিত্র; মহিমাময়**। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন- سُبْحَانَ হলো تَسْبِيْحٌ অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং مفرد এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন- سُبْحٰنَ اللّٰهِ অথবা ইসমে যমীর হোক। যেমন- سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ - (সন্তান হওয়া তার জন্য সমীচীন নয়) এবং এটি এমন মাসদার যার فِعْلٌ কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ কখনো ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী করেন। তিনি বলেন এর থেকে فِعْلٌ -এর ব্যবহার হয়। এ থেকে فِعْلٌ -এর ব্যবহার প্রসঙ্গে তিনি একটি পংক্তি উল্লেখ করেন-

سَبَّحَ الْحَجِيْجُ وَكَبَّرُوْا اِهْلَالًا
قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلِبَ كُلَّمَا

[আল্লাহ তাগলিবের মুখসমূহ বিকৃত করুন, যখনই হাজী সাহেবান জোর আওয়াজে দোয়া করে এবং চিৎকার করে তাকবীর পড়ে] ইবনে আবূ হাতিম ইবনে আব্বাস থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰهِ অর্থ- আল্লাহর সত্তাকে সর্বপ্রকার ত্রুটি থেকে পবিত্র বলে বর্ণনা করা।

مَلَكُوْتُ : **কর্তৃত্ব**। **রাজত্ব; অধিকার**। মাসদার মুযাফ। মুবালাগার জন্য تاء বৃদ্ধি করা হয়েছে। ইমাম রাগেব (র.) বলেন, এটি একমাত্র আল্লাহর কর্তৃত্বের জন্য নির্দিষ্ট।

تُرْجَعُوْنَ : **তোমরা প্রত্যাবর্তিত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

সূরা সাফফাত : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১৮২ রুকূ' : ৫

আয়াত : ১

وَالصّٰٓفّٰتِ : **যারা সারিবদ্ধভাবে দণ্ডায়মান তাদের শপথ**। واو কসমের জন্য। اَلصّٰٓفّٰتِ সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلصَّفُّ মূলবর্ণ (ص ـ ف ـ ف) অর্থ– সারিবদ্ধ হওয়া। এখানে উদ্দেশ্য হলো আল্লাহর ইবাদতের জন্য কিংবা তার নির্দেশ পালনের জন্য সারিবদ্ধভাবে দণ্ডায়মান ফেরেশতাসকল।

আয়াত : ২

اَلزّٰجِرٰتِ : **কঠোর পরিচালক/ ধমকদাতা**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ ج ـ ر) মাসদার اَلزَّجْرُ অর্থ– ধমক দেওয়া;। অধিকাংশ মুফাসসিরগণের মতে এখানে زَاجِرَاتٌ দ্বারা ঐ সকল ফেরেশতাদের صفت উদ্দেশ্য যারা মেঘমালাকে হাঁকিয়ে বেড়ায় এবং শয়তানদেরকে শাসায়। যেহেতু مَلَائِكَةٌ শব্দটি مونث তাই তার সিফতকেও مونث আনা হয়েছে। আবার কতিপয় মুফাসসিরের মতে زَاجِرَاتٌ দ্বারা ঐ সমস্ত নিষেধাজ্ঞা উদ্দেশ্য যা পবিত্র কুরআনে কঠোরভাবে নিষেধ করা হয়েছে।

আয়াত : ৩

اَلتّٰلِيٰتِ : **তেলাওয়াকারীগণ/ আবৃত্তিকারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلتِّلَاوَةُ মূলবর্ণ (ت ـ ل ـ و) অর্থ– তেলাওয়াত করা; আবৃত্তি করা; পাঠ করা; অনুসরণ করা; পিছনে চলা। تَالِيَاتٌ দ্বারা উদ্দেশ্য হলো কুরআন তেলাওয়াতকারী ফেরেশতাদের দল। অথবা লিখার কাজে রত ফেরেশতাদের দল।

ذِكْرًا : ذِكْرٌ **উপদেশ**। এটি ইসম। বহুবচন– اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– ذِكْرٌ দ্বারা কখনো নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারেফত অর্জন করে তা স্মরণ রাখা সম্ভব হয়। আর এটা حِفْظ-এরই ন্যায়। কিন্তু حِفْظ বলা হয় অর্জন হিসেবে। আর ذِكْر বলা হয় স্মরণ রাখা সম্পর্কে। আবার কখনো ذِكْر কোনো জিনিস অন্তরে বা আলোচনায় স্মরণ এসে যাওয়াকেও বলা হয়। এখানে ذِكْرٌ দ্বারা কুরআন উদ্দেশ্য।

আয়াত : ৫

رَبُّ : **প্রতিপালক/প্রভু**। একবচন, বহুবচন– اَرْبَابٌ [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

سَمٰوٰتِ : **আকাশসমূহ**। বহুবচন, একবচন– سَمَاءٌ আকাশ। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে কোনো বস্তুর উপরি অংশ হলো سَمَاءٌ। কেউ কেউ বলেন যে কোনা سَمَاءٌ তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং উপরটির তুলনায় নিচেরটি اَرْض তবে سَمَاءٌ عُلْيَا এর ব্যতিক্রম। কারণ সেটি সর্বাবস্থায় سَمَاءٌ-ই; কোনো অবস্থাতেই اَرْض নয়। উল্লেখ্য এখানে আকাশ বলে আকাশের শূন্য পরিমণ্ডল বা মহাশূন্যকে বুঝানো হয়েছে। আকাশগাত্র এবং আকাশের অনেক নীচে অবস্থিত শূন্য পরিমণ্ডল এই উভয় অর্থে سَمَاءٌ শব্দের ব্যবহার সুবিদিত। কুরআনে শেষোক্ত অর্থেও স্থানে স্থানে سَمَاءٌ শব্দের ব্যবহার করা হয়েছে। গ্রহ-নক্ষত্রসমূহ যে আকাশের অভ্যন্তরে নয়; বরং শূন্য পরিমণ্ডলে অবস্থিত এর চূড়ান্ত আলোচনা কুরআন পাকের আয়াতের আলোকে এবং প্রাচীন ও আধুনিক সৌরবিজ্ঞানের আলোকে প্রমাণিত। –[মা'আরিফুল কুরআনঃ সূরা হিজর]

اَلْاَرْضِ : **পৃথিবী; ভূমি**। একবচন, বহুবচন– اَرَضُوْنَ

اَلْمَشَارِقِ : **উদয়স্থলসমূহ**। ইসমে যরফ। বহুবচন। একবচন– اَلْمَشْرِقُ; উদয়স্থলসমূহের দ্বারা উদ্দেশ্য হলো প্রতিদিন অথবা প্রতি সিজনের উদয়স্থলসমূহ। [রাগেব] তবে ইমাম বগভী প্রথম অর্থ উদ্দেশ্য নিয়েছেন।

আয়াত : ৬

زَيَّنَّا : **আমি সুশোভিত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ (ز ـ ى ـ ن) অর্থ– সুশোভিত করা; সজ্জিত করা।

اَلدُّنْيَا : **পৃথিবী**। **দুনিয়া; বিশ্বজগৎ**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব نَصَرَ ও كَرُمَ মাসদার اَلدُّنُوُّ , اَلدَّانِيَةُ ও اَلدَّنِيَّةُ মূলবর্ণ (د ـ ن ـ و) বাব نَصَرَ থেকে হলে অর্থ হবে– অধিক নিকটবর্তী। আর বাবে كَرُمَ থেকে হলে অর্থ হবে– অধিক নিকৃষ্ট। دُنْيَا যখন পরকালের মোকাবিলায় হবে তখন প্রথম অর্থে ব্যবহৃত হয়। আর যখন قَصْوٰى-এর মোকাবিলায় হবে তখন দ্বিতীয় অর্থে ব্যবহৃত হয়। বহুবচন– دُنًى

زِيْنَةِ : **সুষমা/শোভার বস্তু**। ইমাম রাগেব (র.) লিখেছেন– زِيْنَةٌ তিন প্রকার।

১. زِيْنَةٌ نَفْسِيَّةٌ [আধ্যাত্মিক সৌন্দর্য।] যেমন– ইলম, উত্তম আকিদা ইত্যাদি।

২. زِيْنَةٌ بَدَنِيَّةٌ [দৈহিক সৌন্দর্য।] যেমন– শক্তিশালী ও হ্যান্ডসাম হওয়া।

৩. زِيْنَةٌ خَارِجِيَّةٌ [বাহ্যিক সৌন্দর্য।] যেমন– ধন, সম্পদ, মর্যাদা। আয়াত وَزَيَّنَهُ فِيْ قُلُوْبِكُمْ-এর দ্বারা প্রথম প্রকার زِيْنَةٌ উদ্দেশ্য। আর مَنْ حَرَّمَ زِيْنَةَ اللّٰهِ এ আয়াত দ্বারা দ্বিতীয় প্রকার তথা বাহ্যিক সৌন্দর্য উদ্দেশ্য। কেননা একটি সম্প্রদায় বিবস্ত্র অবস্থায় কা'বা শরীফ তওয়াফ করত। তাদের ব্যাপারে এ আয়াত অবতীর্ণ হয়েছে। আর فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ فِيْ زِيْنَتِهٖ দ্বারা তৃতীয় প্রকার অর্থাৎ বাহ্যিক সৌন্দর্য অর্থাৎ ধন-সম্পদ উদ্দেশ্য।

اَلْكَوَاكِبِ : **নক্ষত্রমণ্ডলী**। এটি كَوْكَبٌ-এর বহুবচন। যে কোনো নক্ষত্র; চোখের শুভ্রতা; গোত্রপ্রধান; নেতা। তরবারি। পানি। كَوْكَبُ الرَّوْضَةِ [কুলি।] كَوْكَبُ الْحَدِيْدِ [লোহার চমক।] يَوْمٌ ذُوْ كَوَاكِبَ [বিপদের দিন।] ذَهَبُوْا تَحْتَ كُلِّ كَوْكَبٍ [তারা বিক্ষিপ্ত হয়ে গেছে।] –[কামূস, তাজ]

আয়াত : ৭

شَيْطٰنٍ : **শয়তান**। **অবাধ্য; দুষ্ট**। (বিস্তারিত সূরা ইয়াসীন, আয়াত : ৬০ দ্রষ্টব্য)

مَارِدٍ : **বিদ্রোহী**। সিফাতে মুশাব্বাহ। বাবে نَصَرَ মাসদার مَرْدٌ ও مُرُوْدٌ যার অর্থ– খালি হওয়া; শূন্য হওয়া; বিবস্ত্র হওয়া। শয়তান যেহেতু সকল প্রকার কল্যাণ থেকে শূন্য তাই তাকে مَارِدٌ ও مَرِيْدٌ বলা হয়েছে।

আয়াত : ৮

لَا يَسَّمَّعُوْنَ : **তারা শ্রবণ করতে পারে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلتَّسَمُّعُ অর্থ– শ্রবণ করা; শোনা। মূলত শব্দটি يتسمعون ছিল। تاء কে سين দ্বারা পরিবর্তন করে ইদগাম করে দেওয়া হয়েছে।

اَلْمَلَأُ الْاَعْلٰى : **ঊর্ধ্বজগত**। এটি ইসমে যরফ; বহুবচন। ঊর্ধ্বজগৎ –[তরজমায়ে হযরত থানবী] উপরের মজলিস। –[তরজমায়ে শায়খুল হিন্দ]

يُقْذَفُوْنَ : **নিক্ষিপ্ত হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ذ ـ ف) মাসদার اَلْقَذْفُ-এর আসল অর্থ তীর দূরে নিক্ষেপ করা। অতঃপর তীরের শর্ত বাদ দিয়ে যে কোনো কিছু নিক্ষেপ করা এবং অবতরণ করার অর্থে ব্যবহার হতে থাকে। রূপকার্থে গালি দেওয়া, ব্যভিচারের অপবাদ দেওয়া এবং কোনো কিছুর দোষ-ত্রুটির দিকে সম্বন্ধ করার অর্থেও ব্যবহার হয়।

جَانِبٍ : **দিক**। একবচন, বহুবচন– جَوَانِبُ

আয়াত : ৯

دُحُوْرًا : **বিতাড়নের জন্য**। বাব فَتَحَ মূলবর্ণ (د ـ ح ـ ر) মাসদার اَلدَّحْرُ অর্থ– বিতাড়িত করা; দূরীভূত করা।

وَاصِبٌ : **অবিরাম**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل নসব অবস্থায়। বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ص ـ ب) মাসদার اَلْوُصُوْبُ অর্থ– শাশ্বত হওয়া; চিরস্থায়ী হওয়া।

আয়াত : ১০

خَطِفَ : **সে ছোঁ মেরে নিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَطْفُ মূলবর্ণ (خ ـ ط ـ ف) অর্থ– ছোঁ মেরে নেওয়া; ছিনিয়ে নেওয়া; অকস্মাৎ নেওয়া।

اَتْبَعَهٗ : **সে তার পশ্চাদ্ধাবন করেছে।** اتبع। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ– পেছনে লাগা; পশ্চাদ্ধাবন করা; অনুসরণ করা। ه যমীর মাফঊলে বিহী।

شِهَابٌ : **শিখা। উল্কাপিণ্ড। আকাশে যে তারকা ছুটে পড়তে দেখা যায়।** ইমাম রাগেব (র.) লিখেছেন شِهَابٌ প্রদীপ্ত অগ্নিশিখাকে বলা হয়। বহুবচন– اَشْهُبٌ- شُهْبَانٌ - شُهُبٌ ; একবার রাসূলুল্লাহ ﷺ সাহাবীদের কোনো এক মজলিসে ছিলেন। এমন সময় উল্কাপিণ্ড খসে পড়লে রাসূলুল্লাহ ﷺ বললেন, তোমরা ইসলামের পূর্বে এ ধরনের উল্কাপিণ্ড খসে পড়াকে কি মনে করতে? লোকেরা বলল, আমরা মনে করতাম, দুনিয়াতে বড় কোনো ঘটনা ঘটবে অথবা বড় কোনো মানুষের মৃত্যু কিংবা জন্ম হয়েছে। রাসূলুল্লাহ ﷺ বললেন, এটা অমূলক ধারণা। এর সাথে জন্ম, মৃত্যুর কোনো সম্পর্ক নেই। এটা স্ফুলিঙ্গ যা শয়তানকে প্রতিরোধের জন্য মারা হয়।

ثَاقِبٌ : **জ্বলন্ত; ভস্মকারী।** সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব نَصَرَ মূলবর্ণ (ث ـ ق ـ ب) মাসদার اَلثُّقُوْبُ অর্থ– প্রজ্বলিত হওয়া; উজ্জ্বল হওয়া।

আয়াত : ১১

فَاسْتَفْتِهِمْ : **তুমি তাদেরকে জিজ্ঞাসা কর।** فاء হরফে আতফ। اِسْتَفْتِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِفْتَاءُ মূলবর্ণ (ف ـ ت ـ و) অর্থ– জিজ্ঞাসা করা; ফতোয়া জানতে চাওয়া। هُمْ যমীর মাফঊলে বিহী।

اَشَدُّ : **দৃঢ়তর।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ কঠোর হওয়া; শক্ত হওয়া।

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ ; মূলত خَلْق অর্থ– সঠিক নমুনা স্থির করা। এর ব্যবহার কোনো কিছুকে নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে জন্যও হয়ে থাকে। যেমন আল্লাহ বলেন– خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ [তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন) এখানে خَلْقٌ শব্দটি اِبْدَاعٌ তথা নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে হয়েছে। যেমন بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ এ আয়াতটি এ কথার প্রমাণ বহন করে। তাছাড়া এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থেও ব্যবহার হয়। যেমন– خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ [মানুষকে সৃষ্টি করেছেন এক ফোঁটা পানি থেকে]

طِيْنٍ : **মৃত্তিকা; মাটি।**

لَازِبٍ : **আঠাল; এঁটেল।** সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব نَصَرَ- كَرُمَ - سَمِعَ ; মূলবর্ণ (ل ـ ز ـ ب) মাসদার اَللُّزُوْبُ ও اَللَّزْبُ অর্থ– দৃঢ়ভাবে স্থাপন করা; শক্ত ও সুদৃঢ় হওয়া; এঁটে থাকা; সংলগ্ন হওয়া: লেগে থাকা।

আয়াত : ১২

عَجِبْتَ : **তুমি বিস্মিত হয়েছ।** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَجَبُ মূলবর্ণ (ع ـ ج ـ ب) অর্থ– বিস্মিত হওয়া; আশ্চর্যান্বিত হওয়া; অবাক হওয়া।

يَسْخَرُوْنَ : **তারা বিদ্রূপ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسُّخْرِيَّةُ ও اَلسَّخْرُ - اَلسُّخْرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– বিদ্রূপ করা; উপহাস করা; হাসি-ঠাট্টা করা।

আয়াত : ১৩

اِذَا ذُكِّرُوْا : **যখন তাদেরকে উপদেশ দেওয়া হয়।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

لَا يَذْكُرُوْنَ : **তারা উপদেশ গ্রহণ করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; উল্লেখ করা। উপদেশ গ্রহণ করা।

আয়াত : ১৪

اِذَا رَاَوْا : **যখন তারা দেখে।** اِذَا হরফে শর্ত। رَاَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ا ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

آيَـةً : **নিদর্শন**। একবচন; বহুবচন- اٰيَاتٌ ; বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন- নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতকে আয়াত বলে নামকরণের কারণসমূহ-

১. اٰيَـةً অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআনে মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।

২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।

৩. আবার কেউ বলেছেন আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলা হয়।

يَسْتَسْخِرُوْنَ : **তারা উপহাস করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلسُّخْرِيَّةُ ও اَلسَّخَرُ - اَلسُّخْرُ অর্থ- বিদ্রূপ করা; উপহাস করা; হাসি-ঠাট্টা করা।

আয়াত : ১৫

سِحْرٌ : **জাদু**। বাবে فَتَحَ -এর মাসদার। অর্থ- জাদু করা; সম্মোহিত করা। বিমোহিত করা; মুগ্ধ করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

مُبِيْنٌ : **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَـةُ অর্থ- প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ১৬

مِتْنَا : **আমরা মরে যাব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মৃত্যুবরণ করা; মারা যাওয়া। নিদ্রা যাওয়া। প্রাচীন হওয়া।

تُرَابًا : **মৃত্তিকা/ মাটি**।

عِظَامًا : **অস্থি; হাড়**। বহুবচন, একবচন- عَظْمٌ

لَمَبْعُوْثُوْنَ : **আমরা পুনরুত্থিত হব**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ- প্রেরণ করা; পুনরুত্থান করা।

আয়াত : ১৭

اَلْاَوَّلُوْنَ : **পূর্ব; পূর্ববর্তীগণ**। বহুবচন, একবচন- اَوَّلٌ

আয়াত : ১৮

قُلْ : **তুমি বল**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা। আরবিতে قَوْلٌ অর্থ এত অধিক যে তা পরিসংখ্যান করা দুষ্কর। তন্মধ্য হতে অধিক ব্যবহৃত কয়েকটি নিম্নরূপ-

১. বলা, শব্দটি একবচন হোক বা বহুবচন। ২. মনের কথা। মনে মনে কথা বলা। ৩. মতবাদ, মতাদর্শ; অভিমত। ৪. ইঙ্গিতে কোনো কথা প্রকাশ করা। ৫. কোনো কিছুর প্রতি সঠিকভাবে মনোনিবেশ করা। ৬. কারো প্রতি কোনো কিছু ইলহাম করা। ৭. নির্দেশ প্রদান করা। ৮. আল্লাহর জ্ঞান। ৯. এমন বিষয় যা সম্পর্কে কোনো কথা বলা হয়েছে। ১০. বর্ণনা করা; রেওয়ায়েত করা। ১১. অপবাদ আরোপ করা। ১২. ইঙ্গিত করা; ইশারা করা। ১৩. অন্তরে কোনো কথাকে বিশ্বাস করা ও মুখে তা স্বীকার করা।

دَاخِرُوْنَ : **বিনীত; লাঞ্ছিত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ ও سَمِعَ মূলবর্ণ (د ـ خ ـ ر) মাসদার اَلدُّخُوْرُ অর্থ- বিনয়াবনত হওয়া; লাঞ্ছিত হওয়া; অপমানিত হওয়া।

আয়াত : ১৯

زَجْرَةٌ : **প্রচণ্ড শব্দ। ধমক; তিরস্কার**।

يَنْظُرُوْنَ : **তারা প্রত্যক্ষ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

আয়াত : ২০

يٰوَيْلَنَا : **হায়! দুর্ভোগ আমাদের!** وَيْلٌ শব্দটি বিভিন্ন অর্থ রয়েছে। অনিষ্টতা প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত করা। এ সকল অর্থে وَيْلٌ মাসদার। আফসোস; কঠোরতা। ধমকস্বরূপ বাক্য; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকার নাম; জাহান্নামের

একটি কূপের নাম। وَيْلٌ -এর ইযাফত যখন যমীরের দিকে হয় তখন তার علامت পরিবর্তন হতে থাকে এবং وَيْل -এর উপর সর্বদা নসব থাকে। যেমন– وَيْلَكَ ـ وَيْلَكُمْ ইত্যাদি। তবে যদি - ياء متكلم এর দিকে ইযাফত হয় তখন বাধ্যতামূলক তার লামকে যের দেওয়া হয়।

يَوْمَ الدِّيْنِ : **কর্মফল দিবস**। বাব ضَرَبَ -এর মাসদার। এর দ্বারা উদ্দেশ্য হলো কিয়ামতের দিন।

আয়াত : ২১

يَوْمُ الْفَصْلِ : **ফয়সালার দিন**। অর্থাৎ কিয়ামতের দিন। হক-বাতিলের মাঝে পার্থক্যের দিন।

تُكَذِّبُوْنَ : **তোমারা অস্বীকার করতে/ মিথ্যা সাব্যস্ত করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

আয়াত : ২২

اُحْشُرُوْا : **তোমরা একত্র কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– জমা করা; সমবেত করা; একত্র করা।

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে। তারা অস্বীকার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْم -এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। ইমাম রাগেব ইস্পাহানি (র.) লিখেছেন, ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظلم বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধিসহকারে বা পরিবর্তন করে স্থানান্তরিত করে অন্যস্থানে রাখা। এ থেকেই আরবিতে বলা হয়– ظَلَمْتُ السِّقَاءَ [আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি] আর এ ব্যবহৃত দুধকে ظَلِيْم বলা হয়। তেমনিভাবে ظَلَمَتِ الْاَرْضُ অর্থ হলো– ভূমি এমন স্থানে খনন করেছে যেখানে খননের স্থান ছিল না। এ ধরনের স্থানকে اَرْضٌ مَظْلُوْمَةٌ বলা হয়। খনন করে বেরকৃত মাটিকে ظَلِيْم বলা হয়।

اَزْوَاجَهُمْ : **তাদের সহচর**। اَزْوَاجَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। اَزْوَاجَ শব্দটি زَوْجٌ -এর বহুবচন। আল্লামা আহমদ ফাইউমী (র.) বলেন– زَوْج এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে যেমন– শুষ্ক ও আর্দ্র, নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ বলেন, زَوْج যে কোনো দুটিকে বলে فَرْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ। জওহারী বলেন, জোড় দুটিকে زَوْجَان এবং زَوْج বলা হয়। সুতরাং যদি বলা হয় عِنْدِيْ زَوْجُ نِعَالٍ তখন উদ্দেশ্য হবে দুটি জুতা। আর যদি زَوْجَان বলা হয় তখন উদ্দেশ্য হবে চারটি জুতা। আযহারী বলেন নাহুবিদগণের নিকট زَوْجٌ দ্বারা দুটি উদ্দেশ্য হয় না। তাদের মতে زَوْجٌ দ্বারা এক উদ্দেশ্য হয়। ইবনুল আম্বারী (র.) বলেন, জনসাধারণ যা মনে করে যে, زَوْجٌ দুটি বস্তু, এটি সঠিক নয়। এটা আরবদের ব্যবহার নয়। উদাহরণত তারা কবুতরের জোড়া বলার সময় زَوْج ব্যবহার না করে زَوْجَان مِنْ حَمَامٍ বলে থাকে। কুরআনেও রয়েছে–خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى [তিনি সৃষ্টি করেছেন নর ও নারীর জোড়া] যদি زَوْج দ্বারা দুটি উদ্দেশ্য হতো তাহলে زَوْجَيْنِ বলা হতো না।

يَعْبُدُوْنَ : **তারা ইবাদত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

আয়াত : ২৩

دُوْنِ اللّٰهِ : **আল্লাহ ব্যতীত; আল্লাহ ছাড়া**। যা কোনো কিছুর নিচে হয় তাকে دُوْنَ বলা হয়। কারো কারো মতে এটি دنو এর مَقْلُوْب বা পরিবর্তিত রূপ। যার

অর্থ নিকটবর্তী। ইমাম সুয়ূতী লিখেছেন دُوْنَ যরফ হয়ে ব্যবহার হয়। যা فَوْقَ এর বিপরীতার্থক শব্দ। প্রসিদ্ধ মত অনুযায়ী এটি معرب হয় না। আবার কারো মতে معرب হয়। যেমন– وَمِنَّا دُوْنَ ذٰلِكَ এখানে পেশযোগে ও যবরযোগে উভয়ভাবেই পড়া যায়। এটি আবার اسم হয়েও ব্যবহার হয়। তখন غير এর অর্থে হবে। যেমন– اتخذ مِنْ دُوْنِهٖ اٰلِهَةً এখানে دُوْنَ টি غَيْر-এর অর্থে হয়েছে। অবস্থার পার্থক্য বর্ণনার জন্যও এর ব্যবহার হয়ে থাকে। যেমন– زَيْدٌ دُوْنَ عَمْرٍو (যায়েদ আমরের নিচে) অর্থাৎ জ্ঞান-বিজ্ঞান বা দুষ্টামীতে তার চেয়ে নিচে।

فَاهْدُوْهُمْ : **তাদেরকে পরিচালিত কর**। فا হরফে আতফ, اِهْدُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) حاضر معروف মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; রাস্তা দেখানো; পরিচালিত করা। জালালাইনে এর তরজমা করা হয়েছে– دُلُّوْهُمْ তাদেরকে রাস্তা দেখিয়ে দাও। هم যমীর মাফঊলে বিহী।

اَلْجَحِيْمِ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন**। فَعِيْل-এর ওযনে فاعل অর্থে। جَحْم থেকে নির্গত, যার অর্থ ভীষণভাবে জ্বলা। ইমাম ইবনে জারীর (র.) থেকে বর্ণিত রয়েছে যে, জাহান্নামের সাতটি স্তর রয়েছে। যথা– ১. জাহান্নাম। ২. লাযা। ৩. হুতামা। ৪. সাঈর। ৫. সাকার। ৬. জাহিম। ৭. হাবিয়া। –[মা'আলিমুত্তানযিল]

আয়াত : ২৪

قِفُوْهُمْ : **তাদেরকে থামাও**। قِفُوْا সীগাহ جمع مذكر حاضر معروف বহছ امر حاضر বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ف) মাসদার اَلْوُقُوْفُ - اَلْوَقْفُ অর্থ– দাঁড় করানো; থামানো। قِفُوْا মূলত اِوْقِفُوْا ছিল। তা'লীল হয়ে قِفُوْا হয়েছে। هُمْ যমীর মাফঊলে বিহী।

مَسْئُوْلُوْنَ : **তারা জিজ্ঞাসিত হবে**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা; জানতে চাওয়া।

আয়াত : ২৫

لَا تَنَاصَرُوْنَ : **তোমরা একে অপরকে সাহায্য করবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلتَّنَاصُرُ অর্থ– একে অপরকে সাহয্য করা; সহযোগিতা করা।

আয়াত : ২৬

مُسْتَسْلِمُوْنَ : **আত্মসমর্পণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِسْلَامُ মূলবর্ণ (س ـ ل ـ م) অর্থ– আত্মসমর্পণ করা; অনুগত হওয়া। জালালাইনে এর তরজমা করা হয়েছে– مُنْقَادُوْنَ اَذِلَّاءُ

আয়াত : ২৭

اَقْبَلَ : **তারা সামনাসামনি হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْبَالُ মূলবর্ণ (ق ـ ب ـ ل) অর্থ– সম্মুখে আসা। অগ্রসর হওয়া। সামনাসামনি হওয়া।

يَتَسَاءَلُوْنَ : **তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلتَّسَاءُلُ অর্থ– একে অন্যের কাছে জিজ্ঞাসা করা/ একে অপরের খোঁজখবর নেওয়া।

আয়াত : ২৮

تَأْتُوْنَنَا : **তোমরা আমার নিকট আসবে**। تَأْتُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। باء দ্বারা মুতাআদ্দী হলে অর্থ হবে– নিয়ে আসা; আনা। نا যমীর মাফঊলে বিহী।

اَلْيَمِيْنِ : **শক্তি; বড় প্রভাব**। একবচন, বহুবচন اِيْمَانٌ অর্থ– ডান হাত। এখানে শক্তি উদ্দেশ্য।

আয়াত : ৩০

سُلْطٰنٍ : **সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য**। তাজুল 'আরূসে রয়েছে– سُلْطَانٌ অর্থ– দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী– لَا تَنْفُذُوْنَ

اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনো এর অর্থ হয় মু'জিযা। যেমন–اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ (মু'জিযা) সহকারে] উল্লেখ্য যখন سُلْطٰنٌ দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [বিস্তারিত সূরা নিসা, আয়াত :১৪৪ দ্রষ্টব্য]

قَوْمًا : **জাতি; সম্প্রদায়**। ইসম। শুধুমাত্র পুরুষদের দল। যেমন এক কবির পংক্তি–اَقَوْمٌ اٰلُ حِصْنٍ اَمْ نِسَآءٌ [হিসন সম্প্রদায়ের লোকেরা পুরুষ নাকি মহিলা] এখানে মহিলার বিপরীতে قَوْم আনা হয়েছে। মহিলাদের দলকে قَوْمٌ বলা হবে না। –[রাগেব] - قَوْم এর বহুবচন اقوام এবং جمع الجمع হলো اَقَاوِيْمُ وَ اَقَائِمُ وَ اَقَاوِمُ –[কামূস]

طٰغِيْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ غ ـ ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাবে نَصَرَ থেকে আসে। যেমন– طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৩১

حَقَّ : **তা সত্য হয়েছে; যথাযথ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ অর্থ– নির্ধারিত করা; অবধারিত হওয়া। সত্য হওয়া।

ذَآئِقُوْنَ : **স্বাদ [শাস্তি] গ্রহণকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা। এখানে উদ্দেশ্য হলো শাস্তি গ্রহণ করা।

আয়াত : ৩২

اَغْوَيْنَا : **আমরা বিভ্রান্ত করেছিলাম/ আমরা পথভ্রষ্ট করেছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ و ـ ى) মাসদার اَلْاِغْوَاءُ অর্থ– বিভ্রান্ত করা; বিপথগামী করা; পথভ্রষ্ট করা। اِغْوَاءٌ -এর নিসবত আল্লাহর দিকে করা হলে তার দুটি অর্থ হতে পারে। পথভ্রষ্টতার শাস্তি প্রদান করা। অথবা اِضْلَالٌ তথা বিপথগামী করা।

غٰوِيْنَ : **বিপথগামী; বিভ্রান্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ و ـ ى) মাসদার اَلْغَىُّ অর্থ– প্রলুব্ধ করা; প্রতারণ করা; পথভ্রষ্ট করা; ধোঁকা দেওয়া।

আয়াত : ৩৩

يَوْمَئِذٍ : **সেদিন**। اسم ظرف - يَوْمٌ ; একবচন, বহুবচন اَيَّامٌ ; مضاف اليه- اِذْ , অর্থ– ঐ দিন; সে দিন।

مُشْتَرِكُوْنَ : **শরিকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْتِرَاكُ অর্থ– অংশীদার হওয়া; শরিক হওয়া। বাব مُفَاعَلَةٌ-এর অর্থে হবে।

আয়াত : ৩৪

اَلْمُجْرِمِيْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْجُرْمُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৩৫

قِيْلَ : **তাকে বলা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

يَسْتَكْبِرُوْنَ : **তারা অহংকার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; গর্ব করা; বড়াই করা।

আয়াত : ৩৬

تَارِكُوْا : **বর্জনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া। মূলত تَارِكُوْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

شَاعِرٍ : **কবি**। একবচন, বহুবচন– شُعَرَآءُ ;

اَلْمُخْلَصِيْنَ : **বিশুদ্ধচিত্ত/একনিষ্ঠ বান্দাগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ– খাঁটি করা; বিশুদ্ধ করা।

আয়াত : ৪১

رِزْقٌ : **জীবিকা; রিজিক; খাদ্য।** এটি মাসদার ও ইসম। একবচন, বহুবচন– اَرْزَاقٌ

مَعْلُوْمٌ : **নির্ধারিত; সুবিদিত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৪২

فَوَاكِهُ : **ফলমূল।** এটি فَاكِهَةٌ-এর বহুবচন। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل শেষের تاء মুবালাগার জন্য। তাছাড়া فَاكِهَةٌ হাসিমুখ ও রসিক ব্যক্তিকেও বলা হয়। –[কামূস] অনেকে আঙ্গুর ও আনারকে فَاكِهَةٌ - এর মধ্যে অন্তর্ভুক্ত করেন না। –[খাযেন]

مُكْرَمُوْنَ : **সম্মানিত।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْاِكْرَامُ অর্থ– সম্মানিত করা।

আয়াত : ৪৩

اَلنَّعِيْمِ : **সুখদ; শান্তিময়, সুখময়, আরামদায়ক।**

আয়াত : ৪৪

سُرُرٍ : **আসনসমূহ।** বহুবচন; একবচন– سَرِيْرٌ ইমাম রাগেব (র.) লিখেছেন, যার উপর স্বাচ্ছন্দ্যে বসা যায় তাকে سَرِيْرٌ বলা হয়। কেননা এটা বিত্তবানদের কাছেই থাকে। এর বহুবচন–سُرُرٌ আসে।

مُتَقٰبِلِيْنَ : **মুখোমুখি হয়ে বসবে।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّقَابُلُ মূলবর্ণ (ق ـ ب ـ ل) অর্থ– মুখোমুখি হওয়া।

আয়াত : ৪৫

يُطَافُ : **প্রদক্ষিণ করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاقَةُ

مَجْنُوْنٍ : **উন্মাদ।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول ; জিনগ্রস্ত। জিন যাকে শিক্ষা দিয়েছে। যার জ্ঞানের উপর রোগ বা কোনো কিছুর পর্দা পড়েছে।

আয়াত : ৩৭

جَاءَ : **সে এসেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; এর باء - صلة আসার কারণে অর্থ হবে– আনা।

بِالْحَقِّ : **সত্যসহ।** با হরফে জার। اَلْحَقُّ মাসদার ও ইসম। একবচন, বহুবচন– حُقُوْقٌ অর্থ– সঠিক; নির্ভুল; ন্যায়; সুপ্রমাণিত; প্রাপ্য; অধিকার; বিচক্ষণতা ও সতর্কতা; মৃত্যু; নিশ্চিত বিশ্বাস; সম্পদ।

صَدَّقَ : **সে সত্য বলে স্বীকার করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ– সত্য প্রমাণিত করা; সত্যায়ন করা।

اَلْمُرْسَلِيْنَ : **প্রেরিতগণ/রাসূলগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ(ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

আয়াত : ৩৮

ذَائِقُوْا : **স্বাদ [শাস্তি] গ্রহণকারী।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা। এখানে উদ্দেশ্য হলো শাস্তি গ্রহণ করা।

اَلْاَلِيْمِ : **মর্মন্তুদ। যন্ত্রণাদায়ক।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (أ ـ ل ـ م) মাসদার اَلْاَلَمُ অর্থ– কষ্ট পাওয়া।

আয়াত : ৩৯

تُجْزَوْنَ : **তোমাদেরকে প্রতিদান দেওয়া হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া।

আয়াত : ৪০

عِبَادَ : **বান্দা; দাস।** বহুবচন, একবচন– عَبْدٌ

মূলবর্ণ (ط ـ و ـ ف) অর্থ- প্রদক্ষিণ করা; তওয়াফ করা; কোনো কিছুর চতুর্দিকে ঘোরা; ঘুরে ঘুরে পরিবেশন করা।

كَأْسٍ : **পাত্র; পানপাত্র; সুরাপূর্ণ পাত্র**। বহুবচন- كَاسَاتٌ ; أَكْؤُسٌ - كُؤُسٌ - كِيَاسٌ - শরাব বা শরবতপূর্ণ পাত্র; গ্লাস। আভিধানিকভাবে পাত্রে মদ বা শরবত না থাকলে তাকে كَأْسٌ বলা হয় না; বরং তাকে كُوْبٌ বা اِبْرِيْقٌ বলা হবে। কিন্তু অধিক ব্যবহারের ফলে كَأْسٌ -এর ব্যবহার ظرف ও مظروف তথা পাত্র এবং পাত্রে রাখা বস্তু উভয়ের জন্য হয়ে থাকে। -[রাগেব] আয়াতে মদ উদ্দেশ্য।

مَّعِيْنٍ : **প্রবহমান পানি**। এটি সিফাতের সীগাহ فَعِيْلٌ -এর ওযনে। বাব فَتَحَ মাসদার اَلْمَعْنُ অর্থ- প্রবাহিত হওয়া; জারি হওয়া। আল্লামা বগভী ও কতিপয় মুফাসসিরগণের মতে مَعِيْنٌ -এর ميم টি অতিরিক্ত। তখন এটি বাব ضَرَبَ থেকে মুশতাক হবে। عَيْنٌ অর্থ- প্রকাশ্য; এমন প্রবহমান পানি যা সম্মুখে হওয়ার কারণে যে কেউ তা দেখতে পায়, এবং যা ঝাড়-জঙ্গলে লুক্কায়িত না হয় তাকে مَعِيْنٌ বলা হয়। জান্নাতের শরাবও সকলের সম্মুখে নহরসমূহের মধ্যে প্রবাহিত হতে থাকবে এ কারণে তাকে مَعِيْنٌ বলা হয়েছে। مَعِيْنٌ -এর সংজ্ঞায় তিনি লিখেছেন- اَلْمَاءُ الْجَارِىْ الظَّاهِرُ الَّذِىْ تَرَاهُ الْعُيُوْنُ অর্থাৎ এমন প্রবহমান পানি যা সম্মুখে থাকে এবং চোখ দ্বারা দেখা যায়। অন্যত্র তিনি লিখেন- ظَاهِرٌ تَرَاهُ الْعُيُوْنُ وَتَنَالُهُ الْاَيْدِىْ وَالدِّلَاءُ [যা একেবারেই সম্মুখে, যা চোখে দেখা যায় এবং হাত ও বালতি দ্বারা তোলা যায়।] তবে অধিকাংশ মুফাসসিরের মতে এর ميم টি অতিরিক্ত নয় বরং মূলাক্ষর। যা مَعْنٌ থেকে مشتق হয়েছে। যার অর্থ প্রবাহিত হওয়া। আর এ মতই অধিক গ্রহণযোগ্য।

আয়াত : ৪৬

بَيْضَاءَ : **শুভ্র উজ্জ্বল**। بَيَاضٌ থেকে সিফাতের সীগাহ; واحد مؤنث

لَذَّةٍ : **সুস্বাদু**। اسم مفرد ; একবচন, বহুবচন- لَذَّاتٌ

اَلشَّارِبِيْنَ : **পানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ر ـ ب) মাসদার اَلشُّرْبُ অর্থ- পান করা।

আয়াত : ৪৭

غَوْلٌ : **নেশা; মাথাব্যথা; মাতলামী; বিকৃতি; আকস্মাৎ ধ্বংস করে দেওয়া**। অর্থাৎ জান্নাতের মদের মধ্যে মাতালতা থাকবে না। -[খাযেন] মুনতাহাল আরব গ্রন্থ লিখেছেন- لَا فِيْهَا غَوْلٌ اى لَيْسَ فِيْهَا غَائِلَةُ اَلصُّدَاعُ অর্থাৎ জান্নাতের মদের মধ্যে মাথা ঘুরানোর প্রতিক্রিয়া থাকবে না। শব্দটি مصدر ও اسم فعل বাব نَصَرَ

يُنْزَفُوْنَ : **তাদের মস্তিষ্কে কোনো ক্ষতি হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ز ـ ف) মাসদার اَلنَّزْفُ অর্থ- কূপের পানি সব উঠিয়ে ফেলা। [মুতাআদ্দী] কূপের পানি নিঃশেষ হওয়া। [লাযেম] মাতাল হওয়া; বেহুঁশ হওয়া।

আয়াত : ৪৮

قٰصِرٰتُ : **আনতনয়না**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ص ـ ر) মাসদার اَلْقَصْرُ অর্থ- দৃষ্টিকে নিয়ন্ত্রণ করা। পূত-পবিত্র নারগীণ। ঐ সকল নারীগণ যাদের দৃষ্টি তাদের স্বামীগণ ব্যতীত অন্য কারো উপর পড়ে না। [রাগেব, মুজাম, লিসান, মহল্লী, খাযেন]

اَلطَّرْفِ : **চক্ষু; দৃষ্টি**।

আয়াত : ৪৯

مَكْنُوْنٌ : **সুরক্ষিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ن ـ ن) মাসদার اَلْكُنُوْنُ ও اَلْكَنُّ অর্থ- লুকানো; সংরক্ষণ করা।

আয়াত : ৫১

قَرِيْنٌ : **সঙ্গি**। একবচন; বহুবচন- قُرَنَاءُ অর্থ- সহচর; সঙ্গে বসবাসকারী। قَرْنٌ -এর অর্থের মধ্যে সহাবস্থান ও নৈকট্যের অর্থ অবশ্যই থাকে। যেমন- قَرِيْنٌ অর্থ- সমবয়সী; ঐ উট যা অপর উটের সাথে একই রশিতে বাঁধা থাকে; সহচর; বীরত্ব বা অন্যান্য

গুণাবলিতে কারো সদৃশ ব্যক্তি; মানুষের আত্মা; [যা জীবনভর মানুষের থেকে পৃথক হয় না] সর্বদা সাথে থাকে যে ফেরেশতা; প্রলুব্ধ করার জন্য সর্বদা সাথে থাকে যে শয়তান। –[রাগেব, কামূস, আকরাবুল মাওয়ারিদ]

আয়াত : ৫২

اَلْمُصَدِّقِيْنَ : **বিশ্বাসীগণ। সত্যবাদীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْدِيْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ– সত্য বলা।

আয়াত : ৫৩

لَمَدِيْنُوْنَ : **প্রতিফল প্রাপ্ত ব্যক্তি।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (د ـ ى ـ ن) মাসদার اَلدِّيْنُ অর্থ– বদলা দেওয়া; প্রতিফল দেওয়া। مَدِيْنُوْنَ ঐ সকল ব্যক্তিদেরকেও বলা হয় যারা কারো শাসনাধীন থাকে। –[তাজ, যুজাজ] আয়াতে প্রথম অর্থ উদ্দেশ্য। কবি বলেন فَدَنَاهُمْ كَمَا دَانُوْا– আমরা তাদেরকে ঐ রকমই বদলা দিয়েছি যে রকম তারা আমাদেরকে দিয়েছিল।

আয়াত : ৫৪

مُطَّلِعُوْنَ : **অবলোকনকারী; অবগতকারী।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِطِّلَاعُ মূলবর্ণ (ط ـ ل ـ ع) মূলত مُطْتَلِعُوْنَ ছিল। اِفْتِعَالٌ -এর تاء -কে طاء দ্বারা পরিবর্তন করা হয়েছে, এবং طاء -কে طاء এর মধ্যে ইদগাম করা হয়েছে। অর্থ– অবগত হওয়া; জানতে পারা।

আয়াত : ৫৫

اِطَّلَعَ : **সে ঝুঁকে দেখেছে/ উঁকি মেরেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِطِّلَاعُ মূলবর্ণ (ط ـ ل ـ ع) অর্থ– উঁকি মারা; ঝুঁকে দেখা। অবগত হওয়া।

فَرَاٰهُ : **অতঃপর সে তাকে দেখল।** رأ। সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। ہ যমীর মাফঊলে বিহী।

سَوَاءِ : **সমান/মধ্যস্থল।** এটি ইসমে মাসদার اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয় কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন– سَوَاءٌ শব্দটি مُسْتَوِىٌّ [সমান] অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে قَصْرٌ হয়। যেমন– مَكَانًا سُوًى (স্থান সমতল ও পরিচ্ছন্ন) আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়।

১. সমান। যেমন– سَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ (তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান)

২. মধ্যস্থল। যেমন– فِىْ سَوَآءِ الْجَحِيْمِ (জাহান্নামের মধ্যস্থলে)

৩. পরিপূর্ণ। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَاءً (পূর্ণ চারদিনে) পবিত্র কুরআনে শব্দটি غَيْرٌ অর্থে ব্যবহার হয়নি।

اَلْجَحِيْمِ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন।** فَعِيْل -এর ওযনে فاعل অর্থে। جَحْمٌ থেকে নির্গত, যার অর্থ ভীষণভাবে জ্বলা। (বিস্তারিত সূরা সাফফাত, আয়াত ২৩ দ্রষ্টব্য)

আয়াত : ৫৬

كِدْتَّ : **তুমি উপক্রম হয়েছিলে।** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَكَادَةُ ও اَلْكَوْدُ মূলবর্ণ (ك ـ و ـ د) অর্থ– নিকটবর্তী হওয়া; উপক্রম হওয়া। নাহুবিদ সীবাওয়াই বলেন 'আমি এক আরবকে كَادَ -এর পরিবর্তে كَيَدَ বলতে শুনেছি, যা মূলত كَوِدَ [বাব سَمِعَ] ছিল। واو এর কাসরা كاف কে দেওয়ার পরে واو কে يا ء দ্বারা পরিবর্তন করা হয়েছে। –[কামূস] كاد এটি اَفْعَالٌ مقاربة -এর অন্তর্ভুক্ত। যা فعل مضارع -এর উপর প্রবেশ করে। এর পরে ان খুবই কম আসে। ইমাম রাগেবের মতে কবিতা ব্যতীত অন্য স্থানে كَادَ -এর خبر -এর উপর ان মোটেই আসে না। যদি كَادَ اثبات হিসেবে ব্যবহৃত হয় তখন বুঝতে হবে এর পরবর্তী فعل -টি সংঘটিত হয়নি তবে হওয়ার উপক্রম হয়েছিল। যেমন– كَادَ يَزِيْغُ قُلُوْبُهُمْ [তাদের অন্তর বক্র হয়নি তবে বক্রতার উপক্রম হয়েছিল।] আর যদি نفى হিসেবে ব্যবহৃত হয় তখন

বুঝতে হবে যে, এর পরের فعل টি সংঘটিত হয়ে গেছে তবে না হওয়ার উপক্রম ছিল। যেমন- مَـا كَادُوْا يَفْعَلُوْنَ [তারা [গাভী জবাই করেছে] তবে জবাই না করার উপক্রম ছিল] -[মুফাসসাল]

لَتُرْدِيْنِ : **তুমি নিশ্চয় আমাকে ধ্বংস করে ফেলতে।** লামটি তাকীদের জন্য। تُرْدِيْنِ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِرْدَاءُ মূলবর্ণ (ر ـ د ـ ء) অর্থ- ধ্বংস করা; গর্তে নিক্ষেপ করা। মূলত تُرْدِيْنِىْ ছিল। نون টি- نون وقاية আর ياء - يائے متكلم মাফঊলে বিহী। কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ৫৭

مُحْضَرِيْنَ : **উপস্থিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ض ـ ر) মাসদার اَلْحُضُوْرُ অর্থ- উপস্থিত হওয়া; হাজির হওয়া। অর্থাৎ শাস্তির জন্য উপস্থিত করা হয়েছে।

আয়াত : ৫৮

مَيِّتِيْنَ : **মৃতগণ**। ইসমে সিফাত। جمع مذكر مجرور একবচন- مَيِّتٌ অর্থ- মৃত ব্যক্তি; মৃত্যুবরণকারী।

আয়াত : ৫৯

مَوْتَتَنَا : **আমাদের মৃত্যু**। مَوْتَةً মুযাফ نا যমীর মুযাফ ইলাইহি। مَوْتَةً শব্দটি বাব نَصَرَ -এর মাসদার।

مُعَذَّبِيْنَ : **শাস্তিপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ذ ـ ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ- শাস্তি প্রদান করা।

আয়াত : ৬০

اَلْفَوْزُ : **সাফল্য**। এটি ইসমে ফে'ল মাসদার। বাব نَصَرَ ; اَلْفَوْزُ الْعَظِيْمُ অর্থ- মহাসাফল্য।

আয়াত : ৬১

فَلْيَعْمَلِ : **সে যেন সৎকর্ম করে**। فاء জাযাইয়্যাহ। يَعْمَلُ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- সৎকর্ম করা; আমল করা।

عَامِلُوْنَ : **আমলকারী/সাধকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- করা; কাজ করা; আমল করা; সাধনা করা।

আয়াত : ৬২

خَيْرٌ : **সর্বশ্রেষ্ঠ**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলত اَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের কারণে শুরুর হামযাটি বিলুপ্ত করা হয়েছে। এটি একবচন, বহুবচন اَخْيَارٌ، خِيَارٌ অর্থ- উত্তম; কল্যাণ; সৎকর্ম। এমন বস্তু যা সকলের নিকট পছন্দনীয়; জ্ঞান; বুদ্ধি; ন্যায়পরায়ণতা; শ্রেষ্ঠত্ব; মর্যাদা; কল্যাণকর বস্তু। এর বিপরীতার্থক শব্দ হলো- شَرٌّ

نُزُلًا : **আপ্যায়ন; অভ্যর্থনা**। এটি ইসম; অর্থ- আধিক্যতা; কল্যাণ; বরকত; পবিত্রতা।

شَجَرَةُ الزَّقُّوْمِ : **যাক্কুম বৃক্ষ**। شَجَرَةٌ : বৃক্ষ। একবচন, বহুবচন- اَشْجَارٌ ; زَقُّوْمٌ - জাহান্নামের একপ্রকার বৃক্ষের নাম যাক্কুম বৃক্ষ, যা জাহান্নামীদের খাদ্যে পরিণত হবে। যখন তা খাবে তা গলায় আটকে যাবে। এটিও একটি আজাব। ইবনে আবী হাতিম, তিরমিযী, ইবনে মাযাহ, নাসায়ী হযরত ইবনে আব্বাস থেকে হাদীস বর্ণনা করেন যে, রাসূল ﷺ বলেছেন, আল্লাহকে ভয় করার মতো ভয় কর। কেননা যাক্কুমের একটি ফোঁটাও যদি দুনিয়ার সমুদ্রে নিক্ষেপ করা হয় তাহলে দুনিয়ায় বসবাসকারী সকলেরই জীবনযাপন দুর্বিষহ হয়ে উঠবে। তাহলে এ জিনিস যার খাবার হবে তার কী অবস্থা হবে?

আয়াত : ৬৩

جَعَلْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। ইমাম রাগেব (র.) লিখেছেন- جَعَلَ এমন শব্দ যা صَنَعَ ও فَعَلَ জাতীয় এবং সকল ফেলসমূহের জন্য ব্যাপক।

فِتْنَةً : **পরীক্ষাস্বরূপ**। একবচন, বহুবচন- فِتَنٌ অর্থ- পরীক্ষা, শাস্তি, বিপদাপদ, মসিবত।

لِلظَّالِمِيْنَ : **জালিমদের জন্য**। لام হরফে জার اسم فاعل বহছ جمع مذكر সীগাহ اَلظَّالِمِيْنَ বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা; অন্যায় করা; নির্যাতন করা। শিরক করা; অপরাধ করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

আয়াত : ৬৪

شَجَرَةً : **বৃক্ষ; গাছ**। বহুবচন– شَجَرَاتٌ ; এবং شَجَرٌ একবচন, বহুবচন– اَشْجَارٌ

تَخْرُجُ : **তা উদ্‌গত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ– বের হওয়া; উদ্‌গত হওয়া; উৎপন্ন হওয়া।

اَصْلِ : **তলদেশ; মূল**। একবচন, বহুবচন– اُصُوْلٌ

আয়াত : ৬৫

طَلْعُهَا : **এর গুচ্ছ/মোচা/মাথি**। طَلْعٌ মুযাফ। هَا যমীর মুযাফ ইলাইহি। খেজর গাছের নতুন পাতা, প্রথম মুকুল যা বের হয় তাকে طَلْعٌ বলা হয়।

رُؤُسُ : **মাথা; ফনা**। বহুবচন, একবচন رَأْسٌ ; শয়তান অত্যন্ত কুৎসিত, তাই জাহান্নামের এই বৃক্ষটিকে শয়তানের মস্তকের সঙ্গে তুলনা করা হয়েছে। অতি কদাকার সাপকেও আরবিতে শয়তান বলা হয়।

আয়াত : ৬৬

مَالِـئُوْنَ : **পূর্ণকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ل ـ ء) মাসদার. مَلَاَةٌ ، مَلْأٌ অর্থ– পিঠ বোঝাই হওয়া; পূর্ণ হওয়া।

اَلْبُطُوْنَ : **উদর; পেট**। বহুবচন, একবচন– بَطْنٌ

আয়াত : ৬৭

شَوْبًا : **মিশ্রণ**। অর্থাৎ পুঁজ মিশ্রিত গরম পানি। বাব نَصَرَ -এর মাসদার।

حَمِيْمٍ : **ফুটন্ত পানি। অত্যধিক গরম পানি। অন্তরঙ্গ বন্ধু**। মূলত حَمِيْمٌ বলা হয় প্রচন্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْم বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে ওঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে বহুবচন– اَحِمَّاءُ আসে।

আয়াত : ৬৮

مَرْجِعَهُمْ : **তাদের প্রত্যাবর্তন**। মাসদার মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। –[বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৫৫ দ্রষ্টব্য]

اَلْجَحِيْمِ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন**। (বিস্তারিত সূরা সাফফাত, আয়াত : ২৩ দ্রষ্টব)

আয়াত : ৬৯

اَلْفَوْا : **তারা পেয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ا ـ ل ـ ف) মাসদার اَلْاِلْفَاءُ পাওয়া। শব্দটি মূলত اَلْفَيُوْا ছিল। يَاء متحرك তার পূর্বের অক্ষর যবর বিধায় يَاء কে الف দ্বারা পরিবর্তন করে দেওয়া হয়েছে। এখন الف ও واو -এর মাঝে اجتماع ساكنين হওয়ায় الف পড়ে গেছে। এভাবে তা'লীল হয়ে الفوا হয়েছে।

ضَالِّيْنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্ট হওয়া।

আয়াত : ৭০

اٰثَارِهِمْ : **তাদের পদাঙ্ক অনুসরণ**। اٰثَارٌ মুযাফ هُمْ মুযাফ ইলাইহি।

يُهْرَعُوْنَ : **তারা ধাবিত হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ر ـ ع) মাসদার اَلْاِهْرَاعُ অর্থ– দৌড়ানো; ধাবিত হওয়া।

আয়াত : ৭১

ضَلَّ : **সে বিপথগামী হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– ضَلَالٌ অর্থ– সঠিক রাস্তা থেকে বিচ্যুত হওয়া। هِدَايَةٌ হলো এর বিপরীতার্থক শব্দ। যেমন– فَمَنِ اهْتَدٰى

فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا পথচ্যুত হওয়া যে কোনোভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে কম বা অধিক সর্বাবস্থায়ই তাকে ضَلَالٌ বলা হবে। এ কারণেই পয়গাম্বর এবং কাফের উভয়ের জন্যই ضَلَالٌ শব্দের ব্যবহার হয়েছে। যদিও উভয়ের ضَلَالٌ -এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য]

আয়াত : ৭২

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

مُنْذِرِيْنَ : **ভীতিপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা।

আয়াত : ৭৩

اُنْظُرْ : **তুমি লক্ষ্য কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظَرُ অর্থ– প্রত্যক্ষ করা; দেখা; লক্ষ্য করা।

عَاقِبَةُ : **পরিণাম**। এটি মূলত বাব نَصَرَ -এর মাসদার। যার অর্থ– পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন, এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন– وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ [শুভ পরিণাম মুত্তাকিদের জন্য।] ইযাফত অবস্থায় কখনো শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন ثُمَّ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ اَسَاءُوا [যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে।] এর বহুবচন– عَوَاقِبُ

مُنْذَرِيْنَ : **ভীতিপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা।

আয়াত : ৭৪

مُخْلَصِيْنَ : **একনিষ্ঠভাবে; বিশুদ্ধচিত্ত হয়ে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ– একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ববাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেবের মতে গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

আয়াত : ৭৫

نُوْحٌ : **বিশিষ্ট নবী হযরত নূহ (আ.)**। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

نِعْمَ : **কতই না উত্তম!** এটি فِعْل مَدْحٌ বা প্রশংসাবাচক ক্রিয়া। নাহুবিদগণ বলেন, যেভাবে بِئْسَ হলো فعل ذَمّ তেমনিভাবে نِعْمَ হলো فِعْل مدح ; কিন্তু ماضى বা نِعْمَ (ماضى) ও نِعْمَتْ ব্যতীত مضارع -এর অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। আর পবিত্র কুরআনে তো نِعْمَتْ ও আসেনি। যাহোক নাহুবিদদের পরিভাষায় نِعْمَ ফে'ল। ইমাম রাগেব (র.) লিখেছেন– نِعْمَ -এর উৎসস্থল نعمة বা نعم ;

اَلْمُجِيْبُوْنَ : **সাড়াদানকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِجَابَةُ অর্থ– সাড়া দেওয়া; জবাব দেওয়া; উত্তর দেওয়া; দোয়া কবুল করা।

আয়াত : ৭৬

نَجَّيْنٰهُ : **আমি তাকে রক্ষা করেছি**। نَجَّيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া। ه যমীর মাফঊলে বিহী।

اَهْلَهٗ : **তার পরিবার-পরিজন**। اَهْل মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। اَهْل অর্থ– ওয়ালা; মালিক; অধিবাসী। একই মাযহাব, বংশ বা অন্য কোনো ধরনের আত্মীয়তার সম্পর্ক অথবা কোনো বিশেষ পেশায় অংশীদার হলে তাদের মধ্যকার সম্পর্কের জন্য اَهْل ব্যবহার হয়।

اَلْكَرْبِ الْعَظِيْمِ : **মহাসংকট**। اَلْكَرْبُ ইসমে মাসদার মা'রেফা।

আয়াত : ৭৭

بَاقِيْنَ : **অবশিষ্ট**। সীগাহ اسم فاعل جمع مذكر বহছ বাব ضَرَبَ মূলবর্ণ (ب - ق - ى) মাসদার اَلْبَقَاءُ অর্থ– অবশিষ্ট থাকা; কোনো বস্তু স্ব-স্থানে স্থির থাকা। এর বিপরীত শব্দ হলো فَنَاءٌ ; উল্লেখ্য بَاقِى দুপ্রকার।

১. بَاقِى بِنَفْسِه তথা সত্তাগতভাবে বাকি থাকা, যা কখনো নিঃশেষ হয় না। এটা কেবলমাত্র আল্লাহ তা'আলার গুণ।

২. بَاقِى بِغَيْرِه তথা পরনির্ভরভাবে বাকি থাকা। আল্লাহ তা'আলা ব্যতীত সবকিছুই এর অন্তর্ভুক্ত। যার ধ্বংস অবশ্যম্ভাবী।

আয়াত : ৭৮

تَرَكْنَا : **আমরা রেখে গেলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت - ر - ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– রেখে যাওয়া; ছেড়ে যাওয়া।

اَلْاٰخِرِيْنَ : **পবরর্তীতে**। বহুবচন, একবচন– اَلْاٰخَرُ

আয়াত : ৭৯

سَلٰمٌ : **সালাম, সম্ভাষণ**। ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। (বিস্তারিত সূরা ইয়াসীন, আয়াত : ৫৮ দ্রষ্টব্য)

اَلْعٰلَمِيْنَ : **সমগ্র বিশ্ব**। বহুবচন, একবচন– عَالَمٌ [সূরা ফাতিহা, আয়াত : ১ দ্রষ্টব্য]

আয়াত : ৮০

نَجْزِىْ : **আমি পুরস্কৃত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج - ز - ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া; পুরস্কৃত করা; বিনিময় দেওয়া।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح - س - ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সুন্দর করা; অনুগ্রহ করা; সৎকর্ম করা।

আয়াত : ৮২

اَغْرَقْنَا : **আমি নিমজ্জিত করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْرَاقُ মূলবর্ণ (غ - ر - ق) অর্থ– নিমজ্জিত করা; ডুবানো।

আয়াত : ৮৩

شِيْعَةِ : **সম্প্রদায়গণ**। একবচন; বহুবচন– شِيَعٌ যা একবচন, দ্বিবচন, বহুবচন, পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ সকলের জন্য ব্যবহার হয়।

اِبْرٰهِيْمَ : **বিশিষ্ট নবী হযরত ইবরাহীম (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৪ দ্রষ্টব্য]

আয়াত : ৮৪

قَلْبٍ : **হৃদয়; অন্তর; চিত্ত**। একবচন, বহুবচন– قُلُوْبٌ ; মাসদার , অর্থ– পরিবর্তন হওয়া; উল্টে যাওয়া; ঘুরে যাওয়া; ফিরিয়ে দেওয়া। নামকরণের কারণ হলো - ১. জীবনভর তার মধ্যে স্পন্দন, পরিবর্তন ও উলট-পালট হতেই থাকে। ২. হৃদয়ের সাথে সম্পৃক্ত বিষয়াদি যেমন– ইলম, জ্ঞান, বুদ্ধি, বীরত্ব, ইত্যাদি তার মধ্যেও পরিবর্তন হতে থাকে।

سَلِيْمٍ : **বিশুদ্ধ; সুস্থ; নিরোগ; পবিত্র**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (س - ل - م) মাসদার اَلسَّلَامَةُ অর্থ– নিরাপদ হওয়া; সুস্থ হওয়া; ভালো হওয়া।

আয়াত : ৮৫

لِاَبِيْهِ : **তার পিতাকে**। لام হরফে জার। اَبٌ মুযাফ ,যমীর মুযাফ ইলাইহি। اَبٌ একবচন, বহুবচন– اٰبَاءٌ

تَعْبُدُوْنَ : **তোমরা ইবাদত করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع - ب - د) অর্থ– ইবাদত করা; পূজা করা।

আয়াত : ৮৬

اِفْكًا : **অপবাদ**। কোনো বস্তু তার আসল দিক থেকে মুখ ফিরানোকে اِفْكٌ বলা হয়। সুতরাং যে কথা তার আসল আকৃতি থেকে ফিরে গেছে তাকে اِفْك বলা হবে। মিথ্যা অপবাদের মধ্যে এ অর্থটি ব্যাপকভাবে বিদ্যমান, তাই তাকে اِفْك বলা হবে।

تُرِيْدُوْنَ : **তোমরা ইচ্ছা করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر - و - د) অর্থ– ইচ্ছা করা।

আয়াত : ৮৭

ظَنَّ : **সে মনে করেছে; সে ধারণা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা। [বিস্তারিত সূরা আহযাব, আয়াত : ১০ দ্রষ্টব্য)

رَبِّ : **প্রতিপালক**। একবচন, বহুবচন– اَرْبَابٌ [বিস্তারিত সূলা ফাতিহা দ্রষ্টব্য)

আয়াত : ৮৮

نَظَرَ : **তিনি লক্ষ্য করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– প্রত্যক্ষ করা; দেখা; লক্ষ্য করা।

اَلنُّجُوْمِ : **নক্ষত্ররাজি**। বহুবচন, একবচন–نَجْمٌ

আয়াত : ৮৯

سَقِيْمٌ : **অসুস্থ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; বাব كَرُمَ ও سَمِعَ মাসদার اَلسُّقْمُ অর্থ– পীড়িত হওয়া; অসুস্থ হওয়া। ইমাম রাগেব (র.) লিখেছেন– سُقْمٌ ও سُقُمٌ এমন রোগ-ব্যাধিকে বলা হয় যা দেহের সাথে সম্পৃক্ত। আর مَرَضٌ এমন রোগ-ব্যাধিকে বলা হয় যা দেহের জন্যও হয় আবার কখনো অন্তরের জন্যও হয়। যেমন– فِىْ قُلُوْبِهِمْ مَّرَضٌ [তাদের অন্তরে ব্যাধি রয়েছে] اِنِّىْ سَقِيْمٌ [আমি অসুস্থ] দ্বারা উদ্দেশ্য হলো

১. এখানে তিনি تَوْرِيَةٌ করেছেন। তাওরিয়া বলা হয় এমন কথা বলা যার বাহ্যিক অর্থ বাস্তবের প্রতিকূল এবং বক্তার উদ্দিষ্ট অর্থ বাস্তবের অনুকূলে। এতে তার মনের উদ্দেশ্য ছিল মানসিক সঙ্কোচন, যা স্বগোত্রের মুশরিকসুলভ কাণ্ডকীর্তি দেখে তার মনে সৃষ্টি হচ্ছিল। سَقِيْم শব্দের ব্যবহার থেকেও এর সমর্থন পাওয়া যায়। কারণ এটা مَرَضٌ শব্দ অপেক্ষা অর্থের দিক থেকে অনেকটা হালকা। "আমার মন খারাপ" বলেও এ অর্থ অনেকটা ব্যক্ত করা যায়।

২. কেউ কেউ বলেন– اِنِّىْ سَقِيْمٌ দ্বারা ইবরাহীম (আ.)-এর উদ্দেশ্য ছিল এই যে, আমি অসুস্থ হয়ে পড়ব। কারণ আরবি ভাষায় اسم فاعل -এর পদবাচ্য বহুল পরিমাণে ভবিষ্যত কালের জন্য ব্যবহৃত হয়। যেমন– কুরআনে পাকে রাসুলুল্লাহকে সম্বোধন করে বলা হয়েছে–اِنَّكَ مَيِّتٌ وَّاِنَّهُمْ مَّيِّتُوْنَ (আপনিও মৃত, তারাও মৃত) মূলত এ অর্থ এখানে উদ্দেশ্য নয়। বরং; অর্থ হলো আপনিও মৃত্যুবরণ করবেন এবং তারাও মৃত্যুবরণ করবে।

৩. কারো কারো মতে হযরত ইবরাহীম (আ.) তখন বাস্তবিকই কিছুটা অসুস্থ ছিলেন।

আয়াত : ৯০

تَوَلَّوْا : **তারা মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ي) অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلّى যখন صلة ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয় তখন এর অর্থ হয়– কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন–وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ [তোমাদের মধ্য হতে যারা তাদের সাথে বন্ধুত্ব করে] وَالَّذِىْ تَوَلّٰى كِبْرَهٗ [যে এ বিশাল কাজকে উঠিয়েছে] فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ [তোমার কাছে এই প্রত্যাশা যে, তুমি গভর্নর হবে]। আর যদি عَنْ দ্বারা মুতাআদ্দী হয় عَنْ শব্দগতভাবে উল্লেখ থাকুক বা ঊহ্য থাকুক তখন অর্থ হবে– মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দুভাবে হতে পারে। সেখান থেকে সরে যাওয়া অথবা, মনোযোগ না দেওয়া ও নির্দেশ না মানা।

مُدْبِرِيْنَ : **পৃষ্ঠপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلْاِدْبَارُ অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা; পলায়ন করা; লুকায়িত থাকা; ভয়ে চলে যাওয়া। পবিত্র কুরআনে مُدْبِرٌ বা مُدْبِرِيْنَ শব্দ একাকী ব্যবহার করা হয় না। বরং تَوْلِيَةٌ বা تَوَلّى থেকে গঠিত কোনো فعل অবশ্যই সাথে আনা হয়। উদাহরণত وَلَّيْتُمْ، تَوَلَّوْا، تَوَلَّوْنَ، وَلَّوْا ، وَلّى ইত্যাদি। এরূপ করার কারণ হলো যেন মুখ ফিরিয়ে পৃষ্ঠপ্রদর্শন করে চলে যাওয়ার অর্থ সৃষ্টি হয়।

আয়াত : ৯১

رَاغَ : **সে সন্তর্পণে প্রবেশ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلرَّوْغُ মূলবর্ণ (ر ـ و ـ غ) অর্থ– সন্তর্পণে প্রবেশ করা; চুপিসারে কোনো কিছুর প্রতি নজরদারী করা।

আয়াত : ৯২

لَا تَنْطِقُوْنَ : **তোমরা কথা বলছ না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ط ـ ق) মাসদার اَلنُّطْقُ অর্থ– কথা বলা; আলোচনা করা।

আয়াত : ৯৩

ضَرْبًا : **আঘাত করল**। মাসদার اَلضَّرْبُ অর্থ– আঘাত করা, প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। আরো অনেক অর্থের জন্য আসে। এখানে প্রথম অর্থটি উদ্দেশ্য।

بِالْيَمِيْنِ : **সবলে**। ডান হাত দ্বারা। بِا হরফে জার। اَلْيَمِيْنُ ইসম। একবচন, বহুবচন– اَيْمَانٌ

আয়াত : ৯৪

اَقْبَلُوْا : **তারা মুখ করেছে; তারা অভিমুখী হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلْاِقْبَالُ অর্থ– কোনো দিকে মুখ করা; অভিমুখী হওয়া; কোনো দিকে তাকানো।

يَزِفُّوْنَ : **তারা ধেয়ে আসে; তারা ছুটে আসে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবণ (ز ـ ف ـ ف) মাসদার اَلزَّفُّ - اَلزَّفِيْفُ ও اَلزُّفَافُ অর্থ– দৌড়ে যাওয়া; ছুটে চলা।

আয়াত : ৯৫

تَنْحِتُوْنَ : **তোমরা কর্তন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ن ـ ح ـ ت) মাসদার اَلنَّحْتُ অর্থ– কাটা; কর্তন করা; কেটে সাইজ করা; ভাস্কর্য বানানো।

আয়াত : ৯৭

اِبْنُوْا : **তোমরা নির্মাণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْبِنَاءُ মূলবর্ণ (ب ـ ن ـ ى) অর্থ– নির্মাণ করা; গঠন করা।

بُنْيَانًا : **ইমারত**। এটি বহুবচন নয় বরং একবচন। কারণ بُنْيَانٌ مَّرْصُوْصٌ -এর মধ্যে -এর صفت ও পুংলিঙ্গ; যদি শব্দটি বহুবচন হতো তাহলে صفت স্ত্রীলিঙ্গ আসতো। কতক ওলামায়ে কেরামের মত হলো এটি بُنْيَانَةٌ -এর বহুবচন। যেমন– شَعِيْرٌ শব্দটি شَعِيْرَةٌ -এর বহুবচন এবং تَمْرٌ শব্দটি تَمْرَةٌ -এর বহুবচন। এ ধরনের বহুবচনের ক্ষেত্রে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ই জায়েজ আছে।

اَلْقُوْهُ : **তোমরা তাকে ফেলে দাও**। اَلْقُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اِلْقَاءٌ অর্থ– নিক্ষেপ করা; ফেলে দেওয়া; ছুড়ে মারা। ه যমীর মাফঊলে বিহী। اَلْقُوْا মূলত اَلْقِيُوْا ছিল। যের এর পরে - يا ء -এর উপর পেশ পড়া কঠিন বিধায় قاف -এর হরকত ফেলে দিয়ে يا ء -এর হরকত قاف কে দেওয়া হয়েছে। এবার يا ء এবং واو -তে দুই সাকিন একত্র হয়েছে। তাই নিয়মানুযায়ী يا ء পড়ে গেছে। এভাবে اَلْقُوْا হয়ে গেছে।

اَلْجَحِيْمِ : **জাহান্নাম**। **জ্বলন্ত আগুন**। (বিস্তারিত সূরা সাফফাত, আয়াত : ২৩ দ্রষ্টব্য)

আয়াত : ৯৮

اَرَادُوْا : **তারা সংকল্প করেছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা।

كَيْدًا : **ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। অর্থ– ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْرٌ ও اِسْتِدْرَاجٌ -এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

اَلْاَسْفَلِيْنَ : অতিশয় হেয়। সীগাহ جمع مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلسَّفَالَةُ অর্থ– নীচু হওয়া; নিম্ন হওয়া; নিকৃষ্ট হওয়া।

আয়াত : ৯৯

سَيَهْدِيْنِ : **তিনি আমাকে অবশ্যই সৎপথে পরিচালিত করবেন**। এখানে يـاء متـكلم উহ্য রয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া।

আয়াত : ১০০

هَبْ : **তুমি দান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْهِبَةَ ও اَلْوَهْبُ অর্থ– দান করা।

اَلصّٰلِحِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ ও نَصَرَ মাসদার اَلصَّلَاحُ ও اَلصُّلُوْحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সৎ হওয়া; ভালো হওয়া। বহুবচন, একবচন– صَالِحٌ

আয়াত : ১০১

بَشَّرْنَاهُ : **আমি তাকে সুসংবাদ দিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া; আনন্দ দেওয়া।

بِغُلٰمٍ : **পুত্রের**। بـا হরফে জার। غُلَامٌ একবচন, বহুবচন– غِلْمَانٌ، اَغْلِمَةٌ অর্থ– ছেলে; বাচ্চা।

حَلِيْمٍ : **সহনশীল**। فَعِيْلٌ -এর ওযনে صفت مشبه -এর সীগাহ। বাব كَرُمَ মাসদার اَلْحِلْمُ অর্থ– ক্রোধের উত্তেজনা থেকে নফসকে রক্ষা করা তথা সহনশীল হওয়া। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১০২

لَمَّا بَلَغَ : **সে যখন উপনীত হলো**। لـمـا যরফ, بَلَغَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبَلَاغُ ও اَلْبُلُوْغُ অর্থ– লক্ষ্যে পৌঁছা; বালেগ হওয়া।

اَلسَّعْىَ : **চেষ্টা করা। ইচ্ছা করা; কাজ করা; চলা; হাঁটা; দৌড়ানো**। এটি سَعٰى يَسْعٰى -এর মাসদার। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– سَعْى অর্থ– مَشْى سَرِيْع তথা দ্রুত দৌড়ানো। যা عَدْو [দৌড়ানো] থেকে কম। যা কোনো বিষয়ে চেষ্টার জন্য ব্যবহার হয়, তা উত্তম হোক বা মন্দ। তবে সাধারণত উত্তম কাজের জন্য হয়ে থাকে। এখানে এর অর্থ প্রসঙ্গে জালালাইন প্রণেতা বলেন– اَىْ اَنْ يَسْعٰى مَعَهُ وَيُعِيْنُهُ قَبْلَ بُلُوْغِ سَبْعِ سِنِيْنَ وَقِيْلَ ثَلَاثَةَ عَشَرَ سَنَةً

اَرٰى : **আমি দেখি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা; তাকিয়ে থাকা।

مَنَامِ : **স্বপ্ন**। শব্দটি একবচন, বহুবচন– مَنَامَاتٌ অর্থ– নিদ্রা; ঘুম।

اَذْبَحُكَ : **আমি তোমাকে জবাই করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ب ـ ح) মাসদার اَلذَّبْحُ অর্থ– জবাই করা; কোরবানী করা।

فَانْظُرْ : **তুমি লক্ষ্য কর**। فا জাযাইয়া اُنْظُرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; দৃষ্টিপাত করা; লক্ষ্য করা।

مَاذَا تَرٰى : **তোমার কি অভিমত?** تَرٰى সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

يٰاَبَتِ : **হে আমার পিতা!** يـا হরফে নিদা। নাহুবিদদের মতে নিকটবর্তী-দূরবর্তী ও মধ্যবর্তী সকলকে আহ্বানের জন্য গঠন করা হয়েছে। مُنَادٰى টা দূরে হওয়া আবশ্যক নয়। আরবি ভাষায় আহ্বানের জন্য সর্বাধিক ব্যবহৃত হরফ এটিই। اِسْمِ اَللّٰه শব্দ, اَيُّهَا، اَيَّتُهَا ও مُسْتَغَاثٌ -এর উপর يـا ব্যতীত অন্য কোনো হরফে নিদা আসেই না। مُنَادٰى টি যদি উল্লেখ থাকে এবং হরফে নিদা উহ্য হয় তখন يـا

ব্যতীত অন্য কোনো হরফে নিদা উহ্য হতেই পারে না। যেমন–يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا ; يَا সর্বদা ইসমের উপর প্রবেশ করে।

اَبَتِ : **আমার পিতা**। মূলত اَبَتِىْ ছিল। নিয়ম হলো যদি শব্দের উপর হরফে নিদা প্রবেশ করে, তখন - اَبٌ اَبٌ এর শেষে تاء বৃদ্ধি করে দেওয়া হয়।

اِفْعَلْ : **তুমি কর**। সীগাহ امر واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ع ـ ل) মাসদার اَلْفِعْلُ অর্থ– করা; এর মূল অর্থ– مُؤَثِّر [প্রভাবশালী] এর পক্ষ থেকে تَاثِيْرٌ সৃষ্টি করা। চাই তা উত্তমতার সাথে হোক বা অনুত্তমতার সাথে, ইচ্ছায় হোক বা অনিচ্ছায়, মানুষের পক্ষ থেকে হোক বা প্রাণী ও জড় পদার্থের পক্ষ থেকে হোক।

تُؤْمَرُ : **তোমাকে নির্দেশ দেওয়া হয়েছে**। সীগাহ جمع نَصَرَ বাব مضارع مجهول বহছ مذكر حاضر মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ করা।

سَتَجِدُنِىْ : **অবশ্যই তুমি আমাকে পাবে**। সীগাহ واحد ضَرَبَ বাব مضارع معروف বহছ مذكر حاضر মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ– পাওয়া।

شَاۤءَ : **তিনি ইচ্ছা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

الصّٰبِرِيْنَ : **ধৈর্যধারণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব মুফরাদুাতুল কুরআনে লিখেছেন– صَبْر অর্থ নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো جَزَعٌ [অস্থিরতা, উৎকণ্ঠা]। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে– شُجَاعَةٌ বা বীরত্ব; جُبْن [ভীরুতা] হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্ণকারী বিপদের সময় হলে তাকে বলা হবে رَحْبُ الصَّدْر। [প্রসন্নতা; উদারতা]; ضَجَر [সঙ্কীর্ণতা] হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে– كِتْمَانٌ [গোপন করা] আর مَذِل [কথা ফাঁস করে দেওয়া] হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

আয়াত : ১০৩

اَسْلَمَا : **তারা উভয়ে আত্মসমর্পণ করল/ আনুগত্য প্রকাশ করল**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– বাধ্যগত হওয়া; অনুগত হওয়া; আত্মসমর্পণ করা।

تَلَّهٗ : **তিনি তাকে শায়িত করলেন**। تَلَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ; মূলবর্ণ (ت ـ ل ـ ل) মাসদার اَلتَّلُّ অর্থ– ধরাশায়ী করা; ভূমিসাৎ করা। ه যমীর মানসূব মুত্তাসিল

لِلْجَبِيْنِ : **কপাল; ললাট**। এটি ইসম।

আয়াত : ১০৪

نَادَيْنَا : **আমি আহ্বান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُنَادَاةُ মূলবর্ণ (ن ـ د ـ ى) জিনস ناقص يائى অর্থ– ডাকা; আহবান করা।

আয়াত : ১০৫

قَدْ صَدَّقْتَ : **তুমি সত্যে পরিণত করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى قريب معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ– সত্যায়ন করা; সত্যে পরিণত করা।

الرُّؤْيَا : **স্বপ্ন**। শব্দটি কুরআনে واو বিহীন শুধুমাত্র أ দ্বারা লিপিবদ্ধ হয়েছে। যা رَاٰى يَرٰى তথা فَتَحَ -এর মাসদার। অর্থ স্বপ্ন দেখা। আবার فعلى -এর ওযনে اسم ও হয়। অর্থ– স্বপ্ন। আল্লামা বায়যাভী (র.) লিখেছেন– رُؤْيَا শব্দটি رُؤْيَةٌ -এরই ন্যায়। তবে رُؤْيَا -টি স্বপ্নের জন্য নির্দিষ্ট। [বিস্তারিত সূরা ইউসূফ, আয়াত : ৪৩ দ্রষ্টব্য]

اَلْمُحْسِنِيْنَ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– ফরজের অধিক নফল আদায় করা; যে কোনো ধরনের সৌন্দর্য সৃষ্টি করা। আমলের ক্ষেত্রে اِحْسَانٌ দুভাবে হতে পারে। যথা–

১. কাউকে তার অধিকারের চেয়ে অধিক দান করা এবং নিজের অধিকার থেকে কম নেওয়া।

২. নিজের আমলের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা। অর্থাৎ ফরজ আদায়ের পর সুন্নত, নফল, মোস্তাহাবও আদায় করা। –[রাগেব] ইবাদতের ক্ষেত্রে اِحْسَانٌ -এর ব্যাখ্যা হাদীসে এভাবে দেওয়া হয়েছে– اَنْ تَعْبُدَ اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَّمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهٗ يَرَاكَ [তুমি এমনভাবে ইবাদত কর যে তুমি তাঁকে [আল্লাহকে] দেখছ, যদি এমন সম্ভব না হয় তাহলে এটা মনে কর যে তিনি তোমাকে দেখছেন। –[বুখারী]

আয়াত : ১০৬

بَلٰـؤٌا : পরীক্ষা। মাসদার। এর ماضى -এর সীগাহ বাব سَمِعَ থেকে এলে অর্থ হয়– পুরাতন হওয়া। আর বাব نَصَرَ থেকে হলে অর্থ হয়– পরীক্ষা করা; যাচাই করা। আল্লাহ তা'আলা বান্দাদেরকে কখনো সচ্ছলতা দিয়ে পরীক্ষা করেন যেন 'কৃতজ্ঞ বান্দা' হতে পারে। আবার কখনো সঙ্কীর্ণতা দিয়েও পরীক্ষা করেন যেন সে 'ধৈর্যধারণকারী বান্দা' হতে পারে। এ আয়াতে উভয় ধরনের পরীক্ষা উদ্দেশ্য ছিল। ফেরাউন থেকে উদ্ধার করা ছিল নিয়ামত আর ছেলেদেরকে হত্যা করা এবং মেয়েদেরকে জীবিত রাখা ছিল কষ্ট।

اَلْمُبِيْنُ : প্রকাশ্য। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ১০৭

فَدَيْنٰهُ : আমি তাকে মুক্ত করলাম। فَدَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাবে ضَرَبَ মূলবর্ণ (ف ـ د ـ ى) মাসদার اَلْفِدَاءُ অর্থ– কোনো জিনিস প্রাণের বিনিময়ে দেওয়া।

ذِبْحٍ عَظِيْمٍ : মহা কুরবানি।

আয়াত : ১১০

نَجْزِى : আমি পুরস্কৃত করি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া; পুরস্কৃত করা; বিনিময় দেওয়া।

اَلْمُحْسِنِيْنَ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সুন্দর করা; অনুগ্রহ করা; সৎকর্ম করা।

আয়াত : ১১২

بَشَّرْنٰهُ : আমি তাকে সুসংবাদ দিলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া; আনন্দ দেওয়া।

اِسْحٰقَ : বিশিষ্ট নবী হযরত ইসহাক (আ.)। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৬ দ্রষ্টব্য]

اَلصّٰلِحِيْنَ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ ও فَتَحَ মাসদার صَلَاحٌ ও صُلُوْحٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সৎ হওয়া; ভালো হওয়া; নেককার হওয়া।

আয়াত : ১১৩

بٰرَكْنَا : আমি কল্যাণ দান করি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) অর্থ– বরকতময় হওয়া; কল্যাণময় হওয়া।

ذُرِّيَّةِ : বংশ। একবচন, বহুবচন, ذَرَارِىُّ، ذُرِّيَّاتٌ অর্থ– বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন; কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য]

مُحْسِنٌ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার

اَلْاِحْسَانُ অর্থ– সৎকর্ম করা; আমলে উত্তম বৈশিষ্ট্য সংযোজন করা। (বিস্তারিত সূরা সাফফাত : আয়াত : ১০৫ দ্রষ্টব্য)

ظَالِمٌ : অত্যাচারী; জুলুমকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ . ل . م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْم -এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

مُبِيْنٌ : প্রকাশ্য। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب . ى . ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ১১৪

مَنَنَّا : আমি অনুগ্রহ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م . ن . ن) মাসদার اَلْمَنُّ অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া।

مُوْسٰى : বিশিষ্ট নবী হযরত মূসা (আ.)। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫১ দ্রষ্টব্য]

هٰرُوْنَ : বিশিষ্ট নবী হযরত হারূন (আ.)। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

আয়াত : ১১৫

نَجَّيْنٰهُمَا : আমি তাদেরকে মুক্তি দিয়েছি/ উদ্ধার করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن . ج . و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; নাজাত দেওয়া; উদ্ধার করা

اَلْكَرْبِ الْعَظِيْمِ : মহাসংকট। اَلْكَرْبُ শব্দটি ইসম ও মাসদার। অর্থ– ভীষণ দুশ্চিন্তা। –[রাগেব] শ্বাসরুদ্ধ কর দুঃখ। বড় বিপদ। –[কামূস] كَرْبُ الْاَرْضِ [ভূমি খনন করা; জমি চাষ করা।] দুঃখ ও অন্তরে অস্থিরতা সৃষ্টি করে, তাই যেন তা অন্তরের জমিকে খনন করে ফেলে। كَرْب গাইট বা বোঝা যা রশির মাথায় বাঁধা হয়। দুঃখ-কষ্টও অন্তরের বোঝা হয়ে থাকে। –[মুফরাদাত] كَرْب অর্থ– নিকটবর্তীও আসে। বলা হয়– كَرُبَتِ الشَّمْسُ [সূর্য অস্ত যাওয়ার উপক্রম হয়েছে।] অধিক দুশ্চিন্তা দ্বারা অন্তরও ডুবতে থাকে, অন্তর ঝিমিয়ে পড়ে, নিষ্ক্রিয় হয়ে জীবনের সজীবতা নিঃশেষ করে দেয়।

اَلْعَظِيْمِ : বড়। বিরাট। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ع . ظ . م) মাসদার اَلْعَظَامَةُ অর্থ– বড় হওয়া; মহান হওয়া।

আয়াত : ১১৬

نَصَرْنٰهُ : আমি তাকে সাহায্য করেছিলাম। نَصَرْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن . ص . ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা; সহযোগিতা করা। ه যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

اَلْغَالِبِيْنَ : বিজয়ীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ . ل . ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ– বিজয়ী হওয়া; পরাজিত করা।

আয়াত : ১১৭

اٰتَيْنٰا : আমি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ . ت . ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া; দান করা।

اَلْكِتٰبَ : কিতাব। গ্রন্থ। একবচন, বহুবচন كُتُبٌ ; এটি মাসদার যা মাফউলে তথা مَكْتُوْبٌ অর্থে ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন, আসমানি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূয; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আমলনামা; আল্লাহপ্রদত্ত দলিল। পবিত্র কুরআনে কুরআনেরও অনেকগুলো নাম উল্লেখ করা হয়েছে। যেমন– কুরআন; কিতাব; তানযীল; ফুরকান; জিকর ইত্যাদি।

اَلْمُسْتَبِيْنَ : বিশদ/সুস্পষ্ট/প্রকাশ্য। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِبَانَةُ মূলবর্ণ (ب . ى . ن) অর্থ– প্রকাশ হওয়া; স্পষ্ট হওয়া।

আয়াত : ১১৮

هَدَيْنَا : **আমি পথপ্রদর্শন করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه ـ د ـ ي) অর্থ– পথপ্রদর্শন করা; হেদায়েত করা; সঠিক পথের অনুসন্ধান দেওয়া।

اَلْمُسْتَقِيْمَ : **সরল; সঠিক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– সঠিক হওয়া; সুদৃঢ় হওয়া; সরল হওয়া।

আয়াত : ১১৯

تَرَكْنَا : **আমরা রেখে গেলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلتَّرْكُ মূলবর্ণ (ت ـ ر ـ ك) অর্থ–' রেখে যাওয়া; ছেড়ে যাওয়া।

আয়াত : ১২০

سَلٰمٌ : **শান্তি বর্ষিত হোক**। এটি ইসম। আবার বাবে سَمِعَ -এর মাসদার। অর্থ– দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। (বিস্তারিত সূরা সাফাত, আয়াত : ২১ দ্রষ্টব্য)

আয়াত : ১২৩

اِلْيَاسَ : **বিশিষ্ট নবী হযরত ইলইয়াস (আ.)**। সাধারণত মুফাসসির ও ঐতিহাসিকগণ তাকে বনী ইসরাঈলের নবী বলে আখ্যায়িত করে থাকেন। কিন্তু হযরত ইবনে মাসঊদ থেকে একটি রেওয়ায়েত রয়েছে যে, এটি হযরত ইদরীস (আ.)-এরই অপর নাম। সে মতে হযরত ইদরীসই হলেন, ইলিয়াস। ইমাম বুখারীও ইবনে মাসঊদ থেকে এ ধরনের হাদীস বর্ণনা করেছেন। কিন্তু কুরআনের ভাষ্য মতে এ মন্তব্য সঠিক বলে মনে হয় না। কারণ পবিত্র কুরআনে বলা হয়েছে– وَمِنْ ذُرِّيَّتِهٖ دَاوٗدَ وَسُلَيْمَانَ وَاَيُّوْبَ وَيُوْسُفَ وَمُوْسٰى وَهٰرُوْنَ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ وَ زَكَرِيَّا وَيَحْيٰى وَعِيْسٰى وَاِلْيَاسَ كُلٌّ مِّنَ الصّٰلِحِيْنَ এখানে ذُرِّيَّتِهٖ -এর ه যমীরের মারজি' হযরত নূহ (আ.)। তাই তিনি নূহ (আ.) -এর বংশধর। আর হযরত ইদরীস (আ.) হলেন হযরত নূহ (আ.) -এর একহাজার বছর পূর্বের লোক। সুতরাং এ হিসেবে এটি হযরত ইদরীস এর অপর নাম বলা সঠিক কিনা? তা বলা দুষ্কর। যা হোক তিনি সিরিয়ার অন্যতম শহর বালাবাক্কু -এর দিকে প্রেরিত হয়েছিলেন। সেখানকার লোকেরা মূর্তিপূজায় লিপ্ত ছিল। তিনি তাদেরকে মূর্তিপূজা থেকে বিরত থাকতে এবং এক আল্লাহর ইবাদত ও তাওহীদের দাওয়াত দিতে থাকেন। কিন্তু তারা তাঁর দাওয়াত কবুল করল না। এক পর্যায়ে আল্লাহর অবাধ্যতায় সীমা ছাড়িয়ে গেলে আল্লাহ তা'আলা তাদেরকে ধ্বংস করে দেন।

আয়াত : ১২৪

قَالَ : **সে বলল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। [বিস্তারিত সূরা সাফফাত, আয়াত : ১৮ দ্রষ্টব্য]

اَلَا تَتَّقُوْنَ : **তোমরা কি সাবধান হবে না?** শুরুতে হামযাটি প্রশ্নবোধক। لَا تَتَّقُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; সাবধান হওয়া; আল্লাহভীরু হওয়া।

আয়াত : ১২৫

اَتَدْعُوْنَ : **তোমরা কি ডাকবে?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। تَدْعُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

بَعْلًا : **বা'আল দেবতা**। একবচন, বহুবচন– بُعُوْلٌ ; মূলত بَعْلٌ অর্থ স্বামী। স্বামীরা যেহেতু স্ত্রীদের উপর কর্তৃত্বাধিকারী হয় এ কারণে আরবিতে এমন যে কোনো বস্তুকে بَعْلٌ বলা হয় যা অন্যের উপর শ্রেষ্ঠত্ব রাখে। যেহেতু আরবরা দেবতাদের মাধ্যমে আল্লাহর সান্নিধ্য প্রত্যাশী ছিল, তাই দেবতাদেরকে তারা بَعْلٌ নামে অভিহিত করত। ইমাম রাগেবের তাহকীক অনুযায়ী শব্দটি এ অর্থে ইয়েমেনে অধিক ব্যবহার হয়। সিরিয়ার بَكٌّ নামক স্থানে এ মূর্তিটির পূজা হতো। পরে স্থানটির নামকরণ করা হয়– بَعْلَبَكٌّ

تَذَرُوْنَ : **তোমরা বর্জন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ(و ـ ذ ـ ر)

মাসদার اَلْوَذْرُ অর্থ– বর্জন করা; ত্যাগ করা; পরিহার করা। ام লাম তা'লীলের কারণে মানসূব হয়েছে। উক্ত মাসদার থেকে এ অর্থে فعل مضارع - امر، ও نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

اَحْسَنَ : **উত্তম; সর্বোত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم তফযীল বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– উত্তম হওয়া; সুন্দর হওয়া।

اَلْخَالِقِيْنَ : **সৃষ্টিকর্তা**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা।

আয়াত : ১২৬

اٰبَائِكُمْ : **তোমাদের পূর্বপুরুষ**। اٰبَاءُ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, একবচন– اب পিতা; পূর্বপুরুষ; ফাদার।

আয়াত : ১২৭

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تفعيل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা; কুফরি করা; মিথ্যা বলা।

مُحْضَرُوْنَ : **উপস্থিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلْحُضُوْرُ মূলবর্ণ (ح ـ ض ـ ر) অর্থ– উপস্থিত হওয়া; হাজির হওয়া; ডাকে সাড়া দেওয়া।

আয়াত : ১৩০

اِلْ يَاسِيْنَ : **ইল্‌য়াসীন**। এটি হযরত ইলিয়াস (আ.)-এর অপর নাম। মূলত اِلْيَاسُ অনারবী নাম। আর অনারবী নাম উচ্চারণের ক্ষেত্রে আরবরা অনেক পরিবর্তন করে থাকে। যেমন اِسْمَاعِيْل কে اِسْمَاعِيْن ; مِيْكَائِيْل কে- مِيْكَائِيْن ; اِبْرَاهِيْم কে- اِبْرَاهَامُ ; اِسْرَائِيْل কে- اِسْرَائِيْن বলা হয়। জনৈক কবি বলেন–

يَقُوْلُ رَبُّ السُّوْقِ لَمَّا جِئْنَا
هٰذَا وَرَبِّ الْبَيْتِ اِسْرَائِيْنَا

অপর কবি বলেন–

قَالَتْ وَكُنْتُ رَجُلًا فَطِيْنًا
هٰذَا لَعَمْرُ اللّٰهِ اِسْرَائِيْنَا

উভয় কবিতায় اِسْرَائِيْل কে اِسْرَائِيْن বলা হয়েছে। কারো কারো মতে এটি اِلْيَاسٌ-এর বহুবচন। এর দ্বারা উদ্দেশ্য হলো ইলিয়াস (আ.)-এর অনুসারীগণ। আবার কারো মতে اِلْيَاسِى-এর বহুবচন। তাদের মতে جمع অবস্থায় যেমনিভাবে اَشْعَرِيْنَ ও اَعْجَمِيْنَ এর ياء نسبت পড়ে গেছে, তদ্রূপভাবে এখানেও পড়ে গেছে। আবার কেউ آل ياسين এবং اِلْيَاسِيْنَ পড়েছেন। তবে সর্বাবস্থায় হযরত ইলিয়াস (আ.)-ই উদ্দেশ্য। কালবী اِلْ يَاسِيْن দ্বারা آل محمد উদ্দেশ্য নিয়েছেন। আল্লামা ওয়াহেদী বলেন–هٰذَا بَعِيْدٌ لِاَنَّ مَا بَعْدَهُ مِنَ الْكَلَامِ وَمَا قَبْلَهُ لَا يَدُلُّ عَلَيْهِ অর্থাৎ এটি সঠিক নয়; কারণ বাক্যের পূর্বাপর আলোচনা এ কথাকে স্বীকৃতি দেয় না। –[ফতহুল কাদীর খ. ৪, পৃ. ৩৯৮]

আয়াত : ১৩৩

لُوْطًا : **বিশিষ্ট নবী হযরত লূত** (আ.)। তিনি হযরত ইবরাহীম (আ.) -এর ভাই হারানের পুত্র ছিলেন। তিনি পয়গাম্বর ছিলেন। –[খাযেন, জালালাইন, মা'আলিম] তাঁকে মৃতসাগরের উপকূলের জনপদের লোকজনের হেদায়েতের জন্য প্রেরণ করা হয়েছিল। সেখানকার সবচেয়ে বড় বস্তি ছিল সাদূম। তারা সাধারণত সমকামিতা, লুট-তরাজ ও মাপে কম দেওয়ার কাজে লিপ্ত ছিল। লোকেরা তাকে মানল না। ঈমানও আনেনি। যখন তাদের অবাধ্যতা চরমে পৌঁছে গেল তখন আল্লাহর আজাব অবতীর্ণ হলো। জনপদসমূহকে উল্টে দেওয়া হয়েছিল, উপর থেকে সুচালো কঙ্কর নিক্ষেপ করা হয়েছিল। হযরত লূত (আ.)-এর স্ত্রীও তাদের অন্তর্ভুক্ত ছিল। সেও ধ্বংস হয়ে গেল। তবে সৎকর্মপরায়ণদেরকে রক্ষা করা হয়েছিল।

اَلْمُرْسَلِيْنَ : **প্রেরিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

আয়াত : ১৩৪

نَجَّيْنٰهُ : **আমি তাকে রক্ষা করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْجِيَةُ মূলবর্ণ (ن ـ ج ـ و) অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া।

اَجْمَعِيْنَ : **সকলকে।** বহুবচন, একবচন– اجمع তাকীদের জন্য ব্যবহৃত হয়। অর্থ– তারা সবাই।

আয়াত : ১৩৫

عَجُوْزًا : **বৃদ্ধা; অতিশয় বৃদ্ধা।** ইমাম রাগেব (র.) লিখেছেন, বৃদ্ধাকে عَجُوْزٌ বলার কারণ হলো তারা অনেক ধরনের কাজ সম্পাদন করতে অক্ষম থাকে। আল্লামা ফাইউমী (র.) মিসবাহুলমুনীরে লিখেছেন এর স্ত্রীলিঙ্গ ة দ্বারা আসে না। তবে ইবনুল আম্বারী লিখেছেন– ة দ্বারা স্ত্রীলিঙ্গ আসে। ইউনুস থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি আরবদেরকে عَجُوْزَةٌ বলতে শুনেছি। এর বহুবচন– عُجُزٌ ও عَجَائِزُ

اَلْغٰبِرِيْنَ : **[মুক্তি থেকে]** পশ্চাতে অবস্থানকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْغُبُوْرُ মূলবর্ণ (غ ـ ب ـ ر) অর্থ– গত হওয়া; অতীত হওয়া; পশ্চাতে অবস্থান করা; ধ্বংসপ্রাপ্ত হওয়া। প্রফেসর আব্দুর রউফ মিশরী লিখেছেন, আসল বস্তু অতিবাহিত হওয়ার পর যা অবশিষ্ট থাকে তাকে অভিধানে غَابِرٌ বলা হয়। এ কারণেই غُبَارٌ ঐ ধূলিকে বলা হয় যা কাফেলা চলে যাওয়ার পর উড়ে পিছে পড়ে থাকে। –[মু'জামুল কুরআন]

আয়াত : ১৩৬

دَمَّرْنَا : **আমি ধ্বংস করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (د ـ م ـ ر) মাসদার اَلتَّدْمِيْرُ অর্থ– ধ্বংস করা।

আয়াত : ১৩৭

لَتَمُرُّوْنَ : **নিশ্চয়ই তোমরা অতিক্রম করবে।** লামটি তাকীদের জন্য। تَمُرُّوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ر ـ ر) মাসদার اَلْمُرُوْرُ অর্থ– অতিক্রম করা; পিছনে ফেলা; অগ্রসর হওয়া।

مُصْبِحِيْنَ : **প্রত্যুষে।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– সকাল করা; প্রভাতে উপনীত হওয়া।

আয়াত : ১৩৮

اَفَلَا تَعْقِلُوْنَ : **তোমরা কি অনুধাবন করো না?** শুরুতে হামযা প্রশ্নবোধক। لَا تَعْقِلُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ– বুঝা; বোধগম্য হওয়া; অনুধাবন করা।

আয়াত : ১৩৯

يُوْنُسَ : **বিশিষ্ট নবী হযরত ইউনূস** (আ.)। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

اَلْمُرْسَلِيْنَ : **প্রেরিতগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

আয়াত : ১৪০

اَبَقَ : **সে পলায়ন করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ - ضَرَبَ - سَمِعَ মূলবর্ণ (أ ـ ب ـ ق) মাসদার اَلْاِبَاقُ - اَلْاَبْقُ - اَلْاَبَقُ অর্থ– গোলাম পলায়ন করা।

اَلْفُلْكِ : **নৌযান।** শব্দটি পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন ও বহুবচন সবই হতে পারে। অথবা এটি একবচনরূপে বহুবচন। তখন একবচন হবে– فُلُكٌ [ف ও ل বর্ণে যবরযোগে [কামূস]

اَلْمَشْحُوْنِ : **বোঝাই; ভর্তিকৃত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ ও سَمِعَ - فَتَحَ মূলবর্ণ (ش ـ ح ـ ن) মাসদার اَلشَّحْنُ অর্থ– ভরা; পূর্ণ করা; ভর্তি করা। তাছাড়া বাবে سَمِعَ থেকে شَحْنٌ শত্রুতা অর্থেও ব্যবহার হয়। شَحْنَةٌ ও شَحْنَاءُ [অন্তরে পোষণকৃত শত্রুতা; হিংসা; বিদ্বেষ।] شَحْنَةٌ [এক রাতে পশুর পেট ভরে পরিমাণ ঘাস।] شَاحِنٌ [অন্তরে শত্রুতা পোষণকারী শত্রু।]

আয়াত : ১৪১

فَسَاهَمَ : **অতঃপর সে লটারীতে যোগদান করল।** فا হরফে আতফ। سَاهَمَ সীগাহ واحد مذكر غائب

বহুছ مَاضِي مَعْرُوف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُسَاهَمَةُ মূলবর্ণ (س ـ ه ـ م) অর্থ- লটারী দেওয়া; লটারীতে অংশগ্রহণ করা।

مُدْحَضِيْنَ : **ব্যর্থ/পরাভূত**। সীগাহ جمع مذكر বহুছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ح ـ ض) মাসদার اَلْاِدْحَاضُ অর্থ- ব্যর্থ করা; পরাভূত করা।

আয়াত : ১৪২

فَالْتَقَمَهُ : **অতঃপর তাকে গিলে ফেলল**। فاء হরফে আতফ। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ م) মাসদার اَلْاِلْتِقَامُ অর্থ- গলাধঃকরণ করা; গিলে ফেলা।

اَلْحُوْتُ : **মাছ**। একবচন, বহুবচন- حِيْتَانٌ

مُلِيْمٌ : **তিরস্কারযোগ্য**। সীগাহ واحد مذكر বহুছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ل ـ و ـ م) মাসদার اَلْمَلَامَةُ অর্থ- তিরস্কার করা; অভিসম্পাত করা।

আয়াত : ১৪৩

اَلْمُسَبِّحِيْنَ : **মহিমা ঘোষণাকারী/ পবিত্রতা বর্ণনাকারী**। সীগাহ جمع مذكر বহুছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ- মহিমা ঘোষণা করা; তাসবীহ পাঠ করা; পবিত্রতা বর্ণনা করা।

আয়াত : ১৪৪

لَبِثَ : **সে অবস্থান করেছে**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ ث) মাসদার اَللَّبْثُ অর্থ- অবস্থান করা; দীর্ঘ সময় অবস্থান করা।

بَطْنٌ : **উদর; পেট**। একবচন, বহুবচন- بُطُوْنٌ

يُبْعَثُوْنَ : **তাদেরকে পুনরুত্থান করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহুছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার بَعْثٌ অর্থ- প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো।

আয়াত : ১৪৫

فَنَبَذْنَهُ : **অতঃপর আমি তাকে নিক্ষেপ করলাম**। فاء হরফে আত্‌ফ। نَبَذْنَا সীগাহ جمع متكلم বহুছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) মাসদার اَلنَّبْذُ অর্থ- নিক্ষেপ করা।

اَلْعَرَاءِ : **তৃণহীন ভূমি**। আল্লামা ফাইউমী (র.) মিসবাহ গ্রন্থে এর অর্থ লিখেছেন এমন প্রশস্ত ময়দান যাতে কোনো আড়াল নেই। ইমাম সিজিস্তানী নুজহাতুল কুলূবে লিখেছেন عَرَاءٌ এমন উন্মুক্ত স্থান যেখানে বৃক্ষ ইত্যাদির আড়াল গ্রহণ করা যায় না। তাছাড়া ভূপৃষ্ঠকেও عَرَاءٌ বলা হয়। ইমাম ফখরুদ্দীন রাযী (র.) এর অর্থ লিখেছেন, শূন্য স্থান; উন্মুক্ত স্থান। আবু উবাইয়দা বলেন, শূন্যস্থানকে عَرَاءٌ এ জন্য বলা হয় যে, সেখানে না কোনো বৃক্ষরাজি থাকে আর না এমন কোনো বস্তু যা ঐ স্থানকে আচ্ছাদিত করতে পারে। এর বহুবচন- اَعْرَاءٌ

سَقِيْمٌ : **অসুস্থ**। সীগাহ واحد مذكر বহুছ صفت مشبه ; বাব سَمِعَ ও كَرُمَ মাসদার اَلسَّقَمُ অর্থ- পীড়িত হওয়া; অসুস্থ হওয়া। ইমাম রাগেব (র.) লিখেছেন- سَقَمٌ ও سُقْمٌ এমন রোগ-ব্যাধিকে বলা হয় যা দেহের সাথে সম্পৃক্ত। আর مَرَضٌ এমন রোগ-ব্যাধিকে বলা হয় যা দেহের জন্যও হয় আবার কখনো অন্তরের জন্যও হয়। যেমন- فِىْ قُلُوْبِهِمْ مَّرَضٌ [তাদের অন্তরে ব্যাধি রয়েছে]।

আয়াত : ১৪৬

اَنْبَتْنَا : **আমি উদ্‌গত করেছি; উৎপন্ন করেছি**। সীগাহ جمع متكلم বহুছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ- গজানো; উদ্‌গত করা; উৎপন্ন করা।

شَجَرَةً : **বৃক্ষ; গাছ**। একবচন, বহুবচন- شَجَرَاتٌ ; এবং شَجَرٌ একবচন, বহুবচন- اَشْجَارٌ

يَقْطِيْنٍ : **লাউ গাছ**। [মহল্লী, বগভী] কাণ্ডহীন যে কোনো লতা। -[সাঈদ ইবনে যুবাইর] কাণ্ডহীন লতা যা শীতকালে অবশিষ্ট থাকে না। [হাসান ও মাকাতিল বিন হাইয়ান] কিছু অপ্রসিদ্ধ মতে يَقْطِيْنٌ অর্থ- ডুমুর ও কলা গাছ করা হয়েছে। -[সাভী]

আয়াত : ১৪৭

يَزِيْدُوْنَ : **তারা অধিক করে**। সীগাহ جمع مذكر غائب বহুছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ى ـ د) জিনস اَجْوَفْ يَائِىْ অর্থ- বৃদ্ধি পাওয়া; বেশি হওয়া।

আয়াত : ১৪৮

أٰمَنُوْا : তারা ঈমান এনেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা; সত্য বলে স্বীকার করা।

مَتَّعْنَا : আমি ভোগ-বিলাসের উপকরণ দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো।

حِيْنٍ : কাল; সময়। একবচন, বহুবচনে– اَحْيَانٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ১৪৯

فَاسْتَفْتِهِمْ : তুমি তাদেরকে জিজ্ঞাসা কর। فاء হরফে আতফ। استفت সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِفْتَاءُ মূলবর্ণ (ف ـ ت ـ و) অর্থ– জিজ্ঞাসা করা; ফতোয়া জানতে চাওয়া।

اَلْبَنَاتُ : কন্যা সন্তান। বহুবচন, একবচন– بِنْتٌ

اَلْبَنُوْنَ : পুত্র সন্তান। বহুবচন, একবচন– اِبْنٌ

আয়াত : ১৫০

خَلَقْنَا : আমি সৃষ্টি করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা তৈরি করা। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য]

اَلْمَلٰئِكَةَ : ফেরেশতা। বহুবচন, একবচন– مَلَكٌ অর্থ– আল্লাহ তা'আলার এক বিশেষ সৃষ্টি যারা কখনো আল্লাহ তা'আলার অবাধ্যতা করে না; সর্বদা তাঁর নির্দেশ পালনে সচেষ্ট থাকে। তাদের ব্যাপারে আল্লাহ বলেন– لَا يَعْصُوْنَ اللّٰهَ مَآ اَمَرَهُمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩০ দ্রষ্টব্য]

اِنَاثًا : নারীরূপে। এটি اُنْثٰى-এর বহুবচন। اِنَاثٌ শব্দের অর্থ সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন উক্তি রয়েছে। মাগরিবী বলেন– اِنَاثٌ অর্থ– দুর্বল ও অক্ষম, যে কোনো কিছু করতে সক্ষম নয়। এ কারণেই ভোঁতা তরবারিকে سَيْفٌ اَنِيْثٌ বলা হয়। اَنِثَ فِىْ اَمْرِهٖ [কাজে অলস হওয়া।] হিজড়া ও দুর্বল ব্যক্তিকে اَنِيْثٌ বলা হয়। হযরত ইবনে আব্বাস, হাসান বসরী ও কাতাদার মতে اِنَاثٌ অর্থ– প্রাণহীন বস্তু। ইবনে জারীর ও ইবনে আবী হাতেম (র.) হাসান বসরী (র.) থেকে বর্ণনা করেছেন প্রাণহীন যে কোনো জড়প্রদার্থ তথা শুষ্ক লাকড়ি বা পাথরকে اِنَاثٌ বলা হয়। –[ফাতহুল কাদীর] প্রখ্যাত মুফাসসির যাহ্হাক (র.) বলেন, মুশরিকরা ফেরেশতাদেরকে আল্লাহর কন্যা বলে থাকে। তাদের দাবী ছিল যে, আমরা এদেরকে এজন্য পূজা করি যে, এর দ্বারা আমাদের আল্লাহর নৈকট্য অর্জন হবে। এ কারণে তারা সুন্দর সুন্দর ভাস্কর্য তৈরি করে বলত, এগুলো আল্লাহর কন্যাসদৃশ আমরা যার পূজা করি। তাদের এ ধারণার ভিত্তিতে পবিত্র কুরআনে اِنَاثٌ শব্দ ব্যবহার করা হয়েছে। যাহহাকের এ তাফসীর কুরআনের এ আয়াতের ভিত্তিতেই করা হয়েছে। যেমন– اَفَاَصْفٰكُمْ رَبُّكُمْ بِالْبَنِيْنَ وَاتَّخَذَ مِنَ الْمَلٰٓئِكَةِ اِنَاثًا . [তোমাদের প্রতিপালক কি তোমাদেরকে পুত্র সন্তানের জন্য নির্বাচিত করেছেন এবং তিনি নিজে ফেরেশতাগণকে কন্যারূপে গ্রহণ করেছেন?]

شٰهِدُوْنَ : সাক্ষীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– স্বীকার করা; সাক্ষ্য দেওয়া; উপস্থিত থাকা।

আয়াত : ১৫১

اِفْكٌ : অপবাদ। কোনো বস্তু তার আসল দিক থেকে মুখ ফিরানোকে اِفْك বলা হয়। সুতরাং যে কথা তার আসল আকৃতি থেকে ফিরে গেছে তাকে اِفك বলা হবে। মিথ্যা অপবাদের মধ্যে এ অর্থটি ব্যাপকভাবে বিদ্যমান তাই তাকে اِفْك বলা হবে।

আয়াত : ১৫২

وَلَدَ : সন্তান। একবচন, বহুবচন– اَوْلَادٌ

كٰذِبُوْنَ : মিথ্যাবাদীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ ও سَمِعَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা বলা; অস্বীকার করা।

আয়াত : ১৫৩

اِصْطَفٰى : **তিনি মনোনীত করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ص ـ ف ـ و) মাসদার اَلْاِصْطِفَاءُ অর্থ– মনোনীত করা; নির্বাচন করা; পছন্দ করা।

আয়াত : ১৫৪

كَيْفَ تَحْكُمُوْنَ : **তোমরা কেমন মীমাংস কর?** كيف প্রশ্নবোধক। تَحْكُمُوْنَ ; সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ– মীমাংসা করা; বিচার করা। এখানে অন্ধকার যুগে মুশরিকদের নির্বুদ্ধিতা ও আল্লাহ তা'আলার প্রতি ধৃষ্টতাপূর্ণ কার্যের বর্ণনা দেওয়া হয়েছে। তারা আল্লাহর জন্য কন্যাসন্তান নির্ধারণ করত, আর নিজেদের জন্য ছেলে সন্তান।

আয়াত : ১৫৫

اَفَلَا تَذَكَّرُوْنَ : **তোমরা অনুধাবন করছ না।** শুরুর হামযাটি প্রশ্নবোধক। فاء হরফে আত্ফ। لَا تَذَكَّرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– স্মরণ করা; উপদেশ গ্রহণ করা।

আয়াত : ১৫৬

سُلْطٰنٌ : **সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য।** তাজুল আরূসে রয়েছে سُلْطَانٌ অর্থ– দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী–لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনো এর অর্থ হয়– মু'জিযা। যেমন– اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ (মু'জিযা) সহকারে] উল্লেখ্য, যখন سُلْطٰنٌ দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

مُبِيْنٌ : **প্রকাশ্য।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ১৫৭

فَأْتُوْا : **তোমরা উপস্থিত কর।** ف হরফে আতফ। اِئْتُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আনা; উপস্থিত করা। এর সেলা باء আসার কারণে অর্থ হবে– আনা; নিয়ে আসা।

আয়াত : ১৫৮

جَعَلُوْا : **তারা স্থির করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

اَلْجِنَّةِ : **জিন।** অন্যান্য মাখলুকাতের ন্যায় এরাও একপ্রকার সৃষ্টি। আগুন থেকে এদের জন্ম, তবে তার পদ্ধতি আমাদের জানা নেই। আমাদের ন্যায় এরাও শরিয়তের বিধিবিধান পালনে বাধ্য। এদের মধ্যে সন্তান প্রজননের ধারাবাহিকতা রয়েছে এবং এরা ভালো ও মন্দ উভয়ই আছে। [বিস্তারিত সূরা সিজদা : ১৩ দ্রষ্টব্য]

نَسَبًا : **বংশধর; আত্মীয় স্বজন।** এর বহুবচন– اَنْسَابٌ। পিতা-মাতা বা উভয়ের যে কোনো একজনের পক্ষ থেকে আত্মীয়তার সম্পর্ককে نَسَبٌ বলা হয়। যা দু প্রকার। যথা–

১. نَسَبٌ بِالطُّوْلِ অর্থাৎ পিতা-পুত্রের অংশীদারিত্বের সম্পর্ক।

২. نَسَبٌ بِالْعَرْضِ অর্থাৎ ভাই ও চাচাদের পারস্পরিক আত্মীয়তার সম্পর্ক।

مُحْضَرُوْنَ : **শাস্তির জন্য উপস্থিতকৃতগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلْحُضُوْرُ মূলবর্ণ (ح ـ ض ـ ر) অর্থ– উপস্থিত হওয়া; হাজির হওয়া।

আয়াত : ১৫৯

سُبْحٰنَ : **পবিত্র; মহিমাময়।** ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন– سُبْحَانَ শব্দটি تَسْبِيْحٌ অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। [বিস্তারিত সূরা ইয়াসীন, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

يَصِفُوْنَ : **তারা বর্ণনা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْفُ মূলবর্ণ (و ـ ص ـ ف) অর্থ- বর্ণনা করা; বলা; গুণ বর্ণনা করা।

আয়াত : ১৬০

مُخْلَصِيْنَ : **একনিষ্ঠগণ; বিশুদ্ধচিত্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْإِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ- একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ববাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেব (র.)-এর মতে গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

আয়াত : ১৬২

بِفَاتِنِيْنَ : **বিভ্রান্তকারীগণ।** باء অতিরিক্ত। فَاتِنِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْفُتُوْنُ ও اَلْفِتْنَةُ (ف ـ ت ـ ن) মূলবর্ণ অর্থ- বিভ্রান্ত করা; ফেতনায় ফেলা।

আয়াত : ১৬৩

صَالِ : **প্রবেশকারী; উপনীত।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلٰى অর্থ- প্রবেশ করা।

الْجَحِيْمِ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন।** এটি فَعِيْل-এর ওযনে فاعل অর্থে جَحْم থেকে নির্গত, যার অর্থ- ভীষণভাবে জ্বলা। (বিস্তারিত সূরা সাফফাত, আয়াত : ২৩ দ্রষ্টব্য)

مَقَامٌ : **স্থান।** সীগাহ واحد বহছ ظرف مكان ; ميم মাসদারের জন্যও ব্যবহৃত হয়। অর্থ- স্থান; দাঁড়ানো।

مَعْلُوْمٌ : **নির্ধারিত; সুবিদিত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

আয়াত : ১৬৫

اَلصَّافُّوْنَ : **সারিবদ্ধ দণ্ডায়মান।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ ف ـ ف) মাসদার اَلصَّفُّ অর্থ- সারিবদ্ধভাবে দাঁড়ানো।

আয়াত : ১৬৬

اَلْمُسَبِّحُوْنَ : **পবিত্রতা ও মহিমা বর্ণনাকারী।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ- পবিত্রতা বর্ণনা করা; মহিমা ঘোষণা করা।

আয়াত : ১৭১

قَدْ سَبَقَتْ : **তা পূর্বে ঘটেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ- অগ্রসর হওয়া; অতিক্রম করা।

كَلِمَتُنَا : **আমাদের এ বাক্য।** كلمة মুযাফ نَا যমীর মুযাফ ইলাইহি। كلمة একবচন, বহুবচন- كَلِمٌ অর্থ- কথা; বাক্য; বাণী।

আয়াত : ১৭২

اَلْمَنْصُوْرُوْنَ : **সাহায্যপ্রাপ্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহায্য করা।

আয়াত : ১৭৩

جُنْدَ : **দলবল/বাহিনী।** পাথরের স্তূপবিশিষ্ট ভূমিকে جُنْدٌ বলা হয়। অতঃপর মানুষের দল ও জমাত এর ক্ষেত্রে جُنْدٌ -এর ব্যবহার হতে থাকে। বহুবচন- جُنُوْدٌ

اَلْغٰلِبُوْنَ : **বিজয়ীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ- বিজয়ী হওয়া; পরাজিত করা।

আয়াত : ১৭৪

تَوَلَّ : **তুমি উপেক্ষা কর; তুমি মুখ ফিরিয়ে রাখ।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّى অর্থ- বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلّٰى যখন صلة ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয় তখন এর

অর্থ হয়– কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন– وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ [তোমাদের মধ্য হতে যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারা তাদেরই অন্তর্ভুক্ত।] وَالَّذِي تَوَلَّى كِبْرَهُ [যে এ বিশাল কাজকে উঠিয়েছে] فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ [তোমার কাছে এই প্রত্যাশা যে তুমি গভর্নর হবে]। আর যদি عَنْ দ্বারা মুতা'আদ্দী হয় عَنْ শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক তখন অর্থ হবে মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দুভাবে হতে পারে। সেখান থেকে সরে যাওয়া অথবা, মনোযোগ না দেওয়া ও নির্দেশ না মানা।

আয়াত : ১৭৫

أَبْصِرْهُمْ : **তুমি তাদেরকে পর্যবেক্ষণ কর**। أَبْصِرْ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব إِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْإِبْصَارُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ১৭৬

يَسْتَعْجِلُوْنَ : **তারা ত্বরান্বিত করতে চায়**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلْاِسْتِعْجَالُ অর্থ– ত্বরান্বিত করা; তাড়াহুড়া করা; তাড়াতাড়ি করা।

আয়াত : ১৭৭

سَاحَتِهِمْ : **তাদের আঙিনা** سَاحَاتٌ মুযাফ هُمْ মুযাফ ইলাইহি।

سَاءَ : **নিকৃষ্ট**। সীগাহ ماضى واحد مذكر غائب বহছ فعل الذم - معروف বাব نَصَرَ মাসদার اَلسُّوْءُ মূলবর্ণ (س ـ و ـ أ) অর্থ– মন্দ হওয়া।

صَبَاحُ : **প্রভাত**। দিনের প্রথম অংশ, যখন সূর্যের প্রান্ত দ্বারা পূর্ব দিগন্ত লাল থাকে। এটি ইসম مَسَاءٌ -এর বিপরীত শব্দ।

مُنْذَرِيْنَ : **ভীতিপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা।

আয়াত : ১৭৯

أَبْصِرْ : **তুমি পর্যবেক্ষণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْصَارُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) অর্থ– দেখানো; পর্যবেক্ষণ করা।

يُبْصِرُوْنَ : **তারা প্রত্যক্ষ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْصَارُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) অর্থ– দেখানো; প্রত্যক্ষ করা।

আয়াত : ১৮০

سُبْحٰنَ : **পবিত্র; মহিমাময়**। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন– سُبْحَانَ হলো تَسْبِيْح অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। [বিস্তারিত সূরা বনী ইসরাঈল, আয়াত : ১ দ্রষ্টব্য]

عِزَّةِ : **ইজ্জত**। মাসদার। এটি বাব ضَرَبَ অর্থ– সম্মান; মর্যাদা; বিজয়। শক্তি; শ্রেষ্ঠত্ব। সৌভাগ্য। আবার ইসম হিসেবেও ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন عِزَّةٌ ঐ অবস্থাকে বলা হয় যা পরাজিত হওয়া থেকে রক্ষা করে। এটি اَرْضٌ عِزَازٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ শক্ত ভূমি। সুতরাং যেমনিভাবে শক্ত ভূমি খনন হওয়া থেকে বাধাগ্রস্ত করে তেমনিভাবে عِزَّةٌ পরাজিত হওয়া থেকে রক্ষা করে। আল্লাহর বাণী– وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهٖ وَلِلْمُؤْمِنِيْنَ [শক্তি সামর্থ্য তথা ইজ্জত হলো আল্লাহ, রাসূল ও মুমিনদের জন্য। [বিস্তারিত সূরা সোয়াদ, আয়াত : ২ দ্রষ্টব্য]

يَصِفُوْنَ : **তারা বর্ণনা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْفُ মূলবর্ণ (و ـ ص ـ ف) অর্থ– বর্ণনা করা; বলা; গুণ বর্ণনা করা।

আয়াত : ১৮১

سَلٰمٌ : **সালাম, সম্ভাষণ**। এটি ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। [বিস্তারিত সূরা সাফফাত, আয়াত : ৭৯ দ্রষ্টব্য]

اَلْمُرْسَلِيْنَ : **প্রেরিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

সূরা সোয়াদ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮৮ রুকূ' : ৫

আয়াত : ১

صٓ : সোয়াদ। এটি হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حروف تهجى-এর ন্যায় একে পৃথকভাবে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি। এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) ও খলীফা চতুষ্টয় এবং ইবনে মাসঊদ প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো–اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ (এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।) [বিস্তারিত সূরা বাক্বারা : الٓمّٓ দ্রষ্টব্য]

اَلْقُرْاٰنِ : **কুরআন**। এটি মাসদার। অর্থ পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ-এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। [বিস্তারিত সূরা ইয়াসীন, আয়াত : ২ দ্রষ্টব্য]

ذِى الذِّكْرِ : **উপদেশপূর্ণ**। ذِىْ/ذُوْ ওয়ালা; ময়; বিশিষ্ট ইত্যাদি অর্থের জন্য আসে।এটি اَسْمَاءُ سِتَّةٌ-এর একটি। এটি اسم ظاهر-এর দিকে مُكَبَّرَةٌ মুযাফ হয়ে ব্যবহার হয়। যমীরের দিকে মুযাফ হয় না। এর দ্বিবচন, বহুবচনও আসে। ذُوْ/ذِىْ ও صَاحِبٌ সমর্থক শব্দ। তবে ذُوْ/ذِىْ দ্বারা ইযাফত -صَاحِبٌ এর তুলনায় অধিক অলংকারপূর্ণ ও সম্মানজনক। কেননা ذُوْ মুযাফ হয় تابع-এর দিকে, আর صَاحِبٌ মুযাফ হয় متبوع-এর দিকে। সুতরাং اَبُوْ هُرَيْرَةَ اَلنَّبِىُّ صَاحِبُ اَبِىْ বলা হবে; কিন্তু صَاحِبُ النَّبِىِّ هُرَيْرَةَ বলা হবে না। এ পার্থক্যের কারণেই আল্লাহ তা'আলা সূরা আম্বিয়ায় وَذَا النُّوْنِ বলেছেন আর সূরা নূনে বলেছেন– وَلَا تَكُنْ كَصَاحِبِ الْحُوْتِ দেখুন صَاحِبُ الْحُوْتِ ও ذَالنُّوْنِ একই অর্থবোধক। কিন্তু দুটি ভিন্ন অবস্থার দিকে যে সৌন্দর্যের সাথে দুটি শব্দের মধ্যে ইঙ্গিত করা হয়েছে তা খুবই তাৎপর্যপূর্ণ। حُوْت-এর চেয়ে نُوْن শব্দটি অধিক মর্যাদাপূর্ণ। কারণ তা সূরার শুরুতে আনা হয়েছে। আর حُوْت-এর মধ্যে এমন কোনো বিষয় নেই। তাই نُوْن-এর জন্য যা এখানে প্রশংসার বিষয় ذ আনা হয়েছে। আর حُوْتٌ-এর জন্য صَاحِبٌ আনা হয়েছে; কারণ এখানে অনুসরণ না করার কথা রয়েছে। যা প্রশংসনীয় নয়।

اَلذِّكْرِ : **উপদেশ**। একবচন, বহুবচন–اَذْكَارٌ অর্থ– স্মরণ; বর্ণনা। বাব نَصَرَ-এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন– ذِكْر বলে কখনো অন্তরের এমন অবস্থাকে বুঝানো হয় যা দ্বারা মানুষের অর্জিত বিষয় মুখস্থ রাখা সম্ভব হয়, যা حِفْظ-এরই অনুরূপ। আবার কখনো ذِكْرٌ দ্বারা ঐ বস্তু উদ্দেশ্য হয় যা অন্তরে বা আলোচনায় স্মরণ এসে যায়। এ কারণেই বলা হয়– ذِكْرٌ দু'প্রকার। ذِكْرٌ لِسَانِىٌّ ও ذِكْرٌ قَلْبِىٌّ প্রত্যেকটি আবার দু প্রকার। ১. বিস্মৃত হওয়ার পর স্মরণ হওয়া। ২. ভুলা ব্যতীতই সর্বদা স্মরণ থাকা।

আয়াত : ২

كَفَرُوْا : **তারা কুফরি করেছে; তারা অবিশ্বাস করেছে।** ماضى বহছ جمع مذكر غائب সীগাহ كفروا كُفْرٌ বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার معروف ও اَلْكُفْرَانُ অর্থ– অবিশ্বাস করা; অস্বীকার করা; কুফরি করা।

عِزَّةٍ : **ইজ্জত**। মাসদার। এটি বাব ضَرَبَ অর্থ– সম্মান; মর্যাদা; বিজয়। শক্তি; শ্রেষ্ঠত্ব। সৌভাগ্য। আবার ইসম হিসেবেও ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন عِزَّةٌ ঐ অবস্থাকে বলা হয় যা পরাজিত হওয়া থেকে রক্ষা করে। এটি اَرْض عِزَازٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ– শক্ত ভূমি। সুতরাং যেমনিভাবে শক্ত ভূমি খনন হওয়া থেকে বাধাগ্রস্ত

আয়াত : ৩

أَهْلَكْنَا : আমি ধ্বংস করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِهْلَاكُ মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ- ধ্বংস করা; ব্যয় করা।

مِنْ قَبْلِهِمْ : তাদের পূর্বে। مِنْ হরফে জার। قَبْلُ মুযাফ, هم যমীর মুযাফ ইলাইহি। قَبْلُ যরফে যামান ও মাকান উভয়টিই হতে পারে।

قَرْنٍ : সম্প্রদায়ের লোকজন/ জনগোষ্ঠী। এটি একবচন। বহুবচন- قُرُوْنٌ এটি এমন সম্প্রদায় যাদের যুগ বা কাল একে অপরের থেকে ভিন্ন তাদেরকে قَرْنٌ বলা হয়। তাছাড়া গ্রোত্রপ্রধান, সূর্যের কিরণ, চন্দ্রের প্রান্ত, বয়স এবং দশ, বিশ, ত্রিশ, চল্লিশ, পঞ্চাশ, ষাট, সত্তর, আশি, একশ, একশ বিশ বছরকেও قَرْنٌ বলা হয়। তবে একশ বছরকে قَرْنٌ বলাটা অধিক বিশুদ্ধ। এক হাদীসে রাসূল ﷺ একটি বালককে দোয়া করেছিলেন "তোমার বয়স এক قَرْنٌ হবে"। পরবর্তীতে দেখা গেল তিনি একশ বছর বেঁচেছিলেন। [মাজমাউল বিহার] তবে আয়াতে সমসাময়িক লোকজন উদ্দেশ্য।

نَادَوْا : তারা আর্ত চীৎকার করেছিল/ তারা অহবান করেছিল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ د ـ و) মাসদার اَلْمُنَادَاةُ অর্থ- সম্বোধন করা; আহ্বান করা; চিৎকার করা; নির্দিষ্ট করে ডাকা।

لَاتَ : ছিল না/ নেই। শব্দটি مفرد না مركب এ ব্যাপারে ভাষাবিদগণের মতবিরোধ রয়েছে। হযরত আবূযর খোশানী (র.) বলেন শব্দটি مفرد এবং মাযির সীগাহ। এর মুযারে يَلِيْتُ আসে। যেমন- اَلَتَ ও لَاتَ يَلِيْتُ আসে তেমনিভাবে يَألُتُ আসে। উভয়ের অর্থই হ্রাস করা; কম করা। পবিত্র কুরআনে রয়েছে- لَا يَلِتْكُمْ مِنْ اَعْمَالِكُمْ شَيْئًا [আল্লাহ তোমাদের আমলের মধ্যে কোনো ধরনের হ্রাস করবেন না।] এটা হলো এর শাব্দিক অর্থ। অধিক ব্যবহারের ফলে সাধারণ ব্যবহারে এটি نفى -এর অর্থে ব্যবহৃত হতে থাকে। কারো মতে لَاتَ হলো মাযির সীগাহ। যা মূলত لَيْسَ ছিল। ياء কে الف

করে তেমনিভাবে عِزَّةٌ পরাজিত হওয়া থেকে রক্ষা করে। আল্লাহর বাণী- وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهِ وَلِلْمُؤْمِنِيْنَ [শক্তি সামর্থ্য তথা ইজ্জত হলো আল্লাহ রাসূল ও মুমিনদের জন্য।] কখনো عِزَّةٌ দ্বারা প্রশংসা করা হয়। যেমন উপরিউক্ত আয়াতে। আবার কখনো এর দ্বারা তিরস্কার ও নিন্দা করা হয়। যেমন আলোচ্য আয়াত- بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ عِزَّةٍ وَّشِقَاقٍ [বরং কাফেররা ঔদ্ধত্য ও বিরোধিতায় নিমজ্জিত] এর কারণ হলো যে ইজ্জত আল্লাহ ও রাসূলের তা শাশ্বত, চিরস্থায়ী ও বাস্তব ইজ্জত। আর কাফেরদের যে ইজ্জত তা জবরদস্তিমূলক, যা মূলত ইজ্জত নয়; বরং অপদস্থতা। যেমন- নবী করীম ﷺ বলেছেন- كُلُّ عِزٍّ لَيْسَ بِاللّٰهِ فَهُوَ ذُلٌّ [যে ইজ্জত আল্লাহর জন্য নয় তা হলো অপদস্থতা] مَنْ كَانَ يُرِيْدُ الْعِزَّةَ فَلِلّٰهِ الْعِزَّةُ جَمِيْعًا ইত্যাদি আয়াতে এর প্রমাণ রয়েছে। আবার কখনো ইঙ্গিতার্থে عِزَّةٌ নিন্দনীয় আত্মভিমানের অর্থে ব্যবহার হয়। যেমন- اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ فَحَسْبُهٗ جَهَنَّمُ [তার আত্মভিমান তাকে পাপানুষ্ঠানে লিপ্ত করে, সুতরাং জাহান্নামই তার জন্য যথেষ্ট।]

شِقَاقٍ : মতভেদ/ মতবিরোধ। বিরোধিতা; বিপরীত। বন্ধুর পক্ষ ত্যাগ করে শত্রুর পক্ষ অবলম্বন করা। এটি বাবে مُفَاعَلَةٌ-এর মাসদার। আল্লামা আবূ হাইয়ান উন্দুলুসী বাহরুল মুহীতে লিখেছেন- شِقَاقٌ হলো شَاقَّ -এর মাসদার। যেমনিভাবে ضَارَبَ ضِرَابًا ও خَالَفَ خِلَافًا বলা হয়। এর অর্থ হলো শত্রুতা পোষণ করা; বিরোধিতা করা। এর মূল হলো شَقٌّ অর্থাৎ একজন এক পক্ষে অপরজন অপর পক্ষে। شَقٌّ অর্থ- দিক। যেমন কবি বলেন-

اِذَا مَا بَكٰى مِنْ خَلْفِهَا اِنْحَرَفَتْ لَهٗ
بِشِقٍّ وَشَقٌّ عِنْدَنَا لَمْ يُحَوَّلُ

[যখন সন্তান তার পিঠের উপর থেকে ক্রন্দন করে, তখন সে এক দিক থেকে তার প্রতি ঘুরে যায় এবং তার এক দিক থাকে আমার দিকে]।

কারো কারো মতে এটি مُشَقَّةٌ থেকে উদ্ভূত। কেননা উভয়ের মধ্য থেকে প্রত্যেকেই ঐ বস্তুর আকাঙ্ক্ষী হয় যা অপরজনের জন্য কষ্টসাধ্য হয়। -[বাহরুল মুহীত খ. ১, পৃ: ৩৯৮]

দ্বারা পরিবর্তন করে এবং سين -কে تاء দ্বারা পরিবর্তন করা হয়েছে। জমহূরের মত হলো لات নফীর لا এবং تانيث -এর تاء এ দুটি শব্দের সমন্বয়ে গঠিত হয়েছে। দুটি সাকিন একত্র হওয়ার কারণে تاء কে متحرك করে দেওয়া হয়েছে।

لَاتَ -এর আমল কি হবে সে ব্যাপারে মতবিরোধ রয়েছে। নাহুবিদ আখফাশ বলেন, এটি কোনো عامل -ই নয়। এর পর ইসমটি মারফূও হয় আবার মানসূবও হয়। দ্বিতীয় মত হলো لَاتَ -এর আমল ان -এর ন্যায়, যা ইসমকে নসব এবং خبر কে রফা প্রদান করে। জমহূরের মতে لَاتَ টি لَيْسَ -এর ন্যায় আমল করে। যা ইসমকে রফা এবং খবরকে নসব প্রদান করে। সাধারণত এর ইসম উহ্য থাকে। নাহুবিদ ফাররা বলেন لَاتَ -এর ব্যবহার কেবলমাত্র حِيْن -এর সাথে মিলে হয়। তবে একদল ভাষাবিদের মতে حِيْن হোক বা তার সমর্থক কোনো শব্দ সকলের সাথেই لات ব্যবহার হয়। যেমন আবূ যায়েদ তাঁর পংক্তি-

طَلَبُوْا صُلْحَنَا وَلَاتَ اَوَانٍ

[তারা সময় অতিবাহিত হওয়ার পর সন্ধির আহ্বান করেছে।] এখানে যেহেতু اَوَانٌ শব্দটি মাজরূর তাই ফাররা মনে করেন اسماء زمان -এর উপর لَاتَ হরফে জার হিসেবে প্রবেশ করে। যমখশারী বলেন- لا -এর উপর تاء বৃদ্ধি করা হয়েছে তাই لات -এর ব্যবহার সময় বা কালের নফীর জন্য নির্দিষ্ট হয়ে গেছে। [লাবীব, তাজ ইত্যাদি]

حِيْنَ : **কাল; সময়**। একবচন, বহুবচন- اَحْيَانٌ ; [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

مَنَاصٍ : **পলায়ন করা; পরিত্রাণ পাওয়া; আশ্রয়গ্রহণ করা**। মাসদারে মীমী মাজরূর। বাব نَصَرَ ; ইসমে যরফও হয়। আশ্রয়স্থল; পালানোর স্থান। -[কামূস] نَـوْص نَـائِـصٌ [মাথা উচিয়ে পলায়নকারী।] نَوْبَصٌ [খরগোশ।] نَوْبَصٌ [কম্পন।] نُوْصٌ ও نِيَاصَةٌ বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- নড়া; একদিকে সরে যাওয়া; উঠা; আশ্রয়গ্রহণ করা; পিছনের দিকে সরে যাওয়া; পালানো।

আয়াত : ৪

عَجِبُوْا : **তারা বিস্মিত হচ্ছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَجَبُ মূলবর্ণ (ع ـ ج ـ ب) অর্থ- বিস্মিত হওয়া; আশ্চর্যান্বিত হওয়া; অবাক হওয়া।

جَاءَ : **সে এসেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ- আসা; এর صلة - باء আসলে অর্থ হবে আনা।

مُنْذِرٌ : **ভীতিপ্রদর্শনকারী**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব اِنْفَعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- ভীতি প্রদর্শন করা।

اَلْكٰفِرُوْنَ : **কাফেরগণ; প্রত্যাখ্যানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া; লুকানো; গোপন করা। -[বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য]

سٰحِرٌ : **জাদুকর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ- জাদু করা; চমকিয়ে দেওয়া। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

كَذَّابٌ : **মিথ্যাবাদী; মিথ্যুক**। كَاذِبٌ থেকে মুবালাগার সীগাহ। তবে শুধুমাত্র فاعل অর্থেও ব্যবহার হয়। অর্থাৎ মিথ্যাবাদী। এই মিথ্যা কথা, কাজ, বিশ্বাস ইত্যাদিতেও হতে পারে।

আয়াত : ৫

اَلْاٰلِهَةَ : **উপাস্যগণ**। বহুবচন; একবচন اِلٰـهٌ অর্থ- ইলাহ। উপাস্য। প্রভু; মাবুদ। فِعَالٌ -এর ওজনে مفعول অর্থে যে সম্প্রদায়ের লোকেরা যার ইবাদত করে, চাই সত্য মাবুদ হোক বা বাতিল মাবুদ হোক তাকে اله বলা হয়।

لَشَيْءٌ : **ব্যাপার; বিষয়**। শুরুতে لام টি তাকীদের জন্য। شَيْءٌ একবচন, বহুবচন- اَشْيَاءُ অর্থ- বস্তু; জিনিস।

عُجَابٌ : **অত্যাশ্চর্য**। বিস্ময়কর বস্তু। ইমাম রাগেবের মতে عُجَابٌ হলো এমন বিস্ময়কর বস্তু যা বিশ্বাসযোগ্য নয়। فُعَالٌ -এর ওযনে মুবালাগার সীগাহ। জাওহরি লিখেছেন, যে বস্তু নিয়ে অবাক হতে হয় তাকে عَجِيبٌ বলা হয়, আর এটিই হলো عُجَابٌ ; আরো অধিক আশ্চর্যপূর্ণ হলে তাকে عُجَّابٌ [তাশদীদযোগে] বলা হয়। কতক ওলামায়ে কেরামের মতে عِجَابٌ ও عُجَابٌ উভয়টিই অধিক আশ্চর্যের জন্য ব্যবহৃত হয়। যেমনিভাবে طَوِيْل বলা হয় লম্বাকে আর طِوَالٌ বলা হয় অধিক লম্বাকে।

আয়াত : ৬

اِنْطَلَقَ : **সে চলে গেল; সে সরে পড়ল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اَلْاِنْطِلَاقُ অর্থ- পথ চলা; প্রস্থান করা; দ্রুত চলে যাওয়া।

اَلْمَلَأُ : **প্রধান; দলপতি**। একবচন, বহুবচন- اَلْاَمْلَاءُ অর্থ- নেতাদের দল; বড় লোকদের দল। مَلَأٌ অর্থ পূর্ণ করা; ভরে দেওয়া। যেহেতু সম্প্রদায়ের নেতাগণ তাদের মতামত এবং ব্যক্তিত্ব ও সৌন্দর্য দ্বারা মানুষের চাহিদা পূরণ করে দেয়, অথবা চোখে আলো এবং অন্তরে ভয় দ্বারা ভরে দেয় এ কারণে তাদেরকে مَلَأٌ বলা হয়। [মিসবাহ] ইমাম রাগেব বলেন, যারা দর্শকদের দৃষ্টিতে সম্মানিত হয় এবং তাদের চোখকে ভরে দেয় তাদেরকে مَلَأٌ বলা হয়। شَابٌ مَالِئٌ এবং اَلْمَلَأُ الْخَلْقَ اَلْعَيْنَ [দর্শনীয় যুবক যে তার তারুণ্যের সৌন্দর্যে ভরপুর।] -[মুফরাদাতুল কুরআন]

اِمْشُوْا : **তোমরা চলে যাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَشْىُ মূলবর্ণ (م ـ ش ـ ى) অর্থ- চলা। হাঁটা।

اِصْبِرُوْا : **তোমরা ধৈর্যধারণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা। [বিস্তারিত সূরা সাফ্ফাত, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

يُرَادُ : **উদ্দেশ্যমূলক**। সীগাহ واحد مذكر غائب বহছ مُضَارِع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ- ইচ্ছা করা।

আয়াত : ৭

سَمِعْنَا : **আমরা শুনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা; শোনা।

مِلَّةِ : **ধর্মাদর্শ**। একবচন, বহুবচন- مِلَلٌ ; ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- مِلَّةٌ ও- دِيْنٌ -এর ন্যায় এমন জীবনবিধানের নাম যা আল্লাহ বান্দাদের জন্য নির্ধারণ করেছেন, যেন তাঁরা তার উপর চলে আল্লাহর নৈকট্য অর্জন করতে পারে। এ জীবনবিধান নবীগণের মাধ্যমে বান্দাদের পর্যন্ত পৌঁছেছে। তিনি مِلَّةٌ ও دِيْنٌ -এর মধ্যে পার্থক্য বর্ণনা করেছেন যে, مِلَّةٌ শব্দের ইযাফত শুধুমাত্র নবীগণের দিকে হয়ে থাকে। নবী ব্যতীত অন্য কারো প্রতি এমনকি আল্লাহর প্রতিও হয় না। তাই مِلَّةُ اللّٰهِ বা مِلَّةُ زَيْدٍ বলা যাবে না। তবে دِيْنٌ শব্দটি ব্যাপক। তার ইযাফত সকলের প্রতিই হতে পারে। তাই دِيْنُ زَيْدٍ এবং دِيْنُ الْاَنْبِيَاءِ - دِيْنُ اللّٰهِ বলা যাবে।

اِخْتِلَاقٌ : **মনগড়া উক্তি**। এটি বাব اِفْتِعَالٌ -এর মাসদার। অর্থ- মিথ্যা বলা; মনগড়া কথা বলা; অপবাদ আরোপ করা; উদ্ভাবন করা।

আয়াত : ৮

أُنْزِلَ : **অবতীর্ণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অবতীর্ণ করা; নাজিল করা। تَنْزِيْل ও اِنْزَالٌ -এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু تَنْزِيْل অর্থ ধরাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

ذِكْر : **উপদেশ**। এখানে কুরআন উদ্দেশ্য। ইসম। বহুবচন- اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব (র.) লিখেছেন- ذِكْر দ্বারা কখনো নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারেফত অর্জন করে

তা স্মরণ রাখা সম্ভব হয়। আর এটা حِفْظ -এরই ন্যায়। কিন্তু حِفْظ বলা হয় অর্জন হিসেবে। আর ذِكْرٌ বলা হয় স্মরণ রাখা সম্পর্কে। আবার কখনো ذِكْرٌ দ্বারা কোনো জিনিস অন্তরে বা আলোচনায় স্মরণ এসে যাওয়ার জন্যও বলা হয়। এ কারণেই বলা হয় ذِكْر দু'প্রকার।

১. ذِكْرٌ قَلْبِىٌّ তথা অন্তরে স্মরণ করা।

২. ذِكْرٌ لِسَانِىٌّ তথা মৌখিক স্মরণ করা। প্রত্যেকটি আবার দু'প্রকার। যথা–

ক. ভুলে যাওয়ার পর স্মরণ আসা।

খ. ভুলা ব্যতীতই সর্বদা স্মরণ থাকা। ইমাম বায়হাকী (র.) লিখেছেন– ذِكْرٌ দু'প্রকার।

১. যা نِسْيَانٌ [বিস্মৃত হওয়া] এর বিপরীতার্থক। যেমন– وَمَا اَنْسَانِيْهُ اِلَّا الشَّيْطَانُ اَنْ اَذْكُرَهٗ [শয়তানই আমাকে তা উচ্চারণ করতে ভুলিয়ে দিয়েছে]

২. কথা যা মানুষ আলোচনা করে, আবার যে কথার দ্বারা মানুষ দোষ বর্ণনা করে। যেমন– سَمِعْنَا فَتًى يَّذْكُرُهُمْ [আমরা এক যুবকের ব্যাপারে শুনেছি যাকে লোকেরা দোষ বর্ণনা করে]

شَكٍّ : **সন্দিহান**। বাব نَصَرَ এর মাসদার। সন্দেহ করা। আবার ইসম হিসেবেও ব্যবহৃত হয়। তখন তার বহুবচন আসে شُكُوْكٌ ; ইমাম রাগেব (র.) ইস্পাহানী লিখেছেন দুটি পরস্পর বিরোধী বস্তু সমান হওয়াকে شَكٌّ বলা হয়। সন্দেহ কখনো বস্তুর ব্যাপারে হয় যে বস্তুটি বিদ্যমান আছে অথবা নেই। কখনো তার প্রকার, গুণ ও উদ্দেশ্য সম্পর্কে হয়। شَكٌّ-টি جَهْل অজ্ঞতারই এক প্রকার, তবে جَهْل থেকে তা اَخَصّ ; কেননা جَهْل -এর মধ্যে কখনো দুটি পরস্পর বিরোধী বস্তুর ইলমই হয় না। সুতরাং সকল شَكٌّ -ই جَهْل কিন্তু সকল جَهْل -ই شَكٌّ নয়।

لَمَّا يَذُوْقُوْا : **তারা ভোগ করবে না; তারা স্বাদ গ্রহণ করবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجزوم বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– স্বাদ গ্রহণ করা; ভোগ করা; আস্বাদন করা।

আয়াত : ৯

خَزَائِنُ : **ধনভাণ্ডার**। বহুবচন; একবচন– خَزِيْنَةٌ ও خَزَانَةٌ

رَحْمَةِ : **দয়া। অনুগ্রহ; দান**। এটি বাব سَمِعَ -এর মাসদার। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

اَلْعَزِيْزِ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। হযরত ইমাম রাগেব (র.) লিখেছেন– عَزِيْز এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনো পরাজিত হন না। যুজায (র.) লিখেছেন– عَزِيْز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অর্থ– করেছেন– এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন– عَزِيْز হলো যার উপমা কিছু নেই; অনুপম। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

اَلْوَهَّابِ : **মহান দাতা**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْوَهْبُ ও اَلْهِبَةُ অর্থ– দান করা।

আয়াত : ১০

فَلْيَرْتَقُوْا : **যেন তারা আরোহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ق ـ ى) মাসদার اَلْاِرْتِقَاءُ অর্থ– উর্ধ্বে উঠা; আরোহণ করা।

اَلْاَسْبَابِ : **রশি**। سَبَبٌ -এর বহুবচন। আবূ উবাইদা বলেন, যে রশি উপর থেকে নিচে ঝুলানো হয় তাকে سَبَبٌ বলা হয় এবং যতক্ষণ পর্যন্ত তা দ্বারা উঠানামা করা না হয় তাকে سَبَبٌ বলা হবে না। কারো কারো মতে যতক্ষণ পর্যন্ত তা একদিক থেকে ছাদ বা কোনো কিছুতে ঝুলে না থাকে তাকে سَبَبٌ বলা হবে না। –[তাজুল 'আরূস]

আয়াত : ১১

جُنْدًا : **দলবল/ বাহিনী**। পাথরের স্তূপবিশিষ্ট ভূমিকে جُنْدٌ বলা হয়। অতঃপর মানুষের দল ও জমাত এর ক্ষেত্রে جُنْدٌ -এর ব্যবহার হতে থাকে। একবচন, বহুবচন جُنُوْدٌ

مَهْزُوْمٌ : **পরাজিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ز ـ م) মাসদার اَلْهَزْمُ অর্থ– পরাজিত হওয়া; বিপর্যয় হওয়া।

اَلْاَحْزَابِ : **সম্মিলিত বাহিনী**। حِزْبٌ-এর বহুবচন। অর্থ– জমাত; দল; বাহিনী।

আয়াত : ১২

كَذَّبَتْ : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ ماضى معروف واحد مؤنث غائب বহছ বাব تفعيل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা; মিথ্যা বলা। كَذَّبَتْ এর فاعل সম্প্রদায় হওয়ার কারণে বহুবচনের অর্থ করা হয়েছে।

نُوْحٌ : **বিশিষ্ট নবী হযরত নূহ (আ.)**। –[বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

عَادٌ : **'আদ জাতি**। হযরত নূহ (আ.)-এর সম্প্রদায়ে এক বক্তির নাম ছিল 'আদ। যার বংশ পরম্পরা তিন পুরুষে গিয়ে নূহ (আ.)-এর সাথে মিলিত হয়েছে। পরবর্তীতে এ নামেই উক্ত সম্প্রদায়ের নামকরণ হয়ে যায়। যারা হযরত নূহ (আ.)-এর তুফানের পর আরব দেশে সর্বপ্রথম ক্ষমতাসীন শাসকগোষ্ঠী ছিল। [বিস্তারিত সূরা হূদ : ৫৯ দ্রষ্টব্য]

فِرْعَوْنُ : **ফিরাউন**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৯/৫০ দ্রষ্টব্য]

ذُوْ : ذُوْ/ذِىْ **ওয়ালা; পূর্ণ, বিশিষ্ট ইত্যাদি অর্থের জন্য** আসে। এটি اَسْمَاءُ سِتَّةٌ مُكَبَّرَةٌ-এর একটি। এটি اسم ظاهر-এর দিকে মুযাফ হয়ে ব্যবহার হয়। যমীরের দিকে মুযাফ হয় না। এর দ্বিবচন, বহুবচনও আসে। ذُوْ/ ذُو/ذِىْ ও صَاحِبٌ সমর্থক শব্দ। তবে ذِىْ দ্বারা ইযাফত صَاحِبٌ-এর তুলনায় অধিক অলংকারপূর্ণ ও সম্মানজনক। কেননা ذُوْ মুযাফ হয় متبوع-এর দিকে, আর صَاحِبٌ মুযাফ হয় تابع-এর দিকে। সুতরাং اَبُوْ هُرَيْرَةَ صَاحِبُ النَّبِيِّ বলা হবে কিন্তু اَلنَّبِيُّ صَاحِبُ اَبِىْ هُرَيْرَةَ বলা হবে না। এ পার্থক্যের কারণেই আল্লাহ তা'আলা সূরা আম্বিয়ায় وَذَا النُّوْنِ বলেছেন। আর সূরা নূনে বলেছেন– وَلَا تَكُنْ كَصَاحِبِ الْحُوْتِ দেখুন ذَالنُّوْنِ ও صَاحِبُ الْحُوْتِ একই অর্থবোধক। কিন্তু দুটি ভিন্ন অবস্থার দিকে যে সৌন্দর্যের সাথে দুটি শব্দের মধ্যে ইঙ্গিত করা হয়েছে তা খুবই তাৎপর্যপূর্ণ। حُوْتٌ-এর চেয়ে نُوْنٌ শব্দটি অধিক মর্যাদাপূর্ণ। কারণ তা সূরার শুরুতে আনা হয়েছে। আর حُوْتٌ-এর মধ্যে এমন কোনো বিষয় নেই। তাই نُوْنٌ-এর জন্য এখানে প্রশংসার বিষয় ذا আনা হয়েছে। আর حُوْتٌ-এর জন্য صَاحِبٌ আনা হয়েছে; কারণ এখানে অনুসরণ না করার কথা রয়েছে। যা প্রশংসনীয় নয়।

اَلْاَوْتَادِ : **কীলক**। এটি وَتَدٌ-এর বহুবচন।

আয়াত : ১৩

ثَمُوْدُ : **ছামূদ জাতি**। এটি হযরত সালেহ (আ.)-এর সম্প্রদায়ের নাম। ثَمُوْدٌ শব্দটিকে কেউ অনারবী বলেন, আবার কেউ আরবী বলেন। আরবি হলে এটি ثَمَدٌ থেকে উদ্ভূত। [বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬১ দ্রষ্টব্য]

لُوْطٍ : **নবী হযরত লূত (আ.)**। [বিস্তারিত সূরা আনআম : ৮৬ ও সূরা হূদ, আয়াত : ৭০ দ্রষ্টব্য]

اَصْحَابُ الْئَيْكَةِ : **'আয়কাবাসীগণ'**। اَصْحَابٌ মুযাফ اَلْاَيْكَةُ মুযাফ ইলাইহি। মূলত اَصْحَابُ الْاَيْكَةِ শব্দের অর্থ গহীন অরণ্যের অধিবাসী; হযরত শু'আইব (আ.) -এর সম্প্রদায় এই অঞ্চলে বসবাস করত বলে তাদেরকে اَصْحَابُ الْاَيْكَةِ বলা হয়। আয়কার পার্শ্ববর্তী এলাকা হলো মাদইয়ান। এই দুই অঞ্চলের লোকদের হেদায়েতের জন্য আল্লাহ তা'আলা হযরত শু'আইব (আ.)-কে প্রেরণ করেছিলেন। এদের মধ্যে শিরক ও মূর্তিপূজার পাশাপাশি মাপে কম দেওয়ার ব্যাপক প্রচলন ছিল। হযরত শু'আইব (আ.) এসে তাদেরকে এহেন কাজ থেকে বিরত থাকার জন্য আহ্বান করলেন; কিন্তু তারা তার কথা মানল না; বরং তার অবাধ্য হয়ে গেল। সেই পরিপ্রেক্ষিতে তাদের উপর আল্লাহর আজাব আসল। মাদইয়ানবাসীর উপর আসল বজ্রনিনাদরূপে আর আয়লাবাসীদের উপর আজাব আসল মেঘাচ্ছন্ন দিনের। আল্লাহ তা'আলা যখন তাদেরকে আজাব প্রেরণ করতে ইচ্ছা করেছিলেন তখন প্রচণ্ড গরম সৃষ্টি করলেন এবং মেঘের আকৃতিতে আজাব পাঠালেন। তারা গরমে অতিষ্ঠ হয়ে মেঘ দেখে ছায়া গ্রহণের জন্য মেঘের নিচে যেতেই সেখান থেকে আগুন বর্ষণ হতে লাগল। যেমন আল্লাহ বলেন– فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ

মা'রূফ বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلتَّعْجِيْلُ অর্থ– তাড়াহুড়া করা; তরান্বিত করা; তাড়াতাড়ি করা।

قِطَّنَا : **আমাদের প্রাপ্য**। قِطَّ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। অভিধানে قِطّ ঐ বস্তুকে বলা হয় যা প্রস্থে কাটা হয়। আর قد বলা হয় যা লম্বালম্বি কাটা হয়। অধিক প্রচলনের কারণে পৃথককৃত অংশকে قِطّ বলা হতে থাকে। হযরত ইবনে আব্বাস (রা.) -এর মতে আয়াতে এ অর্থই উদ্দেশ্য, অর্থাৎ আমাদের অংশ বা আমাদের প্রাপ্য আমাদেরকে দ্রুত দেওয়া হোক। [অতঃপর] কাগজের ঐ টুকরাকে বলা হতে থাকে যাতে [নির্দেশ, ফয়সালা, সিদ্ধান্ত ইত্যাদি] কিছু লেখা হয়। [অতঃপর] উক্ত সিদ্ধান্ত বা ফয়সালাকে যা কোনো কাগজে লিখা হয় তাকে বলা হতে থাকে। [অতঃপর] উক্ত নির্দেশ, ফয়সালা, সিদ্ধান্ত ইত্যাদিকে قِسْط বলা হতে থাকে যা কোনো কাগজে লিখা হয় যদিও তা লেখা হয়নি। –[মুফরাদাতুল কুরআন] অধিকাংশ তাফসিরবিদগণের মতে আয়াতে আমলনামা উদ্দেশ্য। –[রূহুল মা'আনী] ইবনে আব্বাস (রা.) থেকে শক্তিশালী রেওয়ায়েত এবং মুজাহিদের উক্তিও এটি। কাতাদার মতে শাস্তির অংশ উদ্দেশ্য। সাঈদ ইবনে জুবায়েরের মতে জান্নাতের অংশ উদ্দেশ্য। [ইবনে জারীর বর্ণনা করেছেন]

اَلْحِسَابِ : **হিসাব; বিচার**। বাব حَسِبَ -এর মাসদার, মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– হিসাব করা; অংক করা।

আয়াত : ১৪

حَقَّ : **তা বাস্তব হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও ضَرَبَ মাসদার اَلْحَقُّ মূলবর্ণ (ح ـ ق ـ ق) অর্থ– নির্ধারিত করা; অবধারিত হওয়া; নির্দিষ্ট করা।

اَلْعِقَابِ : **শাস্তি**। বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন عِقَابٌ ও مُعَاقَبَةٌ – عُقُوْبَةٌ এ তিনটিই শাস্তির জন্য নির্দিষ্ট। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য]

আয়াত : ১৫

مَا يَنْظُرُ : **সে লক্ষ্য করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

صَيْحَةً : **প্রচণ্ড নিনাদ/বিকট আওয়াজ**। এটি ইসম। আবার বাব ضَرَبَ এর মাসদার। চিৎকার করা; আওয়াজ করা। মূলবর্ণ (ص ـ ى ـ ح)

فَوَاقٍ : **বিরতি; বিরাম**। ইসমে ফে'ল। একবচন, বহুবচন– اَفْوِقَةٌ ও اَفُوْقَةٌ ; অর্থ– মধ্যবর্তী বিরতি; দুইবার দুধ দোহনের মধ্যবর্তী বিরতি। দুধ দোহনকারী একবার দুধ দোহন করে বাচ্চাকে দুধ পানের জন্য ছেড়ে দেয়। বাচ্চা দুধ পান করার দ্বারা পশুর ওলানে দুধ নেমে আসে। অতঃপর বাচ্চাকে হটিয়ে আবার দুধ দোহন করে। এই মধ্যবর্তী বিরতীকে মূলত فَوَاقٌ বলা হয়। –[কামূস] এখানে উদ্দেশ্য হলো বিরাম; প্রশান্তি; রোগমুক্তি। –[মুনতাহাল আরব, লিসানুলআরব, আবূ উবাইদা] অথবা প্রত্যাবর্তন। –[মহল্লী, রাগেব, মু'জাম]

আয়াত : ১৬

قَالُوْا : **তারা বলল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। [বিস্তারিত সূরা সাফ্‌ফাত, আয়াত : ১৮ দ্রষ্টব্য]

عَجِّلْ : **তুমি তরান্বিত কর/ তুমি শীঘ্র দিয়ে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر

আয়াত : ১৭

اِصْبِرْ : **তুমি ধৈর্যধারণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মমাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা; কষ্ট চেপে রাখা। [বিস্তারিত সূরা সাফ্‌ফাত, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

عَبْدَنَا : **বান্দা। গোলাম**। তাজুল 'আরূস গ্রন্থে রয়েছে– عَبْدٌ মানুষকে বলা হয়, স্বাধীন হোক বা গোলাম। ইবনে খুররাম বলেন, عَبْدٌ শব্দটি পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ভাবেই ব্যবহৃত হয়। আল্লামা আহমদ ফাইউমী

মিসবাহ গ্রন্থে লিখেছেন, এর অনেকগুলো বহুবচন রয়েছে, তবে প্রসিদ্ধ হলো– أَعْبُدٌ ، عَبِيْدٌ، عِبَادٌ ;

دَاوُد: **বিশিষ্ট নবী হযরত দাউদ (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫১ দ্রষ্টব্য]

ذَا الْاَيْدِ: **শক্তিশালী**। ذَا মুযাফ اَلْاَيْدِ মুযাফ ইলাইহি। ذَا অধিকারী; ওয়ালা। اَيْدٌ বহুবচন, একবচন– يَدٌ অর্থ– হাত; হস্ত। এখানে উদ্দেশ্য হলো শক্তি।

اَوَّابٌ: **অতিশয় আল্লাহ অভিমুখী**। اَوَّابٌ শব্দটি একবচন; বহুবচন– اَوَّابِيْنَ ; হযরত ইমাম বায়হাকী (র.) যাহ্হাক থেকে এ আয়াতের তাফসীরে বর্ণনা করেছেন যে– اَوَّابِيْنَ হলো তারা যারা গুনাহ থেকে তওবার দিকে এবং মন্দকর্ম থেকে সৎকর্মের দিকে প্রত্যাবর্তন করেন। হযরত ইবনে জারীর (র.) হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেন যে– اَوَّابِيْنَ দ্বারা সৎকর্মপরায়ণ ও অনুগত বান্দা উদ্দেশ্য। ইবনে নযর, হযরত ইবনে আবী হাতিম এবং বায়হাকী হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এর অর্থ تَوَّابِيْنَ বর্ণনা করেছেন। যার অর্থ– অধিক তওবাকারী; অধিক অনুশোচনা কারী।

আয়াত : ১৮

سَخَّرْنَا: **আমি অধীন করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

الْجِبَالَ: **পাহাড়**। বহুবচন, একবচন– جَبَلٌ

يُسَبِّحْنَ: **তারা পবিত্রতা ও মহিমা ঘোষণা করে**। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা; মহিমা বর্ণনা করা; গুণাগুণ বর্ণনা করা।

عَشِيِّ: **অপরাহ্ন; গোধূলীলগ্ন**। যখন সূর্যের আলো হালকা হতে থাকে তাকে عَشِيٌّ বলা হয়। –[মুফরাদাতুল কুরআন]

الْاِشْرَاقِ: **সকাল**। মূল অর্থ– উজ্জ্বল হওয়া; এখানে উদ্দেশ্য হলো প্রভাত; সকাল।

আয়াত : ১৯

اَلطَّيْرَ: **পক্ষীকুল**। আল্লামা আহমদ আল মিসবাহুল মুনিরে লিখেছেন যে, طَيْرٌ শব্দটি طَائِرٌ-এর বহুবচন, যেমনিভাবে صَاحِبٌ-এর বহুবচনে– صُحُبٌ

مَحْشُوْرَةً: **সমবেত**। সীগাহ اسم مفعول واحد مذكر বহছ مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; সংগ্রহ করা; জমা করা; জড় করা।

আয়াত : ২০

شَدَدْنَا: **আমি সুদৃঢ় করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلشَّدُّ মূলবর্ণ (ش ـ د ـ د) অর্থ– সুদৃঢ় করা; মজবুত করা; বাধা।

مُلْكَهُ: **তার রাজ্য**। مُلْكٌ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– اَمْلَاكٌ ও مُلُوْكٌ অর্থ– রাজত্ব; ক্ষমতা; সাম্রাজ্য।

حِكْمَةَ: **হিকমত; প্রজ্ঞা**। একবচন; বহুবচন– حِكَمٌ যাবতীয় বিষয়বস্তুকে সঠিক জ্ঞান দ্বারা জানাকে হিকমত বলা হয়। তাছাড়া حِكْمَتٌ দ্বারা ইলমে নববীও উদ্দেশ্য হয়ে থাকে।

فَصْلَ الْخِطَابِ: **ফয়সালাকারী বাগ্মিতা**। সত্য-মিথ্যার মধ্যে পার্থক্যকারী উক্তি। فَصْل মুযাফ اَلْخِطَابُ মুযাফ ইলাইহি। মূলত فَصْلٌ ছিল সিফাত, এখানে صفت-এর ইযাফত موصوف-এর দিকে হয়েছে। 'মুনতাহালআরব' গ্রন্থকারের মতে فَصْل الْخِطَابُ দ্বারা উদ্দেশ্য হলো اَمَّا بَعْدُ শব্দ। কারণ এ শব্দটি সর্বপ্রথম রাসূল ﷺ প্রবর্তন করেছেন। এর পূর্বে কোনো আরবি কবি সাহিত্যিক ও বক্তা এর ব্যবহার করে নি। –[মু'জামুল কুরআন]

আয়াত : ২১

نَبَؤُا: **সংবাদ**। একবচন, বহুবচন– اَنْبَاءٌ

اَلْخَصْمِ: **বিবদমান লোক**। **বাদী, বিবাদী**। একবচন, বহুবচন– خُصُوْمٌ - خِصَامٌ - اَخْصَامٌ ; এটি পুংলিঙ্গ ও স্ত্রী উভয়ের জন্য ব্যবহৃত হয়।

تَسَوَّرُوْا : **তারা প্রাচীর ডিঙিয়ে এসেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (س ـ و ـ ر) মাসদার اَلتَّسَوُّرُ অর্থ– প্রাচীরে উঠে উপর থেকে লাফিয়ে পড়া।

اَلْمِحْرَابَ : **ইবাদতখানা/কক্ষ**। ইসম, একবচন; বহুবচন– مَحَارِيْبُ ; সর্বশ্রেষ্ঠ ও সম্মুখের স্থান। মসজিদের মেহ্‌রাবও সর্বশ্রেষ্ঠ ও সর্বাগ্রে থাকে। শয়তান ও নফসের সাথে যুদ্ধ করারও স্থান। অথবা মেহরাবে অবস্থানকারী ব্যক্তি দুশ্চিন্তামুক্ত হয়ে একাগ্রতা সহকারে বসে। –[মু'জামুল কুরআন]

আয়াত : ২২

دَخَلُوْا : **তারা প্রবেশ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা। উপস্থিত হওয়া; হাজির হওয়া।

دَاوٗدَ : **বিশিষ্ট নবী হযরত দাঊদ (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫১ দ্রষ্টব্য]

فَفَزِعَ : **অতঃপর ভীত-বিহ্বল হয়ে পড়বে**। فاء হরফে আত্‌ফ। فَزِعَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মলবর্ণ (ف ـ ز ـ ع) মাসদার اَلْفَزْعُ অর্থ– ঘাবড়ে যাওয়া; ভীত-বিহ্বল হওয়া।

لَا تَخَفْ : **তুমি ভয় করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা।

خَصْمَانِ : **বিবদমান দুই পক্ষ**। خَصْمٌ -এর দ্বিবচন।

بَغٰى : **সে ঔদ্ধত্য প্রদর্শন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْبَغْىُ মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– সীমা অতিক্রম করা; জুলুম করা; অত্যাচার করা; বাড়াবাড়ি করা; ঔদ্ধত্য প্রদর্শন করা।

اُحْكُمْ : **আপনি ফয়সালা করে দিন/ ন্যায়বিচার করে দিন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امرحاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মসদার اَلْحُكْمُ অর্থ– নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা; মীমাংসা করা।

بِالْحَقِّ : **ন্যায়সঙ্গতভাবে**। ب হরফে জার। اَلْحَقُّ মাসদার। অর্থ– সত্য বলা; ন্যায়সঙ্গত কাজ করা।

لَا تُشْطِطْ : **আপনি অবিচার করবেন না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ط ـ ط) মাসদার اَلْاِشْطَاطُ অর্থ– জুলুম করা; অবিচার করা; বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; কথা দূরে ফেলে দেওয়া।

اِهْدِنَا : **আমাদেরকে সৎপথে পরিচালিত করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা। نا যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

سَوَاءِ : **সঠিক; সমান**। এটি ইসমে মাসদার। اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন যে– سَوَاءٌ শব্দটি مُسْتَوِىٌ [সমান] অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে قَصْرٌ হয়। যেমন– مَكَانًا سُوًى [স্থান সমতল ও পরিচ্ছন্ন] আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়। যথা–

১. সমান। যেমন– سَوَاءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ [তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান]

২. মধ্যস্থল। যেমন– فِىْ سَوَاءِ الْجَحِيْمِ [জাহান্নামের মধ্যস্থলে] ৩. পরিপূর্ণ। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَاءً [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে শব্দটি غَيْرِ অর্থে ব্যবহার হয়নি।

الصِّرَاطِ : **রাস্তা; পথ**। –[বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

আয়াত : ২৩

نَعْجَةً : **একটি দুম্বা**। একবচন, বহুবচন– نِعَاجٌ ইমাম রাগেব (র.) লিখেছেন– نَعْجَةٌ দ্বারা ভেড়া, নীলগাই, বন্য ছাগল ইত্যাদিও উদ্দেশ্য হয়।

اَكْفِلْنِيْهَا : **আমার জিম্মায় এটি দিয়ে দাও**। اَكْفِلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ف ـ ل) মাসদার

اَلْاِكْفَالُ অর্থ– অভিভাকত্বে দেওয়া; জিম্মাদার বানানো। نِىْ নূনে বেকায়া يَاء مُتَكَلِّم মাফঊলে বিহী; هَا যমীর মানসূব মুত্তাসিল।

عَزَّنِىْ : **সে আমার সাথে কঠোরতা প্রদর্শন করেছে।** সীগাহ مَاضِى مَعْرُوف বহছ وَاحِد مُذَكَّر غَائِب বাব عز ضَرَب মূলবর্ণ (ع ـ ز ـ ز) মাসদার عِزَّةٌ ও عِزٌّ কঠোরতা করা। نُوْن وِقَايَة টি- نُوْن এবং يَائے مُتَكَلِّم মাফঊলে বিহী। হযরত ইমাম রাগেব ইস্পাহানি (র.) عَزَّنِىْ فِى الْخِطَابِ-এর অর্থ লিখেছেন, সে কথায় আমার উপর চাপ প্রয়োগ করেছে; আমার সাথে কঠোরতা করেছে; আমার সাথে বলপ্রয়োগ করেছে। কেউ কেউ এর অর্থ করেছেন "সে আমার সাথে সম্বোধনে ও বিতর্কে নিজেকে অধিক সম্মানিত মনে করেছে।

আয়াত : ২৪

ظَلَمَكَ : **সে তোমার প্রতি জুলুম করেছে।** সীগাহ وَاحِد مُذَكَّر غَائِب বহছ مَاضِى مَعْرُوف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

سُؤَالِ : **আবেদন, দাবি করা।** এটি বাব فَتَحَ-এর মাসদার। মূলবর্ণ (س ـ أ ـ ل) জিনস مَهْمُوز عَين, অর্থ– চাওয়া; প্রশ্ন করা।

اَلْخُلَطَاءِ : **শরিকগণ।** এটি خَلِيْطٌ-এর বহুবচন। অর্থ– অংশীদার; শরিক।

يَبْغِىْ : **সে ঔদ্ধত্য প্রদশন করে/ অবিচার করে।** সীগাহ وَاحِد مُذَكَّر غَائِب বহছ مُضَارِع مَعْرُوف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অর্থ– সীমা অতিক্রম করা; জুলুম করা; অত্যাচার করা; বাড়াবাড়ি করা; ঔদ্ধত্য করা।

اَلصّٰلِحٰتِ : **সৎকার্যসমূহ।** এটি বহুবচন, একবচন– صَالِحٌ ; শব্দটি পবিত্র কুরআনের এক স্থানে শুধুমাত্র 'পুণ্যবতী মহিলাগণ' অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ [পঞ্চম পারা] বাকি সমস্ত স্থানে সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

قَلِيْلٌ : **স্বল্প; কম।** সীগাহ صِفَت مُشَبَّه বহছ وَاحِد বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ل ـ ل) মাসদার اَلْقِلَّةُ অর্থ– কম হওয়া; নগণ্য হওয়া; স্বল্প হওয়া।

ظَنَّ : **সে মনে করেছে; সে ধারণা করেছে।** সীগাহ وَاحِد مُذَكَّر غَائِب বহছ مَاضِى مَعْرُوف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা। শব্দটি কখনো বাব نَصَرَ-এর মাসদার হয়ে আবার কখনো ইসম হয়ে ব্যবহার হয়। ইসম হলে তার বহুবচন আসে ظُنُوْنٌ আল্লামা কাজী আবূবকর ইবনুল আরাবী উন্দুলুসী মালেকী বলেন, আমাদের আলেমগণ বলেছেন– ظَنّ-এর বাস্তবতা হলো অন্তরে দুটি বিষয় এমনভাবে অবস্থান করা যে, একটির উপর অন্যটি প্রাধান্য পায়। আর شَكّ-এর উদ্দেশ্য হচ্ছ উভয়টি বিষয়ই সমান থাকা। আর عِلْمٌ ঐ দুটি বিষয় থেকে একটিকে বাদ দিয়ে অপরটিকে নির্দিষ্ট করে দেয়।

فَتَنّٰهُ : **আমি তাকে পরীক্ষা করেছি।** فَتَنَّا সীগাহ جَمْع مُتَكَلِّم বহছ مَاضِى مَعْرُوف বাব ضَرَبَ মাসদার اَلْفُتُوْنُ মূলবর্ণ (ف ـ ت ـ ن) অর্থ– পরীক্ষা করা; যাচাই করা।

اِسْتَغْفَرَ : **সে ক্ষমা প্রার্থনা করল।** সীগাহ وَاحِد مُذَكَّر غَائِب বহছ مَاضِى مَعْرُوف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা; অনুগ্রহ করা।

خَرَّ : **তিনি পড়ে গেলেন।** সীগাহ وَاحِد مُذَكَّر غَائِب বহছ مَاضِى مَعْرُوف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخَرُّ অর্থ– পড়ে যাওয়া; পতিত হওয়া; নির্গত হওয়া।

رَاكِعًا : **নত হয়ে।** সীগাহ اِسْم فَاعِل বহছ وَاحِد مُذَكَّر বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ك ـ ع) মাসদার اَلرُّكُوْعُ অর্থ– রুকূ' করা; নুয়ে পড়া।

اَنَابَ : **সে অভিমুখী হলো।** সীগাহ وَاحِد مُذَكَّر غَائِب বহছ مَاضِى مَعْرُوف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْاِنَابَةُ অর্থ– ফিরে আসা; প্রত্যাবর্তন করা। অভিমুখী হওয়া।

اَلْهَوٰى : **প্রবৃত্তি; খেয়াল-খুশি**। এটি বাব ضَرَبَ-এর মাসদার মূলবর্ণ (ه ـ و ـ ى)

يُضِلُّكَ : সে **তোমাকে বিভ্রান্ত করবে/ বিচ্যুত করবে**। مضارع واحد مذكر غائب বহছ সীগাহ يُضِلُّ বাব اِفْعَالٌ معروف মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ– পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা; বিপথগামী করা; বিচ্যুত করা। ك যমীরে মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

شَدِيْدٌ : **কঠোর**। সীগাহ شَدِيْدٌ اسم واحد مذكر বহছ فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; তীব্র হওয়া; প্রচণ্ড হওয়া; কঠিন হওয়া।

نَسُوْا : **তারা ভুলে গিয়েছিল**। সীগাহ نَسُوْا جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ى) অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

আয়াত : ২৭

بَاطِلًا : **অনর্থক; অমূলক**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْبُطْلُ অর্থ– বাতিল হওয়া; ভ্রষ্ট হওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া। প্রত্যেক এমন কথা বা কাজ যা ভিত্তিহীন তাকে বাতিল বলা হয়।

وَيْلٌ : **দুর্ভোগ**। ইসমে মারফূ'। অর্থ– ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْلٌ-এর আরো অনেকগুলো অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সকল অর্থে وَيْلٌ হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلَةٌ ও وَيْلٌ-এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন غَيْبٌ-متكلم ও خطاب-এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْلٌ সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم-এর দিকে ইযাফত হলে বাধ্যতামূলকভাবে وَيْلٌ-কে যের দেওয়া হয়।

আয়াত : ২৫

زُلْفٰى : **নৈকট্যের মর্যাদা। মর্যাদা; স্তর**। এটি মাসদার। قُرْبٰى-এর ন্যায়, যা زُلْفَةٌ অর্থে হয়েছে। হযরত ইমাম রাগেব (র.) লিখেছেন– زُلْفَةٌ অর্থ– মর্যাদা। তিনি فَلَمَّا رَأَوْهُ زُلْفَةً-এর অর্থ লিখেছেন "যখন তারা মুমিনদের মর্যাদা দেখবে, যা থেকে তারা বঞ্চিত হয়েছে।"

حُسْنَ مَاٰبٍ : **শুভ পরিণাম**। مَاٰبٌ মাসদারও হতে পারে আবার ظرف زمان و مكان-ও হতে পারে। অর্থাৎ প্রত্যাবর্তন করা; প্রত্যাবর্তনস্থল। اَوْبٌ وَ اِيَابٌ ও মাসদার রয়েছে। ইমাম রাগেব (র.) বলেন– اوب হলো কোনো ইচ্ছাশক্তিসম্পন্ন প্রাণীর প্রত্যাবর্তন করা। আর رُجُوْعٌ-এর মধ্যে ইচ্ছার কোনো অর্থ নেই। –[খাযেন ও জালালাইন]

আয়াত : ২৬

جَعَلْنٰكَ : **আমি তোমাকে [স্থলাভিষিক্ত] করেছি**। ماضى معروف বহছ جمع متكلم সীগাহ جَعَلْنَا বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। ك যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী। ইমাম রাগেব (র.) লিখেছেন– جَعَلَ এমন শব্দ যা فَعَلَ ও صَنَعَ জাতীয় এবং সকল ফে'লসমূহের জন্য ব্যাপক। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য]

خَلِيْفَةً : **প্রতিনিধি**। একবচন, বহুবচন– خَلَائِفُ ও خُلَفَاءُ অর্থ– খলীফা; স্থলবর্তী। প্রতিনিধি বানানো দ্বারা উদ্দেশ্য হলো পূর্বের লোকদেরকে ধ্বংস করে অন্য লোকদেরকে পৃথিবীতে সুপ্রতিষ্ঠিত করা।

اُحْكُمْ : **তুমি সুবিচার কর/ ন্যায়বিচার কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ– নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা।

لَا تَتَّبِعْ : **তুমি অনুসরণ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা; কারো কথামতো চলা।

আয়াত : ২৮

اَلْمُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْسَادُ মূলবর্ণ (ف ـ س ـ د) অর্থ− গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ− সতর্ক হওয়া; পরিহার করা; ভয় করা; পরিত্যাগ করা।

اَلْفُجَّارِ : **পাপাচারী**। এটি فَاجِرٌ -এর বহুবচন। বহুবচন− فَجَرَةٌ ও আসে। অর্থ− পাপিষ্ঠ; প্রকাশ্যে পাপকর্মকারী; সত্যবিমুখ।

আয়াত : ২৯

كِتَابٌ : **কিতাব**। **গ্রন্থ**। একবচন, বহুবচন− كُتُبٌ ; এটি মাসদার যা মাফউল তথা مَكْتُوْبٌ অর্থে ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন− কুরআন, আসমনি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূজ; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আমলনামা; আল্লাহ প্রদত্ত দলিল। পবিত্র কুরআনে কুরআনেরও অনেকগুলো নাম উল্লেখ করা হয়েছে। যেমন− কুরআন; কিতাব; তানযীল; ফুরকান; জিকর ইত্যাদি।

مُبٰرَكٌ : **কল্যাণময়**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ب ـ ر ـ ك) মাসদার اَلْمُبَارَكَةُ অর্থ− কল্যাণময় হওয়া; ভালো হওয়া; বরকত দেওয়া।

لِيَدَّبَّرُوْا : **যেন তারা অনুধাবন করে; গভীর চিন্তা করে**। শুরুর লামটি لام كى ; يَدَّبَّرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام كى বাব تَفَعُّلٌ মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلتَّدَبُّرُ অর্থ− চিন্তা করা; অনুধাবন করা; অনুভব করা; অনুমান করা। يَدَّبَّرُ মূলত يَتَدَبَّرُوْ ছিল। تاء -কে دال দ্বারা পরিবর্তন করে دال -কে دال -এর মাঝে ইদগাম করা হয়েছে।

اٰيٰتِهٖ : **তার নিদর্শনাবলি**। اٰيَةٌ -এর বহুবচন। এ শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন− নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতকে আয়াত নামকরণের কারণসমূহ−

১. اٰيَةٌ অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআন মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।

২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুরআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।

৩. আবার কেউ বলেছেন, আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলা হয়।

يَتَذَكَّرَ : **সে উপদেশ গ্রহণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ− উপদেশ গ্রহণ করা; হুকুম মানা।

اُولُوا الْاَلْبَابِ : **বোধশক্তিসম্পন্নগণ**। اُولُوْا অর্থ− ওয়ালা; বিশিষ্ট; সম্পন্ন। বহুবচন; এর কোনো একবচন নেই। কেউ কেউ ذُوْ -কে এর একবচন বলেন। রফা অবস্থায় اُولُوْا এবং নসব ও جر অবস্থায় اُولِىْ হবে। اَلْبَابٌ শব্দটি لُبٌّ -এর বহুবচন। যার অর্থ− এমন জ্ঞান ও বুদ্ধি যার মধ্যে কোনো ধরনের ভেজালের মিশ্রণ নেই। যেহেতু لُبٌّ বলা হয় যে কোনো বস্তুর সারনির্যাসকে। আর নির্ভেজাল আকলও মানুষের সারমর্ম ও মূলবস্তু। তাই এর নাম لُبٌّ হয়েছে। কেউ কেউ পবিত্র জ্ঞানকে لُبٌّ বলেছেন। মোটকথা যে কোনো لُبٌّ হলো عَقْلٌ কিন্তু যে কোনো عَقْلٌ -ই لُبٌّ নয়। এ কারণেই পবিত্র কুরআনে ঐ সমস্ত আহকাম যা শুধুমাত্র খাঁটি আকল দ্বারা অনুধাবন করা যায় তার ক্ষেত্রে اُولُو الْاَلْبَابِ শব্দ প্রয়োগ করেছেন।

আয়াত : ৩০

وَهَبْنَا : **আমি দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْوَهْبُ ও اَلْهِبَةُ মূলবর্ণ (و ـ ه ـ ب) অর্থ− দান করা; সদকা দেওয়া।

- جَوَادٌ : اَلْجِيَادُ **উৎকৃষ্ট; উন্নতজাতের; দ্রুতগামী**। এটি - جَوَادٌ এর বহুবচন। جَوَادٌ এমন দ্রুতগামী অশ্বকে বলা হয় যে তার পূর্ণ দৌড় সমাপ্ত করে।

আয়াত : ৩২

اَحْبَبْتُ : **আমি ভালোবেসেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْبَابُ মূলবর্ণ (ح ـ ب ـ ب) অর্থ– ভালোবাসা; পছন্দ করা; বন্ধুত্ব রাখা।

تَوَارَتْ : **তা অস্তমিত হয়েছে; লুকিয়ে গেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাবে تَفَاعُلٌ মূলবর্ণ (و ـ ر ـ ى) মাসদার اَلتَّوَارِىْ অর্থ– লুকিয়ে যাওয়া; অস্ত যাওয়া। এখানে تَوَارَتْ শব্দের ফা'য়েল شَمْسٌ যা আরবিতে مؤنث سماعى হিসেবে উহ্য রয়েছে।

আয়াত : ৩৩

رُدُّوْهَا : **তোমরা তাকে পুনরায় আমার সম্মুখে আনয়ন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– প্রত্যাবর্তন করা। هَا যমীরের মারজি' صَافِنَاتٌ ;

طَفِقَ مَسْحًا : **তিনি ছেদন করতে লাগলেন**। –[বগভী, ইবনে আব্বাস, হাসান বসরী, কাতাদা তিনি হাত ফিরাতে লাগলেন। –[ইমাম রাযী : তাফসীরে কাবীর] طَفِقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ط ـ ف ـ ق) মাসদার اَلطَّفِقُ অর্থ– করতে শুরু করা; করতে থাকা। এটি افعال مقاربة -এর একটি।

مَسْحًا : **কর্তন করা; ছেদন করা। হাত ফিরানো**। এটি বাব فَتَحَ -এর মাসদার। مَسْحٌ -এর অর্থের মধ্যে দুটি জিনিস রয়েছে।

১. কোনো কিছুর উপর হাত ফিরানো।
২. তাতে কোনো চিহ্ন ইত্যাদি থাকলে তা মুছে ফেলা।

শেষোক্ত অর্থ হিসেবে مَسْحٌ -এর অর্থ হলো পরিষ্কার করে দেওয়া। বলা হয় دِرْهَمٌ مَسْحٌ এমন দিরহাম

نِعْمَ : **কতই না উত্তম!** এটি فعل مدح বা প্রশংসাবাচক ক্রিয়া। নাহুবিদগণ বলেন, যেভাবে بِئْسَ হলো فعل ذم তেমনিভাবে نِعْمَ হলো فعل مدح ; কিন্তু نِعْمَتْ ও نِعْمَ (ماضى) ব্যতীত ماضى বা مضارع -এর অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। আর পবিত্র কুরআনে তো نِعْمَتْ -ও আসেনি। যাহোক নাহুবিদদের পরিভাষায় نِعْمَ ফে'ল। ইমাম রাগেব (র.) লিখেছেন– نِعْمَ -এর উৎসস্থল نِعْمَ বা نِعْمَةٌ ;

اَوَّابٌ : **অতিশয় আল্লাহ অভিমুখী**। একবচন; বহুবচন– اَوَّابِيْنَ ; ইমাম বায়হাকী (র.) যাহ্হাক থেকে এ আয়াতের তাফসীরে বর্ণনা করেছেন যে, اَوَّابِيْنَ হলো তারা যারা গুনাহ থেকে তওবার দিকে এবং মন্দকর্ম থেকে সৎকর্মের দিকে প্রত্যাবর্তন করেন। ইবনে জারীর (র.) হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেন যে, اَوَّابِيْنَ দ্বারা সৎকর্মপরায়ণ ও অনুগত বান্দা উদ্দেশ্য। ইবনে নযর, ইবনে আবী হাতিম এবং বায়হাকী (র.) হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এর অর্থ تَوَّابِيْنَ বর্ণনা করেছেন। যার অর্থ– অধিক তওবাকারী।

আয়াত : ৩১

اِذْ عُرِضَ : **যখন উপস্থিত করা হলো**। اذ যরফ عُرِضَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْعَرْضُ অর্থ– পেশ করা; উপস্থাপন করা; হাজির করা; প্রমাণ পেশ করা। এটি متعدى ও لازم উভয়ভাবেই ব্যবহৃত হয়।

اَلصّٰفِنٰتُ : **ধাবনোদ্যত অশ্বরাজি**। এটি صَافِنَةٌ -এর বহুবচন। যে ঘোড়া তিন পায়ের উপর দাঁড়িয়ে থাকে এবং চতুর্থ পায়ের খুর বাঁকিয়ে তার উপর হালকা ভর দিয়ে রাখে, তাকে صَافِنَةٌ বলা হয়। যা صُفُوْنٌ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ– তিন পায়ে ভর দিয়ে দাঁড়ানো এবং চতুর্থ পায়ের খুরের প্রান্তে টেক লাগানো। উল্লেখ্য যে ঘোড়া এভাবে দাঁড়ায় তা খুবই হৃষ্টপুষ্ট ও শক্তিশালী হয়।

যাতে কোনো চিহ্ন অবশিষ্ট নেই। مَسْحًا بِالسَّيْفِ আমি তলোয়ার দ্বারা পরিষ্কার করেছি, অর্থাৎ কেটে ফেলেছি। ইমাম রাযী (র.) প্রথমটি হিসেবে অর্থ করেছেন। আর অধিকাংশ মুফাসসিরগণ শেষেরটি হিসেবে অর্থ করেছেন।

سُوْقِ : **পদ; পা; পিণ্ডলী**। سَاقٌ -এর বহুবচন।

اَلْاَعْنَاقِ : **গলদেশ; গর্দান**। এটি عُنُقٌ -এর বহুবচন।

আয়াত : ৩৪

فَتَنَّا : **আমি পরীক্ষায় ফেলেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْفِتْنَةُ ও اَلْفُتُوْنُ মূলবর্ণ (ف ـ ت ـ ن) অর্থ– পরীক্ষা করা; বিপদে ফেলা।

اَلْقَيْنَا : **আমি স্থাপন করেছি; নিক্ষেপ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; স্থাপন করা।

كُرْسِيِّهٖ : **তার আসন**। كُرْسِيٌّ মুযাফ ه মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– اَلْكَرَاسِيْ অর্থ– কুর্সি; আসন; চেয়ার; গদি।

جَسَدًا : **ধড়/ শরীর**। جَسَدٌ অর্থ جِسْمٌ ; তবে এটি তার থেকে اَخَصُّ কারণ جَسَدٌ তাকে বলা হয় যার রঙ আছে, আর جِسْمٌ এর জন্যও হয় আবার যার রঙ নেই যেমন পানি, বাতাস ইত্যাদির জন্যও হয়। শব্দটি একবচন, বহুবচন–اَجْسَادٌ

اَنَابَ : **সে অভিমুখী হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنَابَةُ মূলবর্ণ (ن ـ و ـ ب) অর্থ– ফিরে আসা; প্রত্যাবর্তন করা। অভিমুখী হওয়া।

আয়াত : ৩৫

اِغْفِرْ : **তুমি ক্ষমা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা; মার্জনা করা; দয়া করা।

هَبْ : **তুমি দান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْهِبَةُ ও اَلْوَهْبُ অর্থ– দান করা; দেওয়া; সাহায্য করা।

اَلْوَهَّابُ : **মহান দাতা**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْهِبَةُ ও اَلْوَهْبُ অর্থ– দান করা।

আয়াত : ৩৬

سَخَّرْنَا : **আমি অধীন করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা; অনুসরণ করা; অনুকরণ করা।

اَلرِّيْحَ : **বায়ু; বাতাস; হাওয়া**। একবচন, বহুবচন- رِيَاحٌ

رُخَاءً : **মৃদুমন্দভাবে**। এটি رَخَاوَةٌ ও رِخْوَةٌ যা اسم جمع থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো কোমল, তুলতুলে; মৃদু; নরম।

حَيْثُ اَصَابَ : **তিনি যেখানে যেতে চাইতেন; তিনি যা ইচ্ছা করতেন**। اصاب সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاَصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) জিনস اَجوف واوى অর্থ– চাওয়া; ইচ্ছা করা; পৌঁছা; সঠিক হওয়া।

আয়াত : ৩৭

اَلشَّيٰطِيْنَ : **শয়তানসমূহ, অবাধ্য; দুষ্ট**। (বিস্তারিত সূরা ইয়াসীন, আয়াত : ৬০ দ্রষ্টব্য

بَنَّاءٍ : **প্রাসাদ-নির্মাণকারী**। ইসমে মুবালাগা যা ইসমে ফায়েল অর্থে হয়েছে। বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ ن ـ أ) মাসদার اَلْبِنَاءُ নির্মাণ করা; বানানো।

غَوَّاصٍ : **ডুবুরী**। মুবালাগার সীগাহ। মাসদার اَلْغَوْصُ ; যার অর্থ পানিতে ডুব দিয়ে কিছু বের করে আনা। ইলমের গভীরতায় পৌঁছে সূক্ষ্ম সূক্ষ্ম বিষয় আবিষ্কার করা। দুর্লভ বস্তু আবিষ্কার করা, আশ্চর্য ও বিস্ময়কর কাজ করা। –[মুফরাদাত] ইমাম রাগেব (র.) -এর

মতে আয়াতে মুক্তা আহরণের জন্য ডুব দেওয়া উদ্দেশ্য নয়; বরং দুর্লভ কাজ এবং বিস্ময়কর কাজে পারদর্শীও উদ্দেশ্য।

আয়াত : ৩৮

مُقَرَّنِيْنَ : **শৃঙ্খলিত; বিজড়িত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْرِيْنُ মূলবর্ণ (ق ـ ر ـ ن) অর্থ– ঝুলানো; ধরে রাখা জড়ানো; বাঁধা।

اَلْاَصْفَادِ : **শিকল; জিঞ্জির**। শব্দটি বহুবচন; একবচন– صِفَادٌ ও صَفَدٌ

আয়াত : ৩৯

عَطَاءُ : **দান**। **বখশিশ; পুরস্কার**। মাগরিব কিতাবে রয়েছে যা বখশিশ করা হয় তাকে عَطَاءٌ বলা হয়। বহুবচন اَعْطِيَاتٌ ও اَعْطِيَةٌ ; ইমাম রাগেব (র.) লিখেছেন– عَطَاءٌ ও عَطِيَّةٌ শব্দের ব্যবহার পুরস্কারের জন্য নির্দিষ্ট হয়ে গেছে। যেমন–هٰذَا عَطَاءٌ ; আবূবকর আযীযী লিখেছেন–عَطَاوُنَا حِسَابًا অর্থ হলো এমন দান যা যথেষ্ট হয়। যেমন বলা হয়–اَعْطَانِىْ مَا اَحْسَبَنِىْ সে আমাকে এত দিয়েছে যা আমার জন্য যথেষ্ট হয়ে গেছে। কেউ কেউ বলেছেন, এর অর্থ হলো – اَنْ تُعْطِيَهُ حَتّٰى يَقُوْلَ حَسْبِىْ حَسْبِىْ অর্থাৎ তুমি কাউকে এত দিবে যে সে যথেষ্ট! যথেষ্ট! বলতে থাকে।

فَامْنُنْ : **তুমি অনুগ্রহ কর**। فا জাযাইয়া ; اُمْنُنْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার اَلْمَنُّ অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া।

اَمْسِكْ : **তুমি আটকে রাখ**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْسَاكُ মূলবর্ণ (م ـ س ـ ك) অর্থ– বিরত রাখা; আটকে রাখা।

আয়াত : ৪০

اَيُّوْبَ : **নবী হযরত আইয়ূব (আ.)** [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

مَسَّنِىَ : **আমাকে স্পর্শ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া। نون وقاية টি نون এবং يائے متكلم মাফঊলে বিহী।

نُصْبٍ : **যন্ত্রণা; কষ্ট; দুঃখ**।

আয়াত : ৪১

اُرْكُضْ : **তুমি পদাঘাত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلرَّكْضُ মূলবর্ণ (ر ـ ك ـ ض) অর্থ– লাথি মারা; পদাঘাত করা।

مُغْتَسَلٌ : **গোসলের পানি**। **ঝরনা; পানি**। এটি ظرف مكان মাসদার اَلْغُسْلُ অর্থ– ধৌত করা, গোসল করা।

بَارِدٌ : **সুশীতল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ ও نَصَرَ মূলবর্ণ (ب ـ ر ـ د) মাসদার اَلْبَرْدُ ও اَلْبُرُوْدُ অর্থ– ঠাণ্ডা হওয়া; শীতল হওয়া।

আয়াত : ৪২

شَرَابٌ : **পানীয়**। একবচন, বহুবচন–اَشْرِبَةٌ যা চিবাতে হয় না; বরং পান করা হয়।

আয়াত : ৪৪

ضِغْثًا : **এক মুষ্ঠি তৃণ**। ঝাড়ু। ইমাম রাগেব (র.) লিখেছেন, ফসল, ঘাস বা ডালার মুঠোকে ضغث বলা হয়। একবচন, বহুবচন– اَضْغَاثٌ ;

اِضْرِبْ : **তুমি আঘাত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ -এর অর্থ– কোনো বস্তুকে অপর বস্তুর উপর পতিত করা। যেহেতু এর সুরত বিভিন্ন হতে পারে তাই ভিন্ন ভিন্ন অবস্থায় ভিন্ন ভিন্ন অর্থ হবে। কোথাও প্রহার করা, কোথাও ঢেলে দেওয়া, কোথাও চলা, আবার কোথাও বর্ণনা করা এবং নির্মাণ করা। মোটকথা স্থানবিশেষে এর অর্থ– করতে হবে তবে মূল অর্থ ঠিক রাখতে হবে। যেহেতু চলার সময় পা মাটিতে পড়ে তাই ضَرَبَ فِى الْاَرْضِ অর্থ

হবে ভূমিতে চলা। কোনো কিছুকে এভাবে বর্ণনা করা যার প্রভাব অন্যের উপর পড়ে তাকে বলা হয় ضَرَبَ ; তাই যখন اَلْمَثَلُ -এর সাথে مِثْل -এর সাথে ضَرَبَ -এর ব্যবহার হবে তখন অর্থ হবে- বর্ণনা করা। আয়াতে কারীমা فَاضْرِبْ لَهُمْ طَرِيْقًا فِى الْبَحْرِ يَبَسًا [তুমি সমুদ্রে শুষ্ক রাস্তা নির্মাণ কর] এখানে যেহেতু طَرِيْقٌ [রাস্তা] -কে بَحْرٌ [সমুদ্র] এর উপর পতিত করা হচ্ছে তাই এখানে اِضْرِبْ অর্থ হবে- নির্মাণ করা; তৈরি করা।

وَجَدْنَا : **আমি পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া; অর্জন করা।

আয়াত : ৪৬

اَخْلَصْنَا : **আমি অধিকারী করেছি [বিশেষ গুণের]/ আমি বিশুদ্ধচিত্ত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ- একান্ত করা; খাঁটি করা; বিশুদ্ধ করা।

ذِكْرَى الدَّارِ : **পরলোকের স্মরণ**। ذِكْرٰى মাসদার, মুযাফ اَلدَّارُ মুযাফ ইলাইহি। বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- স্মরণ করা। اَلدَّارُ একবচন, বহুবচন- دِيَارٌ

আয়াত : ৪৭

مُصْطَفَيْنَ : **মনোনীতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ص ـ ف ـ و) মাসদার اَلْاِصْطِفَاءُ অর্থ- মনোনীত করা; নির্বাচন করা; পছন্দ করা।

اَلْاَخْيَارِ : **উত্তম বান্দা**। এটি خَيِّرٌ -এর বহুবচন। خَيْر [কিয়াসের বিপরীত] সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل ; অর্থ- উত্তম; শ্রেষ্ঠ; কল্যাণ; সৎকর্ম; যা সকলের নিকট পছন্দনীয়; জ্ঞান; বুদ্ধি; ন্যায়পরায়ণতা; উপকারী বস্তু।

আয়াত : ৪৮

اَلْيَسَعَ : **নবী হযরত ইয়াসা (আ.)**। তাঁর সম্মানিত পিতার নাম আখতুব বিন আজুর। [তাফসীরে মাযহারী] তিনি হযরত ইলিয়াস (আ.) -এর খলীফা ছিলেন। আল্লাহ তা'আলা তাকে নবুয়ত দান করেছিলেন। কারো কারো মতে ইয়াসা হলো হযরত ইলিয়াস বা হযরত খিযির (আ.)-এর অপর নাম। এ কথা সঠিক নয়। তাঁর সম্পর্কে আরো কিছু অলীক কথা বর্ণিত আছে, যেমন খিযির জলে আর ইয়াসা স্থলের দায়িত্বে নিয়োজিত আছেন তারা উভয়ে প্রতিদিন রাতে সদ্দে সেকান্দারীতে মিলিত হন এবং হযরত ইলিয়াস ও ইয়াসা প্রতি বছর হজে গমন করেন এবং জমজম পান করেন। এগুলো সব মনগড়া কথা, যার কোনো ভিত্তি নেই।

ذَا الْكِفْلِ : **যুলকিফ্ল**। পবিত্র কুরআনে তাঁর নাম নবীদের কাতারেই দু'বার উল্লেখ হয়েছে। উভয় স্থানেই শুধু তার নাম নেওয়া হয়েছে। বিস্তারিত কিছু বলা হয়নি। রাসূল ﷺ ও তাঁর ব্যাপারে কিছু বলেননি। কুরআনে তাঁকে ধৈর্যশীল, সৎকর্মপরায়ণ, এবং শ্রেষ্ঠদের মধ্যে হওয়ার সাক্ষ্য প্রদান করা হয়েছে এবং তাকে আল্লাহর রহমতের মধ্যে অন্তর্ভুক্ত করার সুসংবাদ প্রদান করা হয়েছে।

আয়াত : ৪৯

حُسْنَ مَاٰبٍ : **শুভ পরিণাম**। مَاٰبٌ মাসদারও হতে পারে আবার ظرف زمان و مكان -ও হতে পারে। অর্থাৎ প্রত্যাবর্তন করা; প্রত্যাবর্তনস্থল। اَوْبٌ وَ اِيَابٌ -ও মাসদার রয়েছে। ইমাম রাগেব (র.) বলেন- اَوْبٌ হলো কোনো ইচ্ছাশক্তিসম্পন্ন প্রাণীর প্রত্যাবর্তন করা। আর رُجُوْعٌ -এর মধ্যে ইচ্ছার কোনো অর্থ নেই। -[খাযেন ও জালালাইন]

আয়াত : ৫০

جَنّٰتِ عَدْنٍ : **স্থায়ী জান্নাত**। عَدْنٌ শব্দটি বাব ضَرَبَ ও نَصَرَ -এর মাসদার। অর্থ- থাকা; বসবাস করা; স্থায়ী হওয়া। جَنّٰتُ عَدْنٍ অর্থ- বসবাসের উদ্যান অর্থাৎ এমন উদ্যানসমূহ যেখানে চিরদিন থাকবে। উল্লেখ্য عَدْن কে কোনো কোনো আলেম علم বলেছেন; আবার কেউ صفت বলেছেন। যারা علم বলেন, তারা বলেন, এটি একটি বিশেষ জান্নাতের নাম। দলিলস্বরূপ তারা কুরআনের আয়াত- جَنّٰتُ عَدْنٍ

اَلَّتِىْ وَعَدَ الرَّحْمٰنُ عِبَادَهٗ بِالْغَيْبِ পেশ করেন। কারণ এখানে মারেফাকে তার সিফাত বানানো হয়েছে। তাছাড়া হাদীসে রয়েছে রাসূল ﷺ বলেছেন عَدْنٌ হলো আল্লাহ তা'আলার নির্মিত গৃহ যা না কোনো চক্ষু কখনো দেখেছে না কোনো মানুষের অন্তরে তার কল্পনা উদয় হয়েছে। নবীগণ, সিদ্দীকগণ ও শহীদগণ ব্যতীত কেউ তাতে বসবাস করতে পারবে না। পক্ষান্তরে যারা عَدْنٌ কে علم [নাম] বলে মনে করেন না, তারা বলেন এটি جَنّٰتٌ -এর সিফাত। কারণ عَدْنٌ -এর প্রকৃত অর্থ হলো- স্থায়ীত্ব; অবিচলতা। প্রবাদ রয়েছে-عَدَنَ بِالْمَكَانِ [সে এখানে অবস্থান করেছে।] عَدْنٌ দ্বারা উদ্দেশ্য হলো চিরস্থায়ী বসবাস। এ মত হিসেবে সকল জান্নাতই আদ্ন]।

مُفَتَّحَةً : **উন্মুক্ত**। সীগাহ اسم مفعول واحد مؤنث বহছ مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلتَّفْتِيْحُ অর্থ- উন্মুক্ত করা; খোলা; প্রকাশ করা; বাহির করা।

আয়াত : ৫১

مُتَّكِئِيْنَ : **হেলান দেওয়া অবস্থায় সমাসীন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ك ـ ء) মাসদার اَلْاِتِّكَاءُ অর্থ- হেলান দেওয়া; বালিশে ঠেস দেওয়া।

يَدْعُوْنَ : **তারা ডাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) জিনস ناقص واوى মাসদার اَلدَّعْوَةُ অর্থ- ডাকা; আহ্বান করা; আরাধনা করা।

فَاكِهَةٍ : **ফলমূল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل শেষের تاء মুবালাগার জন্য। তাছাড়া فَاكِهَةٌ হাসিমুখ ও রসিক ব্যক্তিকেও বলা হয়। -[কামূস] অনেকে আঙ্গুর ও আনারকে فَاكِهَةٌ -এর মধ্যে অন্তর্ভুক্ত করেন না। -[খাযেন]

كَثِيْرَةٍ : **প্রচুর; অনেক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ- প্রচুর হওয়া; অধিক হওয়া।

আয়াত : ৫২

قٰصِرٰتُ : **আনতনয়না**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ص ـ ر) মাসদার اَلْقَصْرُ অর্থ- দৃষ্টিকে নিয়ন্ত্রণ করা। পূত-পবিত্র নারগীণ। ঐ সকল নারীগণ যাদের দৃষ্টি তাদের স্বামীগণ ব্যতীত অন্য কারো উপর পড়ে না। -[রাগেব, মু'জাম, লিসান, মহল্লী, খাযেন]

اَلطَّرْفِ : **নজর, দৃষ্টি, চোখের পলককে বলা হয়**। طَرْفَةُ الْعَيْنِ [চোখের পলক বন্ধ করা এবং খোলা।] দৃষ্টিকে طرف বলা হয়। قٰصِرٰتُ الطَّرْفِ অর্থ- আনতনয়না। যাদের দৃষ্টি থাকবে নিচের দিকে।

اَتْرَابٌ : **সমবয়স্কা যুবতীসকল**। এটি تِرْبٌ -এর বহুবচন।

আয়াত : ৫৩

تُوْعَدُوْنَ : **তোমাদের সাথে ওয়াদা করা হচ্ছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْعِدَةُ ও اَلْعَدُّ অর্থ- ওয়াদা করা; অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; কথা দেওয়া।

আয়াত : ৫৪

نَفَادٍ : **শেষ হওয়া/ নিঃশেষ হওয়া**। মূলবর্ণ (ن ـ ف ـ د) বাব سَمِعَ মাসদার اَلنَّفَادُ ও اَلنَّفَدُ

আয়াত : ৫৫

طٰغِيْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ غ ـ ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ- অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন- طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৫৬

يَصْلَوْنَهَا : **তারা এতে প্রবেশ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلْىُ অর্থ- প্রবেশ করা।

بِئْسَ الْمِهَادُ : **নিকৃষ্ট আশ্রয়স্থল**। بِئْسَ হলো فعل ذم ; اَلْمِهَادُ অর্থ- বিছানা। উদ্দেশ্য হলো ঠিকানা; নিবাস; আশ্রয়স্থল।

আয়াত : ৫৭

يَذُوقُوا : **তারা ভোগ করবে ; তারা স্বাদ গ্রহণ করবে**। সীগাহ جمع مذكر غائب مضارع معروف বহছ بَاب نَصَرَ মূলবর্ণ (ذ - و - ق) মাসদার اَلذَّوْقُ অর্থ- স্বাদ গ্রহণ করা; ভোগ করা; আস্বাদন করা।

حَمِيمٌ : **ফুটন্ত পানি। অত্যধিক গরম পানি। অন্তরঙ্গ বন্ধু**। মূলত حَمِيمٌ বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيمٌ বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে বহুবচন- اَلْاَحِمَّاءُ আসে।

غَسَّاقٌ : **পুঁজ। হীম শীতল পানি**। [মু'জামুল কুরআন, গরীবুল কুরআন] জাহান্নামীদের থেকে প্রবাহিত রক্ত। [জালালাইন, সাবী, মু'জামুল কুরআন, মুফরাদাত] এক হাদীসে রয়েছে যদি غَسَّاقٌ -এর এক বালতি দুনিয়ায় ঢেলে দেওয়া হয় তাহলে সমগ্র পৃথিবীবাসীর দুর্গন্ধময় হয়ে যাবে। [মাজমাউল বিহার] এ গ্রন্থের লেখক এর মতে غَسَّاقٌ -এর অর্থ জাহান্নামীদের থেকে প্রবাহিত রক্ত বা তাদের ধোঁয়া বা অশ্রু বা হীম শীতল পানি উদ্দেশ্য। কামূস গ্রন্থকার লিখেছেন বরফে পরিণতকারী অতি ঠাণ্ডা। হযরত ইবনে আব্বাস ও ইবনে মাসউদ (রা.) -এর মতও এটিই। প্রফেসর আব্দুর রউফ তাঁর প্রখ্যাত গ্রন্থ মু'জামুল কুরআনের টীকায় লিখেছেন- غَسَّاقٌ তুর্কী শব্দ, যার অর্থ- দুর্গন্ধযুক্ত শীতল পানি।

আয়াত : ৫৮

شَكْلِهِ : **এরূপ; এ প্রকারের**। شَكْلٌ মুযাফ ه মুযাফ ইলাইহি। شَكْلٌ শব্দটি একবচন, বহুবচন- اَشْكَالٌ অর্থ- প্রতীক; সমমান; প্রতিমূর্তি।

اَزْوَاجٌ : **বিভিন্ন প্রকার**। বহুবচন, একবচন- اَلزَّوْجُ অর্থ- জোড়া; স্বামী; বিভিন্ন প্রকার। [বিস্তারিত সূরা বাকারা : ২৫ দ্রষ্টব্য]

আয়াত : ৫৯

فَوْجٌ : **বাহিনী; দল**। একবচন, বহুবচন- اَفْوَاجٌ

مُقْتَحِمٌ : **প্রবেশকারী। ভয়ানক স্থানে প্রবেশকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق - ح - م) মাসদার اَلْاِقْتِحَامُ অর্থ- কোনো ভয়ঙ্কর স্থান বা বস্তুতে ঢুকে পড়া। বলা হয়- قَحَّمَ نَفْسَهٗ সে না বুঝেশুনে নিজেকে কোনো কাজে নিয়োগ করেছে। قَحَمَ الْفَرَسُ فَارِسَهٗ [ঘোড়া আরোহীকে নিয়ে ভয়ঙ্কর স্থানে প্রবেশ করেছে।] مَقَاحِيمُ [ভয়াবহ কাজে নির্দ্বিধায় আত্মনিয়োগকারী। জনৈক কবি বলেন-

مَقَاحِيمُ فِى الْاَمْرِ الَّذِى يَتَجَنَّبُ

অর্থ- সতর্কতা অবলম্বন করা হয় তারা এমন ভয়ঙ্কর কাজে অনুপ্রবেশ করে। -[তাজ ও মুফরাদাত]

لَا مَرْحَبًا : **অভিনন্দন নেই**। مَرْحَبًا হলো ظرف مكان ; প্রশস্ত স্থান; অর্থাৎ তোমাদের জন্য প্রশস্ত স্থান নেই; তোমাদেরকে কোনো স্থান দেওয়া হবে না। مَرْحَبًا শব্দটি শুভ আগমন/ স্বাগতম এর স্থলে ব্যবহৃত হয়। শুরুতে حرف نفى আসার কারণে অর্থ হবে "ফিরে যাও" এবং ঘৃণা প্রকাশের অর্থে ব্যবহৃত হয়। رَحُبَ অর্থ- প্রশস্ততা; লম্বা; বড়। رَحِيْبُ الصَّدْرِ [প্রশস্ত হৃদয়ের অধিকারী।]

صَالُوا : **প্রবেশকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ص - ل - ى) মাসদার اَلصَّلْىُ অর্থ- প্রবেশ করা।

আয়াত : ৬০

قَدَّمْتُمُوهُ : **তোমরা তা পূর্বে প্রেরণ করেছো**। قَدَّمْتُمُوا সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيلٌ মূলবর্ণ (ق - د - م) মাসদার اَلتَّقْدِيمُ অর্থ- অগ্রে পেশ করা; পূর্বে প্রেরণ করা। ه যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

بِئْسَ الْقَرَارُ : **নিকৃষ্ট আবাসস্থল**। بِئْسَ হলো فعل ذم ; اَلْقَرَارُ অর্থ- আরামের স্থান; অবস্থানস্থল। -[রূহুল মা'আনী] সজীব ভূমি -[ইবনে আব্বাস] সমতল ভূমি -[মহল্লী] পানি জমা হওয়ার স্থান, অর্থাৎ জরায়ু -[তাজ]। উদ্দেশ্য হলো ঠিকানা; নিবাস; আশ্রয়স্থল।

আয়াত : ৬১

فَزِدْهُ : **তুমি তা বৃদ্ধি কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ى ـ د) অর্থ– বৃদ্ধি করা। ه যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

ضِعْفًا : **দ্বিগুণ; ডবল**। শব্দটি বহুবচন– اَضْعَافٌ; দ্বিবচন– ضِعْفَيْنِ।

আয়াত : ৬২

كُنَّا نَعُدُّ : **আমরা গণনা করতাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى استمرارى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) জিনস مُضَاعَفْ ثُلَاثِىْ মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা।

اَشْرَارِ : **মন্দ; নিকৃষ্ট**। বহুবচন, একবচন– شَرِيْرٌ

আয়াত : ৬৩

اِتَّخَذْنٰهُمْ : **আমরা তাদেরকে মনে করতাম**। اِتَّخَذْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; করা; অবলম্বন করা; গ্রহণ করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

سِخْرِيًّا : **ঠাট্টা-বিদ্রূপ**। মাসদার; বাব سَمِعَ আরো কয়েকটি মাসদার اَلسِّخْرُ - اَلسُّخْرُ ও اَلسُّخْرِيَّةُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– বিদ্রূপ করা; উপহাস করা; হাসি-ঠাট্টা করা।

زَاغَتْ : **বিভ্রম হয়েছে; বক্র হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ غ) মাসদার اَلزَّيْغُ অর্থ– বক্র হওয়া; বাঁকা হওয়া; বিস্ফারিত হওয়া।

اَلْاَبْصَارُ : **দৃষ্টি, চক্ষুসমূহ**। বহুবচন, একবচন– بَصَرٌ

আয়াত : ৬৫

مُنْذِرٌ : **ভীতিপ্রদর্শনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা।

اَلْقَهَّارُ : **প্রবল প্রতাপশালী**। মুবালাগার সীগাহ। এমন প্রবল প্রতাপশালী যার তুলনায় সকলেই তুচ্ছ ও নগণ্য। বাব فَتَحَ মাসদার اَلْقَهْرُ অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া।

আয়াত : ৬৬

اَلْعَزِيْزُ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব লিখেছেন– عَزِيْز এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন, কখনো পরাজিত হন না। আল্লামা যুজায (র.) লিখেছেন– عَزِيْز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অর্থ– করেছেন এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন– عَزِيْز হলো যার উপমা কিছু নেই; অনুপম। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দেখুন]

اَلْغَفَّارُ : **ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ– ক্ষমা করা; মাফ করা; অনুগ্রহ করা।

আয়াত : ৬৭

نَبَؤٌا عَظِيْمٌ : نَبَأٌ : **মহাসংবাদ**। نَبَأٌ ইসমে মাজরূর। نَبَأَةٌ [মৃদু ধ্বনি। কুকুরের ধ্বনি।] نَبِىٌّ [আল্লাহর নবী; পয়গম্বর। উচ্চস্তর। উন্মুক্ত পথ। স্থানান্তরকারী।] نُبُوَّةٌ [নবুয়তী।] نَابِىٌّ [উচ্চস্থান]। نَبْأٌ ও نُبُوَّةٌ [উঁচু হওয়া; প্রকাশ পাওয়া। শব্দ করা। সংবাদ দেওয়া। স্থানান্তরিত হওয়া।] বাব فَتَحَ ; اِنْبَاءٌ বাব اِفْعَالٌ ও تَفْعِيْل বাবে تَنْبِئَةٌ [সংবাদ দেওয়া। সতর্ক করা।] مُنَابَاةٌ [একে অপর থেকে দূরে সরে যাওয়া। প্রতিবেশীত্ব ত্যাগ করা।] تَنَبُّؤٌ বাব تَفَعُّلٌ [নবুওয়াতির দাবি করা।] اِسْتِنْبَاءٌ বাব اِسْتِفْعَالٌ [অনুসন্ধান করা; খোঁজ লাগানো।]

عَظِيْمٌ : **মহান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْعِظَامَةُ অর্থ– মহান হওয়া; সম্মানিত হওয়া।

আয়াত : ৬৮

مُعْرِضُوْنَ : **উপেক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْرَاضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– উপেক্ষা করা; মুখ ফিরিয়ে নেওয়া। এর صلة লাম এলে অর্থ হয়– সম্মুখে আসা। আর সেলা عَنْ হলে অর্থ হয়– মুখ ফিরিয়ে রাখা; বিরত থাকা।

আয়াত : ৬৯

اَلْمَلَأُ الْاَعْلٰى : **ঊর্ধ্বজগত**। ইসমে যরফ; বহুবচন। ঊর্ধ্ব জগৎ [তরজমায়ে হযরত থানবী] উপরের মজলিস। [তরজমা শায়খুল হিন্দ]

يَخْتَصِمُوْنَ : **তারা বিতর্কে লিপ্ত হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ص ـ م) মাসদার اَلْاِخْتِصَامُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

আয়াত : ৭০

يُوْحٰى اِلَيَّ : **আমি প্রত্যাদিষ্ট হই**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

نَذِيْرٌ : **সতর্ককারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনের সর্বস্থানেই نَذِيْرٌ ভীতিপ্রদর্শনকারী দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শন করা।

مُبِيْنٌ : **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ৭১

اَلْمَلٰئِكَةِ : **ফেরেশতা**। বহুবচন, একবচন– اَلْمَلَكُ দূত; বার্তাবাহক। [বিস্তারিত সূরা বাক্বারা, ৩০ দ্রষ্টব্য]

خَالِقٌ : **সৃষ্টিকর্তা; স্রষ্টা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; নতুনভাবে সৃষ্টি করা; নতুনত্ব করা; পুনরায় তৈরি করা।

بَشَرًا : **মানুষ**। শব্দটি بَشَرَةٌ থেকে উদ্ভূত। যার অর্থ– ত্বক; চামড়ার বাহিরের অংশ। আর ভিতরের অংশকে اُدْمَةٌ বলা হয়। মানুষকে بَشَرٌ এ জন্য বলা হয় যে, অন্যান্য জীব-জন্তুর চামড়া উল বা পশমে ঢাকা থাকে। কিন্তু মানুষের চামড়া উন্মুক্ত থাকে। بَشَرٌ শব্দটি একবচন ও বহুবচনের জন্য ব্যবহার হয়। তবে দ্বিবচন– بَشَرَيْنِ আসে। পবিত্র কুরআন মানুষের বাহ্যিক দেহকে بَشَرٌ বলে অভিহিত করেছে।

طِيْنٍ : **কর্দম; মৃত্তিকা; মাটি**। একবচন, বহুবচন– اَطْيَانٌ

আয়াত : ৭২

فَاِذَا سَوَّيْتُهٗ : **যখন আমি এটাকে সুঠাম করব**। ف হরফে আত্‌ফ। اذا হরফে শর্ত। سويت সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সুঠাম করা; সমান করা; বরাবর করা। ه যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

نَفَخْتُ : **আমি ফু দিব**। [**আমি রূহ সঞ্চার করব**] সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ خ) মাসদার اَلنَّفْخُ অর্থ– ফু দেওয়া; ফুৎকার দেওয়া।

رُوْحِىْ : **আমার রূহ**। رُوْحٌ মুযাফ যমীর মুযাফ ইলাইহি। এটি একবচন, বহুবচন– اَرْوَاحٌ আল্লামা শাহ আব্দুল আব্দুল কাদের (র.) وَنَفَخْتُ فِيْهِ مِنْ رُّوْحِىْ -এর ব্যাখ্যায় বলেন– আমার রূহ অর্থ– তার গুণের নমুনা, আল্লাহর গুণাবলির জ্ঞান এবং স্মরণের কিছু গুণ তার মধ্যে সৃষ্টি করলেন। হযরত আদম (আ.)-এর মধ্যে যে রূহ ফুঁকে দিয়েছেন তা আল্লাহর সৃষ্টি।

فَقَعُوْا : **অতঃপর তোমরা অবনত হও**। ف হরফে আত্‌ফ। قَعُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার اَلْوُقُوْعُ অর্থ– পতিত হওয়া; আবশ্যক

হওয়া। অবনত হওয়া। অর্থাৎ সিজদা করতে বিলম্ব না করা। -[রাগেব] اُوْقُعُوْا মূলত قَعُوْا ছিল। তা'লীল হয়ে قَعُوْا হয়েছে।

سٰجِدِيْنَ : **সেজদাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ- সেজদা করা।

আয়াত : ৭৪

اِبْلِيْسَ : **ইবলীস। এটি শয়তানের নাম।** اِفْعِيْل -এর ওযনে اِبْلَاسٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ- ভীষণ নৈরাশ্যতার কারণে বিষণ্ন হয়ে হতভম্ব হওয়া। যেহেতু শয়তান আল্লাহর রহমত থেকে নিরাশ তাই তার নাম ইবলীস হয়েছে। আল্লামা যমখশরী তাফসীরে কাশশাফে লিখেছেন- اِبْلِيْس অনারবী শব্দ। এর উৎপত্তিস্থল اِبْلَاسٌ বলাটা সঠিক নয়। কারণ এটি غير منصرف ; আর غير منصرف হওয়ার জন্য منع صرف -এর কারণসমূহের মধ্য থেকে কমপক্ষে দুটি অথবা দুটির স্থলবর্তী একটি কারণ থাকা আবশ্যক। অথচ اِبْلَاسٌ থেকে مشتق হলে علميت ব্যতীত অন্য কোনো سبب পাওয়া যায় না। সুতরাং غير منصرف হওয়া এর অনারবী হওয়ার প্রমাণ বহন করে। মুসনাদে আহমদ ইবনে হাম্বলে হযরত জাবের ইবনে আব্দুল্লাহ থেকে রেওয়ায়েত রয়েছে রাসূলুল্লাহ ﷺ বলেছেন, ইবলীসের সিংহাসন সমুদ্রে স্থাপিত। সে প্রতিদিন তার বাহিনী প্রেরণ করে লোকদের মাঝে ফেতনা-ফ্যাসাদ সৃষ্টি করায়। যে যত বেশি ফেতনা-ফ্যাসাদ সৃষ্টি করাতে পারে ইবলীসের কাছে তার মর্যাদা তত বেশি হয়ে থাকে।

اِسْتَكْبَرَ : **সে অহংকার করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْإِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা।

আয়াত : ৭৫

عَالِيْنَ : **উচ্চ মর্যাদাসম্পন্ন/উদ্ধত।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلْعُلُوُّ অর্থ- ঔদ্ধত্য করা; অহংকার করা। উঁচু হওয়া। বিজয়ী হওয়া।

আয়াত : ৭৭

فَاخْرُجْ : **অতঃপর তুমি বের হও।** فا হরফে আত্ফ। امر حاضر বহছ واحد مذكر حاضر সীগাহ اُخْرُجْ বাব نَصَرَ মূলবর্ণ معروف (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ- বের হওয়া।

رَجِيْمٌ : **অভিশপ্ত।** সীগায়ে সিফাত, فَعِيْل -এর ওযনে مفعول অর্থে। বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ م) মাসদার اَلرَّجْمُ অর্থ- অভিসম্পাত করা; পাথর নিক্ষেপ করা। শয়তান যেহেতু আল্লাহর দরবার থেকে বিতাড়িত ও অভিশপ্ত, তাই এটি একান্ত তার বৈশিষ্ট্য। পবিত্র কুরআনের যেখানেই এ শব্দটি এসেছে সেখানেই তার এ সিফাত বা বৈশিষ্ট্যসহ এসেছে।

আয়াত : ৭৮

لَعْنَتِىْ : **আমার অভিশম্পাত।** لَعْنَةً মুযাফ ى যমীর মুযাফ ইলাইহি। لَعْنَةً ইসমে মাসদার। অর্থ- রহমত হতে দূরে রাখা; অশান্তি কামনা করা।

আয়াত : ৭৯

اَنْظِرْنِىْ : **আমাকে অবকাশ দিন।** اَنْظِرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْظَارُ অর্থ- অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। শেষের نون টি نون وقاية এবং يائے متكلم মাফঊলে বিহী।

يُبْعَثُوْنَ : **তাদেরকে পুনরুত্থান করা হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসাদর اَلْبَعْثُ অর্থ- পুনরুত্থান করা; প্রেরণ করা।

আয়াত : ৮০

اَلْمُنْظَرِيْنَ : **অবকাশপ্রাপ্তগণ।** সীগাহ واحد مذكر حاضر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْظَارُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- অবকাশ দেওয়া। সুযোগ দেওয়া।

আয়াত : ৮১

اَلْوَقْتِ : **সময়; মুহূর্ত।** একবচন, বহুবচন- اَوْقَاتٌ

اَلْمَعْلُوْمِ : **অবধারিত; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ ও نَصَرَ، سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৮২

بِعِزَّتِكَ : **আপনার ইজ্জতের শপথ!** عِزَّةٌ অর্থ– ইজ্জত। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– সম্মান; মর্যাদা; বিজয়। শক্তি; শ্রেষ্ঠত্ব। সৌভাগ্য। আবার ইসম হিসেবেও ব্যবহৃত হয়। [বিস্তারিত সূরা সোয়াদ, আয়াত : ২ দ্রষ্টব্য]

لَاُغْوِيَنَّهُمْ : **আমি তাদের সকলকেই পথভ্রষ্ট করব**। ل লাম تاكيد সীগাহ واحد متكلم বহছ غوين بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাবে اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ و ـ ى) মাসদার اَلْاِغْوَاءُ অর্থ– বিপথগামী করা; পথভ্রষ্ট করা। هُمْ যমীর মাফউলে বিহী। اِغْوَاءٌ-এর নিসবত আল্লাহর দিকে করা হলে তার দুটি অর্থ হতে পারে। পথভ্রষ্টতার শাস্তি প্রদান করা। অথবা اِضْلَالٌ তথা বিপথগামী করা। هُمْ যমীর মাফউলে বিহী।

আয়াত : ৮৩

مُخْلَصِيْنَ : **একনিষ্ঠ; বিশুদ্ধচিত্ত বান্দাগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ص) মাসদার اِخْلَاصٌ অর্থ– একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ববাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেবের মতে গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

আয়াত : ৮৫

لَاَمْلَئَنَّ : **নিশ্চয় আমি পূর্ণ করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف মাসদার اَلْمَلْأُ বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ل ـ أ) অর্থ– পূর্ণ করা; ভর্তি করা; নিয়োগ দেওয়া; নিযুক্ত করা।

আয়াত : ৮৬

مَا اَسْئَلُكُمْ : **আমি তোমাদের নিকট চাই না**। ما نفى فعل বহছ واحد متكلم সীগাহ اِسْئَلُ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রার্থনা করা; জিজ্ঞাসা করা। كُمْ যমীর মাফউলে বিহী।

اَجْرٍ : **বিনিময়; প্রতিদান**। একবচন, বহুবচন– اُجُوْرٌ

اَلْمُتَكَلِّفِيْنَ : **মিথ্যা দাবিদার; লৌকিকতাকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ك ـ ل ـ ف) মাসদার اَلتَّكَلُّفُ অর্থ– লৌকিকতা প্রদর্শন করা; মিথ্যা দাবি করা; নিজের পক্ষ থেকে কথা বানানো।

আয়াত : ৮৭

ذِكْرٌ : **উপদেশ**। এটি ইসম। একবচন, বহুবচন– اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব লিখেছেন– ذِكْرٌ দ্বারা কখনো নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারেফত অর্জন করে তা স্মরণ রাখা সম্ভব হয়। [বিস্তারিত সূরা মারইয়াম, আয়াত : ২ দ্রষ্টব্য]

لِلْعٰلَمِيْنَ : **বিশ্বজগতের জন্য**। لام হরফে জার। বহুবচন, একবচন عَالَمٌ –[বিস্তারিত সূরা ফাতিহা, আয়াত : ১ দ্রষ্টব্য]

আয়াত : ৮৮

لَتَعْلَمُنَّ : **তোমরা অবশ্যই জানতে পারবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

نَبَأَهٗ : **তার সংবাদ**। نَبَأٌ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি।

حِيْنٍ : **সময়; কাল**। বহুবচন– اَحْيَانٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

সূরা যুমার : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৭৫ রুকূ' : ৮

আয়াত : ১

تَنْزِيْلُ : **অবতীর্ণ করা**। বাব تَفْعِيْل এর মাসদার, যা ইসমে মাফঊল তথা مُنَزَّلٌ অর্থে ব্যবহৃত হয়েছে। اِنْزَالٌ ও تَنْزِيْل -এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু تَنْزِيْل ধরাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

اَلْعَزِيْزِ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل ; যা مبالغة অর্থে হয়েছে। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

حَكِيْم : **প্রজ্ঞাময়**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; فَعِيْلٌ -এর ওযনে। বাব كرم মাসদার اَلْحِكْمَةُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- প্রজ্ঞাময় হওয়া; জ্ঞানী হওয়া।

আয়াত : ২

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা; নাযিল করা।

مُخْلِصًا : **একনিষ্ঠভাবে; বিশুদ্ধচিত্ত হয়ে**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ- একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ববাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেবের মতে গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

دِيْنُ : **দীন; ধর্ম**। একবচন, বহুবচন- اَلْاَدْيَانُ অর্থ- মতাদর্শ; মতবাদ।

আয়াত : ৩

اِتَّخَذُوْا : **তারা গ্রহণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা; গ্রহণ করা; নেওয়া; রিসিভ করা।

اَوْلِيَاءَ : **অভিভাবক**। বহুবচন, একবচন- وَلِيٌّ অর্থ- বন্ধু; সাহায্যকারী।

لِيُقَرِّبُوْنَا : **তারা আমাদেরকে সান্নিধ্যে এনে দিবে**। শুরুর লামটি لام كى ; সীগাহ يقربوا جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ- নৈকট্য দান করা; নিকটবর্তী করা; পাশাপাশি করা। نَا যমীর মাফঊলে বিহী। ইমাম রাগেব (র.) লিখেছেন- কোনো বান্দা আল্লাহর নৈকট্যশীল হওয়ার অর্থ হলো আত্মিক সম্পর্ক বৃদ্ধি পাওয়া, শারীরিক ও বৈষয়িক শক্তিসমূহ নিস্তেজ হওয়া। মূর্খতার কালিমা দূরীভূত হওয়া; জ্ঞান, প্রজ্ঞা, সহিষ্ণুতা, হিকমত, দয়া, অনুগ্রহ ও অন্যান্য আল্লাহর গুণাবলির ঝলক তার মধ্যে বিশেষভাবে প্রতীয়মান হওয়া। -[মুফরাদাতুল কুরআন]

زُلْفٰى : **নৈকট্যের মর্যাদা। মর্যাদা; স্তর**। এটি মাসদার। قُرْبٰى -এর ন্যায়, যা زُلْفَةً অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন- زُلْفَةً অর্থ- মর্যাদা। তিনি فَلَمَّا رَاَوْهُ زُلْفَةً -এর অর্থ লিখেছেন- "যখন তারা মুমিনদের মর্যাদা দেখবে, যা থেকে তারা বঞ্চিত হয়েছে।"

يَحْكُمُ : **তিনি ফয়সালা করে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মসদার اَلْحُكْمُ অর্থ- নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা।

يَخْتَلِفُوْنَ : **তারা মতবিরোধ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

لَا يَهْدِيْ : **তিনি সৎপথে পরিচালিত করেন না**। সীগাহ نفى فعل مضارع বহছ واحد مذكر غائب মাসদার (ه ـ د ـ ى) মূলবর্ণ ضَرَبَ বাব معروف اَلْهِدَايَةُ অর্থ– পথের সন্ধান দেওয়া; হেদায়েত দেওয়া; সৎপথে পরিচালিত করা।

كٰذِبٌ : **মিথ্যাবাদী**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা বলা।

كَفَّارٌ : **অতিমাত্রায় কাফের/অকৃতজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ مبالغة বাব نَصَرَ মাসদার اَلْكُفْرَانُ , اَلْكُفْرُ ও اَلْكُفُوْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; কুফুরি করা; অকৃতজ্ঞ হওয়া; লুকানো; গোপন করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য]

আয়াত : ৪

لَوْ اَرَادَ : **যদি তিনি ইচ্ছা করেন**। لَوْ হারফে শর্ত। اَرَادَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা; কামনা করা; আশা করা; আকাঙ্ক্ষা করা।

لَاصْطَفٰى : **তিনি বেছে নিতেন; নির্বাচন করতেন**। لام তাকীদের জন্য। اِصْطَفٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِفَاءُ মূলবর্ণ (ص ـ ف ـ ى) জিনস ناقص يائى অর্থ– নির্বাচন করা; মনোনীত করা; বাছাই করা; পছন্দ করা।

سُبْحٰنَهٗ : **তিনি পবিত্র ও মহিমাময়**। [বিস্তারিত বনী ইসরাঈল, আয়াত : ১ দ্রষ্টব্য]

اَلْقَهَّارُ : **প্রবল প্রতাপশালী**। মুবালাগার সীগাহ। এমন প্রবল প্রতাপশালী যার তুলনায় সকলেই তুচ্ছ ও নগণ্য। বাব فَتَحَ ; মাসদার اَلْقَهْرُ অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া।

আয়াত : ৫

يُكَوِّرُ : **তিনি আচ্ছাদিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْوِيْرُ মূলবর্ণ (ك ـ و ـ ر) অভিধানে اَلتَّكْوِيْرُ অর্থ– গুটিয়ে ভাজ করা; আচ্ছাদিত করা। হযরত আবূ হুরায়রা থেকে মারফূ' হাদীসে রয়েছে কিয়ামতের দিন চন্দ্র সূর্যকে পেচানো হবে বা আলোবিহীন করা হবে। [মা'আলিম]

سَخَّرَ : **তিনি অধীন করে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْخِيْرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

اَجَلٍ : **নির্দিষ্ট সময়**। একবচন, বহুবচন– اٰجَالٌ অর্থ– মৃত্যু; শেষ সময়; মেয়াদ।

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে– নির্ধারিত।

اَلْعَزِيْزُ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

غَفَّارُ : **ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ– ক্ষমা করা।

আয়াত : ৬

نَفْسٍ : **ব্যক্তি, দেহ**। একবচন, বহুবচন– نُفُوْسٌ

زَوْجَ : **স্ত্রী/ জোড়া**। আল্লামা আহমদ ফাইউমী (র.) বলেন زَوْجٌ এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে। যেমন– শুষ্ক ও আর্দ্র নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্টি। হযরত ইবনে দুরাইদ (র.) বলেন– زَوْجٌ যে কোনো দুটিকে বলে; فَرْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ। হযরত ইমাম জওহারী (র.) বলেন, জোড় দুটিকে زَوْجَانِ এবং زَوْج বলা হয়।

সুতরাং যদি বলা হয় عِنْدِىْ زَوْجُ نِعَالٍ তখন উদ্দেশ্য হবে দুটি জুতা। আর যদি زَوْجَانِ বলা হয় তখন উদ্দেশ্য হবে চারটি জুতা।

اَلْاَنْعَامِ : গবাদি পশু। ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদি পশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامٌ বলা হবে না যতক্ষণ তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمٌ-এর বহুবচন, যার অর্থ– উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمٌ বলা হয়।

اَزْوَاجٍ : বিভিন্ন প্রকার। একবচন– زَوْجٌ অর্থ– জোড়া; স্বামী; বিভিন্ন প্রকার। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

اُمَّهَاتِكُمْ : তোমাদের মায়েরা। اُمَّهَاتٌ শব্দটি اُمٌّ-এর বহুবচন ও মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। জন্মদাতা মা, দূরবর্তী সম্পর্কের যেমন নানী, নানীর মা, এ সকলকে আরবিতে اُمٌّ বলা হয়। এমনকি হযরত হাওয়া (আ.)-কে মা বলা হয়েছে। কোনো বস্তুর মূল, তার প্রতিপালন ও সংস্কারের মাধ্যম এর জন্যও ام শব্দ ব্যবহার করা হয়। ভাষাবিদ খলীল স্পষ্ট করে বলেছেন যে, যার দিকে তার সংশ্লিষ্ট বস্তুসমূহকে মিলানো হয় তাকে ام বলা যেতে পারে।

ظُلُمٰتٍ : অন্ধকার। বহুবচন, একবচন– ظُلْمَةٌ

আয়াত : ৭

اَلْغَنِىُّ : অভাবমুক্ত। একবচন, বহুবচন– اَغْنِيَاءُ অর্থ– ধনী; অভাবমুক্ত; অমুখাপেক্ষী; বিত্তশালী।

اِنْ تَشْكُرُوْا : যদি তোমরা কৃতজ্ঞ হও। ان হরফে শর্ত। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা; নিয়ামতের শুকরিয়া আদায় করা। হরফে শর্ত এর কারণে শেষের নূন পড়ে গেছে।

يَرْضَهُ : তিনি তাকে পছন্দ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلرِّضٰى মূলবর্ণ (ر ـ ض ـ ى) অর্থ– পছন্দ করা; রাজি হওয়া। ه যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

لَا تَزِرُ : সে ভার গ্রহণ করবে না। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ز ـ ر) মাসদার اَلْوِزْرُ অর্থ– বোঝা বহন করা।

وَازِرَةٌ : বহনকারী; গ্রহণকারী। সীগাহ واحد مؤنث غائب বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ز ـ ر) মাসদার اَلْوَزْرُ ও اَلْوِزْرُ অর্থ– বোঝা বহন করা; গুনাহ করা। এ বাক্যে একটি মুযাফ উহ্য রয়েছে। মূল ইবারত হবে– نَفْسٌ وَازِرَةٌ

وِزْرَ اُخْرٰى : অন্যের ভার। এ ইবারতে একটি মাউসূফ উহ্য রয়েছে। মূল ইবারত হবে– وِزْرَ نَفْسٍ اُخْرٰى ; সুতরাং نَفْس উহ্য রয়েছে। وِزْر একবচন, বহুবচন– اَوْزَارٌ বোঝা; পাপের বোঝা। অর্থাৎ একজন অপরজনের পাপের বোঝা গ্রহণ করবে না।

مَرْجِعُكُمْ : তোমাদের প্রত্যাবর্তন। مَرْجِعٌ মাসদার মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৫৫ দ্রষ্টব্য]

فَيُنَبِّئُكُمْ : তিনি তোমাদেরকে অবহিত করবেন। فا হরফে আত্ফ, يُنَبِّئُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْبِئَةُ মূলবর্ণ (ن ـ ب ـ أ) অর্থ– অবহিত করা; সংবাদ দেওয়া; জানিয়ে দেওয়া। كُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ : অন্তরে যা আছে তিনি তা সম্যক অবগত। ذَاتٌ ওয়ালা, অধিকারী। এটি ذُوْ এর স্ত্রীবাচক। একবচন, বহুবচন– ذَوَاتٌ ; اَلصُّدُوْرُ অন্তরসমূহ। এটি বহুবচন, একবচন– صَدْرٌ অর্থ– অন্তর; হৃদয়।

আয়াত : ৮

اِذَا مَسَّ : যখন স্পর্শ করে। اِذَا হরফে শর্ত। مَسَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ভোগ করা; লেগে যাওয়া।

ضُرٌّ : দুঃখ/দৈন্য; অকল্যাণ; মন্দ। এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– ক্ষতি করা; অনিষ্ট করা।

দَعَا : **তিনি আহ্বান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– আহ্বান করা; ডাকা।

مُنِيْبًا : **আল্লাহ অভিমুখী/ অভিমুখী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنَابَةُ মূলবর্ণ (ن ـ و ـ ب) অর্থ– বিশুদ্ধচিত্তে আল্লাহর কাছে তওবা করা; প্রত্যাবর্তন করা; অনুশোচনা করা। اَلْاِنْتِيَابُ অর্থ– পালাক্রমে আসা। বাব نَصَرَ মাসদার اَلنَّوْبُ অর্থ– কোনো কিছু বারবার প্রত্যাবর্তন করা। –[মুফরাদাত]

خَوَّلَهُ : **সে তাকে দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّخْوِيْلُ মূলবর্ণ (خ ـ و ـ ل) অর্থ– কোনো কিছুর মালিক বানানো; দান করা। ه যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী।

نِعْمَةً : **অনুগ্রহ; নিয়ামত**। এটি একবচন, বহুবচন– نِعَمٌ

اَنْدَادًا : **সমকক্ষ; সমান**। نِدٌّ -এর বহুবচন। যা কোনো বস্তুর সত্তা ও মূলবস্তুতে অংশীদার হয় তাকে نِدٌّ বলা হয়। مِثْلٌ ও نِدٌّ -এর মধ্যে পার্থক্য হলো مِثْلٌ হলো ব্যাপক আর نِدٌّ হলো নির্দিষ্ট। যে কোনো ধরনের অংশীদারিত্বের জন্য مِثْلٌ ব্যবহার হয়। আর সত্তাগতভাবে অংশীদারিত্বের জন্য نِدٌّ ব্যবহার হয়।

لِيُضِلَّ : **যেন বিভ্রান্ত করতে পারে; পথভ্রষ্ট করতে পারে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ– পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা। শুরুতে لام كَىْ -এর কারণে মানসূব হয়েছে এবং শেষের নূনে اعرابى পড়ে গেছে।

قُلْ : **তুমি বল**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

تَمَتَّعْ : **তুমি ভোগ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ অর্থ– উপকৃত হওয়া; ভোগ করা; উপকার লাভ করা। পবিত্র কুরআনের যেখানেই تَمَتَّعْ ও تَمَتَّعُوْا সীগাহ ব্যবহার হয়েছে সেখানে পার্থিব ভোগ-বিলাস উদ্দেশ্য এবং এর দ্বারা ধমক প্রদান উদ্দেশ্য। ধমকস্বরূপ বলা হচ্ছে যে– তোমাদের যা মনে চায় তা করে নাও।

আয়াত : ৯

قَانِتٌ : **অনুগত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ق ـ ن ـ ت) বাব نَصَرَ মাসদার اَلْقُنُوْتُ অর্থ– অনুগত হওয়া; বাধ্যগত হওয়া; বাধ্য করা। নীরবে দাঁড়িয়ে থাকা;।

اٰنَاءَ : **সময়**। اِن -এর বহুবচন। সময়; মুহূর্ত। اِن -এর ব্যবহার পূর্ণদিন এবং পূর্ণরাত এর জন্য হয়ে থাকে।

قَائِمًا : **দাঁড়িয়ে; দণ্ডায়মান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো।

يَرْجُوْ : **সে কামনা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلرَّجَاءُ মূলবর্ণ (ر ـ ج ـ و) জিনস ناقص واوى অর্থ– আশা করা; কামনা করা।

هَلْ يَسْتَوِىْ : **তারা কি সমান?** هَلْ প্রশ্নবোধক অব্যয়, যা না-বাচকের জন্য ব্যবহার হয়েছে। يَسْتَوِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ– সমান হওয়া।

يَتَذَكَّرُ : **সে উপদেশ গ্রহণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ গ্রহণ করা; কল্যাণ লাভ করা।

اُولُوا الْاَلْبَابِ : **বোধশক্তিসম্পন্নগণ**। اُولُوْا অর্থ– ওয়ালা; বিশিষ্ট; সম্পন্ন। বহুবচন; এর কোনো একবচন নেই। কেউ কেউ ذُوْ -কে এর একবচন বলেন। রফা অবস্থায় اُولُوْا এবং নসব ও جر অবস্থায় اُولِىْ হবে। اَلْبَابٌ শব্দটি لُبٌّ -এর বহুবচন। যার অর্থ– এমন জ্ঞান ও বুদ্ধি যার মধ্যে কোনো ধরনের ভেজালের মিশ্রণ নেই। যেহেতু لُبٌّ বলা হয় যে কোনো বস্তুর সারনির্যাসকে। আর নির্ভেজাল আকলও মানুষের সারমর্ম ও মূলবস্তু। তাই এর নাম لُبٌّ হয়েছে। কেউ কেউ পবিত্র জ্ঞানকে لُبٌّ বলেছেন। মোটকথা যে

কোনো لُبٌّ হলো عَقْل কিন্তু যে কোনো عَقْل-ই لُبّ নয়। এ কারণেই পবিত্র কুরআনে ঐ সমস্ত আহকাম যা শুধুমাত্র খাঁটি আকল দ্বারা অনুধাবন করা যায় তার ক্ষেত্রে أُولُو الْأَلْبَابِ শব্দ প্রয়োগ করেছেন।

আয়াত : ১০

اِتَّقُوْا : **তোমরা ভয় কর/তাকওয়া অবলম্বন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

اَحْسَنُوْا : **তারা সৎকর্ম করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْسَانُ মূলবর্ণ (ح ـ س ـ ن) অর্থ– সৎকর্ম করা; ভালো কাজ করা।

وَاسِعَةٌ : **প্রশস্ত; ব্যাপক**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلسَّعَةُ অর্থ– প্রশস্ত হওয়া; ব্যাপক হওয়া; স্থান সংকুলান হওয়া।

يُوَفَّ : **পূর্ণ প্রতিদান দেওয়া হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ– পূর্ণ দেওয়া; পূর্ণ করা।

اَلصّٰبِرُوْنَ : **ধৈর্যধারণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

আয়াত : ১১

اُمِرْتُ : **আমি আদিষ্ট হয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ا ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ করা; হুকুম করা।

اَلدِّيْنَ : **দীন**। একবচন; বহুবচন– اَدْيَانٌ ; অর্থ– প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; আনুগত্য করা; নির্দেশ মান্য করা। دِيْنٌ অর্থ– মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ-এর মাসদারও হয়।

আয়াত : ১৩

اَخَافُ : **আমি ভয় করি**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা।

اِنْ عَصَيْتُ : **যদি আমি অবাধ্য হই**। ان হরফে শর্ত। عَصَيْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ অর্থ– অমান্য করা; অবাধ্যতা করা; লঙ্ঘন করা।

আয়াত : ১৫

شِئْتُمْ : **তোমরা ইচ্ছা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ ء) অর্থ– ইচ্ছা করা।

خَسِرُوْا : **তারা ক্ষতি করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ মূলবর্ণ (خ ـ س ـ ر) অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া; ধ্বংস হওয়া।

اَلْخُسْرَانُ : **ক্ষতি**। এটি বাব سَمِعَ-এর মাসদার।

আয়াত : ১৬

ظُلَلٌ : **ছায়া**। ظِلٌّ-এর বহুবচন।

يُخَوِّفُ : **তিনি সতর্ক করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّخْوِيْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভীতি প্রদর্শন করা; ভয় দেখানো।

আয়াত : ১৭

اِجْتَنَبُوْا : **তারা বিরত থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِنَابُ মূলবর্ণ (ج ـ ن ـ ب) অর্থ– বিরত থাকা; এড়িয়ে চলা।

اَلطَّاغُوْتَ : **তাগুত; শয়তান**। সত্য থেকে বিরত রাখে যে মূর্তি। অসার উপাস্য। অবাধ্য। ভীষণ বিদ্রোহী। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫৬ দ্রষ্টব্য]

اَنَابُوْا : **তারা অভিমুখী হলো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার

اَلْاِنَابَةُ মূলবর্ণ (ن ـ و ـ ب) অর্থ– ফিরে আসা; প্রত্যাবর্তন করা। অভিমুখী হওয়া।

بُشْرٰى : সুসংবাদ। সীগাহ اسم واحد مؤنث বহছ تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْبِشَارَةُ অর্থ– খুশি হওয়া; আনন্দিত হওয়া। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য]

আয়াত : ১৮

يَسْتَمِعُوْنَ : তারা কান পেতে শোনে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– কান লাগিয়ে শোনা; মনোযোগ দিয়ে শ্রবণ করা।

يَتَّبِعُوْنَ : তারা অনুসরণ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

هَدَاهُمْ : তিনি তাদেরকে সৎপথে পরিচালিত করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; সৎপথ প্রদর্শন করা; সঠিক পথ প্রদর্শন করা।

حَقَّ : অবধারিত হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও ضَرَبَ মাসদার اَلْحَقُّ মূলবর্ণ (ح ـ ق ـ ق) অর্থ– নির্ধারিত করা; অবধারিত হওয়া।

আয়াত : ১৯

تُنْقِذُ : তুমি রক্ষা করবে। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْقَاذُ মূলবর্ণ (ن ـ ق ـ ذ) অর্থ– উদ্ধার করা; ফিরিয়ে নেওয়া।

আয়াত : ২০

غُرَفٌ : জান্নাতের সুউচ্চ কক্ষ। বহুবচন, একবচন– غرفة অর্থ– বাড়ির উপর তলা; উচ্চস্থান।

مَبْنِيَّةٌ : নির্মিত। সীগাহ اسم مفعول বহছ واحد مؤنث বাব ضَرَبَ মাসদার اَلْبِنَاءُ - اَلْبِنْيَةُ - اَلْبِنَايَةُ - اَلْبِنْيَا অর্থ– নির্মাণ করা; তৈরি করা।

اَلْاَنْهٰرُ : নদীসমূহ। বহুবচন, একবচন– نَهْرٌ অর্থ– নদী।

لَا يُخْلِفُ : তিনি ওয়াদা খেলাফ করেন না। সীগাহ نفى فعل مضارع বহছ واحد مذكر غائب معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ– ওয়াদা খেলাফ করা; অঙ্গীকার ভঙ্গ করা; কথা না রাখা।

اَلْمِيْعَادَ : অঙ্গীকার; ওয়াদা। সীগাহ واحد مذكر বহছ اسم آلة বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ– অঙ্গীকার করা; ওয়াদা করা।

আয়াত : ২১

سَلَكَ : তিনি প্রবাহিত করেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ل ـ ك) মাসদার اَلسُّلُوْكُ অর্থ– চালানো; অনুসরণ করা। কাজ করা; প্রবাহিত করা।

يَنَابِيْعَ : নির্ঝর; ঝরনা; প্রস্রবণ। এটি يَنْبُوْعٌ -এর বহুবচন। অর্থ– ছোট ভরপুর নদী।

زَرْعًا : খাদ্যশস্য। একবচন, বহুবচন– زُرُوْعٌ

مُخْتَلِفًا : বিভিন্ন। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– বিভিন্ন হওয়া। মতবিরোধ হওয়া।

يَهِيْجُ : তা শুকিয়ে যায়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ى ـ ج) মাসদার اَلْهَيْجُ অর্থ– শুষ্ক হওয়া; শুকিয়ে যাওয়া; চিকন হওয়া।

مُصْفَرًّا : পীতবর্ণধারণকৃত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعِلَالٌ মূলবর্ণ (ص ـ ف ـ ر) মাসদার اَلْاِصْفِرَارُ অর্থ– হলদে হওয়া; পীতবর্ণ হওয়া। বাব اِفْعِيْلَالٌ ও اِفْعَالٌ [হলুদ বর্ণ হওয়া।] বাব سَمِعَ থেকে صِفْرٌ [খালি করা।] বাব ضَرَبَ থেকে صَفِيْرٌ [শব্দ বের করা।]

حُطَامًا : খড়-কুটা। চূর্ণবিচূর্ণ; খণ্ডিত। যা চূর্ণ হয়ে খণ্ড-বিখণ্ড হয়ে যায় এবং নিষ্পেষিত হয় তাকে حِطَامٌ বলা হয়। যা حَطْمٌ থেকে নির্গত হয়েছে, অর্থ– ভাঙ্গা; চূর্ণ করা।

ذِكْرٰى : **উপদেশ**। এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذِكْرٌ থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ২২

شَرَحَ : **উন্মুক্ত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش . ر . ح) মাসদার اَلشَّرْحُ অর্থ– প্রশস্ত করা; উন্মুক্ত করা; খোলা। অন্তর প্রশস্তকরণ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর নূর দ্বারা পূর্ণ হওয়া এবং আল্লাহর পক্ষ থেকে ঈমানী শক্তি ও প্রশান্তি আর্জিত হওয়া।

صَدْرَ : **বক্ষ**। একবচন, বহুবচন– صُدُوْرٌ

وَيْلٌ : **দুর্ভোগ**। ইসমে মারফূ'। ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْل-এর আরো অনেকগুলো অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সকল অর্থে وَيْل হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلَةٌ ও وَيْل-এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন متكلم ও خطاب - غيب-এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْل সর্বদা নসব অবস্থায় থাকে। তবে يَاءِ متكلم-এর দিকে ইযাফত হলে বাধ্যতামূলকভাবে وَيْل-কে যের দেওয়া হয়।

اَلْقَاسِيَةِ : **পাষাণ হৃদয়**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق . س . و) মাসদার اَلْقَسَاءُ ও اَلْقَسْوَةُ অর্থ– হৃদয় পাষাণ হওয়া; কঠোর হওয়া।

قُلُوْبُهُمْ : **তাদের হৃদয়; অন্তর; চিত্ত**। قُلُوْبُ মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি; قُلُوْبٌ শব্দটি বহুবচন, একবচন– قَلْبٌ ; মাসদার , অর্থ– পরিবর্তন হওয়া; উল্টে যাওয়া; ঘুরে যাওয়া; ফিরিয়ে দেওয়া। নামকরণের কারণ হলো–

১. জীবনভর তার মধ্যে স্পন্দন, পরিবর্তন ও উলট-পালট হতেই থাকে।

২. হৃদয়ের সাথে সম্পৃক্ত বিষয়াদী যেমন– ইলম, জ্ঞান, বুদ্ধি, বীরত্ব, ইত্যাদি তার মধ্যেও পরিবর্তন হতে থাকে। বলা হয়– مَا سُمِّيَ الْقَلْبُ اِلَّا اَنَّهُ يَتَقَلَّبُ [কলবের নাম قَلْبٌ এ জন্যই রাখা হয়েছে যে তা পরিবর্তন হতে থাকে।]

ضَلٰلٍ : **বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া**। আল্লামা জালাল কারশী লিখেছেন– ضَلَالٌ অর্থ– নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়– ضَلَّ الْمَاءُ فِي اللَّبَنِ। পানি এত পরাভূত (কম) হয়েছে যে দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না। [বিস্তারিত আ'রাফ, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

আয়াত : ২৩

نَزَّلَ : **তিনি অবতীর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معرو বাব تَفْعِيْل মূলবর্ণ (ن . ز . ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা। اِنْزَالٌ ও تَنْزِيْل এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু تَنْزِيْل ধরাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

اَحْسَنَ : **সর্বোত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ح . س . ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– উত্তম হওয়া; সুন্দর হওয়া।

حَدِيْثِ : **কথা। ঘটনাবলি; উপাখ্যান**। রাসূল ﷺ -এর বাণী, যা ওহীর মাধ্যমে তিনি প্রাপ্ত হয়েছেন, স্বপ্নযোগে হোক বা জাগ্রত অবস্থায়। এটি একবচন; বহুবচন– اَحَادِيْثُ অর্থ– বাণী; কথা।

مُتَشَابِهًا : **একে অন্যের সদৃশ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ش . ب . ه) اَلتَّشَابُهُ অর্থ– সদৃশ হওয়া; একটি অন্যটির অনুরূপ হওয়া। حال হওয়ার কারণে মানসূব হয়েছে।

مَثَانِيَ : **যা পুনঃ পুনঃ আবৃত্তি করা হয়**। اَلْمَثَانِيْ বহুবচন; একবচন– مَثْنٰى ; মাসদার ثَنَاءٌ বা ثَنْيٌ

বাব ضَرَبَ যার অর্থ– দ্বিগুণ করা; ভাঁজ করা। পুনরাবৃত্তি করা; পুনরায় করা। বাছাই করা; اَلثَّنَاءُ অর্থ– বারবার কারো প্রশংসা বর্ণনা করা; কারো প্রশংসার পুনরাবৃত্তি করা। –[মুফরাদাত, তাজ, কামূস] مَثَانِى দ্বারা কুরআন উদ্দেশ্য। সে হিসেবে কুরআনকে مَثَانِىْ বলার কারণ।

১. প্রফেসর আব্দুর রউফ লিখেছেন, কুরআনের বিষয়াবলির মধ্যে পুনরুক্তি রয়েছে। যেমন– আয়াত, বিষয়বস্তু, ওয়াজ-নসিহত ও এর বর্ণনাভঙ্গি, ঘটনাবলি, আদেশ-নিষেধ, অঙ্গীকার- ধমক, তেলাওয়াত ইত্যাদির পুনরুক্তি।

২. এ জন্য যে, কুরআনের মধ্যে আল্লাহর জাত, সিফাত ও গুণবাচক নামের প্রশংসা রয়েছে।

৩. কুরআনের মধ্যে স্বয়ং কুরআনের মু'জিযা হওয়া এবং অলংকারপূর্ণ হওয়ার প্রশংসা রয়েছে।

৪. রাগেব ইস্পাহানী (র.) কুরআনকে مَثَانِىْ বলার কারণ এই লিখেছেন যে, কাল ও স্থানের পরিবর্তন এবং পৃথিবীর উত্থান-পতন সত্ত্বেও কুরআন মাজিদ সর্বপ্রকার পরিবর্তন-পরিবর্ধন ইত্যাদি থেকে পবিত্র এবং পূর্বের ন্যায় বারবার তা পুনর্সংকলন পরিবর্তন-পরিবর্ধন ব্যতীত হয়েই চলেছে। অবতীর্ণের সময় যেমন ছিল কিয়মাত পর্যন্ত তা তেমনই থাকবে।

تَقْشَعِرُّ : রোমাঞ্চিত হয়। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعِلَالٌ মাসদার اَلْاِقْشِعْرَارُ মূলবর্ণ (ق ـ ش ـ ع ـ ر) অর্থ– কাঁপা; থরথর করে কাঁপা; রোমাঞ্চিত হওয়া।

جُلُوْدُ : চর্ম; চামড়া; গাত্র। جَلْدٌ -এর বহুবচন। এখানে উদ্দেশ্য হলো শরীর।

يَخْشَوْنَ : তারা ভয় করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْىُ ও اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ– আশঙ্কা করা; ভয় করা।

تَلِيْنُ : বিনম্র হয়। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ل ـ ى ـ ن) মাসদার اَللِّيْنُ অর্থ– নম্র হওয়া; কোমল হওয়া; ভদ্র হওয়া; শিষ্টাচার হওয়া।

يُضْلِلُ : مَنْ يُضْلِلِ : তিনি যাকে বিপথগামী করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ– বিপথগামী করা; পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা।

هَادٍ : সরল পথে পরিচালিতকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

আয়াত : ২৪

يَتَّقِىْ : সে ভয় করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; সতর্ক করা; আল্লাহভীতি অর্জন করা।

بِوَجْهِهٖ : তার মুখমণ্ডল দ্বারা। ب হরফে জার। وَجْهٌ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। وَجْهٌ একবচন, বহুবচন– وُجُوْهٌ অর্থ– চেহারা; মুখমণ্ডল।

سُوْءَ : মন্দ; কঠিন। এটি ইসম। فُعْلٰى -এর ওযনে اَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। –[বিস্তারিত আন'আম, আয়াত : ১৫৭ দ্রষ্টব্য]

كُنْتُمْ تَكْسِبُوْنَ : তোমাদের কৃতকর্ম। যা তোমরা উপার্জন করছিলে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ– উপার্জন করা; অর্জন করা।

আয়াত : ২৫

كَذَّبَ : সে অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে। সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

لَا يَشْعُرُوْنَ : তারা উপলব্ধি করতে পারছে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ২৬

فَأَذَاقَهُمْ : তিনি তাদেরকে আস্বাদ গ্রহণ করালেন। فاء হরফে আত্ফ। اَذَاقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِذَاقَةُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদ গ্রহণ করানো। هم যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

خِزْىَ : লাঞ্ছনা। বাব سَمِعَ -এর মাসদার ও ইসম। অর্থ– অপদস্ত করা; লাঞ্ছিত করা।

اَكْبَرُ : কঠিনতর; অধিক বড়। সীগাহ اسم واحد বহছ تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكِبْرُ অর্থ– বড় হওয়া।

আয়াত : ২৭

ضَرَبْنَا : আমি বর্ণনা করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ (ض ـ ر ـ ب) অর্থ– প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থটিই উদ্দেশ্য। ضَرْبُ الْمَثَلِ অর্থ– উপমা দেওয়া; উদাহরণ বর্ণনা করা। ضَرَبَ اللّٰهُ مَثَلًا অর্থ– আল্লাহ তা'আলা উপমা বর্ণনা করেছেন। তাছাড়া পবিত্র কুরআনে যেখানেই ضَرَبَ শব্দ এসেছে তা উপমা বা দৃষ্টান্ত বর্ণনার অর্থের জন্যই এসেছে।

يَتَذَكَّرُوْنَ : তারা উপদেশ গ্রহণ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– স্মরণ করা; উপদেশ গ্রহণ করা।

আয়াত : ২৮

قُرْاٰنٍ : কুরআন। এটি মাসদার। অর্থ পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। [বিস্তারিত সূরা ইউসুফ, আয়াত : ২ দ্রষ্টব্য]

عِوَجٍ : বক্রতা। বাব سَمِعَ -এর মাসদার। যার অর্থ– বাঁকা হওয়া; বক্রতা। আরবি ভাষাবিদ আবূ যায়েদ বলেন, যে বক্রতা চোখ দ্বারা দেখা যায় তার জন্য عَوَجٌ (بِفَتْحِ الْعَيْنِ) আসে। আর যে বক্রতা চক্ষু দ্বারা নয় বরং জ্ঞান-বুদ্ধি ও অন্তর দ্বারা বুঝা যায় তার জন্য عِوَجٌ (بِكَسْرِ الْعَيْنِ) আসে। এখানে এ অর্থই উদ্দেশ্য।

يَتَّقُوْنَ : তারা তাকওয়া অবলম্বন করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

আয়াত : ২৯

شُرَكَاءُ : অংশীদারগণ; শরিকগণ। شَرِيْكٌ -এর বহুবচন।

مُتَشَاكِسُوْنَ : পরস্পর বিরুদ্ধভাবাপন্ন। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّشَاكُسُ মূলবর্ণ (ش ـ ك ـ س) অর্থ– বিদ্বেষী হওয়া; দুরাচারী হওয়া; রুক্ষ হওয়া।

سَلَمًا : পূর্ণ নিরাপদ। এটি বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– পূর্ণরূপে কারো হয়ে যাওয়া।

هَلْ يَسْتَوِيَانِ : তারা দুজন কি সমান হতে পারে? هَلْ প্রশ্নবোধক, না-বাচকের অর্থে। يَسْتَوِيَانِ সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ– সমান হওয়া।

اَلْحَمْدُ لِلّٰهِ : সকল প্রশংসা আল্লাহর জন্য। –[বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

আয়াত : ৩০

مَيِّتٌ : প্রাণহীন; মৃত। এখানে অর্থ হবে– মরণশীল। একবচন, বহুবচন– مَيِّتُوْنَ ও اَلْمَوْتٰى অর্থ– নিষ্প্রাণ; নির্জীব।

আয়াত : ৩১

تَخْتَصِمُوْنَ : তোমরা বিতর্কে লিপ্ত হবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ص ـ م) মাসদার اَلْاِخْتِصَامُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

২৪তম পারা

আয়াত : ৩২

أَظْلَمُ: **অধিক জালিম**। সীগাহ اسم بحث واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- জুলুম করা; অত্যাচার করা। ظُلْمٌ -এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। ইমাম রাগেব ইস্পাহানি (র.) লিখেছেন ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظُلْمٌ বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধিসহকারে বা পরিবর্তন করে স্থানান্তরিত করে অন্যস্থানে রাখা।

كَذَبَ: **সে মিথ্যা বলেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكِذْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ- মিথ্যারোপ করা; মিথ্যা আশ্বাস দেওয়া; মিথ্যা বলা।

كَذَّبَ: **সে অস্বীকার করেছে/ মিথ্যা সাব্যস্ত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ- মিথ্যায়ন করা; অস্বীকার করা; মিথ্যা সাব্যস্ত করা।

مَثْوًى: **আবাসস্থল**। সীগাহ واحد বহছ ظرف مكان একবচন, বহুবচন; مَثَاوِىْ অর্থ- নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল।

আয়াত : ৩৩

اَلصِّدْقِ: সত্য। **সত্য বলা; সঠিক বলা; সততা**। মাসদার বাব نَصَرَ ; صِدْقٌ বলা হয় তাকে, যার মধ্যে প্রকাশ্য কিংবা অপ্রকাশ্য শ্রেষ্ঠত্ব থাকে। সুতরাং যে فعل এগুণে গুণান্বিত হয় তাকে এর দিকে মুযাফ করে দেওয়া হয়। যেমন- فِىْ مَقْعَدِ صِدْقٍ عِنْدَ مَلِيْكٍ مُّقْتَدِرٍ

صَدَّقَ: **সে সত্য প্রমাণিত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْدِيْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ- সত্য প্রমাণিত করা; সত্যায়ন করা।

اَلْمُتَّقُوْنَ: **মুত্তাকীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- সতর্ক হওয়া; পরিহার করা; ভয় করা।

আয়াত : ৩৪

يَشَاءُوْنَ: **তারা ইচ্ছা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ- ইচ্ছা করা।

جَزَاءُ: **প্রতিদান**। বাব ضَرَبَ -এর মাসদার। বদলা দেওয়া; প্রতিদান দেওয়া; শাস্তি দেওয়া।

اَلْمُحْسِنِيْنَ: **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ- সুন্দর করা; অনুগ্রহ করা; সৎকর্ম করা।

আয়াত : ৩৫

لِيُكَفِّرَ: **যেন তিনি মিটিয়ে দেন/ ক্ষমা করে দেন**। শুরুতে لام كى টি لام ; يكفر সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلتَّكْفِيْرُ অর্থ- দূরীভূত করা; নিশ্চিহ্ন করা; মিটিয়ে দেওয়া; ক্ষমা করা।

أَسْوَأَ: **অধিক মন্দ কর্ম**। সীগাহ اسم بحث واحد مذكر বহছ اسم تفضيل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ و ـ أ) মাসদার اَلسُّوْءُ অর্থ- মন্দ হওয়া।

يَجْزِيَهُمْ: **তাদের প্রতিফল দেওয়া হবে**। يَجْزِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) জিনসে ناقص يائى মাসদার اَلْجَزَاءُ অর্থ- প্রতিফল দেওয়া; শাস্তি দেওয়া; প্রতিদান দেওয়া।

اَحْسَنِ : **উত্তম; সর্বোত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– উত্তম হওয়া; সুন্দর হওয়া।

আয়াত : ৩৬

اَلَيْسَ اللّٰهُ بِكَافٍ : **আল্লাহ কি যথেষ্ট নন?** كاف সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْكِفَايَةُ মূলবর্ণ (ك ـ ف ـ ى) অর্থ– যথেষ্ট হওয়া।

يُخَوِّفُوْنَكَ : **তারা তোমাকে ভীতি প্রদর্শন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلتَّخْوِيْفُ অর্থ– ভীতি প্রদর্শন করা; ভয় দেখানো।

دُوْنِهٖ : **তাকে ব্যতীত; তাকে ছাড়া**। যা কোনো কিছুর নিচে হয় তাকে دُوْنَ বলা হয়। কারো কারো মতে এটি دُنُوٌّ এর مَقْلُوْبٌ বা পরিবর্তিত রূপ। যার অর্থ নিকটবর্তী। ইমাম সুয়ূতী (র.) লিখেছেন دُوْنَ যরফ হয়ে ব্যবহার হয়। যা فَوْقَ এর বিপরীতার্থক শব্দ। প্রসিদ্ধ মত অনুযায়ী এটি معرب হয় না। আবার কারো কারো মতে معرب হয়। যেমন– وَمِنَّا دُوْنَ ذٰلِكَ এখানে পেশযোগে ও যবরযোগে উভয়ভাবেই পড়া যায়। এটি আবার কখনো اسم হয়েও ব্যবহার হয়। তখন غير এর অর্থে হবে। যেমন– اَتَّخِذُ مِنْ دُوْنِهٖ اٰلِهَةً এখানে دون -টি غير -এর অর্থে হয়েছে। অবস্থার পার্থক্য বর্ণনার জন্যও -এর ব্যবহার হয়ে থাকে। যেমন– زَيْدٌ دُوْنَ عَمْرٍو [যায়েদ আমরের নিচে] অর্থাৎ জ্ঞান-বিজ্ঞান বা দুষ্টামীতে তার চেয়ে নিচে।

مَنْ يُّضْلِلْ : **তিনি যাকে বিপথগামী করেন**। من ইসমে মাওসূল; يُضْلِلْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– বিপথগামী করা; পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা।

هَادٍ : **সরল পথে পরিচালিতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

আয়াত : ৩৭

مَنْ يَّهْدِ : **যাকে হেদায়েত করেন**। مَنْ ইসমে মাওসূল। يَهْدِيْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; হেদায়েত করা; সঠিক পথের দিকনির্দেশনা দেওয়া।

مُضِلٍّ : **বিভ্রান্তকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ– বিপথগামী করা; পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা; গোমরাহী করা।

عَزِيْزٍ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন عَزِيْزٌ এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনো পরাজিত হন না। আল্লামা যুজায (র.) লিখেছেন– عَزِيْزٌ এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অনুবাদ করেছেন এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন عَزِيْزٌ হলো যার উপমা কিছু নেই; অনুপম। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

اِنْتِقَامٍ : **শাস্তি প্রদান করা; প্রতিশোধ গ্রহণ করা**। বাবে اِفْتِعَالٌ-এর মাসদার।

আয়াত : ৩৮

اَفَرَأَيْتُمْ : **তোমরা কি ভেবে দেখেছ?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। فاء হরফে আতফ। رَأَيْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ করা।

اِنْ اَرَادَنِىَ : **যদি তিনি আমার ব্যাপারে ইচ্ছা করেন**। اِنْ হরফে শর্ত। اَرَادَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ– ইচ্ছা করা। نِىْ নূনে বেকায়া ইয়ায়ে মুতাকাল্লিম যমীর মানসূব মুত্তাসিল।

ضُرٍّ : **অকল্যাণ; মন্দ**। বাব نَصَرَ -এর মাসদার। ক্ষতি করা; অনিষ্ট করা।

كٰشِفٰتُ : **বিদূরিতকারিণী**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ش ـ ف) মাসদার اَلْكَشْفُ অর্থ– খোলা; উন্মুক্ত করা; দূর করা।

مُمْسِكٰتُ : **নিবারণকারিণী**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ س ـ ك) মাসদার اَلْاِمْسَاكُ অর্থ– ফিরিয়ে রাখা; ছেড়ে দেওয়া; স্থির রাখা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

حَسْبِيَ : **আমার জন্য যথেষ্ট**। حَسْبُ মুযাফ, ى মুযাফ ইলাইহি।

يَتَوَكَّلُ : **সে নির্ভর করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– নির্ভর করা; ভরসা করা।

مُتَوَكِّلُوْنَ : **নির্ভরকারীগণ; ভরসাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– নির্ভর করা; ভরসা করা। এর সেলা عَلٰى এলে অর্থ হয় ভরসা করা; নির্ভর করা। যেমন تَوَكَّلْتُ عَلَيْهِ আমি তার উপর ভরসা করেছি। আর যদি সেলা لام আসে তখন অর্থ হয় দায়িত্বশীল, মুতাওয়াল্লী বা কাজের পর্যবেক্ষক হওয়া। যেমন تَوَكَّلَ لَهٗ সে তার কাজের তত্ত্বাবধায় ও দায়িত্বশীল হয়েছে।

আয়াত : ৪০

يُخْزِيْهِ : **তিনি তাকে লাঞ্ছিত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ى) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ– লাঞ্ছিত করা; অপদস্ত করা।

يَحِلُّ : **আপতিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْحُلُوْلُ মূলবর্ণ (ح ـ ل ـ ل) অর্থ– অবতীর্ণ হওয়া; অবধারিত হওয়া।

عَذَابٌ : **শাস্তি**। একবচন, বহুবচন– اَعْذِبَةٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৭ দ্রষ্টব্য]

مُقِيْمٌ : **স্থায়ী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– স্থায়ী করা; স্থাপন করা।

আয়াত : ৪১

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি। আমি দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

مَنِ اهْتَدٰى : **যে সৎপথ অবলম্বন করবে**। مَنْ ইসমে মাওসূল। اِهْتَدٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ– সৎপথ অবলম্বন করা; সৎপথে পরিচালিত হওয়া।

يَضِلُّ : **সে বিভ্রান্ত হয়; পথভ্রষ্ট হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالَةُ ও اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– বিভ্রান্ত হওয়া; বিপথগামী হওয়া।

وَكِيْلٌ : **তত্ত্বাবধায়ক**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلْوَكْلُ অর্থ– ন্যাস্ত করা; অর্পণ করা।

আয়াত : ৪২

يَتَوَفّٰى : **সে প্রাণ হরণ করছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّىْ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ– প্রাণ হরণ করা; মৃত্যু দেওয়া; পূর্ণ করা।

اَلْاَنْفُسَ : **প্রাণ সমূহ, জান সমূহ**। বহুবচন, একবচন– نَفْسٌ

حِيْنَ : **সময়; কাল**। একবচন, বহুবচন– اَحْيَانٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

لَمْ تَمُتْ : **সে মরে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ– মৃত্যুবরণ করা।

مَنَامٌ : **স্বপ্ন**। একবচন, বহুবচন– مَنَامَاتٌ অর্থ– নিদ্রা; ঘুম; তন্দ্রা।

يُمْسِكُ : **তিনি স্থির রাখেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার

اَلْاِمْسَاكُ মূলবর্ণ (م ـ س ـ ك) অর্থ- ফিরিয়ে রাখা; ছেড়ে দেওয়া; স্থির রাখা; বাধাপ্রদান করা; বিরত রাখা; দূরে রাখা।

قَضٰى : **তিনি আদেশ দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَا ও اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ- ফয়সালা করা। আদেশ দেওয়া।

اَلْمَوْتَ : **মৃত্যু**। মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ- মৃত্যুবরণ করা।

يُرْسِلُ : **তিনি প্রেরণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ- প্রেরণ করা; পাঠানো।

اَجَلٍ : **নির্দিষ্ট সময়**। একবচন, বহুবচন اٰجَالٌ অর্থ- মৃত্যু; শেষ সময়; মেয়াদ।

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ- নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে নির্ধারিত।

اٰيٰتٍ : **নিদর্শনাবলি**। বহুবচন; একবচন- اٰيَةٌ ; বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা।

يَتَفَكَّرُوْنَ : **তারা চিন্তা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَكُّرُ মূলবর্ণ (ف ـ ك ـ ر) অর্থ- চিন্তা করা; গবেষণা করা।

আয়াত : ৪৩

اِتَّخَذُوْا : **তারা গ্রহণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- বানানো; করা; গ্রহণ করা; তৈরি করা।

شُفَعَاءَ : **সুপারিশকারীগণ**। বহুবচন, একবচন- شَفِيْعٌ ; সীগাহ جمع مؤنث বহছ صفت مشبه মাসদার اَلشَّفَاعَةُ মূলবর্ণ (ش ـ ف ـ ع) অর্থ- সুপারিশ করা; কারো প্রতি দয়া করা।

لَا يَمْلِكُوْنَ : **তারা শক্তি রাখে না**। সীগাহ جمع مذكر ضَرَبَ বাব نفى فعل مضارع معروف বহছ غائب মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمُلْكُ অর্থ- সামর্থ্য রাখা; শক্তি রাখা; মালিক হওয়া।

لَا يَعْقِلُوْنَ : **তারা অনুধাবন করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ- বুঝা; বোধগম্য হওয়া; অনুধাবন করা।

আয়াত : ৪৪

اَلشَّفَاعَةُ : **সুপারিশ করা**। বাব فَتَحَ এর মাসদার। হযরত মাওলানা ইসমাঈল শহীদ (র.) تَقْوِيَةُ الْاِيْمَانِ গ্রন্থে লিখেছেন, তোমরা কান লাগিয়ে শুনে রাখ, অধিকাংশ মানুষ আম্বিয়া ও আওলিয়াগণের সুপারিশের ক্ষেত্রে অনেক বাড়াবাড়ি ও ভুলের শিকার। তার অর্থ না বুঝে আল্লাহকে ভুলে রয়েছে। তাই সুপারিশের বাস্তব অবস্থা তুলে ধরা হয়েছে। যার সংক্ষিপ্তসার এখানে বর্ণনা করা হলো। شَفَاعَةٌ সাধারণত তিন প্রকার।

১. شَفَاعَةْ وَجَاهَةٌ : তথা মর্যাদাগত সুপারিশ। যেমন কোনো চোরের চুরি সাব্যস্ত হওয়ার কারণে বাদশাহ তাকে গ্রেফতার করলেন। পরে মন্ত্রীর সুপারিশে বিশেষ বিবেচনায় বাদশাহ চোরকে ছেড়ে দিলেন। কারণ অনেক ক্ষেত্রে মন্ত্রীর কথা রক্ষা করা বাদশার জন্য কর্তব্য হয়ে পড়ে। কারণ মন্ত্রীর উপর রাজত্বের অনেক কিছু নির্ভর করে। সংবিধান অনুযায়ী চোরকে ধরা এবং মন্ত্রীর সুপারিশে তাকে আবার ছেড়ে দেওয়া উভয়টিই সঠিক আছে। তবে এ জাতীয় সুপারিশ আল্লাহর দরবারে কখনো হবে না। কোনো নবী, ওলী, ইমাম ও শহীদ বা কোনো ফেরেশতা বা আল্লাহর প্রিয় বান্দার ব্যাপারে এই প্রকার সুপারিশ কামনাকারী একজন মুশরিক বৈ কিছুই নয়।

২. شَفَاعَةْ مُحَبَّتْ : ভালোবাসাজনিত সুপারিশ। যেমন স্ত্রীর সুপারিশে বাদশা উক্ত চোরকে ছেড়ে দিলেন। স্ত্রী হলো বাদশার প্রেয়সী, তার মন সন্তুষ্ট রাখা বাদশার জন্য কর্তব্য। তা না হলে পরবর্তীতে প্রেয়সী তার উপর অসন্তুষ্ট হতে পারে এবং এক পর্যায়ে তাকে ছেড়ে চলেও যেতে পারে। এ ধরনের সুপারিশও আল্লাহর

দরবারে হবে না। কেউ যদি মনে করে যে, কিয়ামতের দিন আল্লাহর দরবারে কেউ কাউকে এ ধরনের সুপারিশ করে নাজাত দিবেন, তারা মূর্খ ও মুশরিক বৈ কিছু নয়।

৩. شَفَاعَةٌ بِالْاِذْنِ : অনুমতি সাপেক্ষে সুপারিশ। যেমন কেউ শয়তানের প্ররোচনায় চুরি করে ফেলেছে। এবং এ কর্মের জন্য সে অনুতপ্ত। মুক্তি পেলে আর কোনোদিন এমন কাজ আর করবে না বলেও স্বীকার করছে। এ ক্ষেত্রে বাদশা বললেন, মন্ত্রী যদি সুপারিশ করে তাহলে আমি ক্ষমা করে দিতে পারি। এক্ষেত্রে যদি মন্ত্রী সুপারিশ করে তাহলে বাদশা তাকে ক্ষমা করে দিবেন। এ ধরনের সুপারিশ আল্লাহর দরবারে কোনো নবী, ওলী, বা কেউ করলে তা গ্রহণ করা হবে। এখানে এই সুপারিশই উদ্দেশ্য।

مُلْكٌ : **রাজত্ব**। একবচন, বহুবচন- مُلُوْكٌ

আয়াত : ৪৫

اِشْمَأَزَّتْ : **সে সংকুচিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعِيْلَالٌ মাসদার اَلْاِشْمِئْزَازُ অর্থ- ক্রোধ ও কষ্ট ইত্যাদিতে চেহারা এমনভাবে অগ্নিশর্মা হওয়া যে, চেহারায় বিরক্তির চিহ্ন প্রকাশ পাওয়া; চেহারা সংকুচিত হওয়া।

يَسْتَبْشِرُوْنَ : **উল্লসিত হয়ে। তারা উল্লসিত হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْاِسْتِبْشَارُ অর্থ- সুসংবাদ গ্রহণ করা; উল্লসিত হওয়া; আনন্দে আত্মহারা হওয়া।

আয়াত : ৪৬

فَاطِرَ : **স্রষ্টা। সৃষ্টিকর্তা**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْفَطْرُ অর্থ- বিদীর্ণ করা; অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করা। মুফাসসিরগণ فَاطِرٌ -এর তাফসির করেছেন مُبْدِعٌ বা নমুনাবিহীন অনস্তিত্ব থেকে অস্তিত্ব দানকারী। অভিধানমতে فَطَرَ অর্থ বিদীর্ণ করা। [কামূস ও সিহাহ] আল্লাহ তা'আলাও বিশ্বকে অনস্তিত্বের পর্দা বিদীর্ণ করে অস্তিত্বে এনেছেন তাই আল্লাহকে فَاطِرٌ বলা হয়।

اَلْغَيْبِ : **অদৃশ্য**। একবচন, বহুবচন- غُيُوْبٌ [বিস্তারিত বাক্বারা, আয়াত : ৩৩ দ্রষ্টব্য]

اَلشَّهَادَةِ : **দৃশ্য; উপস্থিত**। মাসদার, বাব سَمِعَ অর্থ- সাক্ষী দেওয়া। উপস্থিত থাকা।

تَحْكُمُ : **তুমি ফয়সালা করবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা।

يَخْتَلِفُوْنَ : **তারা মতবিরোধ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ- মতবিরোধ করা; মতানৈক্য করা।

আয়াত : ৪৭

اِفْتَدَوْا : **তারা মুক্তিপণ দিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِدَاءُ মূলবর্ণ (ف ـ د ـ ى) অর্থ- কোনো জিনিস মুক্তিপণ হিসেবে দেওয়া।

سُوْءِ : **মন্দ/কঠিন**। ইসম। فُعْلٰى -এর ওযনে اَسْوَأُ - এর স্ত্রীলিঙ্গ। যেমনিভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। [বিস্তারিত সূরা আন'আম : ১৫৭ দ্রষ্টব্য]

يَوْمَ الْقِيَامَةِ : **কিয়ামতের দিন**। يَوْمَ মুযাফ اَلْقِيَامَةُ মুযাফ ইলাইহি। মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) জিনস اجوف واوى অর্থ- দাঁড়ানো; । কিয়ামতের দিন সমস্ত মানুষ একবার উঠে দাঁড়াবে। দ্বিতীয়বার শিঙ্গা ফুঁ দেওয়া হলে সমস্তলোক জীবিত হয়ে কবর হতে বের হয়ে আসবে। অথবা قِيَامٌ অর্থ স্থিতিশীলতাও হতে পারে। অর্থাৎ কিয়ামতের দিবস অটল এবং সঠিক।

يَحْتَسِبُوْنَ : **তারা কল্পনা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِحْتِسَابُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ- মনে করা; ধারণা করা; অনুমান করা।

আয়াত : ৪৮

بَدَا لَهُمْ : তাদের নিকট প্রকাশ পেল। بَدَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ د ـ ء) মাসদার اَلْبَدْءُ ও اَلْبُدُوُّ অর্থ– উত্তমরূপে জ্ঞাত হওয়া; অনুভূত হওয়া; মনে হওয়া; প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া। لَهُمْ যমীর মাজরূর মুত্তাসিল।

مَا كَسَبُوْا : তোমাদের কৃতকর্ম। যা তোমরা উপার্জন করছিলে। مَا ইসমে মাউসূল। كَسَبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ– উপার্জন করা; অর্জন করা।

حَاقَ بِهِمْ : তাদেরকে পরিবেষ্টন করেছে। حَاقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ح ـ ى ـ ق) মাসদার اَلْحَيْقُ অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া। কারো কারো মতে শব্দটি حَقَّ ছিল। যা পরিবর্তিত হয়ে حَاقَ হয়েছে। যেমন– ذَامٌ থেকে ذَمٌّ

كَانُوْا يَسْتَهْزِءُوْنَ : তারা ঠাট্টা-বিদ্রূপ করত। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ ء) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ৪৯

مَسَّ : সে স্পর্শ করেছে; সে ভোগ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা। দুঃখ-কষ্ট পৌঁছানো; সংশ্লিষ্ট হওয়া। সহবাস করা। مَسٌّ এর মূল অর্থ স্পর্শ করা হাত দ্বারা হোক বা শরীরের কোনো অঙ্গ দ্বারা। শব্দটি لَمْسٌ এর থেকে ব্যাপক। لَمَسٌ অর্থ– হাতড়ানো, হাত তাকে স্পর্শ করে অথবা না করে। [মুফরাদাত, কামূস, লিসান, মাআলিম, রূহুল মা'আনী]

ضُرٌّ : অকল্যাণ; মন্দ। বাব نَصَرَ -এর মাসদার। ক্ষতি করা; অনিষ্ট করা।

دَعَانَا : সে আমাকে আহ্বান করে। دَعَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা। نَا যমীর মানসূব মুত্তাসিল।

خَوَّلْنَاهُ : আমি তাকে দিয়েছি। خَوَّلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّخْوِيْلُ মূলবর্ণ (خ ـ و ـ ل) অর্থ– কোনো কিছুর মালিক বানানো; দান করা। ه যমীর منصوب متصل

نِعْمَةً : অনুগ্রহ; নিয়ামত। একবচন, বহুবচন– نِعَمٌ

اُوْتِيْتُهُ : আমাকে তা দেওয়া হয়েছে। সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া; দান করা।

فِتْنَةٌ : পরীক্ষা। ফিতনা; বিশৃঙ্খলা। ইসম ও মাসদার। একবচন, বহুবচন– فِتَنٌ

اَكْثَرَهُمْ : তাদের অধিকাংশই। اَكْثَرَ মুযাফ هم যমীর মুযাফ ইলাইহি। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ– অধিক হওয়া; প্রচুর হওয়া।

আয়াত : ৫০

فَمَآ اَغْنٰى : কোনো কাজে আসে নি। فا - جزائية ; نفى বহছ واحد مذكر غائب সীগাহ مَآ اَغْنٰى মাসদার اَلْاِغْنَاءُ বাব اِفْعَالٌ বাব فعل ماضى معروف মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস ناقص يائى অর্থ– সচ্ছল হওয়া; মুখাপেক্ষিহীন হওয়া।

আয়াত : ৫১

فَاَصَابَهُمْ : অতঃপর তাদের উপর আপতিত হয়েছে। فاء হরফে আতফ। اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ– আপতিত হওয়া; পৌঁছা; এসে পড়া। هُمْ যমীর منصوب متصل

سَيِّئَاتُ : অসৎকার্য। মন্দকর্ম। পাপ কাজ। বহুবচন, একবচন– سَيِّئَةٌ

مُعْجِزِيْنَ : ব্যর্থকারী। অক্ষমকারী। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ز) মাসদার اَلْاِعْجَازُ অর্থ– অক্ষম করা; অসমর্থ বানানো। বাব مُفَاعَلَةٌ থেকে মাসদার اَلْمُعَاجَزَةُ অর্থ মোকাবিলা করে প্রতিপক্ষকে হারিয়ে দেওয়া। কাফেরদের ধারণা হলো কিয়ামত সংঘটিত হবে না।

হাশর- নাশর, হিসাব-নিকাশ, ছওয়াব-শাস্তি এসব কিছুরই অস্তিত্ব নেই। মূলত এসব কিছুই বাস্তব। এগুলো বাস্তবায়নের ক্ষেত্রে আল্লাহ তা'আলাকে কেউ বাধা দিতে পারবে না। তাকে এক্ষেত্রে কেউ অক্ষম করতে পারবে না।

আয়াত : ৫২

يَبْسُطُ : তিনি প্রশস্ত করে দেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَسْطُ মূলবর্ণ (ب ـ س ـ ط) অর্থ- প্রশস্ত করা; বিস্তৃত করা।

الرِّزْقَ : রিজিক; জীবিকা। একবচন, বহুবচন- اَرْزَاقٌ

يَقْدِرُ : তিনি হ্রাস করে দেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَدْرُ মুলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ- সামর্থ্য রাখা; শক্তি রাখা। জীবিকা সংকীর্ণ করা। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

قَوْمٍ : জাতি; সম্প্রদায়। ইসম। শুধুমাত্র পুরুষদের দল। যেমন এক কবির পংক্তি- اَقَوْمٌ اٰلُ حِصْنٍ اَمْ نِسَاءٌ [হিসন সম্প্রদায়ের লোকেরা পুরুষ না মহিলা] এখানে মহিলার বিপরীতে قَوْم আনা হয়েছে। মহিলাদের দলকে قَوْمٌ বলা হবে না। (রাগেব) قَوْم -এর বহুবচন اَقَوْمٌ এবং جمع الجمع হলো اَقَاوِيْمُ وَ اَقَائِمُ وَ اَقَاوِمُ [কামূস]

আয়াত : ৫৩

يٰعِبَادِىَ : হে আমার বান্দাগণ! يَا হরফে নেদা। عِبَادٌ মুযাফ ى যমীর مجرور باضافت বহুবচন, একবচন- عَبْدٌ

اَسْرَفُوْا : তারা অবিচার করেছে/ বাড়াবাড়ি করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ- বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; অপব্যয় করা। মানুষের যে কোনো কাজে বাড়াবাড়ি করাকেই اِسْرَافٌ বলা হয়; কিন্তু সাধারণত ব্যয়ের ক্ষেত্রে বাড়াবাড়ির জন্য বহুল ব্যবহৃত। পবিত্র কুরআনে উভয় অর্থেই ব্যবহার হয়েছে।

اَنْفُسِهِمْ : নিজেদের প্রতি। বহুবচন, একবচন- نَفْسٌ অর্থ- ব্যক্তি; সত্তা; নিজ।

لَا تَقْنَطُوْا : তোমরা নিরাশ হয়ো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ن ـ ط) মাসদার اَلْقُنُوْطُ অর্থ- হতাশ হওয়া; নিরাশ হওয়া।

رَحْمَةِ : দয়া। অনুগ্রহ; দান। এটি বাব سَمِعَ -এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন رَحْمَةٌ হলো এমন কোমলতা যা দয়াকৃত ব্যক্তির প্রতি সহানুভূতির কামনা হয়। -[বিস্তারিত সূরা আরাফ, আয়াত : ৪৯ দ্রষ্টব্য]

يَغْفِرُ : তিনি ক্ষমা করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ- ক্ষমা করা; মার্জনা করা।

ذُنُوْبَ : পাপসমূহ। বহুবচন, একবচন- ذَنْبٌ অর্থ- গুনাহ; অপরাধ; পাপ।

আয়াত : ৫৪

اَنِيْبُوْا : তোমরা অভিমুখী হও। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْاِنَابَةُ অর্থ- ফিরে আসা; প্রত্যাবর্তন করা। অভিমুখী হওয়া।

اَسْلِمُوْا : তোমরা অনুগত হও/ তোমরা আত্মসমর্পণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ- বাধ্যগত হওয়া; অনুগত হওয়া; আত্মসমর্পণ করা।

لَا تُنْصَرُوْنَ : তোমাদেরকে সাহায্য করা হবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাবে نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহয্য করা; সহযোগিতা করা।

আয়াত : ৫৫

اِتَّبِعُوْا : তোমরা অনুসরণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা। কারো কথামতো চলা।

اَحْسَنَ : অতি উত্তম। সীগাহ اسم تفضيل واحد বহছ বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– উত্তম হওয়া; সুন্দর হওয়া।

بَغْتَةً : অকস্মাৎ। হঠাৎ।

لَا تَشْعُرُوْنَ : তারা উপলব্ধি করতে পারে নি। সীগাহ نفي فعل مضارع معروف বহছ جمع مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ৫৬

يٰحَسْرَتٰى : হায় আফসোস! حَسْرَةً মাসদার। বাব سَمِعَ থেকে। يا হরফে نُدبة ; মূলত يٰحَسْرَتِى ছিল।

فَرَّطْتُ : আমি শৈথিল্য করেছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْرِيْطُ মূলবর্ণ (ف ـ ر ـ ط) অর্থ– ত্রুটি করা; ত্রুটিতে বাড়াবাড়ি করা; কর্তব্যে শৈথিল্য করা।

جَنْبِ اللّٰهِ : আল্লাহর নির্দেশ। جَنْبِ মুযাফ اَللّٰهُ মুযাফ ইলাইহি। جَنْب শব্দের অর্থ দিক; পার্শ্ব। এখানে উদ্দেশ্য হলো নির্দেশ; কর্তব্য। اَلصَّاحِبُ بِالْجَنْبِ নিকটতম বন্ধু; সহচর।

سَاخِرِيْنَ : উপহাসকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلسَّخَرُ - اَلسُّخْرُ ও اَلسُّخْرِيَّةُ অর্থ– বিদ্রূপ করা; উপহাস করা; হাসি-ঠাট্টা করা।

আয়াত : ৫৭

هَدٰنِى : তিনি আমাকে সৎপথে পরিচালিত করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার هُدًى ، اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; হেদায়েত করা; পথের সন্ধান দেওয়া। শেষের نِيْ - نون وقاية যমীর منصوب متصل

اَلْمُتَّقِيْنَ : মুত্তাকীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সতর্ক হওয়া; পরিহার করা; ভয় করা।

আয়াত : ৫৮

حِيْنَ : যখন; যে সময়। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

كَرَّةً : পুনরায়; একবার। كَرٌّ অর্থ কারো প্রতি ঝুঁকে যাওয়া; ফিরে যাওয়া। (রাগেব) كَرٌّ -এর পরে ة টি وَحْدَتْ-এর জন্য। যার অর্থ একবার। সুতরাং كَرَّةً অর্থ হলো একবার প্রত্যাবর্তন করা; এক পালা। শত্রুর উপর ঘুরে এসে একযোগে আক্রমণ করে বিজয় অর্জন করাকেও كَرَّةً বলা হয়। [তাজ] এখানে উদ্দেশ্য হলো পরকাল থেকে পুনরায় দুনিয়ায় ফিরে আসা। [সুয়ূতী]

اَلْمُحْسِنِيْنَ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সুন্দর করা; অনুগ্রহ করা; সৎকর্ম করা।

আয়াত : ৫৯

كَذَّبْتَ : তুমি অস্বীকার করেছ / মিথ্যা সাব্যস্ত করেছ। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

اِسْتَكْبَرْتَ : তুমি অহংকার করেছ। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা।

আয়াত : ৬০

وُجُوْهُهُمْ : তাদের মুখ / তাদের চেহারা। বহুবচন, একবচন– وَجْهٌ মুখমণ্ডল; চেহারা। وُجُوْهٌ মুযাফ; هُمْ যমীর مجرور باضافت

مُسْوَدَّةٌ : কৃষ্ণবর্ণ। সীগাহ اسم مفعول বহছ واحد مؤنث বাব اِفْعِلَالٌ মুলবর্ণ (س ـ و ـ د) মাসদার اَلْاِسْوِدَادُ অর্থ– কৃষ্ণতা। দুশ্চিন্তার কারণে রং পরিবর্তন হওয়া। [জালালাইন]

مَثْوًى : আবাসস্থল। সীগাহ ظرف مكان বহছ واحد একবচন, বহুবচন– مَثَاوِىْ অর্থ– নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল।

اَلْمُتَكَبِّرِيْنَ : **অহংকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلتَّكَبُّرُ অর্থ– অহংকার করা; গর্ব করা; বড়াই করা; মহত্ব করা।

আয়াত : ৬১

يُنَجِّيْ : **তিনি উদ্ধার করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْجِيَةُ মূলবর্ণ (ن ـ ج ـ و) অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা।

اِتَّقَوْا : **তারা তাকওয়া অবলম্বন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; আল্লাহভীতি অর্জন করা; বর্জন করা; বিরত থাকা।

مَفَازَة : **সাফল্য**। ইসমে মাসদার। অথবা যরফে মাকান। সফলতার স্থান। বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ و ـ ز) মাসদার اَلْفَوْزَةُ অর্থ– মুক্তি পাওয়া।

لَا يَمَسُّهُمْ : **তাদেরকে স্পর্শ করবে না**। لَا يَمَسُّ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোয়া; আপতিত হওয়া। هُمْ যমীর مَنْصُوْب متصل

اَلسُّوْءُ : **অমঙ্গল**। ইসম। فُعْلٰى-এর ওযনে اَسْوَأُ-এর স্ত্রীলিঙ্গ। যেমনিভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। [বিস্তারিত আন'আম, আয়াত : ১৫৭ দ্রষ্টব্য]

আয়াত : ৬২

وَكِيْلٌ : **তত্ত্বাবধায়ক**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلْوَكْلُ অর্থ– ন্যাস্ত করা; অর্পণ করা।

আয়াত : ৬৩

مَقَالِيْدُ : **কুঞ্জিসমূহ**। শব্দটি جمع منتهى الجموع ; একবচন– مِقْلَادٌ বহুবচন– مَقَالِيْدُ অর্থ– কুঞ্জি, ধনভাণ্ডার বা সমগ্র বিশ্বকে পরিবেষ্টনকারী কুদরত। [রাগেব] আল্লামা বগবী (র.) প্রথম অর্থ গ্রহণ করেছেন। আর কলবী (র.) বলেছেন বৃষ্টিও উদ্ভিদরাজির ভাণ্ডার উদ্দেশ্য। কাতাদাহ ও মুকাতিলের মতে রিজিক ও রহমত উদ্দেশ্য।

اَلْخٰسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া; ধ্বংস হওয়া; নষ্ট হওয়া।

আয়াত : ৬৪

تَأْمُرُوْنِّيْ : **তোমরা আমাকে হুকুম দিচ্ছ**। تَأْمُرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ অর্থ– হুকুম দেওয়া, নির্দেশ দেওয়া। শেষের نِيْ-টি ضمير منصوب متصل

جٰهِلُوْنَ : **মূর্খগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ج ـ ه ـ ل) মাসদার اَلْجَهْلُ ও اَلْجَهَالَةُ অর্থ– মূর্খ হওয়া; অজ্ঞ হওয়া।

আয়াত : ৬৫

اُوْحِيَ : **ওহী প্রেরণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَال মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اَشْرَكْتَ : **তুমি শিরক করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَال মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

لَيَحْبَطَنَّ : **অবশ্যই তা নিস্ফল হবে**। সীগাহ واحد مذكرغائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব سَمِعَ মাসদার اَلْحَبْطُ মূলবর্ণ (ح ـ ب ـ ط) অর্থ– নিষ্ফল হওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ৬৭

مَاقَدَرُوْا : **তারা উপলব্ধি করতে পারেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব

ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقَدْرُ অর্থ– মর্যাদা দেওয়া; মূল্যায়ন করা।

قَبْضَتُه : **তার হাতের মুষ্টিতে**। قَبْضَةً মুযাফ ه যমীরে **مجرور باضافت**-এর সেলা اِلٰى হলে অর্থ হবে গুটিয়ে নেওয়া। আর সেলা যদি عَنْ হয় তখন অর্থ হবে মুষ্টিভরে নেওয়া।

مَطْوِيّٰتٌ : **ভাঁজকৃত**। সীগাহ **اسم جمع مؤنث** বহছ **مفعول** বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ و ـ ى) মাসদার اَلطَّيُّ অর্থ– গুটানো; গুটিয়ে ফেলা; ভাঁজ করা; একটাকে অন্যটার সঙ্গে বিজড়িত করা; দূরত্ব কমানো; কর্তন করা।

আয়াত : ৬৮

نُفِخَ : **ফুৎকার দেওয়া হবে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى مجهول** বাব نَصَرَ মাসদার اَلنَّفْخُ মূলবর্ণ (ن ـ ف ـ خ) অর্থ– ফুঁ দেওয়া।

اَلصُّوْرِ : **শিঙ্গা**। শাইখ আবুল ফযল লিখেছেন صُوْر অর্থ শাখা যাতে হযরত ইসরাফিল (আ.) সৃষ্টজীবকে ধ্বংস করার জন্য ফুৎকার দিবেন। যেমন আল্লাহর বাণী– ثُمَّ نُفِخَ অন্যত্র রয়েছে يَوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ ; فِيْهِ اُخْرٰى এখানে ه যমীর আনা হয়েছে, যাতে বুঝা যায় যে, এটি صورة -এর বহুবচন নয়। যেমনটি হযরত কালবী বলেছেন। তাছাড়া একটি হাদীসে রয়েছে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন–اَلصُّوْرُ اَلْقَرْنُ صُوْر হলো শিঙ্গা যাতে ফুৎকার দেওয়া হবে। ;يُنْفَخُ فِيْهِ

صَعِقَ : **সংজ্ঞাহীন হয়েছে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى معروف** বাব سَمِعَ মাসদার اَلصَّعْقُ মূলবর্ণ (ص ـ ع ـ ق) অর্থ– বজ্রধ্বনির কারণে সংজ্ঞাহীন হওয়া ও মরে যাওয়া। বেহুঁশ হওয়া।

আয়াত : ৬৯

اَشْرَقَتِ : **তা উদ্ভাসিত হবে; উজ্জ্বল হবে**। সীগাহ **واحد مؤنث غائب** বহছ **ماضى معروف** বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ق) মাসদার اَلْاِشْرَاقُ অর্থ– উজ্জ্বল হওয়া; আলোকিত হওয়া; চমকে উঠা।

وُضِعَ : **পেশ করা হবে/ রাখা হবে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى مجهول** বাব فَتَحَ মাসদার اَلْوَضْعُ মূলবর্ণ (و ـ ض ـ ع) অর্থ– রাখা; উপস্থিত করা; হাজির করা।

قُضِىَ : **ন্যায়বিচার করা হবে/ফয়সালা করা হবে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى مجهول** বাব ضَرَبَ মূলবর্ণ(ق ـ ض ـ ى) মাসাদর اَلْقَضَاءُ অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা। যা কথা, কাজ, মানবীয় বা খোদায়ী সকল প্রকার সিদ্ধান্তের অর্থে ব্যবহৃত হয়। কোনো কিছুর ব্যাপারে চূড়ান্ত ইচ্ছা বা নির্দেশ বা কাজ সমাপ্ত করা قَضَاءٌ -এর অর্থের মধ্যে বিদ্যমান। صِلَةٌ -এর বিভিন্নতা এবং অগ্র-পশ্চাতের হিসেবে এর অর্থও বিভিন্ন হয়ে থাকে। যেমন– বানানো; পূর্ণ করা; সংকল্প করা; দৃঢ় ইচ্ছা করা; মীমাংসা করা; সিদ্ধান্ত করা; নির্দেশ জারি করা; হুকুম দেওয়া; নির্ধারণ করা। অকাট্য ওহী প্রেরণ করে অবহিত করা; প্রয়োজন পূরণ করা। সম্পর্ক ছিন্ন করা; অবসর হওয়া; মারা যাওয়া; মেরে ফেলা। পবিত্র কুরআনে বিভিন্ন স্থানে এসব অর্থে ব্যবহৃত হয়েছে।

لَا يُظْلَمُوْنَ : **তাদের প্রতি জুলুম করা হবেনা**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **نفى فعل مضارع مجهول** বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

আয়াত : ৭০

وُفِّيَتْ : **পুরোপুরি দেওয়া হবে**। সীগাহ **واحد مؤنث غائب** বহছ **ماضى مجهول** বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّوْفِيَةُ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ– পুরোপুরি দেওয়া, পূর্ণ করা।

আয়াত : ৭১

سِيْقَ : **হাঁকিয়ে নিয়ে যাওয়া হবে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى مجهول** বাব نَصَرَ মাসদার اَلسَّوْقُ ও اَلسِّيَاقَةُ মূলবর্ণ (س ـ و ـ ق) অর্থ– হাঁকানো; চালানো।

زُمَرًا : **দলে দলে**। زُمْرَةٌ -এর বহুবচন, যার অর্থ অল্প লোকের দল।

فُتِحَتْ : **উন্মুক্ত করা হবে/ মুক্ত করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ অর্থ– উন্মুক্ত করা; খোলা। বিজয় লাভ করা। মুক্ত করা।

خَزَنَتُهَا : **তার রক্ষীগণ**। خَزَنَةٌ। خَازِنٌ-এর বহুবচন। মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি।

رُسُلٌ : **রাসূলগণ**। বহুবচন, একবচন–رَسُوْلٌ পয়গাম্বর; রাসূল; দূত; বার্তাবাহক।

يَتْلُوْنَ : **তারা তেলাওয়াত করে/ পাঠ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و)মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তিলাওয়াত করা; পাঠ করা; বর্ণনা করা; অনুসরণ করা; অধ্যায়ন করা; অনুকরণ করা।

يُنْذِرُوْنَ : **তারা সতর্ক করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা; হুমকি দেওয়া।

لِقَاءَ : **সাক্ষাৎ করা; সম্মুখীন হওয়া**। এটি বাব سَمِعَ - এর মাসদার।

يَوْمٌ : **দিন**। একবচন, বহুবচন– اَيَّامٌ

قَالُوْا : **তারা বলল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার القول অর্থ– বলা।

حَقَّتْ : **অবাধারিত হলো**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ অর্থ– অবধারিত হওয়া; প্রমাণিত হওয়া; মিল পাওয়া।

আয়াত : ৭২

قِيْلَ : **তাকে বলা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اُدْخُلُوْا : **তোমরা প্রবেশ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ (د ـ خ ـ ل) অর্থ– প্রবেশ করা।

جَهَنَّمَ : **জাহান্নাম; দোজখ**। এমন স্থান যেখানে মৃত্যুর পর পাপীষ্ঠদের নিবাস হবে। যেখানে তাদের জন্য মর্মন্তুদ শাস্তির ব্যবস্থা রয়েছে। শব্দটি تانيث ও علميت - এর কারণে غير منصرف হয়েছে।

خٰلِدِيْنَ : **তারা স্থায়ী হবে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– স্থায়ী হওয়া; শাশ্বত হওয়া।

فَبِئْسَ : **কতইনা নিকৃষ্ট!** فاء হরফে আত্‌ফ। بِئْسَ -টি فعل ذم যা রূপান্তর হয় না। بِئْسَ মূলত سَمِعَ -এর ওযনে بَئِسَ ছিল। عين كلمة -এর অনুসরণে তার فا كلمة -কে যের দেওয়া হয়েছে। অতঃপর সহজি করণার্থে عين كلمة -কে সাকিন করা হয়েছে। এভাবে بِئْسَ হয়েছে।

مَثْوًى : **আবাসস্থল**। [বিস্তারিত সূরা যুমার, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

اَلْمُتَكَبِّرِيْنَ : **অহংকারীগণ**। [বিস্তারিত যুমার, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

আয়াত : ৭৩

خَزَنَتُهَا : **জান্নাতের রক্ষীগণ**। বহুবচন, একবচন–خَازِنٌ অর্থ– পাহারাদার, চৌকিদার خَزَنَةٌ মুযাফ هَا যমীরে مجرور باضافت।

سَلَامٌ : **সালাম, সম্ভাষণ**। ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। (বিস্তারিত সূরা হিজর, আয়াত : ৪৬ দ্রষ্টব্য)

طِبْتُمْ : **তোমরা সুখী হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلطِّيْبُ মূলবর্ণ (ط ـ ى ـ ب) অর্থ– প্রফুল্ল হওয়া; খুশি হওয়া; আনন্দিত হওয়া। মানুষ طَيِّب হওয়ার অর্থ হলো তারা অজ্ঞতা, পাপাচার ও মন্দ আমলের দুর্গন্ধ থেকে পবিত্র হওয়া এবং জ্ঞান-বিজ্ঞান, ঈমান ও সৎকর্ম দ্বারা পরিশুদ্ধ হওয়া।

আয়াত : ৭৪

صَدَقَنَا : **তিনি আমাদের প্রতি পূর্ণ করেছেন/ আমাদেরকে সত্য করে দেখিয়েছেন**। صَدَّقَ সীগাহ

نَصَرَ বাব ماضى معروف বহছ واحد مذكر غائب মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য করে দেখানো। نا যমীর মাফঊলে বিহী।

اَوْرَثَنَا : **তিনি আমাদেরকে উত্তারধিকারী বানিয়েছেন।** সীগাহ ماضى বহছ واحد مذكر غائب اورث বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার معروف اَلْاِيْرَاثُ অর্থ– উত্তরাধিকারী বানানো; কাউকে কোনো কিছুর মালিক বানানো। نا যমীর মাফঊলে বিহী।

نَتَبَوَّأُ : **আমরা বসবাস করব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّبَوُّءُ মূলবর্ণ (ب ـ و ـ ء) অর্থ– অবস্থান করা; স্থান নির্ধারণ করা; স্থান নির্দিষ্ট করা।

نَشَاءُ : **আমি ইচ্ছা করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

نِعْمَ : **কতই না উত্তম!** এটি فعل مدح বা প্রশংসাবাচক ক্রিয়া। নাহুবিদগণ বলেন যেভাবে بِئْسَ হলো فعل ذم তেমনিভাবে نِعْمَ হলো فعل مدح ; কিন্তু نِعْمَتْ ও نِعْمَ (ماضى) ব্যতীত مضارع বা ماضى -এর অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। আর পবিত্র কুরআনে তো نِعْمَتْ ও আসে নি। যাহোক নাহুবিদদের পরিভাষায় نِعْمَ ফেল। ইমাম রাগেব (র.) লিখেছেন نِعْمَ-এর উৎসস্থল نِعَمَ বা نِعْمَةٌ ;

عَامِلِيْنَ : **সদাচারীগণ/ আমলকারী/ সাধকগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– করা; কাজ করা; আমল করা; সাধন করা।

আয়াত : ৭৫

حَافِّيْنَ : **চতুষ্পার্শ্বে বেষ্টনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ف ـ ف) মাসদার اَلْحَفُّ অর্থ– চারিপাশ বেষ্টন করা; চারিদিক ঘেরাও করা।

حَوْلِ : **চতুষ্পার্শ্ব/ আশপাশ।** এটি বাব نَصَرَ -এর মাসদার; মূলত حَوْلٌ অর্থ কোনো কিছু পরিবর্তন হওয়া ও অন্য থেকে পৃথক হওয়া। এ কারণেই বস্তুর ঐ পার্শ্বকে যার দিকে তা পরিবর্তন হওয়া সম্ভব তাকে حَوْلٌ বলা হয়। বছরকেও এ জন্য حَوْلٌ বলা হয় যে, তা পরিবর্তন হতে থাকে।

عَرْشِ : **আরশ। সিংহাসন; রাজাসন।** হযরত ইমাম রাগেব ইস্পাহানী (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, عَرْشٌ বলা হয় ছাদবিশিষ্ট কোনো কিছুকে। এর বহুবচন عُرُوْشٌ কুরআনে রয়েছে– وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا [তারা তাদের মাচানের উপর পতিত ছিল] عَرَشْتُ الْكَرَمَ অর্থ আঙ্গুরের লতার জন্য মাচান স্থাপন করা। আয়াত وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ -এর অর্থ আবূ উবায়দা বলেছেন– يَبْنُوْنَ তারা উঁচু ইমারত নির্মাণ করত। বাদশার বসার স্থানকেও عَرْشٌ বলা হয়, কারণ তা উঁচু হয়। عَرْش সম্পর্কে মুফাসসিরগণের মত হলো তা সিংহাসনই, যা দেহবিশিষ্ট, যাকে আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন এবং ফেরেশতাদেরকে নির্দেশ দিয়েছেন তা বহন করে রাখতে এবং সম্মানপ্রদর্শন ও তওয়াফ দ্বারা ইবাদত করতে। যেমনিভাবে দুনিয়াতে তিনি একটি গৃহ নির্মাণ করেছেন এবং বনী আদমকে নির্দেশ দিয়েছেন তার তওয়াফ করতে এবং নামাজে তার দিকে মুখ ফিরাতে। [কিতাবুল আসমাই ওয়াসসিফাত, ইমাম বায়হাকী]

يُسَبِّحُوْنَ : **তারা মহিমা ঘোষণা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– মহিমা ঘোষণা করা; তাসবীহ পাঠ করা; পবিত্রতা বর্ণনা করা।

قُضِىَ : **সিদ্ধান্ত হয়ে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসাদর اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা। যা কথা, কাজ, মানবীয় বা খোদায়ী সকল প্রকার সিদ্ধান্তের অর্থে ব্যবহৃত হয়। [বিস্তারিত সূরা ইউসূফ, আয়াত : ৪১ দ্রষ্টব্য]

اَلْحَقِّ : **সত্য; ন্যায়; সঠিক।** –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য]

সূরা মুমিন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮৫ রুকূ' : ৯

আয়াত : ১

حٰمٓ : **হা-মী-ম**। এগুলো হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حروف تهجى-এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য। যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি। এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এর অর্থের পিছনে পড়ার প্রয়োজন নেই। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের ব্যক্তিগত মতামত। ইমাম কুরতুবী (র.) খলীফা চতুষ্টয় ও ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন। [বিস্তারিত সূরা বাক্বারা, الٓمٓ দ্রষ্টব্য]

আয়াত : ২

تَنْزِيْلُ : **অবতীর্ণ করা**। বাব تَفْعِيْل-এর মাসদার, যা ইসমে মাফঊল তথা مُنَزَّلٌ অর্থে ব্যবহৃত হয়েছে। اِنْزَالٌ ও تَنْزِيْلٌ-এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু تنزيل অর্থ ধারাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

عَزِيْزٌ : **পরাক্রমশালী**। সীগাহ اسم واحد مذكر বহছ ; যা فاعل অর্থে হয়েছে। [বিস্তারিত সূরা مبالغة বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

عَلِيْمٌ : **সর্বজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবগত হওয়া। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৩

غَافِرِ : **ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা; আচ্ছাদিত করা; মিটিয়ে দেওয়া; রদ করা।

قَابِلِ التَّوْبِ : **তওবা কবুলকারী**। সীগাহ قابل واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ - سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (ق - ب - ل) মাসদার اَلْقَبُوْلُ অর্থ– গ্রহণ করা; কবুল করা। তবে শর্ত হলো باء দ্বার মুতা'আদ্দী হতে হবে। যেমন قَبِلَ بِهٖ ইত্যাদি। সবগুলোর মাসদার হবে قَبَالَةٌ ; আর باء দ্বারা মুতাআদ্দী না হয় তাহলে কখনো لازم আসে, তখন অর্থ হবে সম্মুখ থেকে আসা এবং বাব سَمِعَ থেকে আসে। যেমন– قَبِلَتِ اللَّيْلَةُ রাত্র সামনে এসেছে। আবার কখনো হরফে জার ব্যতীতই স্বয়ং মুতা'আদ্দী হয়ে থাকে। তখনো বাব سَمِعَ থেকে আসে। যেমন قَبِلَهٗ ; সে তা কবুল করেছে। তখন মাসদার হবে قَبُوْلٌ ও قُبُوْلٌ ; যদি قَبِلَ-এর পরে عَلٰى আসে তখন সংশ্লিষ্ট হওয়া এবং আরম্ভ করার অর্থ হয়। যেমন قَبِلَ عَلَى الشَّيْءِ সে তা করতে শুরু করেছে বা সে তার সাথে সংশ্লিষ্ট হয়েছে। তখনো এটি বাব سَمِعَ থেকেই আসে। [লিসানুল আরব ও কামূস]

اَلتَّوْبِ : **তওবা**। মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) জিনস اجوف واوى অর্থ– তওবা করা; অভিমুখী হওয়া; প্রত্যাবর্তন করা।

اَلْعِقَابِ : **শাস্তি**। এটি বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন عُقُوْبَةٌ - مُعَاقَبَةٌ ও عِقَابٌ এ তিনটিই শাস্তির জন্য নির্দিষ্ট। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য]

اَلطَّوْلِ : **শক্তি; সামর্থ্য। পুরস্কার। ধন; সম্পদ; ধনাঢ্যতা**। বাব نَصَرَ-এর মাসদার। এটি দুটি অর্থের জন্য ব্যবহার হয়। দীর্ঘতা ও শ্রেষ্ঠত্বে কারো উপর বিজয়ী হওয়া। এবং কারো অনুগ্রহ করা ও তাকে পুরস্কার

দেওয়া। ইমাম রাগেব (র.) বলেন طَـوْلٌ শব্দটি শ্রেষ্ঠত্ব ও অনুগ্রহের জন্য নির্দিষ্ট হয়ে গেছে। যেমন– اِسْتَأْذَنَكَ اُولُوا الطَّوْلِ مِنْهُمْ - ذِى الطَّوْلِ ইত্যাদি।

اَلْمَصِيْرُ : **প্রত্যাবর্তনস্থল**। শব্দটি একবচন, বহুবচন– مَصَايِرُ মূলবর্ণ (ص ـ ى ـ ر) অর্থ– প্রত্যাবর্তন করা।

আয়াত : ৪

يُجَادِلُ : **সে বিতর্ক করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

لَا يَغْرُرْكَ : **যেন তোমাকে বিভ্রান্ত না করে**। لَا يَغْرُرْ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ر) মাসদার اَلْغُرُوْرُ অর্থ– প্রতারিত করা। ك যমীর منصوب متصل

تَقَلُّبُهُمْ : **তাদের অবাধ বিচরণ**। تَقَلُّبُ মাসদার মুযাফ। هُمْ যমীর مجرور باضافت বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– পরিবর্তন হওয়া; স্থানান্তরিত হওয়া; চলাফেরা করা।

আয়াত : ৫

اَلْاَحْزَابُ : **সম্মিলিত বাহিনী**। حِزْبٌ এর বহুবচন। জমাত; দল;' বাহিনী।

هَمَّتْ : **সে আসক্ত হয়েছে। সে ইচ্ছা করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ م ـ م) মাসদার اَلْهَمُّ অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা; আসক্ত হওয়া।

لِيَأْخُذُوْهُ : **তারা তাকে আবদ্ধ করার জন্য**। لِيَأْخُذُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; গ্রহণ করা।

جَادَلُوْا : **তারা বিতণ্ডা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার مُجَادَلَةٌ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– বিতর্ক করা; পরস্পর বিতণ্ডা করা।

لِيُدْحِضُوْا : **ব্যর্থ করার জন্য**। لام كى -টি- لام ; يُدْحِضُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ح ـ ض) মাসদার اَلْاِدْحَاضُ অর্থ– ব্যর্থ করা।

اَخَذْتُهُمْ : **আমি তাদেরকে পাকড়াও করলাম/ শাস্তি দিয়েছিলাম**। اَخَذْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) জিনস مهموز فا মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; গ্রহণ করা। هُمْ যমীরে منصوب متصل

اَلْعِقَابُ : **শাস্তি**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য]

আয়াত : ৬

حَقَّتْ : **অবধারিত হলো**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ অর্থ– অবধারিত হওয়া; প্রমাণিত হওয়া।

اَصْحٰبُ النَّارِ : **জাহান্নামী; দোযখী**। اَصْحٰبُ মুযাফ اَلنَّارِ মুযাফ ইলাইহি। اَصْحٰبُ বহুবচন, একবচন صَاحِبٌ অর্থ– সাথী; বন্ধু; মালিক।

আয়াত : ৭

يَحْمِلُوْنَ : **তারা বহন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা; ধারণ করা; উত্তোলন করা।

عَرْشٌ : **আরশ। সিংহাসন; রাজাসন**। [বিস্তারিত সূরা যুমার, আয়াত : ৭৫ দ্রষ্টব্য]

يُسَبِّحُوْنَ : **তারা মহিমা ঘোষণা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– মহিমা ঘোষণা করা; তাসবীহ পাঠ করা; পবিত্রতা বর্ণনা করা।

يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনে/ তারা বিশ্বাস স্থাপন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

يَسْتَغْفِرُوْنَ : **তারা ক্ষমা প্রার্থনা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা।

وَسِعْتَ : **তুমি ব্যাপক করেছ/ বেষ্টন করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلسَّعَةُ অর্থ– ব্যাপক করা; সংকুলান হওয়া।

رَحْمَةً : **দয়া। অনুগ্রহ; দান**। এটি বাব سَمِعَ -এর মাসদার। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন رَحْمَةٌ হলো এমন কোমলতা যা দয়াকৃত ব্যক্তির প্রতি সহানুভূতির কামনা হয়। কখনো এর ব্যবহার শুধুমাত্র কোমলতার জন্য হয় আবার কখনো শুধুমাত্র অনুগ্রহ ও দয়ার জন্য হয় যেখানে কোমলতা থাকে না। যেমন– رَحِمَ اللّٰهُ فُلَانًا (আল্লাহ অমুকের প্রতি দয়া করেছেন) যখন একে আল্লাহর সাথে সম্পৃক্ত করা হবে তখন শুধুমাত্র অনুগ্রহ ও দয়া উদ্দেশ্য হবে, কোমলতা বা বিনম্রতা উদ্দেশ্য হবে না। এ জন্য বলা হয় আল্লাহর পক্ষ থেকে رَحْمَةٌ হলো অনুগ্রহ ও দয়া। আর মানুষের পক্ষ থেকে رَحْمَةٌ হলো কোমলতা ও বিনম্রতা।

اِغْفِرْ : **তুমি ক্ষমা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْغَفْرُ অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

تَابُوْا : **তারা তওবা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহস ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। তওবার সংজ্ঞায় ইমাম খাত্তাবী (র.) বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ তওবার অর্থ হলো গুনাহর পর বান্দা নেকীর দিকে প্রত্যাবর্তন করা।] تَوْبَةٌ শব্দ لَازِمٌ ও مُتَعَدِّىْ উভয়ভাবেই ব্যবহৃত হয়। সেলা ব্যতীত অর্থাৎ لازم হলে অর্থ হবে তওবা করা; আল্লাহর প্রতি মনোযোগী হওয়া। আর যদি عَلٰى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে আল্লাহ তা'আলা তওবা কবুল করা। তওবা কবুল হওয়ার শর্ত চরটি।

১. পাপকে মন্দ মনে করে বর্জন করা।
২. যা ভুল-ক্রটি হয়েছে তার জন্য অনুতপ্ত হওয়া।
৩. পুনরায় উক্ত পাপ না করার দৃঢ় সংকল্প করা।
৪. যে সমস্ত কাজের ক্ষতিপূরণ সম্ভব তার ক্ষতিপূরণ দেওয়া। যেমন বান্দার হক হলে তা আদায় করা; আর আল্লাহর হক হলে যদি তা কাজা করার মতো হয় তা কাজা করা। এ চারটি শর্ত পাওয়া গেলে মনে করতে হবে যে তার তওবা কবুল হয়েছে।

اِتَّبَعُوْا : **তারা অনুসরণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা। কারো কথামতো চলা।

وَقِهِمْ : **এবং তাদেরকে রক্ষা কর**। قِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْوَقْىُ ও اَلْوِقَايَةُ অর্থ– রক্ষা করা; বাঁচানো। هُمْ যমীর منصوب متصل । قِ মূলত اِوْقِىْ ছিল। তালীল হয়ে قِ হয়েছে।

اَلْجَحِيْمِ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন**। فَعِيْل এর ওযনে فَاعِل অর্থে। جَحْم থেকে নির্গত, যার অর্থ ভীষণভাবে জ্বলা। ইমাম ইবনে জারীর (র.) থেকে বর্ণিত রয়েছে যে, জাহান্নামের সাতটি স্তর রয়েছে। ১. জাহান্নাম। ২. লাযা। ৩. হুতামা। ৪. সাঈর। ৫. সাকার। ৬. জাহিম। ৭. হাবিয়া। [মা'আলিমুত্তানযিল]

আয়াত : ৮

جَنّٰتِ عَدْنِ : **স্থায়ী জান্নাত**। عَدْنٌ শব্দটি বাব ضَرَبَ ও نَصَرَ -এর মাসদার। অর্থ– থাকা; বসবাস করা; স্থায়ী হওয়া। جَنّٰتُ عَدْنٍ অর্থ– বসবাসের উদ্যান অর্থাৎ এমন উদ্যানসমূহ যেখানে চিরদিন থাকবে। উল্লেখ্য عَدْنٌ কে কোনো কোনো উলামা علم বলেছেন; আবার কেউ صفت বলেছেন। যারা علم বলেন তারা বলেন, এটি একটি বিশেষ জান্নাতের নাম। দলিলস্বরূপ তারা কুরআনের আয়াত– جَنّٰتُ عَدْنِ الَّتِىْ وَعَدَ الرَّحْمٰنُ عِبَادَهٗ بِالْغَيْبِ পেশ করেন। কারণ এখানে মারেফাকে তার সিফাত বানানো হয়েছে। তাছাড়া হাদীসে রয়েছে হুজূরে আকরাম ﷺ বলেছেন عَدْنٌ হলো আল্লাহর তা'আলার নির্মিত গৃহ যা না কোনো চক্ষু কখনো দেখেছে না কোনো মানুষের অন্তরে তার কল্পনা উদয় হয়েছে। নবীগণ, সিদ্দীকগণ ও শহীদগণ ব্যতীত কেউ তাতে বসবাস করতে পারবে না। পক্ষান্তরে যারা عَدْنٌ কে علم (নাম) বলে মনে করেন না, তারা বলেন, এটি جَنّٰتٌ -এর সিফাত। কারণ عَدْنٌ -এর প্রকৃত অর্থ হলো স্থায়িত্ব; অবিচলতা।

প্রবাদ রয়েছে– عَدَنَ بِالْمَكَانِ সে এখানে অবস্থান করেছে। عَدْنٌ দ্বারা উদ্দেশ্য হলো চিরস্থায়ী বসবাস। এ মত হিসেবে সকল জান্নাতই عَدْنٌ।

وَعَدْتَّهُمْ : **তুমি তাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিলে।** সীগাহ ماضى معروف বহছ واحد مذكر حاضر وَعَدْتَ বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ প্রতিশ্রুতি দেওয়া। هُمْ যমীর منصوب متصل

صَلَحَ : **সে সৎকর্ম করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব كَرُمَ ও نَصَرَ - فَتَحَ ; মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ– সৎকর্ম করা; সংশোধন করা।

ذُرِّيّٰتِهِمْ : **তাদের সন্তান-সন্ততি; তাদের বংশধর।** ذُرِّيّٰتٌ বহুবচন, একবচন ذُرِّيَّةٌ ; আরো বহুবচন, ذُرِّيَّاتٌ، ذَرَارِيُّ বংশধর; সন্তানসন্ততি। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য]

اَلْعَزِيْزُ : **পরাক্রমশালী।** [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

اَلْحَكِيْمُ : **প্রজ্ঞাময়।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; فَعِيْلٌ -এর ওযনে। বাব كَرُمَ মাসদার اَلْحِكْمَةُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ– প্রজ্ঞাময় হওয়া; জ্ঞানী হওয়া।

আয়াত : ৯

سَيِّئَاتِ : **শাস্তি/অমঙ্গল।** বহুবচন, একবচন– سَيِّئَةٌ -এর বিপরীত হলো حَسَنَةٌ অর্থ– পুণ্য; নিয়ামত। এমন অনুগ্রহ ও কল্যাণ যা মানুষের জীবন, দেহ বা অবস্থায় অর্জিত হয়ে তার জন্য আনন্দের কারণ হয়। উভয়টিই اسم جنس যার অধীনে অনেক প্রকার অন্তর্ভুক্ত। যেমন– وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ [যদি তাদের কোনো কল্যাণ হয় তখন বলে এটা আল্লাহর পক্ষ থেকে] এখানে حَسَنَةٌ দ্বারা উদ্দেশ্য হলো ফসলের উৎকৃষ্টতা, সচ্ছলতা ও সফলতা। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ [আর যদি তাদের কোনো অকল্যাণ হয়।]

اَلْفَوْزُ : **সফলতা; সাফল্য।** এটি বাব نَصَرَ -এর মাসদার। মূলবর্ণ (ف ـ و ـ ز) জিনস اَجْوَف واوى অর্থ– সফল হওয়া; কামিয়াব হওয়া।

আয়াত : ১০

يُنَادَوْنَ : **তাদেরকে আহ্বান করা হবে; তাদেরকে বলা হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ د ـ و) মাসদার اَلْمُنَادَاةُ অর্থ– সম্বোধন করা; আহ্বান করা; ডাকা।

مَقْتُ : **ক্রোধ।** বাব نَصَرَ -এর মাসদার, যা মানসূব হয়েছে। مُقَاتَةٌ ও মাসদার আসে অর্থ– কাউকে মন্দকর্মে লিপ্ত হতে দেখে তার সাথে শত্রুতা পোষণ করা, তাকে ঘৃণা করা। تَمَقَّتٌ ও اِمْقَاتٌ -এরও একই অর্থ। مَقْتٌ পিতার স্ত্রীকে বিবাহ করাকেও বলা হয়। مَقْتِىٌّ পিতার স্ত্রীকে বিবাহকারী বা ফাও বিয়ের সন্তান। [কামূস ও মুফরাদাত]

تُدْعَوْنَ : **তোমাদেরকে আহ্বান করা হয়েছিল।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

اِيْمَانِ : **ঈমান; বিশ্বাস।** অভিধানে اِيْمَانٌ অর্থ– সত্যায়ন করা; বিশ্বাস করা। অর্থাৎ সংবাদদাতার হুকুমকে বিশ্বাস করা। এভাবে যে, হুকুম কবুল করা হবে এবং সংবাদদাতাকে সত্য বলে সত্যবাদী সাব্যস্ত করবে। বাব اِفْعَالٌ -এর মাসদার। যা اَمْنٌ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ নিরাপত্তা। সুতরাং ঈমান আনার অর্থ হলো যার উপর ঈমান আনা হবে তাকে মিথ্যায়ন এবং বিরোধিতা থেকে নিরাপত্তা দেওয়া হবে। এটা কখনো لام দ্বারা মুতা'আদ্দী হয়, আবার কখনো بـاء দ্বারা। لام দ্বারা হলে অর্থ হবে দৃঢ় বিশ্বাস ও একিনের অর্থ হবে। আর بـاء দ্বারা হলে অর্থ হবে স্বীকৃতি দেওয়া; মান্য করা। এ দ্বারা বুঝা গেল যে, স্বীকৃতি ব্যতীত সত্যায়ন গ্রহণযোগ্য নয়। শরিয়তের পরিভাষায় ঈমান বলা রাসূলুল্লাহ ﷺ কর্তৃক আনীত সকল বিষয়ের বিস্তারিতগুলোকে বিস্তারিতভাবে এবং সংক্ষিপ্তগুলোকে সংক্ষিপ্তভাবে বিশ্বাস করা। এটাই জুমহূরের অভিমত।

تَكْفُرُوْنَ : **তোমরা অস্বীকার করেছিলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; লুকানো; গোপন করা।

আয়াত : ১১

أَمَتَّنَا : **তুমি আমাদেরকে মৃত্যু দান করেছ।** أَمَتَّ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِمَاتَةُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যু দান করা। نا যমীর منصوب متصل

أَحْيَيْتَنَا : **তুমি আমাদেরকে প্রাণ দিয়েছ।** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবিত করা; জীবন দান করা। نا যমীরে منصوب متصل

اِثْنَتَيْنِ : **দুইবার।**

اِعْتَرَفْنَا : **আমরা স্বীকার করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتِرَافُ মূলবর্ণ (ع ـ ر ـ ف) অর্থ– স্বীকার করা।

আয়াত : ১২

دُعِىَ : **তাকে ডাকা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

أَنْ يُّشْرَكَ : **যদি শরিক স্থির করা হয়।** أَنْ হরফে শর্ত। সীগাহ يُشْرَكْ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব إِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْإِشْرَاكُ অর্থ– শরিক করা; অংশীদার করা।

اَلْحُكْمُ : **কর্তৃত্ব।** একবচন, বহুবচন–اَلْأَحْكَامُ অর্থ– প্রজ্ঞা; কর্তৃত্ব; শাসনকাল।

আয়াত : ১৩

يُرِيْكُمْ : **তিনি তোমাদেরকে দেখাবেন।** يُرِى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الاراءة অর্থ– দেখানো; প্রদর্শন করা। كُمْ যমীরে منصوب متصل

يَتَذَكَّرُ : **সে উপদেশ গ্রহণ করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ গ্রহণ করা।

يُنِيْبُ : **সে আল্লাহ অভিমুখী হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِنَابَةُ মূলবর্ণ (ن ـ و ـ ب) অর্থ– ফিরে আসা; প্রত্যাবর্তন করা; আল্লাহ অভিমুখী হওয়া।

আয়াত : ১৪

اَلْمُخْلِصِيْنَ : **বিশুদ্ধচিত্ত বান্দাগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মাসদার اَلْإِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ– খাঁটি করা; বিশুদ্ধ করা।

كَرِهَ : **সে অপছন্দ করে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْكَرَاهَةُ অর্থ– অপছন্দ করা; ঘৃণা করা।

আয়াত : ১৫

رَفِيْعُ : **সমুচ্চ/ উন্নত।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه যা مفعول অর্থে ব্যবহৃত হয়েছে। মূলবর্ণ (ر ـ ف ـ ع) বাব فَتَحَ মাসদার اَلرَّفْعُ অর্থ –উচু করা; উন্নত করা। رَفِيْعٌ এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। যার অর্থ সমুচ্চ মর্যাদার অধিকারী। মর্যাদা উচ্চকারী।

اَلدَّرَجٰتِ : **মর্যাদা।** বহুবচন, একবচন–دَرَجَةٌ অর্থ –স্তর; সিঁড়ির ধাপ; পদমর্যাদা।

اَلْعَرْشِ : **আরশ। সিংহাসন; রাজাসন।** [বিস্তারিত সূরা যুমার, আয়াত : ৭৫ দ্রষ্টব্য]

يُلْقِى : **তিনি প্রক্ষিপ্ত করেন/ প্রেরণ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْإِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; প্রক্ষিপ্ত করা; ঢেলে দেওয়া।

اَلرُّوْحَ : **ওহী/ কুরআন।** একবচন; বহুবচন–أَرْوَاحٌ ; [বিস্তারিত সূরা নাহল, আয়াত : ২ দ্রষ্টব্য]

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

لِيُنْذِرَ : **যেন সতর্ক করতে পারে।** লামটি لام كى ; يُنْذِرَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْإِنْذَارُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

يَوْمَ التَّلَاقِ : **কিয়ামত দিবস।** تَلَاقِ শব্দের অর্থ একে অপরের সাথে সাক্ষাত করা। কিয়ামতের দিন সকল মানুষ একত্র হবে এবং পরস্পর পরস্পরের সাক্ষাত লাভ করবে, অথবা মানুষ সেদিন আমলনামায় তার

ভালো-মন্দ কর্মগুলোর সাক্ষাত পাবে, তাই কিয়ামতের দিনকে يَوْمُ التَّلَاقِ বলা হয়েছে। تَلَاقِ শব্দটি বাব تَفَاعُلٌ-এর মাসদার। মূলত تَلَاقِيْ ছিল। শেষের থেকে হরফে ইল্লতকে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ১৬

بَارِزُوْنَ : **বের হওয়া ব্যক্তিবর্গ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب - ر - ز) মাসদার اَلْبُرُوْزُ অর্থ– বের করা; উপস্থিত করা। বের হওয়া। প্রকাশ পাওয়া; উপস্থিত হওয়া। بُرُوْزُ বা প্রকাশ পাওয়ার কয়েকটি অবস্থা হতে পারে। কোনো বস্তু স্বয়ং প্রকাশ পাওয়া। যেমন وَتَرَى الْاَرْضَ بَارِزَةً (তোমরা দেখবে যে , ভূমি খুলে গেছে; প্রকাশ পেয়েছে) আবার কখনো গোপন জিনিস খুলে যাওয়ার অর্থে হয়। যেমন وَبُرِّزَتِ الْجَحِيْمُ لِلْغٰوِيْنَ [আর জাহান্নাম খুলে দেওয়া হবে পথভ্রষ্টদের জন্য]

لَا يَخْفٰى : **গোপন থাকে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ - ف - ى) মাসদার اَلْخِفَاءُ অর্থ– গোপন হওয়া।

اَلْقَهَّارِ : **প্রবল প্রতাপশালী**। মুবালাগার সীগাহ। এমন প্রবল প্রতাপশালী যার তুলনায় সকলেই তুচ্ছ ও নগন্য। বাব فَتَحَ ; মাসদার اَلْقَهْرُ অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া।

আয়াত : ১৭

تُجْزٰى : **তাকে প্রতিফল দেওয়া হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ج - ز - ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিফল দেওয়া; বিনিময় দেওয়া।

سَرِيْعُ : **দ্রুত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (س - ر - ع) মাসদার اَلسُّرْعَةُ অর্থ– দ্রুততা; দ্রুত করা।

আয়াত : ১৮

اَنْذِرْ : **তুমি সতর্ক করে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن - ذ - ر) অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

يَوْمَ الْاٰزِفَةِ : **আসন্ন দিন**। [কিয়ামত দিবস] اٰزِفَة সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْاَزَفُ মূলবর্ণ (أ - ز - ف) অর্থ– নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া।

حَنَاجِرِ : **কণ্ঠনালী**। حَنْجَرٌ-এর বহুবচন।

كٰظِمِيْنَ : **দুঃখ-কষ্ট**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك - ظ - م) মাসদার اَلْكَظْمُ ও اَلْكُظُوْمُ অর্থ– ক্রোধ সংবরণ করা; রাগ হজম করা। كُظُوْمٌ-এর মূল অর্থ– শ্বাস আটকে রাখা অর্থাৎ নীরব থাকা। বলা হয় اِبِلٌ كُظُوْمٌ ও بَعِيْرٌ كَاظِمٌ (যে উট জাবর কাটা বন্ধ করে দিয়েছে।) كَظَمَ السِّقَاءُ (পানি ভরে মশকের মুখ বেঁধে দিয়েছে।) كَظَمَ الْخَوْخَةَ (জানালা দরজা বন্ধ করে দিয়েছে।) كَظَمَ الرَّجُلُ (সে নীবর হয়ে গেছে।) كَظَمَ (কণ্ঠনালী; শ্বাস বের হওয়ার রাস্তা।) [মুফরাদাত, কামূস]

حَمِيْمٍ : **অন্তরঙ্গ বন্ধু**। মূলত حَمِيْمٌ বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْمٌ বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে বহুবচন اَحِمَّاءُ আসে।

شَفِيْعٍ : **সুপারিশকারী**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব فَتَحَ মূলবর্ণ (ش - ف - ع) মাসদার اَلشَّفَاعَةُ অর্থ– সুপারিশ করা।

يُطَاعُ : **যার কথা গ্রাহ্য হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ (ط - و - ع) অর্থ– আনুগত্য করা।

আয়াত : ১৯

خَائِنَةَ : **অপব্যবহাকারী; খেয়ানতকারী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْخِيَانَةُ অর্থ– খেয়ানত করা। এখানে এটি মাসদারের অর্থে ব্যবহার হয়েছে।

تُخْفِىْ : **সে গোপন করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব افعال মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ - ف - ى) অর্থ– গোপন করা।

الصُّدُوْرُ : **অন্তর; হৃদয়**। বহুবচন, একবচন– صَدْرٌ অর্থ– বক্ষ।

আয়াত : ২০

يَقْضِىْ : **তিনি ফয়সালা করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– কর্তৃত্ব করা; ফয়সালা করা; চূড়ান্ত করা।

يَدْعُوْنَ : **তারা আহ্বান করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

আয়াত : ২১

اَوَلَمْ يَسِيْرُوْا : **তারা কি ভ্রমণ করেনি?** শুরুর হামযাহটি প্রশ্নবোধক। و আতফের জন্য। يَسِيْرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ى ـ ر) মাসদার اَلسَّيْرُ অর্থ– চলাফেরা করা; ভ্রমণ করা।

عَاقِبَةً : **পরিণাম।** এটি মূলত বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন– وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ (শুভ পরিণাম মুত্তাকিদের জন্য)। ইযাফত অবস্থায় কখনো শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন ثُمَّ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ اَسَاءُوا (যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে।) একবচন, বহুবচন– عَوَاقِبُ

قُوَّةً : **শক্তি।** [বিস্তরিত সূরা বাক্বারা, আয়াত : ৫২ দ্রষ্টব্য]

آثَارًا : **কীর্তি।** اَثَرٌ-এর বহুবচন। নিদর্শন; চিহ্ন।

اَخَذَ : **তিনি শাস্তি দিয়েছেন/ তিনি ধরেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; শাস্তি দেওয়া।

وَاقٍ : **রক্ষাকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْوِقَايَةُ ও اَلْوَقْىُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা।

تَأْتِيْهِمْ : **তাদের নিকট আসে।** تَأْتِىْ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এর بَاءٌ - صلة হওয়ার কারণে অর্থ হবে আনা; নিয়ে আসা। هُمْ যমীর منصوب متصل

شَدِيْدُ : **কঠোর।** সীগাহ واحد বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) জিনস مُضَاعَف মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; কঠিন হওয়া।

الْعِقَابِ : **শাস্তি।** বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন عُقُوْبَةٌ - مُعَاقَبَةٌ ও عِقَابٌ এ তিনটিই শাস্তির জন্য নির্দিষ্ট। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য]

আয়াত : ২৩

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

سُلْطَانٍ : **সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য।** [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

مُبِيْنٍ : **প্রকাশ্য।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ২৪

هَامَانَ : **হামান।** হযরত মূসা (আ.) -এর যুগে মিশরের ফেরাউনের প্রধানমন্ত্রীর নাম। যে হযরত মূসা (আ.) জঘন্য শত্রু এবং ফেরাউনের বিশ্বস্ত সহচর ছিল।

قَارُوْنَ : **কারূন।** হযরত মূসা (আ.) এর যুগে বনী ইসরাঈলের একজন ধনাঢ্য ব্যক্তি ও নেতা। তাওরাতে তার নাম قورح بن يصهاد বর্ণিত হয়েছে। কিন্তু রোডোলের মতে তার নাম كُوْرَا (kora)। হযরত মূসা (আ.) আল্লাহর নির্দেশে তূর পাহাড়ে যাওয়ার পর ২৫০জন নেতাকর্মীকে সঙ্গে নিয়ে হযরত হারূন (আ.)-এর উপর চড়াও হয়েছিল। এবং বনী ইসরাঈলদের ধর্মীয় পদের প্রত্যাশী হলো। মূসা (আ.) -এর বদদোয়ায় তাকে ঘরবাড়িসহ ভূমিতে ধসিয়ে দেওয়া হয়। কিন্তু একজন খ্রিস্টান ধর্মীয় ইতিহাসবিদ তাওরাতের উদ্ধৃতি দিয়ে লিখেছেন যে, আকাশ থেকে একটি আগুন এসে তাকে তার দলবলসহ জ্বালিয়ে ভষ্ম করে দিয়েছে। –[মু'জামুল কুরআন]

سَاحِرٌ : **জাদুকর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

كَذَّابٌ : **মিথ্যাবাদী; মিথ্যুক**। كَاذِبٌ থেকে মুবালাগার সীগাহ। তবে শুধামাত্র فَاعِل অর্থেও ব্যবহার হয়। অর্থাৎ মিথ্যাবাদী। এই মিথ্যা– কথা, কাজ, বিশ্বাস ইত্যাদিতেও হতে পারে।

আয়াত : ২৫

اُقْتُلُوْا : **তোমরা হত্যা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা।

اَبْنَاءَ : **পুত্র-সন্তান**। বহুবচন, একবচন– اِبْنٌ

اِسْتَحْيُوْا : **তোমরা জীবিত রাখ**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَال মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِسْتِحْيَاءُ অর্থ– জীবিত রাখা। বাঁচিয়ে রাখা।

كَيْدُ : **ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْر ও اِسْتِدْرَاجْ-এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

ضَلٰلٍ : **ব্যর্থ/ বিভ্রান্তি**। **পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া**। [সূরা বিস্তারিত আ'রাফ, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

আয়াত : ২৬

ذَرُوْا : **তোমরা বর্জন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْوَذْرُ মূলবর্ণ (و ـ ذ ـ ر) অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া; পরিত্যাগ করা। এ অর্থে فعل مضارع - امر حاضر ও فعل نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

اَقْتُلْ : **আমি হত্যা করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ– হত্যা করা; মেরে ফেলা।

لِيَدْعُ : **যেন সে শরণাপন্ন হয়/ সে অহবান করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– ডাকা; কামনা করা; চাওয়া।

يُبَدِّلَ : **সে পরিবর্তন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب ـ د ـ ل) অর্থ– পরিবর্তন করা।

يُظْهِرَ : **সে সৃষ্টি করবে; সে প্রকাশ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) মাসদার اَلْاِظْهَارُ অর্থ– প্রাধান্য লাভ করা; প্রকাশ করা; বিস্তার করা।

আয়াত : ২৭

عُذْتُ : **আমি আশ্রয় গ্রহণ করেছি/ আমি শরণ নিয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ ذ) মাসদার اَلْعَوْذُ অর্থ– আশ্রয়গ্রহণ করা; শরণা নেওয়া।

مُتَكَبِّرٍ : **অহংকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلْ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلتَّكَبُّرُ অর্থ– অহংকার করা; গর্ব করা; বড়াই করা। অহংকার দুই ধরনের হয়ে থাকে।

১. বাস্তবিকই কারো মধ্যে সৌন্দর্যাবলি ও উত্তম গুণাবলি সবার চেয়ে অধিক থাকার কারণে।
২. মূলত তার মধ্যে উত্তম গুণাবলি নেই, তবে সে নিজের মধ্যে উত্তম গুণাবলির দাবিদার। প্রথমটি প্রশংসনীয়, আর দ্বিতীয়টি নিন্দনীয়। এ কারণেই প্রথমটি হিসেবে مُتَكَبِّر আল্লাহ তা'আলার গুণ এবং এটি প্রশংসনীয়। আর দ্বিতীয় অর্থ হিসেবে এটি কাফের ও অহংকারীদের জন্য ব্যবহৃত হয়, যা নিন্দনীয়। সর্ব নিকৃষ্ট অহংকার হলো আল্লাহর আনুগত্য ছেড়ে অহংকারী হয়ে অবাধ্যতা করবে এবং এ ক্ষেত্রে স্বেচ্ছাচারী হওয়া। [আল মুফরাদাত]

আয়াত : ২৮

يَكْتُمُ : **সে গোপন রাখে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكَتْمُ ও اَلْكِتْمَانُ মূলবর্ণ (ك ـ ت ـ م) অর্থ– গোপন করা; লুকানো; আড়াল করা।

تَقْتُلُوْنَ : **তোমরা হত্যা করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা; মেরে ফেলা।

اِنْ يَّكُ : **যদি সে হয়।** اِنْ হরফে শর্ত। يَكُ মূলত يكون ছিল। হরফে শর্তের কারণে نون ও واو বিলুপ্ত হয়ে গেছে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

يُصِبْكُمْ : **তোমাদের উপর আপতিত হবে।** يُصِبْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার الاصابة অর্থ– পৌঁছা; আপতিত হওয়া। كُمْ যমীর মাফউলে বিহী।

يَعِدُكُمْ : **সে তোমাদের সাথে অঙ্গীকার করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ ও اَلْعِدَةُ অর্থ– অঙ্গীকার করা; ওয়াদা করা।

مُسْرِفٌ : **সীমালঙ্ঘনকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ– বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; অপব্যয় করা। মানুষের যে কোনো কাজে বাড়াবাড়ি করাকেই اِسْرَافٌ বলা হয়; কিন্তু সাধারণত ব্যয়ের ক্ষেত্রে বাড়াবাড়ির জন্য বহুল ব্যবহৃত। পবিত্র কুরআনের আয়াতে উভয় অর্থেই ব্যবহার হয়েছে।

আয়াত : ২৯

ظٰهِرِيْنَ : **প্রবলগণ; শ্রেষ্ঠত্ব অর্জনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মাসদার اَلظُّهُوْرُ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) অর্থ– বিজয় অর্জন করা; প্রবল হওয়া; প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া।

يَنْصُرُ : **সে সাহায্য করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা; সহযোগিতা করা।

بَأْسِ : **শাস্তি/ যুদ্ধ।** ইসম। এটি দারিদ্র্য ও ভীষণ বিপদের জন্য গঠিত হলেও এর অধিক ব্যবহার যুদ্ধ-বিগ্রহ ও প্রভাবের জন্য হয়ে থাকে।

اُرِيْكُمْ : **আমি তোমাদেরকে দেখাচ্ছি / আমি তোমাদেরকে বলছি।** اُرِيْ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الاراءة অর্থ– দেখানো; প্রত্যক্ষ করানো। كم যমীর منصوب متصل

اَهْدِيْكُمْ : **আমি তোমাদেরকে পথপ্রদর্শন করব।** اَهْدِيْ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সঠিক পথে পরিচালিত করা। كم যমীর মানসূব মুত্তাসিল।

سَبِيْلَ الرَّشَادِ : **সৎপথ।** سَبِيْلٌ একবচন, বহুবচন سبل অর্থ– পথ; রাস্তা; পন্থা। اَلرَّشَادُ হেদায়েত। যোগ্যতা। সুপথপ্রাপ্তি; সচেতনতা; সুব্যবস্থাপনা। বাব نَصَرَ -এর মাসদার অর্থ– সৎপথ অবলম্বন করা।

আয়াত : ৩০

يَوْمِ الْاَحْزَابِ : **[পূর্ববর্তী] সম্প্রদায়ের [শাস্তির] দিন। সম্মিলিত বাহিনী।** حِزْبٌ -এর বহুবচন। জমাত; দল;' বাহিনী।

আয়াত : ৩১

دَأْبِ : **অভ্যাস।** একবচন; বহুবচন– ادؤب , ادؤوب অর্থ– স্বভাব; আচরণ

نُوْحًا : **বিশিষ্ট নবী হযরত নূহ** (আ.)। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য]

عَادٍ : **'আদ জাতি।** হযরত নূহ (আ.) -এর সম্প্রদায়ে এক বক্তির নাম ছিল 'আদ। যার বংশ পরম্পরা তিন পুরুষে গিয়ে হযরত নূহ (আ.) -এর সাথে গিয়ে মিলিত হয়েছে। পরবর্তীতে এ নামেই উক্ত সম্প্রদায়ের নামকরণ হয়ে যায়। যারা হযরত নূহ (আ.) -এর তুফানের পর আরব দেশে সর্বপ্রথম ক্ষমতাসীন শাসকগোষ্ঠী ছিল। [বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৫৯ দ্রষ্টব্য]

ثَمُوْدَ : **ছামূদ জাতি।** এটি হযরত সালেহ (আ.)-এর সম্প্রদায়ের নাম। [বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬১ দ্রষ্টব্য]

আয়াত : ৩২

يَوْمَ التَّنَادِ : **আর্তনাদ দিবস।** يَوْمَ মুযাফ التَّنَادِ মুযাফ ইলাইহি, যার কারণে শেষাক্ষর ى বিলুপ্ত হয়ে গেছে।

মূলত تَنَادِىْ ছিল। 'আর্তনাদ দিবস' দ্বারা উদ্দেশ্য হলো কিয়ামত দিবস। কারণ সেদিন মানুষ ভীত-সন্ত্রস্ত হয়ে আর্তনাদ করতে থাকবে।

আয়াত : ৩৩

تُوَلُّوْنَ : **তোমরা পশ্চাৎ ফিরে পালাবে/ তোমরা মুখ ফিরিয়ে নিবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْلِيَةُ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلّٰى যখন صلة ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয় তখন এর অর্থ হয় কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন–وَمَنْ يَّتَوَلَّهُمْ مِنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ [তোমাদের মধ্য হতে যারা তাদের সাথে বন্ধুত্ব করে] وَالَّذِىْ تَوَلّٰى كِبْرَهٗ [যে এ বিশাল কাজকে উঠিয়েছে] فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ [তোমার কাছে এই প্রত্যাশা যে তুমি গভর্নর হবে]। আর যদি عن দ্বারা মুতা'আদ্দী হয় عن শব্দগতভাবে উল্লেখ থাকুক বা ঊহ্য থাকুক তখন অর্থ হবে মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দুভাবে হতে পারে। সেখান থেকে সরে যাওয়া অথবা, মনোযোগ না দেওয়া ও নির্দেশ না মানা।

مُدْبِرِيْنَ : **পৃষ্ঠপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَال মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلْاِدْبَارُ অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা; পলায়ন করা। পবিত্র কুরআনে مُدْبِرِيْنَ বা مُدْبِرٌ শব্দ একাকী ব্যবহার করা হয় নি। বরং تَوْلِيَةٌ বা تَوَلِّىْ থেকে গঠিত কোনো فعل যেমন– وَلَّى، وَلَّوْا، تُوَلُّوْنَ، تَوَلَّوْا، وَلَّيْتُمْ ইত্যাদি অবশ্যই সাথে আনা হয়েছে। এরূপ করার কারণ হলো যেন মুখ ফিরিয়ে পৃষ্ঠপ্রদর্শন করে চলে যাওয়ার অর্থ সৃষ্টি হয়।

عَاصِمٍ : **রক্ষাকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْعِصْمَةُ অর্থ– সংরক্ষণ করা; বিরত রাখা; বাধাপ্রদান করা।

مَنْ يُّضْلِلِ : **তিনি যাকে বিপথগামী করেন**। من ইসমে মাওসূল। يُضْلِلُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– বিপথগামী করা; পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা।

هَادٍ : **পথপ্রদর্শক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া; রাস্তা দেখানো।

আয়াত : ৩৪

يُوْسُفُ : **বিশিষ্ট নবী হযরত ইউসূফ (আ.)**। তিনি হযরত ইয়াকূব (আ.) -এর বারতম সন্তান ছিলেন, এবং একজন ব্যতীত সকলের ছোট ছিলেন। ভাইয়েরা মিলে তাকে কেনানের উপত্যকার একটি কূপে ফেলে দিয়েছিল। একটি কাফেলা সেখান দিয়ে যাওয়ার সময় কূপ থেকে তাকে তুলে নিয়ে মিশরের বাজারে বিক্রয় করে দিল। ক্রয় করলেন মিশরের বাদশা। তিনি এত সৌন্দর্যের অধিকারী ছিলেন যে, বাদশার স্ত্রী তার উপর আসক্ত হয়ে পড়েছিল। অপকর্মে লিপ্ত হওয়ার জন্য নানা ভাবে তাকে ফুসলিয়ে ছিল ও ভয়-ভীতি প্রদর্শন করেছিল। কিন্তু নিষ্পাপ নবী তাঁর নীতি ও অবস্থান থেকে একচুলও নড়েন নি। অবশেষে তাকে জেলে পাঠিয়ে দিল। দীর্ঘদিন যাবৎ জেলে থাকার পর সেখান থেকে মুক্তি পান। তখন তাঁর নিষ্পাপতা প্রকাশ পেল। পরবর্তীতে তাকে মিশরের প্রধানমন্ত্রী বানানো হয়েছিল। ঘটনার বিবরণ সূরা ইউসূফে বিবৃত রয়েছে।

فَمَا زِلْتُمْ : **তোমরা বার বার করতে/ অনবরত করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ز ـ ى ـ ل) মাসদার اَلزَّوَالُ এটি اِفْعَالٌ استمرار এর একটি। যা ناقصة এর সাথে فاعل এর অর্থ প্রদান করে। فعل কোনো কাজ হতে থাকা; চলতে থাকা; করতে থাকা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। এখানে فَمَا زِلْتُمْ فِىْ شَكٍّ অর্থ হলো তোমরা বার বার সন্দেহ পোষণ করতে।

هَلَكَ : **সে ধ্বংস হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْهَلَاكُ অর্থ– ধ্বংস হওয়া; ধ্বংস করা।

لَنْ يَّبْعَثَ : **তিনি কখনো প্রেরণ করবেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– পুনরুত্থিত করা; পুনঃজীবিত

করা। উঠিয়ে দাড় করানো। মূলত بَعْث অর্থ প্রেরণ করা; পাঠানো। কিন্তু قرينة ও সংশ্লিষ্টতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের সাথে بَعْث শব্দ ব্যবহার হলে তখন অর্থ হবে উটকে উঠানো ও হাঁকানো। মৃতদের জন্য ব্যবহার হলে তখন অর্থ হবে পুনরায় জীবিত হওয়া। নবী-রাসূলগণের জন্য ব্যবহার হলে অর্থ হবে পেরিত হওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে এর অর্থ বুঝে নিতে হবে।

مُرْتَابٌ : **সন্দেহ পোষণকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ى ـ ب) মাসদার اَلْاِرْتِيَابُ অর্থ– সন্দেহে পতিত হওয়া; সংশয় পোষণ করা।

আয়াত : ৩৫

يُجَادِلُوْنَ : **তারা বিতর্ক করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ(ج ـ د ـ ل) অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

سُلْطَانٍ : **সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য।** [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

كَبُرَ : **তা বড় হয়েছে/ ঘৃনার্হ হয়েছে/জঘন্য হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অন্যান্য মাসদার - اَلْكِبْرُ اَلْكَبَارَةُ-اَلْكِبَرُ অর্থ– বড় হওয়া; দেহগতভাবে বৃদ্ধি পাওয়া। বাব سَمِعَ ও نَصَرَ থেকে অর্থ হলো বয়সে বড় হওয়া; বৃদ্ধ হওয়া। আরবি ভাষায় যে শব্দের মূলবর্ণে ك ب ر থাকে তার মধ্যে বড়ত্বের অর্থ অবশ্যই থাকবে। তাই كَبِيْر বড়কে বলা হয়। তবে বড়ত্বের ধরন ও প্রকারের শ্রেণি ও প্রকার ভিন্ন ভিন্ন হয়ে থাকে।

১. সম্মান ও মর্যাদায় বড়ত্ব। যেমন–اَلْكَبِيْرُ الْمُتَعَالُ

২. দেহগত বড়ত্ব। যেমন– بَلْ فَعَلَهٗ كَبِيْرُهُمْ [যদি এখানে বিশালদেহী মূর্তি উদ্দেশ্য নেওয়া হয়]

৩. কাল্পনিক বড়ত্ব, বাস্তবিক বড়ত্ব নয়। যেমন–بَلْ فَعَلَهٗ كَبِيْرُهُمْ [যদি দেহ হিসেবে বড় নয় বরং বিশ্বাসগর্ত বড়ত্ব উদ্দেশ্য হয়]

৪. দুনিয়াবি মর্যাদাগত বড়ত্ব। যেমন–جَعَلْنَا فِىْ كُلِّ قَرْيَةٍ اَكَابِرَ

৫. বয়সগত বড়ত্ব। যেমন–اَصَابَهُ الْكِبَرُ ـ بَلَغَنِىَ الْكِبَرُ

৬. শিক্ষাগত বড়ত্ব। যেমন–اِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِىْ عَلَّمَكُمُ السِّحْرَ

৭. কঠিনতা ও কষ্ট হিসেবে বড়ত্ব। যেমন–اِنَّهَا لَكَبِيْرَةٌ

৮. অহংকার ও গুনাহ হিসেবে বড়ত্ব। যেমন–فِيْهِمَآ اِثْمٌ كَبِيْرٌ

৯. শাস্তিগতভাবে বড়ত্ব। যেমন–كَبُرَتْ كَلِمَةً تَخْرُجُ مِنْ اَفْوَاهِهِمْ

১০. উত্তম বা মন্দ পরিমাণগত বড়ত্ব। যেমন–لَا يُغَادِرُ صَغِيْرَةً وَّلَا كَبِيْرَةً

১১. দায়িত্বগত বড়ত্ব। যেমন– وَالَّذِىْ تَوَلّٰى كِبْرَهٗ জেনে রাখুন যে, كِبَر এর বিপরীতে صِغَرٌ আসে। যেমন كَثْرَةٌ -এর বিপরীতে আসে قِلَّتْ ; তবে কখনো كَثُر-এর স্থলে كِبَر এবং كِبَر- এর স্থলে -كَثْرَةٌ রূপকভাবে ব্যবহৃত হয়।

مَقْتًا : **ক্রোধ**। [বিস্তারিত সূরা মুমিন, আয়াত : ১০ দ্রষ্টব্য]

مُتَكَبِّرٍ : **অহংকারী**। একবচন। [বিস্তারিত সূরা মুমিন, আয়াত : ২৭ দ্রষ্টব্য]

جَبَّارٍ : **স্বৈরাচারী। উদ্ধত**। বাব نَصَرَ -এর মাসদার جَبْرٌ থেকে মুবালাগার সীগাহ। ভাষাবিদদের বর্ণনামতে جَبْر -এর মূল অর্থ কোনো বস্তুকে জোরপূর্বক সংশোধন করা। তবে এর ব্যবহার শুধুমাত্র সংশোধন করার জন্যও হয়ে থাকে। جَبَّار বলা হয় স্বৈরাচারীকে। এ অর্থে এটি নিন্দনীয়। কখনো جَبَّار ঐ ব্যক্তিকেও বলা হয় যার অন্যের উপর বল প্রয়োগের ক্ষমতা রয়েছে। যেমন– وَمَا اَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ [তাদের উপর তোমার কোনো জোর নেই; ক্ষমতা নেই] আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের মধ্যে যে جَبَّارٌ রয়েছে। যেমন– اَلْعَزِيْزُ الْجَبَّارُ اَلْمُتَكَبِّرُ এ ব্যাপারে দুটি অভিমত পাওয়া যায়। যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় অনুগ্রহের ঝরনাপ্রবাহে সকলের অবস্থার সংশোধন করে দেন এবং তাদের ঘাটতিসমূহ পূরণ করে দেন তাই তাকে جَبَّارٌ বলা হয়। অর্থাৎ ত্রুটি পূর্ণকারী; অবস্থার সংশোধনকারী। আরবরা বলে جَبَرْتُ الْفَقِيْرَ আমি দরিদ্রের অবস্থা সংশোধন করে দিয়েছি; তাকে ধনী বানিয়ে দিয়েছি। দ্বিতীয়ত যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছা দ্বারা

সকলকে বাধ্য করে দেন। তাই তাঁর নাম جَبَّارٌ রাখা সমীচীন হয়েছে। ইমাম বায়হাকী (র.) মুহাম্মদ ইবনে কা'ব (র.) থেকে বর্ণনা করেন– إِنَّمَا سُمِّيَ الْجَبَّارُ لِأَنَّهُ يَجْبُرُ الْخَلْقَ عَلَى مَا أَرَادَ জাব্বার নামকরণ এ জন্য হয়েছে যে তিনি স্বীয় ইচ্ছা দ্বারা বান্দাদেরকে বাধ্য করেন। আল্লামা খাযেন বাগদাদী (র.) বলেন جَبَّارٌ শব্দটি আল্লাহর সত্তার জন্য প্রশংসনীয় গুণ এবং মানুষের জন্য নিন্দনীয় গুণ।

আয়াত : ৩৬

يٰهَامٰنُ : **হে হামান!** يَا হরফে নেদা। هَامَانُ হামান। [বিস্তারিত সূরা মুমিন, আয়াত : ২৪ দ্রষ্টব্য]

صَرْحًا : **প্রাসাদ**। নকশাকৃত অট্টালিকাকে صَرْحٌ বলা হয়। বহুবচন صُرُوْحٌ ঐতিহাসিক রেওয়ায়েতে বর্ণিত রয়েছে, হামান এ প্রাসাদ নির্মাণের জন্য পঞ্চাশ হাজার রাজমিস্ত্রী যোগাড় করল। মজুর এবং কাঠ ও লোহার কাজ যারা করত, তাদের সংখ্যা ছিল এর অতিরিক্ত। প্রাসাদটি এত উচ্চ নির্মিত হয়েছিল যে, তখনকার যুগে এত উচ্চ প্রাসাদ কোথাও ছিল না। প্রাসাদের নির্মাণ কাজ সমাপ্ত হলে আল্লাহ তা'আলা জিবরাঈলকে আদেশ করলেন। তিনি এক আঘাতে একে ত্রিখণ্ডিত করে দিলেন। ফলে ফেরাউনের হাজারো সিপাহী এর নিচে চাপা পড়ে প্রাণ ত্যাগ করে। [তাফসীরে মা'আরেফুল কুরআন– সূত্রঃ কুরতুবী]

أَبْلُغُ : **আমি পৌছব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌছা।

أَسْبَابَ : **রশি/অবলম্বন**। سَبَبٌ-এর বহুবচন। মূলত سَبَبٌ বলা হয় ঐ রশিকে যা দ্বারা গাছে উঠা হয়। তাই سَبَبٌ ঐ সমস্ত উপকরণকে বলা হয় যার দ্বারা অন্য কোনো বস্তু পর্যন্ত পৌছা যায়। আবূ উবাইদা (র.) বলেন, যে রশি উপর থেকে নিচে ঝুলানো হয় তাকে سَبَبٌ বলা হয়, এবং যতক্ষণ পর্যন্ত তা দ্বারা উঠানামা করা না হয় তাকে سَبَبٌ বলা হবে না। কারো কারো মতে যতক্ষণ পর্যন্ত তা একদিক থেকে ছাদ বা কোনো কিছুতে ঝুলে না থাকে তাকে سَبَبٌ বলা হবে না। [তাজুল উরূস]

আয়াত : ৩৭

أَطَّلِعَ : **আমি উঁকি দিয়ে দেখব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِطِّلَاعُ মূলবর্ণ (ط ـ ل ـ ع) অর্থ– অবগত হওয়া; অবহিত হওয়া; জানা; ঝুঁকা; উঁকি দেওয়া।

أَظُنُّ : **আমি ধারণা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা।

زُيِّنَ : **শোভন করে দেওয়া হয়েছে; সজ্জিত করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ز ـ ى ـ ن) মাসদার اَلتَّزْيِيْنُ অর্থ– শোভিত করা; সজ্জিত করা।

اَلسُّوْءُ : **মন্দকর্ম**। ইসম। فُعْلٰى-এর ওযনে أَسْوَأُ-এর স্ত্রীলিঙ্গ। যেমনিভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জ‌ুবাইদি (র.) লিখেছেন এটি বিপদ ও রোগ-ব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– سُوْءٌ হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মান-মর্যাদা ও ধন-সম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধু-বান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়।

صُدَّ : **তাকে নিবৃত্ত করা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلصُّدُوْدُ ও اَلصَّدُّ মূলবর্ণ (ص ـ د ـ د) অর্থ– বাধাপ্রদান করা; বিরত রাখা; নিবৃত্ত করা।

كَيْدُ : **ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। [বিস্তারিত সূরা মুমিন, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

تَبَابٍ : **ব্যর্থ; ধ্বংস**। এটি বাব ضَرَبَ-এর মাসদার।

আয়াত : ৩৯

اَلْحَيٰوةُ : **জীবন**। মাসদার, বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ى ـ ى) জিনস لفيف مقرون অর্থ– বেঁচে থাকা।

مَتَاعٌ : **জীবিকা। ভোগের সামগ্রী।** একবচন, বহুবচন أَمْتِعَةٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত ৩৬ দ্রষ্টব্য]

دَارُ الْقَرَارِ : **চিরস্থায়ী আবাস।** دَارٌ অর্থ– ঘর: আবাস। একবচন, বহুবচন دِيَارٌ : اَلْقَرَارِ অর্থ আরামের স্থান; অবস্থানস্থল। [রুহুল মা'আনী] সজীব ভূমি [ইবনে আব্বাস] সমতল ভূমি [মহল্লী] পানি জমা হওয়ার স্থান অর্থাৎ জরায়ু [তাজ]। উদ্দেশ্য হলো ঠিকানা; আশ্রয়স্থল।

আয়াত : ৪০

سَيِّئَةً : **মন্দকর্ম; পাপকার্য।** একবচন, বহুবচন سَيِّئَاتٌ [বিস্তারিত সূরা মুমিন, আয়াত : দ্রষ্টব্য]

لَا يُجْزٰى : **তাকে প্রতিফল দেওয়া হবে না।** সীগাহ نفى فعل مضارع مجهول বহছ واحد مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিফল দেওয়া; প্রতিদান দেওয়া; শাস্তি দেওয়া।

ذَكَرٍ : **পুরুষ।** একবচন, বহুবচন– ذُكُورٌ ـ ذُكْرَانٌ

أُنْثٰى : **নারী; মহিলা; স্ত্রীলোক।** একবচন বহুবচন– أُنَاثٌ

يُرْزَقُوْنَ : **তাদেরকে জীবনোপকরণ দেওয়া হবে।** সীগাহ مضارع مجهول বহছ جمع مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা দান করা; রিজিক দেওয়া; দান করা।

আয়াত : ৪১

أَدْعُوْكُمْ : **আমি তোমাদেরকে আহবান করতেছি।** সীগাহ أَدْعُوْا মضارع معروف বহছ واحد متكلم বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহবান করা। كُمْ যমীর منصوب متصل

اَلنَّجٰوةِ : **মুক্তি।** মাসদার। মুক্তি পাওয়া।

تَدْعُوْنَنِىْ : **তোমরা আমাকে ডাকছ।** تَدْعُوْنَ সীগাহ نَصَرَ বাব مضارع معروف বহছ جمع مذكر حاضر মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহবান করা। نون وقاية - نِىْ যমীর منصوب متصل

আয়াত : ৪২

غَفَّارِ : **ক্ষমাশীল।** সীগাহ صفت বহছ واحد مذكر বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার مشبه اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ– ক্ষমা করা।

আয়াত : ৪৩

لَا جَرَمَ : **নিঃসন্দেহে।** يَقِيْنًا ও حَقًّا -এর সমার্থবোধক। মূলত এর অর্থ ছিল অবশ্যম্ভাবী। ব্যাপক ব্যবহারের ফলে قسم বা حق (ফেলে মাযী) -এর অর্থে ব্যবহার হতে থাকে। নাহুবিদ সীবাওয়াইহি এবং খলীল -এর মত এটিই। আবুল বাকা حَقًّا অর্থাৎ মাসদারী অর্থ বর্ণনা করেছেন। জুমহূরের মতও এটিই। ইমাম রাযী (র.) তাফসীরে কাবীরে ফাররার এ মত বর্ণনা করেছেন। কারো কারো মতে এটি لَا مَنْعَ ও لَا ضِدَّ অর্থে ব্যবহৃত। অর্থাৎ কোনো প্রতিবন্ধকতা নেই; কোনো বাধা-বিপত্তি নেই।

مَرَدَّنَا : **আমাদের প্রত্যাবর্তন।** مَرَدٌّ ইসমে ফেল মুযাফ। نَا যমীর মুযাফ ইলাইহি।

اَلْمُسْرِفِيْنَ : **সীমালঙ্ঘনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْإِسْرَافُ অর্থ– অপচয় করা; অপব্যয় করা; সীমালঙ্ঘন করা।

আয়াত : ৪৪

سَتَذْكُرُوْنَ : **তোমরা অচিরেই স্মরণ করবে।** সীগাহ نَصَرَ বাব مضارع معروف বহছ جمع مذكر حاضر মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; জিকির করা।

أُفَوِّضُ : **আমি অর্পণ করি।** সীগাহ واحد متكلم বহছ (ف ـ و ـ ض) মূলবর্ণ تَفْعِيْل বাব مضارع معروف মাসদার اَلتَّفْوِيْضُ অর্থ– সমর্পণ করা।

بَصِيْرٌ : **সম্যক দৃষ্টিকারী।** فَعِيْلٌ -এর ওযনে فاعل অর্থে। বাব كَرُمَ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْبَصَرُ অর্থ– দেখা; দৃষ্টিপাত করা।

আয়াত : ৪৫

وَقٰهُ : **তিনি তাকে রক্ষা করলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوِقَايَةُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– রক্ষা করা; হেফাজত করা।

مَكَرُوْا : **তারা চক্রান্ত করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবর্ণ (م ـ ك ـ ر) অর্থ– ষড়যন্ত্র করা; চক্রান্ত করা।

حَاقَ : উল্টে তাদের উপর পড়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَيْقُ মূলবর্ণ (ح ـ ى ـ ق) অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া। কারো কারো মতে শব্দটি حَقَّ ছিল। যা পরিবর্তিত হয়ে حَاقَ হয়েছে। যেমন– ذَمَّ থেকে ذَامَ

আয়াত : ৪৬

يُعْرَضُوْنَ : তাদেরকে উপস্থিত করা হবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ر ـ ض)মাসদার اَلْعَرْضُ অর্থ– পেশ করা; উপস্থাপন করা; হাজির করা।

غُدُوًّا : প্রভাত। সকালবেলা। সুবহে সাদিক ও সূর্যোদয়ের মধ্যবর্তী সময়। (مَجْمَعُ الْبِحَارِ) দিনের প্রথম প্রহর। [মুফরাদাত] দিনের প্রথমভাগে চলা। [মাজমাউল বিহার] غَدَاةٌ -এর বহুবচন।

عَشِيًّا : অপরাহ্নে; গোধূলীলগ্নে। যখন সূর্যের আলো হালকা হতে থাকে, তাকে عَشِىّ বলা হয়। [মুফরাদাতুল কুরআন]

تَقُوْمُ : তা সংঘটিত হবে/ তা দাঁড়াবে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাড়ানো; সংঘটিত হওয়া।

اَدْخِلُوْا : তোমরা প্রবেশ করাও। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো; ঢুকানো।

আয়াত : ৪৭

يَتَحَاجُّوْنَ : তারা পরস্পরে বিতর্কে লিপ্ত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ– বিতর্কে লিপ্ত হওয়া।

اَلضُّعَفٰؤُا : দুর্বলগণ। বহুবচন, একবচন– ضَعِيْفٌ

اِسْتَكْبَرُوْا : তারা অহংকার করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা।

تَبَعًا : অনুসারী। تَابِعٌ -এর বহুবচন। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلتَّبَعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

مُغْنُوْنَ : রক্ষাকারীগণ; প্রতিরোধকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– যোগ্য বানানো; দূর করা; উপকারে আসা; রক্ষা করা। عن সেলা আসার কারণে অর্থ হবে নিবারণ করা; প্রতিহত করা।

نَصِيْبًا : অংশ। একবচন, বহুবচন– نُصُبٌ

আয়াত : ৪৮

حَكَمَ : তিনি ফয়সালা করে দিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ– মীমাংসা করা; ফয়সালা করা।

আয়াত : ৪৯

خَزَنَةِ : প্রহরীগণ। خَازِنٌ -এর বহুবচন। অর্থ– দারোগা; চৌকিদার।

يُخَفِّفْ : তিনি যেন লাঘব করেন। جواب امر হওয়ার কারণে مجزوم হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّخْفِيْفُ মূলবর্ণ (خ ـ ف ـ ف) অর্থ– লাঘব করা; হালকা করা; সহজ করা।

আয়াত : ৫০

دُعَاءُ : প্রার্থনা; আহ্বান; আবেদন। মাসদার ; বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) জিনস ناقص واوى অর্থ– ডাকা; কামনা করা; চাওয়া।

আয়াত : ৫১

لَنَنْصُرُ : অবশ্যই আমরা সাহায্য করব। সীগাহ جمع متكلم বহছ مضارع بلام تاكيد বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

اَلْاَشْهَادُ : সাক্ষীগণ। বহুবচন, একবচন– شَاهِدٌ যেমন– صَاحِبٌ -এর বহুবচন اصحاب অথবা এটি شَهِيْدٌ -এর বহুবচন। যেমন– شَرِيْفٌ -এর বহুবচন اَشْرَافٌ

আয়াত : ৫২

لَا يَنْفَعُ : **কোনো কাজে আসবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকারে আসা; কাজে আসা।

আয়াত : ৫৩

هُدًى : **পথনির্দেশ**। বাব ضَرَبَ-এর মাসদার। যা هَادٍ তথা ইসমে ফায়েল অর্থে ব্যবহৃত হয়েছে। মাসদারের অর্থ সৎপথে পরিচালিত করা; রাস্তা দেখানো; পথের সন্ধান দেওয়া।

اَوْرَثْنَا : **আমি উত্তারধিকারী করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْرَاثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকারী বানানো।

بَنِىْ اِسْرَائِيْلَ : **বনী ইসরাঈল**। بَنِيْنَ মূলত بَنِىْ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। অর্থ বংশধর; সন্তানসন্ততি। اِسْرَائِيْلُ হযরত ইয়াকূব (আ.) -এর অপর নাম। সুতরাং بَنِىْ اِسْرَائِيْلُ অর্থ হলো হযরত ইয়াকূব (আ.) -এর বংশধর।

আয়াত : ৫৪

ذِكْرٰى : **উপদেশ**। বাব نَصَرَ-এর মাসদার। মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذكر থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ৫৫

اِسْتَغْفِرْ : **তুমি ক্ষমা প্রার্থনা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমাপ্রার্থনা করা।

سَبِّحْ : **তুমি মহিমা ঘোষণা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা। মহিমা ঘোষণা করা।

عَشِىِّ : **অপরাহ্ন; গোধূলীলগ্ন**। যখন সূর্যের আলো হালকা হতে থাকে তাকে عَشِىّ বলা হয়। (মুফরাদাতুল কুরআন)

اِبْكَارِ : **ভোর, প্রভাত, প্রত্যূষ**। বহুবচন, একবচন– بُكْرٌ

আয়াত : ৫৬

كِبْرٌ : **অহংকার**। মাসদার বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অন্যান্য মাসদার اَلْكِبَارَةُ - اَلْكِبَرُ - اَلْكُبْرُ অর্থ– বড় হওয়া; দেহগতভাবে বৃদ্ধি পাওয়া। বাব نَصَرَ ও سَمِعَ থেকে অর্থ হলো বয়সে বড় হওয়া; বৃদ্ধ হওয়া। আরবি ভাষায় যে শব্দের মূলবর্ণে ك ب ر থাকে তার মধ্যে বড়ত্বের অর্থ অবশ্যই থাকবে। তাই كِبْر বড়কে বলা হয়।

بِبَالِغِيْهِ : **সেখান পর্যন্ত গমনকারী**। ه যমীরে مَجْرُوْرٌ اسم বহছ جمع مذكر সীগাহ بَالِغٌ আর بِاِضَافَتٍ বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ فاعل অর্থ– পৌঁছা। মূলত بَالِغِيْنَ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে।

فَاسْتَعِذْ بِاللّٰهِ : **তুমি আল্লাহর শরণ লও; আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা কর**। اِسْتَعِذْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ ذ) মাসদার اَلْاِسْتِعَاذَةُ অর্থ– শরণ লওয়া; আশ্রয় প্রার্থনা করা।

আয়াত : ৫৮

مَا يَسْتَوِىْ : **তা সমান নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ– সমান হওয়া; বরাবর হওয়া।

اَلْاَعْمٰى : **অন্ধ/যে দেখে না**। একবচন, বহুবচন عُمْىٌ সিফাতে মুশাবব্বাহ। বাব سَمِعَ মাসদার اَلْعَمٰى অর্থ– দৃষ্টিশক্তি রহিত হওয়া; অন্তর্দৃষ্টি রহিত হওয়া। এর ব্যবহার চোখের অন্ধত্ব এবং অন্তরের অন্ধত্ব উভয়ের জন্যই ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে যেখানেই অন্ধত্বের নিন্দা করা হয়েছে তা দ্বারা অন্তরের অন্ধত্ব উদ্দেশ্য। ইমাম রাগেব লিখেছেন وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيَامَةِ عَلٰى وُجُوْهِهِمْ عُمْيًا وَّبُكْمًا وَّصُمًّا এখানে চোখের অন্ধত্ব ও অন্তরের অন্ধত্ব উভয়ই উদ্দেশ্য হওয়ার সম্ভাবনা রয়েছে।

بَصِيْرٌ : **সম্যক দ্রষ্টা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْبَصَرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اَلْمُسِيْئُ : **দুষ্কৃতিপরায়ণ ব্যক্তি**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (س ـ ى ـ أ) মাসদার الاساءة অর্থ– অন্যায় করা; অপরাধ করা।

مَا تَتَذَكَّرُوْنَ : **তোমরা অনুধাবন করছ না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– স্মরণ করা; উপদেশ গ্রহণ করা।

আয়াত : ৫৯

لَاٰتِيَةٌ : **অবশ্যই আসবে**। لام তাকীদের জন্য। اٰتِيَةٌ সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

لَا رَيْبَ : **অবশ্যম্ভাবী; সন্দেহাতীত**। رَيْبٌ সম্পর্কে ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– اَلرَّيْبُ اَنْ تَتَوَهَّمَ بِالشَّيْئِ اَمْرًا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمُهُ মোটকথা رَيْبٌ এর ব্যবহার এমন সন্দেহ বা ধারণা সম্বন্ধে হয় যার বাস্তবতা পরবর্তীতে তার বিপরীত প্রমাণিত হয়। কালের দুর্যোগের সময়ের ব্যাপারেও যেহেতু সন্দেহ থাকে যে, না জানি তা কখন এসে পড়ে, তাই যখন رَيْبٌ কে কালের সাথে সম্পৃক্ত করা হয় তখন অর্থ হবে কালের দুর্যোগ। যেমন আল্লাহর বাণী– نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ

আয়াত : ৬০

اَسْتَجِبْ : **আমি সাড়া দিব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف; جواب امر হওয়ার কারণে মাযজূম হয়েছে। বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ– ডাকে সাড়া দেওয়া। কবুল করা;।

يَسْتَكْبِرُوْنَ : **তারা অহংকার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; গর্ব করা; বড়াই করা।

سَيَدْخُلُوْنَ : **অবশ্যই তারা প্রবেশ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

دَاخِرِيْنَ : **বিনীত; লাঞ্ছিত**। এখানে অর্থ হবে বিনীতভাবে/ লাঞ্ছিত হয়ে। সীগাহ جَمْعٌ مُذَكَّرٌ বহছ اسم فاعل বাব سَمِعَ ও فَتَحَ মূলবর্ণ (د ـ خ ـ ر) মাসদার اَلدُّخُوْرُ অর্থ– বিনয়াবনত হওয়া; লাঞ্ছিত হওয়া।

আয়াত : ৬১

لِتَسْكُنُوْا : **যেন তোমরা বিশ্রাম করতে পার**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ك ـ ن) মাসদার اَلسُّكُوْنُ অর্থ– প্রশান্তি অর্জন করা; স্বস্তি পাওয়া; বিশ্রাম করা।

مُبْصِرًا : **প্রত্যক্ষ করা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْاِبْصَارُ অর্থ– প্রত্যক্ষ করা, দেখা, অনুভব করা।

لَا يَشْكُرُوْنَ : **তারা কৃতজ্ঞতা স্বীকার করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

تُؤْفَكُوْنَ : **তোমরা ফিরে যাচ্ছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মাসদার اَفْكٌ ও اُفُوْكٌ মূলবর্ণ (أ ـ ف ـ ك) অর্থ– কোনো বস্তু তার মূল দিক থেকে ফিরে যাওয়া। এখানে উদ্দেশ্য হলো আকিদাগতভাবে হক থেকে বাতিলের দিকে এবং কথায় সত্যতা থেকে মিথ্যার দিকে এবং কর্মে সৎ থেকে অসত্যের দিকে ফিরে যাওয়া।

আয়াত : ৬৩

يُؤْفَكُ : **ফিরানো হয়/ বিপথগামী করা হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اُفُوْكٌ ও اِفْكٌ কোনো বস্তু তার মূল দিক থেকে ফিরে যাওয়া।

كَانُوْا يَجْحَدُوْنَ : **তারা অস্বীকার করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ح ـ د) মাসদার اَلْجُحُوْدُ ও اَلْجَحْدُ অর্থ– অস্বীকার করা; অবিশ্বাস করা।

আয়াত : ৬৪

قَرَارًا : **বাসোপযোগী/আবাসস্থল**। আরামের স্থান; নিবাস। [রুহুল মা'আনী] সজীব ভূমি [ইবনে আব্বাস] সমতল ভূমি [মহল্লী] পানি জমা হওয়ার স্থান, অর্থাৎ জলাশয় [তাজ]। উদ্দেশ্য হলো ঠিকানা; নিবাস; আশ্রয়স্থল। মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ر ـ ر) জিনসে مضاعف অর্থ– স্থিতিশীল হওয়া।

صَوَّرَكُمْ : **তিনি তোমাদেরকে আকৃতি দান করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ و ـ ر) মাসদার اَلتَّصْوِيْرُ অর্থ– আকৃতি দান করা; ছবি তোলা; অঙ্কণ করা।

اَحْسَنَ : **তিনি সুন্দর করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْسَانُ মূলবর্ণ (ح ـ س ـ ن) অর্থ– উত্তম কাজ করা; সুন্দর করা। অনুগ্রহ করা।

صُوَرَكُمْ : **তোমাদের আকৃতি।** صُوَرَ মুযাফ كُمْ যমীর جمع مذكر حاضر মুযাফ ইলাইহি। صُوَرَ শব্দটি صُوْرَةٌ-এর বহুবচন।

تَبَارَكَ : **মহিমময়।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ب ـ ر ـ ك) মাসদার اَلْمُبَارَكَةُ অর্থ– বরকতময় হওয়া; মহিমময় হওয়া। উন্নত হওয়া। ইসমে ফেল, এ থেকে কেবলমাত্র মাযীর একটি সীগাহই ব্যবহৃত হয়, এবং তা আল্লাহর জন্য খাস।

আয়াত : ৬৫

مُخْلِصِيْنَ : **একনিষ্ঠভাবে; বিশুদ্ধচিত্ত হয়ে।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ– একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ব মতবাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেবের মতে গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া।

دِيْنَ : **দীন; ধর্ম।** শব্দটি একবচন, বহুবচন– اَدْيَانٌ অর্থ– মতাদর্শ; মতবাদ।

আয়াত : ৬৬

نُهِيْتُ : **আমাকে নিষেধ করা হয়েছে।** সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব فَتَحَ মাসদার اَلنَّهْىُ মূলবর্ণ (ن ـ ه ـ ى) অর্থ– নিষেধ করা।

اَنْ اَعْبُدَ : **আমি যেন ইবাদত করি।** اَنْ নাসেবা। اَعْبُدَ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

اَنْ اُسْلِمَ : **আমি যেন আত্মসমর্পণ করি।** اَنْ নাসেবা। اُسْلِمَ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– বাধ্যগত হওয়া; অনুগত হওয়া; আত্মসমর্পণ করা।

আয়াত : ৬৭

تُرَابٍ : **মৃত্তিকা/ মাটি।**

نُطْفَةٍ : **শুক্র; বীর্য।** ইসমে মুফরাদ। বহুবচন– نُطَفٌ

عَلَقَةٍ : **রক্তপিণ্ড, জমাট রক্ত।** ইমাম কুরতুবী লিখেছেন عَلَقَةٌ জমাট রক্তপিণ্ডকে বলা হয়। আর যদি তা প্রবহমান হয় তখন তাকে مَسْفُوْح বলা হয়। তাফসীকারকগণ এর অর্থ রক্তপিণ্ড করেছেন। কিন্তু আধুনিক জীববিজ্ঞানীগণ মাতৃগর্ভে মনুষ্য ভ্রুণের ক্রমবিকাশের বর্ণনায় বলেন যে, পুরুষের শুক্র ও নারীর ডিম্বানু মিলিত হয়ে মাতৃগর্ভে যে ভ্রুণের সৃষ্টি হয় তা গর্ভধারণের পঞ্চম বা ষষ্ঠ দিবসে জরায়ু গাত্রে সংলগ্ন হয়ে পড়ে এবং এ সম্পৃক্তি সংঘটিত না হলে গর্ভাধারণ স্থায়ী হয় না। এ কারণে বর্তমানে عَلَقٌ - এর অনুবাদ করা হয় 'এমন কিছু, যা লেগে থাকে'।

اَلطِّفْلَ : **বালক।** একবচন, বহুবচন– اَطْفَالٌ ; কখনো طِفْلٌ বহুবচনের জন্য ব্যবহার হয়। কেননা এটি ইসমে জিন্‌স।

لِتَبْلُغُوْا اَشُدَّكُمْ : **যাতে তোমরা পরিণত বয়সে উপনীত হও।** লামটি لام كى ; تَبْلُغُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌঁছা; উপনীত হওয়া।

اَشُدَّكُمْ : **তোমাদের পূর্ণ যৌবনে।** اَشُدَّ মুযাফ, যমীরে مَجْرُوْر بِاضَافَتْ ; اَشُدَّ শব্দের অর্থ হলো শক্তি, জ্ঞান ও বিবেক পূর্ণাঙ্গ হওয়া। শব্দটি একবচন না বহুবচন সে সম্পর্কে ভাষাবিদগণের বিভিন্ন মতামত রয়েছে। কারো কারো মতে এটি اَنُكٌ -এর ন্যায় শব্দগত ও অর্থগতভাবে একবচন কিন্তু বহুবচনের

ওযনে এসেছে। এ বৈশিষ্ট্যের সাথে এ দুটি শব্দের কোনো দৃষ্টান্ত নেই। কারো কারো মতে এটি شَدٌّ - এর বহুবচন। যেমন كَلْبٌ-এর বহুবচন أَكْلُبٌ আবার কেউ شَدٌّ -এর বহুবচন বলেছেন। যেমন ذِئْبٌ-এর বহুবচন أَذْوُبٌ; সিবাওয়াই বলেন এটি বহুবচন এর একবচন হলো شِدَّةٌ; যেমন نِعْمَةٌ-এর বহুবচন, أَنْعُمٌ। যৌবনের এ পূর্ণাঙ্গতা কত বৎসর বয়সে হয় সে সম্পর্কেও মতবিরোধ রয়েছে। ইমাম আবূ হানীফা ও ইকরামা (র.) বলেন ২৫ বছর। কেউ বলেন বালেগ হওয়া থেকেই শুরু হয়। কেউ বলেন ১৮ কেউ বলেন ৩০ কেউ বলেন ৪০ আবার কারো মতে ৩৫ বছর থেকে এর সূচনা হয়। কামূস গ্রন্থকারের মতে এ সময়টা ১৮বছর থেকে ৩০বছর পর্যন্ত বর্ণিত হয়েছে। কিন্তু আল্লামা যমখশারী এর শেষসীমা ষাট বছর বলেছেন।

شُيُوخًا : **বৃদ্ধ**। শব্দটি বহুবচন, একবচন- شَيْخٌ অতি বয়স্ক; সম্মানিত।

يُتَوَفَّى : **সে প্রাণ হরণ করছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّيْ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ- প্রাণ হরণ করা: মৃত্যু দেওয়া; পূর্ণ করা।

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ- নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে নির্ধারিত।

تَعْقِلُوْنَ : **তোমরা অনুধাবন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَقْلُ মূলবর্ণ (ع ـ ق ـ ل) অর্থ- অনুধাবন করা; বুঝা; জ্ঞানী হওয়া। আটকে রাখা।

আয়াত : ৬৮

يُحْيِ : **তিনি জীবন দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ- জীবন দান করা।

يُمِيْتُ : **তিনি মৃত্যু দান করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِمَاتَةُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ- মৃত্যুদান করা।

قَضَى : **তিনি আদেশ দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَا ও اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ- ফয়সালা করা। আদেশ দেওয়া।

আয়াত : ৬৯

اَلَمْ تَرَ : **তুমি কি লক্ষ্য করো না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। সীগাহ لَمْ تَرَ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الرؤية অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

يُجَادِلُوْنَ : **তারা বিতর্ক করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ- বিতর্ক করা; ঝগড়া করা।

اَنّٰى يُصْرَفُوْنَ : **কিভাবে তাদেরকে বিপথগামী করা হচ্ছে?** يُصْرَفُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ- ঘুরা; ফিরা; ।

আয়াত : ৭০

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ৭১

اَلْاَغْلٰلُ : **শৃঙ্খল**। বহুবচন, একবচন- غِلٌّ বেড়ি; শৃঙ্খল। غِلّ বলা এমন বস্তুকে যা দ্বারা বন্দী করা হয় এবং শরীরের অঙ্গ বাঁধা হয়।

اَلْاَعْنَاقِ : **স্কন্ধ**। বহুবচন, একবচন- عُنُقٌ অর্থ- গর্দান; ঘাড়; স্কন্ধ।

سَلٰسِلُ : **শৃঙ্খল**। سِلْسِلَةٌ-এর বহুবচন।

يُسْحَبُوْنَ : **তাদেরকে টেনে নেওয়া হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ب) মাসদার اَلسَّحْبُ অর্থ- টানা।

আয়াত : ৭২

حَمِيْمٌ : **ফুটন্ত পানি**। অত্যধিক গরম পানি। অন্তরঙ্গ বন্ধু। মূলত حَمِيْمٌ বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْمٌ বলা হয় যে তার

বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে বহুবচন اَحْمَاءٌ আসে।

يُسْجَرُوْنَ : **তাদেরকে দগ্ধ করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ ر) মাসদার اَلسَّجْرُ অর্থ– উত্তপ্ত করা; দগ্ধ করা; গরম করা।

আয়াত : ৭৩

قِيْلَ : **তাদেরকে বলা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। قِيْلَ মূলত قُوِلَ ছিল। পেশের পরে واو এর নিচে যের পড়া কঠিন বিধায় واو এর হরকত ফেলে قاف এর হরকত এর মধ্যে দেওয়া হয়েছে। ফলে واو সাকিন হয়ে قِوْلَ হয়ে গেল। واو সাকিন এবং তার পূর্বে যের হলে উক্ত ওয়াও ياء হয়ে যায়, সেই নিয়মে ওয়াওটি ইয়া হয়ে গেছে। এভাবে قِيْلَ হয়ে গেছে। শব্দটি যদিও মাযির সীগাহ কিন্তু অর্থ হবে মুযারের।

تُشْرِكُوْنَ : **তোমরা শরিক কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ৭৪

ضَلُّوْا : **তারা বিপথগামী হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالَةُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া।

আয়াত : ৭৫

تَفْرَحُوْنَ : **তোমরা উল্লাস করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْفَرَحُ মূলবর্ণ (ف ـ ر ـ ح) অর্থ– আনান্দিত হওয়া; খুশি হওয়া।

تَمْرَحُوْنَ : **তোমরা দম্ভ করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَرَحُ মূলবর্ণ (م ـ ر ـ ح) অর্থ– দম্ভ করা; দর্প করা।

আয়াত : ৭৬

فَبِئْسَ : **আর কতইনা নিকৃষ্ট**। فا - جواب امر ; بئس হলো عين بِئْسَ মূলত سَمِعَ বাব ; فعل ذم ছিল। كلمة অনুসারে فا كلمة কে যের দেওয়া হয়েছে। অতঃপর সহজ করণার্থে ساكن করা হয়েছে।

مَثْوٰى : **আবাসস্থল**। সীগাহ واحد বহছ ظرف مكان বহুবচন; مَثَاوِىْ অর্থ– নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল। বাব ضَرَبَ ও نَصَرَ, মূলবর্ণ (ث ـ و ـ ي) জিনস لفيف مقرون অর্থ– অবস্থান করা।

আয়াত : ৭৭

اِصْبِرْ : **তুমি ধৈর্যধারণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন صَبْر অর্থ নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো جَزْع [অস্থিরতা, উৎকণ্ঠা]। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে شَجَاعَة বা বীরত্ব, جُبْن [ভীরুতা] হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্ণকারী বিপদের সময় হলে তাকে বলা হবে رَحْبُ اَلصَّدْر [প্রসন্নতা; উদারতা] ضَجَر [সঙ্কীর্ণতা] হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে كِتْمَانٌ [গোপন করা] আর مَذِلٌ [কথা ফাঁস করে দেওয়া] হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

نُرِيَنَّكَ : **আমি তোমাকে দেখাবো**। نُرِيَ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার الاراءة মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখানো; প্রত্যক্ষ করানো। ك যমীর منصوب متصل

نَعِدُهُمْ : **আমি তাদেরকে প্রতিশ্রুতি প্রদান করি**। نَعِدُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ– অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া।

نَتَوَفَّيَنَّكَ : **আমি তোমাকে মৃত্যু ঘটাই।** نَتَوَفَّيَنَّ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوَفِّىُ অর্থ– মৃত্যু দান করা; পূর্ণ করা। ك যমীরে منصوب متصل

يُرْجَعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৭৮

قَصَصْنَا : **আমি বর্ণনা করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْقَصَصُ মূলবর্ণ (ق ـ ص ـ ص) অর্থ– কিসসা বা ঘটনা বর্ণনা করা।

لَمْ نَقْصُصْ : **আমি বর্ণনা করিনি।** সীগাহ جمع متكلم বহছ نفى جحد بلم বাব نَصَرَ মাসদার اَلْقَصْصُ মূলবর্ণ (ق ـ ص ـ ص) অর্থ– ঘটনা বর্ণনা করা; কিসসা বলা।

قُضِىَ : **সিদ্ধান্ত হয়ে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসাদর اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা। যা কথা, কাজ, মানবীয় বা খোদায়ী সকল প্রকার সিদ্ধান্তের অর্থে ব্যবহৃত হয়। কোনো কিছুর ব্যাপারে চূড়ান্ত ইচ্ছা বা নির্দেশ বা কাজ সমাপ্ত করা قَضَاء -এর অর্থের মধ্যে বিদ্যমান। صلة -এর বিভিন্নতা এবং অগ্র-পশ্চাতের হিসেবে এর অর্থও বিভিন্ন হয়ে থাকে। বানানো; পূর্ণ করা; সংকল্প করা; দৃঢ় ইচ্ছা করা; মীমাংসা করা; সিদ্ধান্ত করা; নির্দেশ জারি করা; হুকুম দেওয়া; নির্ধারণ করা। অকাট্য ওহী প্রেরণ করে অবহিত করা; প্রয়োজন পূরণ করা। সম্পর্ক ছিন্ন করা; অবসর হওয়া; মারা যাওয়া; মেরে ফেলা। পবিত্র কুরআরে বিভিন্ন স্থানে এসব অর্থে ব্যবহৃত হয়েছে।

خَسِرَ : **সে ক্ষতিগ্রস্ত হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَسَارَةُ ও اَلْخُسْرَانُ মূলবর্ণ (خ ـ س ـ ر) অর্থ– ক্ষতিগ্রস্থ হওয়া।

اَلْمُبْطِلُوْنَ : **পথভ্রষ্টগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْاِبْطَالُ অর্থ– অকার্যকর করা; বাতিল করা; নাকচ করা।

আয়াত : ৭৯

اَلْاَنْعَامَ : **গবাদিপশু।** ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদিপশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامٌ বলা হবেনা যতক্ষণ তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمٌ -এর বহুবচন, যার অর্থ উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمٌ বলা হয়।

لِتَرْكَبُوْا : **যেন তোমরা আরোহণ করতে পার।** تَرْكَبُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ك ـ ب) মাসদার اَلرُّكُوْبُ অর্থ– পশুপৃষ্ঠে আরোহণ করা; সওয়ার হওয়া। কখনো নৌকায় আরোহণের জন্যও এর ব্যবহার হয়। শুরুতে لام كئ -এর কারণে نون اعرابى পড়ে গেছে।

تَأْكُلُوْنَ : **তোমরা আহার করে থাক।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– আহার করা; খাওয়া।

আয়াত : ৮০

تُحْمَلُوْنَ : **তোমাদেরকে আরোহণ করা হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول ; বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– আরোহণ করা; বহন করা।

আয়াত : ৮১

يُرِيْكُمْ : **তিনি তোমাদেরকে দেখান।** يُرِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الاراءة অর্থ– দেখানো। كم যমীরে منصوب متصل

تُنْكِرُوْنَ : **তোমরা অস্বীকার করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْكَارُ মূলবর্ণ (ن ـ ك ـ ر) অর্থ– অস্বীকার করা; অন্তর থেকে হোক বা মুখ দ্বারা হোক।

আয়াত : ৮২

اَفَلَمْ يَسِيْرُوْا : **তারা কি ভ্রমণ করেনি।** শুরুর হামযাহটি প্রশ্নবোধক। ف আতফের জন্য। يَسِيْرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ى ـ ر) মাসদার اَلسَّيْرُ অর্থ– চলাফেরা করা; ভ্রমণ করা।

عَاقِبَةُ : **পরিণাম**। এটি মূলত বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ পিছন থেকে আসা। (বিস্তারিত সূরা মুমিন, আয়াত : ২১ দ্রষ্টব্য)

اٰثَارًا : **কীর্তি; নিদর্শন**। اَثَرٌ-এর বহুবচন।

مَآ اَغْنٰى : **কোনো উপকারে আসেনি; কোনো কাজে আসেনি**। সীগাহ نفى واحد مذكر غائب বহছ فعل ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْنَاءُ মূলবর্ণ (غ ـ ن ـ ى) অর্থ– কারো উপকারে আসা; কাজে আসা।

يَكْسِبُوْنَ : **তারা অর্জন করে; উপার্জন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ– উপার্জন করা; কামাই করা।

আয়াত : ৮৩

فَرِحُوْا : **তারা উৎফুল্ল হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف ; বাব سَمِعَ মাসদার اَلْفَرَحُ মূলবর্ণ (ف ـ ر ـ ح) অর্থ– আনান্দিত হওয়া; খুশি হওয়া; উৎফুল্ল হওয়া। فَرَح-এর ব্যবহার উত্তম আনন্দের জন্য হয়, আবার মন্দ আনন্দের জন্যও হয়। যেমন অহংকার করা; মত্ত হওয়া। সাধারণত এর ব্যবহার দুনিয়াবি, দৈহিক ভোগ-বিলাসিতায় অর্জিত আনন্দের জন্য হয়ে থাকে।

حَاقَ بِهِمْ : **উল্টে তাদের উপর পড়েছে**। حَاقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ى ـ ق) মাসদার اَلْحَيْقُ অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া।

يَسْتَهْزِئُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

আয়াত : ৮৪

رَاَوْا : **তারা দেখল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা।

بَأْسَنَا : **আমাদের শাস্তি/যুদ্ধ**। بَأْسَ ইসম মুযাফ, نَا মযাফ ইলাইহি। এটি দারিদ্র্য ও ভীষণ বিপদের জন্য গঠিত হলেও এর অধিক ব্যবহার যুদ্ধ, বিগ্রহ ও প্রভাবের জন্য হয়ে থাকে।

اٰمَنَّا : **আমরা ঈমান এনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

وَحْدَهٗ : **একত্ব; অদ্বিতীয়; একক**। সত্তা ওণাবলিতে এক হওয়া। حال হওয়ার কারণে মানসূব অথবা فعل এর مفعول مطلق محذوف হয়েছে।

كَفَرْنَا : **আমরা কুফরি করেছি; অবিশ্বাস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ অর্থ– অবিশ্বাস করা; অস্বীকার করা; কুফরি করা।

আয়াত : ৮৫

لَمْ يَكُ يَنْفَعُهُمْ : **তা তাদের কোনো কাজে আসেনি**। সীগাহ نفى جحد بلم واحد مذكر غائب বহছ فعل مستقبل معروف বাব فَتَحَ মাসদার اَلنَّفْعُ মূলবর্ণ (ن ـ ف ـ ع) অর্থ– উপকারে আসা; কল্যাণকর হওয়া। কাজে আসা।

سُنَّةَ : **দৃষ্টান্ত। পন্থা; নিয়ম**। একবচন; বহুবচন سُنَنٌ অর্থ– প্রথা; পন্থা; প্রচলিত নিয়ম। سَنَّ শব্দটি কয়েকটি অর্থের জন্য ব্যবহার হয়। তন্মধ্যে প্রথা চালু করা। যেমন হাদীসে রয়েছে– سَنَّ لَكُمْ مُعَاذٌ

قَدْ خَلَتْ : **গত হয়েছে; অতিবাহিত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخُلُوُّ অর্থ– অতিবাহিত হওয়া; গত হওয়া; চলে যাওয়া।

خَسِرَ : **ক্ষতিগ্রস্ত হয়েছে**। সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْخَسَارَةُ ও اَلْخُسْرَانُ মূলবর্ণ (خ ـ س ـ ر) অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

كَافِرُوْنَ : **কাফেরগণ; প্রত্যাখ্যাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া; লুকানো; গোপন করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য]

সূরা হা-মীম আস সাজ্দা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫৪ রুকূ' : ৬

আয়াত : ১

حٰمٓ : **হা-মীম**। এগুলো হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حروف تهجى -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। এগুলো দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এগুলোর অর্থের পিছনে পড়া সমীচীন নয়। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের নিজস্ব মতামত। ইমাম কুরতুবী (র.) ও খলীফা চতুষ্টয় এবং হযরত ইবনে মাসউদ (রা.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে বিভিন্ন ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– الله اعلم بمراده بذلك [এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।] [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : الم দ্রষ্টব্য]

আয়াত : ২

تَنْزِيْلٌ : **অবতীর্ণ করা**। এটি বাব تفعيل -এর মাসদার, যা ইসমে মাফঊল তথা منزل অর্থে ব্যবহৃত হয়েছে। انزال ও تنزيل -এর মধ্যে পার্থক্য হলো انزال শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং এক সাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু تنزيل শব্দটি ধারাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

আয়াত : ৩

فُصِّلَتْ : **বিশদভাবে বিবৃত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تفعيل মূলবর্ণ (ف ـ ص ـ ل) মাসদার التفصيل অর্থ– বিশদভাবে বর্ণনা করা; স্পষ্ট করে বর্ণনা করা; খুলে বলা।

اٰيٰتُهٗ : **নিদর্শন**। বহুবচন; একবচন– اٰية ; এটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন– নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা।

قُرْاٰنًا : **কুরআন**। এটি মাসদার। অর্থ পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। কুরআনের নামকরণের ব্যাপারে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। কারো মতে قرء থেকে قرآن শব্দ গঠন করা হয়েছে। যার অর্থ– জমা করা; একত্র করা। কুরআন অন্যান্য সকল আসমানি কিতাবের সমষ্টি বরং সকল ইলমের সমষ্টি। আবূ উবাইদা বলেন, সকল সূরার সমষ্টি। মোটকথা কুরআন নামকরণের কারণ সম্পর্কে জমা হওয়ার বিষয়টিকেই তারা গুরুত্ব দিয়েছেন। প্রফেসর আব্দুর রউফ বলেছেন, কুরআনকে কুরআন বলার কারণ শুধুমাত্র قراءة তথা পাঠ ও তেলাওয়াত। নামাজে, দীনি মাহফিলে, মাদরাসায় ও অনুষ্ঠান ইত্যাদিতে কুরআন পাঠ করা হয় তাই কুরআনকে কুরআন বলা হয়।

আয়াত : ৪

بَشِيْرًا : **সুসংবাদদাতা**। একবচন, বহুবচন– بشراء ; فعيل -এর ওযনে فاعل -এর অর্থে সিফাতের সীগাহ।

اَعْرَضَ : **সে মুখ ফিরিয়ে নেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব افعال মাসদার الاعراض মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া; দিক পরিবর্তন করা।

আয়াত : ৫

اَكِنَّةٍ : **আবরণ**। **পর্দা**। এটি كنان -এর বহুবচন।

اٰذَانٌ : **কানসমূহ**। এটি اذن -এর বহুবচন।

وَقْرٌ : **বধিরতা**। এটি বাব سمع ও ضرب -এর মাসদার। আবার ইসমও হতে পারে। তখন অর্থ হবে– বধির।

حِجَابٌ : **অন্তরাল/ পর্দা; আবরণ**। শব্দটি একবচন, বহুবচন- حجب

اِعْمَلْ : **তুমি কাজ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سمع মূলবর্ণ (ع - م - ل) মাসদার العمل। অর্থ- করা; কাজ করা; আমল করা।

আয়াত : ৬

بَشَرٌ : **মানুষ**। শব্দটি بشرة থেকে উদ্ভূত। যার অর্থ- ত্বক; চামড়ার বাহিরের অংশ। আর ভিতরের অংশকে ادمة বলা হয়। মানুষকে بشر এ জন্য বলা হয় যে, অন্যান্য জীব-জন্তুর চামড়া উল বা পশমে ঢাকা থাকে। কিন্তু মানুষের চামড়া উন্মুক্ত থাকে। بشر শব্দটি একবচন ও বহুবচনের জন্য ব্যবহার হয়। তবে দ্বিবচনে بشرين আসে। পবিত্র কুরআনে মানুষের বাহ্যিক দেহকে بشر বলে অভিহিত করা হয়েছে।

يُوْحٰى اِلَىَّ : **আমি প্রত্যাদিষ্ট হই/ আমার প্রতি ওহী হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব افعال মূলবর্ণ (و - ح - ى) মাসদার الايحاء। অর্থ- ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اِلٰهٌ : **ইলাহ**। **উপাস্য**। বহুবচন- الهة। অর্থ- প্রভু; মাবুদ; উপাস্য। فعال -এর ওযনে مفعول অর্থে ; যে সম্প্রদায়ের নিকট যার ইবাদত করা হয়, চাই সত্য মাবুদ হোক বা বাতিল মাবুদ হোক তাকে اله বলা হয়।

اِسْتَقِيْمُوْا : **তোমরা স্থির থাকবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব استفعال মূলবর্ণ (ق - و - م) মাসদার الاستقامة। অর্থ- অটল থাকা; স্থির থাকা।

اِسْتَغْفِرُوْا : **তোমরা ক্ষমা প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব استفعال মূলবর্ণ (غ - ف - ر) মাসদার الاستغفار অর্থ- ক্ষমাপ্রার্থনা করা।

وَيْلٌ : **দুর্ভোগ**। ইসমে মারফু। অর্থ- ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। ويل -এর আরো অনেকগুলো অর্থ রয়েছে। যেমন অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সকল অর্থে ويل হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। ويلة ও ويل -এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন غيب - متكلم ও خطاب -এর আলামত পরিবর্তন হতে থাকে এবং ويل সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم -এর দিকে ইযাফত হলে আবশ্যিকভাবে ويل কে যের দেওয়া হয়।

আয়াত : ৭

لَا يُؤْتُوْنَ : **তারা প্রদান করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব افعال মূলবর্ণ (أ - ت - ى) মাসদার الايتاء। অর্থ- দান করা।

আয়াত : ৮

اَجْرٌ : **শ্রমফল/পুরস্কার**। এটি একবচন, বহুবচন- اجور প্রতিফল; প্রতিদান।

غَيْرُ مَمْنُوْنٍ : **নিরবচ্ছিন্ন**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نصر মাসদার المن। মূলবর্ণ (م - ن - ن) অর্থ- হ্রাস করা; কমানো; কর্তন করা। অর্থাৎ তাদের আমল না হ্রাস করা হবে, না নিঃশেষ হবে। -[অধিকাংশ মুফাসসিরীন] ممنون অর্থ ইমাম রাগেব করেছেন, বেশুমার; অগণিত। তখন এটি من ইসমে থেকে উদ্ভূত হবে, যার অর্থ ওজন করার বাটখারা। তখন ممنون হবে موزون অর্থে। আর غير ممنون অর্থ হবে- غير موزون অগণিত; বেশুমার।

আয়াত : ৯

اَنْدَادًا : **সমকক্ষ; সমান**। ند -এর বহুবচন। যা কোনো বস্তুর সত্তা ও মূলবস্তুতে অংশীদার হয় তাকে ند বলা হয়। مثل ও ند -এর মধ্যে পার্থক্য হলো- مثل হলো ব্যাপক আর ند হলো নির্দিষ্ট। যে কোনো ধরনের অংশীদারিত্বের জন্য مثل ব্যবহার হয়। আর সত্তাগতভাবে অংশীদারিত্বের জন্য ند ব্যবহার হয়।

আয়াত : ১০

رَوَاسِيَ : **পর্বত; পাহাড়**। راسية -এর বহুবচন। স্থিতিশীল পাহাড়ের জন্য এর ব্যবহার হয়।

بَارَكَ : **তিনি কল্যাণ দান করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مفاعلة মূলবর্ণ (ب ـ ر ـ ك) মাসদার المباركة অর্থ– বরকত দান করা; কল্যাণ দান করা।

قَدَّرَ فِيْهَا : **তিনি তাতে ব্যবস্থা করেছেন/ পরিমিত বিকাশ সাধন করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تفعيل মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার التقدير অর্থ– স্থির করা; নির্ধারণ করা; পরিমিত বিকাশ সাধন করা।

اَقْوَاتَ : **খাদ্য।** قوت -এর বহুবচন। قوت এমন খাদ্যকে বলা হয় যা দ্বারা কোনোভাবে জীবন রক্ষা হয়।

اَيَّامٍ : **দিন। সময়; কাল।** এটি يوم -এর বহুবচন। সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়কে يوم বলা হয়। আবার কখনো যে কোনো সময় বা কালকেও বলা হয়।

سَوَآءً : **সমান/ সমভাবে।** এটি ইসমে মাসদার। استواء অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয় কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) الاتقان গ্রন্থে লিখেছেন– سواء শব্দটি مستوى (সমান) অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে قصر হয়। যেমন– مكانا سوى [স্থান সমতল ও পরিচ্ছন্ন] আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়।

১. সমান। যেমন– سواء عليهم اءنذرتهم ام لم تنذرهم [তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান]

২. মধ্যস্থল। যেমন– فى سواء الجحيم [জাহান্নামের মধ্যস্থলে]

৩. পরিপূর্ণ। যেমন– فى اربعة ايام سواء [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে শব্দটি غير অর্থে ব্যবহার হয়নি।

اَلسَّآئِلِيْنَ : **যাচনাকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فتح মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার السوال অর্থ– প্রশ্ন করা: যাচনা করা; ভিক্ষা করা।

আয়াত : ১১

اِسْتَوٰى : **তিনি সমাসীন হলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব افتعال মাসদার الاستواء মূলবর্ণ (س ـ و ـ ي) অর্থ– এটি যখন على দ্বারা মুতাআদ্দী হয় তখন এর অর্থ হয়– স্থিতিশীল হওয়া; উঁচুতে ওঠা; সমাসীন হওয়া। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

دُخَانٌ : **ধূম্রপুঞ্জবিশেষ।** একবচন, বহুবচন– ادخنة।

اِئْتِيَا : **তোমরা উভয়ে এসো।** সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضرب মাসদার الاتيان মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। এর সেলা باء হলে অর্থ হবে– নিয়ে আসা।

طَوْعًا : **ইচ্ছায়।** এটি মাসদার। আনুগত্য করা; মান্য করা। এটি كره -এর বিপরীত শব্দ। এর فعل বাবে نصر ও فتح তথা طاع يطوع طوعا ও طاع يطاع طوعا উভয়ভাবেই ব্যবহার হয়। ভাষাবিদ আযহারীর মতে প্রথমটি উত্তম।

كَرْهًا : **অনিচ্ছায়।** এটি মাসদার ও ইসমে মাসদার। অর্থ– অপছন্দনীয়তা; বাধ্যবাধকতা; জবরদস্তী। অনিচ্ছায় আল্লাহর আনুগত্য করার অর্থ–

১. প্রাকৃতিক দলিল-প্রমাণ দ্বারা প্রভাবিত হয়ে বাধ্যতামূলকভাবে আল্লাহর যাত ও সিফাতকে মেনে নেওয়া।

২. মুসলমানগণ স্বেচ্ছায় আনুগত্য করে, আর কাফেররা আল্লাহর ফয়সালার সম্মুখে বাধ্য হয়ে আত্মসমর্পণ করে।

৩. কাতাদাহ (র.) বলেন, মুসলমানগণ স্বেচ্ছায় আল্লাহর আনুগত্য করে, আর কাফিররা মৃত্যুর সময় বাধ্য হয়ে আনুগত্য প্রকাশ করে। –[মুফরাদাত]

اَتَيْنَا طَآئِعِيْنَ : **আমরা অনুগত হয়ে এলাম।** طائعين সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نصر মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার الطوع অর্থ– আনুগত্য করা।

আয়াত : ১২

زَيَّنَّا : **আমি সুশোভিত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تفعيل মাসদার التزيين মূলবর্ণ (ز ـ ى ـ ن) অর্থ– সুশোভিত করা; সজ্জিত করা।

مَصَابِيْحَ : **প্রদীপসমূহ।** এটি مصباح -এর বহুবচন।

اَفَّاكٍ : **ঘোর মিথ্যাবাদী**। মুবালাগার সীগাহ। বাব ضَرَبَ ও سَمِعَ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِفْكُ অর্থ– মিথ্যা আরোপ করা; মিথ্যা রচনা করা; অপবাদ দেওয়া; মিথ্যা বলা।

আয়াত : ৮

يُصِرُّ : **সে অটল থাকে; সে পীড়াপীড়ি করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ر ـ ر) মাসদার اَلْاِصْرَارُ অর্থ– অটল থাকা; পীড়াপীড়ি করা।

مُسْتَكْبِرًا : **ঔদ্ধত্যের সাথে; দম্ভভরে**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِكْبَارُ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অর্থ– অহংকার করা; দম্ভ করা।

هُـزُوًا : **উপহাস; বিদ্রূপস্বরূপ**। এটি বাব فَـتَـحَ-এর মাসদার, যা ইসমে মাফঊল অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১০

مِـنْ وَّرَائِـهِـمْ : **তাদের পশ্চাতে; তার পরে**। আল্লামা বায়যাভী (র.) উল্লেখ করেছেন যে, وَرَاء মূলত মাসদার যাকে ظـرف হিসেবে ব্যবহার করা হয়। এর ইযাফত فـاعـل-এর দিকেও হয় আবার مـفـعـول-এর দিকেও হয়। প্রথম অবস্থায় উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু। অর্থাৎ যার আড়ালে কোনো কিছু হয়। বাহ্যত তখন ঐ বস্তুটি আগে হবে এবং গোপন ব্যক্তি পিছনে হবে। আর দ্বিতীয় অবস্থায় এর বিপরীত। অর্থাৎ ব্যক্তিটি আগে হবে এবং বস্তুটি পিছনে হবে। এ কারণেই وَرَاء-এর অর্থ আগে ও পিছে উভয়টিই হয়। উল্লেখ্য وَرَاء-এর আরো একটি অর্থ হলো "এতদ্ভিন্ন; ছাড়া; ব্যতীত"। কারণ এর মূল অর্থ হলো আড়াল; পার্থক্যকারী। সুতরাং কোনো কিছু আগে বা পিছনে হওয়া অথবা ছাড়া বা ব্যতীত হওয়া পার্থক্য ও সীমানাকেই বুঝায়। এ কারণেই এটি এ সকল অর্থেই ব্যবহৃত হয়।

لَا يُـغْـنِـي : **সে উপকারে আসে না**। সীগাহ واحد مـذكـر বহছ نفي فعل مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস نـاقـص يـائـى মাসদার اَلْاِغْـنَـاءُ অর্থ– উপকারে আসা; কাজে আসা। অমুখাপেক্ষী করা।

আয়াত : ১১

هُـدًى : **সৎপথের দিশারী**। এটি বাব ضَـرَبَ-এর মাসদার, যা هَادٍ তথা اسم فـاعـل অর্থে ব্যবহার হয়েছে।

رِجْـزٍ : **শাস্তি**। কাজী বায়যাবী (র.) লিখেছেন– رِجْـز হলো ঘৃণিত বস্তু। কিন্তু আল্লামা যামাখশারী লিখেছেন– رِجْـز ও رِجْـس অর্থ– শাস্তি ও কঠিন বিপদ যা মানুষের উপর আপতিত হয়। শব্দ দুটি আরবদের উক্তি– اِرْتَـجَـزَتِ الـسَّـمَـاءُ وَارْتَـجَـسَـتْ [আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে] এবং رعـد مـرتـجـز ও مُـرْتَـجِـسٌ [প্রকম্পিতকারী বিদ্যুৎ] এ থেকে উদ্ভূত হয়েছে। আর এটা এমন কম্পন যাতে চিৎকারও থাকে। কেননা আজাব যখন অবতীর্ণ হয় তার জন্য আবশ্যক হলো যার উপর অবতীর্ণ হয় সে প্রকম্পিত হয় এবং চিৎকার করে। এখানে শাস্তি দ্বারা উদ্দেশ্য হলো প্লাবন বা বন্যা। যা হযরত সাঈদ ইবনে যুবাইর (রা.) -এর মত।

আয়াত : ১২

سَـخَّـرَ : **তিনি অধীন করে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غـائـب বহছ ماضى مـعـروف বাব تَـفْـعِـيْـل মাসদার اَلتَّـسْـخِـيْـرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

لِـتَـجْـرِيَ : **যেন তা বিচরণ করে**। শুরুতে لام كـئ আসার কারণে মানসূব হয়েছে। সীগাহ واحد مـؤنـث غـائـب বহছ مضارع معروف বাব ضَـرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْـجَـرْيَـانُ ও اَلْـجَـرْىُ অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; বিচরণ করা।

اَلْـفُـلْـكُ : **নৌযান**। শব্দটি পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন ও বহুবচন সবই হতে পারে। অথবা এটি একবচনরূপে বহুবচন। তখন একবচন হবে– فَـلَـكٌ [ف ـ ل বর্ণে যবরযোগে] –[কামূস]

لِـتَـبْـتَـغُـوْا : **যেন তোমরা সন্ধান করতে পার**। সীগাহ جـمـع مـذكـر حـاضـر বহছ مـضـارع مـعـروف বাব اِفْـتِـعَـالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِبْـتِـغَـاءُ অর্থ– অন্বেষণ করা; সন্ধান করা। শুরুতে لام كـئ আসার কারণে نـون اعـرابـى পড়ে গেছে। মূলত تَـبْـتَـغُـوْنَ ছিল।

فَـضْـلِـهٖ : **তাঁর অনুগ্রহ**। فَـضْـل মুযাফ ه যমীর واحد مـذكـر غـائـب মুযাফ ইলাইহি। এটি اسـم فـعـل; আরো অর্থ রয়েছে। যেমন– শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব জ্ঞান, বুদ্ধি, বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া। এ অর্থে এর দুটি সূরত রয়েছে। যথা–

১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন জ্ঞান, বিদ্যা, ধৈর্য ও লজ্জা ইত্যাদিতে আধিক্য।

২. মন্দ আধিক্য। যেমন– ক্রোধ, ইত্যাদির আধিক্য। فَـضْـل শব্দের সাধারণ ব্যবহার উত্তম আধিক্যের

জন্যই হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য فُضُوْل শব্দ ব্যবহার হয় যদিও গঠনগতভাবে উভয়টি একই অর্থবোধক। –[রাগেব]

تَشْكُرُوْنَ : তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

আয়াত : ১৪

لَا يَرْجُوْنَ : তারা প্রত্যাশা করে না। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ و) মাসদার اَلرَّجَاءُ অর্থ– প্রত্যাশা করা; আশা করা।

اَيَّامَ اللّٰهِ : আল্লাহর দিবসসমূহ। اَيَّامَ মুযাফ اللّٰهِ মুযাফ ইলাইহি। এটি বহুবচন; একবচন– يَوْمٌ ; আরবি বাগধারায় اَيَّامٌ বলতে যুদ্ধ-বিগ্রহ সম্বলিত অতীত ইতিহাসকেও বুঝায়। এখানে ঐ সকল দিবস উদ্দেশ্য যাতে জাতিসমূহের উত্থান-পতন, জয়-পরাজয় ইত্যাদি সংঘটিত হয়েছিল অথবা ঐ সমস্ত দিনগুলো উদ্দেশ্য, যাতে ইসরাঈলীরা মিশরে বন্দী অবস্থায় ভীষণ বিপদে দিন অতিবাহিত করেছিল এবং আল্লাহ নিজ অনুগ্রহে তাদেরকে রক্ষা করেছিলেন। আবার কারো মতে اَيَّامٌ দ্বারা উদ্দেশ্য হলো ঐ দিন যেদিন আল্লাহ তা'আলা অপরাধীদেরকে শাস্তি দিবেন এবং বাধ্যগত বান্দাদেরকে পুরস্কার ও সম্মানে ভূষিত করবেন। হযরত উবাই ইবনে কা'ব (র.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ ﷺ اَيَّامَ اللّٰهِ-এর ব্যাখ্যা করেছেন, আল্লাহর নিয়ামত ও অনুগ্রহ।

আয়াত : ১৬

اَلطَّيِّبَاتِ : উত্তম জীবনোপকরণ; বিশুদ্ধ জীবিকা। এটি বহুবচন, একবচন– طَيِّبَةٌ অর্থ– পবিত্র; হালাল। সীগাহ جمع مؤنث বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ ى ـ ب) মাসদার اَلطِّيْبُ অর্থ– ভালো হওয়া; পবিত্র হওয়া।

فَضَّلْنَا : আমি শ্রেষ্ঠত্ব দান করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ض ـ ل) মাসদার اَلتَّفْضِيْلُ অর্থ– শ্রেষ্ঠত্ব প্রদান করা; মহত্ব প্রকাশ করা। –[বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৪৭ দ্রষ্টব্য]

আয়াত : ১৮

شَرِيْعَةٍ : শরিয়ত; দীনের বিশেষ বিধান; রাস্তা। এটি شَرْعٌ থেকে ইসম। [বিস্তারিত সূরা মায়িদা, আয়াত : ৪৮ شرعة দ্রষ্টব্য]

لَا تَتَّبِعْ : তুমি অনুসরণ করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা; কারো কথামতো চলা; হুকুম পালন করা।

اَهْوَاءَ : প্রবৃত্তি; খেয়াল-খুশি। এটি বহুবচন, একবচন– هَوٰى অর্থ– কামনা; বাসনা; আবেগ; প্রেম; ভালোবাসা।

আয়াত : ১৯

لَنْ يُغْنُوْا : তারা কোনো উপকার করতে পারবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْنَاءُ মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস ناقص يائى অর্থ– উপকারে আসা; কাজে আসা; ক্ষতি না হওয়া। অমুখাপেক্ষী করা।

আয়াত : ২০

بَصَائِرُ : সুস্পষ্ট দলিল। বহুবচন, একবচন– بَصِيْرَةٌ অর্থ অন্তদৃষ্টি দ্বারা দেখা; চোখ দিয়ে দেখার জন্য এর ব্যবহার হয় না। তাছাড়া بَصِيْرَةٌ এর আরো অনেক অর্থ রয়েছে। যেমন বুদ্ধি; পরিণাম ইত্যাদি।

আয়াত : ২১

اِجْتَرَحُوا السَّيِّئَاتِ : তারা দুষ্কৃতিকারীগণ। তারা গুনাহ অর্জন করেছে। اِجْتَرَحُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِرَاحُ মূলবর্ণ (ج ـ ر ـ ح) অর্থ– অপরাধে লিপ্ত হওয়া; পাপ অর্জন করা; গুনাহ করা। اَلسَّيِّئَاتِ মাফঊলে বিহী।

سَوَاءً : **সমান**। ইসমে মাসদার। اِسْتِوَاء অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না।

مَحْيَاهُمْ : **তাদের জীবন**। مَحْيَا ইসমে মুফরাদ মুযাফ, যমীর جمع مذكر غائب هم মুযাফ ইলাইহি। مَحْيَا শব্দটির বহুবচন مَحَايَا বাব سَمِعَ থেকে مَحْيَا মাসদার। মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবিত থাকা; বেঁচে থাকা।

مَمَاتُهُمْ : **তাদের মরণ**। مَمَاتُ মুযাফ, هُمْ যমীর جمع مذكر غائب মুযাফ ইলাইহি। ইসম ও মাসদার। অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া। مَوْت হলো حَيَاة -এর বিপরীতার্থক শব্দ। হায়াতের যতগুলো প্রকার রয়েছে মৃত্যুরও ততগুলো প্রকার রয়েছে। مَـوْت নিম্নোক্ত অর্থসমূহের জন্যও ব্যবহৃত হয়। যেমন–

ক. উৎপাদন ক্ষমতা না থাকা। যেমন– لِيُحْيِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا

খ. অনুভূতিহীন হওয়া। যেমন– اِذَا مَا مِتُّ

গ. মূর্খতা। যেমন– اَوَمَنْ كَانَ مَيْتًا - اِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى

ঘ. জীবনকে দুর্বিষহকারী দুঃখ। যেমন– وَيَاْتِيْهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ

ঙ. নিদ্রা; ঘুম। বলা হয়– اَلنَّوْمُ مَوْتٌ خَفِيْفٌ وَالْمَوْتُ نَوْمٌ ثَقِيْلٌ

سَاءَ : **নিকৃষ্ট**। সীগাহ ماضى واحد مذكر غائب বহছ فعل الذم - معروف বাব نَصَرَ মাসদার اَلسُّوْءُ মূলবর্ণ (س ـ و ـ أ) অর্থ– মন্দ হওয়া; খারাপ হওয়া; অনিষ্ট হওয়া।

আয়াত : ২২

لِتُجْزٰى : **যেন তাকে প্রতিফল দেওয়া হয়**। লামটি لام كى ; সীগাহ تُجْزٰى واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিফল দেওয়া; বিনিময় দেওয়া; প্রতিদান দেওয়া।

نَفْسٍ : **ব্যক্তি**। একবচন, বহুবচন– نُفُوْسٌ- اَنْفُسٌ অর্থ– প্রাণ; প্রাণী।

আয়াত : ২৩

اَفَرَاَيْتَ : **তুমি কি লক্ষ্য করেছো?** أ প্রশ্নবোধক, ف হরফে আতফ। رَاَيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ করা।

اَضَلَّهُ : **সে তাকে পথভ্রষ্ট করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ(ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট করা।

خَتَمَ : **তিনি মোহার করে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَتْمُ মূলবর্ণ (خ ـ ت ـ م) অর্থ– মোহরাঙ্কিত করা; সীলমোহর মারা।

غِشَاوَةً : **পর্দা**। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৭ দ্রষ্টব্য]

আয়াত : ২৪

نَمُوْتُ : **আমরা মৃত্যুবরণ করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْمَوْتُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া। নিদ্রা যাওয়া। প্রাচীন হওয়া।

نَحْيَا : **আমরা বাঁচি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْحَيٰوةُ অর্থ– জীবিত থাকা; বেঁচে থাকা।

يُهْلِكُنَا : **আমাদেরকে ধ্বংস করবে**। يُهْلِكُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

اَلدَّهْرُ : **কাল**। একবচন, বহুবচন– دُهُوْرٌ ; সুদীর্ঘ কাল। মূলত বিশ্বসৃষ্টির সূচনা থেকে তার সমাপ্তি পর্যন্ত পূর্ণ সময়কে دَهْر বলা হয়। অতঃপর যে কোনো দীর্ঘকাল ও সময়ও এর দ্বারা উদ্দেশ্য নেওয়া হয়। পক্ষান্তরে زَمَانَةٌ বলা হয় স্বল্প-দীর্ঘ যে কোনো সময় ও কালের জন্য ব্যবহার হয়।

يَظُنُّوْنَ : **তারা ধারণা করে; মনে করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ

মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ- ধারণা করা; মনে করা; অনুমান করা। [বিস্তারিত সূরা ইউসুফ, আয়াত : ৪২ দ্রষ্টব্য]

আয়াত : ২৫

حُجَّتَهُمْ : **তাদের যুক্তি-প্রমাণ**। এটি একবচন, বহুবচন- حُجَجٌ

اِئْتُوْا : **তোমরা উপস্থিত কর; নিয়ে এসো**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা; আগমন করা। -এর صلة بـ হওয়ার কারণে অর্থ হবে- আনা।

আয়াত : ২৭

تَقُوْمُ : **অনুষ্ঠিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাড়ানো; অনুষ্ঠিত হওয়া; সংঘটিত হওয়া।

اَلسَّاعَةُ : **কিয়ামত দিবস**। সময়, মুহূর্ত; রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَةٌ বলা হয়। আরাবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই اَلسَّاعَةُ শব্দটি এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন- কালের মুহূর্তসমূহের মধ্যে থেকে যে কোনো মুহূর্তকে سَاعَةٌ বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন- اِقْتَرَبَ السَّاعَةُ/ يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ ইত্যাদি। [বিস্তারিত সূরা রূম, আয়াত : ১২ দ্রষ্টব্য]

يَخْسَرُ : **সে ক্ষতিগ্রস্ত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ মূলবর্ণ (خ ـ س ـ ر) অর্থ- ক্ষতিগ্রস্ত হওয়া; ক্ষতি হওয়া।

اَلْمُبْطِلُوْنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْاِبْطَالُ অর্থ- অকার্যকর করা; বাতিল করা; নাকচ করা; প্রত্যাখ্যান হওয়া।

আয়াত : ২৮

جَاثِيَةً : **ভয়ে নতজানু; হাঁটু গেড়ে উপবিষ্ট**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْجُثُوُّ মূলবর্ণ (ج ـ ث ـ و) অর্থ- হাঁটু গেড়ে বসা; জানু পেতে বসা। جَاثِيَةٌ শব্দটি এখানে বহুবচনের স্থানে ব্যবহৃত হয়েছে। যেমন বলা হয়- جَمَاعَةٌ قَائِمَةٌ/جَمَاعَةٌ قَاعِدَةٌ

تُدْعٰى : **তাদেরকে আহ্বান করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ- ডাকা; আহ্বান করা।

আয়াত : ২৯

يَنْطِقُ : **তা ব্যক্ত করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ط ـ ق) মাসদার اَلنُّطْقُ অর্থ- কথা বলা।

نَسْتَنْسِخُ : **আমরা লিপিবদ্ধ করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ن ـ س ـ خ) মাসদার اَلْاِسْتِنْسَاخُ অর্থ- লিপিবদ্ধ করা; নিরাপদ রাখা; কপি করা।

আয়াত : ৩৪

لَا رَيْبَ : **কোনো সন্দেহ নেই**। رَيْبٌ মাসদার, বাব ضَرَبَ ; মূলবর্ণ (ر ـ ى ـ ب) জিনস اجوف يائى রَيْبٌ সম্পর্কে ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন- اَلرَّيْبُ اَنْ تُتَوَهَّمَ بِالشَّئِ اَمْرًامَا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمُهُ মোটকথা رَيْبٌ-এর ব্যবহার এমন সন্দেহ বা ধারণা সম্বন্ধে হয় যার বাস্তবতা পরবর্তীতে তার বিপরীত প্রমাণিত হয়। কালের দুর্যোগের সময়ের ব্যাপারেও যেহেতু সন্দেহ থাকে যে, না জানি তা কখন এসে পড়ে তাই যখন رَيْبٌ-কে কালের সাথে সম্পৃক্ত করা হয় তখন অর্থ হবে- কালের দুর্যোগ। যেমন আল্লাহর বাণী- نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ

مُسْتَيْقِنِيْنَ : **নিশ্চিতগণ; বিশ্বাসীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِيْقَانُ মূলবর্ণ (ى ـ ق ـ ن) অর্থ- বিশ্বাস করা; একিন করা। যা ظن ধারণা ও অনুমানের বিপরীতার্থক

শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে يَقِيْن বলা হয়। دِرَايَت ও مَعْرِفَت থেকে عِلْم -এর স্তর অনেক উঁচু। এর কারণেই তা يَقِيْن -এর صِفَت হয় مَعْرِفَتُ الْيَقِيْن বলা হয় না।; কিন্তু عِلْمُ الْيَقِيْن বলা হয়। [রাগেব] বাব تَفَعُّلْ, اِسْتِفْعَالْ ,اِفْعَالْ সকল থেকে এর ব্যবহার হয় এবং অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার وَاجِبُ الْيَقِيْن কেও বলা হয়। এ কারণেই মৃত্যুকে يَقِيْن বলা হয়। কারণ তা আবশ্যম্ভাবী।

আয়াত : ৩৩

بَدَا لَهُمْ : **তাদের নিকট প্রকাশ পেল**। بَدَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْبَدْوُ অর্থ– উত্তমরূপে জ্ঞাত হওয়া; অনুভূত হওয়া; মনে হওয়া; প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া। لام হরফে জার, هم যমীর মাজরূর।

مَا عَمِلُوْا : **তাদের কৃতকর্ম**। যা তোমরা উপার্জন করছিলে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى منفى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– আমল করা; অর্জন করা।

حَاقَ بِهِمْ : **তাদেরকে পরিবেষ্টন করেছে**। حاق সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ى ـ ق) মাসদার اَلْحَيْقُ অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া। কারো কারো মতে শব্দটি حَقَّ ছিল। যা পরিবর্তিত হয়ে حَاقَ হয়েছে। যেমন– ذَمَّ থেকে ذَامَ

كَانُوْا يَسْتَهْزِءُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ৩৪

نَنْسٰىكُمْ : **আমি তোমাদেরকে বিস্মৃত হবো**। نَنْسٰى সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া; মনে না থাকা। كم যমীর মাফউলে বিহী।

نَسِيْتُمْ : **তোমরা ভুলে গিয়েছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ى) অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

لِقَاءَ : **সাক্ষাৎ**। এটি বাব مُفَاعَلَة -এর মাসদার। অর্থ– সাক্ষাৎ করা।

مَأْوٰكُمْ : **তোমাদের আবাসস্থল**। مَاْوٰى শব্দটি اسم ظرف ও বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা। এর صلة যদি الى আসে তখন অর্থ হবে আশ্রয়গ্রহণ করা; অবস্থান করা। আর যদি صلة লাম আসে তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা যেমন– اوى له সে তার প্রতি দয়া করেছে। كم যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ৩৫

اِتَّخَذْتُمْ : **তোমরা বানিয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; গ্রহণ করা; বানানো; তৈরি করা।

هُزُوًا : **বিদ্রূপ**। এটি বাব فَتَحَ -এর মাসদার, যা ইসমে মাফউল অর্থে ব্যবহৃত হয়েছে।

غَرَّتْكُمْ : **সে তোমাদেরকে প্রতারিত করেছে**। غَرَّتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ر) মাসদার اَلْغُرُوْرُ অর্থ– প্রতারিত করা; ধোঁকা দেওয়া; বিশ্বাস নষ্ট করা। كم যমীর মাফউলে বিহী।

اَلْحَيٰوةُ : **জীবন**। এটি বাব سَمِعَ -এর মাসদার। মূলবর্ণ (ح ـ ى ـ ى) জিনস لفيف مقرون অর্থ– বেঁচে থাকা; জীবিত থাকা।

لَا هُمْ يُسْتَعْتَبُوْنَ : **তাদের কোনো ওজর গৃহীত হবে না**। لَا يُسْتَعْتَبُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ع ـ ت ـ ب) মাসদার اَلْاِسْتِعْتَابُ অর্থ– ওজর-আপত্তি গ্রহণ করা। সন্তুষ্টি কামনা করা; শোকরিয়া কামনা করা।

২৬তম পারা

সূরা আহকাফ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩৫, রুকূ' : ৪

আয়াত : ১

حٰمٓ : **হা-মীম**। এগুলো হুরূফে মুকা'ত্তাআতের অন্তর্ভুক্ত। এগুলোর মর্ম সম্পর্কে বিভিন্ন ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ (এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।) (বিস্তারিত সূরা বাক্বারা : الم দ্রষ্টব্য)

আয়াত : ২

اَلْعَزِيْزِ : **পরাক্রমশালী**। সীগাহ اسم واحد مذكر বহছ مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য)

আয়াত : ৩

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س - م - و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে– নির্ধারিত।

اُنْذِرُوْا : **তাদেরকে সতর্ক করা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مجهول বাব افعال মূলবর্ণ (ن - ذ - ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

مُعْرِضُوْنَ : **বিমুখ; উদাসীন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - ر - ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা।

আয়াত : ৪

اِئْتُوْنِىْ : **তোমরা আমার নিকট উপস্থিত কর; আমার নিকট আন**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এর সেলা بـا হওয়ার কারণে অর্থ হবে– আনা; উপস্থিত করা; হাজির করা; উপস্থাপন করা।

اَثٰرَةٍ : **পরম্পরাগত; ধারাবাহিক**। এমন বর্ণনা বা লিখনী যার নিদর্শন অবশিষ্ট রয়েছে।

আয়াত : ৫

مَنْ اَضَلُّ : **কে আছে অধিক বিভ্রান্ত/ অধিক পথভ্রষ্ট?** من প্রশ্নবোধক। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ض - ل - ل) মাসদার اَلضَّلَالَةُ অর্থ– বিপথগামী হওয়া; পথভ্রষ্ট হওয়া।

غٰفِلُوْنَ : **অনবহিত/গাফিল**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ - ف - ل) মাসদার اَلْغَفْلَةُ অর্থ– অসেচতন হওয়া; গাফেল হওয়া; আনমনা হওয়া।

আয়াত : ৬

اِذَا حُشِرَ : **যখন সমবেত করা হবে**। اِذَا হরফে শর্ত। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول حشر বাব نَصَرَ মূলবর্ণ (ح - ش - ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; একত্র করা; জড়ো করা।

আয়াত : ৭

وَاِذَا تُتْلٰى : **যখন আবৃত্তি করা হয়; পাঠ করা হয়**। সীগাহ تُتْلٰى বহছ واحد مؤنث غائب مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت - ل - و) মাসদার اَلْاِتْلَاءُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা।

আয়াত : ৮

اِفْتَرٰهُ : **সে তা মিথ্যা রচনা করেছে/ সে তা উদ্ভাবন করেছে**। اِفْتَرٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف - ر - ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মনগড়া কথা বলা; মিথ্যা রচনা করা; অপবাদ আরোপ করা।

لَا تَمْلِكُوْنَ : **তোমরা সক্ষম হবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م - ل - ك) মাসদার اَلْمِلْكُ অর্থ– সামর্থ্য রাখা; শক্তি রাখা; মালিক হওয়া।

تُفِيضُونَ : **তোমরা আলোচনায় লিপ্ত আছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ى ـ ض) মাসদার اَلْإِفَاضَةُ অর্থ- ঢেলে দেওয়া; প্রবাহিত করা। এর ব্যবহার যখন কথাবার্তার সাথে হয় তখন অর্থ হয়- তাতে লিপ্ত হওয়া; মশগুল হওয়া। এখানে এটি এ অর্থেই ব্যবহৃত হয়েছে।

شَهِيدًا : **সাক্ষী**। فَعِيلٌ-এর ওযনে সিফাতের সীগাহ। যা فاعل অর্থে ব্যবহৃত।

غَفُورٌ : **অতি ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة

اَلرَّحِيمُ : **পরম দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ- দয়া করা; অনুগ্রহ করা। বহুবচন رُحَمَاءُ ; رَحِيمٌ আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৯

بِدْعًا : **নতুন**। সিফাতে মুশাব্বাহ। اسم فاعل ও اسم مفعول উভয় অর্থেই আসে। এ কারণেই কেউ কেউ প্রথম অর্থ তথা مُبْدِعٌ নিয়েছেন। অর্থাৎ নতুন কথা বলে যে। আবার কেউ কেউ দ্বিতীয়টি তথা مبدع অর্থে নিয়েছেন। অর্থাৎ নতুনভাবে প্রেরিত, যার পূর্বে কোনো নবী আগমন করেনি।

أَدْرِي : **আমি জানি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (د ـ ر ـ ى) মাসদার اَلدِّرَايَةُ অর্থ- জানা; অবহিত হওয়া।

يُوحَى : **ওহী প্রেরণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِيحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ- ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

نَذِيرٌ : **সতর্ককারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنُّذْرُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيرٌ ভীতিপ্রদর্শনকারী দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শন করা।

আয়াত : ১০

أَرَءَيْتُمْ : **তোমরা ভেবে দেখেছো কি?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। رَأَيْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الرؤية অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

شَهِدَ : **সে সাক্ষ্য দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাবে سَمِعَ মাসদার اَلشُّهُودُ ও اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ- সাক্ষ্য দেওয়া; প্রত্যক্ষ করা।

شَاهِدٌ : **সাক্ষী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ- সাক্ষ্য দেওয়া।

اِسْتَكْبَرْتُمْ : **তোমরা অহংকার কর; ঔদ্ধত্য প্রদর্শন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব إِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْإِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা; গর্ব করা।

আয়াত : ১১

مَا سَبَقُونَا : **তারা আমাদেরকে অতিক্রম করতে পারত না**। (অর্থাৎ আমরাই কুরআনকে অগ্রে গ্রহণ করতাম) مَا سَبَقُوا সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ- পূর্ববর্তী হওয়া; অগ্রে গমন করা। نا যমীর মাফউলে বিহী।

إِفْكٌ : **অপবাদ**। কোনো বস্তু তার আসল দিক থেকে মুখ ফিরানোকে إِفْكٌ বলা হয়। সুতরাং যে কথা তার আসল আকৃতি থেকে ফিরে গেছে তাকে إِفْكٌ বলা হবে। মিথ্যা অপবাদের মধ্যে এ অর্থটি ব্যাপকভাবে বিদ্যমান তাই তাকে إِفْكٌ বলা হবে।

আয়াত : ১২

إِمَامٌ : **আদর্শ; নেতা; অনুসৃত; পথিকৃৎ**। فِعَالٌ-এর ওযনে এটি ইসম। যার অর্থ- مَنْ يُؤْتَمُّ بِهِ (যার ইচ্ছা করা হয়।) যেহেতু নেতা ও পথপ্রদর্শকের ইচ্ছা করা হয় তাকে إِمَامٌ বলা হয়।

بُشْرٰى : **সুসংবাদ**। সীগাহ اسم واحد مؤنث বহছ سَمِعَ বাব تفضيل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْبَشَارَةُ অর্থ– খুশি হওয়া; আনন্দিত হওয়া। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য)

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– ফরজের অধিক নফল আদায় করা; যে কোনো ধরনের সৌন্দর্য সৃষ্টি করা।

আয়াত : ১৩

اِسْتَقَامُوْا : **তারা স্থির/অবিচলিত থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– সোজা হওয়া; সঠিক হওয়া; স্থির হওয়া; অবিচল হওয়া।

لَا يَحْزَنُوْنَ : **তারা দুঃখিত হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– বিষণ্ন হওয়া; দুঃখিত হওয়া।

আয়াত : ১৫

وَصَّيْنَا : **আমি নির্দেশ প্রদান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ص ـ ى) মাসদার اَلتَّوْصِيَةُ অর্থ– অসিয়ত করা; আদেশ প্রদান করা; উপদেশ দেওয়া; নির্দেশ দেওয়া; হুকুম দেওয়া।

حَمَلَتْهُ : **সে তাকে গর্ভে ধারণ করল**। حَمَلَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা; গর্ভধারণ করা। ه যমীর মাফউলে বিহী।।

كُرْهًا : **কষ্টের সাথে**। মাসদার, বাব نَصَرَ হতে كُرْهٌ ও كَرْهٌ একই অর্থবোধক। অর্থ– অসন্তুষ্টি; অপছন্দ করা। [বিস্তারিত আ'রাফ, আয়াত : ৮৮ দ্রষ্টব্য)

وَضَعَتْهُ : **সে তাকে প্রসব করেছে; গর্ভপাত করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– রাখা; গর্ভপাত করা।

وَحَمْلُهُ : **এবং তার গর্ভে ধারণ করা**।

فِصَالُهُ : **তার (শিশুর) দুধ ছাড়ানো**। فِصَالٌ ইসমে ফে'ল। বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। অর্থ– একে অপর থেকে বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া।

اَشُدَّهُ : **তার পূর্ণ যৌবনে/পূর্ণ শক্তিতে**। اَشُدَّ মুযাফ, ه যমীর مضاف اليه ; اَشُدَّ শব্দের অর্থ হলো শক্তি, জ্ঞান ও বিবেক পূর্ণাঙ্গ হওয়া।

اَوْزِعْنِىْ : **তুমি আমাকে সামর্থ্য দাও**। اَوْزِعْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ز ـ ع) মাসদার اَلْاِيْزَاعُ অর্থ– স্থির করা; তৌফিক দেওয়া; সামর্থ্য দেওয়া। نون وقاية ইয়ায়ে متكلم মাফউল

اَنْ اَشْكُرَ : **যেন আমি কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি**। اَنْ নাসেবা। اَشْكُرَ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

اَنْعَمْتَ : **তুমি অনুগ্রহ করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْعَامُ মূলবর্ণ (ن ـ ع ـ م) অর্থ– অনুগ্রহ করা; দয়া করা; অনুশোচনা করা।

تَرْضٰهُ : **তুমি তা পছন্দ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلرِّضٰى ও اَلرِّضَاءُ মূলবর্ণ (ر ـ ض ـ ى) অর্থ– পছন্দ করা; সন্তুষ্ট হওয়া।

اَصْلِحْ : **তুমি সংশোধন কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

ذُرِّيَّةِ : **বংশ**। একবচন, বহুবচন– ذُرِّيَّاتٌ، ذَرَارِىُّ অর্থ– বংশধর; সন্তানসন্ততি; পরিবার। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য)

تُبْتُ : **আমি অভিমুখী হলাম/ তওবা করলাম**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ

মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। (বিস্তারিত সূরা তওবা : ৩ দেখুন)

আয়াত : ১৬

نَتَجَاوَزُ : **আমি ক্ষমা করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ج ـ و ـ ز) মাসদার اَلْمُجَاوَزَةُ অর্থ– পার করিয়ে দেওয়া। অতিক্রম করানো; ক্ষমা করা।

আয়াত : ১৭

اُفٍّ : **আফসোস; উফ; উহ্‌।** (বিস্তারিত বনী ইরসাঈল, আয়াত : ২৩ দ্রষ্টব্য)

اَلْقُرُوْنُ : **যুগ; কাল।** বহুবচন, একবচন– قَرْنٌ

وَيْلَكَ : **দুর্ভোগ তোমার জন্য!** وَيْل শব্দটির বিভিন্ন অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতা প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত করা। এ সকল অর্থে وَيْل মাসদার। আফসোস; কঠোরতা। ধমকস্বরূপ বাক্য; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকার নাম; জাহান্নামের একটি কূপের নাম। وَيْل-এর ইযাফত যখন যমীরের দিকে হয় তখন তার علامت পরিবর্তন হতে থাকে এবং وَيْل এর উপর সর্বদা নসব থাকে। যেমন– وَيْلَكُمْ ، وَيْلَكَ ইত্যাদি। তবে যদি يـاء متكلم - এর দিকে ইযাফত হয় তখন বাধ্যতামূলক তার লামকে যের দেওয়া হয়।

اَسَاطِيْرُ : **উপকথা।** বহুবচন; একবচন– اُسْطُوْرَةٌ অর্থ– রূপকথা; কাহিনী; গল্প।

اَلْاَوَّلِيْنَ : **সেকালের লোক; প্রাচীনকালের লোক।** বহুবচন; একবচন– اَلْاَوَّلُ অর্থ– প্রথম; শুরু।

আয়াত : ২০

اَذْهَبْتُمْ : **তোমরা পেয়েছ; তোমরা ভোগ করেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَال মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلْاِذْهَابُ অর্থ– নেওয়া; গ্রহণ করা; অপসারিত করা; দূর করা; ঝামেলা মুক্ত করা।

اِسْتَمْتَعْتُمْ : **তোমরা ভোগ করেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِسْتِفْعَال মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلْاِسْتِمْتَاعُ অর্থ– উপভোগ করা; উপকৃত হওয়া।

تُجْزَوْنَ : **তোমাদেরকে প্রতিদান দেওয়া হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া।

عَذَابَ الْهُوْنِ : **অবমাননাকর শাস্তি।** عَذَابَ (সূরা বাক্বারা, আয়াত : ৭ দ্রষ্টব্য)

اَلْهُوْنِ : **অবমাননা; অপদস্থতা।** এটি মাসদার ও ইসম। বাব نَصَرَ

كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ : **তোমরা ঔদ্ধত্য প্রকাশ করতে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى معروف বাব اِسْتِفْعَال মূলবর্ণ (ك ـ ب ـ ر)মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; বড়ত্ব প্রকাশ করা; ঔদ্ধত্য প্রদর্শন করা।

আয়াত : ২১

اَلْاَحْقَافِ : **আহকাফবাসী।** বহুবচন, একবচন– حَقْفٌ যার অর্থ– বালুর দীর্ঘ, উচু ও কিছুটা বাঁকানো টিলা। 'আদ সম্প্রদায়ের কেন্দ্রীয় স্থান ছিল আহকাফ। যা হাযরামাউতের উত্তরে এমনভাবে অবস্থিত যে, তার দক্ষিণে ওমান ও উত্তরে রুবেখালী অবস্থিত। যাকে মহামরু সাহারা 'আদদুহ্‌না'ও বলা হয়। এ হাযরামাউত ও নাজরানের মধ্যস্থলে রয়েছে عَاد اِرَم এর প্রসিদ্ধ সম্প্রদায়। আল্লাহ তা'আলা যাদের কাছে হযরত হূদ (আ.)-কে তাদের হেদায়েতের জন্য প্রেরণ করেছিলেন। তারা নবীর কথা মানেনি, যার পরিণতিতে আল্লাহ তাদেরকে অন্ধত্বের শাস্তি দিয়ে সমূলে ধ্বংস করেছিলেন।

قَدْ خَلَتْ : **গত হয়েছে; অতিবাহিত হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخُلُوُّ অর্থ– অতিবাহিত হওয়া; গত হওয়া; চলে যাওয়া; অতিক্রম করা; পিছনে যাওয়া।

اَلنُّذُرُ : ভীতি প্রদর্শনকারীগণ। বহুবচন, একবচন– نَذِيْرٌ অর্থ– সতর্ককারী।

আয়াত : ২২

أَجِئْتَنَا : তুমি কি আমাদের নিকট এসেছ? أ প্রশ্নবোধক। সীগাহ واحد مذكر حاضر বহছ جِئْتَ বাব ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ أ ـ ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা। نَا যমীর মাফউলে বিহী।

لِتَأْفِكَنَا : যেন তুমি আমাদেরকে নিবৃত্ত কর। আমাদের নিবৃত্ত করার জন্য। لام كي ; لام টি تَأْفِكَ সীগাহ مضارع معروف বহছ واحد مذكر حاضر বাব سَمِعَ ও ضَرَبَ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْإِفْكُ ও اَلْأَفْكُ অর্থ– মিথ্যা বলা; অপবাদ দেওয়া। এর সেলা عن আসলে অর্থ হয়– নিবৃত্ত করা; বিরত রাখা; মত পরিবর্তন করা।

اِئْتِنَا : আমাদের নিকট আন; নিয়ে আস। اِئْتِ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِتْيَانُ অর্থ– আসা। এর সেলা ب আসার কারণে অর্থ হবে– আনা; নিয়ে আসা। আর نَا যমীর মাফউলে বিহী।

আয়াত : ২৩

أُبَلِّغُكُمْ : আমি তোমাদের নিকট পৌছে দিচ্ছি। أُبَلِّغُ সীগাহ مضارع معروف বহছ واحد متكلم বাব اَلتَّبْلِيْغُ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার تَفْعِيْل অর্থ– পৌছে দেওয়া; প্রচার করা। كُم যমীর মাফউলে বিহী।

تَجْهَلُوْنَ : তোমরা মূর্খ হচ্ছ। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ج ـ ه ـ ل) মাসদার اَلْجَهْلُ وَالْجَهَالَةُ অর্থ– মূর্খ হওয়া; অজ্ঞ হওয়া।

আয়াত : ২৪

فَلَمَّا رَأَوْهُ : যখন তারা তা দেখল। رَأَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

عَارِضًا : মেঘ। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মাসদার اَلْعَرْضُ অর্থ– উপস্থাপিত করা ইত্যাদি। ইমাম রাগেব (র.) লিখেছেন– عَارِض বলা হয় তাকে যা তার দৈর্ঘ্যকে প্রদর্শন করে। শব্দটি কখনও মেঘের জন্য ব্যবহার হয়। যেমন– هٰذَا عَارِضٌ مُمْطِرُنَا (এটা মেঘ যা আমাদের উপর বর্ষণ করবে) আবার কখনো আসন্ন রোগের জন্য। যেমন– بِهٖ عَارِضٌ مِنْ سُقْمٍ (সে রোগাক্রান্ত) আবার কখনো এটি গণ্ডদেশের জন্য নির্দিষ্ট হয়। যেমন– اَخَذَ مِنْ عَارِضَيْهِ (সে তার উভয় গণ্ডদেশ দ্বারা তা নিয়েছে) কখনো দাঁতের জন্যও শব্দটি ব্যবহার হয়। যেমন হাসার সময় সম্মুখের যে দাঁতসমূহ প্রকাশ পায় তাকে عَوَارِضُ বলা হয়। তাফসীরে কাশশাফে রয়েছে– عَارِضٌ এমন মেঘমালাকে বলা হয় যা আকাশের দিগন্তে প্রতীয়মান হয়। ভাষাবিদগণের মতামত নিম্নরূপ :

১. আবূযায়েদ বলেন : عَارِضٌ হলো ঐ মেঘ যা আকাশের দিগন্তে দেখা যায়। যা جَلْب (পানিবিহীন মেঘ) -এর ন্যায়ই। তবে পার্থক্য হলো جَلْب হয় কালো আর عَارِضٌ হলো সাদা।
২. আসমায়ী বলেন : عَارِضٌ ঐ মেঘকে বলা হয় যা পূর্ণ আকাশে ছেয়ে যাওয়ার পূর্বে পাহাড়ের ন্যায় দেখা যায়।
৩. বাহেলী বলেন : আকস্মিক উদিত মেঘকে عَارِضٌ বলা হয়, যার কল্পনা কেউ করেনি।

مُمْطِرُنَا : আমাদের উপর বর্ষণকারী। مُمْطِرٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْطَارُ মূলবর্ণ (م ـ ط ـ ر) অর্থ– বৃষ্টি বর্ষণ করা।

اِسْتَعْجَلْتُمْ : তোমরা ত্বরান্বিত করেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلْاِسْتِعْجَالُ অর্থ– ত্বরান্বিত করা; তাড়াহুড়া করা।

আয়াত : ২৫

تُدَمِّرُ : ধ্বংস করে দিবে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّدْمِيْرُ মূলবর্ণ (د ـ م ـ ر) অর্থ– ধ্বংস করা; বিলিন করা; শেষ করা।

كَانُوْا يَسْتَهْزِءُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ২৭

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

حَوْلَهٗ : **তার পরিবেশ; তার আশপাশ**। حَوْلَ মাসদার মুযাফ, ৼ যমীর মুযাফ ইলাইহি। বাব نَصَرَ ; মূলত حَوْلَ অর্থ কোনো কিছু পরিবর্তন হওয়া ও অন্য থেকে পৃথক হওয়া। এ কারণেই বস্তুর ঐ পার্শ্বকে যার দিকে তা পরিবর্তন হওয়া সম্ভব তাকে حَوْلَ বলা হয়। বছরকেও এ জন্য حَوْلَ বলা হয় যে, তা পরিবর্তন হতে থাকে।

اَلْقُرٰى : **জনপদ**। গ্রাম; পল্লী। বহুবচন, একবচন– قَرْيَةٌ

صَرَّفْنَا : **আমি বারবার বিবৃত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلتَّصْرِيْفُ। অর্থ– ফিরানো; রূপান্তর করা। বারবার বর্ণনা করা।

আয়াত : ২৯

نَفَرًا : **জনবল; দলবল**। বহুবচনের অর্থে ব্যবহার হয়।

يَسْتَمِعُوْنَ : **তারা কান পেতে শোনে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– কান লাগিয়ে শোনা; মনোযোগ দিয়ে শ্রবণ করা।

اَنْصِتُوْا : **তোমরা নিশ্চুপ হয়ে যাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ت) মাসদার اَلْاِنْصَاتُ অর্থ– নিশ্চুপ হওয়া; নীরবতা পালন করা।

فَلَمَّا قُضِىَ : **যখন সমাপ্ত হলো**। قُضِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা।

فَاَصْبَحُوْا : **তারা হয়ে গেল**। **তারা প্রভাত করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– প্রভাত করা; সকাল করা; পরিণত হওয়া; হয়ে যাওয়া; ভোর হওয়া।

لَا يُرٰى : **দেখা যেত না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; চিন্তা করা।

مَسٰكِنُ : **বাসস্থান**। مَسْكِنٌ বহুবচন; একবচন– مَسْكَنٌ অর্থ– বাসস্থান। এটি ظرف مكان ;

نَجْزِىْ : **আমি পুরস্কৃত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া; পুরস্কৃত করা; বিনিময় দেওয়া।

আয়াত : ২৬

مَكَّنّٰهُمْ : **আমি তাদেরকে প্রতিষ্ঠা দিয়েছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ ك ـ ن) মাসদার اَلتَّمْكِيْنُ অর্থ– প্রতিষ্ঠিত করা।

اَفْئِدَةً : **হৃদয়; অন্তর**। বহুবচন, একবচন– فُؤَادٌ

مَا اَغْنٰى : **সে কোনো কাজে আসল না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– কাজে আসা; উপকারী হওয়া; অভাবমুক্ত করা।

كَانُوْا يَجْحَدُوْنَ : **তারা অস্বীকার করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ح ـ د) মাসদার اَلْجُحُوْدُ ও اَلْجَحْدُ অর্থ– অস্বীকার করা; অবিশ্বাস করা; কুফরি করা।

حَاقَ بِهِمْ : **উল্টে তাদের উপর পড়েছে**। حَاقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ح ـ ى ـ ق) মাসদার اَلْحَيْقُ অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া।

وَلَّوْا : তারা ফিরে গেল; চলে গেল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْلِيَةُ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করে পালানো; চলে যাওয়া; ফিরে যাওয়া।

আয়াত : ৩০

مُصَدِّقًا : সত্যায়নকারী; সমর্থনকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْدِيْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ– সত্যায়ন করা; সমর্থন করা; সত্য বলে জানা।

يَهْدِىْ : তিনি সৎপথে পরিচালিত করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; হেদায়েত দেওয়া।

আয়াত : ৩১

اَجِيْبُوْا : তোমরা সাড়া দাও। সীগাহ جمع مذكر حاضر বহছ امرحاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِجَابَةُ অর্থ– ডাকে সাড়া দেওয়া; কবুল করা; প্রশ্নের উত্তর দেওয়া।

يَغْفِرْ : তিনি ক্ষমা করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা; মার্জনা করা; মাফ করা।

يُجِرْكُمْ : তিনি তোমাদেরকে রক্ষা করবেন। يُجِرْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف যা جواب امر -এর কারণে مجزوم হয়েছে। বাব اِفْعَالٌ মূলবর্ণ(ج ـ ى ـ ر) মাসদার الاجارة অর্থ– রক্ষা করা; বাঁচানো। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৩২

وَمَنْ لَا يُجِبْ : আর যে সাড়া দিবে না। مَنْ মাউসূলাহ। لَا يُجِبْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى مجزوم বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجَابَةُ মূলবর্ণ (ج ـ و ـ ب) অর্থ– ডাকে সাড়া দেওয়া; কবুল করা; আদেশ মানা; মঞ্জুর করা প্রশ্নের উত্তর দেওয়া।

مُعْجِزٍ : ব্যর্থকারী; হীনবলকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ(ع ـ ج ـ ز) মাসদার اَلْاِعْجَازُ অর্থ– অক্ষম করা; হীনবল করা।

ضَلَالٍ : বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া। (বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬০ দ্রষ্টব্য)

আয়াত : ৩৩

اَوَلَمْ يَرَوْا : তারা কি অনুধাবন করে না? শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ يَرَوْا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; অনুধাবন করা।

لَمْ يَعْىَ : তিনি ক্লান্তি বোধ করেননি। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ى ـ ى) মাসদার اَلْعَىُّ অর্থ– ক্লান্ত হওয়া; কথা বলায় থেমে যাওয়া; ক্ষান্ত হওয়া।

قَادِرٍ : সক্ষম। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ ও سَمِعَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقُدْرَةُ ও اَلْمَقْدِرَةُ অর্থ– সক্ষম হওয়া; যোগ্য হওয়া; ক্ষমতাবান হওয়া; শক্তিশালী হওয়া।

يُحْىِ : তিনি জীবন দান করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى)অর্থ– জীবন দান করা; জীবিত করা।

আয়াত : ৩৪

يَوْمَ : দিন। একবচন, বহুবচন– اَيَّامٌ; দিবস।

يُعْرَضُ : তাকে উপস্থিত করা হবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মাসদার اَلْعَرْضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– পেশ করা; উপস্থাপন করা; হাজির করা।

ذُوْقُوْا : তোমরা আস্বাদন কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذَّوْقُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা; মনে তৃপ্তি লাভ করা।

আয়াত : ৩৫

اِصْبِرْ : তুমি ধৈর্যধারণ কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা।

اُولُوا الْعَزْمِ مِنَ الرُّسُلِ : দৃঢ়প্রতিজ্ঞ রাসূলগণ। اُولُوا ওয়ালা; বিশিষ্ট। এটি বহুবচন। এর কোনো একবচন নেই। কেউ ذُوْ-কে এর একবচন মনে করেন। رفع অবস্থায় اُولُوا আর নসব অবস্থায় اُولِى হবে।

اَلْعَزْمِ : দৃঢ়সংকল্প। এটি বাব ضَرَبَ-এর মাসদার। এখানে عَزْمٌ মাসদার مَعْزُوْمٌ অর্থে ব্যবহৃত হয়েছে। ইমাম ফখরুদ্দিন রাযী (র.) লিখেছেন- عَزْم অর্থ- সুদৃঢ় হওয়া; পরিপক্ক হওয়া।

কাজি শাওকানী (র.) ফতহুল কাদীরে লিখেছেন, কোনো কোনো মুফাসসির عَزْم অর্থ- ধৈর্যধারণও নিয়েছেন। লোগাতেও এ অর্থের সমর্থন পাওয়া যায়। বলা হয়-لِفُلَانٍ عَزْمٌ অমুকের মধ্যে গুনাহ থেকে বাঁচার ব্যাপারে ধৈর্য ও অবিচলতা রয়েছে। আয়াতেও রয়েছে-فَاصْبِرْ كَمَا صَبَرَ اُولُوا الْعَزْمِ مِنَ الرُّسُلِ এখানেও عَزْم দ্বারা ধৈর্যই উদ্দেশ্য। -(ফতহুল কাদীর খ. ৩, পৃ. ৩৫৬)

اُولُوا الْعَزْمِ দ্বারা কারা উদ্দেশ্য এ ব্যাপারে মুফাসসিরগণের মতবিরোধ রয়েছে। এতদ্‌সংক্রান্ত সর্বাধিক বিশুদ্ধ মত যা বর্ণনা করেছেন তাফসীরে রূহুল মা'আনীর গ্রন্থকার। তিনি বলেন এ আয়াতে من হলো بيانية যেমনিভাবে-فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ-এর من টি بيانية; আর হরফে জার ও মাজরূর মিলে حال-এর স্থানে হয়েছে। তখন اُولُو الْعَزْمِ দ্বারা পূর্ববর্তী সকল রাসূলগণ উদ্দেশ্য হবে। অর্থাৎ হে রাসূল! আপনিও তদ্রূপ ধৈর্যধারণ করুন যেমন ধৈর্যধারণ করেছিলেন পূর্ববর্তী রাসূলগণ এবং ওহীর বাণী প্রচার ঐরূপই করতে থাকুন যেমন কোনো বাধা-বিপত্তি তাদেরকে উক্ত কাজ থেকে বিরত রাখতে পারেনি।

আতা, কালবী, কাতাদা, আবুল আলিয়া প্রমুখের মতে এখানে من হলো تبعيضية; সে মতে اُولُوا الْعَزْمِ দ্বারা কতেক রাসূল উদ্দেশ্য। তবে তার সংখ্যা সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। আবুল ফযল বলেন, তারা হলেন ঐ ১৮ জন নবী-রাসূল যাদের আলোচনা সূরা আন'আমের বিভিন্ন স্থানে বর্ণিত হয়েছে। কারণ তার আলোচনার পরপরই আল্লাহ বলেন-فَبِهُدَاهُمُ اقْتَدِهْ (আপনি এদেরই অনুসরণ করুন) আবার কারো কারো মতে তাদের সংখ্যা হলো ৮ জন। হযরত নূহ, ইবরাহীম, ইসমাঈল, ইয়াকূব, ইউসুফ, মূসা, দাঊদ ও ঈসা (আ.)। এরা সকলেই বিশেষ ধরনের কষ্টে ধৈর্যধারণ করেছিলেন। আবার কারো কারো মতে তারা হলেন ৭ জন। কারো মতে ৬ জন।

আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) বলেন, তারা হলেন ৫ জন। নূহ, ইবরাহীম, মূসা, ঈসা ও আমাদের নবী হযরত মুহাম্মদ (স.)। তাদের সংখ্যা সম্পর্কে জনৈক কবি বলেন-

اُولُوا الْعَزْمِ نُوْحٌ وَ الْخَلِيْلُ الْمُمَجَّدُ
وَمُوْسٰى وَ عِيْسٰى وَالْحَبِيْبُ مُحَمَّدٌ

তবে এ মতটি গ্রহণ করা হলে প্রশ্ন উত্থাপিত হয় যে, তাহলে তো নবীকে বলা হচ্ছে যে আপনি আপনারই মতো ধৈর্য ধারণ করুন। যা কোনো মতেই উদ্দেশ্য নয়। সুতরাং প্রথম মতটিই সর্বাধিক বিশুদ্ধ বলে মনে হয়।

لَا تَسْتَعْجِلْ : তোমরা ত্বরা করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اَلْاِسْتِفْعَالُ মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلْاِسْتِعْجَالُ অর্থ- ত্বরান্বিত করা; তাড়াহুড়া করা; তাড়াতাড়ি করা; দ্রুত করা।

لَمْ يَلْبَثُوْا : তারা অবস্থান করেনি। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ ث) মাসদার اَللُّبْثُ অর্থ- অবস্থান করা; টিকে থাকা।

بَلٰغٌ : ঘোষণা; প্রচার করা। বার্তা; ম্যাসেজ। এটি মাসদার। অর্থ- পৌঁছানো। বাব نَصَرَ; এটি তাবলীগ অর্থে ব্যবহৃত হয়েছে।

সূরা মুহাম্মদ : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৩৮ রুকূ' : ৪

আয়াত : ১

اَلَّذِيْنَ كَفَرُوْا : **যারা কুফরি করে।** اَلَّذِيْنَ ইসমে মাওসূল كَفَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; প্রত্যাখ্যান করা; গোপন করা; বীজ বপন করা।

صَدُّوْا : **তারা নিবৃত্ত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– নিবৃত্ত করা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

আয়াত : ২

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

عَمِلُوْا : **তারা আমল করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– কাজ করা; আমল করা; সৎকর্ম করা।

اَلصّٰلِحٰتِ : **সৎকার্যসমূহ।** বহুবচন, একবচন– صَالِحَةٌ ; শব্দটি পবিত্র কুরআনের এক স্থানে শুধুমাত্র 'পুণ্যবতী মহিলাগণ' অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ (পঞ্চম পারা) বাকি সমস্ত স্থানে সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

مُحَمَّدٍ : **প্রশংসিত/ মুহাম্মদ** ﷺ। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ م ـ د) মাসদার اَلتَّحْمِيْدُ (বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য)

كَفَّرَ : **তিনি বিদূরিত করবেন, মোচন করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلتَّكْفِيْرُ অর্থ– পাপমোচন করা; মার্জনা করা।

سَيِّئَاتِ : **পাপসমূহ।** একবচন سَيِّئَةٌ অর্থ– অকল্যাণ; অমঙ্গল।

اَصْلَحَ : **সে সংশোধন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংশোধন করা; সংস্কার করা; সৎকর্ম করা।

بَالَهُمْ : **তাদের অবস্থা।** بَالَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ৩

يَضْرِبُ : **তিনি বর্ণনা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ (ض ـ ر ـ ب) অর্থ– প্রহার করা; আঘাত করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থটিই উদ্দেশ্য।

আয়াত : ৪

اِذَا لَقِيْتُمْ : **যখন তোমরা যুদ্ধে মোকাবিলা করবে; সম্মুখীন হবে।** اِذَا হরফেশর্ত, لَقِيْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَللِّقَاءُ। অর্থ– সাক্ষাৎ করা; সম্মুখীন হওয়া; মোকাবিলা করা।

اَلرِّقَابِ : **গর্দান।** رِقَابِ শব্দটি رَقَبَةٌ-এর বহুবচন। যার অর্থ– গর্দান। কিন্তু এর দ্বারা পূর্ণ মানবদেহ উদ্দেশ্য নেওয়া হয়। পরিভাষায় দাস বা গোলামকেও বলা হয়।

اِذَا اَثْخَنْتُمُوْهُمْ : **যখন তোমরা শত্রুকে সম্পূর্ণরূপে পরাভূত করবে।** اِذَا হরফেশর্ত, اَثْخَنْتُمُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِثْخَانُ মূলবর্ণ (ث ـ خ ـ ن) অর্থ– অধিক রক্তপাত ঘটানো। اِثْخَانَ فِى অর্থ কোনো কিছুতে খুব বেশি বাড়াবাড়ি করা। যেমন اِثْخَانَ فِى الْقَتْلِ হত্যায় বাড়াবাড়ি করা।

شُدُّوا : **তোমরা কষে বাঁধ; শক্ত করে বাঁধ।** সীগাহ جمع مذكر حاضر বহছ امرحاضر معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشَّدُّ অর্থ– সুদৃঢ় করা; মজবুত করা; বাঁধা।

اَلْوَثَاقَ : **বাঁধন; শৃঙ্খল; রশি।** এটি ইসম।

مَنًّا : **অনুগ্রহ করা।** এটি বাব نَصَرَ-এর মাসদার মূলবর্ণ (م ـ ن ـ ن) অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া। مَنٌّ বা অনুগ্রহের দুই অবস্থা। যথা–

ক. مَنَّت بِالْفِعْلِ অর্থাৎ নিয়ামত ও অনুগ্রহে ভরপুর করে দেওয়া। এটা আল্লাহ তা'আলার গুণ। কেননা দুনিয়াতে যত অনুগ্রহ রয়েছে সব তাঁরই সৃষ্টি।

খ. مَنَّت بِالْقَوْلِ : অর্থাৎ কথার দ্বারা অনুগ্রহ প্রকাশ করা; অনুগ্রহ করে তা বলে বেড়ানো, খোটা দেওয়া। এটা মানুষের জন্য দূষণীয়। এখানে উদ্দেশ্য হলো মুক্তিপণ ছাড়া বন্দীদেরকে মুক্ত করে দেওয়া।

فِدَاءً : **ফিদিয়া; মুক্তিপণ।** যার বিনিময়ে প্রাণ মুক্ত করা হয় তাকে فِدَاءً বা فِدْيَة বলা হয়। এ আয়াতে فِدَاءً ও مَنًّا উভয়টিই উহ্য فعل-এর مفعول مطلق হয়েছে। মূল ইবারত হবে– فَاِمَّا تَمُنُّوْنَ مَنًّا اَوْ تَفْدُوْنَ فِدَاءً মোটকথা এ আয়াতে কয়েদীদের ব্যাপারে নির্দেশ দেওয়া হয়েছে যে, হয়তো তাদের থেকে মুক্তিপণ নিয়ে তাদেরকে ছেড়ে দিবে অথবা মুক্তিপণবিহীন ছেড়ে দিবে। সূরা আনফালের আয়াতে বদরের বন্দীদেরকে মুক্তিপণ নিয়ে ছেড়ে দেওয়া নিষিদ্ধ ছিল। সুতরাং এ আয়াত দ্বারা উক্ত আয়াতের বিধান রহিত করা হয়েছে।

اَلْحَرْبُ : **যুদ্ধ।** একবচন, বহুবচন– حُرُوْبٌ

اَوْزَارَهَا : **তার অস্ত্র; তাদের বোঝা।** اَوْزَارَ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি, اَوْزَارَ শব্দটি বহুবচন, একবচন– وِزْرٌ

اِنْتَصَرَ : **তিনি শাস্তি দিবেন; প্রতিশোধ গ্রহণ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلْاِنْتِصَارُ অর্থ– সাহায্য প্রার্থনা করা; প্রতিশোধ গ্রহণ করা; প্রতিবিধান করা; শাস্তি দেওয়া।

لِيَبْلُوَا : **তোমাদেরকে পরীক্ষা করার জন্য।** ل টি لام كى সীগাহ يَبْلُوَ ; واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْبَلَاءُ অর্থ– পরীক্ষা করা; যাচাই করা। বিপদের সম্মুখীন করা।

قُتِلُوْا : **তাদেরকে হত্যা করা হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ– হত্যা করা; খুন করা।

আয়াত : ৬

عَرَّفَهَا : **তিনি জানিয়ে দিয়েছেন; সতর্ক করে দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلتَّعْرِيْفُ অর্থ– পরিচয় করিয়ে দেওয়া; সংজ্ঞা দেওয়া; জানিয়ে দেওয়া। ها যমীর মাফউলে বিহী।

আয়াত : ৭

يُثَبِّتْ : **তিনি দৃঢ় করেন; স্থির করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ث ـ ب ـ ت) মাসদার اَلتَّثْبِيْتُ অর্থ– স্থির করা; সুদৃঢ় করা; মজবুত করা।

اَقْدَامَ : **পাসমূহ।** বহুবচন, একবচন– قَدَمٌ অর্থ– পা; পদ।

আয়াত : ৮

تَعْسًا : **দুর্ভোগ; ধ্বংস।** বাব فَتَحَ ও ضَرَبَ এর মাসদার। অর্থ– উপুড় হয়ে পড়া; হোচট খাওয়া।

আয়াত : ৯

اَحْبَطَ : **তিনি নিস্ফল করেছেন।** حَبِطَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْحَبْطُ অর্থ– নিস্ফল হওয়া: নষ্ট হওয়া।

اَحْبَطَ اَعْمَالَهُمْ : **তাদের কর্ম/আমলসমূহ নিস্ফল করবেন।** اَحْبَطَ সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْاِحْبَاطُ অর্থ– নিস্ফল করা; নষ্ট করা।

আয়াত : ১০

أَفَلَمْ يَسِيْرُوْا : **তারা কি ভ্রমণ করেনি**। শুরুর হামযাটি প্রশ্নবোধক। ف আতফের জন্য। يَسِيْرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ى ـ ر) মাসদার اَلسَّيْرُ অর্থ- চলাফেরা করা; ভ্রমণ করা।

عَاقِبَةُ : **পরিণাম**। এটি মূলত বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ- পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য ব্যবহার হয়ে থাকে।

دَمَّرَ : **তিনি ধ্বংস করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّدْمِيْرُ মূলবর্ণ (د ـ م ـ ر) অর্থ- ধ্বংস করা; বিলিন করা; ব্যয় করা।

আয়াত : ১২

يَتَمَتَّعُوْنَ : **তারা ভোগ-বিলাসে মত্ত থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ অর্থ- উপভোগ করা; উপকৃত হওয়া।

اَلْاَنْعَامُ : **গবাদি পশু**। ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদিপশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامٌ বলা হবে না যতক্ষণ তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمٌ-এর বহুবচন, যার অর্থ- উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও এ শব্দটি ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمٌ বলা হয়।

مَثْوًى : **আবাসস্থল**। সীগাহ واحد বহছ ظرف مكان বহুবচন- مَثَاوِىْ অর্থ- নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল।

আয়াত : ১৩

قَرْيَةٍ : **জনপদ; গ্রাম; বস্তি**। একবচন, বহুবচন- قُرًى

قُوَّةً : **শক্তি**। একবচন; বহুবচন- قُوًى জিনস لفيف مقرون মূলবর্ণ (ق ـ و ـ ى) অর্থ- ক্ষমতা; কর্তৃত্ব; শক্তিমত্তা।

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ- ধ্বংস করা; ব্যয় করা।

আয়াত : ১৪

زُيِّنَ : **শোভন করে দেওয়া হয়েছে; সজ্জিত করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ى ـ ن) মাসদার اَلتَّزْيِيْنُ অর্থ- শোভিত করা; সজ্জিত করা।

سُوْءُ : **মন্দ; নিকৃষ্ট**। একবচন, বহুবচন- اَسْوَاءٌ অর্থ- খারাপ; মন্দ।

আয়াত : ১৫

اٰسِنٍ : **দুর্গন্ধ; পচা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ ও ضَرَبَ- سَمِعَ মূলবর্ণ (أ ـ س ـ ن) মাসদার الاسن। অর্থ- পচে যাওয়া; দুর্গন্ধ হওয়া। مَاءٍ غَيْرِ اٰسِنٍ অর্থ হলো নির্মল পানি।

خَمْرٍ : **শরাব; মদ**। আঙ্গুরের শরাব। একবচন; বহুবচন- خمور ; (বিস্তারিত ইউসুফ, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

عَسَلٍ مُصَفًّى : **পরিশোধিত মধু**। শব্দটি مذكر ও مؤنث-ই উভয়ভাবেই ব্যবহার হয়। তবে مؤنث-ই অধিক ব্যবহার হয়।

مُصَفًّى : **পরিশোধিত; পরিচ্ছন্নকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْفِيَةُ মূলবর্ণ (ص ـ ف ـ و) অর্থ- শোধন করা; পরিচ্ছন্ন করা; আলোকিত করা।

سُقُوْا : **তাদেরকে পান করতে দেওয়া হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ق ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلسَّقْىُ অর্থ- পান করানো; পরিতৃপ্ত করা।

حَمِيْمًا : **ফুটন্ত পানি**। অত্যধিক গরম পানি। মূলত حَمِيْم বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْم বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে বহুবচন اَحِمَّاءُ আসে।

قَطَّعَ : **তা ছিন্ন-বিচ্ছিন্ন করে দিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلتَّقْطِيْعُ অর্থ– কেটে টুকরা টুকরা করা।

اَمْعَائَهُمْ : **তাদের নাড়ি-ভুঁড়ি।** اَمْعَاءَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। اَمْعَاءَ বহুবচন, একবচন– مِعًى

আয়াত : ১৬

مَنْ يَّسْتَمِعُ : **যে তোমার কথা শ্রবণ করে।** مَنْ মাউসূলাহ। يَسْتَمِعُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– কান লাগিয়ে শোনা; মনোযোগ দিয়ে শ্রবণ করা।

اٰنِفًا : **এইমাত্র; এখন।** শব্দটির উৎপত্তি اَنْفٌ থেকে, যার অর্থ– অগ্রভাগ; সূচনা। যেহেতু অগ্রভাগ থেকে বস্তুর সূচনা হয় তাই اٰنِفًا অর্থ– শুরু সময়; প্রথম।

আয়াত : ১৭

هُدًى : **হেদায়াত।** এটি বাব ضَرَبَ -এর মাসদার; অর্থ– পথপ্রদর্শন করা।

طَبَعَ : **তিনি মোহর করে দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط ـ ب ـ ع) অর্থ– মোহরাঙ্কিত করা; সিল মারা। (বিস্তারিত নাহ্‌ল, আয়াত : ১০৮ দ্রষ্টব্য)

تَقْوٰهُمْ : **তাদের তাকওয়া।** هُمْ মুযাফ تَقْوٰى মুযাফ ইলাইহি। পরিভাষায় تَقْوٰى বলা হয় প্রবৃত্তিকে এমন বিষয় থেকে রক্ষা করা যার আশংকা করা হয়। কিন্তু কখনো تَقْوٰى কে خَوْف আবার কখনো تَقْوٰى কে مُسَبَّبْ বলা হয়। যেমনিভাবে سَبَبْ বলে خَوْف আবার مُسَبَّبْ বলে سَبَبْ উদ্দেশ্য নেওয়া হয়। শরিয়তের পরিভাষায় تَقْوٰى বলা হয় আত্মাকে এমন বস্তু থেকে রক্ষা করা যা পাপের দিকে নিয়ে যায়। এটা নিষিদ্ধ বস্তু থেকে বিরত থাকার দ্বারা অর্জিত হয়, তবে পূর্ণাঙ্গ রূপ লাভ করে তখনই যখন কিছু কিছু বৈধ বিষয়কেও বর্জন করা হয়। ওলামায়ে কেরাম বলেছেন– تَقْوٰى -এর তিনটি স্তর রয়েছে। নিম্ন, মধ্য ও উচ্চ। সর্বনিম্ন স্তরের তাকওয়া হলো ঈমান গ্রহণ করা। যার দ্বারা মানুষ জাহান্নামের স্থায়ী শাস্তি থেকে বাঁচতে পারে। মধ্যস্তরের তাকওয়া হলো এমন বিষয়কে বর্জন করা যা করা দ্বারা মানুষকে গুনাগার বানিয়ে দেয়। সুতরাং সগিরা গুনাহ বারবার করা যাবে না এবং কবিরা গুনাহ পূর্ণরূপে বর্জন করতে হবে আর উচ্চস্তরের তাকওয়া হলো আত্মাকে এমন বিষয় থেকে সংরক্ষণ করা যা আল্লাহ ব্যতীত অন্য কিছুতে লিপ্ত করে দেয়। এটা তাকওয়ার বাস্তব স্তর।

আয়াত : ১৮

هَلْ يَنْظُرُوْنَ : **তারা তো শুধু এরই প্রতীক্ষা করে।** يَنْظُرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দৃষ্টি দেওয়া; দেখা; প্রতীক্ষা করা। هل প্রশ্নবোধক; তবে এখানে না-বাচকের জন্য ব্যবহার হয়েছে এবং এর পরে لا আসার কারণে তাকীদের অর্থ হয়েছে।

تَأْتِيَهُمْ : **তাদের নিকট আসবে।** تَأْتِىَ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা।

اَشْرَاطُهَا : **কিয়ামতের লক্ষণসমূহ।** اَشْرَاطٌ বহুবচন, একবচন– شَرْطٌ ; অর্থ– চিহ্ন; লক্ষণ; আলামত সাধারণত কিয়ামতের আলামতের জন্য এ শব্দটি ব্যবহার হয়।

আয়াত : ১৯

اِسْتَغْفِرْ : **আপনি ক্ষমা প্রার্থনা করুন।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমাপ্রার্থনা করা।

مُتَقَلَّبَكُمْ : **তোমাদের গতিবিধি; তোমাদের ঘোরাফেরার স্থান।** مُتَقَلَّبَ যরফে মাকান, মুযাফ كم যমীর মুযাফ ইলাইহি। বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّقَلُّبُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– ঘোরাফেরা করা; স্থানান্তরিত হওয়া; উলট-পালট হওয়া।

مَثْوٰىكُمْ : তাদের বাসস্থান; তাদের অবস্থান। مَثْوٰى ظرف مكان মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। একবচন; বহুবচন- مَثَاوِىُّ অর্থ- দীর্ঘসময় অবস্থানের স্থান। اَبُو الْمَثْوٰى অতিথি; স্বাগতিক। اُمُّ الْمَثْوٰى মহিলা স্বাগতিক।

আয়াত : ২০

سُوْرَةٌ : সূরা। একবচন, বহুবচন- سُوَرٌ ; (বিস্তারিত সূরা নূর, আয়াত : ১ দ্রষ্টব্য)

مُحْكَمَةٌ : দ্ব্যর্থহীন। সুদৃঢ়। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْاِحْكَامُ অর্থ- দৃঢ় করা। (বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৭ দ্রষ্টব্য)

اَلْمَغْشِىِّ عَلَيْهِ : বিহ্বল; মসিত, সংজ্ঞাহীন ব্যক্তি। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ى) মাসদার اَلْغَشْىُ ও اَلْغِشَاوَةُ অর্থ- আচ্ছাদিত করা; ছেয়ে যাওয়া।

اَلْحَقْنَا : **আমি অন্তর্ভুক্ত করেছি; আমি জুড়ে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ح ـ ق) মাসদার اَلْاِلْحَاقُ অর্থ– অন্তর্ভুক্ত করা; যুক্ত করা।

مَا اَلَتْنٰهُمْ : **আমি কিছুমাত্র হ্রাস করব না**। সীগাহ جمع متكلم বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ا ـ ل ـ ت) মাসদার اَلْاَلْتُ ও اَلْاَلَتُ অর্থ– হ্রাস করা; কম করা।

رَهِيْنٌ : **দায়ী; দায়বদ্ধ**। এটি فَعِيْلٌ -এর ওযনে مفعل অর্থে صفت مشبه -এর সীগাহ। বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ه ـ ن) মাসদার اَلرَّهْنُ অর্থ– বন্ধক রাখা। ইমাম রাগেব (র.) লিখেছেন– فَعِيْلٌ টি رَهِيْنٌ -এর ওযনে فاعل অর্থে ব্যবহৃত। অর্থাৎ ثَابِتٌ مُقِيْمٌ অর্থাৎ সকলে তাদের কৃতকর্মের কারণে আবদ্ধ থাকবে।

আয়াত : ২২

اَمْدَدْنٰهُمْ : **আমি তাদেরকে দিয়েছি; সাহায্য করেছি; শক্তি দিয়েছি**। اَمْدَدْنَا সীগাহ جمع متكلم বহছ

(م ـ د ـ د) মূলবর্ণ اِفْعَالٌ বাব مَاضِى مَعْرُوف মাসদার اَلْاِمْدَادُ অর্থ- সাহায্য করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

فَاكِهَةٍ : **ফলমূল**। সীগাহ اسم فاعل واحد مذكر বহছ শেষের تاء মুবালাগার জন্য। তাছাড়া فَاكِهَةٌ হাসিমুখ ও রসিক ব্যক্তিকেও বলা হয়। -(কামূস) অনেকে আঙ্গুর ও আনারকে فَاكِهَة -এর মধ্যে অন্তর্ভুক্ত করেন না। -(খাযেন)

يَشْتَهُوْنَ : **তারা চাইবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাবে اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِهَاءُ মূলবর্ণ (ش ـ ه ـ و) অর্থ- কামনা করা; আকাঙ্ক্ষা করা।

আয়াত : ২৩

يَتَنَازَعُوْنَ : **তারা পরস্পরে বিতর্ক করছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلتَّنَازُعُ অর্থ- পরস্পর বিতর্ক করা।

كَأْسًا : **পাত্র; পানপাত্র; সুরাপূর্ণ পাত্র**। একবচন, বহুবচন- اَكْؤُسٌ- كُؤُسٌ - كِيَاسٌ - كَاسَاتٌ ; অর্থ- শরাব বা শরবতপূর্ণ পাত্র; গ্লাস। আভিধানিকভাবে পাত্রে মদ বা শরবত না থাকলে তাকে كَأْسٌ বলা হয় না; বরং তাকে اِبْرِيْقٌ বা كُوْبٌ বলা হবে। কিন্তু অধিক ব্যবহারের ফলে كَأْسٌ -এর ব্যবহার ظَرْفٌ ও مَظْرُوْفٌ তথা পাত্র এবং পাত্রে রাখা বস্তু উভয়ের জন্য হয়ে থাকে। -(রাগেব) আলোচ্য আয়াতে كَأْسًا দ্বারা মদ উদ্দেশ্য।

لَغْوٌ : **অনর্থক কথা; অসার কথা**।

تَأْثِيْمٌ : **পাপকর্মে লিপ্ত হওয়া**। এটি বাব تَفْعِيْل -এর মাসদার।

আয়াত : ২৪

يَطُوْفُ : **প্রদক্ষিণ করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلطَّوْفُ ও اَلطَّوَافُ মূলবর্ণ (ط ـ و ـ ف) অর্থ- প্রদক্ষিণ করা; তওয়াফ করা; কোনো কিছুর চতুর্দিকে ঘোরা; ঘুরে ঘুরে পরিবেশন করা।

غِلْمَانٌ : **কিশোর; বালক**। বহুবচন, একবচন- غُلَامٌ ; কারো কারো মতে غِلْمَانٌ দ্বারা উদ্দেশ্য হলো জান্নাতের একপ্রকার নিয়ামত যা সুদর্শন বালকদের আকৃতিতে হবে।

مَكْنُوْنٌ : **সুরক্ষিত**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ن ـ ن) মাসদার اَلْكَنُّ ও اَلْكُنُوْنُ অর্থ- লুকানো; সংরক্ষণ করা; হেফাজত করা।

আয়াত : ২৫

اَقْبَلَ : **তারা সামনাসামনি হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْبَالُ মূলবর্ণ (ق ـ ب ـ ل) অর্থ- সম্মুখে আসা। অগ্রসর হওয়া। সামনাসামনি হওয়া।

يَتَسَاءَلُوْنَ : **তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلتَّسَاؤُلُ অর্থ- একে অন্যের কাছে জিজ্ঞাসা করা/ একে অপরের খোঁজখবর নেওয়া।

আয়াত : ২৬

مُشْفِقِيْنَ : **আতঙ্কগ্রস্ত/ ভীত-সন্ত্রস্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْفَاقُ মূলবর্ণ (ش ـ ف ـ ق) অর্থ- ভয় করা। মূলত শব্দটি شَفَقٌ থেকে উদগত হয়েছে। যার অর্থ- সূর্যাস্তকালীন সূর্যের আলো অন্ধকারের সাথে মিশ্রিত হওয়া। এ কারণেই যে ভালোবাসা ভয়ের সাথে মিশ্রিত তাকে شَفْقَتٌ বলা হয়। বাব اِفْعَال এ اِشْفَاقٌ অর্থ এমনভাবে ভালোবাসা যার সাথে ভয়ও বিদ্যমান থাকে। এ অর্থের মধ্যে দুটি অংশ রয়েছে। ভালোবাসা ও ভয়। সুতরাং যদি এর পরে مِنْ আসে তখন ভয় অর্থ হবে। যেমন اَشْفَقَ مِنْهُ তাকে ভয় করেছে। আর যদি তারপরে فِىْ বা عَلٰى উল্লেখ থাকে তখন ভালোবাসার অর্থ অধিক প্রকাশ করে। (রাগেব, মুফরাদাতুল কুরআন)

আয়াত : ২৭

مَنَّ : **তিনি অনুগ্রহ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার اَلْمَنُّ অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া। مَنَّ বা অনুগ্রহের দুই অবস্থা। যথা–

ক. مَنَّتْ بِالْفِعْلِ অর্থাৎ নিয়ামত ও অনুগ্রহে ভরপুর করে দেওয়া। এটা আল্লাহ তা'আলার গুণ। কেননা দুনিয়াতে আল্লাহ তা'আলার যত অনুগ্রহ রয়েছে সব তারই সৃষ্টি।

খ. مَنَّتْ بِالْقَوْلِ : অর্থাৎ কথার দ্বারা অনুগ্রহ প্রকাশ করা; অনুগ্রহ করে তা বলে বেড়ানো, খোটা দেওয়া। এটা মানুষের জন্য দূষণীয়। এখানে এ অর্থই উদ্দেশ্য।

وَقٰنَا : **তিনি আমাদেরকে রক্ষা করেছেন**। وَقٰى সীগাহ ضَرَبَ বাব ماضى معروف বহছ واحد مذكر غائب মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْوِقَايَةُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা; সংরক্ষণ করা। نَا যমীর মাফঊলে বিহী।

اَلسَّمُوْمِ : **অত্যুষ্ণ**। এটি ইসম ও স্ত্রীলিঙ্গ। বহুবচন– سَمَائِمُ অর্থ– বিষের ন্যায় ক্রিয়া সৃষ্টিকারী বাতাস; ।

আয়াত : ২৮

كُنَّا نَدْعُوْ : **আমরা আহ্বান করতাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى استمرارى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– ডাকা; আহ্বান করা।

اَلْبَرُّ : **কৃপাময়**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبة মাসদার اَلْبِرُّ অর্থ– কল্যাণকর কাজ করা; ভালো কাজ করা। بَرٌّ-এর নিসবত আল্লাহর দিকে হলে অর্থ হবে– ছওয়াব দেওয়া, আর বান্দার দিকে হলে অর্থ হবে আনুগত্য করা।

اَلرَّحِيْمُ : **পরম দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; فَعِيْلٌ-এর ওযনে। বহুবচন رُحَمَاءُ (বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য) اَلرَّحِيْمُ ও اَلْبَرُّ এ দুটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ২৯

ذَكِّرْ : **তুমি উপদেশ দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّذْكِيْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ দেওয়া।

كَاهِنٍ : **গণক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ ও نَصَرَ - فَتَحَ মাসদার اَلْكَهَانَةُ ও لْكُهَانَةُ ভবিষ্যদ্বাণী করা; ভাগ্য নির্ণয় করা; ভাগ্য গণনা করা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে নিজের ধারণার উপর ভিত্তি করে বানিয়ে কথা বলে তাকে كَاهِنٌ বলা হয়। আর যে নিজের ধারণায় ভবিষদ্বাণী করে বা ভবিষ্যৎ সম্পর্কে সংবাদ দেয় তাকে বলা হয় عَرَّافٌ ; হাদীসে রয়েছে–

مَنْ اَتٰى عَرَّافًا اَوْ كَاهِنًا مُصَدِّقًا بِمَا قَالَ فَقَدْ كَفَرَ بِمَا اُنْزِلَ عَلٰى اَبِى الْقَاسِمِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

(যে ভবিষ্যদ্বক্তা ও গণকের কথায় বিশ্বাস করে তার নিকট যায় সে এই কুরআনকে অস্বীকার করল যা মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে।) মাজ মাউল বিহার গ্রন্থকারের মতে, যে ব্যক্তি গোপন রহস্য জানার দাবি করে এবং ভবিষ্যত বিষয় সম্পর্কে সংবাদ দেয় তাকে كَاهِنٌ বলা হয়। আর যারা আলামত, চিহ্ন ও নিদর্শন ইত্যাদি দেখে মত প্রদান করত এবং নিজেদেরকে অদৃশ্যের সংবাদ জানার দাবি করত এবং চুরি হওয়া জিনিসের সন্ধান দিত তাদেরকে বলা হয় عَرَّافٌ

مَجْنُوْنٍ : **উন্মাদ; পাগল**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول ; অর্থ– জিনগ্রস্ত। জিন যাকে শিক্ষা দিয়েছে। যার জ্ঞানের উপর রোগ বা কোনো কিছুর পর্দা পড়েছে।

আয়াত : ৩০

شَاعِرٌ : **কবি**। একবচন, বহুবচন– شُعَرَاءُ ;

نَتَرَبَّصُ : **আমরা প্রতীক্ষা করছি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَبُّصُ মূলবর্ণ (ر ـ ب ـ ص) অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা; পথ চেয়ে থাকা।

رَيْبَ الْمَنُوْنِ : **মৃত্যু-দুর্ঘটনা; কালের দুর্যোগ**। رَيْبٌ বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ সন্দেহ ও সংশয়ে নিপতিত করা। ইমাম রাগেব (র.) লিখেছেন–اَلرَّيْبُ اَنْ تَتَوَهَّمَ بِالشَّيْئِ اَمْرًا مَا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمَهُ অর্থাৎ কোনো বিষয়ে তোমার একরকম সন্দেহ হয়েছে অথচ বাস্তবে দেখা গেল যে বিষয়টি সে রকম নয়, এরকম হলে তাকে رَيْبٌ বলা হয়। কালের দুর্যোগের সময়ের ব্যাপারেও সন্দেহ থাকে যে, না জানি তা কখন এসে পড়ে। এ কারণেই যখন কালের সাথে رَيْبٌ-এর ব্যবহার হয় তখন তার অর্থ হয় কালের দুর্যোগ; দৈব দুর্বিপাক। যেমন এ আয়াতে ইরশাদ হচ্ছে نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ (আমরা তার উপর কালের দুর্যোগের প্রতীক্ষা করছি।)

আয়াত : ৩১

تَرَبَّصُوْا : **তোমরা প্রতীক্ষা কর**। সীগাহ جمع مذكر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص) মাসদার اَلتَّرَبُّصُ অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

مُتَرَبِّصِيْنَ : **প্রতীক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص) মাসদার اَلتَّرَبُّصُ অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা। মূলত مُتَتَرَبِّصٌ ছিল। সহজিকরণার্থে একটি تاء কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ৩২

تَأْمُرُهُمْ : **তাদেরকে প্ররোচিত করে; পরামর্শ দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف তَأْمُرُ বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া; পরামর্শ দেওয়া; প্ররোচিত করা। هم যমীর মাফঊলে বিহী।

اَحْلَامُهُمْ : **তাদের বুদ্ধি**। اَحْلَامٌ শব্দটি حِلْمٌ (ح বর্ণে যের) -এর বহুবচন। যার প্রকৃত অর্থ– সহনশীলতা; মূলত সহনশীলতা বুদ্ধির কারণেই হয়ে থাকে তাই حِلْم-এর অর্থ বুদ্ধিও হয়ে থাকে। এখানে এ অর্থই হয়েছে। অপরদিকে ح বর্ণে পেশ (حُلُم) -এর বহুবচন হলে অর্থ হবে– স্বপ্ন।

طَاغُوْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ غ ـ ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা; অমান্য করা। এ মাসদারের ফে'লটি যখন وَاوِىٌّ হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغٰى فَتَحَ ও سَمِعَ ; يَطْغُوْ طُغْيَانًا আর يائى হলে বাব থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৩৩

تَقَوَّلَ : **সে নিজে রচনা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّقَوُّلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– নিজের পক্ষ থেকে কথা বানিয়ে অন্যের দিকে সম্পৃক্ত করা।

আয়াত : ৩৭

خَزَائِنُ : **ধন-ভাণ্ডার**। خَزِيْنَةٌ-এর বহুবচন।

اَلْمُصَيْطِرُوْنَ : **সমুদয়ের নিয়ন্তা; দায়িত্বশীল; পর্যবেক্ষক**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَعْلَلَ মূলবর্ণ (ص ـ ى ـ ط ـ ر) মাসদার اَلصَّيْطَرَةُ অর্থ– যা মূলত سَيْطَرَةٌ ছিল। অর্থ– নিযুক্ত হওয়া; নিয়োগ করা।

আয়াত : ৩৮

سُلَّمٌ : **সিঁড়ি**। একবচন, বহুবচন–سَلَالِيْمُ - سَلَالِمُ অর্থ– সোপান; ধাপ।

مُسْتَمِعُهُمْ : **তাদের শ্রোতা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– শ্রবণ করা; শোনা।

سُلْطَانٍ : **সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য**। তাজুল 'আরূসে রয়েছে سُلْطَانٌ অর্থ– দলিল ও সনদ। (বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য)

আয়াত : ৪০

مَغْرَمٍ مُّثْقَلُوْنَ : **দুর্বহ বোঝা**। مغرم শব্দটি ইসমে মাসদার। অর্থ– ক্ষতিপূরণ; জরিমানা। مُثْقَلُوْنَ :

সীগাহ جمع مذكر বহছ اسم مفعول মাসদার
অর্থ- اِفْعَالٌ বাব (ث ـ ق ـ ل) মূলবর্ণ اَلْإِثْقَالُ
বোঝা চাপিয়ে দেওয়া। বোঝার মতো কোনো কিছু
চাপিয়ে দেওয়া।

আয়াত : ৪২

كَيْدًا : **ষড়যন্ত্র**। এটি ইসম ও মাসদার। বাব ضَرَبَ অর্থ-
ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো
উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْر ও اِسْتِدْرَاجٌ -
এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে
থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র
কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে
হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয়
অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

اَلْمَكِيْدُوْنَ : **ষড়যন্ত্রের শিকার;**। সীগাহ جمع مذكر
বহছ اسم مفعول বাব ضَرَبَ মাসদার اَلْكَيْدُ মূলবর্ণ
(ك ـ ى ـ د) অর্থ- চক্রান্ত করা; ষড়যন্ত্র করা; ফন্দি
করা; কৌশল করা।

আয়াত : ৪৪

كِسْفًا : **খণ্ড-বিখণ্ড করে**। বহুবচন; একবচন- كِسَفَةٌ
অর্থ- টুকরা টুকরা।

سَاقِطًا : **নিপাতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم
فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ق ـ ط) মাসদার
اَلْإِسْقَاطُ অর্থ- ফেলা; নিপাত করা।

مَرْكُوْمٌ : **পুঞ্জিভূত**। সীগাহ واحد مذكر বহছ اسم
مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ك ـ م) মাসদার اَلرَّكْمُ
অর্থ- পরতে পরতে জমা; পুঞ্জিভূত মেঘ।

আয়াত : ৪৫

ذَرْهُمْ : **তুমি তাদেরকে উপেক্ষা করে চল; পরিহার কর;
ছেড়ে দাও**। (এখানে অর্থ তাদেরকে মগ্ন হতে দাও)
ذَرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف
বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ-
থাকতে দেওয়া; ছেড়ে দেওয়া; পরিহার করা। এ
অর্থে فعل مضارع ও امر, نهى ব্যতীত অন্য কোনো
সীগাহ গঠিত হয় না।

يُلْقُوْا : **তারা সম্মুখীন হবে**। সীগাহ جمع مذكر غائب
বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার
اَلْمُلَاقَاةُ মূলবর্ণ (ل ـ ق ـ ي) অর্থ- সাক্ষাৎ করা;
সম্মুখীন হওয়া।

يُصْعَقُوْنَ : **তারা হতচেতন হবে; সংজ্ঞাহীন হবে**।
সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব
سَمِعَ মূলবর্ণ (ص ـ ع ـ ق) মাসদার اَلصَّعْقُ অর্থ-
যার অর্থ বজ্রধ্বনির কারণে সংজ্ঞাহীন হওয়া ও মরে
যাওয়া। বেহুঁশ হওয়া। কেউ কেউ يُصْعَقُوْنَ অর্থ
করেছেন يَمُوْتُوْنَ আবার কেউ করেছেন- يُهْلَكُوْنَ

আয়াত : ৪৬

لَا يُغْنِيْ : **সে উপকারে আসে না**। সীগাহ واحد مذكر
বহছ نفى فعل مضارع معروف غائب বাব اِفْعَالٌ
মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস ناقص يائى মাসদার
اَلْإِغْنَاءُ অর্থ- উপকারে আসা; কাজে আসা।
অমুখাপেক্ষী করা।

আয়াত : ৪৮

اَعْيُنِنَا : **আমাদের চক্ষু**। اَعْيُنٌ মুযাফ نَا যমীর মুযাফ
ইলাইহি। এটি বহুবচন, একবচন- عَيْنٌ অর্থ- চক্ষু;
চোখ; ঝরনা; দৃষ্টি।

سَبِّحْ : **তুমি মহিমা ঘোষণা কর**। সীগাহ واحد مذكر
حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ
মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ-
পবিত্রতা বর্ণনা করা। মহিমা ঘোষণা করা।

حِيْنَ تَقُوْمُ : **যখন তুমি শয্যা ত্যাগ করবে;
দণ্ডায়মান হবে**।

حِيْنَ : **সময়; কাল**। বহুবচন- اَحْيَانٌ (বিস্তারিত সূরা
বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য) تَقُوْمُ সীগাহ واحد
مذكر حاضر বহছ مضارع معروف বাবে نَصَرَ
মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাঁড়ানো।

আয়াত : ৪৯

اِدْبَارَ النُّجُوْمِ : **তারকার অস্তগমনের পর**। اِدْبَارٌ বাব
اِفْعَالٌ-এর মাসদার। অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা; পিছনে
যাওয়া। পরে হওয়া। اَلنُّجُوْمُ অর্থ- তারকা; নক্ষত্র।
এটি বহুবচন, একবচন- نَجْمٌ

সূরা নাজ্ম : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৬২ রুকূ' : ৩

আয়াত : ১

اَلنَّجْمِ : **নক্ষত্র**। এটি ইসমে জিন্‌স। একবচন, বহুবচন– اَلنُّجُوْمُ ; কারো কারো মতে এর দ্বারা কৃত্তিকা নক্ষত্রপুঞ্জ, সপ্তর্ষিমণ্ডল/শিশুমার বা মকররাশি এ তিনটি নক্ষত্র উদ্দেশ্য। –(মাদারেক) মুজাহিদ (র.) থেকে বর্ণিত আছে, যে কোনো নক্ষত্র উদ্দেশ্য। অধিকাংশ মুফাসসিরগণের মতে কৃত্তিকা নক্ষত্রপুঞ্জ উদ্দেশ্য। কারো মতে শনিগ্রহ উদ্দেশ্য।

اِذَا هَوٰى : **যখন তা অস্তমিত**। اِذَا হরফে শর্ত। هَوٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ و ـ ى) মাসদার اَلْهَوِىُّ অর্থ– পতিত হওয়া; অদৃশ্য হওয়া।

আয়াত : ২

مَا ضَلَّ : **বিভ্রান্ত নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০৮ দ্রষ্টব্য)

صَاحِبُكُمْ : **তোমাদের সঙ্গি; সাথী/ সহচর**। বহুবচন– صحابة ও اصحاب সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ح ـ ب) মাসদার اَلصُّحْبَةُ অর্থ– সঙ্গি হওয়া; সঙ্গ দেওয়া।

مَا غَوٰى : **সে বিপথগামী নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ و ـ ى) মাসদার اَلْغَىُّ ও اَلْغَوَايَةُ অর্থ– বিভ্রান্ত করা; ভ্রমে পতিত করা।

আয়াত : ৩

مَا يَنْطِقُ : **তিনি কথা বলেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ط ـ ق) মাসদার اَلنُّطْقُ অর্থ– কথা বলা।

هَوٰى : **মনগড়া; প্রবৃত্তি; খেয়াল-খুশি**। মাসদার, বাব ضَرَبَ-এর মাসদার মূলবর্ণ (ه ـ و ـ ى) অর্থ– প্রবৃত্তির অনুসরণ করা, প্রবৃত্তির দিকে ধাবিত হওয়া।

আয়াত : ৪

وَحْىٌ : **ওহী; প্রত্যাদেশ; ঐশীবাণী**। এটি বাব ضَرَبَ - এর মাসদার ইশারা করা; ইঙ্গিতে কথা বলা; নির্দেশ দেওয়া। বাব اِفْعَالٌ থেকে মাসদার اَلْاِيْحَاءُ অর্থ– ইঙ্গিতে কথা বলা; অন্তরে কথা ঢেলে দেওয়া; শিক্ষা দেওয়া; বুঝানো; ফেরেশতার মাধ্যমে বা অদৃশ্য আওয়াজের মাধ্যমে নবী-রাসূলগণের উপর আল্লাহর পয়গাম প্রেরণ করা; অন্তরে কুমন্ত্রণা সৃষ্টি করা; প্ররোচিত করা, ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। এর সংজ্ঞা সম্পর্কে আল্লামা বায়যাভী (র.) বলেন, "এমন গোপন কথা যা সহজে বুঝে আসে তাকে وَحْىٌ বলা হয়।" ইমাম রাগেব (র.) বলেন , আল্লাহর এমন কথা যা নবী ও ওলীগণের উপর অর্পণ করা হয় তাকে ওহী বলা হয়। ইমাম বায়যাভীর সংজ্ঞা অনুযায়ী শয়তানের ওহীও অন্তর্ভুক্ত হয়ে যায়; তাই বলা হয় সেখানেও আল্লাহর বাণী উদ্দেশ্য, মূলত তিনি وَحْىٌ - এর শাব্দিক সংজ্ঞা বর্ণনা করেছেন, পারিভাষিক নয়। এ কারণেই তাফসিরবিদগণ وَحْىٌ-এর ব্যাখ্যায় مِنَ اللّٰهِ لَا مِنْ قِبَلِ نَفْسِىْ শব্দ যুক্ত করে থাকেন।

يُوْحٰى : **সে প্রত্যাদিষ্ট হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; বার্তা পাঠানো; প্রত্যাদেশ করা।

আয়াত : ৫

عَلَّمَهٗ : **তিনি তাকে শিক্ষা দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া; তালীম দেওয়া।

شَدِيْدُ : **কঠোর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; তীব্র হওয়া; প্রচণ্ড হওয়া।

اَلْقُوٰى : **শক্তি**। বহুবচন, একবচন– قُوَّةٌ

আয়াত : ৬

ذُوْ مِرَّةٍ : **প্রজ্ঞাসম্পন্ন**। ذُوْ ওয়ালা; অধিকারী; সম্পন্ন; বিশিষ্ট ইত্যাদি অর্থের জন্য আসে। এটি اَسْمَاءُ سِتَّةٌ -এর একটি। যা اسم ظاهر-এর দিকে مُكَبَّرَةٌ মুযাফ হয়ে ব্যবহার হয়। যমীরের দিকে মুযাফ হয় না। এর দ্বিবচন, বহুবচনও আসে। ذُوْ ও صَاحِبٌ একই অর্থবোধক। তবে ذُوْ দ্বারা ইযাফত صَاحِبٌ -এর তুলনায় অধিক অলংকারপূর্ণ ও সম্মানজনক হয়ে থাকে। (ذُوْ সম্পর্কে বিস্তারিত সূরা আন'আম, আয়াত : ২৯ দ্রষ্টব্য)

مِرَّةٍ : **শক্তি ও শারীরিক গঠন। সৌন্দর্য।** [হযরত ইবনে আব্বাস (রা.)] শারীরিক গঠন, হ্যান্ডসাম, প্রকৃতিগতভাবে শক্তিশালী, আকৃতিতে অপরূপ সুন্দর, জ্ঞান ও বুদ্ধিতে পূর্ণতাপ্রাপ্ত। –(কাতাদাহ (র.)

اِسْتَوٰى : **তিনি সোজা হয়ে গেলেন; স্থির হয়েছেন; সমাসীন হয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلْاِسْتِوَاءُ এটি যখন عَلٰى দ্বারা মুতাআদ্দী হয় তখন এর অর্থ হয়– স্থিতিশীল হওয়া; উঁচুতে উঠা; সমাসীন হওয়া। যেমন– ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ (তিনি আরশে সমাসীন হয়েছেন; স্থিতিশীল হয়েছেন) আর যদি اِلٰى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয়– ইচ্ছা করা। যেমন– ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ (অতঃপর তিনি আকাশের প্রতি ইচ্ছা করলেন) এবং এর যখন দুটি فاعل হয় তখন অর্থ হয়– উভয়টি সমান হওয়া। যেমন– لَا يَسْتَوِى الْخَبِيْثُ وَالطَّيِّبُ (নাপাক ও পাক সমান নয়)

আয়াত : ৭

بِالْاُفُقِ الْاَعْلٰى : **ঊর্ধ্বদিগন্তে।** اٰفَاقٌ বহুবচন, একবচন اُفُقٌ অর্থ– প্রান্ত; দিগন্ত। আকাশের ঐ দিগন্ত বা প্রান্ত যেখানে আকাশ মাটিতে মিশে গেছে বলে মনে হয়। হযরত ইবনে আব্বাস (রা.) اُفُقٌ اَعْلٰى -এর অর্থ– করেছেন সূর্যোদয়ের স্থান; উদয়াচল। কাতাদাহ ও মুজাহিদ ও একই অর্থ করেছেন। এখানে রাসূল ﷺ হযরত জিবরাঈল (আ.)-কে তাঁর পূর্ণ অবয়বে দেখেছিলেন।

আয়াত : ৮

دَنٰى : **সে নিকটবর্তী হলো।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ– নিকটবর্তী হওয়া; কাছে আসা।

تَدَلّٰى : **সে নেমে এলো; ঝুঁকে পড়ল; অধিক নিকটবর্তী হলো।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّدَلِّىْ অর্থ– নিকটবর্তী হওয়া; ঝুলে পড়া।

আয়াত : ৯

قَابَ قَوْسَيْنِ : **দুই ধনুকের মধ্যবর্তী দূরত্ব।** قَابَ বলা হয় ধনুকের কাঠ এবং এর বিপরীত ধনুকের সুতার মধ্যবর্তী ব্যবধানকে। এর ব্যবধান আনুমানিক একহাত হয়ে থাকে। قَوْسَيْنِ দ্বি-বচন, একবচন قَوْسٌ ; অর্থ– ধনুক। এখানে জিবরাঈল ও রাসূল ﷺ -এর মধ্যবর্তী দূরত্ব বুঝানোর জন্য قَابَ قَوْسَيْنِ বলার কারণ সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। যথা–

১. আরবগণ কোনো কিছুর দূরত্বের পরিমাণ বুঝাবার জন্য বিভিন্ন শব্দ ব্যবহার করে। যেমন– ধনুক পরিমাণ, এক বর্শা পরিমাণ, অর্ধহাত পরিমাণ; আঙ্গুল পরিমাণ ইত্যাদি। সুতরাং উভয়ের মাঝের দূরত্ব যে খুব কম ছিল তা বুঝানো উদ্দেশ্য।

২. আরবদের একটি বিশেষ অভ্যাস ছিল যখন দুই ব্যক্তি গভীর বন্ধুত্বের সম্পর্ক স্থাপনের চুক্তি করত তখন উভয়ে তাদের ধনুক বের করে এমনভাবে মিলিয়ে রাখত যে, উভয় ধনুকের হাতল, কোণ, তন্তু মিলে একাকার হয়ে যেত। উভয়ের মাঝে কোনো দূরত্ব ও ব্যবধান অবশিষ্ট থাকত না। অতঃপর উভয় ধনুক মিলিয়ে একটি তীর নিক্ষেপ করা হতো। উদ্দেশ্য হতো যে, তারা উভয়ে এই ধনুকদ্বয়ের ন্যায় হয়ে গেছে। এখন থেকে তারা উভয়ে সকল বিষয় যেমন শত্রুর মোকাবিলা, সন্ধি, ইত্যাদি একাত্ম হয়ে সম্পন্ন করবে। এ সুরতে জিবরাঈল ও রাসূল ﷺ -এর মাঝে কোনোই দূরত্ব ছিল না।

اَدْنٰى : **অধিক নিকটবর্তী।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ– নিকটবর্তী হওয়া।

আয়াত : ১১

فُؤَادُ : **হৃদয়**। একবচন, বহুবচন– اَفْئِدَةٌ অর্থ– মন; অন্তর; হৃদয়। আরবি অভিধানমতে এটি تَفَؤُّد থেকে উদ্ভূত। যার অর্থ– আলোকিত হওয়া। অন্তর যেহেতু সকল প্রকার ইলম ও মারেফাতের নূরের কেন্দ্রবিন্দু, তাই তাকে فُؤَادٌ বলা হয়।

مَا رَأٰى : **যা সে দেখল**। مَا মাউসূলাহ। رَأٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

আয়াত : ১২

اَفَتُمَارُوْنَهٗ : **তোমরা কি সে বিষয়ে তার সঙ্গে বিতর্ক করবে?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। تُمَارُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (م ـ ر ـ ء) মাসদার اَلْمُمَارَاةُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

আয়াত : ১৪

سِدْرَةِ الْمُنْتَهٰى : **প্রান্তবর্তী বদরী বৃক্ষ**। سِدْرَةٌ / سِدْرٌ অর্থ– বদরী বৃক্ষ; কুলগাছ/ বরই গাছ। ইমাম রাগেব (রা.) লিখেছেন– سِدْرٌ এমন বৃক্ষ যা ভক্ষণের উপযোগী নয়। তবে ছায়া গ্রহণের জন্য প্রচুর উপযোগী হয়। যেমন আল্লাহ বলেন– فِىْ سِدْرٍ مَّخْضُوْدٍ (বরই গাছের নিচে, যার কাঁটা নেই।)

সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ– সমাপ্তি; সমাপন, শেষ প্রান্ত; শেষ সীমা। সিদরাতুল মুনতাহা দ্বারা কী উদ্দেশ্য? সে ব্যাপারে ইমাম তাবারী (র.) বলেন, এটা মানবীয় জ্ঞান-বিজ্ঞানের শেষ প্রান্তে একটি বৃক্ষ আছে তা-ই হলো সিদরাতুল মুনতাহা। এবং এখানেই রাসূল ﷺ -কে আল্লাহ বিশেষ গুণাবলি ও অনুগ্রহরাজি দ্বারা সমৃদ্ধ করেছিলেন।

আয়াত : ১৫

جَنَّةُ الْمَأْوٰى : **বাসোদ্যান**। جَنَّةٌ অর্থ– উদ্যান; বাগান। اَلْمَأْوٰى শব্দটি اسم ظرف ও বাব ضَرَبَ -এর মাসদার। অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা।

আয়াত : ১৬

يَغْشٰى : **আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْغِشْيَانُ মূলবর্ণ (غ ـ ش ـ ى) অর্থ– আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া; আবরণ দেওয়া।

আয়াত : ১৭

مَا زَاغَ الْبَصَرُ : **তাঁর দৃষ্টিবিভ্রম হয়নি**। مَا زَاغَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ غ) মাসদার اَلزَّيْغُ অর্থ– বক্র হওয়া; বাঁকা হওয়া; বিস্ফারিত হওয়া; বিভ্রম হওয়া।

وَمَا طَغٰى : **এবং তা লক্ষ্যচ্যুতও হয়নি**। مَا طَغٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ غ ـ ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব سَمِعَ ও فَتَحَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ১৯

اَللَّاتَ : লা-ত। মূর্তিবিশেষ, জাহেলী যুগে যাকে উপাস্য মনে করা হতো এবং তার পূজা করা হতো। লা-ত নামকরণের কারণ সম্পর্কে আল্লামা ইবনুল আরবা (র.) একটি চমৎকার তথ্য উপস্থাপন করেছেন। তা হলো বিগত যুগে ছাকীফ গোত্রের মহল্লায় এক ব্যক্তি পাথরের উপর বসে হাজীদের নিকট ঘি বিক্রয় করত। হাজী সাহেবান ছাতুর সাথে ঘি মিলিয়ে আহার করত। আরবিতে لَتَّ অর্থ– মিশ্রণ করা। لَتٌّ থেকে لَاتَ ইসমে ফা'য়িলের সীগাহ গঠিত হয়েছে। যার অর্থ– ছাতুর মধ্যে ঘি মিশ্রণকারী। কিছুদিন পর উক্ত লোকটি মারা গেলে যখন লোকেরা তাকে দেখতে পেল না, তখন লোকেরা তার সম্পর্কে জিজ্ঞাসাবাদ করতে লাগল। তখন আমর বিন লুহাই নামক এক ব্যক্তি বলল, আরে! সে তো তোমাদের পালনকর্তা ছিল, সে মরেনি; বরং পাথরের নিচে অদৃশ্য হয়ে রয়েছে। এ কথা শুনে লোকেরা উক্ত পাথরের পূজা করতে লাগল

এবং তার নাম রেখে দিল لَاتٌ ; اَلْ যুক্ত করার কারণে হয়ে গেল اَللَّاتُ এবং অধিক ব্যবহারের ফলে تَا - এর তাশদীদও বিলুপ্ত হয়ে গেল। এভাবে اَللَّاتُ হয়ে গেল। ইসলামি শাসনামলে মূর্তিপূজা নিষিদ্ধ হলে হযরত খালিদ বিন ওয়ালিদের নেতৃত্বে একদল মুজাহিদ গিয়ে উক্ত মূর্তিকে ভেঙ্গে চূর্ণবিচূর্ণ করে দিলে বনী ছাকীফ গোত্রের মহিলারা কাঁদতে কাঁদতে বিরোধিতার জন্য ঘর থেকে বেরিয়ে আসল। তখন উক্ত গোত্রেরই কবি শাদ্দাদ বিন আরেয উক্ত মূর্তির পূজা থেকে বিরত থাকার জন্য কবিতা আকারে তাদেরকে বলতে লাগল–

لَا تَنْصُرُوْا اللَّاتَ اِنَّ اللّٰهَ مُهْلِكُهَا
وَكَيْفَ نَصْرُكُمْ مَنْ لَيْسَ يَنْتَصِرُ
اِنَّ الَّتِىْ حُرِّقَتْ بِالنَّارِ فَاشْتَعَلَتْ
وَلَمْ تُقَاتِلْ لَدٰى اَحْجَارِهٖ هَدَرٌ

(তোমরা লাতের সমর্থন করো না, মূলত আল্লাহ তাকে ধ্বংস করে দিয়েছেন। যে নিজে নিজের সাহায্য করতে পারে না, সে তোমাদের সাহায্য কিভাবে করবে? যে মূর্তিকে আগুনে জ্বালিয়ে দেওয়া হয়েছে এবং তা প্রজ্বলিত হয়েছে এবং নিজ পাথরদের নিকট লড়তে পারল না তার ধ্বংস অনিবার্য।

اَلْعُزّٰى : **উয্যা**। প্রাচীন আরবের মুশরিকদের একটি দেবীর নাম। শব্দটি عُزٌّ থেকে উদ্গত হয়েছে। যার অর্থ– প্রবল হওয়া। عِزٌّ-এর اسم تفضيل -مؤنث অর্থাৎ অধিক পরাক্রমশালী দেবী। তারা এটিকে তাদের যুদ্ধের দেবী মনে করত। এ কারণেই ওহুদের যুদ্ধে মুসলমানদের পরাজয় হলে আবূ সুফিয়ান তাদের চূড়ায় উঠে মুসলমানদেরকে সম্বোধন করে বলতে লাগল– لَنَا عُزّٰى وَلَا عُزّٰى لَكُمْ (আমাদের উয্যা আছে তোমাদের তো উয্যা নেই।) তখন রাসূল ﷺ ওমর (রা.)-কে বললেন, তুমি তাদের উত্তরে বল– اَللّٰهُ مَوْلَانَا وَلَا مَوْلَا لَكُمْ (আল্লাহ আমাদের অভিভাবক, তোমাদের তো কোনো অভিভাবক নেই।)

عُزّٰى সম্পর্কে অপরাপর মুফাসসিরগণের মতামত নিম্নরূপ :

মুজাহিদ (র.) বলেন, এটা কতিপয় বৃক্ষের সমষ্টি। সাঈদ ইবনে যুবাইর বলেন, এটা ছিল একটি সাদা পাথর।

ইবনে যায়দ বলেন, এক মুষ্ঠি তৃণ।

কাতাদাহ (রা.) : এটা বতনে নাখলা নামক স্থানে ছিল।

কামূস গ্রন্থকার : এটা ছিল কাকড়ি বৃক্ষ। গাতফান গোত্রের লোকেরা এর পূজা করত। জালিম ইবনে আস'আদ সর্বপ্রথম এর পূজা শুরু করে।

আল্লামা ইবনে কাছীর (র.) বলেন : এটা ছিল নাখলা নামক স্থানের একটি বৃক্ষ। যেখানে একটি ইমারত নির্মিত ছিল, যার উপর পর্দা ঝুলানো ছিল। তিনি বর্ণনা করেন যে, রাসূল ﷺ খালিদ বিন ওয়ালিদকে উয্যা ধ্বংস করতে প্রেরণ করেছিলেন। তিনি গিয়ে সেটা ধ্বংস করলেন এবং বলতে লাগলেন–

يَا عُزّٰى كُفْرَانَكِ لَا سُبْحٰنَكِ
اِنِّىْ رَأَيْتُ اللّٰهَ قَدْ اَهَانَكِ

(হে উয্যা! আমি তোমায় অস্বীকার করি, তোমার পবিত্রতা বর্ণনা করি না। আমি দেখেছি আল্লাহ তোমাকে অপদস্থ করেছেন।)

নাসায়ীর এক বর্ণনায় আছে, খালিদ বিন ওয়ালিদ (রা.) এসে হুযূরকে উয্যার সংবাদ দিলে হুযূর ﷺ বললেন, তুমি ফিরে যাও, তুমি কিছুই করনি। খালিদ ফিরে গিয়ে দেখতে পেলেন পূজারীরা তাঁকে আসতে দেখে উয্যার জয়ধ্বনি দিতে দিতে পাহাড়ের ভিতর প্রবেশ করল। তিনি একেবারে নিকটে গিয়ে এলোমেলো চুলবিশিষ্ট বিবস্ত্র একজন মহিলাকে দেখতে পেলেন যে, সে তার মাথার উপর মাটি ছড়াচ্ছে। খালিদ গিয়ে তাকে হত্যা করলেন। রাসূলের নিকট এসে এ সংবাদ দিলে রাসূল ﷺ বললেন এটিই عُزّٰى;

আয়াত : ২০

مَنٰوةَ : **মানা-ত**। প্রাচীন আরবের মুশরিকদের একটি দেবী-মূর্তির নাম। কুদাইদ নামক স্থানে খাযা'আ গোত্রের নারী আকৃতির একটি দেবী-মূর্তি ছিল। –(কাতাদাহ) খুযা'আ ও হুযাইল গোত্রের একটি মূর্তি

ছিল যাকে মক্কার লোকেরা পূজা করত। –(যাহহাক) একটি মন্দির বা কুঠরী শালাল নামক স্থানে ছিল যেখানে বনী কা'বের লোকেরা পূজা করত। –(ইবনে যায়েদ) হযরত আয়েশা (রা.) বলেন, ইসলামপূর্ব যুগে আনসারগণ মানা-তের নামে ইহরাম বাঁধত। কতক ওলামায়ে কেরামের মত হলো مَنٰوةَ ও عُزّٰى - لَاتْ এ তিনটি হলো মুশরিকদের দেবীর নাম তারা এদেরকে আল্লাহর কন্যা বলে মনে করত এবং এগুলো কা'বার অভ্যন্তরে রক্ষিত ছিল। শব্দটি اسـم غيـر مشـتق

আয়াত : ২২

قِسْمَةٌ : **বণ্টন**। এটি ইসমে মাসদার ও মাসদার। অংশ বণ্টন করা; প্রত্যেকের অংশ পৃথক করে দেওয়া।

ضِيْـزٰى : **অসঙ্গত**। শব্দটি গঠন প্রকৃতি সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। যেমন শাইখ সুলাইমান জা মাল আল্লামা সামীন থেকে বর্ণনা করেন যে, এটি ضَازَ يَضِيْزُ তথা বাব ضَرَبَ থেকে গঠিত হয়েছে। অর্থ– জুলুম করা; অন্যায় করা। যার দু ধরনের সম্ভাবনা রয়েছে। যথা–

১. এটি فِعْلٰى -এর ওজনে সিফাতে মুশাব্বাহর সীগাহ। ي -এর فاء -এর যের এ জন্য দেওয়া হয়েছে যেন ي -এর নিরাপত্তা অবশিষ্ট থাকে। যেমনটি হয়েছে بِيْض -এর মধ্যে। [অর্থাৎ بِيْض মূলত أَبْيَض -এর বহুবচন। ياء -এর উপর পেশ ছিল। কিন্তু ياء -নিরাপদে অবশিষ্ট থাকার জন্য পেশকে زير দ্বারা পরিবর্তন করে দেওয়া হয়েছে।]

২. এটি ذِكْرٰى -এর ন্যায় বাব ضَرَبَ -এর মাসদার। অর্থাৎ ضَازَ يَضِيْزُ -এর ন্যায় ذَكَرَ يَذْكُرُ ذِكْرٰى ضِيْزٰى –ও ব্যবহার হয়। আবার এও হতে পারে যে, ضَأَزَ [বাব فَتَحَ থেকে] হামযার সাথে হবে। অর্থাৎ ضَأَزَ يَضْأَزُ ضِئْزٰى ; কিন্তু সহজিকরণার্থে হামযাকে يا দ্বারা পরিবর্তন করা হয়েছে। ضَأَزَ يَضَأَزُ অর্থও জুলুম করা; কারো অধিকার খর্ব করা।

আয়াত : ২৩

تَهْوٰى : **সে অনুসরণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ه ـ و ـ ى) মাসদার اَلْهَوٰىٌ অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা; কথামতো চলা; প্রবৃত্তির দিকে আকৃষ্ট হওয়া।

আয়াত : ২৪

تَمَنّٰى : **সে আকাঙ্ক্ষা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّمَنِّىْ মূলবর্ণ (م ـ ن ـ ى) অর্থ– আশা করা; আকাঙ্ক্ষা করা।

আয়াত : ২৬

كَمْ : **কত?** كم দু প্রকার।

১. প্রশ্নবোধক। কত পরিমাণ? কয়জন? কত দেরী? এর تميز সর্বদা مفرد منصوب হয়ে থাকে। কখনো উল্লেখ থাকে। যেমন– كَمْ دِرْهَمًا عِنْدَكَ (তোমার কাছে কত দিরহাম আছে?) আবার কখনো উহ্য থাকে। যেমন–كَمْ لَبِثْتُمْ (তোমরা কতদিন অবস্থান করেছিলে?

২. كَمْ خَبَرِيَّةٌ যা পরিমাণ ও সংখ্যার আধিক্য বুঝাতে আসে। এর تَمْيِيْز সর্বদা মাজরূর হয়ে থাকে। যেমন– كَمْ قَرْيَةٌ اَهْلَكْنَاهَا (কত জনপদকে আমি ধ্বংস করেছি।) কখনো تَمْيِيْز -এর পূর্বে من আসে। যেমন– كَمْ مِنْ قَرْيَةٍ اَهْلَكْنَاهَا

لَا تُغْنِىْ : **সে উপকারে আসে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– উপকারে আসা; কাজে আসা। অমুখাপেক্ষী করা।

شَفَاعَتُهُمْ : **তাদের সুপারিশ**। شَفَاعَةٌ বাব فَتَحَ - এর মাসদার। (বিস্তারিত সূরা মারইয়াম, আয়াত : ৮৭ দ্রষ্টব্য)

আয়াত : ২৭

يُسَمُّوْنَ : **তারা নামকরণ করে; নাম দিয়ে থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা; নাম রাখা।

আয়াত: ২৮

يَتَّبِعُوْنَ : **তারা অনুসরণ করছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব মলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

اَلظَّنَّ : **অনুমান; ধারণা**। মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) শব্দটি কখনো বাব نَصَرَ -এর মাসদার হয়ে আবার কখনও ইসম হয়ে ব্যবহার হয়। ইসম হলে তার বহুবচন আসে– ظُنُوْنٌ (বিস্তারিত সূরা ইউসুফ, আয়াত : ৪২ দ্রষ্টব্য)

আয়াত : ২৯

اَعْرِضْ : **আপনি উপেক্ষা করে চলুন**। সীগাহ واحد مذكرحاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– উপেক্ষা করা; বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া; বিরত হওয়া।

مَنْ تَوَلّٰى : **যে মুখ ফিরিয়ে নেয়**। مَنْ মাউসূলাহ। تَوَلّٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– মুখ ফিরানো; বিমুখ হওয়া। অমনোযোগী হওয়া; বিরত হওয়া।

لَمْ يُرِدْ : **সে ইচ্ছা করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

আয়াত : ৩০

مَبْلَغُهُمْ مِنَ الْعِلْمِ : **তাদের জ্ঞানের দৌড়; জ্ঞানের চূড়ান্ত সীমা**।

আয়াত : ৩১

اَسَاءُوْا : **তারা মন্দ কর্ম করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف - فعل الذم ; বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ و ـ أ) মাসদার اَلْاِسَاءَةُ অর্থ– মন্দ করা।

اَحْسَنُوْا : **তারা সৎকর্ম করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْسَانُ মূলবর্ণ (ح ـ س ـ ن) অর্থ– সৎকর্ম করা; ভাল কাজ করা।

اَلْحُسْنٰى : **উত্তম; কল্যাণ; শুভ**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– সুন্দর হওয়া; উত্তম হওয়া।

আয়াত : ৩২

يَجْتَنِبُوْنَ : **তারা বিরত থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِنَابُ মূলবর্ণ (ج ـ ن ـ ب) অর্থ– বিরত থাকা; এড়িয়ে চলা।

كَبٰٓئِرَ الْاِثْمِ : **গুরুতর পাপ**। كَبَائِرُ শবদটি كَبِيْرَةٌ -এর বহুবচন। অর্থ– কবিরা গুনাহ। اَلْاِثْمُ গুনাহ; পাপ। একবচন, বহুবচন– اٰثَامٌ

اَلْفَوَاحِشَ : **অশ্লীল কাজ**। বহুবচন, একবচন– فَاحِشَةٌ সীমার অতিরিক্ত অপকর্ম; জঘন্য অপকর্ম। (কামূস) এমন নির্লজ্জতা যার প্রভাব অন্যদের উপর পতিত হয়। –(মির্জা আবুল ফযল) আল্লাহ কর্তৃক নিষিদ্ধ যে কোনো বস্তু। –(মুনতাহা আরব) মন্দ কথা বা কাজ। (সূরা নূর : ২৯) জেনা; ব্যভিচার। –(ইবনে আব্বাস) বিবস্ত্র অবস্থায় কা'বা শরীফ তাওয়াফ করা। –(সূরা আ'রাফ)

اَللَّمَمَ : **ছোটখাট অপরাধ; ছোট গুনাহ**। لَمَمٌ -এর অর্থ সম্পর্কে ওলামায়ে কেরামের বিভিন্ন উক্তি রয়েছে।

১. হযরত আবূ হুরায়রা (রা.) -এর এক বর্ণনা মতে এর অর্থ– ছোট গুনাহ।

২. হযরত আবূ হুরায়রার অপর বর্ণনা মতে لَمَمٌ ও কবীরা গুনাহ; বড় অপরাধ। যা বর্ণিত হয়েছে ইবনে আব্বাস (রা.) থেকে। তখন আয়াতের উদ্দেশ্য হবে– তারা সকল প্রকার কবীরা গুনাহ থেকে বিরত থাকে, তবে কবীরা গুনাহ খুবই কম তাদের থেকে সংঘটিত হয়, তাও এভাবে যে, যদি কবীরা গুনাহের তুচ্ছাতিতুচ্ছ পরিমাণও তাদের থেকে সংঘটিত হয়ে যায় তাহলে সাথে সাথেই তারা তওবা করে ফেলে।

৩. হযরত আবূ সাঈদ খুদরী (রা.) বলেন, এর অর্থ– গায়রে মাহরাম মহিলাদের দিকে দৃষ্টিপাত করা, চুমু খাওয়া; স্পর্শ করা; চোখ দ্বারা ইশারা করা। –(মু'জামুল কুরআন)

اَنْشَاَ : اَنْشَاَكُمْ : তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْشَاءُ মূলবর্ণ (ن ـ ش ـ ء) অর্থ- সৃষ্টি করা; সৃজন করা; আবিষ্কার করা; উদ্ভাবন করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

اِذْ اَنْتُمْ اَجِنَّةٌ فِىْ بُطُوْنِ اُمَّهٰتِكُمْ : যখন তোমরা মাতৃগর্ভে ভ্রূণরূপে ছিলে। اَجِنَّةٌ শব্দটি جَنِيْنٌ - এর বহুবচন। অর্থ- ভ্রূণ; মাতৃগর্ভের সন্তান।

لَا تُزَكُّوْا اَنْفُسَكُمْ : তোমরা আত্মপ্রশংসা করো না। لا تزكوا সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ- পবিত্র হওয়া; পবিত্র করা। اَنْفُسْ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি, মুযাফ ও মুযাফ ইলাইহি মিলে মাফঊলে বিহী।

مَنِ اتَّقٰى : কে মুত্তাকী। مَنْ استفهامية ; اِتَّقٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- সতর্ক হওয়া; বিরত থাকা; সংযত হওয়া; ভয় করা।

আয়াত : ৩৩

اَفَرَاَيْتَ : তুমি কি লক্ষ্য করেছো? أ প্রশ্নবোধক, فاء হরফে আত্ফ। رَاَيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

আয়াত : ৩৪

اَعْطٰى : সে দান করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْطَاءُ মূলবর্ণ (ع ـ ط ـ ى) অর্থ- দান করা।

اَكْدٰى : সে দান বন্ধ করে দেয়। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْدَاءُ মূলবর্ণ (ك ـ د ـ ى) মূলত শব্দটি নির্গত হয়েছে كِدْيَةٌ থেকে। যার অর্থ- ভূমি শক্ত হওয়া। যেমন কূপ খননকালে যদি এমন কোনো পাথর আসে যা খননকার্যে বাধা সৃষ্টি করে তখন আরবরা বলে- قَدْ اَكْدٰى (এটা খুবই শক্ত) অতঃপর তারা এর ব্যবহার ঐ ব্যক্তির জন্য করতে থাকে, যে দান করার পর তা হতে বিরত হয়ে যায় এবং পূর্ণরূপে দান করে না। ফাররা এর অর্থ করেছেন দান থেকে বিরত হওয়া; দান বন্ধ করে দেওয়া। মুবাররাদ বলেন, কঠোরভাবে দান করা থেকে বিরত হওয়া। (ফাতহুল কাদীর , খ. ৫, পৃ. ১০১)

আয়াত : ৪৩

اَضْحَكَ : তিনি হাসান। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ح ـ ك) মাসদার اَلْاِضْحَاكُ অর্থ- হাসানো।

اَبْكٰى : তিনি কাঁদান। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ك ـ ى) মাসদার اَلْاِبْكَاءُ অর্থ- কাঁদানো।

আয়াত : ৪৬

نُطْفَةَ : শুক্র; বীর্য। ইসমে মুফরাদ। বহুবচন نُطَفٌ

اِذَا تُمْنٰى : যখন তা স্খলিত হয়; তা ঝরানো হয়। تُمْنٰى সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ن ـ ى) মাসদার اَلْمَنْىُ অর্থ- নির্ধারণ করা; পরীক্ষা করা; বীর্য স্খলিত হওয়া। এখানে শেষোক্ত অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৪৮

اَغْنٰى : তিনি অভাবমুক্ত করেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ জিনস ناقص يائى মাসদার اَلْاِغْنَاءُ মূলবর্ণ (غ ـ ن ـ ى) অর্থ- কারো উপকারে আসা; অভাবমুক্ত করা; ধনী বানানো।

اَقْنٰى : তিনি সম্পদ দান করেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْنَاءُ মূলবর্ণ (ق ـ ن ـ ى) অর্থ- সঞ্চিত সম্পদ দান করা। দরিদ্র বানানো। মূলত শব্দটি নির্গত হয়েছে قَنِيَةٌ থেকে। যার অর্থ- সঞ্চিত সম্পদ দান করা। সাধারণত اَقْنٰى -এর এ অর্থই বর্ণনা করা হয়ে থাকে। যেমন ইবনে কাছীর (র.) এ প্রসঙ্গে লিখেন- وَعَلٰى هٰذَا يَدُوْرُ كَلَامُ كَثِيْرٍ مِنَ الْمُفَسِّرِيْنَ مِنْهُمْ اَبُوْ صَالِحٍ وَابْنُ جَرِيْرٍ وَغَيْرُهُمَا (ইবনে জারীর, আবূ সালিহ প্রমুখের বর্ণনার তাৎপর্য এটাই) তবে ইবনে জারীর ও আবূ হাতিম হযরত ইবনে

আব্বাস (র.) থেকে اَقْنٰى অর্থ করেছেন اَرْضٰى (সে রাজি করেছে) ইমাম রাগেব বলেন, এ অর্থের তাৎপর্য হলো আল্লাহ তা'আলা তাদের জন্য সন্তুষ্টি ও আনুগত্যের পুঁজি দান করেছেন। মুজাহিদ, কাতাদাহ ও হাসান বসরী (র.) اَقْنٰى অর্থ বর্ণনা করেছেন– اَخْدَمْ (তিনি দাস-দাসী দান করেছেন)
ইবনে যায়েদ, ইবনে কায়সান ও আখফাশ اَقْنٰى অর্থ বর্ণনা করেছেন اَفْقَرَ (অর্থাৎ তিনি দরিদ্র বানান) আল্লামা শওকানী (র.) বলেন, ইবনে জারীরও এ অর্থটি গ্রহণ করেছেন। আয়াতের পূর্বাপর সামঞ্জস্যের প্রতি লক্ষ্য করলে এটিই অধিক যুক্তিযুক্ত মনে হয়, কারণ এখানে বিপরীত বস্তুসমূহের আলোচনা চলে আসছে।

আয়াত : ৪৯

رَبُّ الشِّعْرٰى : **তিনিই শি'রা নক্ষত্রের মালিক।** شِعْرٰى একটি বিশেষ নক্ষত্রের নাম। বাংলায় যাকে লুব্ধক, এবং ইংরেজিতে Sirius বলা হয়। আরবিতে شِعْرٰى নামের দুটি নক্ষত্র রয়েছে।

১ شِعْرَى الْعَبُوْر যাকে شُعَرَاءُ الْيَمَانِيَّة-ও বলা হয়। যা Orion নক্ষত্রের পর ভীষণ গরমকালে উদিত হয়, তার চেয়ে অধিক উজ্জ্বল কোনো নক্ষত্র নেই। এর রং পরিবর্তন হতে থাকে। সূর্যের চেয়ে এর আলো বিশ গুণ বেশি এবং গরমও সূর্যের চেয়ে অনেক বেশি। এটিই উদ্দেশ্য। কারণ খুযা'আ সম্প্রদায়ের লোকেরা তার পূজা করত। গোত্রপ্রধান আবূ কাবশা এর প্রবর্তন করেছিল। সে বলতে লাগল, সকল নক্ষত্র আকাশের প্রস্থ অতিক্রম করে, আর এটি অতিক্রম করে দৈর্ঘ্য। সুতরাং এটি সেগুলো থেকে ব্যতিক্রমী। সুতরাং এর পূজা করা উচিত। সে থেকেই এর পূজা শুরু হয়ে গেল। এদিকে আবূ কাবশা ছিল রাসূল ﷺ -এর দূর সম্পর্কের নানা। রাসূল ﷺ যখন মুশরিকদেরকে দীনের দাওয়াত দিতে শুরু করলেন, তখন তারা রাসূল ﷺ -কে উক্ত ব্যতিক্রমী তারকার সাথে সাদৃশ্য দিয়ে বলল, সেও বাপ-দাদার ধর্মের পরিপন্থি ধর্ম প্রবর্তন করেছে।

২. شُعَرَاءُ الْغُمَيْصَاءُ অশ্রুপাতকারী নক্ষত্র। (এর আলোচনা এখানে প্রযোজ্য নয়।)

আয়াত : ৫৩

اَلْمُؤْتَفِكَةَ : **উল্টানো আবাসভূমি; বিধ্বস্ত নগর।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ . ف . ك) মাসদার اَلْاِئْتِفَاكُ অর্থ– ধ্বংস করা; উল্টে দেওয়া। এখানে উদ্দেশ্য হলো হযরত লূত (আ.)-এর জনপদ। অবাধ্যতার কারণে তাদের জনপদকে উল্টিয়ে দেওয়া হয়েছিল।

আয়াত : ৫৫

اٰلَاءِ : **অনুগ্রহ; নিয়ামতরাজি।** বহুবচন, একবচন– اِلٰى

تَتَمَارٰى : **তুমি সন্দেহ পোষণ কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (م . ر . ى) মাসদার اَلْمِرَاءُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

আয়াত : ৫৭

اَزِفَتِ : **আসন্ন।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ا . ز . ف) মাসদার اَلْاَزَفُ অর্থ– আসন্ন হওয়া; নিকটবর্তী হওয়া।

اَلْاٰزِفَةُ : **কিয়ামত।** (কিয়ামত দিবস) اٰزِفَةٌ সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْاَزَفُ মূলবর্ণ (أ . ز . ف) অর্থ– নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া; পাশাপাশি হওয়া।

আয়াত : ৬১

سٰمِدُوْنَ : **উদাসীন।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (س . م . د) মাসদার اَلسُّمُوْدُ অর্থ– ক্রীড়া-কৌতুক করা; অমনোযোগী হওয়া।

আয়াত : ৬২

اُسْجُدُوْا : **তোমরা সেজদা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (س . ج . د) মূমাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা; মস্তক অবনত করা। এখানে সেজদা দ্বারা উদ্দেশ্য হলো সম্মানার্থে মস্তক অবনত করা; মাথা নোয়ানো।

اُعْبُدُوْا : **তোমরা ইবাদত কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع . ب . د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

সূরা ক্বামার : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫৫ রুকূ' : ৩

আয়াত : ১

اِقْتَرَبَ : **সে নিকটবর্তী হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِقْتِرَابُ মূলবর্ণ (ق ـ ر ـ ب) অর্থ– নিকটবর্তী হওয়া।

اَلسَّاعَةُ : **কিয়ামত দিবস**। সময়, মুহূর্ত; রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَةٌ বলা হয়। (বিস্তারিত সূরা রূম, আয়াত : ১২ দ্রষ্টব্য)

اِنْشَقَّ : **তা বিদীর্ণ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْشِقَاقُ মূলবর্ণ (ش ـ ق ـ ق) অর্থ– খণ্ড-বিখণ্ড হওয়া; চূর্ণ-বিচূর্ণ হওয়া।

আয়াত : ২

سِحْرٌ : **জাদু**। এটি বাব فَتَحَ-এর মাসদার। অর্থ– জাদু করা; সম্মোহিত করা। বিমোহিত করা; মুগ্ধ করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য)

مُسْتَمِرٌّ : **চিরাচরিত; নিরবচ্ছিন্ন**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (م ـ ر ـ ر) মাসদার اَلْاِسْتِمْرَارُ অর্থ– অবিরাম চলা; নিরবচ্ছিন্নভাবে হওয়া।

আয়াত : ৩

مُسْتَقَرٌّ : **লক্ষ্যস্থল; অবস্থানস্থল**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْاِسْتِقْرَارُ অর্থ– বসবাস করা; অবস্থান করা; স্থির হওয়া। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

আয়াত : ৪

مُزْدَجَرٌ : **সাবধান বাণী**। ظرف مكان বা مصدر ميمى ; বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ز ـ ج ـ ر) মাসদার اَلْاِزْدِجَارُ অর্থ– ধমক; ভর্ৎসনা; তিরস্কার। শব্দটি মূলত مُزْتَجَرٌ ছিল। تا কে دال দ্বারা পরিবর্তন করা হয়েছে। এটি متعدى ও لازم উভয়ভাবেই ব্যবহার হয়।

اَلنُّذُرُ : **সতর্ককারী**। বহুবচন, একবচন نَذِيْرٌ সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মাসদার اَلنُّذُرُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيْرٌ ভীতিপ্রদর্শনকারী দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শন করা।

আয়াত : ৬

نُكُرٍ : **ভয়াবহ পরিণাম; শাস্তি**। এটি মাসদার। যার অর্থ– শাস্তি, কঠিন ও জঘন্য ভয়াবহ বিপদে লিপ্ত করে দেওয়া। –(রূহুল মা'আনী)

আয়াত : ৭

اَجْدَاثٌ : **কবর। সমাধি**। বহুবচন, একবচন– جَدَثٌ

جَرَادٌ : **পঙ্গপাল। টিডিড**। বহুবচন, একবচন– جَرَادَةٌ

مُنْتَشِرٌ : **বিক্ষিপ্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ش ـ ر) মাসদার اَلْاِنْتِشَارُ অর্থ– বিক্ষিপ্ত হওয়া।

আয়াত : ৮

مُهْطِعِيْنَ : **ছুটাছুটিকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মানসূব। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ط ـ ع) মাসদার اَلْاِهْطَاعُ অর্থ– মাথা ঝুঁকিয়ে দ্রুত দৌড়ানো। অক্ষমতা ও অপদস্থতাহেতু দৃষ্টি উঠাতে না পারা। আহ্বানকারীর দিকে নীরবে গমন করা।

يَوْمٌ عَسِرٌ : **কঠিন দিন**। عَسِرٌ সিফাতে মুশাব্বাহর সীগাহ। এটি عُسْرٌ থেকে নির্গত।

আয়াত : ১০

اِنْتَصِرْ : **তুমি প্রতিবিধান কর; তুমি প্রতিশোধ নাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلْاِنْتِصَارُ অর্থ– সাহায্য প্রার্থনা করা; প্রতিকার /প্রতিশোধ গ্রহণ করা; আত্মরক্ষা করা।

আয়াত : ১১

بِمَاءٍ مُّنْهَمِرٍ : **প্রবল বারি বর্ষণ দ্বারা**। مُنْهَمِرٍ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْهِمَارُ মূলবর্ণ (ه ـ م ـ ر) অর্থ– প্রবল বর্ষণ করা।

আয়াত : ১২

فَجَّرْنَا : **আমি উৎসারিত করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّفْجِيْرُ মূলবর্ণ (ف ـ ج ـ ر) অর্থ– জারি করা; প্রবাহিত করা।

عُيُوْنًا : **প্রস্রবণ; ঝরনা**। বহুবচন, একবচন– عَيْنٌ অর্থ– চক্ষু; ঝরণা; প্রস্রবণ।

اِلْتَقَى : **পরস্পর মিলিত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِلْتِقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– পরস্পর মুখোমুখি হওয়া; মিলিত হওয়া।

আয়াত : ১৩

اَلْوَاحٍ : **কাষ্ঠ; ফলক**। শব্দটি বহুবচন, একবচন– لَوْحٌ অর্থ– তক্তা; ফলক; স্লেট।

دُسُرٍ : **কীলক; পেরেক**। বহুবচন, একবচন– دِسَارٌ

আয়াত : ১৫

مُدَّكِرٍ : **উপদেশ গ্রহণকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اِدِّكَارٌ اَلْاِدِّكَارُ অর্থ– স্মরণ করা; উপদেশ গ্রহণ করা। মূলত اِذْتِكَارٌ ছিল। প্রথমে اِفْتِعَالٌ-এর تاء কে دال দ্বারা পরিবর্তন করা হয়েছে। অতঃপর নিয়ম অনুযায়ী ذال কে دال দ্বারা পরিবর্তন করে دال কে دال-এর মধ্যে ইদগাম করা হয়েছে। اِدِّكَارٌ হয়ে গেছে।

আয়াত : ১৯

رِيْحًا صَرْصَرًا : **ঝঞ্ঝাবায়ু**। প্রবল বাতাস। প্রচণ্ড শীত। ইমাম রাগেব (র.) লিখেছেন– صَرْصَرٌ শব্দটি صَرٌّ থেকে নির্গত হয়েছে। যার অর্থ– বাঁধা।

يَوْمِ نَحْسٍ : **অশুভ দিন**। একবচন, বহুবচন– اَيَّامٍ نَحِسَاتٍ অর্থ– অশুভ বা প্রচণ্ড শীতময় দুর্ভিক্ষের দিন। (আল মুফরাদাত) نَحْسٌ প্রতি মাসের ১৯, ২০ ও ২১তম রাতকে বলা হয়।

আয়াত : ২০

تَنْزِعُ : **সে উৎখাত করেছে;**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلنَّزْعُ অর্থ– অপসারিত করা; খুলে ফেলা।

اَعْجَازُ : **কাণ্ড; মূল; শিকড়**। এটি عَجُزٌ-এর বহুবচন। যার অর্থ– শরীরের পশ্চাদাংশ। বৃক্ষের কাণ্ড ও মূলও যেহেতু গাছের পিছনেই থাকে তাই اَعْجَازُ نَخْلٍ অর্থ বৃক্ষের কাণ্ড।

مُنْقَعِرٍ : **উন্মূলিত; উৎপাটিত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ع ـ ر) মাসদার اَلْاِنْقِعَارُ অর্থ– মূলোৎপাটন করা; উৎখাত করা; উপড়ে ফেলা।

আয়াত : ২৪

سُعُرٍ : **উন্মত্ততা; পাগলামি; নির্বোধতা**। আল্লামা সামীন বলেন, سُعُرٌ একবচনও ব্যবহার হয়। বলা হয়– نَاقَةٌ مَسْعُوْرَةٌ (আপন গতিতে উন্মত্ত উষ্ট্রী।) আবার سَعِيْر-এর বহুবচনও হতে পারে। যার অর্থ– আগুন। মূলত سُعُرٌ অর্থ– অগ্নি প্রজ্বলিত করা। মানুষের মস্তিষ্কে যখন উত্তপ্ততা এসে পড়ে তখন মানুষ উন্মাদ হয়ে যায়। এ হিসেবেই سُعُرٌ অর্থ– উন্মত্ততা; পাগলামি করা হয়ে থাকে।

আয়াত : ২৫

اَشِرٌ : **দাম্ভিক**। এটি সিফতে মুশাব্বাহর সীগাহ। অর্থ– অহংকারী।

আয়াত : ২৬

فَارْتَقِبْ : **অতএব তুমি অপেক্ষা কর**। فا জাযাইয়্যা اِرْتَقِبْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ق ـ ب) মাসদার اَلْاِرْتِقَابُ অর্থ– অপেক্ষা করা; পথ চেয়ে থাকা।

اِصْطَبِرْ : **তুমি ধৈর্যশীল থাক**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِبَارُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যশীল থাকা; সুদৃঢ় থাকা।

আয়াত : ২৮

نَبِّئْهُمْ : **আপনি তাদেরকে জানিয়ে দিন**। نَبِّئْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব

اَلتَّنْبِئَةُ تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার অর্থ– অবহিত করা; জানানো; সংবাদ দেওয়া। هم যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

مُحْتَضَرٌ : **পালাক্রমে উপস্থিত ব্যক্তিবর্গ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِحْتِضَارُ মূলবর্ণ (ح ـ ض ـ ر) অর্থ– উপস্থিত হওয়া; হাজির হওয়া। সংগ্রহের পানি এমন পালা যার জন্য সকল অংশীদারগণ উপস্থিত রয়েছে তাকে مُحْتَضَرٌ বলা হয়। আবার মুমূর্ষূ এবং জিনগ্রস্ত ব্যক্তিকেও مُحْتَضَرٌ বলা হয়।

আয়াত : ২৯

تَعَاطٰى : **সে ধরে ফেলল। সে তার দিকে হস্ত প্রসারিত করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ع ـ ط ـ ى) মাসদার اَلتَّعَاطِىُ অর্থ– কোনো কিছুর প্রতি হাত বাড়িয়ে তা ধরে ফেলা।

عَقَرَ : **সে হত্যা করল; বধ করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَقْرُ মূলবর্ণ (ع ـ ق ـ ر) অর্থ– পায়ের গোড়ালির উপরের রগ কাটা। আরবের নিয়ম ছিল উট নহর করার পূর্বে গোড়ালির উপরের রগ কেটে দিত, যেন তা পালাতে না পারে। তারপর তাকে নহর করত। তবে কখনও عَقَر দ্বারা নহর উদ্দেশ্য নেওয়া হয়। আযহারী তার কারণ বর্ণনা করেছেন যেহেতু সাধারণত عَقَر-এর পরই نَحَر হয়ে থাকে তাই এর দ্বারা নহর উদ্দেশ্য নেওয়া হয়। –(তাজুল 'আরূস)

আয়াত : ৩১

هَشِيْم : **শুষ্ক; চূর্ণ-বিচূর্ণ শাখা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه; এটি فَعِيْلٌ-এর ওযনে مفعول অর্থে। বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ش ـ م) মাসদার اَلْهَشْمُ অর্থ– শুষ্ক ও চূর্ণ-বিচূর্ণ করা; টুকরা টুকরা করা।

مُحْتَظِر : **খোয়াড় প্রস্তুতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ح ـ ظ ـ ر) মাসদার اَلْاِحْتِظَارُ অর্থ– গৃহপালিত পশুর খোয়াড় নির্মাণ করা। আরবরা শুষ্ক শাখা-পল্লব দ্বারা ছাগল-ভেড়ার খোয়াড় ও বেড়া নির্মাণ করত।

আয়াত : ৩২

يَسَّرْنَا : **আমি সহজ করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلتَّيْسِيْرُ অর্থ– সহজ করা।

আয়াত : ৩৪

حَاصِبًا : **প্রস্তর বহনকারী প্রচণ্ড ঝটিকা; শিলা বর্ষণকারী ঝঞ্ঝা**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل ; ضَرَبَ ও نَصَرَ বাবে حَصْبَاءُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ– কঙ্কর।

আয়াত : ৩৭

رَاوَدُوْهُ : **তারা তার (লূতের) নিকট অসদুদ্দেশ্য দাবি করল**; অসৎকর্ম কামনা করল। رَاوَدُوْا সীগাহ جمع مذكر غائب ; ه যমীর মাফঊলে বিহী। বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْمُرَاوَدَةُ অর্থ– এমন কাজের প্রতি কাউকে ফুসলানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি সে আগ্রহী নয়। مُرَاوَدَة-এর সংজ্ঞায় ইমাম রাগেব (র.) বলেন– وَالْمُرَاوَدَةُ اَنْ تُنَازِعَ غَيْرَكَ فِى الْاِرَادَةِ فَتُرِيْدُ غَيْرَ مَا يُرِيْدُ اَوْ تَرُوْدُ غَيْرَ مَا يَرُوْدُ তোমার অপর কারো সাথে ইচ্ছার ব্যাপারে মতবিরোধ হওয়া এবং তুমি এমন বিষয়ের কামনা কর যার সে কামনা করে না। অথবা তুমি সহজে তা পেতে চাও যা তার সহজে কাম্য নয় তাকে مُرَاوَدَة বলা হয়।

ضَيْف : **অতিথি**। ইমাম রাগেব (র.) লিখেছেন– ضَيْف শব্দের প্রকৃত অর্থ হলো আকৃষ্ট হওয়া। বলা হয়– ضِفْتُ اِلٰى كَذَا (আমি তার প্রতি আকৃষ্ট হয়েছি) সুতরাং যে তোমাদের কাছে এসে তোমার প্রতি আকৃষ্ট হয় তাকে ضَيْف বলা হয়। শব্দটি মূলত মাসদার। আরবদের কথাবার্তায় একবচন ও বহুবচন উভয়ের জন্যই ব্যবহার হয়। আবার কখনও এর বহুবচন ضَيْفَانٌ ও اَضْيَا، ضُيُوْفٌ আসে। আল্লামা আলূসী (র.) বলেন, এর দ্বি-বচন, বহুবচন, স্ত্রীলিঙ্গ গঠন না করাই অধিক বিশুদ্ধ।

طَمَسْنَا : **আমি লোপ করে দিতাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلطَّمْسُ মূলবর্ণ (ط ـ م ـ س) অর্থ– বিলুপ্ত করা। বাব ضَرَبَ মাসদার اَلطُّمُوْسُ অর্থ– বিলুপ্ত হওয়া।

আয়াত : ৩৮

صَبَّحَهُمْ : **তাদের উপর প্রত্যুষে এসে পড়ল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلتَّصْبِيْحُ অর্থ– প্রত্যুষে আসা।

আয়াত : ৪২

مُقْتَدِرٍ : **শক্তিমান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِقْتِدَارُ মূলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ– শক্তি সামর্থ্য ও ক্ষমতা রাখা।

আয়াত : ৪৩

بَرَاءَةٌ : **অব্যাহতি; দায়মুক্তি**। বাব سَمِعَ -এর মাসদার। অব্যাহতি পাওয়া; নিষ্কৃতি পাওয়া; দায়মুক্ত হওয়া।

اَلزُّبُرِ : **পূর্ববর্তী কিতাব; যাবূর**। এটি زَبُوْرٌ -এর বহুবচন। যার অর্থ– লেখা। زَبُوْرٌ টি فَعُوْلٌ -এর ওযনে مَكْتُوْبٌ অর্থে।

আয়াত : ৪৪

مُنْتَصِرٌ : **অপরাজেয়; প্রতিশোধ গ্রহণকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلْاِنْتِصَارُ অর্থ– সাহায্য প্রার্থনা করা; প্রতিকার করা / প্রতিশোধ গ্রহণ করা; আত্মরক্ষা করা।

আয়াত : ৪৫

سَيُهْزَمُ : **শীঘ্রই পরাজিত হবে**। সীগাহ واحد مذكر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ز ـ م) মাসদার اَلْهَزْمُ অর্থ– পরাজিত হওয়া; বিপর্যয় হওয়া।

আয়াত : ৪৬

اَدْهٰى : **কঠিনতর; ঘোরতর**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব فَتَحَ মূলবর্ণ (د ـ ه ـ ي) মাসদার اَلدَّهْيُ অর্থ– কঠিন হওয়া; ঘোরতর হওয়া।

اَمَرُّ : **তিক্ততর; অধিক তিক্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (م ـ ر ـ ر) মাসদার اَلْمَرَارَةُ অর্থ– তিক্ত হওয়া; তিতা হওয়া।

আয়াত : ৪৮

يُسْحَبُوْنَ : **তাদেরকে টেনে নেওয়া হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ب) মাসদার اَلسَّحْبُ অর্থ– টানা।

سَقَرَ : **জাহান্নাম; আগুন**। জাহান্নামের একটি স্তরের নাম।

আয়াত : ৫০

كَلَمْحِ الْبَصَرِ : **চোখের পলকে**। كَ হরফে জার। لَمْحِ মুযাফ اَلْبَصَرِ মুযাফ ইলাইহি। لَمْحٌ মাসদার ও ইসমে মাসদার। অর্থ– চোরা চাহনীতে দেখা; পলক মারা। বলা হয়– لَاُرِيَنَّكَ لَمْحًا بَاصِرًا (আমি তোমাকে স্পষ্ট বিষয় বলব।) لَمْحَةٌ (চোরাই চাহনী।) رَأَيْتُهُ لَمْحَةَ بَرْقٍ আমি তাকে বিদ্যুতের চমকের ন্যায় দেখেছি। فِيْهِ لَمْحَةٌ مِنْ اَبِيْهِ (তার মধ্যে পিতার সাদৃশ্যতা রয়েছে।) لَمَحَ اِلَيْهِ (তার দিকে চোরা দৃষ্টিতে দেখেছে।)

আয়াত : ৫১

اَشْيَاعَكُمْ : **তোমাদের সমপন্থিগণ**। اَشْيَاعَ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, একবচন شِيْعَةٌ দল; অনুসারী ও সাহায্যকারী।

আয়াত : ৫২

فِى الزُّبُرِ : **আমলনামায়**। زُبُرٌ এটি زَبُوْرٌ -এর বহুবচন। যার অর্থ– লেখা। زَبُوْرٌ টি فَعُوْلٌ -এর ওযনে مَكْتُوْبٌ অর্থে। এখানে উদ্দেশ্য আমলনামা। (বিস্তারিত সূরা কামার, আয়াত : ৪৩ দ্রষ্টব্য)

আয়াত : ৫৩

مُسْتَطَرٌ : **লিপিবদ্ধ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ ط ـ ر) মাসদার اَلْاِسْتِطَارُ অর্থ– লেখা; লিপিবদ্ধ করা।

আয়াত : ৫৫

مُقْتَدِرٍ : **সর্বময় কর্তৃত্বের অধিকারী; শক্তিমান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل। বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْاِقْتِدَارُ অর্থ– শক্তি সামর্থ্য ও ক্ষমতা রাখা।

সূরা রাহমান : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৭৮ রুকূ' : ৩

আয়াত : ১

اَلرَّحْمٰنُ : **দয়াময়; অধিক দয়ালু**। فَعْلَانٌ-এর ওজনে مبالغة-এর সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এ শব্দটি আল্লাহ ব্যতীত অন্য কারো উপর প্রয়োগ হয় না। কেননা তার রহমত সকলের উপরই ব্যাপক। (বিস্তারিত আলোচনা সূরা ফাতিহা দ্রষ্টব্য)

আয়াত : ২

عَلَّمَ: **তিনি শিক্ষা দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْلِيْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– শিক্ষা দেওয়া; তালিম দেওয়া।

اَلْقُرْاٰنَ: **কুরআন**। এটি মাসদার। অর্থ– পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ-এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই।

আয়াত : ৪

اَلْبَيَانَ: **বর্ণনা; ভাব প্রকাশ করা; বলা**। এটি বাব تَفْعِيْل-এর মাসদার মূলবর্ণ (ب ـ ى ـ ن) কোনো কিছু সম্পর্কে স্পষ্ট করা এবং কোনো কিছু খুলে বলার নাম হলো بَيَانٌ ; সুতরাং بَيَانٌ শব্দটি نُطْق থেকে ব্যাপক অর্থবোধক। আবার কখনো যা দ্বারা বর্ণনা করা হয় তাকেও بَيَان বলা হয়। সুতরাং এখানে প্রথম অর্থ হিসেবে كَلَامٌ বা কথাকে بَيَانٌ বলা হয়। কারণ তা অর্থ ও উদ্দেশ্যকে স্পষ্ট করে; প্রকাশ করে। সংক্ষিপ্ত ও অস্পষ্ট কথাকে ব্যাখ্যা করাকে দ্বিতীয় অর্থ হিসেবে بَيَانٌ বলা হয়। যেমন– هٰذَا بَيَانٌ لِلنَّاس; (এটি প্রথম অর্থের উদাহরণ) দ্বিতীয় অর্থের উদাহরণ হলো ثُمَّ اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ ; আর عَلَّمَهُ الْبَيَانَ এটি উভয় অর্থেরই উদাহরণ হতে পারে।

আয়াত : ৫

حُسْبَانٍ: **নির্ধারিত। আজাব**। এটি ইসম ও মাসদার। ইসম হলে অর্থ হবে– ১. আগুন বা অগ্নিশিখা। ২. আজাব; শাস্তি। আর মাসদার হলে বাব نَصَرَ ও حَسِبَ থেকে অর্থ– হিসাব করা; গণনা করা।

আয়াত : ৭

اَلْمِيْزَانَ: **মানদণ্ড; পরিমাণপাত্র**। একবচন, বহুবচন مَوَازِيْنَ নিক্তি; পাল্লা।

আয়াত : ৮

لَا تَطْغَوْا: **তোমরা সীমালজ্ঘন করো না**। সীগাহ جمع حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلطُّغْيَانُ মূলবর্ণ (ط ـ غ ـ ى) অর্থ– সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা; অবাধ্যতা করা।

আয়াত : ৯

لَا تُخْسِرُوْا: **তোমরা মাপে কম দিও না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْسَارُ মূলবর্ণ (خ ـ س ـ ر) অর্থ– কম করা; কম দেওয়া; ক্ষতি করা।

আয়াত : ১০

اَلْاَنَامِ: **সৃষ্টজীব। ভূ-পৃষ্ঠের উপর যা কিছু বিচরণ করে।**

আয়াত : ১১

ذَاتُ الْاَكْمَامِ: **আবরণযুক্ত**। শব্দটি كم-এর বহুবচন। ফল বা কলির সাথে সংযুক্ত আবরণকে كم বলা হয়।

আয়াত : ১২

ذُو الْعَصْفِ: **খোসাবিশিষ্ট**। عَصْفٌ বহুবচন, একবচন عَصْفَةٌ ও عَصِيْفَةٌ ; অর্থ– শস্যের খোসা, ভুসি।

اَلرَّيْحَانُ: **সুগন্ধ ফুল। জীবিকা**। আহমদ ফাইউমী লিখেছেন– رَيْحَان যে কোনো সুগন্ধ উদ্ভিদকেই বলা

غَدَوْا : **তারা প্রভাতকালে যাত্রা করল; প্রত্যুষে গেল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ د ـ و) মাসদার اَلْغُدُوُّ অর্থ- সকাল বেলা যাওয়া; প্রত্যুষে চলা।

حَرْدٍ : **নিবৃত্ত করা। বাধাপ্রদান করা**। এর শাব্দিক অর্থ- ইচ্ছা করা, বাধাপ্রদান করা ও ক্রোধান্বিত হওয়া। হাসান বসরী, কাতাদাহ আবুল 'আলিয়া প্রমুখ এর তাফসীর করেছেন- চেষ্টা করা। কুরতুবি, মুজাহিদ ইকরিমা প্রমুখ -এর অর্থ করেছেন- মীমাংসিত বিষয় যাতে পরস্পর চুক্তিবদ্ধ হয়েছে। এ উভয় অর্থই ইচ্ছা করার অর্থের উপর নির্ভরশীল। কেননা কোনো কিছুর ইচ্ছা থাকলে তার জন্য চেষ্টা অবশ্যই করে এবং বিষয়টির সুরাহা করে। কুতাইবা ও আবূ উবায়দা وَغَدَوْا عَلٰى حَرْدٍ এর তাফসীর করেছেন- তারা দরিদ্রদেরকে নিবৃত্ত করার জন্য ঘর থেকে সকাল সকাল বের হয়েছিল। حَرْد অর্থ- নিবৃত্ত করা, বাধাপ্রদান করার অর্থে আরবদের উক্তি রয়েছে। যেমন বৃষ্টি বন্ধ থাকলে তারা বলে- حَارَدَ السَّنَةَ (এ বছর অনাবৃষ্টি হয়েছে; বৃষ্টি বন্ধ হয়ে গেছে।) উষ্ট্রীর দুধ শেষ হয়ে গেলে তারা বলে-حَارَدَتِ النَّاقَةُ (উষ্ট্রী দুধ বন্ধ করে দিয়েছে।)

আয়াত : ২৬

فَلَمَّا رَأَوْهَا : **যখন তারা তা প্রত্যক্ষ করল**। رَأَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

لَضَالُّوْنَ : **দিশেহারা**। পথভ্রষ্টগণ। لام তাকীদের জন্য। ضَالُّوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالَةُ। অর্থ- পথভ্রষ্ট হওয়া। ضَالُّوْنَ মূলত ضَالِلُوْنَ ছিল।(বিস্তারিত অ'রাফ, আয়াত : ৬০ দ্রষ্টব্য)

আয়াত : ২৭

تُسَبِّحُوْنَ : **তোমরা পবিত্রতা ও মহিমা ঘোষণা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ। অর্থ- পবিত্রতা বর্ণনা করা; মহিমা বর্ণনা করা। (বিস্তারিত সূরা হাশর, আয়াত : ১ দ্রষ্টব্য)

আয়াত : ২৯

سُبْحٰنَ : **পবিত্র; মহিমাময়**। ইমাম সুয়ূতী (র.) الاتقان। গ্রন্থে লিখেছেন- سُبْحَانَ হলো تَسْبِيْح অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং مفرد এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন- سُبْحٰنَ اللّٰه ; অথবা ইসমে যমীর হোক। যেমন- سُبْحٰنَهٗ اَنْ يَكُوْنَ لَهٗ وَلَدٌ -(সন্তান হওয়া তার জন্য সমীচীন নয়) এবং এটি এমন মাসদার যার فعل কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ

কখনো ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী। তিনি বলেন -এর থেকে فعل -এর ব্যবহার হয়। (বিস্তারিত সূরা বনী ইসরাঈল, আয়াত : ১ দ্রষ্টব্য)

ظٰلِمِيْنَ : **অত্যাচারীগণ; সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ - ل - م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য)

আয়াত : ৩০

اَقْبَلَ : **তারা একে অপরের সামনাসামনি হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق - ب - ل) মাসদার اَلْاِقْبَالُ অর্থ– সম্মুখে আসা। অগ্রসর হওয়া। সামনাসামনি হওয়া।

يَتَلَاوَمُوْنَ : **তারা পরস্পর দোষারোপ করে**। সীগাহ جمع مذكر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ل - و - م) মাসদার اَلْمُلَاوَمَةُ অর্থ– তিরস্কার করা; অভিসম্পাত করা।

আয়াত : ৩১

يٰوَيْلَنَا : **হায়! দুর্ভোগ আমাদের!** وَيْلٌ শব্দটির বিভিন্ন অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতা প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত করা। (এ সকল অর্থে ويل মাসদার।) আফসোস; কঠোরতা। ধমকস্বরূপ বাক্য; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকার নাম; জাহান্নামের একটি কূপের নাম। وَيْلٌ-এর ইযাফত যখন যমীরের দিকে হয় তখন তার علامت পরিবর্তন হতে থাকে এবং وَيْلٌ এর উপর সর্বদা নসব থাকে। যেমন وَيْلَكَ ، وَيْلَكُمْ ইত্যাদি। তবে যদি ياء متكلم - এর দিকে ইযাফত হয় তখন বাধ্যতামূলক তার লামকে যের দেওয়া হয়।

طٰغِيْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ط - غ - ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা; অমান্য করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغٰى ও سَمِعَ আর يائى হলে বাব يَطْغُوْ طُغْيَانًا ; سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৩২

رٰغِبُوْنَ : **অভিমুখী; অনুরক্ত; আগ্রহান্বিত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلرُّغْبَةُ মূলবর্ণ (ر - غ - ب) অর্থ– উৎসাহ প্রদান করা; প্রেরণা দান করা; উদ্বুদ্ধ করা। عن - صلة হলে অর্থ হবে– বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ৩৭

تَدْرُسُوْنَ : **তারা অধ্যায়ন করে**। সীগাহ جمع مذكر حاضر বহ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدَّرْسُ মূলবর্ণ (د - ر - س) অর্থ– পাঠ করা; অধ্যয়ন করা।

আয়াত : ৩৮

مَا تَخَيَّرُوْنَ : **যা তোমরা পছন্দ কর; তোমাদের পছন্দমতো**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (خ - ى - ر) মাসদার اَلتَّخَيُّرُ অর্থ– পছন্দ করা; মনোনীত করা; নির্বাচন করা; নির্বাচিত করা; বাছাই করা।

আয়াত : ৪০

سَلْهُمْ : **তোমরা তাদের কাছে জিজ্ঞাসা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (س - أ - ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া।

زَعِيْمٌ : **জামিন; জিম্মাদার**। এ অর্থ হিসেবে এটি زَعَامَةٌ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ– জামিন ও দায়িত্বশীল হওয়া। এর অর্থ বক্তাও হতে পারে। তখন এটি زَعْمٌ থেকে فَعِيْلٌ-এর ওযনে فاعل অর্থে ব্যবহৃত হবে। ইমাম রাগেব (র.) লিখেছেন, কথা বা নেতৃত্বের কারণে জামানত দেওয়াকে زَعَامَةٌ বলা হয়। এ কারণেই নেতা ও অভিভাবককে زَعِيْمٌ বলা হয়। اَيُّهُمْ بِذٰلِكَ زَعِيْمٌ এবং وَاَنَا بِهٖ زَعِيْمٌ (এ ব্যাপারে কে তার দায়িত্ব নিবে?) এটি زَعَامَةٌ থেকে অভিভাবকত্বের অর্থে হয়েছে। কালবী বলেছেন–

زَعِيْم ইয়েমেনী ভাষায় অভিভাবককে বলা হয়। মুফাসসিরগণ এর অর্থ জামিন বলেছেন। জালালুদ্দীন সুয়ূতী (র.) زَعِيْم অর্থ করেছেন كَفِيْل

আয়াত : ৪২

يُكْشَفُ : **উন্মোচিত করা হবে; দূরীভূত করা হবে।** সীগাহ مضارع مجهول বহছ واحد مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ش ـ ف) মাসদার اَلْكَشْفُ অর্থ– উন্মোচন করা; প্রকাশ করা; সমস্যা দূরীভূত করা। এখানে প্রথমোক্ত অর্থ উদ্দেশ্য।

سَاقٍ : **পায়ের গোছা/নলা**। টাখনু ও হাটুর মধ্যবর্তী স্থানকে سَاق বলা হয়। –(কামূস) يُكْشَفُ عَنْ سَاقٍ -এর শাব্দিক অর্থ– হাঁটু পর্যন্ত পা উন্মোচিত করা হবে। এটা একটি আরবি বাগধারা, যার অর্থ شِدَّةُ الْاَمْرِ অর্থাৎ চরম সঙ্কট। (লিসানুল আরব, কাশ্‌শাফ, কুরতুবী) হাদীসে বর্ণিত আছে যে, কিয়ামতের দিন যখন আল্লাহর জ্যোতি বিকীর্ণ হবে, তখন তাদেরকে সেজদা করতে বলা হলে তারা সেজদা করতে পারবে না। –(ইবনে কাছীর)

يُدْعَوْنَ : **তাদেরকে আহ্বান করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

لَا يَسْتَطِيْعُوْنَ : **তারা সক্ষম নয়**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সক্ষম হওয়া; সামর্থ্য হওয়া।

আয়াত : ৪৩

خَاشِعَةً : **অবনত/বিনয়ী**। সীগাহ اسم فاعل বহছ واحد مؤنث বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ش ـ ع) মাসদার اَلْخُشُوْعُ অর্থ– ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া; শুষ্ক হওয়া।

تَرْهَقُهُمْ : **তাদেরকে আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرَّهْقُ মূলবর্ণ (ر ـ ه ـ ق) অর্থ– আচ্ছন্ন হওয়া; ছেয়ে যাওয়া। هم যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী।

আয়াত : ৪৪

ذَرْنِىْ : **আমাকে ছেড়ে দাও/ রেহাই দাও**। ذَرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– ছেড়ে দেওয়া; অব্যাহতি দেওয়া; রেহাই দেওয়া। এ অর্থে فعل امر - فعل نهى ও فعل مضارع ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

سَنَسْتَدْرِجُهُمْ : **আমি ক্রমে ক্রমে তাদেরকে ধরব; ধ্বংসের দিকে নিয়ে যাই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِدْرَاجُ মূলবর্ণ (د ـ ر ـ ج) অর্থ– ক্রমান্বয়ে আনা; পর্যায়ক্রমে পাকড়াও করা; সিরিয়াল অনুযায়ী আনা; । هُمْ যমীর মাফউলে বিহী।

আয়াত : ৪৫

اُمْلِىْ : **আমি সময় দিয়ে থাকি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ ل ـ و) মাসদার اَلْاِمْلَاءُ অর্থ– ঢিল দেওয়া; অবকাশ দেওয়া; ছাড় দেওয়া; সুযোগ দেওয়া।

كَيْدِىْ : **আমার কৌশল**। كَيْدِ মুযাফ ى যমীর মুযাফ ইলাইহি। এটি বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– চক্রান্ত করা; ষড়যন্ত্র করা। কৌশল করা। كَيْد তথা ষড়যন্ত্র কখনো ভালো হয় কখনো মন্দ হয়। اِسْتِدْرَاجٌ ও مَكْر -এর ন্যায় এর ব্যবহারও মন্দ অর্থে অধিক ব্যবহার হয়। এর সম্পর্ক আল্লাহর দিকে হলে তার অর্থ হবে কৌশল।

مَتِيْنٌ : **বলিষ্ঠ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (م ـ ت ـ ن) মাসদার اَلْمَتَانَةُ অর্থ– বলিষ্ঠ হওয়া; শক্তিশালী হওয়া।

আয়াত : ৪৬

مَغْرَمٍ مُّثْقَلُوْنَ : **দুর্বহ দণ্ড/ বোঝা**। مَغْرَم ইসমে মাসদার। অর্থ– ক্ষতিপূরণ; জরিমানা।

مُثْقَلُوْنَ : সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ث ـ ق ـ ل) মাসদার اَلْاِثْقَالُ অর্থ– বোঝা চাপিয়ে দেওয়া। বোঝার মতো কোনো কিছু।

আয়াত : ৪৮

صَاحِبِ الْحُوتِ : **মৎস্য-সহচর; মাছের সাথী**। হযরত ইউনূস (আ.) কে মাছে ভক্ষণ করেছিল বলে তাঁকে এরূপ বলা হয়েছে।

مَكْظُومٌ : **অসহনীয় মনস্তাপে ক্লিষ্ট/ চিন্তাযুক্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضرب : মূলবর্ণ (ك ـ ظ ـ م) মাসদার اَلْكَظْمُ و اَلْكُظُوْمُ অর্থ– ভীষণ চিন্তাযুক্ত; যে তার চিন্তাকে গোপন রাখে, প্রকাশ করে না। –(বায়যাবী, খাযেন)

আয়াত : ৪৯

تَدٰرَكَهٗ : **তা তার নিকট পৌঁছে**। تَدَارَكَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تفاعل মূলবর্ণ (د ـ ر ـ ك) মাসদার اَلتَّدَارُكُ অর্থ– পৌঁছা। নিঃশেষ হওয়া; ক্লান্ত হ ওয়া। تَدَارَكَ অর্থ– একের পর এক কোনো কাজ হওয়া এবং এক বস্তু অপর বস্তুর সাথে মিলিত হওয়া। যখন কোনো বংশের লোক একের পর এক মারা যেতে থাকে তখন আববরা বলে– تَدَارَكَ بَنُوْ فُلَانٍ (অমুক বংশের লোক একের পর এক ধ্বংস হয়েছে।)

لَنُبِذَ : **তাকে নিক্ষেপ করা হবে**। لام তাকীদের জন্য। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) মাসদার اَلنَّبْذُ অর্থ– নিক্ষেপ করা।

اَلْعَرَاءِ : **উন্মুক্ত প্রান্তর; তৃণহীন ভূমি**। আল্লামা ফাইউমী মিসবাহ গ্রন্থে এর অর্থ লিখেছেন, এমন প্রশস্ত ময়দান যাতে কোনো আড়াল নেই। ইমাম সিজিস্তানী নুজ হাতুল কুলূবে লিখেছেন– عَرَاء এমন উন্মুক্ত স্থান যেখানে বৃক্ষ ইত্যাদির আড়াল গ্রহণ করা যায় না। তাছাড়া ভূপৃষ্ঠকেও। عَرَاء বলা হয়। ইমাম ফখরুদ্দীন রাযী এর অর্থ লিখেছেন শূন্যস্থান; উন্মুক্ত স্থান। আবু উবাইয়দা বলেন, শূন্যস্থানকে। عَرَاء এ জন্য বলা হয় যে, সেখানে না কোনো বৃক্ষরাজি থাকে আর না এমন কোনো বস্তু থাকে যা ঐ স্থানকে আচ্ছাদিত করতে পারে। একবচন, বহুবচন– اَعْرَاءٌ

আয়াত : ৫০

اِجْتَبٰى : **তিনি মনোনীত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِبَاءُ মূলবর্ণ (ج ـ ب ـ ى) জিনস ناقص يائى অর্থ– নির্বাচিত করা; মনোনীত করা; বাছাই করা; পছন্দ করা।

يُزْلِقُوْنَكَ : **তারা তোমাকে আছড়ে ফেলবে; ভূপাতিত করে দিবে**। يزلقون সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ز ـ ل ـ ق) মাসদার اَلْاِزْلَاقُ অর্থ– পদস্খলন ঘটানো; পিছলে দেওয়া; ভূপাতিত করা; বিস্ফারিত দৃষ্টিতে দেখা। ك যমীর মাফঊলে বিহী।

لَمَجْنُوْنٌ : **নিশ্চয় (তুমি) উন্মাদ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول ; অর্থ– জিনগ্রস্ত। জিন যাকে শিক্ষা দিয়েছে। যার জ্ঞানের উপর রোগ বা কোনো কিছুর পর্দা পড়েছে।

আয়াত : ৫২

ذِكْرٌ : **উপদেশ**। এটি ইসম। বহুবচন– اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– ذِكْر দ্বারা কখনো নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারেফত অর্জন করে তা স্মরণ রাখা সম্ভব হয়। আর এটা حِفْظ -এরই ন্যায়। কিন্তু حِفْظ বলা হয় অর্জন হিসেবে। আর ذِكْر বলা হয় স্মরণ রাখা সম্পর্কে। আবার কখনো কোনো জিনিস অন্তরে বা আলোচনায় স্মরণ এসে যাওয়াকেও ذِكْر বলা হয়। এ কারণেই বলা হয়– ذِكْر দু প্রকার। যথা–

১. ذِكْر قَلْبِىٌّ অন্তরে স্মরণ করা।

২. ذِكْر لِسَانِىٌّ মৌখিক স্মরণ করা। প্রত্যেকটি আবার দুপ্রকার। ভুলে যাওয়ার পর স্মরণ আসা। ভুলা ব্যতীতই সর্বদা স্মরণ থাকা। ইমাম বায়হাকী (র.) লিখেছেন– ذِكْر দু প্রকার। যথা–

এক. যা نِسْيَانٌ (বিস্মৃত হওয়াা) এর বিপরীতার্থক। যেমন– وَمَا اَنْسَانِيْهُ اِلَّا الشَّيْطَانُ اَنْ اَذْكُرَهٗ (শয়তানই আমাকে তা উল্লেখ করতে ভুলিয়ে দিয়েছে)

দুই. কথা যা মানুষ আলোচনা করে, আবার যে কথার দ্বারা মানুষ দোষ বর্ণনা করে। যেমন– سَمِعْنَا فَتًى يَذْكُرُهُمْ (আমরা এক যুবকের ব্যাপারে শুনেছি যে, সে তাদের দোষ বর্ণনা করে।)

সূরা হা-ক্কা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫২ রুকূ' : ২

আয়াত : ১

اَلْحَاقَّةُ : **অবশ্যম্ভাবী ঘটনা**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ অর্থ- সত্য প্রমাণিত হওয়া; অবধারিত হওয়া; আবশ্যক হওয়া। অবশ্যম্ভাবী বিষয় দ্বারা কিয়ামত উদ্দেশ্য।

আয়াত : ৩

مَا اَدْرٰيكَ : **তুমি কী জান?** مَا প্রশ্নবোধক। اَدْرٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ر ـ ء) মাসদার الادراء অর্থ- জানানো; অবহিত করা।

আয়াত : ৪

اَلْقَارِعَةِ : **মহাপ্রলয়; বিপর্যয়; কিয়ামত দিবস**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বহুবচন قَوَارِعُ ও قَارِعَاتٌ অর্থ- বিপদ, দুর্ঘটনা; আকস্মিক আপতিত বিপদ। মূলবর্ণ (ق ـ ر ـ ع) বাব فَتَحَ যার অর্থ হলো করাঘাত করা। যেমন বলা হয়- قَرَعَ الْبَابَ। (সে দরজায়া করাঘাত করেছে।) সেই হিসেবে قَارِعَة অর্থ হলো- করাঘাতকারী। কিয়ামত যেহেতু আকস্মিক আপতিত বিপদ তাই কিয়ামতের অপর নাম হলো قَارِعَة

আয়াত : ৫

اُهْلِكُوْا : **তাদেরকে ধ্বংস করা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ- ধ্বংস করা। ব্যয় করা।

رِيْحٍ صَرْصَرٍ : **ঝঞ্ঝাবায়ু। প্রবল বাতাস**। প্রচণ্ড শীত। ইমাম রাগেব (র.) লিখেছেন, صَرْصَرٍ শব্দটি صَرٌّ থেকে নির্গত হয়েছে। যার অর্থ- বাঁধা।

عَاتِيَةٍ : **প্রচণ্ড; জঘন্য; সীমালঙ্ঘনকারিণী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْعَتْوُ মূলবর্ণ (ع ـ ت ـ و) অর্থ- অমান্য করা; অবাধ্য হওয়া; অহমিকা প্রদর্শন করা।

আয়াত : ৭

سَخَّرَهَا : **তিনি তা প্রবাহিত করেছেন; তা কাজে লাগিয়ে দিয়েছেন; নিযুক্ত করে দিয়েছেন**। سَخَّرَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ- অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা; অনুসরণ করা; জোরপূর্বক কোনো কাজে নিযুক্ত করে দেওয়া।

حُسُوْمًا : **বিরামহীনভাবে। মূলোৎপাটনকারী**। এটি حَسَبَ يَحْسِبُ -এর মাসদার। তখন অর্থ হবে মূল কেটে দেওয়া এবং ক্ষতস্থানে লাগাতার দাগ দেওয়া। আবার حَاسِمٌ -এর বহুবচনও হতে পারে। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل ; যেমন- شَاهِدٌ -এর বহুবচন شُهُوْدٌ ; এ অবস্থায় এর দুটি অর্থ করা হয়েছে।

১. মূল কেটে কর্তনকারী; মূলোৎপাটনকারী।

২. লাগাতার; বিরামহীন। এ অর্থে বিরামহীন দাগ দেওয়া হিসেবে ব্যবহৃত হয়।

صَرْعٰى : **ধরাশায়ী; ভূপাতিত; পরাভূত**। صَرِيْعٌ - এর বহুবচন। এটি فَعِيْلٌ -এর ওযনে مفعول - এর অর্থে।

اَعْجَازُ نَخْلٍ : **খর্জুর কাণ্ড**। এটি عَجُزٌ -এর বহুবচন। এটি শরীরের পশ্চাদ্ভাগ; শ্লোকের দ্বিতীয়ার্ধ; বৃক্ষের কাণ্ডকে বুঝায়।

خَاوِيَةٍ : **সারশূন্য; খালি**। ভূপাতিত; পতিত। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْخَوَاءُ মূলবর্ণ (خ ـ و ـ ى) অর্থ- ঘর খালি হওয়া। পড়ে যাওয়া। অন্তঃসারশূন্য হওয়া।

ٱلْجَارِيَةِ : **নৌযান। একবচন।** বহুবচন- ٱلْجَوَارُ অর্থ- প্রবহমান; جَرْيٌ থেকে اسم فاعل সীগাহ واحد مؤنث ; নৌকা যেহেতু পানির উপর চলে তাই তার নাম হয়েছে جَارِيَةٌ

আয়াত : ১২

تَذْكِرَةً : **উপদেশ; শিক্ষণীয় বিষয়।** এটি বাব تَفْعِيْل -এর মাসদার اَلتَّفْعِلَةُ অর্থ- এর ওযনে। অর্থ- উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

تَعِيَهَا : **তারা তা সংরক্ষণ করে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ى) মাসদার اَلْوَعْيُ অর্থ- সংরক্ষণ করা; হেফাজত করা।

اُذُنٌ وَاعِيَةٌ : **শ্রুতিধর কর্ণ।** وَاعِيَةٌ সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ى) মাসদার اَلْوَعْيُ অর্থ- স্মরণ করা।

আয়াত : ১৩

نُفِخَ : **ফুৎকার দেওয়া হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلنَّفْخُ মূলবর্ণ (ن ـ ف ـ خ) অর্থ- ফু দেওয়া।

اَلصُّوْرِ : **শিঙ্গা।** শাইখ আবুল ফযল (র.) লিখেছেন- صور অর্থ শাখা এবং যাতে হযরত হযরত ইসরাফিল (আ.) সৃষ্টজীবকে ধ্বংস করার জন্য ফুৎকার দিবেন। যেমন আল্লাহর বাণী- يَوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ ; অন্যত্র রয়েছে ثُمَّ نُفِخَ فِيْهِ اُخْرٰى ; এখানে ، যমীর واحد مذكر غائب আনা হয়েছে, যাতে বুঝা যায় যে, এটি صُوَرَةٌ -এর বহুবচন নয়। যেমনটি হযরত কালবী (র.) বলেছেন। তাছাড়া একটি হাদীসে রয়েছে, রাসূল ﷺ বলেছেন- اَلصُّوْرُ اَلْقَرْنُ يُنْفَخُ فِيْهِ ; صُوْر হলো শিঙ্গা যাতে ফুৎকার দেওয়া হবে।

আয়াত : ১৪

دُكَّتَا : **তা চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে।** সীগাহ تثنية مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلدَّكُّ অর্থ- চূর্ণ-বিচূর্ণ করা; ধসিয়ে সমতল করা। মূলত دَكٌّ অর্থ- কোমল ও সমতল ভূমি। যেহেতু তা চূর্ণ-বিচূর্ণ হয়ে যায় তাই তার মাসদারের মধ্যে এ অর্থ গ্রহণ করা হয়েছে।

আয়াত : ৯

اَلْمُؤْتَفِكَاتُ : **বিধ্বস্ত নগর; উল্টিয়ে দেওয়া জনপদ।** সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِئْتِفَاكُ অর্থ- ধ্বংস করা; উল্টে দেওয়া; শেষ করে দেওয়া। এখানে উদ্দেশ্য হলো হযরত লূত (আ.) -এর জনপদ। অবাধ্যতার কারণে তাদের জনপদকে উল্টিয়ে দেওয়া হয়েছিল।

خَاطِئَةِ : **অপরাধী; পাপাচারী।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ط ـ ء) মাসদার اَلْخَطَأُ অর্থ- অপরাধ করা; পাপাচারে লিপ্ত হওয়া।

আয়াত: ১০

عَصَوْا : **তারা অবাধ্যতা করেছে; অমান্য করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ অর্থ- অমান্য করা; অবাধ্যতা করা; লজ্ঘন করা।

رَابِيَةً : **কঠোর; শক্ত; অধিক।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ب ـ و) মাসদার اَلرُّبُوُّ অর্থ- বৃদ্ধি পাওয়া; অধিক হওয়া; শক্ত হওয়া; অতিরিক্ত হওয়া।

আয়াত : ১১

طَغَا الْمَاءُ : **জলোচ্ছ্বাস হয়েছে।** طغى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ غ ـ ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ- অবাধ্যতা করা; সীমালজ্ঘন করা; উত্তেজিত হওয়া; উচ্ছ্বসিত হওয়া। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন- طَغْى ; يَطْغُوْ طُغْيَانًا আর যখন يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

حَمَلْنَا : **আমি আরোহণ করিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ- বহন করা; আরোহণ করা।

আয়াত : ১৫

وَقَعَتْ : **সংঘটিত হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার اَلْوُقُوْعُ অর্থ– প্রতিষ্ঠিত হওয়া; পতিত হওয়া। সংঘটিত হওয়া।

اَلْوَاقِعَةُ : **কিয়ামত।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার اَلْوُقُوْعُ অর্থ– পতিত হওয়া; সংঘটিত হওয়া; অবশ্যম্ভাবী হওয়া।

আয়াত : ১৬

اِنْشَقَّتْ : **তা বিদীর্ণ হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْشِقَاقُ মূলবর্ণ (ش ـ ق ـ ق) অর্থ– খণ্ড-বিখণ্ড হওয়া; চূর্ণ-বিচূর্ণ হওয়া।

اَلسَّمَاءُ : **আকাশ।** একবচন, বহুবচন– سَمٰوٰتٌ ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন যে কোনো বস্তুর উপরি অংশ হলো سَمَاءٌ

وَاهِيَةٌ : **কৃশ; জীর্ণ; দুর্বল; নগণ্য।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ ও سَمِعَ মাসদার اَلْوَهْيُ মূলবর্ণ (و ـ ه ـ ى) অর্থ– চামড়ার থলি ফেটে যাওয়া, রশির বাঁধন ঢিলা হওয়া; মেঘ খণ্ড খণ্ড হওয়া। পড়ে যাওয়া; প্রাচীর ধসে পড়ার উপক্রম হওয়া।

আয়াত : ১৭

اَرْجَائِهَا : **তার প্রান্তদেশ।** اَرْجَاءِ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। رَجَا-এর বহুবচন। যার অর্থ প্রান্ত; কিনারা।

يَحْمِلُ : **বহন করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা; ধারণ করা; উত্তোলন করা।

আয়াত : ১৮

تُعْرَضُوْنَ : **তোমাদেরকে উপস্থিত করা হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْعَرْضُ অর্থ– পেশ করা; উপস্থাপন করা; হাজির করা।

لَا تَخْفٰى : **গোপন থাকবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْخَفْىُ অর্থ– গোপন হওয়া; লুকানো থাকা।

আয়াত : ১৯

اُوْتِيَ : **যাকে দেওয়া হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া; দান করা।

هَاؤُمُ : **লও; ধর; গ্রহণ কর।** اسم فعل যা امر حاضر - তথা خُذْ অর্থে ব্যবহার হয়।

আয়াত : ২০

مُلَاقٍ : **সম্মুখীন; সাক্ষাতকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْمُلَاقَاةُ অর্থ– সাক্ষাৎ করা; সম্মুখীন হওয়া।

আয়াত : ২৩

قُطُوْفُهَا : **তার ফলরাশি।** قُطُوْفٌ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। قُطُوْفٌ শব্দটি বহুবচন, একবচন– قَطْفٌ অর্থ– গাছ থেকে ফল আহরণ করা। قَطْفٌ যে ফল গাছ থেকে আহরণ করা হয়, (তা আহরণ করা হোক বা না হোক) এখানে ঐ সমস্ত ফল উদ্দেশ্য যা জান্নাতীরা দাঁড়িয়ে বসে সর্বাবস্থায় সংগ্রহ করতে পারবে।

دَانِيَةٌ : **ঝুলন্ত; নোয়ানো; যা হাতের নাগালের মধ্যে।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ– নিকটবর্তী হওয়া।

আয়াত : ২৪

هَنِيْئًا : **তৃপ্তির সাথে।** সীগাহ واحد বহছ صفت مشبه বাব ضَرَبَ، نَصَرَ، فَتَحَ মূলবর্ণ (ه ـ ن ـ أ) মাসদার اَلْهَنَاءُ অর্থ– মজা করা; তৃপ্ত হওয়া।

مَآ اَسْلَفْتُمْ : **যা তোমরা অতীত দিনে করেছিলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ل ـ ف) মাসদার اَلسَّلْفُ অর্থ– অতীত হওয়া; গত হওয়া।

আয়াত : ২৫

لَمْ أَدْرِ : **আমি জানি না; আমি যদি না জানতাম।** সীগাহ نفى جحد بلم درفعل বহছ واحد متكلم মুলবর্ণ (د ـ ر ـ ى) বাব ضَرَبَ মুলবর্ণ (د ـ ر ـ ى) مستقبل معروف মাসদার اَلدِّرَايَةُ। অর্থ– জানা; অবহিত হওয়া; জ্ঞান রাখা।

আয়াত : ২৮

مَا أَغْنَى : **আমার কোনো উপকারে আসল না।** সীগাহ واحد متكلم বহছ مضارع منفى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِغْنَاءُ। অর্থ– কারো উপকারে বা কখনো কাজে আসা।

আয়াত : ২৯

هَلَكَ : **ধ্বংস হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْهَلَكُ। অর্থ– ধ্বংস হওয়া; ধ্বংস করা।

سُلْطَانِيَهْ : **আমার রাজত্ব/ ক্ষমতা; শক্তি; সামর্থ্য।** ه -سكتة। ى যমীর মুযাফ ইলাইহি। سُلْطَانِ মুযাফ -এর জন্য।

আয়াত : ৩০

خُذُوْهُ : **তোমরা (ফেরেশতারা) তাকে ধর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) জিন্‌স مهموز فاء অর্থ– ধরা; গ্রহণ করা। বন্দী করা। পরিধান করা। ه যমীর মাফঊলে বিহী।

غُلُّوْهُ : **তার গলদেশে বেড়ি পরিয়ে দাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف - ه যমীর মাফঊলে বিহী। বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ل ـ ل) মাসদার اَلْغَلُّ। অর্থ– বাঁধা; বেড়ি পরানো।

আয়াত : ৩১

اَلْجَحِيْمَ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন।** এটি فَعِيْلٌ -এর ওযনে فاعل অর্থে। جَحْمٌ থেকে নির্গত, যার অর্থ ভীষণভাবে জ্বলা।

صَلُّوْهُ : **তোমরা তাকে প্রবেশ করাও।** صَلُّوا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلتَّصْلِيَةُ। অর্থ– প্রবেশ করানো।

আয়াত : ৩২

سِلْسِلَةٍ : **শৃঙ্খল।** এটি سِلْسِلٌ -এর বহুবচন।

اُسْلُكُوْهُ : **তোমরা তাকে শৃঙ্খলিত কর।** اُسْلُكُوا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ل ـ ك) মাসদার اَلسُّلُوْكُ। অর্থ– শৃঙ্খলিত করা; চলা; নিয়ম করা। এটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহার হয়। ه যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৩৪

لَا يَحُضُّ : **উৎসাহিত করে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعلِ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ض ـ ض) মাসদার اَلْحَضُّ। অর্থ– উৎসাহিত করা; উদ্বুদ্ধ করা।

আয়াত : ৩৫

حَمِيْمٌ : **সুহৃদ; অন্তরঙ্গ বন্ধু।** ফুটন্ত পানি। মূলত حَمِيْم বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْم বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে বহুবচন اَحْمَاءُ আসে।

আয়াত : ৩৬

غِسْلِيْنٍ : **ক্ষত নিঃসৃত স্রাব।** এর আরো অনেকগুলো অর্থ হতে পারে। যেমন পুঁজ; অত্যন্ত গরম ফুটন্তপানি। -(তাজ) এটা কেবল আয্‌দদের ভাষা অনুযায়ী। ক্ষতস্থানের অর্থাৎ কাফের জাহান্নামীদের ক্ষতস্থান থেকে নির্গত পানি। -(রাগেব) জাহান্নামের একটি বৃক্ষের নাম। -(জালালাইন)

আয়াত : ৪১/৪২

شَاعِرٍ : **কবি।** বহুবচন–شُعَرَاءُ;

كَاهِنٍ : **গণক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ - نَصَرَ ও كَرُمَ মাসদার اَلْكَهَانَةُ ও اَلْكِهَانَةُ অর্থ– ভবিষ্যদ্বাণী করা; ভাগ্য নির্ণয় করা; ভাগ্য গণনা করা; ভাগ্য দেখা; ভবিষ্যৎ জানা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে নিজের ধারণার উপর ভিত্তি করে বানিয়ে কথা বলে তাকে كَاهِنٌ বলা হয়। আর যে নিজের ধারণায় ভবিষদ্বাণী করে বা ভবিষ্যৎ সম্পর্কে সংবাদ দেয় তাকে বলা হয় عَرَّافٌ; হাদীসে রয়েছে–

مَنْ اَتٰى عَرَّافًا اَوْ كَاهِنًا مُصَدِّقًا بِمَا قَالَ فَقَدْ كَفَرَ بِمَا اُنْزِلَ عَلٰى اَبِى الْقَاسِمِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

(যে ভবিষ্যদ্বক্তা ও গণকের কথায় বিশ্বাস করে তার নিকট যায় সে এই কুরআনকে অস্বীকার করল যা মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে।) মাজমাউল বিহার গ্রন্থকারের মতে গোপন রহস্য জানার দাবি করে এবং ভবিষ্যত বিষয় সম্পর্কে সংবাদ দেয় তাকে كَاهِنٌ বলা হয়। আর যারা আলামত, চিহ্ন ও নিদর্শন ইত্যাদি দেখে মত প্রদান করত, নিজেরা অদৃশ্যের সংবাদ জানার দাবি করত এবং চুরি হওয়া জিনিসের সন্ধান দিত তাদেরকে বলা হয় عَرَّافٌ

আয়াত : ৪৪

تَقَوَّلَ : **সে নিজে রচনা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّقَوُّلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– নিজের পক্ষ থেকে কথা বানিয়ে অন্যের দিকে সম্পৃক্ত করা।

اَقَاوِيلِ : **কথাসমূহ**। এটি جمع منتهى الجموع যা قَوْلٌ -এর বহুবচন, আর اَقْوَالٌ হলো اَقْوَالٌ -এর বহুবচন।

আয়াত : ৪৬

قَطَعْنَا : **আমি কেটে দিতাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْقَطْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ– কর্তন করা; কাটা; নির্মূল করা; অর্ধেক করা।

اَلْوَتِيْنَ : **জীবন-ধমনী; শাহরগ**। আল্লামা জালালুদ্দীন মহল্লী (র.) লিখেছেন, হৃদয়ের সাথে সম্পৃক্ত একটি ধমনী আছে যা কেটে দিলে প্রাণী মরে যায়, তাকে وَتِيْنٌ বলা হয়। আর মুজাহিদ (র.) বলেন, উক্ত ধমনীটি পৃষ্ঠে অবস্থিত। وَتِيْنٌ -এর বহুবচন اَوْتُنٌ ও وُتُنٌ

আয়াত : ৪৭

حٰجِزِيْنَ : **রক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ج ـ ز) মাসদার اَلْحَجْزُ অর্থ– বাধা হওয়া; অন্তরায় হওয়া; দু'বস্তুর মাঝে মিলিত হওয়া থেকে বিরত রাখে যা।

আয়াত : ৫১

اَلْيَقِيْنِ : **নিশ্চিত; অবশ্যম্ভাবী**। এটি ইসম। যা ظَنٌّ ধারণা ও অনুমানের বিপরীতার্থক শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে يَقِيْنٌ বলা হয়। مَعْرِفَةٌ ও دِرَايَةٌ থেকে يَقِيْنٌ -এর স্তর অনেক উঁচু। এ কারণেই তা عِلْمٌ -এর صفت হয়। عِلْمُ الْيَقِيْنِ বলা হয় না; কিন্তু مَعْرِفَةُ الْيَقِيْنِ বলা হয়। -(রাগেব) বাব اِسْتِفْعَالٌ, اِفْعَالٌ, تَفَعُّلٌ সব বাব থেকেই এর ব্যবহার হয় এবং অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার يَقِيْنٌ কেও وَاجِبُ الْيَقِيْنِ বলা হয়। এ কারণেই মৃত্যুকে يَقِيْنٌ বলা হয়। কারণ তা অবশ্যম্ভাবী। জুমহুর মুফাসিরগণের ঐকমত্যে এখানে يَقِيْنٌ দ্বারা মৃত্যু উদ্দেশ্য।

আয়াত : ৫২

فَسَبِّحْ : **অতএব তুমি পবিত্রতা ও মহিমা ঘোষণা কর**। ف হরফে আতফ। سَبِّحْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّسْبِيْحُ মূলবর্ণ (س ـ ب ـ ح) অর্থ– পবিত্রতা বর্ণনা করা। মহিমা ঘোষণা করা।

اَلْعَظِيْمِ : **মহান**। **বড়**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ع ـ ظ ـ م) মাসদার اَلْعَظَامَةُ অর্থ– বড় হওয়া; মহান হওয়া।

সূরা মা'আরিজ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪৪ রুকূ' : ২

আয়াত : ১

سَأَلَ : **সে প্রার্থনা করল; প্রশ্ন করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلسُّؤَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ- চাওয়া; প্রার্থনা করা; প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

سَائِلٌ : **প্রার্থনাকারী; প্রশ্নকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ- প্রার্থনা করা; প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

وَاقِعٍ : **অবধারিত; যা পতিত হয়; অবশ্যম্ভাবী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মাসদার اَلْوُقُوْعُ মূলবর্ণ (و ـ ق ـ ع) অর্থ- পতিত হওয়া; সংঘটিত হওয়া।

আয়াত : ২

دَافِعٌ : **প্রতিরোধকারী; প্রতিহতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ف ـ ع) মাসদার اَلدَّفْعُ অর্থ- প্রতিহত করা; রক্ষা করা।

আয়াত : ৩

مَعَارِجِ : **সিঁড়ি**। এ শব্দটি বহুবচন। একবচন- مِعْرَاجٌ ইসমে آلة ; বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ج) মাসদার اَلْعُرُوْجُ অর্থ- ঊর্ধ্বারোহণ করা; উপরে উঠা।

আয়াত : ৪

تَعْرُجُ : **ঊর্ধ্বগামী হয়; সমুত্থিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعُرُوْجُ মূলবর্ণ (ع ـ ر ـ ج) অর্থ- আরোহণ করা; ঊর্ধ্বারোহণ করা ; উত্থিত হওয়া।

اَلْمَلٰئِكَةُ : **ফেরেশতা**। এটি বহুবচন, একবচন مَلَكٌ; আল্লাহ তা'আলার এক বিশেষ সৃষ্টি, যারা কখনো আল্লাহ তা'আলার অবাধ্যতা করে না, সর্বদা তাঁর নির্দেশ পালনে সচেষ্ট থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩০ দ্রষ্টব্য)

اَلرُّوْحُ : **ওহী/কুরআন**। একবচন; বহুবচন- أَرْوَاحٌ ; প্রকাশ থাকে যে, روح শব্দের অনেক অর্থ রয়েছে। যেমন- প্রাণ; আত্মা। কল্যাণ। রহমত। মনের গোপন কথা। অদৃশ্য কল্যাণ। ওহী। কুরআন। ফেরেশতা। আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) লিখেছেন যে, رُوْحٌ শব্দের অনেক অর্থ আছে। যেমন- ১. বিধান। ২. ওহী। ৩. কুরআন। ৪. অনুগ্রহ। রহমত। ৫. জীবন। ৬. জিবরাঈল। ৭. একজন সম্মানিত ফেরেশতা ৮. একজন বিশেষ ফেরেশতার দল। ৯. প্রাণ; আত্মা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৮৭ দ্রষ্টব্য)

আয়াত : ৮

كَالْمُهْلِ : **গলিত ধাতুর ন্যায় পদার্থ**। ك হরফে জার। اَلْمُهْلِ ইসম। অর্থ- তেলের গাঁদ, রূপা গলানো পানি। -(মহল্লী) যে কোনো খনিজ পদার্থ, যেমন তামা, লোহা, সোনা, রূপা ইত্যাদি। গলানো লোহা, যয়তুন তেল। বিষ; হলুদ রক্ত; পুঁজ; মৃত ব্যক্তির শরীর থেকে বের হওয়া হলুদ পানি ইত্যাদিকেও مُهْلٌ বলা হয়।

আয়াত : ৯

كَالْعِهْنِ : **রঙীন পশমের ন্যায়**। একবচন, বহুবচন- عُهُوْنٌ

আয়াত : ১০

حَمِيْمٌ : **সুহৃদ**। ফুটন্ত পানি। মূলত حَمِيْمٌ বলা হয় প্রচণ্ড গরম পানিকে। এ কারণেই ঐ ঘনিষ্ঠ বন্ধুকেও حَمِيْمٌ বলা হয় যে তার বন্ধুর সাহায্যে গরম ও তৎপর হয়ে উঠে। প্রথম অর্থ হিসেবে এর বহুবচন حَمَائِمُ আর দ্বিতীয় অর্থ হিসেবে -এর বহুবচন أَحْمَاءُ আসে।

আয়াত : ১১

يُبَصَّرُوْنَهُمْ : **তাদেরকে একে অপরের দৃষ্টিগোচর করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلتَّبْصِيْرُ অর্থ- দেখানো; প্রত্যক্ষ্য করানো।

يَوَدُّ : **আকাঙ্ক্ষা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوُدُّ অর্থ- আকাঙ্ক্ষা করা; কামনা করা।

اَلْمُجْرِمُ : **অপরাধী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ- অপরাধ করা; পাপ করা।

يَفْتَدِىْ : **তারা বদলা দেয়; মুক্তিপণস্বরূপ দেয়**। সীগাহ واحد مذكرغائب বহছ مضارع معروف বাব اَلْاِفْتِعَالُ অর্থ- মূলবর্ণ (ف ـ د ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِفْتِدَاءُ অর্থ- মুক্তিপণ দেওয়া; ফিদিয়া দেওয়া।

بَنِيْهِ : **তার সন্তানসন্ততি**। মূলত بَنِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। এটি বহুবচন, একবচন- اِبْنٌ অর্থ- ছেলে; পুত্রসন্তান।

আয়াত : ১৩

فَصِيْلَتِهِ : **তার জ্ঞাতি-গোষ্ঠী**। فَصِيْلَةٌ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। আত্মীয়-স্বজন, নিকটাত্মীয়। -(মুনতাহাল আরব) গোত্র; সম্প্রদায়। -(মহল্লী) এদেরকে فَصِيْلَةٌ বলার কারণ হলো এরা ছেলে, সন্তান, পিতামাতা থেকে পৃথক হয়ে যায় অর্থাৎ তাদের থেকে জন্মগ্রহণ করে, আর মা-বাপও তাদের শরীর থেকে তাদেরকে পৃথক করে দেয়। -(কাবীর)

تُئْوِيْهِ : **সে তাকে আশ্রয় দিবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْوَاءُ মূলবর্ণ (أ ـ و ـ ى) অর্থ- আশ্রয় দেওয়া; স্থান দেওয়া। ه, যমীর মাফঊল।

আয়াত : ১৫

لَظٰى : **লেলিহান অগ্নি**। এটি একটি জাহান্নামের নাম। আবার মাসদারও হতে পারে। বাব سَمِعَ অর্থ- অগ্নি প্রজ্বলিত করা। বলা হয়- لَظِيَتِ النَّارُ (আমি অগ্নি প্রজ্বলিত করেছি)।

আয়াত : ১৬

نَزَّاعَةً : **অধিক অপসারণকারী; উৎপাটনকারী**। সীগাহ واحد مؤنث বহছ مبالغة বাব ضَرَبَ মাসদার اَلنَّزْعُ মূলবর্ণ (ن ـ ز ـ ع) অর্থ- উৎপাটন করা; অপসারণ করা; টেনে বের করা। (বিস্তারিত সূরা নাযি'আত, আয়াত : ১ দ্রষ্টব্য)

اَلشَّوٰى : **গাত্র; শরীরের সমস্ত অঙ্গ**। شَوَاةٌ -এর বহুবচন। -(রাগেব) মাথার চামড়া; মানুষের চামড়া। প্রাণীর হাত-পা ইত্যাদি। -(ইবনে হাইয়ান)

আয়াত : ১৭

اَدْبَرَ : **সে পৃষ্ঠ প্রদর্শন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِدْبَارُ মূলবর্ণ (د ـ ب ـ ر) পৃষ্ঠ প্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া।

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ(و ـ ل ـ ى) অর্থ- বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلّٰى যখন صلة ব্যতীত সরাসরি মুতাআদ্দী হয় তখন এর অর্থ হয়- কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। আর যদি عن দ্বারা মুতাআদ্দী হয় عن শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক তখন অর্থ হবে- মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ১৮

اَوْعٰى : **সে সংরক্ষণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ع ـ ى) মাসদার اَلْاِيْعَاءُ অর্থ- সংরক্ষণ করা; হেফাজত করা।

আয়াত : ১৯

هَلُوْعًا : **অতিশয় অস্থিরচিত্তরূপে**। মুবালাগার সীগাহ। বাব سَمِعَ মাসদার اَلْهَلَعُ অর্থ- অধিক অধৈর্য হওয়া। هَلَعٌ (অধৈর্যতাহেতু হৈচৈকারী।) هَلَعٌ (অধিক অক্ষম।) هَلْعَةٌ (অধৈর্য; অসহিষ্ণু, দ্রুত ক্ষুধার্ত হয় এমন)। هَلُوْعٌ (ভীতু; ভীরু। অক্ষম; কৃপণ। বিপদে ধৈর্যধারণ করে না যে।) هَالِعٌ (ভয়ে পলায়নকারী।)

আয়াত : ২০

جَزُوْعًا : **হা-হুতাশকারী**। সিফাতে মুশাব্বাহর সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ج ـ ز ـ ع) মাসদার اَلْجَزْعُ অর্থ- উৎকণ্ঠিত হওয়া; ধৈর্যহারা হওয়া; অস্থির হওয়া।

আয়াত : ২৭

مُشْفِقُوْنَ : **আতংকগ্রস্ত/ ভীত-সন্ত্রস্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ف ـ ق)

মাসদার اَلْاِشْفَاقُ অর্থ- ভয় করা। মূলত শব্দটি شَفَقٌ থেকে উদগত হয়েছে। যার অর্থ-সূর্যাস্তকালীন সূর্যের আলো অন্ধকারের সাথে মিশ্রিত হওয়া। এ কারণেই যে ভালোবাসা ভয়ের সাথে মিশ্রিত তাকে شَفَقَتٌ বলা হয়। বাব اِفْعَال এ اِشْفَاقٌ অর্থ এমনভাবে ভালোবাসা যার সাথে ভয়ও বিদ্যমান থাকে।এ অর্থের মধ্যে দুটি অংশ রয়েছে। ভালোবাসা ও ভয়। সুতরাং যদি এর পরে من আসে তখন ভয় অর্থ হবে। যেমন اَشْفَقَ مِنْهُ (তাকে ভয় করেছে।) আর যদি তারপরে فى বা علی উল্লেখ থাকে তখন ভালোবাসার অর্থ অধিক প্রকাশ করে। -(রাগেব, মুফরাদাতুল কুরআন)

আয়াত : ২৮

مَأْمُوْنٍ : **নিরাপদ; শঙ্কাহীন**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (أ - م - ن) মাসদার اَلْاَمْنُ অর্থ- নিরাপদ হওয়া। অর্থাৎ এমন শাস্তির বিষয়টি বারবার চিন্তা করা উচিত এবং এই শাস্তি থেকে অভয় হওয়া উচিত নয়।

আয়াত : ২৯

فُرُوْجٌ : **যৌনাঙ্গ; লজ্জাস্থান**। এটি বহুবচন, একবচন- فَرْجٌ যার অর্থ- বিদীর্ণ করা; ছিদ্র করা। (মাসদার।) ছিদ্র; ফাটল। (حاصل مصدر) ; পুরুষ ও স্ত্রীর যৌনাঙ্গ।

لَحَافِظُوْنَ : **অবশ্যই সংরক্ষক**। লাম তাকীদের জন্য। حَافِظُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ح - ف - ظ) মাসদার اَلْحِفْظُ অর্থ- সংরক্ষণ করা।

আয়াত : ৩০

اَزْوَاجٍ : **পতি; স্ত্রী**। একবচন زَوْجٌ অর্থ- জোড়া; স্বামী; বিভিন্ন প্রকার। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য)

مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ : **অধিকারভুক্ত দাসীগণ/ তাদের ডান হাত যার মালিক হয়েছে**। مَا মাউসূলাহ। مَلَكَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (م - ل - ك)মাসদার اَلْمِلْكُ অর্থ- মালিক হওয়া; অধিকারী হওয়া। اَيْمَانٌ বহুবচন, একবচন- يَمِيْنٌ অর্থ- ডান হাত; ডান দিক; দক্ষিণ হস্ত। দক্ষিণ হস্ত মালিক হওয়ার অর্থ হলো দাসীর মালিক হওয়া।

مَلُوْمِيْنَ : **নিন্দনীয়/তিরস্কৃত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ل - و - م) মাসদার اَللَّوْمُ ও اَلْمَلَامَةُ অর্থ- তিরস্কার করা; অভিসম্পাত করা।

আয়াত : ৩১

مَنِ ابْتَغٰى : **যে কামনা করে**। مَنْ মাউসূলাহ। اِبْتَغٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب - غ - ى) মাসদার اَلْاِبْتِغَاءُ কামনা করা; অন্বেষণ করা; তালাশ করা; অনুসন্ধান করা।

اَلْعٰدُوْنَ : **সীমালঙ্ঘনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع - د - و) মাসদার اَلْعُدْوَانُ অর্থ- সীমালঙ্ঘন করা; সীমা অতিক্রম করা।

আয়াত : ৩২

رٰعُوْنَ : **অটল/যত্নবান; সচেতন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ر - ع - ى) মাসদার اَلرِّعَايَةُ ও اَلرَّعْىُ অর্থ- যত্নবান হওয়া; তত্ত্বাবধান করা; রক্ষা করা; নিয়ন্ত্রণ করা; গবাদিপশুকে সংরক্ষণ করা, আহার করিয়ে হোক বা শত্রু থেকে জীবন রক্ষা করা হোক। رَاعُوْنَ মূলত رَاعِيُوْنَ ছিল। এতে عَادُوْنَ-এর ন্যায় তা'লীল হয়েছে।

আয়াত : ৩৪

يُحَافِظُوْنَ : **তারা হেফাজত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ح - ف - ظ) মাসদার اَلْمُحَافَظَةُ অর্থ- সংরক্ষণ করা; হেফাজত করা।

আয়াত : ৩৫

مُكْرَمُوْنَ : **সম্মানিত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك - ر - م) মাসদার اَلْاِكْرَامُ অর্থ- সম্মানিত করা।

আয়াত : ৩৬

مُهْطِعِيْنَ : **ছুটাছুটিকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মানসূব। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه - ط - ع) মাসদার اَلْاِهْطَاعُ অর্থ- মাথা ঝুঁকিয়ে দ্রুত দৌড়ানো। অক্ষমতা ও অপদস্থতাহেতু দৃষ্টি উঠাতে না পারা। আহ্বানকারীর দিকে নীরবে গমন করা।

আয়াত : ৩৭

عِزِيْنَ : **দলে দলে**। গ্রুপে গ্রুপে। ইমাম রাগেব (র.) বলেন, عِزِيْنَ অর্থ- বিভিন্ন দল। এর একবচন- عِزَةٌ মূলত শব্দটি عَزَوْتُهُ فَاعْتَزَى থেকে গঠিত, অর্থাৎ আমি তাকে সম্পৃক্ত করেছি এবং সে সম্পৃক্ত হয়েছে। عِزَةٌ এমন এক দলকে বলা হয় যার এক ব্যক্তি অপর ব্যক্তির দিকে সম্পৃক্ত হয় জন্ম হিসেবে পৃষ্ঠপোষকতা হিসেবে। তাই বলা হয়- اَلْاِعْتِزَاءُ فِى الْحَرْبِ

আয়াত : ৪১

مَسْبُوقِيْنَ : **অক্ষম;পশ্চাদ্বর্তী**। সীগাহ جمع مذكر বহছ ضَرَبَ ও نَصَرَ বাব اسم مفعول مجرور মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س - ب - ق) অর্থ- অগ্রবর্তী হওয়া; পিছনে ফেলে রাখা। তাকে পিছনে ফেলে অন্যরা অগ্রবর্তী হয়ে গেছে। এখানে উদ্দেশ্য অক্ষম।

আয়াত : ৪২

ذَرْهُمْ : **তাদেরকে করতে দাও; সুযোগ দাও; ছেড়ে দাও**। (এখানে অর্থ তাকে মগ্ন হতে দাও) সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (و - ذ - ر) মাসদার اَلْوَذْرُ অর্থ- থাকতে দেওয়া; ছেড়ে দেওয়া; পরিহার করা। এ অর্থে فعل امر ,مضارع ও نهى ব্যতীত অন্য কোনো সীগাহ গঠিত হয় না। هُمْ যমীর মাফঊল।

يَخُوْضُوْا : **তারা বাক-বিতণ্ডা করে; তারা নিরর্থক কথা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ - و - ض) মাসদার اَلْخَوْضُ অর্থ- মগ্ন হওয়া; নিমজ্জিত হওয়া;

يَلْعَبُوْا : **তারা ক্রীড়া-কৌতুক করবে; তাদেরকে ক্রীড়া-কৌতুক করতে দাও**। শব্দটি جواب امر-এর কারণে জযমবিশিষ্ট হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل - ع - ب) মাসদার اَللَّعِبُ অর্থ- ক্রীড়া-কৌতুক করা; খেলাধুলা করা।

يُلٰقُوْا : **তারা সম্মুখীন হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُلَاقَاةُ মূলবর্ণ (ل - ق - ى) অর্থ- সাক্ষাৎ করা; সম্মুখীন হওয়া; মুখোমুখি হওয়া।

يُوْعَدُوْنَ : **তাদেরকে সতর্ক করা হচ্ছে/ তাদেরকে ওয়াদা করা হচ্ছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و - ع - د) মাসদার اَلْوَعْدُ অর্থ- অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; সতর্ক করা; সাবধান করা।

আয়াত : ৪৩

اَلْاَجْدَاثِ : **কবর**। এটি جَدَثٌ-এর বহুবচন।

سِرَاعًا : **দ্রুতগতিতে; ত্রস্ত-ব্যস্ত হয়ে; ছুটাছুটি করে; দৌড়াতে দৌড়াতে; দ্রুতগতিতে**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (س - ر - ع) মাসদার اَلسُّرْعَةُ অর্থ- দ্রুততা; দ্রুত করা।

نُصُبٍ : **লক্ষ্যস্থল**। উপাসনালয়। ঝাণ্ডা; পতাকা; চিহ্ন। আবূ ওমর বলেন, এর অর্থ হলো শিকারীর জাল, যার দিকে শিকারী দৌড়ে যায়, এ আশঙ্কায় যে, শিকার বের হয়ে না যায়।

يُوْفِضُوْنَ : **তারা ধাবিত হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفَاضَةُ অর্থ- প্রবাহিত করা; ধাবিত করা।

আয়াত : ৪৪

خَاشِعَةً : **অবনত;বিনয়ী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ - ش - ع) মাসদার اَلْخُشُوْعُ অর্থ- ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া; উষর ও শুষ্ক হওয়া।

تَرْهَقُهُمْ : **তাদেরকে আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر - ه - ق) মাসদার اَلرَّهْقُ অর্থ- আচ্ছন্ন হওয়া; ছেয়ে যাওয়া। هُمْ যমীর মাফঊলে বিহী।

ذِلَّةٌ : **হীনতা/লাঞ্ছনা**। বাব ضَرَبَ-এর মাসদার। অপদস্থ হওয়া; লাঞ্ছিত হওয়া।

كَانُوْا يُوْعَدُوْنَ : **তাদেরকে সতর্ক করা হয়েছিল/ তাদেরকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و - ع - د) মাসদার اَلْوَعْدُ অর্থ- অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া; সতর্ক করা; সাবধান করা।

সূরা নূহ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২৮ রুকূ' : ২

আয়াত : ১

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر - س - ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

نُوْحًا : **বিশিষ্ট নবী হযরত নূহ (আ.)**। (বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৬৩ দ্রষ্টব্য)

قَوْمِ : **জাতি; সম্প্রদায়**। কেবলমাত্র পুরুষদের দল। মহিলাদের দলকে قَوْم বলা হয় না। যেমন এক কবির পংক্তি– اَقَوْمُ اٰلِ حِصْنٍ اَمْ نِسَاءٌ (হিসন গোত্রের লোকেরা পুরুষ নাকি মহিলা।) এখানে পুরুষের জন্য قَوْم বলা হয়েছে। –(রাগেব) পবিত্র কুরআনেও এ রকম ব্যবহার রয়েছে– قَوْمٌ مِنْ قَوْمٍ عَسٰى اَنْ يَكُوْنُوْا خَيْرًا مِنْهُمْ وَلَا نِسَاءٌ مِنْ نِسَاءٍ عَسٰى اَنْ يَكُنَّ خَيْرًا مِنْهُنَّ এখানে পুরুষদের জন্য قوم এবং মহিলাদের জন্য نساء শব্দ ব্যবহার করা হয়েছে। তবে অধীনস্থ হিসেবে মহিলাদেরকেও অন্তর্ভুক্ত করা বৈধ আছে। শব্দটি اسم جمع যা পুং ও স্ত্রী উভয়ভাবেই ব্যবহার হয়। –(কামূস ও লিসান) কুরআনে كَذَّبَ بِه كذب অর্থাৎ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ আবার قَوْمُكَ এবং كَذَّبَتْ উভয়ভাবেই ব্যবহার হয়েছে।

পবিত্র কুরআনে قَوْم দু অর্থের জন্য হয়েছে। যথা–

১. সম্বোধনের জন্য নয় এমন ক্ষেত্রে সাধারণ দল, জমাত, লোক যা একই বংশ বা দেশের সাথে সম্পৃক্ত হোক বা না হোক।

২. এক বংশ বা এক দেশ, অঞ্চলের সাথে সম্পৃক্ত সম্প্রদায়ের জন্য। এটা নবীগণ তার সম্প্রদায়ের লোকদেরকে সম্বোধনের ক্ষেত্রে হয়ে থাকে। যেমন يَا قَوْمِ، قَالَ لِقَوْمِه ইত্যাদি।

اَنْذِرْ : **ভীতি প্রদর্শন করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن - ذ - ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

يَأْتِ : **সে উপস্থিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; উপস্থিত হওয়া।

اَلِيْمٌ : **মর্মন্তুদ**। যন্ত্রণাদায়ক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (أ - ل - م) মাসদার اَلَمٌ অর্থ– কষ্ট পাওয়া

আয়াত : ২

نَذِيْرٌ : **সতর্ককারী**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ن - ذ - ر) মাসদার اَلنُّذُرُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা। উল্লেখ্য পবিত্র কুরআনে সর্বস্থানেই نَذِيْر (ভীতিপ্রদর্শনকারী) দ্বারা উদ্দেশ্য হলো অবাধ্যদেরকে আল্লাহর শাস্তি থেকে ভীতি প্রদর্শনকারী।

مُبِيْنٌ : **স্পষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب - ى - ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– স্পষ্ট করা; খুলে বর্ণনা করা।

আয়াত : ৩

اُعْبُدُوْا : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع - ب - د) অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

اِتَّقُوْا : **তোমরা সাবধান হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و - ق - ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সাবধান হওয়া; বিরত থাকা।

اَطِيْعُوْنِ : **তোমরা আমার আনুগত্য কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط - و - ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা। শেষের نون টি نون وقايه

আয়াত : ৪

يَغْفِرْ : **তিনি ক্ষমা করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ - ف - ر) অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

يُؤَخِّرْكُمْ : **তোমাদেরকে অবকাশ দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (أ - خ - ر) মাসদার اَلتَّاخِيْرُ অর্থ– বিলম্ব করা; অবকাশ দেওয়া। هم যমীর মাফউলে বিহী।

أَجَلٍ مُّسَمًّى : **নির্দিষ্ট কাল**। أَجَلٌ অর্থ- নির্দিষ্ট সময় বা কাল। এ কারণেই মৃত্যুকেও أَجَلٌ বলা হয়। একবচন, বহুবচন- آجَالٌ

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ- নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে- নির্ধারিত।

আয়াত : ৭

دَعَوْتُهُمْ : **আমি তাদেরকে আহ্বান করেছিলাম**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف দ্বিতীয় دَعَوْتُ বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ- আহ্বান করা; ডাকা। هُمْ যমীর মাফউলে বিহী।

جَعَلُوْا : **তারা করে; তারা রাখে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ- করা; বানানো; সৃষ্টি করা। (বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ১০ দ্র.)

اِسْتَغْشَوْا : **তারা নিজেদেরকে আবৃত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِغْشَاءُ মূলবর্ণ (غ ـ ش ـ ى) অর্থ- আচ্ছাদিত করা; নিমজ্জিত করা।

اَصَرُّوْا : **তারা জিদ করতে থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْرَارُ মূলবর্ণ (ص ـ ر ـ ر) অর্থ- পীড়াপীড়ি করা; কোনো কাজে লেগে থাকা, তা থেকে বিরত না হওয়া।

اِسْتَكْبَرُوْا : **তারা ঔদ্ধত্য প্রকাশ করে; অহংকার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِكْبَارُ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অর্থ- অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা।

আয়াত : ৯

اَعْلَنْتُ : **আমি উচ্চৈঃস্বরে প্রকাশ করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْلَانُ মূলবর্ণ (ع ـ ل ـ ن) অর্থ- ঘোষণা করা; প্রকাশ করা।

اَسْرَرْتُ : **আমি গোপন করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ- গোপন করা।

আয়াত : ১০

اِسْتَغْفِرُوْا : **তোমরা ক্ষমা প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ- ক্ষমাপ্রার্থনা করা।

غَفَّارٌ : **ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ- ক্ষমা করা।

আয়াত : ১১

يُرْسِلِ : **তিনি প্রেরণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ- প্রেরণ করা।

مِدْرَارًا : **প্রচুর বৃষ্টি**। (বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৫২ দ্র.)

আয়াত : ১২

يُمْدِدْكُمْ : **তিনি তোমাদেরকে সমৃদ্ধ করবেন; শক্তি সঞ্চার করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْاِمْدَادُ অর্থ- সাহায্য করা। كُمْ যমীর مذكر حاضر মাফউলে বিহী।

بَنِيْنَ : **পুত্র**। বহুবচন, একবচন- اِبْنٌ অর্থ- ছেলে; পুত্রসন্তান।

আয়াত : ১৩

لَا تَرْجُوْنَ : **তোমরা চাইছ না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মাসদার اَلرَّجَاءُ মূলবর্ণ (ر ـ ج ـ و) জিনস ناقص واوى অর্থ- আশা করা; আকাঙ্ক্ষা করা; চাওয়া।

وَقَارًا : **শ্রেষ্ঠত্ব; সম্মান; মর্যাদা**। হযরত ইবনে আব্বাস (রা.), মুজাহিদ, ইবনে যুবাইর (র.) প্রমুখ وَقَارٌ-এর অর্থ- করেছেন- আল্লাহর শ্রেষ্ঠত্ব; সম্মান।

اَطْوَارًا : **পর্যায়ক্রমে**। এটি طَوْرٌ-এর বহুবচন। অর্থ- সীমা; অনুমান; আন্দাজ। আবার এর অর্থ বিভিন্ন আকৃতির হতে পারে। আবার এও যে, মানুষ মাতৃগর্ভে যে বিভিন্ন আকৃতি ধারণ করে, যেমন প্রথমে বীর্য, পরে রক্তপিণ্ড, পরে গোশতের টুকরা, অতঃপর মানবাকৃতি, এবং জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষের যে যে স্তরগুলো অতিক্রম করে।

আয়াত : ১৪

اَلَمْ تَرَوْا : **তোমরা কি লক্ষ্য করো না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ تَرَوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الرؤية অর্থ− দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

طِبَاقًا : **স্তরে স্তরে; উপর-নিচে সজ্জিত**। বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। অন্য মাসদার হলো مُطَابَقَة যার অর্থ হলো− এক বস্তুকে অপর বস্তুর উপর তার অনুমান অনুযায়ী রাখা। বলা হয়− طَابَقْتُ النَّعْلَ بِالنَّعْلِ আমি একটি জুতা অপরটির অনুযায়ী করেছি। কারো পদাঙ্ক অনুকরণের জন্য প্রবাদস্বরূপ ব্যবহার হয়। তা থেকেই এসেছে طِبَاقٌ যার ব্যবহার কখনো ঐ বস্তুর জন্য হয় যা অপর বস্তুর উপর থাকে, আবার কখনো ঐ বস্তুর জন্য হয় যা অপর বস্তুর সদৃশ হয়। ইমাম বায়হাকী (র.) তাজুল মাসাদিরে লিখেছেন, এটি এক বস্তুকে অপর বস্তুর এভাবে ছড়িয়ে রাখাকে বুঝায় যে, তা তাকে আচ্ছাদিত করে রেখেছে।

আয়াত : ১৬

اَلْقَمَرَ : **চন্দ্র ; চাঁদ**। একবচন, বহুবচন− اَقْمَارٌ

سِرَاجًا : **প্রদীপ**। রূপকার্থে সূর্য ও উজ্জ্বল বস্তুর জন্যও ব্যবহার হয়। একবচন, বহুবচন− سُرُجٌ

আয়াত : ১৭

اَنْبَتَكُمْ : **তিনি তোমাদেরকে উদ্ভূত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ− গজানো; উদ্গত করা; উৎপন্ন করা। كم যমীর মাফঊল।

আয়াত : ১৮

يُعِيْدُكُمْ : **তিনি তোমাদেরকে প্রত্যাবর্তিত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ− পুনরায় প্রত্যাবর্তন করা।

يُخْرِجُكُمْ : তিনি তোমাদেরকে **বহিষ্কার করেন/ পুনরুত্থিত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ− ইচ্ছা করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ২০

لِتَسْلُكُوْا : **যেন তোমরা চলাফেরা কর**। শুরুতে لام كى সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(س ـ ل ـ ك)মাসদার اَلسُّلُوْكُ অর্থ− চলা; সঞ্চার করা; চালানো; প্রবেশ করানো। এটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহৃত হয়।

سُبُلًا : **পথসমূহ**। বহুবচন, একবচন− سَبِيْلٌ

فِجَاجًا : **প্রশস্ত রাস্তা**। মূলত অর্থ− দু'পাহাড়ের মধ্যবর্তী প্রশস্ত রাস্তা। বহুবচন, একবচন فَجٌّ হালতে নসব।

আয়াত : ২১

عَصَوْا : **তারা অবাধ্যতা করেছে; অমান্য করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ অর্থ− অমান্য করা; অবাধ্যতা করা; লঙ্ঘন করা।

اِتَّبَعُوْا : **তারা অনুসরণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ− অনুসরণ করা; অনুকরণ করা।

لَمْ يَزِدْهُ : **সে তা বৃদ্ধি করে নি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ− বৃদ্ধি পাওয়া।

আয়াত : ২২

مَكَرُوْا : **তারা ষড়যন্ত্র করেছে; চক্রান্ত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবর্ণ (م ـ ك ـ ر) অর্থ− ষড়যন্ত্র করা; চক্রান্ত করা।

আয়াত : ২৩

لَا تَذَرُنَّ : **তোমরা কখনো পরিত্যাগ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ− ছেড়ে দেওয়া; অব্যাহতি দেওয়া; রেহাই দেওয়া। এ অর্থে فعل امر - فعل نهى ও فعل مضارع ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

وُدًّا : **ওয়াদ**। হযরত নূহ (আ.)-এর সম্প্রদায়ের একটি মূর্তির নাম। যার আকৃতি ছিল দীর্ঘকায় পুরুষের প্রতিচিত্র, কোমরে একটি বেল্ট পেচানো, শরীরে

চাদর জড়ানো, গলায় তরবারি, কোষ ও ধনুকঝুলানো, একদিকে তৃণ-শরাশ্রয় পতিত, সম্মুখে বর্শা তাতে ঝাণ্ডা বাঁধা। جَبَّارٌ নক্ষত্রের আকৃতি মোটামুটি এ রকমই।

سُوَاعًا : **সুওয়া'**। একটি মূর্তির নাম। এটি ছিল একটি নারী আকৃতির। যা সম্ভবত আকাশের مِرْأَةٌ مُسَلْسَلَةٌ - ذَاتُ الْكُرْسِيِّ প্রভৃতি নক্ষত্রের আকৃতির সাথে সামঞ্জস্য রেখে তৈরি হয়েছিল। অথবা পূর্ববর্তী কোনো ইবাদতকারিণী মহিলার আকৃতিতে তৈরি হয়েছিল।

يَغُوْثَ : **ইয়াগূছ**। এটিও হযরত নূহ (আ.)-এর সম্প্রদায়ের একটি মূর্তির নাম। যার অর্থ প্রার্থনা পূরণকারী। এর আকৃতি ছিল একটি সিংহের ন্যায়।

يَعُوْقَ : **ইয়াউক্ব**। এটিও একটি মূর্তির নাম। (বিপদ-আপদ প্রতিহতকারী) যা ছিল অশ্বাকৃতির। আকাশে একটি নক্ষত্র আছে এ অশ্বের আকৃতির। আরবদের ধারণামতে এটি ছিল বাস্তবিকই বিপদাপদ বিদূরিতকারী।

نَسْرًا : **নাসর**। এটি একটি মূর্তির নাম। যা গৃধ্র আকৃতির ছিল। মূলত আকাশের নক্ষত্র اَلنَّسْرُ الْوَاقِعُ অভিজিৎ নক্ষত্র -এর আকৃতি হলো এটি।

উপরিউক্ত মূর্তিগুলোর আকৃতি সম্পর্কে দু ধরনের মন্তব্য পাওয়া যায়। যথা–

১. এগুলো পূর্ববর্তী বুযুর্গদের প্রতিচ্ছবি। হযরত নূহ (আ.)-এর সম্প্রদায়ের লোকেরা যার পূজা করত, পরবর্তীতে আরবের জাহিলী যুগেও এর অনুপ্রবেশ ঘটে এবং এগুলোর পূজার প্রচলন হয়।

২. এগুলো ছিল আকাশের বিভিন্ন নক্ষত্র ও রাশিচক্রের আকৃতিতে তৈরি বিভিন্ন প্রতিচ্ছবি বা মূর্তি। মূলত আকাশে যে রাশিচক্র আছে, তার বিভিন্ন আকৃতি আছে। যেমন কোনোটি সিংহ, কোনোটি মৎস্য, কোনোটি গৃধ্র ইত্যাদি। তারা সেই নক্ষত্রের আকৃতিতে তাদের মূর্তিগুলো তৈরি করেছিল।

আয়াত : ২৪

اَضَلُّوْا : **তারা বিভ্রান্ত করেছে; পথভ্রষ্ট করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট করা; নষ্ট করা।

আয়াত : ২৫

اُغْرِقُوْا : **তাদেরকে নিমজ্জিত করা হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ ق) মাসদার اَلْاِغْرَاقُ অর্থ– নিমজ্জিত করা; ডুবানো।

اَنْصَارًا : **সাহায্যকারী**। نَاصِرٌ বা نَصِيْرٌ-এর বহুবচন। পবিত্র কুরআনে যেখানে যেখানে মুহাজির ও আনসারের আলোচনা এসেছে সেখানে আনসার দ্বারা উদ্দেশ্য হলো মদিনার ঐ সমস্ত লোক যারা রাসূলুল্লাহ ﷺ ও সাহাবায়ে কেরামকে দীনের জন্য সাহায্য করার কারণে এ উপাধীতে ভূষিত হয়েছিলেন।

আয়াত : ২৬

دَيَّارًا : **বসবাসকারী**। دَوْرٌ বা دَارٌ থেকে উদ্ভূত। فَيْعَالٌ -এর ওযনে। فَعَّالٌ -এর ওযনে নয়। নতুবা دَوَّارٌ হওয়া উচিত ছিল। যেমন جَوَّادٌ ও قَوَّالٌ ; যার অর্থ ঘোরা; প্রদক্ষিণ করা।

আয়াত: ২৭

لَا يَلِدُوْا : **তারা জন্ম দিবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্ম দেওয়া। মূলত ছিল لَايَلِدُوْنَ; জওয়াবে শর্তে হওয়ার কারণে নূনে এরাবী পড়ে গেছে।

فَاجِرًا : **পাপাচারী**। একবচন, বহুবচন– فَجَرَةٌ ও فُجَّارٌ। অর্থ– পাপিষ্ঠ; প্রকাশ্যে পাপকর্মকারী; সত্যবিমুখ।

كَفَّارًا : **অতিমাত্রায় কাফের/অকৃতজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ مبالغة বাব نصر মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفُوْرُ ও اَلْكُفْرُ , اَلْكُفْرَانُ অর্থ– অস্বীকার করা; মিথ্যা বলা কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া; লুকানো; গোপন করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য)

আয়াত : ২৮

تَبَارًا : **ধ্বংস**। এটি ইসম ও মাসদার। বাব ضَرَبَ ও سَمِعَ ; মূলবর্ণ (ت ـ ب ـ ر) অর্থ– ধ্বংস করা।

সূরা জিন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২৮ রুকূ' : ২

আয়াত : ১

قُلْ : **বল/ আপনি বলুন; তুমি বল**। সীগাহ واحد مذكر حاضر امر حاضر معروف বহছ بَصَرَ বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اُوْحِيَ اِلَيَّ : **আমার প্রতি ওহী প্রেরিত হয়।** اُوْحِيَ সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ح ـ ى) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ– ওহী অবতীর্ণ করা; প্রত্যাদেশ করা।

اِسْتَمَعَ : **মনোযোগ সহকারে শ্রবণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْتِمَاعُ অর্থ– কান লাগিয়ে শোনা; মনোযোগ দিয়ে শ্রবণ করা; একনিষ্ঠ হয়ে শোনা।

نَفَرٌ : **একটি দল। জনবল; দলবল**। বহুবচন অর্থে ব্যবহার হয়।

اَلْجِنّ : **জিন**। অন্যান্য মাখলুকাতের ন্যায় এরাও একপ্রকার সৃষ্টি। আগুন থেকে এদের জন্ম, তবে তার পদ্ধতি আমাদের জানা নেই। আমাদের ন্যায় এরাও শরিয়তের বিধিবিধান পালনে বাধ্য। এদের মধ্যে সন্তান প্রজননের ধারাবাহিকতা রয়েছে এবং এরা ভালো ও মন্দ উভয়ই আছে। جِنّ অর্থ অদৃশ্য গোপন। এরাও মানুষের দৃষ্টি থেকে অদৃশ্য থাকে। তাই এদেরকে জিন বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, জিন শব্দের ব্যবহার মানুষের মোকাবিলায় ঐ সমস্ত প্রাণীদের জন্য হয় যারা দৃষ্টির অগোচরে থাকে। এমতাবস্থায় শয়তানও জিনজাতির অন্তর্ভুক্ত হবে। সুতরাং সকল ফেরেশতা জিন; কিন্তু সকল জিন ফেরেশতা নয়। জিনদের অস্তিত্ব সম্পর্কে ওলামায়ে কেরামের ঐকমত্য রয়েছে। কারণ কুরআন ও মুতাওয়াতির হাদীস দ্বারা এর প্রমাণ রয়েছে। অনন্তর একটি হাদীসে রয়েছে রাসূল ﷺ বলেছেন, জিন তিন প্রকার। যথা–

১. যাদের ডানা রয়েছে এবং তারা উড়ে বেড়ায়।
২. যারা সাপ ও বিচ্ছুর আকৃতির হয়ে থাকে।
৩. যারা এক স্থানে কিছুদিন অবস্থান করার পর সেখান থেকে চলে যায়। –(ফতহুল বারী খ. ৬ পৃ. ২৪৬)

قُرْاٰنًا : **কুরআন। এটি মাসদার**। অর্থ– পাঠ করা; তেলাওয়াত করা; পড়া। (বিস্তারিত সূরা ইউসূফ, আয়াত : ২ দ্রষ্টব্য)

আয়াত : ২

يَهْدِىْ : **তিনি সৎপথে পরিচালিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথের সন্ধান দেওয়া; হেদায়েত দেওয়া; সৎপথে পরিচালিত করা; সঠিক পথের সন্ধান দেওয়া।

اَلرُّشْدِ : **সঠিক পথ। হেদায়েত। যোগ্যতা। সুপথপ্রাপ্তি; সচেতনতা; সুব্যবস্থাপনা**। এটি বাব نَصَرَ-এর মাসদার। হিদায়েতের স্থলে ব্যবহার হয়।

لَنْ نُّشْرِكَ : **আমরা কখনো শরিক স্থাপন করব না**। সীগাহ جمع متكلم বহছ مضارع منفى بلن معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা; সংযোজন করা।

আয়াত : ৩

تَعٰلٰى : **তিনি মহিমান্বিত**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّعَالِىُ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ– মহিমান্বিত হওয়া; সম্মানিত হওয়া; উঁচু হওয়া।

مَا اتَّخَذَ : **তারা গ্রহণ করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– গ্রহণ করা; বানানো; তৈরি করা।

আয়াত : ৪

سَفِيْهُنَا : **আমাদের নির্বোধগণ**। سَفِيْهُ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন سُفَهَاءُ অর্থ- মূর্খ; বোকা; হাবা।

شَطَطًا : **অবাস্তব উক্তি; যে কথা সত্য থেকে দূরে।** মাসদার বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ش ـ ط ـ ط) বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْطَاطُ অর্থ- জুলুম করা; অবিচার করা; বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; কথা দূরে ফেলে দেওয়া।

আয়াত : ৫

اَلْاِنْسُ : **মানব; মানুষ**। ইসম জিন্‌স। একবচন, বহুবচন اُنَاسٌ ; শব্দটি اُنْسٌ থেকে উদ্ভূত। যার অর্থ- ঘনিষ্ঠ হওয়া। যেহেতু মানুষ জাতিগতভাবে সামাজিক জীব। এ কারণেই তাদের জীবনের চাকা পারস্পরিক সম্প্রীতি ও মেলামেশা ব্যতীত চলতেই পারে না। এ কারণেই মানুষের নাম اِنْس রাখা হয়েছে।

আয়াত : ৬

يَعُوْذُوْنَ : **তারা শরণ লইত; আশ্রয় গ্রহণ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ ذ) মাসদার اَلْعَوْذُ অর্থ- আশ্রয় গ্রহণ করা; শরণ লওয়া।

رَهَقًا : **আত্মম্ভরিতা**। মাসদার, মূলবর্ণ (ر ـ ه ـ ق) বাব سَمِعَ অর্থ- অবাধ্যতা; অহংকার; বাড়াবাড়ি; জুলুম। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْهَاقُ অর্থ- চাপিয়ে দেওয়া; আরোপ করা। বাধ্য করা।

আয়াত : ৭

ظَنُّوْا : **তারা মনে করেছে; ধারণা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ- ধারণা করা; মনে করা; অনুমান করা। শব্দটি কখনো কখনো বাব نَصَرَ -এর মাসদার হয়ে আবার কখনো কখনো ইসম হয়ে ব্যবহার হয়। ইসম হলে তার বহুবচন আসে ظُنُوْنٌ

لَنْ يَّبْعَثَ : **তাকে পুনরুজ্জীবিত করা হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ- পুনরুত্থিত করা; পুনঃর্জীবিত করা। উঠিয়ে দাঁড় করানো; পুনরায় জীবিত হওয়া। মূলত بَعْث অর্থ- প্রেরণ করা; পাঠানো। কিন্তু قرينة ও সংশ্লিষ্টতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের بعث শব্দ ব্যবহার হলে তখন অর্থ হবে- উটকে উঠানো ও হাঁকানো। মৃতদের জন্য ব্যবহার হলে তখন অর্থ হবে- পুনরায় জীবিত হওয়া। নবী-রাসূলগণের জন্য ব্যবহার হলে অর্থ হবে প্রেরিত হওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে এর অর্থ বুঝে নিতে হবে।

আয়াত : ৮

لَمَسْنَا : **আমরা চেয়েছিলাম; ইচ্ছা করেছিলাম; স্পর্শ করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ل ـ م ـ س) মাসদার اَللَّمْسُ অর্থ- অনুসন্ধান করা; তালাশ করা; ইচ্ছা করা; খোঁজ করা।

مُلِئَتْ : **তা পরিপূর্ণ হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ل ـ أ) মাসদার اَلْمَلْأُ، اَلْمَلَاءَةُ অর্থ- ভরা; পূর্ণ হওয়া; ভরপুর হওয়া; পরিপূর্ণ হওয়া।

حَرَسًا : **প্রহরীগণ**। একবচন اَلْحَارِسُ অর্থ- পাহারাদার; তত্ত্বাবধায়ক।

شُهُبًا : **উল্কাপিণ্ড**। বহুবচন, একবচন- شِهَابٌ অর্থ- আকাশে যে তারকা ছুটে পড়তে দেখা যায়। ইমাম রাগেব লিখেছেন- شِهَابٌ প্রদীপ্ত অগ্নিশিখাকে বলা হয়। বহুবচন شُهُبٌ - شُهْبَانٌ - اَشْهُبٌ ; একবার রাসূলুল্লাহ ﷺ সাহাবীদের কোনো এক মজলিসে ছিলেন। এমন সময় উল্কাপিণ্ড খসে পড়লে রাসূলুল্লাহ বললেন, তোমরা ইসলামের পূর্বে এ ধরনের উল্কাপিণ্ড খসে পড়াকে কি মনে করতে? লোকেরা বলল, আমরা মনে করতাম, দুনিয়াতে বড় কোনো ঘটনা ঘটবে অথবা বড় কোনো মানুষের মৃত্যু কিংবা জন্ম হয়েছে। রাসূলুল্লাহ ﷺ বললেন, এটা

অমূলক ধারণা। এর সাথে জন্ম, মৃত্যুর কোনো সম্পর্ক নেই। এটা স্ফুলিঙ্গ যা শয়তানকে প্রতিরোধের জন্য মারা হয়।

আয়াত : ৯

كُنَّا نَقْعُدُ : **আমরা বসে থাকতাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى استمرارى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق - ع - د) মাসদার اَلْقُعُوْدُ অর্থ- উপবেশ করা; বসা; ওঁৎ পাতা।

رَصَدًا : **প্রহরী**। বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- দৃষ্টি রাখা; ওঁৎ পাতা। তবে এ মাসদারটি اسم- اسم فاعل مفعول এবং একবচন, দ্বিবচন ও বহুবচ সকলের জন্য ব্যবহার হয়। পবিত্র কুরআনের যেখানেই শব্দটি এসেছে সেখানেই এ সমস্ত অর্থ করা সম্ভব।

আয়াত : ১০

لَا نَدْرِيْ : **আমরা জানি না**। সীগাহ جمع متكلم বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মাসদার اَلدِّرَايَةُ মূলবর্ণ (د - ر - ى) অর্থ- জানা; অবহিত হওয়া; অবগত হওয়া।

رَشَدًا : **মঙ্গল; কল্যাণ**। মাসদার, বাব نَصَرَ অর্থ সঠিক পথ প্রদর্শন করা। এটা দীন এবং দুনিয়া উভয় ক্ষেত্রে হতে পারে।

আয়াত : ১১

اَلصّٰلِحُوْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ ও فَتَحَ মাসদার اَلصَّلَاحُ ও اَلصُّلُوْحُ মূলবর্ণ (ص - ل - ح) অর্থ- সৎ হওয়া; ভালো হওয়া।

طَرَائِقَ : **বিভিন্ন পথ**। বহুবচন; একবচন- طَرِيْقٌ অর্থ- রাস্তা; পথ।

قِدَدًا : **অনুসারীগণ**। বহুবচন, একবচন- قِدَّةٌ বিভিন্ন পথ-পন্থা ও মতাদর্শে বিশ্বাসী সম্প্রদায় সমূহের গ্রুপ।

আয়াত : ১২

لَنْ نُّعْجِزَ : **আমরা অক্ষম করতে পারব না**। সীগাহ جمع متكلم বহছ نفى تاكيد بلن درفعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - ج - ز) مستقبل معروف মাসদার اَلْاِعْجَازُ অর্থ- অক্ষম করা।

আয়াত : ১৩

بَخْسًا : **ক্ষতি। ত্রুটিপূর্ণ**। অন্যায়ভাবে কোনো বস্তুকে হ্রাস করে দেওয়াকে بَخْس বলা হয়। এটি মাসদার যা اسم فاعل অর্থেও হতে পারে আবার اسم مفعول অর্থেও হতে পারে। প্রথমটি হিসেবে অর্থ হবে- بَاخِسٌ তথা অসম্পূর্ণ; ত্রুটিপূর্ণ। আর দ্বিতীয়টি হিসেবে অর্থ হবে- যা ইচ্ছাকৃত হ্রাস করা হয়েছে।

رَهَقًا : **অন্যায়ের অশঙ্কা; আত্মম্ভরিতা**। এটি মাসদার, মূলবর্ণ (ر - ه - ق) বাব سَمِعَ অর্থ- অবাধ্যতা; অহংকার; বাড়াবাড়ি; জুলুম; অত্যাচার। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْهَاقُ অর্থ- চাপিয়ে দেওয়া; আরোপ করা। বাধ্য করা।

আয়াত : ১৪

قَاسِطُوْنَ : **সীমালজ্ঘনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ق - س - ط) মাসদার اَلْقَسْطُ অর্থ- ন্যায়বিচার করা; ইনসাফ করা। সীমালজ্ঘন করা; অবিচার করা; জুলুম করা। (বিপরীত অর্থবোধক শব্দ)

تَحَرَّوْا : **তারা ইচ্ছা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّحَرِّيْ মূলবর্ণ (ح - ر - ر) অর্থ- উত্তম বিষয় অনুসন্ধান করা; মনোযোগ দেওয়া।

আয়াত : ১৬

لَوِ اسْتَقَامُوْا : **যদি তারা সত্য পথে প্রতিষ্ঠিত থাকত**। لَوْ হরফে শর্ত। اِسْتَقَامُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقَامَةُ মূলবর্ণ (ق - و - م) অর্থ- সোজা হওয়া; সঠিক হওয়া; স্থির হওয়া; অবিচল হওয়া।

لَاَسْقَيْنٰهُمْ : **আমি অবশ্যই তাদেরকে পান করাতাম**। اَسْقَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س - ق - ى) মাসদার اَلْاِسْقَاءُ অর্থ- পান করানো; পান করতে দেওয়া।

غَدَقًا : **প্রচুর বারি; বৃষ্টির প্রচুর পানি**। (মু'জাম, মুফরাদাত) মুষলধার বৃষ্টির প্রচুর পানি যা সাত বছরের দুর্ভিক্ষের পর বর্ষিত হয়। (মু'জাম) উদ্দেশ্য হলো রিজকের প্রশস্ততা। -(তাবারী) প্রচুর সম্পদ। -(মুজাহিদ) এ থেকে বাব سَمِعَ -এর ফে'ল গঠিত হয়। বলা হয়- غَدَقَتْ عَيْنُهُ (তার চক্ষু প্রচুর অশ্রুপাত করেছে।) -(রাগেব)

আয়াত : ১৭

لِنَفْتِنَهُمْ : **যেন তাদেরকে পরীক্ষা করি**। نَفْتِنَ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ت ـ ن) মাসদার اَلْفَتْنُ অর্থ- পরীক্ষায় ফেলা; বিপদে পতিত করা; পদস্খলন ঘটানো। هم যমীর মাফঊলে বিহী।

مَنْ يُعْرِضْ : **যে বিমুখ হবে**। يُعْرِضْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া; উপেক্ষা করা।

يَسْلُكْهُ : **তিনি তাকে প্রবেশ করাবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ل ـ ك) মাসদার اَلسَّلْكُ অর্থ- সঞ্চার করা; চালানো; প্রবেশ করানো। متعدى ও لازم উভয়ভাবেই ব্যবহার হয়।

صَعَدًا : **কঠিন; কষ্টদায়ক**। এটি বাব فَتَحَ -এর মাসদার, মূলবর্ণ (ص ـ ع ـ د) অর্থ- কঠিন হওয়া; শক্ত হওয়া।

আয়াত : ১৯

لِبَدًا : **ভিড় জমানো**। لِبْدَةٌ -এর বহুবচন। ঘোড়া বা সিংহের কেশর; দল, জট বাধা চুল, দলে দলে, জনসমুদ্র। বহু লোকের বিশৃঙ্খল সমাবেশ।

আয়াত : ২২

يُجِيرَ : **তিনি আশ্রয় দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মসদার اَلْاِجَارَةُ মূলবর্ণ (ج ـ و ـ ر) অর্থ- আশ্রয় দেওয়া; দয়া করা; জায়গা দেওয়া।

مُلْتَحَدًا : **আশ্রয়স্থল**। সীগাহ واحد বহছ ظرف مكان ইসমে মাফউলের ওযনে। বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِلْتِحَادُ মূলবর্ণ (ل ـ ح ـ د) অর্থ- আশ্রয় প্রদান করা।

আয়াত : ২৩

بَلَاغًا : **প্রচার করা**। বার্তা; ম্যাসেজ। বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- পৌঁছানো। এটি তাবলীগ অর্থে ব্যবহৃত হয়েছে।

رِسٰلٰتِ : **পয়গাম; বাণী; ম্যাসেজ**। শব্দটি اِرْسَالٌ থেকে গঠিত, যার অর্থ- প্রেরণ করা। এটি ইসম। অর্থ পয়গাম বা চিঠি-পত্র। বহুবচন; একবচন- رِسَالَةٌ আরেকটি বহুবচন- رَسَائِلُ ; আল্লামা তাফতাযানী رِسَالَةٌ -এর শরঈ অর্থ বর্ণনা করেছেন এভাবে-

هِيَ سِفَارَةُ الْعَبْدِ بَيْنَ اللّٰهِ وَبَيْنَ ذَوِى الْاَلْبَابِ مِنْ خَلِيْقَتِه لِيُزِيْحَ بِهَا عِلَلَهُمْ فِيْمَا قَصُرَتْ عَنْهُ عُقُوْلُهُمْ مِنْ مَصَالِحِ الدُّنْيَا وَالْاٰخِرَةِ

(আল্লাহ এবং তাঁর জ্ঞানবান বান্দার মাঝে দূতিয়ালী করা, যেন তার মাধ্যমে ঐ সমস্ত রোগ-ব্যাধি দূর করা যায় যা দূর করতে তার জ্ঞানসমূহ দুনিয়া ও আখেরাতের কল্যাণলাভে অক্ষম হয়ে পড়েছে।)

আয়াত : ২৫

اَمَدًا : **সময়; কাল**। সীমিত সময়ের জন্য ব্যবহার হয়।

আয়াত : ২৭

مَنِ ارْتَضٰى : **যাদের প্রতি তিনি সন্তুষ্ট**। اِرْتَضٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ض ـ ى) মাসদার اَلْاِرْتِضَاءُ অর্থ- সন্তুষ্ট হওয়া; পছন্দ হওয়া; খুশি হওয়া।

আয়াত : ২৮

اَحَاطَ : **তিনি পরিবেষ্টন করে আছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ- বেষ্টন করা; ঘিরে রাখা।

اَحْصٰى : **অধিক গণনাকারী/ সে গণনা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْصَاءُ অর্থ- গণনা করা, হিসাব করা, গোনা, গণা।

সূরা মুয্যাম্মিল : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২০ রুকূ' : ২

আয়াত : ১

اَلْمُزَّمِّلُ : **বস্ত্রাবৃত**। শব্দটি মূলত مُتَزَمِّلٌ ছিল। ت কে ز -এর মধ্যে ইদগাম করা হয়েছে। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّزَمُّلُ মূলবর্ণ (ز ـ م ـ ل) অর্থ- কম্বল মুড়ি দেওয়া। সুদ্দী (র.) এর অর্থ করেছেন, ঘুমন্ত; শয়নকারী। প্রথম যখন ওহী নাজিল হয় তখন রাসূলুল্লাহ ﷺ এই অভিনব অভিজ্ঞতায় কিছুটা শঙ্কিত হয়েছিলেন এবং বাড়িতে গিয়ে বলেছিলেন- زَمِّلُوْنِىْ (আমাকে বস্ত্র দ্বারা আবৃত কর।) এই ঘটনার কিছু দিন পরেই অবতীর্ণ এই সূরাটিতে আল্লাহ তা'আলা তাঁকে مُزَّمِّلٌ বলে সম্বোধন করেন। পরবর্তী সূরাতেও একই ধরনের সম্বোধন (مُدَّثِّرٌ বস্ত্রাচ্ছাদিত) -এর পুনরাবৃত্তি হয়েছে। কিন্তু এরপর তাঁকে নবী ও রাসূল বলে সম্বোধন করা হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন, ইঙ্গিতার্থে مُزَّمِّلٌ দ্বারা উদ্দেশ্য হলো ضَعِيْف।

আয়াত : ২

قُمْ : **উঠুন; উঠে দাঁড়ান; রাত্রি জাগরণ করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দণ্ডায়মান হওয়া; দাঁড়ানো; অবস্থান করা।

আয়াত : ৩

اُنْقُصْ : **তুমি হ্রাস কর; কম কর**। সীগাহ واحد مذكر বহছ امر حاصر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ص) মাসদার اَلنَّقْصُ অর্থ- হ্রাস করা; সংকুচিত করা।

আয়াত : ৪

زِدْ : **তুমি বৃদ্ধি কর**। সীগাহ واحد مذكر خاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ- বৃদ্ধি করা; সমৃদ্ধ করা।

رَتِّلْ : **তুমি ক্রমে ক্রমে সুস্পষ্টভাবে আবৃত্তি কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ر ـ ت ـ ل) মাসদার اَلتَّرْتِيْلُ অর্থ- সঠিক ও প্রাঞ্জলভাবে মুখে উচ্চারণ করা। ধীরে ধীরে পাঠ করা।

আয়াত : ৫

سَنُلْقِىْ : **শীঘ্রই আমি অবতীর্ণ করছি**। আমি ঢেলে দিব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ- নিক্ষেপ করা; ঢেলে দেওয়া; সঞ্চার করা।

আয়াত : ৬

نَاشِئَةَ : **উত্থিত হওয়া; উত্থান**। এটি فاعل -এর ওযনে মাসদার। অর্থ- রাত্রিবেলা নিদ্রা থেকে জাগ্রত হয়ে উঠে দাঁড়ানো।

اَشَدُّ : **সর্বাধিক কঠোর**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ- কঠোর হওয়া; শক্ত হওয়া।

وَطْأً : **দলন করা**। অপর এক কেরাতে وِطَاءً রয়েছে। এটি মাসদার, مُوَاطَاةٌ -এর অর্থে। অর্থ- সমন্বয় তথা শ্রবণ বুঝার সাথে সমন্বয়, কর্ণ অন্তরের সাথে সমন্বয়। উদ্দেশ্য হলো কুরআন শ্রবণ করে তা হৃদয়ঙ্গম করা অধিক কঠিন। তাছাড়া রাত্রিতে নিদ্রা হতে ইবাদতের উদ্দেশ্যে জাগ্রত হওয়া বড় কঠিন। প্রবৃত্তিকে দমিত করা তা দ্বারাই সম্ভব। তখন যা কিছু বলা হয় বা আবৃত্তি করা হয়, তা হৃদয় হতে উৎসারিত হয়।

اَقْوَمُ : **সুদৃঢ়; সঠিক**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাড়ানো সুদৃঢ় হওয়া; অবস্থান করা।

قِيْلًا : **বাকস্ফুরণ**। قِيْلَ মাসদার, এটি قَوْلٌ -এর সমার্থক শব্দ। (বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১২২ দ্রষ্টব্য)

আয়াত : ৮

تَبَتَّلْ اِلَيْهِ تَبْتِيْلًا : **তুমি একনিষ্ঠভাবে তাতে মগ্ন হও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ت ـ ل) মাসদার اَلتَّبَتُّلُ অর্থ- সবকিছু থেকে পৃথক হয়ে আল্লাহর জন্য ইবাদত ও নিয়তকে একনিষ্ঠ করা; একাগ্র হওয়া।

আয়াত : ১০

اُهْجُرْهُمْ : **তুমি তাদেরকে পরিহার করে চল।** اهجر সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْهَجْرَةُ অর্থ- হিজরত করা; দেশত্যাগ করা; পৃথক হওয়া। نى নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

আয়াত : ১১

مَهِّلْ : **তুমি অবকাশ দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امرحاضر معروف বাব تفعيل মাসদার اَلتَّمْهِيْلُ মূলবর্ণ (م ـ ه ـ ل) অর্থ- অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া; ঢিল দেওয়া।

আয়াত : ১২

اَنْكَالاً : **শৃঙ্খল।** ইসম। বহুবচন, একবচন- نَكْلٌ শৃঙ্খল; পদবেড়ি; বন্ধনী।

جَحِيْمًا : **জাহান্নাম। জ্বলন্ত আগুন।** فَعِيْلٌ-এর ওযন فاعل অর্থে। جَحْمٌ থেকে নির্গত, যার অর্থ ভীষণভাবে জ্বলা। ইমাম ইবনে জারীর (র.) থেকে বর্ণিত রয়েছে যে, জাহান্নামের সাতটি স্তর রয়েছে। ১. জাহান্নাম। ২. লাযা। ৩. হুতামা। ৪. সাঈর। ৫. সাকার। ৬. জাহিম। ৭. হাভিয়া। -(মা'আলিমুত্তানযিল)

আয়াত : ১৩

غُصَّةٍ : **গলায় আটকে যায় এমন বস্তু।** এটি ইসম। গলায় কোনো কিছু আটকে যাওয়া; যে হাড় গলায় আটকে যায়। -(মুফরাদাত) এর দ্বারা উদ্দেশ্য হলো ضَرِيْعٌ (বৃক্ষ যা জাহান্নামীদের খাদ্য হবে,) অথবা غِسْلِيْنٌ বা জাহান্নামের বিশেষ কাঁটা। -(মহল্লী)

আয়াত : ১৪

تَرْجُفُ : **তা প্রকম্পিত হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلرَّجْفُ মূলবর্ণ (ر ـ ج ـ ف) অর্থ- প্রকম্পিত হওয়া; কাঁপা।

كَثِيْبًا مَّهِيْلاً : **বহমান বালুকারাশি।** كَثِيْبٌ (বালির স্তূপ।) এটি ইসম, বহুবচন كُثُبٌ ও كُثْبَانٌ ; مَهِيْلاً সীগাহ واحد مذكر বহছ اسم مفعول প্রবহমান বালি। মূলত مَهْيُوْلٌ ছিল।

আয়াত : ১৫

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَال মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা; পাঠানো।

رَسُوْلاً : **রাসূল। পয়গাম্বর; প্রেরিত।** এটি رِسَالَةٌ থেকে উদ্ভূত فَعُوْلٌ-এর ওযনে مبالغة-এর সীগাহ। জমহূরের মতে, যাদের নিকট আল্লাহর পক্ষ থেকে ওহী আসে তারা হলেন নবী এবং তাদের মধ্যে যারা বিশিষ্ট বা যাদের উম্মত আছে বা কিতাব আছে তারা হলেন রাসূল। কাজী বায়যাবী (র.)-এর মতে, যাদেরকে আল্লাহ তা'আলা নতুন শরিয়ত দিয়ে প্রেরণ করেছেন তারা হলেন রাসূল, আর নবী হলেন ব্যাপক অর্থাৎ যাদেরকে নতুন শরিয়ত দান করা হয়েছে এবং যাদেরকে পূর্ববর্তী রাসূলের দীনের উপর পাঠানো হয়েছে।

شَاهِدًا : **সাক্ষীস্বরূপ।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ- স্বীকার করা; সাক্ষ্য দেওয়া।

আয়াত : ১৬

عَصٰى : **সে অমান্য করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعِصْيَانُ মূলবর্ণ (ع ـ ص ـ ى) অর্থ- অমান্য করা; অবাধ্যতা করা; লঙ্ঘন করা।

اَخَذْنٰهُ : **আমি তাকে শাস্তি দিলাম; তাকে ধরলাম।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ- ধরা; শাস্তি দেওয়া; পাকড়াও করা; আক্রান্ত করা।

وَبِيْلاً : **কঠিন পীড়াদায়ক।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كرم মূলবর্ণ (و ـ ب ـ ل) মাসদার اَلْوَبْلُ ও اَلْوَبِيْلُ অর্থ- কঠিন হওয়া; শক্ত হওয়া।

আয়াত : ১৭

فَكَيْفَ تَتَّقُوْنَ : **কিভাবে তোমরা আত্মরক্ষা করবে।** تَتَّقُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- আত্মরক্ষা করা; ভয় করা; সাবধান হওয়া; আল্লাহভীরু হওয়া।

شِيْبًا : বৃদ্ধ। ইসম। اَشْيَبُ-এর বহুবচন। যেমন– بِيْضٌ হলো اَبْيَضُ-এর বহুবচন।

আয়াত : ১৮

مُنْفَطِرٌ : বিদীর্ণ। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْاِنْفِطَارُ অর্থ– বিদীর্ণ হওয়া; ফেটে যাওয়া।

আয়াত : ২০

يُقَدِّرُ : তিনি নির্ধারণ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْدِيْرُ মূলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ– পরিমাণ নির্ধারণ করা।

لَنْ تُحْصُوْهُ : তোমরা তা পুরাপুরি পালন করতে পারবে না; নির্ণয় করতে পারবে না। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى تاكيد بلن مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ى) মাসদার اَلْاِحْصَاءُ অর্থ– গণনা করা; পরিসংখ্যান করা।

تَابَ عَلَيْكُمْ : তিনি তোমাদের তওবা কবুল করেছেন; তিনি তোমাদের প্রতি ক্ষমাপরবশ হয়েছেন। تَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। তওবার সংজ্ঞায় ইমাম খাত্তাবী (র.) বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ অর্থাৎ তওবার অর্থ হলো গুনাহর পর বান্দা নেকীর দিকে প্রত্যাবর্তন করা।) এর সেলা যদি على হয় তখন অর্থ হবে– তওবা কবুল করা।

اِقْرَءُوْا : তোমরা পাঠ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْقِرَاءَةُ মূলবর্ণ (ق ـ ر ـ أ) অথবা (ق ـ ر ـ ن) বা اَلْقُرْاٰنُ অর্থ– পড়া; পাঠ করা।

مَا تَيَسَّرَ : যতটুকু সহজ হয়। ما মাউসূলাহ। تَيَسَّرَ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلتَّيَسُّرُ অর্থ– সহজ হওয়া।

يَبْتَغُوْنَ : তারা সন্ধান করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِبْتِغَاءُ মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– অনুসন্ধান করা; তালাশ করা।

يُقَاتِلُوْنَ : তারা সংগ্রামে লিপ্ত হয়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُقَاتَلَةُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– পরস্পর যুদ্ধ করা।

اَقِيْمُوْا : তোমরা কায়েম কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠা করা; কায়েম করা।

اٰتُوْا : তোমরা প্রদান কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امرحاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; দেওয়া।

اَقْرِضُوْا : তোমরা ঋণ দাও। সীগাহ جمع مذكر حاضر বহছ امرحاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ض) মাসদার اَلْاِقْرَاضُ অর্থ– ঋণ দেওয়া।

مَا تُقَدِّمُوْا : যা তোমরা অগ্রিম প্রেরণ করবে। ما মাউসূলাহ। تُقَدِّمُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْدِيْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ– অগ্রে পেশ করা; পূর্বে প্রেরণ করা; অগ্রণী হওয়া।

تَجِدُوْا : তোমরা পাবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ– পাওয়া; অর্জন করা।

اِسْتَغْفِرُوْا : তোমরা ক্ষমা প্রার্থনা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমাপ্রার্থনা করা।

غَفُوْرٌ : অতি ক্ষমাশীল। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة

رَحِيْمٌ : পরম দয়ালু। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা। বহুবচন رُحَمَاءُ ; رَحِيْمٌ আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এর ব্যবহার আল্লাহ তা'আলা ব্যতীত অন্যদের ক্ষেত্রেও হয়ে থাকে। যেমন নবী করীম ﷺ সম্পর্কে বলা হয়েছে– رَءُوْفٌ رَحِيْمٌ ; ইবনে মুবারক (র.) বলেন– رَحْمٰن এমন সত্তা যার কাছে প্রার্থনা করা হলে তিনি দান করেন। আর رَحِيْم এমন সত্তা যার কাছে প্রার্থনা করা না হলে তিনি ক্রুদ্ধ হন।

সূরা মুদ্দাসসির : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫৬ রুকূ' : ২

আয়াত : ১

اَلْـمُـدَّثِّـرُ : **বস্ত্রাচ্ছাদিত**। সীগাহ اسم واحد مذكر বহছ اَلتَّدَثُّرُ বাব تَفَعُّلْ মূলবর্ণ (د ـ ث ـ ر) মাসদার فَاعِل অর্থ– বস্ত্র দ্বারা আচ্ছাদিত করা; কাপড় মুড়ি দেওয়া। শব্দটি মূলত مُتَدَثِّرٌ ছিল। تا কে دال দ্বারা পরিবর্তন করে دال কে دال-এর মধ্যে ইদগাম করা হয়েছে। مُدَثِّرٌ রাসূল ﷺ-এর একটি নাম। دِثَارٌ ঐ কাপড়কে বলা হয় উপর দিয়ে পরা হয়। আর شِعَارٌ ঐ কাপড়কে বলা হয় যা শরীরের সাথে লেগে থাকে। যেমন গেঞ্জী ইত্যাদি। এ জন্য বলা হয়– رَجُلٌ دَثُوْرٌ (অপ্রসিদ্ধ ব্যক্তি) سَيْفٌ دَاثِرٌ (পুরাতন মরিচা ধরা তলোয়ার) এবং دَاثِرٌ (প্রাচীন ঘর-বাড়ির ধ্বংসাবশেষ যা নিশ্চিহ্ন হয়ে গেছে।) জুমহূরের মতানুযায়ী সর্বপ্রথম সূরা اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ .... مَا لَمْ يَعْلَمْ পর্যন্ত অবতীর্ণ হয়েছে। এরপর তিন বছর পর্যন্ত ওহী অবতীর্ণ হওয়া বন্ধ ছিল। যাকে فَتْرَةُ الْوَحْيِ বলা হয়। এরপর সর্বপ্রথম এ সূরার فَاهْجُرْ পর্যন্ত অবতীর্ণ হয়। যার কারণে কেউ কেউ বলেন, সর্বপ্রথম নাজিলকৃত সূরা হলো এ সূরা। মূলত সর্বপ্রথম সূরা হলো সূরা আলাক।

আয়াত : ২

قُمْ : **উঠুন; উঠে দাঁড়ান; রাত্রি জাগরণ করুন**। সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দণ্ডায়মান হওয়া; দাঁড়ানো; অবস্থান করা।

اَنْذِرْ : **ভীতি প্রদর্শন করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

আয়াত : ৩

كَبِّرْ : **শ্রেষ্ঠত্ব ঘোষণা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْبِيْرُ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অর্থ– বড়ত্ব বর্ণনা করা; শ্রেষ্ঠত্ব ঘোষণা করা।

আয়াত : ৪

طَهِّرْ : **তুমি পবিত্র কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ– পবিত্রকরণ; পরিশুদ্ধ করা।

আয়াত : ৫

اَلرُّجْزَ : **পৌত্তলিকতা**। অপবিত্রতা; নাপাকি। গুনাহ; শাস্তি। মূর্তি। رُجْز-এর অর্থ সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন উক্তি নিম্নরূপ–

১. মুজাহিদ, ইকরিমা, কাতাদাহ, জুহরী, ইবনে যায়েদ, আবূ সালমা (র.) প্রমুখের মতে এর অর্থ– মূর্তি। সুতরাং আয়াতের অর্থ হবে তোমরা মূর্তি থেকে দূরে থাক, তার কাছেও যেয়ো না।
২. কারো কারো মতে এখানে ز বর্ণটি س থেকে পরিবর্তিত। দলিল فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ সুতরাং তাদের মতেও মূর্তিই উদ্দেশ্য।
৩. হযরত ইবনে আব্বাস (র.)-এর মতে,পাপ ও গুনাহ। অর্থাৎ তোমরা গুনাহ ও পাপকার্য থেকে দূরে থাক।
৪. আবুল 'আলিয়া বলেন ر বর্ণে যের হলে অর্থ হবে– অপবিত্রতা ও গুনাহ। আর ر বর্ণে পেশ হলে অর্থ হবে– মূর্তি।
৫. যাহ্হাক (র.) বলেন– رُجْز অর্থ– শিরক।
৬. কালবীর মতে رُجْز অর্থ– শাস্তি।
৭. কাজী বায়যাভী (র.) লিখেছেন, رُجْز হলো ঘৃণিত বস্তু।
৮. আল্লামা যামাখশারী (র.) লিখেছেন– رِجْس ও رُجْز অর্থ শাস্তি ও কঠিন বিপদ যা মানুষের উপর আপতিত হয়। শব্দ দুটি আরবদের উক্তি– اِرْتَجَزَتِ السَّمَاءُ وَ اِرْتَجَسَتْ (আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে) এবং رَعْدٌ مُرْتَجِزٌ وَ مُرْتَجِسٌ (প্রকম্পিতকারী বিদ্যুৎ) এ থেকে উদ্ভূত হয়েছে।

اُهْجُرْ : **তুমি পরিহার করে চল**। সীগাহ واحد مذكرحاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْهِجْرَةُ মূলবর্ণ (ه ـ ج ـ ر) অর্থ– হিজরত করা; দেশত্যাগ করা; পৃথক হওয়া; পরিহার করা; এড়িয়ে চলা।

আয়াত : ৬

لَا تَمْنُنْ : **তুমি অনুগ্রহ করো না; দান করো না**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **نهى حاضر معروف** বাব **نَصَرَ** মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার **اَلْمَنُّ** অর্থ- অনুগ্রহ করা; খোঁটা দেওয়া।

تَسْتَكْثِرُ : **তুমি অধিক অর্জন করবে; অধিক পাওয়ার আশায়**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব **اِسْتِفْعَالٌ** মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার **اَلْاِسْتِكْثَارُ** অর্থ- প্রচুর হওয়া। অধিক পাওয়া; বেশি মনে করা।

আয়াত : ৭

اِصْبِرْ : **তুমি ধৈর্যধারণ কর**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব **ضَرَبَ** মাসদার **اَلصَّبْرُ** মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- **صَبْر** অর্থ নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং **صَبْر** একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন বিপদে নিজের নফসকে স্থির রাখাকে **صَبْر** বলা হবে; এর বিপরীত হলো **جَزْع** (অস্থিরতা, উৎকণ্ঠা)। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে- **شَجَاعَة** বা বীরত্ব, **جُبْن** (ভীরুতা) হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্নকারী বিপদের সময় হলে তাকে বলা হবে- **رَحْبُ الصَّدْر** (প্রসন্নতা; উদারতা) **ضَجْر** (সঙ্কীর্ণতা) হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে **كِتْمَانٌ** (গোপন করা) আর **مَذِلٌ** (কথা ফাঁস করে দেওয়া) হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে **صَبْر** নামে অভিহিত করেছেন।

আয়াত : ৮

اِذَا نُقِرَ : **যখন সিঙ্গায় ফুৎকার দেওয়া হবে**। **نُقِرَ** সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى مجهول** বাব **نَصَرَ** মূলবর্ণ (ن ـ ق ـ ر) মাসদার **اَلنَّقْرُ** অর্থ- দুই বস্তুর আঘাতের শব্দ, খটখট করা, আর এতে শব্দ হওয়া আবশ্যক। আবার শিঙ্গায় ফুঁ দিলে তাতেও শব্দ হয়। তাই **نَقْر** অর্থ শিঙ্গায় ফুৎকার দেওয়া।

اَلنَّاقُوْرُ : **শিঙ্গা। শিং। বিউগল; চঞ্চু। কুঠার।**

আয়াত : ৯

يَوْمٌ عَسِيْرٌ : **সংকটের দিন**। **فَعِيْلٌ**-এর ওযনে সিফতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব **سَمِعَ** মাসদার **اَلْعُسْرُ** মূলবর্ণ (ع ـ س ـ ر) অর্থ- কঠিন হওয়া; শক্ত হওয়া

আয়াত : ১১

ذَرْنِىْ : **আমাকে ছেড়ে দাও/ রেহাই দাও**। **ذَرْ** সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব **سَمِعَ** মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার **اَلْوَذْرُ** অর্থ -ছেড়ে দেওয়া; অব্যাহতি দেওয়া; রেহাই দেওয়া। এ অর্থে **فعل مضارع** ও **فعل نهى - فعل امر** ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। **نى** যমীর **واحد متكلم** মাফউলে বিহী।

وَحِيْدًا : **একাকী**। সীগাহ **واحد** বহছ **صفت مشبه** অর্থ- একক; অদ্বিতীয়; অনন্য।

আয়াত : ১২

مَمْدُوْدٌ : **বিপুল; সম্প্রসারিত**। সীগাহ **واحد مذكر** বহছ **اسم مفعول** বাব **نَصَرَ** মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার **اَلْمَدُّ** অর্থ- বিস্তৃত করা; ছড়ানো; সম্প্রসারণ করা।

আয়াত : ১৩

شُهُوْدًا : **নিত্য সঙ্গী**। সাক্ষী। এটি **شَاهِدٌ**-এর বহুবচন অর্থ- স্বচক্ষে প্রত্যক্ষকারী। উপস্থিত; বিদ্যমান।

আয়াত : ১৪

مَهَّدْتُّ : **আমি তাকে স্বচ্ছন্দ জীবনের উপকরণ দিয়েছি; আমি বিছিয়ে দিয়েছি**। সীগাহ **واحد متكلم** বহছ **ماضى معروف** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (م ـ ه ـ د) মাসদার **اَلتَّمْهِيْدُ** অর্থ- বিছানা বিছানো; সমতল করা; সুখ-স্বচ্ছন্দের উপকরণ দান করা।

আয়াত : ১৫

يَطْمَعُ : **সে কামনা করে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **مضارع معروف** বাব **سَمِعَ** মাসদার **اَلطَّمْعُ** মূলবর্ণ (ط ـ م ـ ع) অর্থ- আকাঙ্ক্ষা করা; আশা করা; প্রত্যাশা করা; লোভ করা।

আয়াত : ১৬

عَنِيدًا : **উদ্ধত বিরুদ্ধাচারী; হঠকারী**। সীগাহ واحد বহুছ صفت مشبه বাব كَرُمَ ও نَصَرَ মূলবর্ণ(ع - ن - د) মাসদার اَلْعُنُوْدُ। অর্থ- বিচ্যুত হওয়া; সরে যাওয়া; স্বৈরাচারী হওয়া।

আয়াত : ১৭

أُرْهِقُهُ : **আমি তাকে আরোহণ করাব; কঠিন বিপদে ফেলব**। সীগাহ واحد متكلم বহুছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر - ه - ق) মাসদার الارهاق। অর্থ- চাপিয়ে দেওয়া; আরোপ করা। বাধ্য করা।

صَعُوْدًا : **উঁচু পাহাড়**। শাস্তির পাহাড়। হাদীসে বর্ণিত আছে- صَعُوْد হলো জাহান্নামের একটি পাহাড়। যার উপর জাহান্নামীরা সত্তর বছর পর্যন্ত উঠতে থাকবে। অতঃপর সেখান থেকে তাদেরকে পাকড়াও করে জাহান্নামে নিক্ষেপ করা হবে। -(তিরমিযী)

আয়াত : ১৮

فَكَّرَ : **সে চিন্তা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف - ك - ر) মাসদার اَلتَّفْكِيْر। অর্থ- চিন্তা করা। আর فِكْر ও تَفَكُّر-এর মধ্যে পার্থক্য হলো فِكْر এমন শক্তিকে বলা হয় যা عِلْم-কে مَعْلُوْم-এর দিকে আনে। আর تَفَكُّر হলো উক্ত শক্তি দ্বারা আকলের চাহিদা অনুযায়ী কাজে পরিণত করা। এটা মানুষের গুণ; প্রাণীর গুণ নয়। এ কারণেই تَفَكُّر-এর ব্যবহার এমন বস্তু সম্পর্কে হয় যার আকৃতি মানুষের অন্তর ও মস্তিষ্কে আসা সম্ভব। তাই বর্ণিত আছে- تَفَكَّرُوْا فِىْ اٰلَاءِ اللّٰهِ وَلَا تَفَكَّرُوْا فِى اللّٰهِ (আল্লাহর নিয়ামত সম্পর্কে চিন্তা কর; কিন্তু আল্লাহর সত্তা সম্পর্কে চিন্তা করো না।)

আয়াত : ১৯

كَيْفَ قَدَّرَ : **কেমন করে সে সিদ্ধান্ত গ্রহণ করল**। قَدَّرَ সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق - د - ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ- সিদ্ধান্ত করা; স্থির করা; নির্ধারণ করা; পরিমিত বিকাশ সাধন করা।

আয়াত : ২২

عَبَسَ : **সে ভ্রু কুঞ্চিত করল**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَبْسُ ও اَلْعُبُوْسُ মূলবর্ণ (ع - ب - س) অর্থ- বিরক্ত হওয়া; ভ্রু কুঞ্চিত করা; মুখ মলিন করা।

بَسَرَ : **সে মুখ বিকৃত করল**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب - س - ر) মাসদার اَلْبُسُوْرُ অর্থ- রুষ্ট হওয়া; মুখ বিকৃত করা।

আয়াত : ২৩

أَدْبَرَ : **সে পিছন ফিরল; পৃষ্ঠ প্রদর্শন করল**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د - ب - ر) মাসদার اَلْاِدْبَارُ। অর্থ- পৃষ্ঠ প্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া।

اِسْتَكْبَرَ : **সে দম্ভ প্রকাশ করল; অহংকার করল**। সীগাহ واحد مذكر غائب বহুছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك - ب - ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা; দম্ভ করা; বড় মনে করা।

আয়াত : ২৪

سِحْرٌ : **জাদু**। এটি বাব فَتَحَ-এর মাসদার। অর্থ- জাদু করা; সম্মোহিত করা। বিমোহিত করা; মুগ্ধ করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য)

يُؤْثَرُ : **সে লোক পরম্পরায় প্রাপ্ত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহুছ مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ - ث - ر) মাসদার اَلْاِيْثَارُ অর্থ- নিজেকে প্রাধান্য দেওয়া; লোক পরম্পরায় অর্জন করা।

আয়াত : ২৬

أُصْلِيْهِ : **আমি তাকে সেথায় নিক্ষেপ করব; প্রবেশ করাব**। সীগাহ أُصْلِىْ واحد متكلم বহুছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص - ل - ى) মাসদার اَلْاِصْلَاءُ অর্থ- প্রবেশ করানো; নিক্ষেপ করা। ه যমীর মাফউলে বিহী।

سَقَرَ : **জাহান্নাম; আগুন**। জাহান্নামের একটি স্তরের নাম।

আয়াত : ২৯

لَوَّاحَةٌ : **দগ্ধকারী**। মুবালাগার সীগাহ। মূলবর্ণ (ل - و - ح) মাসদার اَللَّوْحُ অর্থ- দগ্ধ করা। ঝলসে দেওয়া।

بَشَرِ : **ত্বক; গাত্রচর্ম**। এটি بَشَرَةٌ -এর বহুবচন। অর্থ– চামড়ার উপরিভাগ। (বিস্তারিত সূরা রূম, আয়াত : ২৫ দ্রষ্টব্য)

আয়াত : ৩১

لِيَسْتَيْقِنَ : **যেন তাদের দৃঢ়প্রত্যয় জন্মে**। শুরুর লামটি لام كى ; يَسْتَيْقِنَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِيْقَانُ মূলবর্ণ (ى - ق - ن) অর্থ– একিন করা; বিশ্বাস করা।

يَزْدَادَ : **যেন তা বর্ধিত হয়**। (শুরুতে لام كى রয়েছে;) يَزْدَادَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ز - ى - د) মাসদার اَلْاِزْدِيَادُ অর্থ– অতিরিক্ত করা; বৃদ্ধি করা; দৃঢ় করা।

لَا يَرْتَابَ : **তারা সন্দেহ পোষণ না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر - ى - ب) মাসদার اَلْاِرْتِيَابُ অর্থ– সন্দেহে পতিত হওয়া।

ذِكْرٰى : **উপদেশ**। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذِكْرٌ থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ৩৪

اَسْفَرَ : **তা আলোকোজ্জ্বল হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْفَارُ মূলবর্ণ (س - ف - ر) অর্থ– আলোকিত হওয়া; উদ্ভাসিত হওয়া।

আয়াত : ৩৫

اِحْدَى الْكُبَرِ : **ভয়াবহ বিপদসমূহের অন্যতম**। اَلْكُبَرُ শব্দটি اَلْكُبْرٰى -এর جمع مؤنث ; অর্থ– কঠিন; বিপদ; শক্ত; দূরহ।

আয়াত : ৩৭

يَتَقَدَّمَ : **সে অগ্রসর হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّقَدُّمُ মূলবর্ণ (ق - د - م) অর্থ– পূর্বে প্রেরণ করা; অগ্রসর হওয়া।

يَتَأَخَّرَ : **সে পিছনে পড়ে যায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّاَخُّرُ মূলবর্ণ (أ - خ - ر) অর্থ– বিলম্ব করা; অবকাশ দেওয়া; পিছনে থাকা।

আয়াত : ৩৮

رَهِيْنَةٌ : **দায়ে আবদ্ধ; দায়বদ্ধ**। এটি فَعِيْلٌ -এর ওযনে صفت مشبه -এর সীগাহ। বাব فَتَحَ অর্থে مَفْعَلٌ মূলবর্ণ (ر - ه - ن) মাসদার اَلرَّهْنُ অর্থ– বন্ধক রাখা। ইমাম রাগেব (র.) লিখেছেন– رَهِيْن -টি فَعِيْل -এর ওযনে فاعل অর্থে ব্যবহৃত। অর্থাৎ ثابت مقيم অর্থাৎ সকলে তাদের কৃতকর্মের কারণে আবদ্ধ থাকবে।

আয়াত : ৪০

يَتَسَائَلُوْنَ : **তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (س - أ - ل) মাসদার اَلتَّسَائُلُ অর্থ– একে অন্যের কাছে জিজ্ঞাসা করা/ একে অপরের খোঁজখবর নেওয়া।

আয়াত : ৪১

اَلْمُجْرِمِيْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج - ر - م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৪২

مَا سَلَكَكُمْ : **কিসে তোমাদেরকে নিক্ষেপ করেছে?** ما استفهامية ; سَلَكَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س - ل - ك) মাসদার اَلسُّلُوْكُ অর্থ– চালানো; অনুসরণ করা। নিক্ষেপ করা। كم যমীর মাফউলে বিহী।

আয়াত : ৪৪

نُطْعِمُ : **আমরা আহার্য দান করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطْعَامُ মূলবর্ণ (ط - ع - م) অর্থ– আহার করানো; খাবার দেওয়া।

اَلْمِسْكِيْنَ : **অভাবগ্রস্ত; মিসকিন**। এটি বহুবচন, একবচন مَسَاكِيْنَ অর্থ– অভাবগ্রস্ত; নিঃস্ব। যার নিকট কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

আয়াত : ৪৫

كُنَّا نَخُوضُ : **আমরা আলাপ-আলোচনায় নিমগ্ন থাকতাম**। সীগাহ ماضى جمع متكلم বহছ (خ ـ و ـ ض) মূলবর্ণ نَصَرَ বাব اسمترارى معروف মাসদার اَلْخَوْضُ অর্থ-আলাপ আলোচনায় মগ্ন থাকা।

আয়াত : ৪৭

اَتَانَا : **আমাদের নিকট আসে; উপস্থিত হয়**। اَتَا সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ-আসা। نا যমীর মাফউলে বিহী।

اَلْيَقِيْنُ : **মৃত্যু**। ইসম। যা ظَنٌّ তথা ধারণা ও অনুমানের বিপরীতার্থক শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে يَقِيْن বলা হয়। مَعْرِفَتْ ও دِرَايَتْ থেকে يَقِيْن-এর স্তর অনেক উঁচু। এ কারণেই তা علم- এর صفت হয়। مَعْرِفَتُ الْيَقِيْنِ বলা হয় না; কিন্তু عِلْمُ الْيَقِيْنِ বলা হয়। -(রাগেব) বাব اِسْتِفْعَالْ، اِفْعَالْ، تَفَعُّلْ সকল বাব থেকেই এর ব্যবহার হয় এবং সর্বাবস্থায় অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার وَاجِبُ الْيَقِيْنِ- কেও يَقِيْن বলা হয়। এ কারণেই মৃত্যুকে يقين বলা হয়। কারণ তা অবশ্যম্ভাবী। সকল মুফাসিরগণের ঐকমত্যে এখানে يَقِيْن দ্বারা মৃত্যু উদ্দেশ্য।

আয়াত : ৪৮

مَا تَنْفَعُهُمْ : **(সুপারিশ) তাদের কাজে আসবে না; উপকারে আসবে না**। مَا تَنْفَعُ সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ-উপকারে আসা; কল্যাণকর হওয়া। কাজে আসা। هُمْ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

شَفَاعَةُ : **সুপারিশ করা**। এটি বাব فَتَحَ-এর মাসদার। (বিস্তারিত সূরা মারইয়াম, আয়াত : ৮৭ দ্রষ্টব্য)

আয়াত : ৪৯

مُعْرِضِيْنَ : **বিমুখ; উপেক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। এর صلة যদি لام আসে তাহলে অর্থ হয়- সম্মুখে আসা। যেমন اَعْرَضَ لِىْ (সে আমার সামনে এসেছে।) আর যদি সেলা عن আসে তাহলে অর্থ হয়- মুখ ফিরানো; বিমুখ হওয়া। যেমন وَمَنْ اَعْرَضَ عَنْ ذِكْرِىْ (যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়।)

আয়াত : ৫০

حُمُرٌ : **গর্দভ; গাধা**। এটি حِمَارٌ-এর বহুবচন।

مُسْتَنْفِرَةٌ : **ভীত-ত্রস্ত। ভয়ে পলায়নকারী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اَلْاِسْتِفْعَالُ মূলবর্ণ (ن ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِنْفَارُ অর্থ-পালানো।

আয়াত : ৫১

فَرَّتْ : **সে পালিয়ে গেল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ر) মাসদার اَلْمَفَرُّ অর্থ- পলায়ন করা; পালানো।

قَسْوَرَةٍ : **সিংহ**। এটি ইসম। তীরন্দাজ; দক্ষ শিকারী। -(কামূস)

আয়াত : ৫২

يُؤْتٰى : **তাকে দেওয়া হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالْ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- দেওয়া; দান করা।

صُحُفٌ : **গ্রন্থ; লিপিসমূহ**। এটি صَحِيْفَةٌ-এর বহুবচন। শাব্দিক অর্থ- লিপিবদ্ধ পৃষ্ঠাসমূহ। এটি গ্রন্থ অর্থেও ব্যবহৃত হয়। -(লিসানুল আরব)

مُنَشَّرَةً : **উন্মুক্ত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ش ـ ر) মাসদার اَلتَّنْشِيْرُ অর্থ- উন্মুক্ত করা; খোলা; স্পষ্ট করা।

আয়াত : ৫৩

لَا يَخَافُوْنَ : **তারা ভয় করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ- ভয় করা।

আয়াত : ৫৪

تَذْكِرَةٌ : **উপদেশবাণী**। বাব تَفْعِيْل-এর মাসদার এটি تَفْعِلَةٌ-এর ওযনে। অর্থ- উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

সূরা ক্বিয়ামা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪০ রুকূ' : ২

আয়াত : ১

لَآ اُقْسِمُ : **আমি শপথ করছি**। এখানে لا অব্যয়টি অতিরিক্ত। কারো বিরোধী মনোভাব খণ্ডন করার জন্য শপথ করা হলে শপথের পূর্বে অতিরিক্ত لا ব্যবহৃত হয়। আরবি বাক-পদ্ধতিতে এই ব্যবহার প্রসিদ্ধ ও সুবিদিত। আমাদের ভাষায়ও মাঝে মাঝে তাকীদযোগ্য বিষয়বস্তু বর্ণনা করার পূর্বে বলা হয় 'না', এরপর স্বীয় উদ্দেশ্য ব্যক্ত করা হয়। তবে জুমহূর মুফাসসিরের মতে لا টি তাকীদের জন্য এসেছে। اُقْسِمُ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْسَامُ মূলবর্ণ(ق - س - م) অর্থ- শপথ করা; কসম খাওয়া। আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে তিন বস্তুর শপথ করেছেন।

১. পবিত্র সত্তার,
২. প্রজ্ঞামূলক কর্মের,
৩. সৃষ্টজীবের। মূলত যখন কোনো গুরুত্বপূর্ণ বিষয় বর্ণনা করা হয় তার সত্যতা প্রমাণের জন্য কোনো মানুষকে সাক্ষী হিসেবে উপস্থিত করা হয়। পরবর্তীতে মানুষকে ছাড়িয়ে প্রাণী ও জড়বস্তুকেও সাক্ষীস্বরূপ উপস্থাপন করা হয়। উদাহরণতঃ আমরা বলি আসমান-জমিন সাক্ষী, যুদ্ধে সে যে কীর্তি প্রদর্শন করেছে যুদ্ধের ময়দানই তার সাক্ষী। অর্থাৎ এ সবের মধ্যে যদি কথা বলার সামর্থ্য থাকত তাহলে নিশ্চয় এরা সাক্ষ্য দিত। এ সাক্ষ্যই পর্যায়ক্রমে শপথ বা কসমে রূপ লাভ করে। আরবিতে কসমের জন্য কয়েকটি শব্দ ব্যবহৃত হয়। যেমন- وَاو - بِ - تَ - وَاللّٰهِ - تَاللّٰهِ - কোথাও قَسَمٌ শব্দ বর্ণিত হয়, আবার কোথাও لا যোগে আসে। যেমন لَآ اُقْسِمُ ; আবার কখনো বাক্যের উপর ل বৃদ্ধি করে। যেমন- لَعَمْرُكَ সুতরাং কসমের ব্যবহার দু অর্থে হয়ে থাকে। যথা- **এক.** যখন কোনো কিছু বর্ণনা করা হয় তার প্রমাণস্বরূপ কোনো সাক্ষী উপস্থাপন করা হয়। তা প্রাণী বা জড়বস্তুও হতে পারে। **দুই.** কোনো বিষয়কে সুদৃঢ় করণ ও প্রমাণের জন্য কোনো মহান বস্তু বা প্রিয় বস্তুর শপথ করা হয়। দ্বিতীয় প্রকারটি বাস্তব কসম নয়; বরং রূপক। পবিত্র কুরআনের যেখানেই কসম শব্দ এসেছে তা প্রথম অর্থ হিসেবেই এসেছে। অর্থাৎ এ সকল বস্তু তার মহান সত্তার অস্তিত্ব ও মাহাত্ম্যের উপর সাক্ষ্য প্রদান করছে। মোটকথা আল্লাহ তা'আলা কেন শপথ করেছেন তা এ বক্তব্য দ্বারা সহজেই বুঝে আসবে।

আয়াত : ২

اَلنَّفْسِ : **আত্মা; প্রাণ**। একবচন, বহুবচন- اَنْفُسٌ ; উল্লেখ্য যে, نَفْس দ্বারা কখনো مُتَنَفِّس তথা ব্যক্তি , কখনো অন্তর, কখনো نَفْس اَمَّارَة কখনো نَفْس مُطْمَئِنَّة কখনো لَوَّامَة আবার কখনো তারতম্যকারী জ্ঞান উদ্দেশ্য হয়ে থাকে। তবে نَفْس -এর সাধারণ ব্যবহার ব্যক্তির জন্যই হয়ে থাকে। এ সব অর্থ ছাড়াও পবিত্র কুরআনে نَفْس শব্দটি অন্য অর্থে ব্যবহার হয়েছে। যেমন- مِنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا এখানে اَنْفُس দ্বারা উদ্দেশ্য হলো প্রকার, শ্রেণি। -(রূহুল মা'আনী)

اَللَّوَّامَةِ : **তিরস্কারকারী**। মুবালাগার সীগাহ। পুংলিঙ্গ হলো لَوَّامٌ ; অধিক তিরস্কারকারী। لَوَّامَة দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন উক্তি রয়েছে। যেমন-

১. হাসান বসরী (র.) বলেন, এর দ্বারা মুমিনের আত্মা উদ্দেশ্য, যা সর্বদা নিজেকে তিরস্কার করতে থাকে। যতই সৎকর্ম করে সে বলে, আরো অধিক করলে না কেন? মহল্লী এ মতকে পছন্দ করেছেন।
২. মাকাতিল (র.) বলেন, এর দ্বারা কাফের সম্প্রদায় উদ্দেশ্য যারা কিয়ামতের দিন নিজেরা নিজেদেরকে তিরস্কার করবে যে, পৃথিবীতে কেন সৎকর্ম করেনি?
৩. ফাররা (র.) বলেন, এর দ্বারা মুমিন কাফের সবাই উদ্দেশ্য। অর্থাৎ কিয়ামতের দিন প্রত্যেকেই স্বীয় আত্মাকে তিরস্কার করবে। বদকার বলবে, আমি

অসৎকর্ম কেন করেছি? নেককার বলবে, আমি সৎকর্ম আরো অধিক কেন করলাম না? -(জালালাইন, মা'আলিম ইত্যাদি)

আয়াত : ৩

اَيَحْسَبُ : **তারা কি মনে করে?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। يَحْسَبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব حَسِبَ মাসদার اَلْحَسْبُ ও اَلْحِسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ- মনে করা; ধারণা করা; অনুমান করা।

عِظَامًا : **অস্থিসমূহ**। হাড়। একবচন, বহুবচন- عِظَمٌ

আয়াত : ৪

بَلٰى : **হ্যাঁ**। নিশ্চয়। এর আলিফটি মূল। কারো মতে আলিফটি অতিরিক্ত। মূলত بَلْ ছিল। কারো কারো মতে আলিফটি تانيث -এর জন্য। بَلٰى -এর ব্যবহার দু'স্থানে হয়। যথা-

১. পূর্বের না-বাচককে প্রত্যাখ্যান করার জন্য। যেমন- زَعَمَ الَّذِيْنَ كَفَرُوْا اَنْ لَّنْ يُّبْعَثُوْا قُلْ بَلٰى وَرَبِّىْ لَتُبْعَثُنَّ

২. ঐ استفهام -এর জবাবে যা نفى -এর উপর পতিত হয়, استفهام টি حقيقى হতে পারে। যেমন- اَلَيْسَ زَيْدٌ بِقَائِمٍ (যায়েদ কি দাঁড়ানো নয়?) এর জবাবে বলা হবে- بلى ; অথবা توبيخى হতে পারে। যেমন- اَيَحْسَبُ الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ ـ بَلٰى قٰدِرِيْنَ عَلٰٓى اَنْ نُّسَوِّىَ অথবা تقريرى হতে পারে। যেমন- اَلَسْتُ بِرَبِّكُمْ ; قَالُوْا بَلٰى شَهِدْنَا بلى ও نعم -এর মধ্যে পার্থক্য হলো نَعَمْ নিছক استفهام -এর জবাবে আসে। আর بَلٰى -টি সর্বসম্মতিক্রমে ايجاب -এর জবাবে নয়; বরং ঐ استفهام -এর জবাবে আসে যা نفى -এর সাথে মিলিত হয়। তাছাড়া بَلٰى আসে نفى -কে বাতিল করার জন্য। আর نَعَمْ আসে পূর্বের বাক্যের সত্যায়নের জন্য।

قٰدِرِيْنَ : **সক্ষম**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ ও ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْمَقْدَرَةُ ও اَلْقُدْرَةُ অর্থ- সক্ষম হওয়া; যোগ্য হওয়া; ক্ষমতাবান হওয়া।

نُسَوِّىَ : **আমি পুনর্বিন্যাস্ত করি; সমান করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ- সমান করা; বরাবর করা; পূর্ণাঙ্গ করা। বিন্যস্ত করা। نُسَوِّىَ বা بَنَانَهٗ তথা تَسْوِيَةُ الْبَنَانِ -এর অর্থ সম্পর্কে তাফসীরবিদগণের মতবিরোধ রয়েছে। যেমন-

১. মাওলানা থানভী (র.) -এর মতে এখানে تَسْوِيَةُ الْبَنَانِ দ্বারা উদ্দেশ্য হলো আঙ্গুলের গ্রন্থি ও সন্ধিস্থলসমূহকে সমান করে দেওয়া; ক্ষুদ্রাতিক্ষুদ্র জোড়াকেও সঠিকভাবে মিলিয়ে দেওয়া।

২. আল্লামা বগবী (র.) বলেন, অধিকাংশ মুফাসসিরের মতে, تَسْوِيَةُ الْبَنَانِ দ্বারা উদ্দেশ্য হলো আঙ্গুলসমূহকে মিলিয়ে উট বা শকুনের পায়ের ন্যায় করে দেওয়া, যাতে মানুষ নিজ প্রয়োজন পূরণে অক্ষম হয়; মুঠ খুলতেও পারবে না, বন্ধও করতে পারবে না।

৩. ইমাম রাগেব (র.) বলেন, সব আঙ্গুলকে সমান করে দেওয়া উদ্দেশ্য, ছোটও থাকবে না, বড়ও থাকবে না। মূলত تَسْوِيَةُ শব্দের শাব্দিক অর্থ হলো সমান করা। সমান করার আবার তিনটি অর্থ হতে পারে। **এক.** সমান করা, যেন ছোট বড় না থাকে। **দুই.** সঠিক করে দেওয়া; বিন্যস্ত করা। **তিন.** ধ্বংস করে দেওয়া; বেকার করে দেওয়া। যেমন ঘর-বাড়ি ধসিয়ে সমান করে দেওয়া। কুরআনে রয়েছে- فَسَوّٰىهَا (তাদের ঘর-বাড়িকে ধসিয়ে মাটির সাথে সমান করে দেওয়া হয়েছে।) অধিকাংশ তাফসীরবিদ এ অর্থকেই অবলম্বন করেছেন।

بَنَانَهٗ : **তার অঙ্গুলির অগ্রভাগ**। এটি بَنَانَةٌ -এর বহুবচন। যেমন- تَمْرَةٌ -এর বহুবচন হচ্ছে تَمْرٌ ;

আয়াত : ৫

يُرِيْدُ : **সে ইচ্ছা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ- ইচ্ছা করা।

يَفْجُرَ : **সে পাপাচারে লিপ্ত হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْفُجُوْرُ মূলবর্ণ (ف ـ ج ـ ر) অর্থ- পাপাচারে লিপ্ত হওয়া; প্রকাশ্যে গুনাহ করা।

أَمَامَهُ : **ভবিষ্যতে; তার সম্মুখে; তার সামনে।** أَمَامَ মুযাফ, যমীর মুযাফ ইলাইহি। أَمَامَ শব্দটি ইসম ও যরফ।

আয়াত : ৬

يَسْئَلُ : **সে প্রশ্ন করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلسُّؤَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞেস করা; জানতে চাওয়া।

أَيَّانَ : **কখন।** এটি مَتٰى-এর ন্যায় কোনো কিছুর সময় জিজ্ঞেস করার জন্য ব্যবহার হয়। কারো কারো মতে শব্দটির মূল হলো اَيُّ اَوَانٍ অর্থাৎ কোন সময়? - الف কে বিলুপ্ত করে واو কে ياء দ্বারা পরিবর্তন করে কে ياء -এর মধ্যে ইদগাম করা হয়েছে। أَيَّانَ হয়ে গেছে।

আয়াত : ৭

اِذَا بَرِقَ : **যখন স্থির হবে।** اِذَا হরফে শর্ত। بَرِقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ر ـ ق) মাসদার اَلْبَرَقُ অর্থ– দৃষ্টি ঝাপসা হওয়া; হ্রাস পাওয়া; দৃষ্টি ম্লান হওয়া। মূলত بَرْق অর্থ– বিদ্যুৎ; বিজলী। সে হিসেবে এর অর্থ হওয়া উচিত ছিল– চমকে যাওয়া। কিন্তু যখন চোখের সাথে এর ব্যবহার হয়, তখন অর্থ হবে ভয়ে চোখের মণি ঘুরা এবং দৃষ্টি ঝাপসা হওয়া। এখানে এ অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৮

خَسَفَ : **(চন্দ্র) জ্যোতিহীন হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْخُسُوْفُ মূলবর্ণ (خ ـ س ـ ف) অর্থ– চন্দ্রগ্রহণ লাগা; চাঁদের আলো ম্লান হওয়া।

আয়াত : ১০

اَلْمَفَرُّ : **পালানোর স্থান।** এটি ظرف ও مصدر ميمى ; মূলবর্ণ (ف ـ ر ـ ر) মাসদার اَلْفِرَارُ অর্থ– مكان পলানো, পলায়ন করা।

আয়াত : ১১

لَا وَزَرَ : **নেই কোনো আশ্রয়স্থল; দুর্গ।** وَزَرَ ইসমে মানসূব। অর্থ– আশ্রয়স্থল। আল্লামা যমখশরী (র.) লিখেছেন– كُلُّ مَا الْتَجَأْتَ اِلَيْهِ مِنْ جَبَلٍ وَغَيْرِهِ وَتَخَلَّصْتَ فِيْهِ فَهُوَ وَزَرٌ وَاشْتِقَاقُهُ مِنَ الْوِزْرِ وَهُوَ الثِّقْلُ অর্থাৎ وَزَرَ শব্দটি وِزْرٌ থেকে নির্গত। যার অর্থ– বোঝা, পাহাড় বা অন্য কোনো কিছু, যাতে আশ্রয়গ্রহণ করা হয়।

আয়াত : ১২

اَلْمُسْتَقَرُّ : **ঠাঁই; নিবাস; অবস্থানস্থল।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقْرَارُ মূলবর্ণ (ق ـ ر ـ ر) অর্থ– বসবাস করা; অবস্থান করা; স্থির হওয়া; থাকা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

আয়াত : ১৩

يُنَبَّؤُا : **তাকে অবহিত করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– অবহিত করা; সংবাদ দেওয়া; জানিয়ে দেওয়া।

مَا قَدَّمَ : **যা সে অগ্রে প্রেরণ করেছে।** مَا মাউসূলাহ। قَدَّمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ م) মাসদার اَلتَّقْدِيْمُ অর্থ– অগ্রে পেশ করা; পূর্বে প্রেরণ করা।

أَخَّرَ : **সে পশ্চাতে রেখে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّاخِيْرُ মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– পশ্চাতে রেখে যাওয়া।

আয়াত : ১৪

بَصِيْرَةٌ : **সম্যক অবগত।** بَصِيْرَةٌ অর্থ– অন্তর্দৃষ্টি দ্বারা দেখা; চোখ দিয়ে দেখার জন্য এর ব্যবহার হয় না। তাছাড়া بَصِيْرَةٌ-এর আরো অনেক অর্থ রয়েছে। যেমন– বুদ্ধি; পরিণাম ইত্যাদি।

আয়াত: ১৫

وَلَوْ اَلْقٰى : **যদিও সে অবতারণা করে; উপস্থিত করে।** সীগাহ مَاضِى বহছ واحد مذكر غائب اَلْقٰى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার معروف اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; ঢালা; মারা; ফেলে দেওয়া। শিক্ষা দেওয়া; উপস্থিত করা; হাজির করা; অবতারণা করা।

مَعَاذِيْرَهٗ : **তার অজুহাত। তার ওজর-আপত্তিসমূহ।** مَعَاذِيْرَ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। এটি বহুবচন, একবচন– مَعْذِرَةٌ অজুহাত; ওজর-আপত্তি। ওজর তিন প্রকার। যথা–

১. অপরাধে লিপ্ত হওয়াকে অস্বীকার করা,
২. অভিযোগ থেকে মুক্তি পাওয়ার জন্য কারণ দর্শানো,
৩. অপরাধে জড়িত হওয়ার স্বীকৃতিসহ ভবিষ্যতে কখনও অপরাধ না করার প্রতিশ্রুতি দেওয়া।

আয়াত : ১৬

لَا تُحَرِّكْ : **তুমি সঞ্চালন করো না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ ك) মাসদার اَلتَّحْرِيْكُ অর্থ– আন্দোলন করা; সঞ্চালন করা; নাড়ানো; প্রতিবাদ করা।

لِتَعْجَلَ : **তাড়াতাড়ি আয়ত্ত করার জন্য।** تَعْجَلَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف منصوب بلام كى বাব سَمِعَ মাসদার اَلْعَجَلُ মূলবর্ণ (ع ـ ج ـ ل) অর্থ– তাড়াহুড়া করা; জলদি করা; তাড়াতাড়ি করা।

আয়াত : ১৯

بَيَانَهٗ : **তার বিশদ ব্যাখা করা; বর্ণনা করা; ভাব প্রকাশ করা; বলা।** بَيَانَ শব্দটি বাব تَفْعِيْل - এর মাসদার মূলবর্ণ (ب ـ ى ـ ن) কোনো কিছু সম্পর্কে স্পষ্ট করা এবং খুলে বলার নাম হলো بَيَان। সুতরাং بَيَان শব্দটি نطق থেকে ব্যাপক অর্থবোধক। আবার কখনো যা দ্বারা বর্ণনা করা হয় তাকেও بَيَان বলা হয়। সুতরাং প্রথম অর্থ হিসেবে كلام বা কথাকে بَيَان বলা হয়। কারণ তা অর্থ ও উদ্দেশ্যকে স্পষ্ট করে; প্রকাশ করে। সংক্ষিপ্ত ও অস্পষ্ট কথা ব্যাখ্যা করাকে দ্বিতীয় অর্থ হিসেবে بَيَان বলা হয়। যেমন– هٰذَا بَيَانٌ لِلنَّاسِ ; (এটি প্রথম অর্থের উদাহরণ) দ্বিতীয় অর্থের উদাহরণ হলো ثُمَّ اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ ; আর عَلَّمَهُ الْبَيَانَ বাক্যটি উভয় অর্থেরই উদাহরণ হতে পারে।

আয়াত : ২০

تُحِبُّوْنَ : **তোমরা ভালোবাস; তোমরা পছন্দ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– পছন্দ করা; ভালোবাসা; মহব্বত করা।

اَلْعَاجِلَةَ : **পার্থিব জীবন; আশু সুখ-সম্ভোগ।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْعَجْلُ মূলবর্ণ (ع ـ ج ـ ل) অর্থ– দ্রুত করা; ত্বরা করা; আশু কামনা করা।

আয়াত : ২১

تَذَرُوْنَ : **তোমরা উপেক্ষা কর; বর্জন কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– বর্জন করা; ত্যাগ করা; পরিহার করা। উক্ত মাসদার থেকে এ অর্থে نهى ও امر - فعل مضارع ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

আয়াত : ২২

نَاضِرَةٌ : **উজ্জ্বল; দীপ্তিময়।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব كَرُمَ - سَمِعَ - نَصَرَ মাসদার اَلنَّضْرُ ও اَلنَّضَارَةُ অর্থ– সতেজ হওয়া; দীপ্তিময় হওয়া; উজ্জ্বল হওয়া।

আয়াত : ২৪

بَاسِرَةٌ : **বিবর্ণ; বিকৃত।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ س ـ ر) মাসদার اَلْبُسُوْرُ অর্থ– রুষ্ট হওয়া; মুখ বিকৃত করা।

আয়াত : ২৫

فَاقِرَةٌ : **ধ্বংসকারী বিপর্যয়**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ق ـ ر) মাসদার اَلْفَقْرُ অর্থ− মুখাপেক্ষিতা; অভাবগ্রস্ত হওয়া; অসহায় হওয়া; অভাবী হওয়া। ধ্বংসকারী বিপদ; কোমর ভেঙ্গে ফেলার মতো বিপদ।

আয়াত : ২৬

اَلتَّرَاقِي : **কণ্ঠনালী**। এটি تَرْقُوَةٌ-এর বহুবচন। এটি فَعْلُوَةٌ-এর ওযনে, تَفْعِلَةٌ-এর অর্থে নয়। গলার নিচের হাড়।

আয়াত : ২৭

رَاقٍ : **রক্ষাকারী**। এটি সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ق ـ ى) মাসদার اَلرُّقْيَةُ ও اَلرُّقِيُّ অর্থ− ঝাড়ফুঁক করা; জাদু করা।

আয়াত : ২৮

فِرَاقٌ : **বিদায়ক্ষণ**। এটি ইসমে ফে'ল। অর্থ− বিচ্ছেদ; বিরহ; ছিন্ন।

আয়াত : ২৯

اِلْتَفَّتْ : **তা জড়িয়ে যাবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اِلْتِفَافٌ মূলবর্ণ (ل ـ ف ـ ف) অর্থ− পেঁচিয়ে যাওয়া; জড়িয়ে যাওয়া।

اَلسَّاقُ : **পায়ের গোছা/নলা**। টাখনু ও হাঁটুর মধ্যবর্তী স্থানকে سَاقٌ বলা হয়। একবচন, বহুবচন سِيقَانٌ - سُوْقٌ

আয়াত : ৩০

اَلْمَسَاقُ : **প্রত্যানীত**। مصدر ميمى ; বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ ق) মাসদার اَلسَّوْقُ ও اَلسِّيَاقَةُ ; মাসদারও এ বাব থেকে এ অর্থে আসে। অর্থ− হাঁকানো; চালানো। سَيِّقَةٌ ঐ পশু, যাকে হাঁকানো হয়। −(রাগেব) বিশেষত যে পশুকে শত্রু লুণ্ঠন করে নিয়ে যায় তাকে سَيِّقَةٌ বলা হয়।

আয়াত : ৩১

لَا صَدَّقَ : **সে বিশ্বাস করেনি**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ− সত্য প্রমাণিত করা; সত্যায়ন করা; বিশ্বাস করা; তথ্য দলিল প্রমাণ করা।

لَا صَلَّى : **সে (আবূ জাহল) নামাজ পড়েনি**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ ل ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلتَّصْلِيَةُ অর্থ− সালাত আদায় করা; দোয়া করা।

আয়াত : ৩২

كَذَّبَ : **সে সত্য প্রত্যাখ্যান করেছে; অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّكْذِيْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ− মিথ্যা প্রতিপন্ন করা; অস্বীকার করা; মিথ্যা সাব্যস্ত করা; মিথ্যা প্রমাণিত হওয়া।

تَوَلَّى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّيُ অর্থ− বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلِّى صلة যখন ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয়, তখন এর অর্থ হয় কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন− وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ (তোমাদের মধ্য হতে যারা তাদের সাথে বন্ধুত্ব করে) وَالَّذِيْ تَوَلّٰى كِبْرَهٗ (যে এ বিশাল কাজকে উঠিয়েছে) فَهَلْ عَسَيْتُمْ اَنْ تَوَلَّيْتُمْ (তোমার কাছে এই প্রত্যাশা যে তুমি গভর্নর হবে)। আর যদি عن দ্বারা মুতা'আদ্দী হয় عن শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক তখন অর্থ হবে− মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দুভাবে হতে পারে। সেখান থেকে সরে যাওয়া অথবা, মনোযোগ না দেওয়া ও নির্দেশ না মানা।

আয়াত : ৩৩

يَتَمَطّٰى : **দম্ভভরে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (م ـ ط ـ ى) মাসদার اَلتَّمَطِّىُ। অর্থ– দম্ভভরে চলা। অহংকার করা; গর্ব করা।

আয়াত : ৩৪

اَوْلٰى : **দুর্ভোগ**। সীগাহ واحد বহছ اسم تفضيل অধিক নিকটবর্তী। যখন এর সেলা لام আসে তখন অর্থ হয়– ভীতি প্রদর্শন করা; ধমক প্রদান করা; অনিষ্ট সাধন করা। তখন অর্থ হবে ধ্বংস ও অনিষ্টতার সর্বাধিক নিকটবর্তী স্তর। এখানে তা এ অর্থেই ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৩৬

اَنْ يُّتْرَكَ : **তাকে ছেড়ে দেওয়া হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া; পরিহার করা; ত্যাগ করা; এড়িয়ে থাকা; আলাদা থাকা।

سُدًى : **নিরর্থক**। না কোনো ব্যাপারে সে আদিষ্ট, না কোনো বিষয়ের প্রতি নিষেধাজ্ঞা আছে। এটি ইসম। এ শব্দটি একবচন ও বহুবচনে একই রকম ব্যবহার হয়ে থাকে।

আয়াত : ৩৭

نُطْفَةً : **শুক্র; বীর্য**। এটি ইসমে মুফরাদ। বহুবচন– نُطَفٌ

يُمْنٰى : **তা স্খলিত হয়; তা ঝরানো হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ن ـ ى) মাসদার اَلْمَنْىُ অর্থ– নির্ধারণ করা; পরীক্ষা করা; বীর্য স্খলিত হওয়া। এখানে শেষোক্ত অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৩৮

عَلَقَةً : **রক্তপিণ্ড, জমাট রক্ত**। ইমাম কুরতুবী (র.) লিখেছেন– عَلَقَة জমাট রক্তপিণ্ডকে বলা হয়। আর যদি তা প্রবহমান হয় তখন তাকে مَفْسُوْخ বলা হয়। তাফসীকারগণ এর অর্থ রক্তপিণ্ড করেছেন। কিন্তু আধুনিক জীববিজ্ঞানীগণ মাতৃগর্ভে মনুষ্য ভ্রুনের ক্রমবিকাশের বর্ণনায় বলেন, পুরুষের শুক্র ও নারীর ডিম্বানু মিলিত হয়ে মাতৃগর্ভে যে ভ্রূণের সৃষ্টি হয় তা গর্ভধারণের পঞ্চম বা ষষ্ঠ দিবসে জরায়ু গাত্রের সংলগ্ন হয়ে পড়ে এবং এই সম্পৃক্তি সংঘটিত না হলে গর্ভাধান স্থায়ী হয় না। এ কারণে বর্তমানে عَلَق - এর অনুবাদ করা হয়– 'এমন কিছু, যা লেগে থাকে'।

আয়াত : ৩৯

اَلزَّوْجَيْنِ : **যুগল; জোড়া**। আল্লামা আহমদ ফাইউমী বলেন زَوْج এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে। যেমন– শুষ্ক ও আর্দ্র নর ও মাদী রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ বলেন– زَوْج যে কোনো দুটিকে বলে, فَرْد হলো এর বিপরীতার্থক শব্দ। জওহারী বলেন, জোড় দুটিকে زَوْج এবং زَوْجَان বলা হয়। সুতরাং যদি বলা হয় عِنْدِىْ زَوْجُ نِعَالٍ তখন উদ্দেশ্য হবে দুটি জুতা। আর যদি زوجان বলা হয় তখন উদ্দেশ্য হবে চারটি জুতা। আযহারী বলেন, নাহুবিদগণের নিকট زَوْج দ্বারা দুটি উদ্দেশ্য হয় না। তাদের মতে زَوْج দ্বারা এক উদ্দেশ্য হয়। ইবনুল আম্বারী বলেন, জনসাধারণ যা মনে করে যে, زَوْج দুটি বস্তু, এটি সঠিক নয়। এটা আরবদের ব্যবহার নয়। উদাহরণত তারা কবুতরের জোড়া বলার সময় زَوْج ব্যবহার না করে زَوْجَانِ مِنْ حَمَام বলে থাকে। কুরআনেও রয়েছে– خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى (তিনি সৃষ্টি করেছেন নর ও নারীর জোড়া) যদি زوج দ্বারা দুটি উদ্দেশ্য হতো তাহলে زَوْجَيْنِ বলা হতো না।

আয়াত : ৪০

يُحْىِ : **তিনি জীবন দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবন দান করা।

اَلْمَوْتٰى : **মৃত; নির্জীব**। বহুবচন, একবচন مَيِّتٌ -এর অন্যান্য বহুবচন مَيِّتُوْنَ ,اَمْوَاتٌ

সূরা দাহ্র : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৩১ রুকূ' : ২

আয়াত : ১

هَـلْ : **কি?** এটি প্রশ্নবোধক অব্যয়। ইতিবাচকের তলবের স্বীকৃতির জন্য তা গঠন করা হয়েছে। أ ও هَلْ -এর মধ্যে পার্থক্য হলো নিম্নরূপ–

১. هَـلْ কেবলমাত্র تَصْدِيْق -এর طَلَبْ -এর জন্য আসে আর أ টি تَصَوُّرْ ও تَصْدِيْق উভয়ের طَلَبْ - এর জন্য আসে।

২. هَـلْ ইতিবাচকের স্বীকৃতির জন্য নির্দিষ্ট। আর أ ইতিবাচক ও নেতিবাচক উভয়ের জন্য আসে। যেমন– أَاِلٰهٌ مَّعَ اللّٰهِ - هَلْ عِنْدَكُمْ مِنْ عِلْمٍ

৩. هَـلْ মুযারের উপর প্রবেশ করে তাকে ভবিষ্যতের অর্থের জন্য নির্দিষ্ট করে দেয়।

৪. هَلْ - شرط -এর উপর আসে না; কিন্তু أ শর্তের উপর আসে। যেমন– أَاِنْ ذُكِّرْتُمْ

৫. هَـلْ - ان -এর উপর আসে না; কিন্তু أ আসে। যেমন– أَاِنَّكَ لَاَنْتَ يُوْسُفُ

৬. هَـلْ এমন ইসম এর উপর আসে না, যার পরের কাজটি ঐচ্ছিক হয়; কিন্তু أ আসে। যেমন– أَبَشَرًا مِنَّا وَاحِدًا نَتَّبِعُهُ

৭. أ হরফে আতফের পূর্বে আসে, যেমন– أَفَاَمِنَ مَاتَ - أَوَلَمْ يَهْدِ আর هَلْ আসে হরফে আত্ফের পরে। যেমন– فَهَلْ يَهْلِكُ اِلَّا الْقَوْمُ الْفَاسِقُوْنَ

৮. হামযা ام -এর পরে আসে না; কিন্তু هـل আসে। যেমন– اَمْ هَلْ تَسْتَوِى الظُّلُمَاتُ وَالنُّوْرُ

৯. هـل কখনো قد -এর অর্থে আসে। যেমন– هَلْ اَتٰى عَلَى الْاِنْسَانِ حِيْنٌ مِّنَ الدَّهْرِ

১০. هـل দ্বারা প্রশ্ন করা হয় هـل কখনো না-বাচকের জন্য আসে। তাই তার خبر -এর উপর কখনো الا আসে আবার কখনো بـ আসে। আর এটি انشاء -এর প্রকার হওয়া সত্ত্বেও خبر -এর উপর আত্ফ করা জায়েজ আছে।

اَتٰى : **সে এসেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; উপস্থিত হওয়া।

حِيْنٌ : **সময়; কাল।** বহুবচন اَحْيَانٌ (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

اَلدَّهْرِ : **কাল।** এটি একবচন, বহুবচন– دُهُوْرٌ ; অর্থ– সুদীর্ঘ কাল। মূলত বিশ্বসৃষ্টির সূচনা থেকে তার সমাপ্তি পর্যন্ত পূর্ণ সময়কে دَهْر বলা হয়। অতঃপর যে কোনো দীর্ঘকাল ও সময়ও এর দ্বারা উদ্দেশ্য নেওয়া হয়। পক্ষান্তরে زَمَانَة বলা হয় যে কোনো স্বল্প-দীর্ঘ সময়কে; যে কোনো সময় ও কালের জন্য তা ব্যবহার হয়।

আয়াত : ২

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; বানানো; তৈরি করা; উদ্ভাবন করা ।

نُطْفَةٍ : **শুক্রবিন্দু; বীর্য।** একবচন, বহুবচন– نُطَفٌ

اَمْشَاجٍ : **মিলিত; মিশ্রিত।** এটি مَشِيْجٌ - مَشَجٌ - مَشْجٌ -এর বহুবচন।

نَبْتَلِيْهِ : **যেন আমি তার পরীক্ষা করি।** نَبْتَلِىْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْاِبْتِلَاءُ অর্থ– পরীক্ষা করা; বিপদে ফেলা; কষ্টে ফেলা। ه যমীর واحد مذكر غائب মাফউলে বিহী।

আয়াত : ৩

هَدَيْنٰهُ : **আমি তাকে পথের নির্দেশ দিয়েছি; সৎপথে পরিচালিত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى)

মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা; সঠিক পথ দেখানো; সৎপথের অনুসন্ধান দেওয়া।

شَاكِرًا : **কৃতজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞ হওয়া; কৃতজ্ঞতা জ্ঞাপন করা।

كَفُوْرًا : **অতিশয় অকৃতজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه হালতে নসব। বাব نَصَرَ মাসদার اَلْكُفْرَانُ ও اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– কুফরি করা; অকৃতজ্ঞতা প্রকাশ করা; অস্বীকার করা;।

আয়াত : ৪

اَعْتَدْنَا : **আমি প্রস্তুত রেখেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ت ـ و) মাসদার اَلْاِعْتَادُ অর্থ– প্রস্তুত করা; তৈরি করা; বানানো।

سَلٰسِلَا : **শৃঙ্খল**। سِلْسِلَةٌ-এর বহুবচন।

اَغْلٰلًا : **শৃঙ্খল**। বহুবচন, একবচন– غِلٌّ অর্থ– বেড়ি; শৃঙ্খল। غِلّ বলা এমন বস্তুকে যা দ্বারা বন্দী করা হয় এবং শরীরের অঙ্গ বাঁধা হয়। এখানে উদ্দেশ্য এমন কঠিন বিধিবিধান যা হযরত মুহাম্মদ ﷺ -এর শরিয়তে রহিত হয়ে গেছে।

سَعِيْرًا : **লেলিহান অগ্নি**। এটি فَعِيْلٌ-এর ওযনে مسعور অর্থে। বাব فَتَحَ থেকে মাসদার اَلسَّعْرُ অর্থ– প্রজ্বলিত করা।

আয়াত : ৫

اَلْاَبْرَارَ : **সৎকর্মশীলগণ; পুণ্যবানগণ**। এটি بر ও بار - এর বহুবচন।

يَشْرَبُوْنَ : **তারা পান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشُّرْبُ মূলবর্ণ (ش ـ ر ـ ب) অর্থ– পান করা; আহার করা; তৃষ্ণা নিবারণ করা।

كَأْسٍ : **পাত্র; পানপাত্র; সুরাপূর্ণ পাত্র**। বহুবচন–كَاسَاتٌ - اَكْؤُسٌ - كُؤُسٌ - كِيَاسٌ ; অর্থ– শরাব বা শরবতপূর্ণ পাত্র; গ্লাস। আভিধানিকভাবে পাত্রে মদ বা শরবত না থাকলে তাকে كَأْسٌ বলা হয় না; বরং তাকে اِبْرِيْقٌ বা كُوْبٌ বলা হবে। কিন্তু অধিক ব্যবহারের ফলে كَأْسٌ-এর ব্যবহার ظرف ও مظروف তথা পাত্র এবং পাত্রে রাখা বস্তু উভয়ের জন্য হয়ে থাকে। –(রাগেব) আলোচ্য আয়াতে মদ উদ্দেশ্য।

مِزَاجُهَا : **তার মিশ্রণ**। مِزَاجٌ মুযাফ هَا যমীর واحد مؤنث غائب মুযাফ ইলাইহি। مَزَاجٌ মাসদার। অর্থ– মিশ্রণ করা; মিলানো; মিলিয়ে একাকার করা। মিশ্রণের পর যে নতুন আকৃতি সৃষ্টি হয় তাকেও مِزَاجٌ বলা হয়। এখানে প্রথম অর্থ উদ্দেশ্য।

كَافُوْرًا : **কাফূর**। সকল প্রকার মুকুল, যা ফলের বীজকে আচ্ছাদিত করে রাখে। একপ্রকার সুগন্ধি ঘাস, যার ফুল বাবেনা ফুলের ন্যায় হয়। একপ্রকার বিশাল বৃক্ষবিশেষ, যার আঠাও হয়। ভারত মহাসাগরের উপকূলবর্তী বিভিন্ন অঞ্চলে কাফূর গাছ জন্মায়, যা সর্বদা হরিৎ ও শ্যামল থাকে। যার ফল হয় না। কাঠের রং সাদা হয়ে থাকে। রবাহী, কায়সূরী, মূলী এ তিন প্রকার কাফূর হয়ে থাকে। প্রথম প্রকার লালচে সাদা, দ্বিতীয় প্রকার ধবধবে সাদা আর তৃতীয় প্রকার নিম্নমানের হয়ে থাকে। লাকড়ি জ্বালিয়ে রস নিংড়িয়ে তা জমানো হয়। মু'জামুল কুরআন গ্রন্থকার লিখেছেন, কাফূর বৃক্ষ থেকে স্বচ্ছ, সাদা ও তীব্র সুগন্ধিযুক্ত পদার্থ বের হয়ে জমে যায়; যাকে কাফূর বলা হয়। আরবের উষ্ণ অঞ্চলের লোকেরা কাফূরের সুগন্ধি পরিচ্ছন্নতার জন্য উপযোগী মনে করে। আয়াতে كَافُوْرًا দ্বারা শীতল স্বচ্ছ পানি উদ্দেশ্য।

আয়াত : ৬

عَيْنًا : **প্রস্রবণ; ঝরনা**। এটি একবচন, বহুবচন– عُيُوْنٌ ও اَعْيُنٌ অর্থ– চক্ষু; ঝরণা; প্রস্রবণ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেক অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব বলেন, এর মূল অর্থ চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عَيْنٌ বলা হয় যে, তার চক্ষুর সাথে সাদৃশ্য রয়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

يَشْرَبُ : **সে পান করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ر ـ ب) মাসদার اَلشُّرْبُ অর্থ– পান করা; আহার করা; তৃষ্ণা নিবারণ করা।

يُفَجِّرُوْنَهَا : **তারা তা প্রবাহিত করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ج ـ ر) মাসদার اَلتَّفْجِيْرُ অর্থ– উৎসারিত করা; জারি করা; প্রবাহিত করা।

আয়াত : ৭

يُوفُوْنَ : **তারা পূর্ণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مفروق বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) জিনস لفيف مقرون মাসদার اَلْاِيْفَاءُ অর্থ– পূর্ণ করা; প্রতিশ্রুতি রক্ষা করা।

مُسْتَطِيْرًا : **ব্যাপক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ط ـ ى ـ ر) মাসদার اَلْاِسْتِطَارُ মূল অর্থ– উড়া; বিক্ষিপ্ত হওয়া; প্রসারিত হওয়া। এখানে অর্থ হবে– ব্যাপক; প্রচুর।

আয়াত : ৮

يُطْعِمُوْنَ : **তারা আহার্য দান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطْعَامُ মূলবর্ণ (ط ـ ع ـ م) অর্থ– আহার করানো; খাবার দান করা।

مِسْكِيْنًا : **অভাবগ্রস্ত; মিসকিন**। বহুবচন; একবচন– مِسْكِيْنٌ অর্থ– নিঃস্ব। যার নিকট কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

يَتِيْمًا : **এতিম**। একবচন, বহুবচন– يَتَامٰى অর্থ– অনাথ; অপ্রাপ্ত বয়স্ক সন্তান যার পিতা মারা গেছে।

اَسِيْرًا : **বন্দী; কয়েদী**। একবচন, বহুবচন– اَسْرٰى ও اُسَارٰى

আয়াত : ১০

عَبُوْسًا : **ভীতিপ্রদ**। ভ্রূ কুঞ্চনকারী। মুখ বিকৃতকারী। সীগাহ واحد বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ب ـ س) মাসদার اَلْعُبُوْسُ ও اَلْعَبْسُ অর্থ– বিরক্ত হওয়া; ভ্রূ কুঞ্চিত করা; মুখ মলিন করা। এখানে এটি يَوْمٌ-এর সিফত হয়েছে। আল্লামা আহমদ ফাইউমী (র.) লিখেছেন– عَبَسَ الْيَوْمُ অর্থ হলো– দিন কঠিন হওয়া; সে হিসেবে يَوْمًا عَبُوْسًا অর্থ হলো– কঠিন দিন। কামূসে يَوْمًا عَبُوْسًا-এর ব্যাখ্যা করা হয়েছে এভাবে– اَىْ كَرِيْهًا تَعْبَسُ مِنْهُ الْوُجُوْهُ (এমন ঘৃণিত দিন যাতে মুখ মলিন হয়ে যায়।)

قَمْطَرِيْرًا : **ভয়ংকর দিন**। বিপদ ও দুঃখ-কষ্টের দীর্ঘ দিন (কিয়ামতের দিন)। মূল পরিভাষায় قَمْطَرَتِ النَّاقَةُ তখন বলা হয়, যখন উষ্ট্রী লেজ উচিয়ে, নাক সিটকিয়ে, মুখ বিকৃত করে অপছন্দনীয় আকৃতি অবলম্বন করে। সে হিসেবে যে কোনো অপছন্দনীয় কষ্টাদায়ক দিনের জন্য এটি ব্যবহার হতে থাকে। আসাদ বিন নায়েসার উক্তি–

وَاصْطَلَيْتَ الْحُرُوْبَ فِىْ كُلِّ يَوْمٍ
بَاسِلُ الشَّرِّ قَمْطَرِيْرُ الصَّبَاحِ

এর মূলবর্ণ হলো قطر, মীমটি অতিরিক্ত।

আয়াত : ১১

وَقٰهُمْ : **তিনি তাদেরকে রক্ষা করবেন**। وَقٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْوِقَايَةُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা; সংরক্ষণ করা। اَلْهُمْ যমীর মাফউলে বিহী।

نَضْرَةً : **উৎফুল্লতা; দীপ্তি**। نَضْرَةً ইসমে মানসূব নাকেরা। অর্থ– সতেজতা; দীপ্তি; ঔজ্জ্বল্য; দিপ্তিময়; আলোকিত।

سُرُوْرًا : **আনন্দ; উৎফুল্লতা**। যে আনন্দ ভিতরে লুক্কায়িত থাকে তাকে سُرُوْرٌ বলা হয়। এটি বাব نَصَرَ-এর মাসদার। আল্লামা মুরতাজা যুবাইদি লিখেছেন– سُرُوْرٌ-এর বাস্তবতা হলো কেবল اِلْتِذَاذٌ فِى الْقَلْبِ وَالْاِنْشِرَاحِ অন্তরে মজা অনুভব করা, বাইরে তার চিহ্ন প্রকাশ পাবে না। আর যার চিহ্ন বাইরে প্রকাশ পায় তাকে حُبُوْرٌ বলা হয়।

حَرِيْرًا : **রেশম। সিল্ক।**

আয়াত : ১৩

مُتَّكِـئِـيْنَ : **হেলান দিয়ে উপবিষ্টগণ**। সীগাহ جمع اَلْاِتِّكَاءُ মাসদার اِفْتِعَالٌ বাব اسم فاعل বহছ مذكر মূলবর্ণ (و ـ ك ـ ء) অর্থ– হেলান দেওয়া; টেক দেওয়া; কাত হওয়া।

اَلْاَرَائِكِ : **সুসজ্জিত আসন**। এটি اَرِيْكَةٌ-এর বহুবচন। অর্থ– সোফা; গদি; সিংহাসন।

زَمْهَرِيْرًا : **অতিশয় শীত**। হিম। আল্লামা যামাখশারী (র.) এ আয়াতের তাফসীর প্রসঙ্গে লিখেছেন 'জান্নাতের বাতাস হবে সহনশীল, ভারসাম্যপূর্ণ। সেখানে না তো সূর্য তার প্রচণ্ড তাপ দিবে, না শীত তার শৈত্য দ্বারা কষ্ট দিবে। হাদীসে রয়েছে– هَوَاءُ الْجَنَّةِ سَجْسَجٌ لَا حَرٌّ وَلَا قَرٌّ (জান্নাতের বাতাস হবে সুখময়, না উষ্ণ না হিম) আবার زَمْهَرِيْر এর অর্থ চন্দ্রও করা হয়। এটা তাঈ গোত্রের ভাষা। যেমন–

وَلَيْلَةٌ ظَلَامُهَا قَدْ اعْتَكَرْ
قَطَعْتُهَا وَالزَّمْهَرِيْرُ مَا زَارَ

আয়াত : ১৪

دَانِيَةً : **সন্নিহিত; ঝুলন্ত; নোয়ানো**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ– নিকটবর্তী হওয়া।

ظِلٰلُ : **সুশীতল ছায়া**। এটি ظِلٌّ-এর বহুবচন।

ذُلِّلَتْ : **সেগুলোকে আয়াত্তাধীন করে দেওয়া হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ل ـ ل) মাসদার اَلتَّذْلِيْلُ অর্থ– অপদস্ত করা; অধীনস্ত করা; আয়ত্তাধীন করা; অপমানিত করা।

قُطُوْفُهَا : **তার ফলমূল**। قُطُوْفٌ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। قُطُوْفٌ শব্দটি বহুবচন, একবচন اَلْقِطْفُ অর্থ : গাছ থেকে ফল আহরণ করা। قَطْفٌ যে ফল গাছ থেকে আহরণ করা হয়, (আহরণ করা হোক বা না হোক) এখানে ঐ সমস্ত ফল উদ্দেশ্য যা জান্নাতীরা দাঁড়িয়ে বসে সর্বাবস্থায় সংগ্রহ করতে পারবে।

আয়াত : ১৫

يُطَافُ : **প্রদক্ষিণ করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَافَةُ মূলবর্ণ (ط ـ و ـ ف) অর্থ– প্রদক্ষিণ করা; তওয়াফ করা; কোনো কিছুর চতুর্দিকে ঘোরা; ঘুরে ঘুরে পরিবেশন করা।

اٰنِيَةٍ مِّنْ فِضَّةٍ : **রৌপ্যপাত্র**। اٰنِيَةٌ হলো اِنَاءٌ-এর বহুবচন। অর্থ– পাত্র। فِضَّةٌ–(রৌপ্য)। এটি একবচন; বহুবচন– فِضَاضٌ ও فُضَضٌ অর্থ– রূপা; রজত।

اَكْوَابٍ : **পানপাত্রসমূহ**। বহুবচন, একবচন– كُوْبٌ মদের পেয়ালা; পানপাত্র।

قَوَارِيْرَا : **স্ফটিক; কাঁচ**। এটি قَارُوْرَةٌ-এর বহুবচন। অর্থ– স্ফটিকপাত্র; শিশার পাত্র।

আয়াত : ১৭

يُسْقَوْنَ : **তাদেরকে পান করতে দেওয়া হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مُضَارِعْ مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ق ـ ى) মাসদার اَلسَّقْىُ অর্থ– পান করানো।

مِزَاجُهَا : **তার মিশ্রণ**। مِزَاجٌ মুযাফ هَا যমীর واحد مؤنث غائب মুযাফ ইলাইহি। مِزَاجٌ মাসদার। অর্থ– মিশ্রণ করা; মিলানো; মিলিয়ে একাকার করা; সংযোজন করা; জোড়া লাগানো। মিশ্রণের পর যে নতুন আকৃতি সৃষ্টি হয় তাকেও مِزَاجٌ বলা হয়। এখানে প্রথম অর্থ উদ্দেশ্য।

زَنْجَبِيْلًا : **আদ্রক; আদা**। সুতরাং আয়াতের অর্থ হলো জান্নাতীদেরকে আদামিশ্রিত পানীয় পরিবেশন করা হবে। অর্থাৎ আরবরা শরাবে এর মিশ্রণ পছন্দ করত। তাই জান্নাতেও একে পছন্দ করা হয়েছে। কেউ কেউ বলেন, জান্নাতের বস্তুও দুনিয়ার বস্তু নামেই কেবল অভিন্ন। বৈশিষ্ট্যে উভয়ের মধ্যে অনেক ব্যবধান। তাই দুনিয়ার আদার আলোকে জান্নাতের আদাকে বুঝার উপায় নেই। আল্লামা সুয়ূতী (র.) আল ইতকানে লিখেছেন– زَنْجَبِيْل হলো ফারসি শব্দ।

যার অর্থ– জান্নাতী ঝরনা ও প্রসিদ্ধ উপত্যকা। হযরত ইবনে আব্বাস (র.) বলেন– زَنْجَبِيْل হলো জান্নাতের একটি ঝরনার নাম।

আয়াত : ১৮

عَيْنًا : **প্রস্রবণ; ঝরনা**। একবচন, বহুবচন– عُيُوْن ও اَعْيُن অর্থ– চক্ষু; ঝরণা; প্রস্রবণ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা– এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেক অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) বলেন, এর মূল অর্থ চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عين বলা যে, তার চক্ষুর সাথে সাদৃশ্য রয়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

سَلْسَبِيْلًا : **সালসাবিল**। জান্নাতের একটি ঝরনার নাম। –(তাজ) যার অর্থ– প্রবাহিত স্বচ্ছ পানি। শব্দটি অনারবী। –(ইবনে জারীর) ইবনুল আরাবী বলেন– আমি সালসাবিল শব্দটি কুরআন ব্যতীত অন্য কোথাও শুনিনি। আল্লামা যমখশরী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন– شَرَابٌ سِلْسَلٌ، سِلْسَالٌ و سَلْسَبِيْلٌ বলা হয় যা অতি সুস্বাদুকে বোঝায়। আল্লামা যুজাজ (র.) বলেন, অভিধানে سَلْسَبِيْل এমন বস্তুর সিফত হয় যাতে অতি সুস্বাদু হওয়া বোঝায়।

আয়াত : ১৯

يَطُوْفُ : **প্রদক্ষিণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلطَّوْفُ ও اَلطَّوَافُ মূলবর্ণ (ط ـ و ـ ف) অর্থ– প্রদক্ষিণ করা; তওয়াফ করা; কোনো কিছুর চতুর্দিকে ঘোরা; ঘুরে ঘুরে পরিবেশন করা।

مُخَلَّدُوْنَ : **চিরস্থায়ী**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلتَّخْلِيْدُ ; মূলত خُلُوْدٌ ও خَلَدٌ -এর অর্থ হলো কোনো কিছু সর্বদা বা দীর্ঘদিন পর্যন্ত একই অবস্থায় থাকা, তার অবস্থায় কোনো পরিবর্তন না আসা। এ কারণেই مُخَلَّدٌ -এর অর্থ করা হয়েছে সর্বদা বা দীর্ঘদিন একই অবস্থায় রাখা হয়েছে। رَجُلٌ مُخَلَّدٌ বলা হয় ঐ ব্যক্তিকে যার চুল দীর্ঘদিন পর্যন্ত সাদা হয় নি। –(রাগেব) এ কারণেই তাফসীরবিদগণ এ আয়াতে مُخَلَّدُوْنَ -এর তাফসীর করেছেন– তারা মরবে না, বৃদ্ধ হবে না, সর্বদা তরুণই থাকবে। –(খাযেন, বায়যাভী) সাঈদ ইবনে যুবায়ের (রা.) বলেন مُخَلَّدٌ ঐ ব্যক্তিকে বলা হয় যার কানে দুল পরানো থাকে। তখন مُخَلَّدُوْنَ অর্থ হবে– দুল পরিহিত বালকগণ। –(মা'আলিম)

لُؤْلُؤًا : **মুক্তা**। এটি একবচন; নাকেরা। বহুবচন– لَآلِيْ

مَنْثُوْرًا : **বিক্ষিপ্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ث ـ ر) মাসদার اَلنَّثْرُ অর্থ– বিক্ষিপ্ত করা; ছড়ানো।

আয়াত : ২১

عَلِيَهُمْ : **তাদের আবরণ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনস نَاقِص واوى মাসদার اَلْعُلُوُّ অর্থ– উচু হওয়া; বৃদ্ধি পাওয়া; বড় হওয়া লম্বা হওয়া; সোজা হওয়া। عَالِيْ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি

سُنْدُسٍ : **সূক্ষ্ম রেশমী সবুজ বস্ত্র/ কিংখাব**। আল্লামা সুয়ূতী (র.) আল-ইতকান গ্রন্থে লিখেছেন, জাওয়ালিকী বলেছেন ফারসীতে এর অর্থ– পাতলা রেশমী বস্ত্র। আর লাইছ বলেন, অভিধানবিদগণের কারো এ ব্যাপারে দ্বিমত নেই যে, এটি আরবিকৃত শব্দ। কেউ কেউ এটিকে হিন্দী শব্দ বলেছেন।

اِسْتَبْرَقٍ : **পুরু সবুজ রেশমী বস্ত্র**।

حُلُّوْا : **তাদেরকে অলংকৃত করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ل ـ ى)মাসদার اَلتَّحْلِيَةُ অর্থ– অলংকার পরানো; সজ্জিত করা।

اَسَاوِرَ : **কংকন**। বহুবচন, একবচন سِوَارٌ

فِضَّةٍ : **রৌপ্য**। একবচন; বহুবচন فِضَاضٌ ও فُضَضٌ অর্থ– রূপা; রজত।

سَقٰهُمْ : **তাদেরকে পান করাবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّقْىُ মূলবর্ণ (س ـ ق ـ ى) অর্থ– পান করানো; আহার করানো।

আয়াত : ২২

سَعْيُكُمْ : **তোমাদের কর্মপ্রচেষ্টা**। سَعْىٌ মাসদার মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। سَعْىٌ অর্থ– চেষ্টা করা; কষ্ট করা; পরিশ্রম করা।

مَشْكُورًا : **স্বীকৃত; পুরস্কারযোগ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা; শোকর করা; কথা রাখা।

আয়াত : ২৫

بُكْرَةً : **দিনের প্রথমাংশ**। **সকালবেলা**।

اَصِيْلًا : **সন্ধ্যাবেলা**। –(জুয়াজ, আখফাশ, জওহারী) আল্লামা মুজদুদ্দীন ফিরোজাবাদী বলেন, একবচন– اَصِيْلٌ ; اُصَالٌ সম্পর্কে জাওহারীর মত হলো আসর থেকে মাগরিব পর্যন্ত সময়কে اَصِيْلٌ বলা হয়।

আয়াত : ২৭

يُحِبُّوْنَ : **তারা ভালোবাসে; পছন্দ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– পছন্দ করা; ভালোবাসা; মহব্বত করা।

اَلْعَاجِلَةَ : **পার্থিব জীবন; আশু সুখ-সম্ভোগ**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْعَجَلُ মূলবর্ণ (ع ـ ج ـ ل) অর্থ– দ্রুত করা; ত্বরা করা; আশু কামনা করা।

يَذَرُوْنَ : **তারা উপেক্ষা করে চলে; বর্জন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– বর্জন করা; ত্যাগ করা; পরিহার করা। উক্ত মাসদার থেকে এ অর্থে فعل مضارع – امر ও نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

وَرَآءَهُمْ : **পরবর্তী**। আল্লামা বায়যাভী (র.) উল্লেখ করেছেন যে, وراء মূলত মাসদার যাকে ظَرْف হিসেবে ব্যবহার করা হয়। এর ইযাফত فَاعِلٌ -এর দিকেও হয় আবার مفعول -এর দিকেও হয়। প্রথম অবস্থায় উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু। অর্থাৎ যার আড়ালে কোনো কিছু হয়। (বিস্তারিত সূরা ইবরাহীম, আয়াত : ১৬ দ্রষ্টব্য)

আয়াত : ২৮

شَدَدْنَا : **আমি সুদৃঢ় করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلشَّدُّ মূলবর্ণ (ش ـ د ـ د) অর্থ– সুদৃঢ় করা; মজবুত করা; বাধা।

اَسْرَهُمْ : **তাদের গঠন**।

اِذَا شِئْنَا : **আমি যখন ইচ্ছা করব**। شِئْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ش ـ أ ـ ى) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

بَدَّلْنَا : **আমি পরিবর্তন করব; প্রতিষ্ঠিত কর**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلتَّبْدِيْلُ অর্থ– পরিবর্তন করা।

আয়াত : ২৯

تَذْكِرَةً : **উপদেশ**। এটি বাব تَفْعِيْل -এর মাসদার تَفْعِلَةٌ এর ওযনে। অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

আয়াত : ৩১

يُدْخِلُ : **তাকে প্রবেশ করাবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করনো।

اَلظّٰلِمِيْنَ : **অত্যাচারীরা; জুলুমকারীরা**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْم -এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর সত্তা থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত।

সূরা মুরসালাত : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৫০ রুকূ' : ২

আয়াত : ১

وَالْمُرْسَلٰتِ : **বায়ু**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم مفعول** বাব **اِفْعَال** মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার **اَلْاِرْسَالُ** অর্থ– প্রেরণ করা; পাঠানো। যা **رُسُلٌ** থেকে গঠিত। উট বা বকরির একের পর এক ধারাবাহিকভাবে মন্থর গতিকে **رُسُلٌ** বলা হয়। মানুষ, উট বা ঘোড়া যদি সারিবদ্ধভাবে একের পর এক আসে তাহলে বলা হয়– **جَاءُوْا اِرْسَالًا** ; আয়াতে **اَلْمُرْسَلَاتُ** দ্বারা কী উদ্দেশ্য সে ব্যাপারে মতবিরোধ রয়েছে। মুজাহিদ ও কাতাদার মতে, ধারাবাহিকভাবে পরিচালিত ও প্রেরিত বাতাস উদ্দেশ্য। মাকাতিল বলেন, ফেরেশতা উদ্দেশ্য। মাসরূক (র.) হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এই মতই বর্ণনা করেছেন।

উল্লেখ্য এ সূরায় আল্লাহ তা'আলা কয়েকটি বস্তুর শপথ করে কিয়ামতের নিশ্চিত আগমনের কথা ব্যক্ত করেছেন। এই বস্তুগুলোর নাম কুরআনে উল্লেখ করা হয়নি। তবে সেগুলোর স্থলে এ পাঁচটি বিশেষণ উল্লেখ করা হয়েছে–

نَاشِرَاتٍ ـ فَارِقَاتٍ ـ مُلْقِيَاتِ الذِّكْرِ ـ عَاصِفَاتٍ ـ مُرْسَلَاتٍ ـ

কিন্তু এগুলো কিসের বিশেষণ, কোনো হাদীসে তা পুরোপুরি নির্দিষ্ট করা হয়নি। তাই এ সম্পর্কে সাহাবী ও তাবেয়ীগণ থেকে বিভিন্নরূপ তাফসীর বর্ণিত হয়েছে। কারও কারও মতে এগুলো সব ফেরেশতাগণের বিশেষণ। সম্ভবত ফেরেশতাগণের বিভিন্ন দল এসব বিভিন্ন বিশেষণে বিশেষিত। কেউ কেউ এগুলোকে বায়ুর বিশেষণ সাব্যস্ত করেছেন। কারণ বায়ু বিভিন্ন প্রকার ও গুণের হয়ে থাকে। ফলে বায়ুরও ধরনের বিভিন্ন বিশেষণ হতে পারে। কেউ কেউ স্বয়ং পয়গাম্বরগণকে এসব বিশেষণে বিশেষিত করেছেন। এ কারণেই ইবনে জারীর (র.) এ ব্যাপারে নিশ্চুপ থাকাকে অধিকতর নিরাপদ ঘোষণা করে বলেছেন, সবই হতে পারে; কিন্তু আমরা কোনোকিছুকে নির্দিষ্ট করি না।

عُرْفًا : **কল্যাণস্বরূপ**। সৎকার্য। পছন্দনীয় কাজ। পুণ্য। এটি বাব **ضَرَبَ**-এর মাসদার। যার অর্থ– জানা; চিনা। **فعل** -এর ওযনে **اسم** যা **معروف** অর্থে ব্যবহৃত। কাজী শাওকানী **عُرْف** অর্থ লিখেছেন, এমন উত্তম স্বভাব যা জ্ঞান পছন্দ করে এবং মন তার উপর সন্তুষ্ট হয়। –(ফতহুল কাদীর– খ. ২, পৃ. ২৬৬) এখানে **عُرْفًا** দ্বারা কী উদ্দেশ্য সে ব্যাপারে মতবিরোধ রয়েছে। পরিভাষায় **عُرْف** বলা হয় ঘোড়ার কেশরকে। ঘোড়ার কেশরের পশম সারিবদ্ধ ও সমতল হয়। সুতরাং **اَلْمُرْسَلَاتِ عُرْفًا** অর্থ হবে– এমন বাতাস যা ঘোড়ার কেশরের ন্যায় সমতল ও একের পর এক ধারাবাহিকভাবে চলে। (মুজাহিদ ও কাতাদাহ) অথবা **عُرْف** অর্থ **مَعْرُوْف** তথা যে কোনো কল্যাণমূলক কাজ; সৎকর্ম। কিন্তু এখানে আল্লাহর বিধিবিধান উদ্দেশ্য। ফেরেশতাদেরকে ধারাবাহিকভাবে আল্লাহর বিধিনিষেধ নিয়ে প্রেরণ করা হয়, এ অবস্থায় অর্থ হবে– ফেরেশতা সাক্ষী যাদেরকে আহকাম নিয়ে প্রেরণ করা হয়। –(মাকাতিল, ইবনে মাসঊদ)

আয়াত : ২

اَلْعَاصِفَاتِ : **প্রলয়ঙ্কারী ঝটিকা**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব **ضَرَبَ** মূলবর্ণ (ع ـ ص ـ ف) মাসদার **اَلْعَصْفُ** অর্থ– ঘূর্ণিঝড় আসা; তুফান আসা; ঝড় আসা। ইমাম রাগেব (র.) লিখেছেন– **رِيْحٌ عَاصِفٌ** বলা হয় এমন বাতাসকে যা বস্তুসমূহকে ভেঙ্গে ভুসিতে পরিণত করে দেয়। কারণ **عَصْف** অর্থ হলো ভুসি। এখানে এ ধরনের বাতাস উদ্দেশ্য হতে পারে। অথবা ফেরেশতা উদ্দেশ্য যিনি ওহী নিয়ে বাতাসের ন্যায় আসেন।

আয়াত : ৩

اَلنّٰشِرٰتِ : **সঞ্চালনকারী বায়ু**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব **نَصَرَ** মূলবর্ণ (ن ـ ش ـ ر) মাসদার **اَلنَّشْرُ** অর্থ– সঞ্চালন করা; বাতাস ধীরে ধীরে প্রবাহিত হওয়া; ছড়িয়ে পড়া। **نَاشِرَاتٌ** দ্বারা মৃদুমন্দ

বায়ু উদ্দেশ্য। –(বগবী), অথবা বৃষ্টি আগমনের পূর্বে প্রবাহিত হালকা শীতল বাতাস উদ্দেশ্য। হযরত হাসান বসরী (র.)-এর মতে মেঘমালাকে ছড়িয়ে দিয়ে বৃষ্টি আনয়নকারী বাতাস উদ্দেশ্য। অধিকাংশ মুফাসসিরের মতে এর দ্বারা আমলনামা বন্টনকারী ফেরেশতা উদ্দেশ্য। –(মাকাতিল)

আয়াত : ৪

اَلْفٰرِقٰتِ : **মেঘপুঞ্জ বিচ্ছিন্নকারী বায়ু।** সীগাহ جمع মুؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلْفَرْقُ ; فَارِقَاتِ দ্বারা উদ্দেশ্য হলো– হককে বাতিল থেকে পার্থক্যকারী কুরআনের আয়াতসমূহ উদ্দেশ্য। (মহল্লী), অথবা ঐ সমস্ত ফেরেশতা উদ্দেশ্য যারা আল্লাহর নির্দেশে বস্তুসমূহকে পৃথক করে থাকেন। অথবা যে সমস্ত ফেরেশতা হককে বাতিল থেকে পৃথক করেন। –(মুনতাহাল আরব)

আয়াত : ৫

اَلْمُلْقِيٰتِ ذِكْرًا : **মানুষের অন্তরে উপদেশ পরিবেশনকারীগণ।** সীগাহ جمع مُلْقِيَات মুؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– নিক্ষেপ করা; ঢেলে দেওয়া। مُلْقِيَاتُ ذِكْرًا দ্বারা উদ্দেশ্য হলো ঐ সমস্ত ফেরেশতা যারা আল্লাহর ওহী নিয়ে নবীগণের নিকট আগমন করেন। আল্লামা ইবনে কাছীর (র.) -এর মতে এখানে সর্বসম্মতভাবে ফেরেশতাদের জমাত উদ্দেশ্য।

আয়াত : ৭

مَا تُوْعَدُوْنَ : **তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।** ما মাউসূলাহ। تُوْعَدُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْعِدَةُ ও اَلْوَعْدُ অর্থ– ওয়াদা করা; অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া।

وَاقِعٌ : **অবশ্যম্ভাবী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার اَلْوُقُوْعُ অর্থ– পতিত হওয়া; সংঘটিত হওয়া।

আয়াত : ৮

طُمِسَتْ : **নির্বাপিত হবে; লোপ পাওয়া।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ م ـ س) মাসদার اَلطَّمْسُ অর্থ– বিলুপ্ত করা; ম্লান করা; নিভানো। বাব ضَرَبَ মাসদার اَلطُّمُوْسُ অর্থ– বিলুপ্ত হওয়া।

আয়াত : ৯

فُرِجَتْ : **বিদীর্ণ হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ(ف ـ ر ـ ج) মাসদার اَلْفَرْجُ অর্থ– বিদীর্ণ করা; ছিদ্র করা।

আয়াত : ১০

نُسِفَتْ : **উন্মূলিত ও বিক্ষিপ্ত হবে।** উৎপাটিত ও বিক্ষিপ্ত হবে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ س ـ ف) মাসদার اَلنَّسْفُ অর্থ– মূলোৎপাটন করা; বিক্ষিপ্ত করা।

আয়াত : ১১

اُقِّتَتْ : **(যখন রাসূলগণকে) নিরূপিত সময়ে উপস্থিত করা হবে; নির্ধারিত সময়ে হাজির করা হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ق ـ ت) মাসদার اَلتَّوْقِيْتُ অর্থ– সময় নির্ধারিত করা। اُقِّتَتْ মূলত وُقِّتَتْ ছিল। واو -কে হামযা দ্বারা পরিবর্তন করা হয়েছে।

আয়াত : ১২

اُجِّلَتْ : **(এ সমুদয়) স্থগিত রাখা হয়েছে; বিলম্বিত রাখা হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول মূলবর্ণ (أ ـ ج ـ ل) মাসদার اَلتَّاجِيْلُ অর্থ– সময় নির্ধারিত করা; মুলতবি করা; স্থগিত করা।

আয়াত : ১৫

وَيْلٌ : **দুর্ভোগ।** এটি ইসমে মারফূ'। অর্থ– ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। ويل -এর আরো অনেক অর্থ রয়েছে। যেমন অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সব অর্থে وَيْلٌ হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা;

জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلَةٌ ও وَيْلٌ -এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন متكلم ও خطاب - غيب -এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْل সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم -এর দিকে ইযাফত হলে আবশ্যিকভাবে وَيْل কে যের দেওয়া হয়।

اَلْمُكَذِّبِيْنَ : **মিথ্যারোপকারী; অস্বীকারকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْذِيْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ– মিথ্যারোপ করা; অস্বীকার করা।

আয়াত : ১৬

اَلَمْ نُهْلِكِ : **আমি কি ধ্বংস করিনি? শুরুর হামযাটি প্রশ্নবোধক**। نُهْلِكُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

আয়াত : ১৭

نُتْبِعُهُمُ الْاٰخَرِيْنَ : **আমি পরবর্তীদেরকে তাদের অনুগামী করব**। সীগাহ جمع متكلم نُتْبِعُ বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ– পিছনে লাগানো; অনুগামী করা; অনুসরণ করা।

আয়াত : ২০

مَهِيْنٍ : **তুচ্ছ; নগণ্য; অপদস্থ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْهَوْنُ অর্থ– তুচ্ছ ও নগণ্য হওয়া। মূলত مَهْيُوْنٌ ছিল।

আয়াত : ২১

قَرَارٍ : **আধার; নিবাস; আবাসস্থল**। আরামের স্থান; অবস্থানস্থল। –(রূহুল মা'আনী) সজীব ভূমি –(ইবনে আব্বাস) সমতল ভূমি –(মহল্লী) পানি জমা হওয়ার স্থান, অর্থাৎ জরায়ু –(তাজ)। শেষোক্ত অর্থই উদ্দেশ্য।

مَكِيْنٍ : **নিরাপদ; মর্যাদাবান**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) জিনস اجوف واوى ; মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া; থাকা; মর্যাদাবান হওয়া; উঁচু হওয়া।

আয়াত : ২৫

كِفَاتًا : **ধারণকারী; সবকিছুকে সংকুলানের স্থান**। ভূমি জীবিতদেরকে তার উপরে এবং মৃতদেরকে তার গর্ভে ধারণ করে আছে। প্রবাদ– اَلْمَنَازِلُ كِفَاتُ الْاَحْيَاءِ وَالْمَقَابِرُ كِفَاتُ الْاَمْوَاتِ (ঘর জীবিতদের এবং কবর মৃতদের সংকুলানের স্থান।) كِفَاتٌ -এর ব্যাপারে দু ধরনের সম্ভাবনা রয়েছে। যথা–

১. এটি মাসদার। তখন উদ্দেশ্য হবে مَقَامُ كِفَاتٍ অর্থাৎ সংকুলানের স্থান।
২. كَفْتٌ -এর বহুবচন। যার অর্থ– পাত্র। তখন ভূমি হবে জীবিত-মৃত সবাইকে রাখার পাত্র। –(মু'জাম) কামূস গ্রন্থকারের মতে كِفَاتٌ অর্থ– জমা করার স্থান এ সব অবস্থায় উদ্দেশ্য একই। অভিধানে كَفْتٌ অর্থ– কোনো কিছুর দিক পরিবর্তন করে দেওয়া; পাঞ্জায় ধারণ করা; জমা করা; সংরক্ষণ করা; দ্রুতগতিতে হাঁকানো। বিরত বা আটকে রাখা। হাদীসে রয়েছে– اِكْفِتُوْا صِبْيَانَكُمْ بِاللَّيْلِ (তোমরা তোমাদের শিশুদেরকে রাতের বেলা আটকে রাখ; বের হওয়া থেকে বিরত রাখ।) ভূমিও সবাইকে নিজের মধ্যে আটকে রাখে। তাই তাকে كِفَاتٌ বলা হয়েছে।

আয়াত : ২৭

رَوَاسِىَ : **পর্বত; পাহাড়**। এটি رَاسِيَةٌ -এর বহুবচন স্থিতিশীল পাহাড়ের জন্য এর ব্যবহার হয়।

شٰمِخٰتٍ : **সুদৃঢ়; উঁচু**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ م ـ خ) মাসদার شُمُوْخٌ ও اَلشُّمُوْخُ অর্থ– সুউচ্চ হওয়া।

اَسْقَيْنٰكُمْ : **আমি তোমাদেরকে পান করিয়েছি**। سْقَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ق ـ ى) মাসাদর اَلْاِسْقَاءُ অর্থ– পান করানো; পান করতে দেওয়া। كُمْ যমীর মাফঊলে বিহী।

فُرَاتًا : **অধিক মিষ্টি পানি**। বাব كَرُمَ মাসদার فُرُوْتَةٌ অর্থ– সুমিষ্ট হওয়া। فَرُتَ ماضى হলো সুমিষ্ট হয়েছে। কিন্তু যদি বাব نَصَرَ থেকে হয় তখন অর্থ হবে– ব্যভিচারী ও দুশ্চরিত্র হওয়া। বাব سَمِعَ থেকে হলে অর্থ হবে নির্বোধ হওয়া। –(কামূস)

আয়াত : ৩০

اِنْطَلِقُوْٓا : **তোমরা চল**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْطِلَاقُ মূলবর্ণ (ط . ل . ق) অর্থ- পথ চলা।

ظِلٍّ : **ছায়া**। একবচন, বহুবচন- ظِلَالٌ

ذِيْ ثَلٰثِ شُعَبٍ : **তিন শাখাবিশিষ্ট**। অর্থাৎ কিয়ামতের দিন জাহান্নাম হতে ধূম্র নির্গত হবে, তা তিন ভাগে বিভক্ত হয়ে কাফেরদেরকে বেষ্টন করে রাখবে। এ আয়াতে সেই ধূম্রের প্রতি ইঙ্গিত করা হয়েছে। -(জালালাইন)

আয়াত : ৩১

ظَلِيْلٍ : **ঘন ছায়া; শীতল ছায়া। ছায়াদার**। আল্লামা মাহমূদ আলূসী (র.) লিখেছেন- ظَلِيْل সিফাতের সীগাহ। যা আরবদের স্বভাব অনুযায়ী তাকীদের জন্য গঠিত হয়েছে। যেমনিভাবে يَوْمٌ اَيْوَمُ (কঠিন দিন) لَيْلٌ اَلْيَلُ (দীর্ঘ ও ভয়ঙ্কর রাত) ইত্যাদি। ইমাম মারযূকী (র.) বলেন, এটি হলো تَابِعٌ مُهْمَلٌ তথা অনর্থক অনুগামী শব্দ, এর কোনো গুণবাচক অর্থ নেই। যা কেবলমাত্র মিলের জন্য ব্যবহার হয়। যেমন বলা হয়- حَسَنٌ بَسَنٌ এখানে بَسَنْ টি حَسَنْ-এর অনর্থক অনুগামী। এর কোনো অর্থ নেই।

لَا يُغْنِيْ : **সে উপকারে আসে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ . ن . ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِغْنَاءُ অর্থ- উপকারে আসা; কাজে আসা। অমুখাপেক্ষী করা।

اللَّهَبِ : **অগ্নিশিখা**। এটি মাসদার। অর্থ- অগ্নি প্রজ্বলিত হওয়া। ধোঁয়া ও ধূলাবালিকেও لَهَبٌ বলা হয়। -(রাগেব) বাব فَتَحَ ; বলা হয়- لَهَبَتِ النَّارُ (আগুন প্রজ্বলিত হয়েছে এবং ধোঁয়াবিহীন স্বচ্ছ আগুন বের হওয়া শুরু করেছে।) বাব سَمِعَ থেকে পিপাসার্ত হওয়া। বাব اِفْعَالٌ থেকে اَلْاِلْهَابُ অর্থ- আগুন জ্বালানো; ঘোড়া খুব দৌড়ানো। বাব تَفَعُّلٌ وَ اِفْتِعَالٌ থেকে ব্যবহৃত হলে অর্থ হবে- অগ্নি প্রজ্বলিত হওয়া। বাব تَفْعِيْلٌ থেকে ব্যবহৃত হলে অর্থ হবে- প্রচুর আগুন প্রজ্বলিত করা।

আয়াত : ৩২

تَرْمِيْ : **তা নিক্ষেপ করবে** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلرَّمْيُ মূলবর্ণ (ر . م . ى) অর্থ- নিক্ষেপ করা।

شَرَرٍ : **অগিস্ফুলঙ্গ**। شَرَرَةٌ-এর বহুবচন।

الْقَصْرِ : **অট্টালিকা; প্রাসাদ**। একবচন; বহুবচন اَلْقُصُوْرُ অর্থ- প্রাসাদ, অট্টালিকা; ভবন; টাওয়ার।

আয়াত : ৩৫

لَا يَنْطِقُوْنَ : **(কারো) বাকস্ফূর্তি হবে না। তারা কথা বলবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن . ط . ق) মাসদার اَلنُّطْقُ অর্থ- কথা বলা।

আয়াত : ৩৬

لَا يُؤْذَنُ : **অনুমতি দেওয়া হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (أ . ذ . ن) মাসদার اَلْاِذْنُ অর্থ- অনুমতি দেওয়া; সম্মতি দেওয়া। এর صلة যদি باء আসে তাহলে অর্থ হয়- জানা। আর لام হলে অর্থ- হবে আশাবাদী হওয়া। بَابَ نَصَرَ থেকে অর্থ হবে- প্রহার করা।

يَعْتَذِرُوْنَ : **তারা অজুহাত পেশ করে; দোষ স্খলনের চেষ্টা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع . ذ . ر) মাসদার اَلْاِعْتِذَارُ অর্থ- ওজর আপত্তি পেশ করা; বাহানা করা।

আয়াত : ৩৯

كَيْدٌ : **ষড়যন্ত্র**। এটি ইসম ও মাসদার। অর্থ- ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয়, আবার কখনো মন্দ। مَكْرٌ ও اِسْتِدْرَاجٌ-এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

كَيْدُوْنِ : **তোমরা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর, তোমরা আমার বিরুদ্ধে কৌশল প্রয়োগ কর।** كِيْدُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ى ـ د) মাসদার اَلْكَيْدُ অর্থ– ষড়যন্ত্র করা; চক্রান্ত করা। মূলত كِيْدُوْنِىْ ছিল। جواب شرط -এ হওয়ার কারণে নূন পড়ে গেছে।

আয়াত : ৪১

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالْ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সতর্ক হওয়া; পরিহার করা; ভয় করা; ভীতি হওয়া।

ظِلٰلٍ : **সুশীতল ছায়া।** ظِلٌّ -এর বহুবচন।

عُيُوْنٍ : **প্রস্রবণসমূহ; প্রসবণবহুল স্থান।** এটি বহুবচন; একবচন عَيْنٌ অর্থ– ঝরনা; প্রস্রবণ।

আয়াত : ৪২

فَوَاكِهَ : **ফলমূল।** বহুবচন; একবচন– فَاكِهَةٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل শেষের تاء মুবালাগার জন্য। তাছাড়া فَاكِهَةٌ হাসিমুখ ও রসিক ব্যক্তিকেও বলা হয়। –(কামূস) অনেকে আঙ্গুর ও আনারকে فَاكِهَةٌ -এর মধ্যে অন্তর্ভুক্ত করেন না। –(খাযেন)

مَا يَشْتَهُوْنَ : **বাঞ্ছিত; যা তারা চাইবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ش ـ ه ـ و) মাসদার اَلْاِشْتِهَاءُ অর্থ– কামনা করা; আকাঙ্ক্ষা করা।

আয়াত : ৪৩

كُلُوْا : **তোমরা আহার কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– আহার করা; খাওয়া।

اِشْرَبُوْا : **তোমরা পান কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلشُّرْبُ মূলবর্ণ (ش ـ ر ـ ب) অর্থ– পান করা।

هَنِيْئًا : **তৃপ্তির সাথে।** সীগাহ واحد বহছ صفت مشبه বাব ضَرَبَ، نَصَرَ، فَتَحَ মূলবর্ণ (ه ـ ن ـ أ) মাসদার اَلْهَنَاءُ অর্থ– মজা করা; তৃপ্ত হওয়া।

আয়াত : ৪৬

تَمَتَّعُوْا : **তোমরা ভোগ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ অর্থ– উপকৃত হওয়া; ভোগ করা। পবিত্র কুরআনের যেখানেই تَمَتَّعُوْا ও تَمَتَّعْ সীগাহ ব্যবহার হয়েছে সেখানে পার্থিব ভোগ-বিলাস উদ্দেশ্য এবং এর দ্বারা ধমক প্রদান উদ্দেশ্য। ধমকস্বরূপ বলা হচ্ছে যে, তোমাদের যা মনে চায় তা করে নাও।

مُجْرِمُوْنَ : **অপরাধীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৪৮

اِذَا قِيْلَ : **যখন বলা হয়।** قِيْلَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। قِيْلَ মূলত قُوِلَ ছিল। পেশের পরে واو -এর নিচে যের পড়া কঠিন বিধায় قاف -এর হরকত ফেলে واو -এর হরকত قاف -এর মধ্যে দেওয়া হয়েছে। ফলে واو সাকিন হয়ে قول হয়ে গেল। واو সাকিন এবং তার পূর্বে যের হলে উক্ত ওয়াও ياء হয়ে যায়, সেই নিয়মে ওয়াওটি ইয়া হয়ে গেছে। এভাবে قِيْلَ হয়ে গেছে।

اِرْكَعُوْا : **তোমরা আল্লাহর প্রতি নত হও; সালাত আদায় কর; রুকূ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلرُّكُوْعُ মূলবর্ণ (ر ـ ك ـ ع) অর্থ– রুকূ' করা; মাথা নোয়ানো; সালাত আদায় করা।

لَا يَرْكَعُوْنَ : **তারা নত হয় না; সালাত আদায় করে না** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ك ـ ع) মাসদার رُكُوْعٌ অর্থ– রুকূ' করা; মাথা নোয়ানো; সালাত আদায় করা

আয়াত : ৫০

يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনে; বিশ্বাস স্থাপন করে** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

৩০তম পারা

সূরা নাবা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪০, রুকূ' : ২

আয়াত : ১

عَمَّ : **কী বিষয়ে?** নাহুবিদ যুজাজ (র.) বলেন, এটি মূলত ছিল عَنْ مَا । نون টি ميم -এর মধ্যে ইদগাম হয়ে গেছে। কারণ ميم ও نون উভয়টি غنة -এর মধ্যে অন্তর্ভুক্ত এবং ما -এর আলিফটি এ কারণে বিলুপ্ত করা হয়েছে যেন প্রশ্নবোধক ما ও خبرية -এর ما -এর মাঝে তারতম্য করা যায়। যেমনটি مِمَّ ও فِيْمَ -এর মধ্যে হয়েছে।

يَتَسَاءَلُوْنَ : **তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلتَّسَاؤُلُ অর্থ– একে অন্যের কাছে জিজ্ঞাসা করা/ একে অপরের খোঁজখবর নেওয়া।

আয়াত : ২

اَلنَّبَإِ الْعَظِيْمِ : **মহাসংবাদ।** نَبَأٌ ইসমে মাজরূর। نَبَأَةٌ (মৃদু ধ্বনি। কুকুরের ধ্বনি।) نَبِيٌّ (আল্লাহর নবী; পয়গাম্বর। উচ্চস্তর। উন্মুক্ত পথ। স্থানান্তরকারী।) نُبُوْءَةٌ ও نَبَأٌ (নবুয়তি।) نَابِيٌ (উচ্চস্থান।) نُبُوَّةٌ (উঁচু হওয়া; প্রকাশ পাওয়া। শব্দ করা। সংবাদ দেওয়া। স্থানান্তরিত হওয়া।) বাব فَتَحَ ; اِنْبَاءٌ বাব اِفْعَالٌ ও تَنْبِئَةٌ বাব تَفْعِيْلٌ (সংবাদ দেওয়া। সতর্ক করা।) مُنَابَأَةٌ (একে অপর থেকে দূরে সরে যাওয়া। প্রতিবেশীত্ব ত্যাগ করা।) تَنَبُّؤٌ বাব تَفَعُّلٌ (নবয়তির দাবি করা।) اِسْتِنْبَاءٌ বাব اِسْتِفْعَالٌ (অনুসন্ধান করা; খোঁজ লাগানো।)

عَظِيْمٌ : **মহান।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كرم মূলবর্ণ (ع ـ ظ ـ م) মাসদার اَلْعَظَامَةُ অর্থ– মহান হওয়া; সম্মানিত হওয়া।

আয়াত : ৬

مِهَادًا : **শয্যা।** একবচন, বহুবচন مُهُدٌ، مُهُدٌ، اَمْهِدَةٌ বিছানা; দোলনা। এখানে উদ্দেশ্য হলো জাহান্নামের আগুনের বিছানা। জাহান্নামীদেরকে জাহান্নামে বিছানার পরিবর্তে আগুন বিছিয়ে দেওয়া হবে।

আয়াত : ৭

اَوْتَادًا : **কীলক।** এটি وَتَدٌ -এর বহুবচন।

আয়াত : ৮

اَزْوَاجًا : **জোড়ায় জোড়ায়।** এটি زَوْجٌ -এর বহুবচন। আল্লামা আহমদ ফাইউমী (র.) বলেন– زَوْجٌ এমন আকৃতি যার উপমা আছে, অথবা যার বিপরীত বস্তু আছে। যেমন শুষ্ক ও আর্দ্র, নর ও মাদী, রাত ও দিন; তিক্ত ও মিষ্ট। ইবনে দুরাইদ (র.) বলেন– زَوْجٌ যে কোনো দুটিকে বলে فَرْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ। জওহারী (র.) বলেন, জোড় দুটিকে زَوْجَانِ এবং زَوْجٌ বলা হয়। সুতরাং যদি বলা হয় عِنْدِىْ زَوْجٌ তখন উদ্দেশ্য হবে দুটি জুতা। আর যদি زَوْجَانِ نِعَالٍ বলা হয় তখন উদ্দেশ্য হবে চারটি জুতা। আযহারী (র.) বলেন, নাহুবিদগণের নিকট زَوْجٌ দ্বারা দুটি উদ্দেশ্য হয় না। তাদের মতে زَوْجٌ দ্বারা একটি উদ্দেশ্য হয়। ইবনুল আম্বারী বলেন, জনসাধারণ যা মনে করে যে, زَوْجٌ দুটি বস্তু, এটি সঠিক নয়। এটা আরবদের ব্যবহার নয়। উদাহরণত তারা কবুতরের জোড়া বলার সময় زوج ব্যবহার না করে زَوْجَانِ مِنْ حَمَامٍ বলে থাকে। কুরআনেও রয়েছে– خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى (তিনি সৃষ্টি করেছেন নর ও নারীর জোড়া) যদি زوج দ্বারা দুটি উদ্দেশ্য হতো তাহলে زَوْجَيْنِ বলা হতো না।

আয়াত : ৯

جَعَلْنَا : **আমি বানিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فتح মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। (বিস্তারিত সূরা রূম, আয়াত : ২১ দ্রষ্টব্য)

سُبَاتًا : **বিশ্রাম। আরাম; শান্তি।** এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– ক্লান্তি দূর করা; আরাম গ্রহণ করা। ইবনুল আরাবী (র.) এর মতে سُبَاتًا অর্থ– ছিন্ন করা; দূর করা। سَبْتٌ অর্থও ছিন্ন করা। অর্থাৎ মানুষ

যখন ঘুমিয়ে পড়ে তখন লোকজন থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। ইমাম রাগেব (র.) বলেন− قَطْعٌ অর্থ سُبَاتٌ عَمَلٌ তথা কাজ থেকে বিচ্ছিন্ন হওয়া। অর্থাৎ যখন মানুষ ঘুমিয়ে পড়ে তখন কাজ থেকে বিচ্ছিন্ন থাকে। এ দ্বারা ইঙ্গিত রয়েছে আয়াত−لِتَسْكُنُوا فِيهِ যেন তোমরা শান্তি অর্জন করতে পার।

আয়াত : ১১

مَعَاشًا : **জীবিকা আহরণের সময়**। তাছাড়া জীবিকা; জীবন; জীবনকাল ইত্যাদি অর্থেও আসে। এটি ইসম ও মাসদার। বাব ضَرَبَ অন্য মাসদার হলো عَيْشٌ মানুষ বা প্রাণীর জীবন। حَيَاتٌ শব্দটি ব্যাপক। আল্লাহ, ফেরেশতা, মানুষ, প্রাণী সকলের জন্য ব্যবহৃত হয়। আর مَعَاشٌ ও عَيْشٌ শব্দটি কেবলমাত্র মানুষ ও প্রাণীর জন্য ব্যবহৃত হয়। مَعَايِشٌ জীবিকা। বহুবচন, একবচন مَعِيْشَةٌ অর্থ− নিত্য সামগ্রী; প্রয়োজনীয় বস্তু; জীবনোপকরণ।

আয়াত : ১৩

سِرَاجًا وَّهَّاجًا : **প্রোজ্জ্বল দীপ**। সকল মুফাসসিরগণের মতে سِرَاجًا وَّهَّاجًا দ্বারা সূর্য উদ্দেশ্য। وَهَّاجًا মুবালাগার সীগাহ। বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ه ـ ج) মাসদার اَلْوَهْجُ ও اَلْوَهَجَانُ অর্থ− উজ্জ্বল হওয়া; আগুন প্রজ্বলিত হওয়া। وَهِيْجٌ (উজ্জ্বল; আলোকিত।) تَوَهَّجٌ (আগুন প্রজ্বলিত করা।) اِيْهَاجٌ (আগুন প্রজ্বলিত হওয়া। সুগন্ধি ছড়ানো। মুক্তা চমকানো।)

আয়াত : ১৪

اَلْمُعْصِرٰتِ : **মেঘমালা**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ص ـ ر) মাসদার اَلْاِعْصَارُ অর্থ− নিংড়ানো। مُعْصِرَات দ্বারা উদ্দেশ্য হলো ঐ বাতাস যা মেঘমালাকে চেপে নিংড়ায়। −(মুজাহিদ, কাতাদাহ, মাকাতিল) অথবা এমন বাতাস ধূলি উড়ায়। (আযহারী) অথবা মেঘ উদ্দেশ্য। (আবুল আলিয়া, রবি', যাহহাক) ফাররা বলেন, পানি ভর্তি বাতাস যা বৃষ্টি বর্ষণ করে তাকে مُعْصِرٌ বলা হয়। ইবনে কায়সান বলেন− مُعْصِرَاتٌ অর্থ− ফরিয়াদ গ্রহণকারী। হাসান বসরী, যায়েদ ইবনে আসলাম ও সাঈদ ইবনে যুবায়ের এর মতে আকাশ উদ্দেশ্য। −(বগভী)

مَاءً ثَجَّاجًا : **প্রচুর পানি**। مَاءٌ অর্থ− পানি; একবচন, বহুবচন− مِيَاهٌ ; ثَجَّاجًا শব্দটি فَعَّالٌ -এর ওযনে মুবালাগার সীগাহ। বাব نَصَرَ মাসদার اَلثَّجُّ। অর্থ− প্রবলভাবে বৃষ্টি বর্ষিত হওয়া ও প্রবাহিত হওয়া।

আয়াত : ১৬

اَلْفَافًا : **ঘন সন্নিবিষ্ট**। পেচানো; একটি অপরটির সাথে মিশ্রিত ঘন বৃক্ষ। আল্লামা যমখশারী (র.) লিখেছেন− اَخْيَافٌ ও اَوْزَاعٌ -এর ন্যায় এরও কোনো বহুবচন আসে না। তবে কেউ কেউ বলেন, এর একবচন হলো لَفٌّ ; যেমন হাসান বিন আলী তূসী এর পংক্তি−

جَنَّةٌ لَفٌّ وَ عَيْشٌ مِغْدَقٌ
وَ نَدَامٰى كُلُّهُمْ بِيْضٌ زُهُرٌ

(ঘন উদ্যান ও সুপ্রসন্ন জীবন এবং বন্ধু-বান্ধব সকলেই সুশ্রী ও কমনীয়।) ইবনে কুতাইবা, ভাষাবিদ ফাররা ও কাসাঈ বলেন− لَفٌّ হলো اَلْفَافٌ -এর বহুবচন, আর لَفٌّ হলো لِفَاءٌ -এর বহুবচন। কিন্তু আমার মতে ইবনে কুতাইবা প্রমুখ এর কোনো প্রমাণ পেশ করতে পারবেন না যে, خُضْرٌ -এর বহুবচন اِخْضَارٌ এবং حمر -এর বহুবচন احمار হয়। তবে যদি বলা হয় যে, এটি مُلْتَفَّةٌ -এর বহুবচন তাহলে তা সঠিক হবে। −(তাফসীরে কাশশাফ)

আয়াত : ২০

سَرَابًا : **মরীচিকা। চকচকে বালি**। তীব্র গরমের দ্বিপ্রহরে ময়দানে যে বালি পানির ন্যায় চকচক করতে দেখা যায় এবং দূর থেকে মনে হয় যেন পানি প্রবাহিত হচ্ছে, আর গাছ-পালা ও ঘরবাড়ির ছায়া তার মধ্যে পরিলক্ষিত হয় তাকে سَرَابٌ বা মরীচিকা বলা হয়। সাধারণত এ দ্বারা মানুষ প্রতারিত হয় তাই سَرَابٌ প্রতারণার অর্থে প্রবাদস্বরূপ ব্যবহৃত হয়।

আয়াত : ২৩

اَحْقَابًا : **যুগযুগ**। এটি حُقْبٌ -এর বহুবচন। ; حُقُبٌ (بِضَمِّ الْقَافِ) অর্থ− যুগ বা কাল। আর حُقْبٌ (بِسُكُوْنِ الْقَافِ) অর্থ কালের নির্দিষ্ট অংশ। কিন্তু তার পরিমাণ নির্ধারণে ভাষাবিদদের মতবিরোধ রয়েছে। কারো মতে ৮০ বছর, কারো মতে ৭০ বছর, কারো মতে ৪০ বছর, কারো মতে ৩০,০০০

বছর, কারো মতে ৩০০ বছর উদ্দেশ্য। হযরত কাতাদাহ (র.) স্পষ্ট করে বলেছেন, এর দ্বারা অনির্দিষ্ট কাল উদ্দেশ্য। হাসান বসরীও তেমনি কথা বলেছেন।

আয়াত : ২৫

غَسَّاقًا : **পুঁজ। হীম শীতল পানি।** –(মু'জামুল কুরআন, গরীবুল কুরআন) জাহান্নামীদের থেকে প্রবাহিত রক্ত। –(জালালাইন, সাবী, মু'জামুল কুরআন, মুফরাদাত) এক হাদীসে রয়েছে, যদি غَسَّاقٌ -এর এক বালতি দুনিয়ায় ঢেলে দেওয়া হয় তাহলে সমগ্র পৃথিবীবাসীর মস্তিষ্ক পচে গলে যাবে। –(মাজমাউল বাওয়ার) এ গ্রন্থের লেখকের মতে غَسَّاقٌ -এর অর্থ জাহান্নামীদের থেকে প্রবাহিত রক্ত বা তাদের ধোঁয়া বা অশ্রু বা হীম শীতল পানি উদ্দেশ্য। কামূস গ্রন্থকার লিখেছেন, বরফে পরিণতকারী অতি ঠাণ্ডা। ইবনে আব্বাস ও ইবনে মাসঊদ (রা.) -এর মতও এটিই। প্রফেসর আব্দুর রউফ তাঁর প্রখ্যাত গ্রন্থ মু'জামুল কুরআনের টীকায় লিখেছেন غَسَّاقٌ তুর্কী শব্দ, যার অর্থ– দুর্গন্ধযুক্ত শীতল পানি।

আয়াত : ৩১

مَفَازًا : **সাফল্য।** ইসমে মাসদার। অথবা যরফে মাকান। সফলতার স্থান।

আয়াত : ৩৩

كَوَاعِبَ : **উদ্‌ভিন্ন যৌবনা তরুণী/ নবযৌবনা তরুণী যার স্তন প্রচুর স্ফীত।** –(রাগেব) এটি كَاعِبٌ -এর বহুবচন। বলা হয়– كَعَبَتِ الْجَارِيَةُ كُعُوْبًا و- كُعُوْبَةً وَ كَعَابَةً বাব ضَرَبَ ও نَصَرَ (লাযেম) বালিকার স্তন উত্থিত হয়েছে। كَعَبَ الْإِنَاءَ (বাবে فَتَحَ) মুতা'আদ্দী। পাত্র ভরে দিয়েছে। –(কামূস)

أَتْرَابًا : **সমবয়স্কা যুবতীসকল।** এটি تِرْبٌ -এর বহুবচন।

আয়াত : ৩৪

دِهَاقًا : **পূর্ণ; ভরপূর; কানায় কানায় পূর্ণ।** دَهْقٌ থেকে নির্গত, যার অর্থ– কানায় কানায় পূর্ণ হওয়া; উপচে পড়া।

আয়াত : ৩৮

صَوَابًا : **যথার্থ। সঠিক কথা।** এটি خَطَأٌ -এর বিপরীতার্থক শব্দ। ইমাম রাগেব (র.) লিখেছেন– صَوَابٌ -এর ব্যবহার দুভাবে হয়ে থাকে। যথা–

১. কোনো বস্তু তার সত্তা হিসেবে। সুতরাং যখন কোনো বস্তু স্বয়ং প্রশংসার যোগ্য হয় এবং বিবেক, বুদ্ধি ও শরিয়ত অনুযায়ী পছন্দনীয় হয়, তখন বলা হবে। هٰذَا صَوَابٌ (এটা সঠিক।)

২. قَاصِدٌ তথা ইচ্ছাকারী হিসেবে তার ব্যবহার হয়, যখন সে উদ্দীষ্ট বস্তুকে স্বীয় ইচ্ছা অনুযায়ী পায়। যেমন বলা হয়– اَصَابَ كَذَا। অর্থাৎ যা চেয়েছে তা পেয়েছে। এর বিভিন্ন সুরত রয়েছে। যথা– ক. যার ইচ্ছা করা উত্তম তারই ইচ্ছা করেছে এবং তা সম্পন্ন করেছে। এটা হলো صَوَابٌ تَامٌّ (পরিপূর্ণ সঠিক।) যার দ্বারা মানুষকে প্রশংসা করা হয়। খ. যার ইচ্ছা করা উত্তম তারই ইচ্ছা করেছে; কিন্তু বাস্তবে প্রতিফলিত হয়েছে অন্যটি। কেননা তার গবেষণার পরে স্বীয় ধারণা অনুযায়ী সেটিই صَوَابٌ বা সঠিক ছিল। রাসূল ﷺ বলেছেন– كُلُّ مُجْتَهِدٍ مُصِيْبٌ (সকল মুজতাহিদ সঠিক) এর দ্বারা এ প্রকারই উদ্দেশ্য। গ. صَوَابٌ -এর ইচ্ছা করেছিল কিন্তু কোনো কারণে তা ভুল হয়ে গেছে। যেমন শিকারের প্রতি তীর ছুড়ে মেরেছে; কিন্তু লেগেছে অন্যের শরীরে। এ ধরনের হলে তা ক্ষমার্হ হবে। ঘ. মন্দ কাজের ইচ্ছা করেছে; কিন্তু পরিণত হয়েছে তার বিপরীতটি। তখন বলা হবে সে স্বীয় ইচ্ছায় ত্রুটি করেছে, আর যা সংঘটিত হয়েছে তা صَوَابٌ বা সঠিক হয়েছে।

আয়াত : ৩৯

مَاٰبًا : **শরণাপন্ন হওয়ার স্থান।** مَاٰبٌ মাসদারও হতে পারে আবার ظرف زمان و مكان -ও হতে পারে। অর্থাৎ প্রত্যাবর্তন করা; প্রত্যাবর্তনস্থল। اَوْبٌ وَ اِيَابٌ - ও মাসদার রয়েছে। ইমাম রাগেব (র.) বলেন– اَوْبٌ হলো কোনো ইচ্ছাশক্তিসম্পন্ন প্রাণীর প্রত্যাবর্তন করা। আর رُجُوْعٌ -এর মধ্যে ইচ্ছার কোনো অর্থ নেই। –(খাযেন ও জালালাইন)

আয়াত : ৪০।

كُفِرُ : **কাফের; প্রত্যাখ্যাকারী** সীগাহ واحد مذكر বহছ اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মাসদার ضَرَبَ বাব اسم فاعل মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য)

সূরা নাযি'আত : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪৬ রুকূ' : ২

আয়াত : ১

اَلنّٰزِعٰتِ : **নির্মমভাবে উৎপাটনকারী**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব ضَرَبَ মাসদার اَلنَّزْعُ মূলবর্ণ (ن ـ ز ـ ع) অর্থ- উৎপাটন করা; অপসারণ করা; টেনে বের করা। আল্লামা বগভী মা'আলিমুত্তানযীলে লিখেছেন, এখানে نَازِعَاتٌ দ্বারা ফেরেশতা উদ্দেশ্য, যারা চূড়ান্তভাবে কাফেরদের প্রাণসমূহ তাদের দেহ থেকে এমনভাবে বের করবে যেমনিভাবে তীরন্দাজ ব্যক্তি তীর নিক্ষেপের জন্য ধনুককে চূড়ান্ত সীমা পর্যন্ত টেনে আনে। হযরত ইবনে মাসঊদ (রা.) বলেছেন, মৃত্যুর ফেরেশতা সকল পশম ও নখের অগ্রভাগের ভিতর থেকে প্রাণকে টেনে উপড়ায় আবার ছেড়ে দেয় আবার টেনে আনে পুনরায় ছেড়ে দেয়, কাফেরদের সাথে তারা এ রকম আচরণ করতে থাকে। হযরত মাকাতিল (র.) বলেন, মৃত্যুর ফেরেশতা ও দলবল কাফেরদের রূহকে এমনভাবে টেনে বের করে যেমন শাখাবিশিষ্ট আংটা ধূনিত ভিজা উলের মধ্য থেকে বের করার জন্য টানা হয়। মুজাহিদের মতেও نَازِعَاتٌ দ্বারা মালাকুল মাউত বা মৃত্যুর ফেরেশতা উদ্দেশ্য। সুদ্দী বলেন نَازِعَاتٌ দ্বারা সিনার মধ্যে ডুবন্ত শ্বাস উদ্দেশ্য। হাসান বসরী, কাতাদাহ ও ইবনে কাইসানের মতে এর দ্বারা নক্ষত্র উদ্দেশ্য যা এক দিগন্তে উদিত হয়ে অন্য দিগন্তে অস্ত যায়। কারো কারো মতে তীরন্দাজদের দল উদ্দেশ্য।তবে অধিকাংশ মুফাসসির ফেরেশতা উদ্দেশ্য নিয়েছেন, এটিই সঠিক মত।

غَرْقًا : **ডুবে যাওয়া**। এটি মাসদার, হালতে নসব। অর্থ- ডুবে যাওয়া; নিমজ্জিত হওয়া। এর দ্বারা উদ্দেশ্য হলো কাফেরদের প্রাণ টেনে বের করা। -(জালালুদ্দিন মহল্লী) এখানে اِغْرَاقٌ টি غَرْقٌ অর্থে ব্যবহৃত হয়েছে। -(রূহুল মা'আনী)

আয়াত : ২

اَلنّٰشِطٰتِ : **মৃদুভাবে বন্ধনমুক্তকারী**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ش ـ ط) মাসদার اَلنَّشْطُ অর্থ- মৃদুভাবে বন্ধনমুক্ত করা। বন্ধন মুক্ত করা। نَاشِطَاتٌ দ্বারা উদ্দেশ্য হলো মুমিনদের রূহ সহজে ও আরামদায়কভাবে হরণকারী ফেরেশতা।

আয়াত : ৩

اَلسّٰبِحٰتِ : **সন্তরণকারী**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلسَّبْحُ ও اَلسِّبَاحَةُ অর্থ- সাঁতার কাটা; সাঁতরানো; পানিতে ভেসে বেড়ানো; বিচরণ করা।

اَلسّٰبِقٰتِ : **দ্রুতবেগে অগ্রবর্তী**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব نَصَرَ ও ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ- অগ্রসর হওয়া; দ্রুত অগ্রসর হওয়া।

আয়াত : ৫

اَلْمُدَبِّرٰتِ : **কর্মনির্বাহী**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব تَفْعِيْل মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلتَّدْبِيْرُ অর্থ- পরিণতি চিন্তা করা; ব্যবস্থাপনা করা; কর্ম নির্বাহ করা। সকল বস্তুর ফলাফল চিন্তা করা। হযরত ইবনে আব্বাস (রা.) -এর মত অনুযায়ী এখানে ফেরেশতাদের ঐ দল উদ্দেশ্য যারা দুনিয়ার ব্যবস্থাপনায় আল্লাহর পক্ষ থেকে প্রেরিত হয়েছেন। -(মা'আলিম, বগভী)

আয়াত : ৬

تَرْجُفُ **তা প্রকম্পিত করে**। সীগাহ **واحد مؤنث غائب** বহছ **مضارع معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ ف) মাসদার اَلرَّجْفُ অর্থ- প্রকম্পিত করা।

اَلرَّاجِفَةُ : **যা কাঁপে**। সীগাহ **واحد مونث** বহছ **اسم فاعل** বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ ف) মাসদার اَلرَّجْفُ অর্থ- কাঁপানো; প্রকম্পিত করা। এখানে اَلرَّاجِفَةُ দ্বারা প্রথম শিঙ্গাধ্বনি উদ্দেশ্য।

আয়াত : ৭

تَتْبَعُ : **সে অনুসরণ করে**। সীগাহ **واحد مؤنث غائب** বহছ **مضارع معروف** বাব سَمِعَ মাসদার اَلتَّبْعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা।

اَلرَّادِفَةُ : **পরবর্তী শিঙ্গাধ্বনি**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ ও سَمِعَ মূলবর্ণ (ر . د . ف) মাসদার اَلرَّدْفُ অর্থ–পিছনে চলা; পশ্চাতে আরোহণ করা।

আয়াত : ৮

وَاجِفَةٌ : **সন্ত্রস্ত**। সীগাহ اسم فاعل বহছ واحد مؤنث বাব ضَرَبَ মূলবর্ণ (و . ج . ف) মাসদার اَلْوَجْفُ অর্থ–প্রকম্পিত হওয়া; কাঁপা।

আয়াত : ১০

مَرْدُوْدُوْنَ : **প্রত্যাবর্তিত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (ر . د . د) মাসদার اَلرَّدُّ অর্থ–প্রত্যাবর্তন করা।

فِي الْحَافِرَةِ : **পূর্বাবস্থায়**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ح . ف . ر) মাসদার اَلْحَفْرُ অর্থ– খনন করা। পূর্বাবস্থায় প্রত্যাবর্তন করা।

আয়াত : ১৪

اَلسَّاهِرَةِ : **নরম ভূমিতে আবির্ভাবকারী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلسَّهْرُ মূলবর্ণ (س . ه . ر) অর্থ– জাগ্রত থাকা; আগমন করা।

আয়াত : ১৬

طُوًى : **তুওয়া**। একটি পবিত্র উপত্যকার নাম। আল্লামা মুরতাজা যুবাইদি 'তাজুল আরূস' গ্রন্থে লিখেছেন– طُوًى (পেশ ও যেরযোগে) হলো সিরিয়ার একটি উপত্যকার নাম। যেমন আল্লাহর বাণী– اِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى (তুমি পবিত্র উপত্যকায় আছো) শব্দটি غير منصرف -ও হতে পারে আবার منصرف -ও হতে পারে। তবে যারা বলেন, তাদের মতে এটি একটি উপত্যকা ও স্থানের নাম এবং এটি نكرة ; আর যারা غير منصرف বলেন তাদের মতে এটি একটি শহর ও স্থানের নাম। আর এটি معرفة ; আল্লামা মুহাইমি طُوًى -এর তাফসীর প্রসঙ্গে বলেন– اَلَّذِيْ طُوِيَ فِيْهِ الْاِلْتِفَاتُ اِلٰى مَا سِوَاهُ فَيَجِبُ فِيْهِ رِعَايَةُ الْاَدَبِ مِنْ كُلِّ وَجْهٍ অর্থাৎ এমন স্থান যেখানে তা ব্যতীত অন্য দিক হতে দৃষ্টিকে পূর্ণরূপে পেছানো হয়েছে এবং যেখানে সর্বপ্রকার আদবের প্রতি লক্ষ্য রাখা আবশ্যক। আল্লামা মাহমূদ আলূসী (র.) তাফসীরে রূহুল মা'আনীতে লিখেছেন– وَلَا يَخْفٰى عَلَيْكَ اَنَّ الْاَظْهَرَ كَوْنُهُ اِسْمًا لِلْوَادِيْ فِيْ جَمِيْعِ الْقِرَاءَاتِ (এ কথা স্পষ্ট যে, طُوًى হলো সকল কেরাত মতেই একটি উপত্যকার নাম। আল্লামা জালালুদ্দীন সুয়ূতি (র.) 'আল ইতকান ফী উলূমিল কুরআন' -এ লিখেছেন– طُوًى হলো উপত্যকার নাম। হাসান বসরী (র.) বলেন, ফিলিস্তিনের একটি উপত্যকার নাম। যাকে طُوًى এ জন্য নামকরণ করা হয়েছে যে, তাকে দুইবার পবিত্র করা হয়েছিল। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন. তার নাম طُوًى এ জন্য হয়েছে যে তাকে হযরত মূসা (আ.) রাত্রিবেলা অতিক্রম করেছিলেন।

আয়াত : ১৭

اِذْهَبْ : **তুমি যাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر বাব فَتَحَ حاضر معروف মূলবর্ণ (ذ . ه . ب) মাসদার اَلذِّهَابُ অর্থ– যাওয়া।

طَغٰى : **সে সীমালঙ্ঘন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ط . غ . ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نصر থেকে আসে। যেমন– طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ১৮

تَزَكّٰى : **তুমি পবিত্র হও**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মলবর্ণ (ز . ك . و) মাসদার اَلتَّزَكِّيُ অর্থ– পবিত্র হওয়া।

আয়াত : ১৯

اَهْدِيَكَ : **আমি তোমাকে পথপ্রদর্শন করব**। اهدى সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه . د . ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সঠিক পথে পরিচালিত করা। ك যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

تَخْشٰى : **তুমি ভয় করবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ . ش . ى) অর্থ– ভয় করা।

আয়াত : ২০

أَرَاهُ : **সে তাকে দেখিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব إفعال মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْإِرَاءَةُ অর্থ– দেখানো; প্রত্যক্ষ করানো।ه যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

اَلْآيَةَ الْكُبْرٰى : **মহানিদর্শন।** اٰيَةٌ একবচন, বহুবচন– اٰيَاتٌ ; এটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন– নিদর্শন; আল্লাহর নির্দেশ; আল্লাহর পয়গাম; দলিল; অলৌকিক বস্তু; মু'জিযা। কুরআনের আয়াতকে আয়াত বলে নামকরণের কারণসমূহ নিম্নরূপ–

১. اٰيَةٌ অর্থ মূলত স্পষ্ট নিদর্শন। এ কারণেই কুরআনে মাজীদের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা চিহ্ন।

২. অথবা যেহেতু আয়াতের একটি অর্থ জামাতও আসে। আর কুরআনের আয়াতে হরফের একটি অংশ জমা হয়। এ কারণেই তাকে আয়াত বলা হয়।

৩. আবার কেউ বলেছেন, আয়াত হলো কুরআনের মু'জিযা হওয়ার নিদর্শন। এ কারণে তাকে আয়াত বলে।

আয়াত : ২১

كَذَّبَ : **তারা অস্বীকার করেছে; মিথ্যা সাব্যস্ত করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যায়ন করা; অস্বীকার করা।

عَصٰى : **সে অমান্য করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ অর্থ– অমান্য করা; অবাধ্যতা করা; লঙ্ঘন করা।

আয়াত : ২৩

حَشَرَ : **সে সমবেত করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; একত্র করা; জড়ো করা।

نَادٰى : **সে উচ্চৈঃস্বরে ঘোষণা করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ د ـ و) মাসদার اَلْمُنَادَاةُ অর্থ– সম্বোধন করা; আহ্বান করা; ডাকা।

আয়াত : ২৫

فَأَخَذَهُ : **অতঃপর তিনি তাকে ধরলেন।** فاء হরফে আতফ। সীগাহ اَخَذَ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা। ه যমীর মাফঊলে বিহী।

نَكَالَ : **কঠিন শাস্তি।**

আয়াত : ২৬

عِبْرَةً : **শিক্ষা বা উপদেশ গ্রহণ করা।** এর বহুবচন হলো عِبَرٌ ; ইমাম রাগেব (র.) লিখেছেন– عِبَرٌ অর্থ– এক অবস্থা থেকে অন্য অবস্থায় অতিক্রম করা। এবং عِبَرٌ ও اِعْتِبَارٌ বলা হয় এমন একটি প্রত্যক্ষ বস্তুর জ্ঞান যা দ্বারা অপর একটি অপ্রত্যক্ষ বস্তুর জ্ঞান অর্জন হয়। ইমাম ফখরুদ্দীন রাযী (র.) লিখেছেন– عِبْرَةٌ এর মূল হলো عُبُوْرٌ যার অর্থ– অতিক্রম করা; পার হওয়া। সুতরাং عِبْرَةٌ হলো এমন চিহ্ন যা দ্বারা অজ্ঞতার স্থানকে অতিক্রম করে জ্ঞান পর্যন্ত পৌঁছা যায়। আল্লামা খাযেন বাগদাদী (র.) এর সংজ্ঞায় লিখেছেন– اَلْعِبْرَةُ الدَّلَالَةُ الْمُوْصِلَةُ اِلَى الْيَقِيْنِ اَلْمُؤَدِّيَةُ اِلَى الْعِلْمِ অর্থাৎ عِبْرَةٌ এমন পথ নির্দেশনাকে বলা হয় যা দৃঢ় বিশ্বাস ও ইলম পর্যন্ত পৌঁছে দেয়।(তাফসীরে খাযেন. খ. ১, পৃ. ২৭৪)

مَنْ يَّخْشٰى : **যে ভয় করে।** مَنْ মাউসূলাহ। يَخْشٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ش ـ ى) মাসদার اَلْخَشْيَةُ অর্থ– ভয় করা।

আয়াত : ২৭

اَشَدُّ : **সর্বাধিক কঠোর।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; শক্ত হওয়া।

خَلْقًا : **সৃষ্টি। সৃষ্টি করা; বানানো।** এটি বাব نَصَرَ -এর মাসদার। (বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য)

আয়াত : ৩২

اَرْسٰهَا : **তিনি তা দৃঢ়ভাবে প্রোথিত করেছেন।** اَرْسٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব إفعال মূলবর্ণ (ر ـ س ـ أ)মাসদার اَلْاِرْسَاءُ অর্থ– নোঙর বাঁধা; সুদৃঢ় করা; স্থাপন করা; পেরেক ইত্যাদি গাঁথা।

আয়াত : ৩৩

مَتَاعٌ : **জীবিকা**। ভোগের সামগ্রী। একবচন, বহুবচন– أَمْتِعَةٌ (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

الْأَنْعَامِ : **গবাদি পশু**। ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদি পশুকে ততক্ষণ পর্যন্ত أَنْعَامٌ বলা হবে না যতক্ষণ তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمٌ-এর বহুবচন, যার অর্থ– উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمٌ বলা হয়।

আয়াত : ৩৪

فَإِذَا جَاءَتِ : **যখন তা আসে**। فاء হরফে আতফ। إِذَا হরফে শর্ত। সীগাহ جَاءَتْ বহছ جمع مؤنث غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ ء) ماضي معروف মাসদার الْمَجِيئَةُ অর্থ– আসা; আনা।

الطَّامَّةُ الْكُبْرَى : **মহাসংকট**। الطَّامَّةُ সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ م ـ م) মাসদার الطُّمُومُ ও الطَّمُّ অর্থ– কোনো কিছু এত প্রচুর হওয়া যে, তা ছেয়ে যায় ও প্রবল হয়ে যায়। আচ্ছন্ন করা; গিলে ফেলা; গলাধঃকরণ করা। এখানে এর দ্বারা কিয়ামত উদ্দেশ্য, কারণ তা সব কিছুকে আচ্ছন্ন করে ফেলবে।

আয়াত : ৩৫

يَتَذَكَّرُ : **সে স্মরণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার التَّذَكُّرُ অর্থ– উপদেশ গ্রহণ করা; স্মরণ করা।

مَا سَعَى : **যা সে চেষ্টা করেছে**। مَا মাউসূলাহ। سَعَى সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ع ـ ى) মাসদার السَّعْيُ অর্থ– চেষ্টা করা; কষ্ট করা; পরিশ্রম করা।

بُرِّزَتِ : **উন্মোচিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ر ـ ز) মাসদার التَّبْرِيْزُ অর্থ– উন্মোচিত করা; উন্মুক্ত করা।

الْجَحِيْمُ : **জাহান্নাম**। **জ্বলন্ত আগুন**। এটি فَعِيْل-এর ওযনে فاعل অর্থে। جَحْمٌ থেকে নির্গত, যার অর্থ– ভীষণভাবে জ্বলা। ইমাম ইবনে জারীর (র.) থেকে বর্ণিত রয়েছে যে, জাহান্নামের সাতটি স্তর রয়েছে। যথা– ১. জাহান্নাম। ২. লাযা। ৩. হুতামা। ৪. সাঈর। ৫. সাকার। ৬. জাহিম। ৭. হাভিয়া। (মা'আলিমুত্তানযীল)

আয়াত : ৩৭

طَغَى : **সে সীমালঙ্ঘন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মাসদার الطُّغْيَانُ মূলবর্ণ (ط ـ غ ـ ى) অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغَى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৩৮

آثَرَ : **সে প্রাধান্য দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف ; বাব إِفْعَالٌ মাসদার الْإِيْثَارُ মূলবর্ণ (أ ـ ث ـ ر) অর্থ– প্রাধান্য দেওয়া।

আয়াত : ৩৯

مَأْوَى : **আবাসস্থল**। এটি اسم ظرف ও বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা। এর صِلَةٌ যদি إِلَى আসে তখন অর্থ হবে– আশ্রয়গ্রহণ করা; অবস্থান করা। আর যদি صِلَةٌ লাম لام আসে তখন অর্থ হবে– অনুগ্রহ করা; দয়া করা। যেমন– أَوَى لَهُ (সে তার প্রতি দয়া করেছে।) –(রাগেব) الْمَأْوَى আলিফ-লাম সহ পবিত্র কুরআনে তিন স্থানে এসেছে। প্রতি স্থানেই মাসদারী অর্থে আর যেখানে ইযাফতের সাথে এসেছে সেখানে ظرفى অর্থে ব্যবহার হয়েছে।

আয়াত : ৪০

خَافَ : **সে ভয় করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার الْخَوْفُ অর্থ– ভয় করা।

نَهَى : **সে বিরত রেখেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার النَّهْيُ অর্থ– নিষেধ করা; বিরত রাখা।

اَلْهَوٰى : **প্রবৃত্তি**। একবচন, বহুবচন- اَهْوَاءٌ অর্থ- অবৈধ কামনা; প্রবণতা।

আয়াত : ৪১

اَلْجَنَّةَ : **জান্নাত; বেহেশত। উদ্যান; বাগান**। বৃক্ষবিশিষ্ট বাগান যার বৃক্ষ ভূমিকে আচ্ছাদিত করে ফেলে তাকে জান্নাত বলা হয়। দুনিয়ার বাগানের সাথে সদৃশ্যতার কারণে জান্নাতকে জান্নাত বলা হয়েছে, যদিও উভয়ের মাঝে অনেক ব্যবধান রয়েছে। অথবা এজন্য যে, জান্নাতের নিয়ামতরাজি আমাদের দৃষ্টির অগোচরে রয়েছে, তাই তাকে জান্নাত বলা হয়েছে। যেমন বলা হয়েছে- فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا اُخْفِىَ لَهُمْ مِنْ قُرَّةِ اَعْيُنٍ (কারো জানা নেই চোখের শীতলকারীর কথা, যা তাদের জন্য গোপন করা হয়েছে)

আয়াত : ৪২

يَسْئَلُوْنَكَ : **তারা আপনার কাছে প্রশ্ন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س - أ - ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ- প্রশ্ন করা; জানতে চাওয়া।

اَلسَّاعَةِ : **কিয়ামত দিবস**। সময়, মুহূর্ত; রাত বা দিনের যে কোনো সময়কে سَاعَةٌ বলা হয়। আরবগণ এর ব্যবহার সময়ের অর্থের জন্যই করে থাকে। সময় অল্প হোক বা অধিক। তবে পবিত্র কুরআনে যেখানেই اَلسَّاعَةُ শব্দ এসেছে সেখানে এর অর্থ কিয়ামত উদ্দেশ্য। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন, কালের মুহূর্তসমূহের মধ্য থেকে যে কোনো মুহূর্তকে سَاعَةٌ বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। যেমন- اِقْتَرَبَتِ السَّاعَةُ / يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ / وَعِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ইত্যাদি আয়াত এর প্রমাণ। (বিস্তারিত সূরা রূম, আয়াত : ১২ দ্রষ্টব্য)

اَيَّانَ مُرْسٰهَا : **কখন তা সংঘটিত হবে?** اَيَّانَ কখন। এটি مَتٰى -এর ন্যায় কোনো কিছুর সময় জিজ্ঞেস করার জন্য ব্যবহার হয়। কারো কারো মতে শব্দটির মূল হলো اَىُّ اَوَانَ অর্থাৎ কোন সময়? الف কে বিলুপ্ত করে - ياء কে ياء দ্বারা পরিবর্তন করে واو -এর মধ্যে ইদগাম করা হয়েছে। اَيَّانَ হয়ে গেছে। مُرْسَا মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। مُرْسَا শব্দটি مصدر ميمى অর্থ- অবস্থান করানো; জমানো। -(সিরাজ, রাগেব, আলূসী) এর মূলবর্ণ (ر - س - و) বাব نَصَرَ মাসদার اَلرُّسُوُّ অর্থ- অবস্থান করা; স্থির হওয়া। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন مُرْسٰهَا অর্থ- مُنْتَهَاهَا -(খতীব) هَا যমীর কিয়ামতের দিকে ফিরেছে।

আয়াত : ৪৫

مُنْذِرُ : **ভীতিপ্রদর্শনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن - ذ - ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- ভীতি প্রদর্শন করা।

مَنْ يَخْشٰى : **যে ভয় করে**। من মাউসূলাহ। يَخْشٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ - ش - ى) মাসদার الخشية অর্থ- ভয় করা। উল্লেখ্য خَشْيَةٌ এমন ভয়কে বলা হয় যাতে শ্রদ্ধাও সম্মান বিজড়িত থাকে। এ কারণেই আয়াতে কারীমা- اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا (আল্লাহর বান্দাদের মধ্য থেকে একমাত্র আলেমগণই আল্লাহকে ভয় করে) এখানে - خَشْيَةٌ কে আলেমদের জন্য নির্দিষ্ট করা হয়েছে।

আয়াত : ৪৬

لَمْ يَلْبَثُوْا : **তারা অবস্থান করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل - ب - ث) মাসদার اَللَّبْثُ অর্থ- অবস্থান করা; টিকে থাকা।

عَشِيَّةً : **এক সন্ধ্যা**। একবচন, বহুবচন- عَشَايَا ও عَشِيَّاتٌ ; আবার কারো মতে عَشِىٌّ হলো বহুবচন। যখন সূর্যের আলো হালকা হতে থাকে তাকে عَشِىٌّ বলা হয়। -(মুফরাদাতুল কুরআন)

ضُحٰى : **পূর্বাহ্ন**। পূর্বাহ্নের সময় যখন সূর্যের আলো প্রখর হয়। ضُحٰى অর্থ হলো রৌদ্র ছড়িয়ে পড়া; বেলা বৃদ্ধি পাওয়া। উক্ত সময়কেও ضُحٰى বলা হয়। নাহুবিদ ইবনে খালুবিয়া বলেন, এটি مؤنث ; কিন্তু আল্লামা ফিরোজাবাদী বলেন, এটি مذكر ও আসে। শায়খ আবুল ফযল বলেন, যে এটাকে مؤنث করেছে সে ضَحْوَةٌ -এর বহুবচন করেছে। আর যে এটাকে مؤنث করেছে তার মতে এটি فعل -এর ওজনে ইসম।

সূরা আবাসা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪২ রুকূ' : ১

আয়াত : ১

عَبَسَ : **সে ভ্রূ কুঞ্চিত করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَبْسُ ও اَلْعُبُوْسُ মূলবর্ণ (ع ـ ب ـ س) অর্থ- বিরক্ত হওয়া; ভ্রূ কুঞ্চিত করা; মুখ মলিন করা।

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ- মুখ ফিরানো; বিমুখ হওয়া। অমনোযোগী হওয়া; বিরত হওয়া।

আয়াত : ২

جَاءَهُ : **তার কাছে এল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ ء) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ- আসা।

اَلْاَعْمٰى : **অন্ধ**। এটি সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। عَمًى দ্বারা অন্তরের অন্ধ হওয়া এবং দৃষ্টিশক্তির অন্ধ হওয়া উভয়ই উদ্দেশ্য হয়। এখানে দৃষ্টিশক্তির অন্ধ হওয়া উদ্দেশ্য।

আয়াত : ৩

مَا يُدْرِيْكَ : **তুমি কিভাবে জানবে?** مَا প্রশ্নবোধক। يُدْرِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ر ـ ى) মাসদার اَلْاِدْرَاءُ অর্থ- জানানো; অবহিত করা।

لَعَلَّهُ : **সম্ভবত সে**। لَعَلَّ হরফে মুশব্বাহ বিল ফে'ল। ترجى (আশা-আকাঙ্ক্ষা) বা ভয় বুঝানোর জন্য তাকে গঠন করা হয়েছে। যা اسم কে নসব ও خبر -কে রফা প্রদান করে। যেমন- لَعَلَّ اللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ اَمْرًا (বিস্তারিত সূরা শু'আরা, আয়াত : ৩ দ্রষ্টব্য)

يَزَّكّٰى : **সে পরিশুদ্ধ হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّزَكِّىْ মূলবর্ণ (ز ـ ك ـ و) অর্থ- পবিত্র হওয়া; পরিশোধন করা।

আয়াত : ৪

يَذَّكَّرُ : **সে উপদেশ গ্রহণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- উপদেশ গ্রহণ করা। يَذَّكَّرُ মূলত يَتَذَكَّرُ ছিল। تاء কে ذال দ্বারা পরিবর্তন করে ইদগাম করা হয়েছে।

تَنْفَعُ : **তা উপকারে আসে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلنَّفْعُ মূলবর্ণ (ن ـ ف ـ ع) অর্থ- উপকারে আসা; কাজে আসা; কল্যাণকর হওয়া।

اَلذِّكْرٰى : **উপদেশ**। বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- উপদেশ দেওয়া; ওয়াজ; করা। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذِكْرٌ থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ৫

مَنِ اسْتَغْنٰى : **যে পরোয়া করে না**। مَنْ মাউসূলাহ। اِسْتَغْنٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِسْتِغْنَاءُ অর্থ- অমুখাপেক্ষী করা; বেপরোয়া করা।

আয়াত : ৬

تَصَدّٰى : **তুমি মনোযোগ দিয়েছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّصَدِّىْ অর্থ- সামনাসামনি হওয়া। تَصَدّٰى শব্দটি صَدٰى থেকে নির্গত হয়েছে। যার অর্থ প্রতিধ্বনি; শব্দ; আওয়াজ। تَصَدّٰى মূলত تَتَصَدّٰى ছিল। একটি تاء -কে বিলুপ্ত করে দেওয়া হয়েছে।

আয়াত : ৮

مَنْ جَاءَكَ : **যে তোমার নিকট আসে**। مَنْ মাউসূলাহ। جَاءَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ ء) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ- আসা; আনা। ك যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

يَسْعٰى : **সে দৌড়াচ্ছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س - ع - ى) মাসদার اَلسَّعْىُ অর্থ- চেষ্টা করা; পরিশ্রম করা; দৌড়ানো; ছুটে আসা।

আয়াত : ১০

تَلَهّٰى : **তুমি উপেক্ষা করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّلَهِّىْ মূলবর্ণ (ل - ه - ى) অর্থ- মত্ত হওয়া; মেতে থাকা। -এর عن - صلة এলে তখন অর্থ হয়- উপেক্ষা করা; অবহেলা করা। تَلَهّٰى মূলত تَتَلَهّٰى ছিল। এক تاء কে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ১১

تَذْكِرَةٌ : **উপদেশবাণী**। এটি বাব تَفْعِيْل -এর মাসদার تَفْعِلَةٌ -এর ওযনে। অর্থ- উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

আয়াত : ১৩

صُحُفٍ : **লিপিসমূহ**। এটি صَحِيْفَةٌ -এর বহুবচন। শাব্দিক অর্থ- লিপিবদ্ধ পৃষ্ঠাসমূহ। এটি গ্রন্থ অর্থেও ব্যবহৃত হয়। -(লিসানুল আরব)

مُّكَرَّمَةٍ : **সম্মানিত**। সীগাহ اسم واحد مؤنث বহছ مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ك - ر - م) মাসদার تَكْرِيْمٌ অর্থ- সম্মানিত করা।

আয়াত : ১৪

مَّرْفُوْعَةٍ : **উন্নত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব فَتَحَ মাসদার اَلرَّفْعُ মূলবর্ণ (ر - ف - ع) অর্থ- উঁচু করা; উন্নত করা।

مُّطَهَّرَةٍ : **পবিত্র**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ط - ه - ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ- পবিত্র করা। জালালাইনে এর তাফসীর করা হয়েছে- مُنَزَّهَةً عَنْ مَسِّ الشَّيْطَانِ (শয়তানের ছোঁয়া থেকে পবিত্র।)

আয়াত : ১৫

سَفَرَةٍ : **লিপিকর**। এটি سَافِرٌ -এর বহুবচন। যেমন- كَتَبَةٌ টি كَاتِبٌ -এর বহুবচন। উল্লেখ্য سَفَرٌ অর্থ- লেখাও আসে। কারণ লেখার দ্বারা বস্তুটি স্পষ্ট হয়ে যায়। তাফসীরে কাবীরে রয়েছে- سَفَرَةٌ কে كَتَبَةٌ এবং كَاتِبٌ কে سَافِرٌ এ জন্য বলা হয়েছে যে, তা উক্ত বস্তুকে বর্ণনাকারী ও স্পষ্টকারী। ইবনে আবী হাতিম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে بِاَيْدِىْ سَفَرَةٍ -এর তাফসীর প্রসঙ্গে বর্ণনা করেন যে, নাবতী ভাষায় এর অর্থ قُرَّاءٌ অর্থাৎ পাঠকারী। -(আল ইতকান)

আয়াত : ১৬

كِرَامٍ : **মর্যাদাবান; সম্মানিত**। বহুবচন। একবচন- كَرِيْمٌ সম্মানিত; ভদ্র। এটি একজন সম্মানিত ফেরেশতার নাম। ইমাম রাগেব (র.) লিখেছেন,. এটি মানুষ, ফেরেশতা, কুরআন ও অন্যান্য জিনিসেরও নাম সিফাত হতে পারে। তবে অর্থের ক্ষেত্রে সব একরকম নয়।

بَرَرَةٍ : **পূত-পবিত্র; নেককার**। এটি بَرٌّ -এর বহুবচন। بَرَرَةٌ শব্দটি اَبْرَارٌ হতে অধিক অলংকারপূর্ণ। কারণ بَرَرَةٌ টি بَرٌّ -এর বহুবচন। আর اَبْرَارٌ শব্দটি بَارٌّ -এর বহুবচন। যেমনিভাবে عَدْلٌ শব্দটি عَادِلٌ -এর তুলনায় অধিক অলংকারপূর্ণ, তদ্রূপভাবে بَرٌّ শব্দটি بَارٌّ এর চেয়ে অধিক অলংকারপূর্ণ। পবিত্র কুরআনে এটি ফেরেশতার গুণ হিসেবে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১৯

نُّطْفَةٍ : **শুক্র; বীর্য**। ইসমে মুফরাদ। একবচন, বহুবচন- نُطَفٌ

خَلَقَهٗ : **তিনি তাকে সৃষ্টি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ - ل - ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা; তৈরি করা; আবিষ্কার করা। ه যমীর মাফউলে বিহী (বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য)

قَدَّرَهٗ : **তিনি তার পরিমিত বিকাশ সাধন করেন** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق - د - ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ- স্থির করা; নির্ধারণ করা; পরিমিত বিকাশ সাধন করা। ه যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী

আয়াত : ২০

السَّبِيْلَ : **পথ**। একবচন, বহুবচন- سُبُلٌ এখানে سَبِيْلٌ দ্বারা সরলপথ বা ইসলাম ধর্ম উদ্দেশ্য।

يَسَّرَهٗ : **তিনি তা সহজ করে দেন।** يَسَّرَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلتَّيْسِيْر অর্থ– সহজ করা। ہ যমীর মাফঊলে বিহী

আয়াত : ২১

اَمَاتَهٗ : **তিনি তাকে মৃত্যু দান করেন।** اَمَاتَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْاِمَاتَةُ অর্থ– মৃত্যু দান করা। ہ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

اَقْبَرَهٗ : **তিনি তাকে কবরস্থ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْبَارُ মূলবর্ণ (ق ـ ب ـ ر) অর্থ– কবরস্থ করা; কবর দেওয়া। ہ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ২২

اَنْشَرَهٗ : **তিনি তাকে পুনর্জীবিত করেন।** اَنْشَرَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ش ـ ر) মাসদার اَلْاِنْشَارُ অর্থ– পুনর্জীবিত করা; পুনরুত্থিত করা; উদ্ভাবন করা। ہ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ২৩

لَمَّا يَقْضِ : **সে তা পুরাপুরি করেনি।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ– পূর্ণ করা; পুরাপুরি করা। এখানে لَمَّا টি لَمْ অর্থে হয়েছে। –(জালালাইন)

আয়াত : ২৫

صَبَبْنَا : **আমি বর্ষণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ب) মাসদার اَلصَّبُّ অর্থ– প্রবাহিত করা; বর্ষণ করা।

আয়াত : ২৬

شَقَقْنَا : **আমি বিদারণ করি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ق ـ ق) মাসদার اَلشَّقُّ অর্থ– বিদীর্ণ করা; বিদারণ করা; ভেঙ্গে ফেলা; চূর্ণ করা।

আয়াত : ২৭

اَنْبَتْنَا : **আমি উদ্‌গত করেছি; উৎপন্ন করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ– গজানো; উদ্‌গত করা।

حَبًّا : **শস্যদানা; শস্য-বীজ।** একবচন– حَبٌّ ও حَبَّةٌ বহুবচন– حُبُوْبٌ অর্থ– দানা; বীজ; কণা।

আয়াত : ২৮

عِنَبًا : **দ্রাক্ষা; আঙ্গুর।** একবচন, বহুবচন– اَعْنَابٌ

قَضْبًا : **শাক-সবজি। সবুজ তরকারি। খিরা।** –(মু'জামুল কুরআন) قَضِيْبٌ ও قَضْبٌ উভয়টির অর্থ– তরতাজা। কিন্তু বৃক্ষের তরতাজা শাখার জন্য قَضِيْب এবং সবুজ তরকারির জন্য তথা শাক-সবজির জন্য قَضْب ব্যবহার হয়। –(মুফরাদাত) قَضْب অর্থ– কর্তন করাও আসে। এ কারণেই তলোয়ারকে قَضِيْبٌ ও قَاضِبٌ বলা হয়। –(কামূস)

আয়াত : ২৯

زَيْتُوْنًا : **যায়তুন।** জলপাই জাতীয় আরবদেশেরে ফলবিশেষ যা ফল, তরকারি ও ঔষধরূপে ব্যবহৃত হয়। এর তৈল অনেক উপকারী।

نَخْلًا : **খর্জুর; খেজুর।** বহুবচন, একবচন– نَخْلَةٌ

আয়াত : ৩০

حَدَائِقَ : **উদ্যানসমূহ।** حَدِيْقَةٌ-এর বহুবচন। প্রাচীরবেষ্টিত উদ্যানকে حَدِيْقَةٌ বলা হয়। حَدِيْقَةٌ শব্দটি حَدَقَة থেকে উদ্ভূত। যার অর্থ– চোখের মণি। বাগানের নাম حَدِيْقَةٌ রাখার কারণ হলো তা আকৃতিগতভাবে চোখের মণির সাথে সাদৃশ্যপূর্ণ। যেমনিভাবে তা বেষ্টিত, মনোরম, সজল হয় তেমনিভাবে حَدِيْقَةٌ-ও এরূপ হয়ে থাকে।

غُلْبًا : **বহুবৃক্ষবিশিষ্ট উদ্যান।** এটি غُلْبَاءُ-এর বহুবচন। নসব অবস্থায়। অর্থ– মোটা গর্দানবিশিষ্ট, উদ্দেশ্য হলো বহু বৃক্ষবিশিষ্ট বাগান। –(জালালুদ্দিন মহল্লী) ঘন বৃক্ষবিশিষ্ট বাগান। –(বায়যাভী)

আয়াত : ৩১

فَاكِهَةً : **ফলমূল।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل শেষের تاء মুবালাগার জন্য। তাছাড়া فَاكِهَةٌ হাসিমুখ

ও রসিক ব্যক্তিকেও বলা হয়। -(কামূস) অনেকে আঙ্গুর ও আনারকে فَاكِهَةً -এর মধ্যে অন্তর্ভুক্ত করেন না। -(খাযেন)

أَبًّا : **গবাদি খাদ্য**। বহুবচন أَوْبٌ ; গবাদি পশুর খাদ্য তথা ঘাসকে أَبٌّ বলা হয়, তবে কোনজাতীয় ঘাসকে أَبٌّ বলা হয়, তার আকৃতিই বা কি? এ সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন মতামত রয়েছে। মুজাহিদ, হাসান বসরী, কাতাদাহ, ও ইবনে যায়েদের মতে মানুষের খাবারের মধ্যে ফলমূল যেমন, পশুখাদ্যের মধ্যে أَبٌّ ঠিক তেমন। -(তাফসীরে ইবনে কাছীর) হযরত আবূ বকর (রা.) -কে এ ব্যাপারে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন-أَىُّ سَمَاءٍ تُظِلُّنِىْ وَاَىُّ اَرْضٍ تُقِلُّنِىْ اِذَا قُلْتُ فِىْ كِتَابِ اللّٰهِ مَا لَا اَعْلَمُ অর্থাৎ, আমাকে কোন আসমান ছায়া দিবে? আর কোন জমি আমাকে তার উপর বসবাস করতে দিবে? যদি আমি কুরআনের তাফসীরের ব্যাপারে এমন কথা বলি যা আমার জানা নেই। সহীহ বুখারীতে হযরত ওমর (রা.) থেকে বর্ণিত রয়েছে, হযরত ওমর (রা.) একদা এ আয়াত নিজে তেলাওয়াত করে বললেন- أَبٌّ কী জিনিস? অতঃপর তিনি নিজেই বলতে লাগলেন, আল্লাহ এটাকে নির্দিষ্ট করতে আমাকে না বাধ্য করেছেন, আর না তার নির্দেশ প্রদান করেছেন। কুরআনের তাফসীরের ব্যাপারে সাহাবায়ে কেরাম সতর্কতা অবলম্বন করতেন তা অনুমানকরা যায়। অথচ আমাদের যুগের হাদীস অস্বীকারী এবং কুরআনের উপর আমলকারী বলে দাবিদারগণ মনে যা চায় নিজের পক্ষ থেকে কুরআনের ব্যাপারে তাই বলে দেয়। (আল্লাহ আমাদেরকে রক্ষা করুন!)

আয়াত : ৩২

مَتَاعًا : **জীবিকা**। **ভোগের সামগ্রী**। একবচন, বহুবচন- اَمْتِعَةٌ (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

اَنْعَامِ : **গবাদি পশু**। **ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি**। (বিস্তারিত সূরা মুহাম্মদ, আয়াত : ১২ দ্রষ্টব্য)

আয়াত : ৩৩

اَلصَّاخَّةُ : **কিয়ামত**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلصَّخُّ মূলবর্ণ (ص ـ خ ـ خ) অর্থ- চিৎকার করা; শোরগোল করা। অথবা এটি বাব ضَرَبَ -এর মাসদার। আল্লামা মুরতাজা যুবাইদি লিখেছেন, কর্ণবিদারী মহানাদকে صَاخَّةٌ বলা হয়। অর্থাৎ যা তার ভীষণতা দ্বারা কানসমূহকে বধির করে দিবে। এ কারণেই কিয়ামতকে صَاخَّةٌ বলা হয়। আবূ ইসহাক বলেন- صَاخَّةٌ ঐ শোরগোল ও শব্দকে বলা হয় যাতে কিয়ামত অনুষ্ঠিত হবে এবং যা কানসমূহকে বিদীর্ণ করে দিবে, বধির করে দিবে। শিংগার দ্বিতীয় ফুৎকার ব্যতীত অন্য কোনো আওয়াজ কেউ শুনতে পাবে না। -(তাজুল 'আরূস)

আয়াত : ৩৮

مُسْفِرَةٌ : **উজ্জ্বল**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ف ـ ر) মাসদার اَلْاِسْفَارُ অর্থ- উজ্জ্বল হওয়া; উদ্ভাসিত হওয়া; স্পষ্ট হওয়া। سَفْرٌ অর্থ- পর্দা হটানো; যেমন- سَفَرَ الْعِمَامَةَ عَنِ الرَّأْسِ (মাথা থেকে পাগড়ি সরিয়ে দিয়েছে।) سَفَرَ الْبَيْتَ (ঘরে ঝাড়ু দিয়েছে।) سَفَرَ (সে সফর করেছে, স্বদেশ থেকে সরে গেছে।) سَفَرَةٌ (আমলনামা লেখার দায়িত্বে নিয়োজিত ফেরেশতা।)

আয়াত : ৪০

غَبَرَةٌ : **ধূলিধূসর**। মাটি ও এমন চিহ্ন যা কোনো কিছুর উপর মাটি দূর হওয়ার পর অবশিষ্ট থাকে। অর্থাৎ দুঃখের কারণে চেহারার রং বিকৃত হয়ে যাবে। -(রাগেব)

আয়াত : ৪১

تَرْهَقُهَا : **সেগুলোকে আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ه ـ ق) মাসদার اَلرَّهْقُ অর্থ- আচ্ছন্ন হওয়া; ছেয়ে যাওয়া। ها যমীর মাফউলে বিহী।

قَتَرَةٌ : **কালিমা; ধূলি**। -(কামূস) ধোঁয়াসদৃশ; ধূলিসদৃশ। বিশ্রী দৃশ্য যা চেহারায় ছেয়ে যায়। -(মুফরাদাত)

আয়াত : ৪২

اَلْكَفَرَةُ : **কাফেররা**। এটি كَافِرٌ -এর বহুবচন। অর্থ- অস্বীকারকারী; কাফের; বেঈমান; অকৃতজ্ঞ।

اَلْفَجَرَةُ : **পাপাচারী**। এটি فَاجِرٌ -এর বহুবচন। অর্থ- পাপিষ্ঠ; প্রকাশ্যে পাপকর্মকারী; সত্যবিমুখ।

সূরা তাকভীর : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২৯ রুকূ' : ১

আয়াত : ১

اَلشَّمْسُ : **সূর্য**। একবচন, বহুবচন– شُمُوْسٌ

كُوِّرَتْ : **নিষ্প্রভ করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْوِيْرُ মূলবর্ণ (ك ـ و ـ ر) اِذَا الشَّمْسُ كُوِّرَتْ -এর অর্থ– যখন সূর্য অন্ধকার হয়ে যাবে। –(ইবনে আব্বাস) সূর্যের আলো চলে যাবে। –(কাতাদাহ, মাকাতিল, কালবী) নিষ্প্রভ হয়ে যাবে। –(মুজাহিদ) সূর্যকে পেচানো হবে। (আবূ উবাইদা, যুজাজ) অভিধানে اَلتَّكْوِيْرُ অর্থ– গুটিয়ে ভাঁজ করা। হযরত আবূ হুরায়রা থেকে মারফূ' হাদীসে রয়েছে কিয়ামতের দিন চন্দ্র সূর্যকে পেচানো হবে বা আলোবিহীন করা হবে। –(মা'আলিম) সকল ব্যাখ্যার উদ্দেশ্য একই।

আয়াত : ২

اَلنُّجُوْمُ : **নক্ষত্ররাজি**। বহুবচন, একবচন– نَجْمٌ

اَنْكَدَرَتْ : **তা খসে পড়বে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ك ـ د ـ ر) মাসদার اَلْاِنْكِدَارُ অর্থ– ময়লা হওয়া; বিক্ষিপ্ত হওয়া।

আয়াত : ৩

اَلْجِبَالُ : **পাহাড়**। বহুবচন, একবচন– جَبَلٌ

سُيِّرَتْ : **চলমান করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْيِيْرُ মূলবর্ণ (س ـ ى ـ ر) অর্থ– চালানো; দেওয়ানো। ইমাম রাগেব (র.) লিখেছেন– تَسْيِيْر দু প্রকার। যথা–

১. যা চলমান ব্যক্তির নির্দেশ ও ইচ্ছায় হয়। যেমন– هُوَ الَّذِىْ يُسَيِّرُكُمْ (যিনি তোমাদেরকে চালান)
২. যা বাধ্য করা দ্বারা হয়। যেমন পাহাড়সমূহকে চালানো। আল্লাহর বাণী– وَاِذَا الْجِبَالُ سُيِّرَتْ [যখন পাহাড়সমূহকে চালানো হবে]

আয়াত : ৪

اَلْعِشَارُ : **পূর্ণ-গর্ভ উষ্ট্রী**। দশ মাসের গর্ভবতী উষ্ট্রী। ইমাম আবূবকর (র.) নুযহাতুল কুলূবে লিখেছেন– عِشَارٌ গর্ভবতী উষ্ট্রীকে বলা হয়। যার একবচন عُشَرَاءُ; দশ মাসের গর্ভবতী উষ্ট্রীকে عُشَرَاءُ বলা হয়; বরং প্রসবের পরও তাকে عُشَرَاءُ বলা হয়। এমন উষ্ট্রী আরবদের নিকট উৎকৃষ্টমানের মনে করা হয়। আল্লামা আহমদ ফায়্যূমী (র.) মিসবাহুল মুনীরে লিখেছেন, এ ধরনের একবচন ও বহুবচনের দৃষ্টান্ত শুধুমাত্র نِفَاسٌ ও نُفَسَاءُ -এর মধ্যেই পাওয়া যায়। এ দুটি ব্যতীত তৃতীয় কোনো দৃষ্টান্ত নেই।

عُطِّلَتْ : **তা উপেক্ষিত হবে**। নিষ্ক্রিয় ফেলে রাখা হবে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْطِيْلُ মূলবর্ণ (ع ـ ط ـ ل) অর্থ– নিষ্ক্রিয় করা; উপেক্ষা করা; অকেজো ফেলে রাখা।

আয়াত : ৬

بِحَارٌ : **সমুদ্র**। বহুবচন, একবচন بَحْرٌ আরো বহুবচন اَبْحُرٌ، بُحُوْرٌ، بِحَارٌ، اَبْحَارٌ (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫০ দ্রষ্টব্য)

سُجِّرَتْ : **স্ফীত করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْجِيْرُ মূলবর্ণ (س ـ ج ـ ر) অর্থ– উত্তাল করা সজোরে আগুন প্রজ্বলিত করা; খালি করা। ইমাম ফখরুদ্দিন রাযী (র.) এ আয়াতের তাফসীর প্রসঙ্গে লিখেছেন– سُجِّرَتْ তাশদীদ ও তাখফীফ উভয়ভাবেই পঠিত হয়েছে। (অর্থাৎ سُجِّرَتْ ও سُجِرَتْ) -এর বিভিন্ন সুরত হতে পারে। যথা–

১. মূলত শব্দটি سُجِّرَتِ التَّنُّوْرُ থেকে উদ্গত হয়েছে। যার অর্থ– চুলায় আগুন জ্বালানো। আর কোনো কিছুর মধ্যে আগুন জ্বালালে তার ভিতরকার আর্দ্র পদার্থ শুকিয়ে যায়। সুতরাং সমুদ্রও শুকিয়ে যাবে।
২. سُجِّرَتْ টি فُجِّرَتْ অর্থে হবে। যা পানি প্রবহমান হওয়ার অর্থে আসে। তা এভাবে যে, দুই সমুদ্রের

মধ্যবর্তী যে পর্দা বা অদৃশ্য আড়াল আছে তা সরিয়ে দেওয়া হবে, তখন সকল সমুদ্র একাকার হয়ে যাবে। হযরত কলবী (র.) -এর মত এটিই।

৩. سُجِّرَتْ টি أُوْقِدَتْ অর্থে হবে। অর্থ আগুন প্রজ্বলিত করা। এটি কয়েকভাবে হতে পারে। যথা– ক. সমুদ্রের তলদেশে জাহান্নাম রয়েছে। বর্তমান দুনিয়াকে অটুট ও অক্ষুণ্ন রাখার জন্য তাকে থামিয়ে রাখা হয়েছে। কিন্তু তখন জাহান্নামের আগুনের প্রভাব তাতে পৌঁছে দেওয়া হবে এবং তাতে দগ্ধ হয়ে সমুদ্র টগবগ করতে থাকবে। খ. আল্লাহ তা'আলা সূর্য, চন্দ্র ও তারকারাজিতে সমুদ্রের মধ্যে নিক্ষেপ করবেন, তখন তা উথলে উঠবে। গ. আল্লাহ তা'আলা সমুদ্রের মধ্যে আগুন সৃষ্টি করে দিবেন, তাতে পানি টগবগ করতে থাকবে। ঘ. আল্লাহ সমুদ্রের পানির মধ্যে আগুন সৃষ্টি করে দিবেন। তাতে তা উত্তপ্ত হয়ে টগবগ করতে থাকবে। –[তাফসীরে কাবীর খ. ৬, পৃ. ৩৮৩]

আয়াত : ৭

زُوِّجَتْ : **(দেহে আত্মা) পুনঃ সংযোজিত করা হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ و ـ ج) মাসদার اَلتَّزْوِيْجُ অর্থ– একটিকে অপর বস্তুর জোড়া ও সঙ্গি করা। এ কারণেই পুরুষ ও মহিলাকে আকদের মাধ্যমে একত্র করার জন্য এর ব্যবহার হয়। এ আয়াতের তাফসীর প্রসঙ্গে ইমাম রাগেব (র.) তিনটি মত লিখেছেন। যথা– ১. সকল গ্রুপকে তাদের গ্রুপের সাথে জান্নাতে বা জাহান্নামে মিলিয়ে দেওয়া হবে। ২. রূহ বা আত্মাসমূহকে দেহের সাথে সংযুক্ত করা হবে। ৩. আত্মাসমূহকে তার আমলসমূহের সাথে মিলিয়ে দেওয়া হবে।

আয়াত : ৮

اَلْمَوْءُدَةُ : **জীবন্ত সমাধিস্থ কন্যাসন্তান।** সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব ضَرَبَ মাসদার اَلْوَأْدُ মূলবর্ণ (و ـ أ ـ د) অর্থ– জীবন্ত কবর দেওয়া।

আয়াত : ১০

اَلصُّحُفُ : **লিপিসমূহ।** صَحِيْفَةٌ -এর বহুবচন। শাব্দিক অর্থ লিপিবদ্ধ পৃষ্ঠাসমূহ। শব্দটি গ্রন্থ অর্থেও ব্যবহৃত হয়। এখানে এর দ্বারা আমলনামা উদ্দেশ্য। –(লিসানুল আরব)

نُشِرَتْ : **তা উন্মোচিত হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ش ـ ر) মাসদার اَلنَّشْرُ অর্থ– বিক্ষিপ্ত করা; বিস্তার করা; ছড়ানো।

আয়াত : ১১

اَلسَّمَاءُ : **আকাশ।** একবচন, বহুবচন– سَمٰوٰتٌ (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯ দ্রষ্টব্য)

كُشِطَتْ : **(আকাশের) আবরণ অপসারিত হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ش ـ ط) মাসদার اَلْكَشْطُ অর্থ– উলঙ্গ করা; বিবস্ত্র করা; স্থানচ্যুত করা। ঘোড়ার উপর থেকে ঝুল পৃথক করে দেওয়া। উট ইত্যাদির চামড়া খসানো। كُشَاطٌ উলঙ্গ হওয়া। অর্থ– (তাজ, কামূস) কোনো কিছুকে সরিয়ে পেচানো। আকাশসমূহকে গুটানো হবে। –(মু'জামুল কুরআন)

আয়াত : ১২

اَلْجَحِيْمُ : **জাহান্নাম। জ্বলন্ত আগুন।** এটি فَعِيْلٌ -এর ওযনে فاعل অর্থে। এ শব্দটি جَحْمٌ থেকে নির্গত, যার অর্থ– ভীষণভাবে জ্বলা।

سُعِّرَتْ : **তা উদ্দীপিত করা হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ع ـ ر) মাসদার اَلتَّسْعِيْرُ অর্থ– আগুন প্রজ্বলিত করা; উস্কে দেওয়া; উদ্দীপিত করা।

আয়াত : ১৩

اَلْجَنَّةُ : **জান্নাত; বেহেশত।** উদ্যান; বাগান। বৃক্ষবিশিষ্ট বাগান যার বৃক্ষ ভূমিকে আচ্ছাদিত করে ফেলে তাকে জান্নাত বলা হয়। দুনিয়ার বাগানের সাথে সদৃশ্যতার কারণে জান্নাতকে জান্নাত বলা হয়েছে, যদিও উভয়ের মাঝে অনেক ব্যবধান রয়েছে। অথবা এজন্য যে, জান্নাতের নিয়ামতরাজি আমাদের দৃষ্টির অগোচরে রয়েছে, তাই তাকে জান্নাত বলা হয়েছে। যেমন বলা হয়েছে– فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ اَعْيُنٍ (কারো জানা নেই চোখের শীতলকারীর কথা, যা তাদের জন্য গোপন করা হয়েছে।)

أُزْلِفَتْ : **সমীপবর্তী করা হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِزْلَافُ মূলবর্ণ (ز ـ ل ـ ف) অর্থ– নিকটবর্তী করা।

আয়াত : ১৪

أُحْضِرَتْ : **সে হাজির করেছে/ সে নিয়ে এসেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح.ض.ر) মাসদার اَلْاِحْضَارُ অর্থ- উপস্থিত করা।

عَلِمَتْ : **সে জেনে নিল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ(ع.ل.م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা; অবহিত হওয়া; চিনা।

আয়াত : ১৫

اَلْخُنَّسِ : **পশ্চাদপসরণকারী নক্ষত্র**। এটি خَانِسٌ -এর বহুবচন। যা خُنَّسٌ থেকে ইসমে ফা'য়েলের واحد مذكر -এর সীগাহ। যার অর্থ- গমনকারী; যা থেমে যায়; যা আত্মগোপন করে। কিছু কিছু মুফাসসিরের মতে এর দ্বারা তারকা উদ্দেশ্য, কেননা তা দিনে আত্মগোপন করে। কারো মতে চন্দ্র ও সূর্য ব্যতীত পাঁচটি গ্রহ উদ্দেশ্য, যাকে خَمْسَةٌ مُتَحَيِّرَةٌ বলা হয়। অর্থাৎ মঙ্গল, শনি; বুধ; শুক্র ও বৃহস্পতি গ্রহ। কেননা এগুলোর চলন কিছুটা এমন যে কখনো তা পূর্ব থেকে পশ্চিমে চলে, কখনো ঠিক তার উল্টো, আবার কখনো সূর্যের নিকটবর্তী গিয়ে লুকিয়ে যায়। কারো কারো মতে এর দ্বারা নীলগাই উদ্দেশ্য, কেননা তার মধ্যেও পিছু হটা, থেমে যাওয়া, ফিরে যাওয়া ও আত্মগোপন করার অর্থ বিদ্যমান। তিনটি ব্যাখ্যাই সাহাবায়ে কেরাম ও তাবেঈন থেকে বর্ণিত হয়েছে। -(ফতহুল বারী খ. ৮, পৃ. ৫৩৩)

আয়াত : ১৬

اَلْجَوَارِ الْكُنَّسِ : **যা প্রত্যাগমন করে ও অদৃশ্য হয়**। كُنَّسٌ শব্দটি كَانِسٌ -এর বহুবচন। كُنَّاسٌ বাব ضَرَبَ -এর মাসদার। كُنَّاسٌ হরিণের নিবাসকেও বলা হয় আবার জঙ্গলে হরিণ লুকিয়ে থাকাকেও বলা হয়। আয়াতে كُنَّسٌ দ্বারা উদ্দেশ্য হলো আত্মগোপনকারী নক্ষত্র। -(মু'জাম) হযরত হাসান বসরী ও কাতাদার মতেও যে কোনো নক্ষত্র উদ্দেশ্য, যা রাতে উদিত হয় এবং দিনে আত্মগোপন করে। হযরত আলী (রা.)-এর একটি উক্তি রয়েছে যে, সকল নক্ষত্রই দিনের বেলা পিছু হটে যায় আবার রাত্রিবেলা নিজ নিজ কক্ষপথে উদিত হয়। এ সমস্ত উক্তি দ্বারা এ কথা স্পষ্ট যে, كُنَّسٌ দ্বারা সকল নক্ষত্রই উদ্দেশ্য। -(মা'আলিমুত্তানযীল) অথবা সূর্য ও চন্দ্র ব্যতীত ঐ পাঁচটি নক্ষত্র উদ্দেশ্য, যাকে خَمْسَةٌ مُتَحَيِّرَةٌ বলা হয়। অর্থাৎ মঙ্গল, শনি; বুধ; শুক্র ও বৃহস্পতি গ্রহ। কেননা এগুলো কখনো স্থিতিশীল থাকে আবার কখনো পশ্চাদপসরণ করে। -(রূহুল মা'আনী) 'আমাশ হযরত ইবরাহীম বিন আব্দুল্লাহর মত বর্ণনা করেছেন যে, এর দ্বারা নীলগাই উদ্দেশ্য। আর সাঈদ ইবনে যোবায়েরের মতে হরিণ উদ্দেশ্য। শেষোক্ত মতটি হযরত ইবনে আব্বাস (রা.) -এরও। (মা'আলিম) অধিকাংশ মুফাসসিরের মতে মঙ্গল, শনি, বুধ, শুক্র ও বৃহস্পতি গ্রহ উদ্দেশ্য।

আয়াত : ১৭

اِذَا عَسْعَسَ : **যখন তা অবসান হয়**। عَسْعَسَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব بَعْثَرَ - فَعْلَلٌ -এর ওযনে। মাসদার اَلْعَسْعَسَةُ অর্থ- রাতের অন্ধকার দূর হওয়া, রাতের অবসান হওয়া। ইমাম বায়হাকী (র.) তাজুল মাসাদিরে লিখেছেন- عَسْعَسَ اللَّيْلُ অর্থ- রাতের অন্ধকার ছড়িয়ে পড়া/ রাতের অন্ধকার দূরীভূত হওয়া। (সুতরাং এ হিসেবে শব্দটি اَضْدَادٌ -এর অন্তর্ভুক্ত) وَاللَّيْلِ اِذَا عَسْعَسَ অর্থ হবে যখন রাতের অন্ধকার ছড়িয়ে পড়ে অথবা যখন রাতের অন্ধকার দূরীভূত হয়। কারো কারো মতে শব্দটি سَعْسَعَ -এর পরিবর্তিত রূপ। যার অর্থ চলে যাওয়া। এটিই ইবনে ফারেসের মত। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন- وَاللَّيْلِ اِذَا عَسْعَسَ -এর মধ্যে عَسْعَسَ অর্থ اَقْبَلَ ও اَدْبَرَ উভয়টিই হতে পারে। অর্থাৎ রাতের অন্ধকার ছড়িয়ে পড়া আবার রাতের অন্ধকার চলে যাওয়া। এ অবস্থাটা রাতের শুরুতেও হয়ে থাকে আবার শেষভাগেও। সুতরাং عَسْعَسٌ ও عَسَاسٌ অর্থ- হবে হালকা হালকা অন্ধকার, এটা রাতের উভয় প্রান্তেই হয়ে থাকে।

আয়াত : ১৮

اَلصُّبْحِ : **উষা/ প্রভাত**। একবচন, বহুবচন- اِصْبَاحٌ

اِذَا تَنَفَّسَ : **যখন সে শ্বাস নেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার

اَلتَّنَفُّسُ মূলবর্ণ (ن ـ ف ـ س) অর্থ- শ্বাসগ্রহণ করা; হাফ ছাড়া। এখানে উদ্দেশ্য প্রভাত হওয়া।

আয়াত : ১৯

قَوْلٌ : **বাণী**। একবচন, বহুবচন- اَقْوَالٌ ; আলকুরআন আল্লাহর বাণী, ফেরেশতারও নয়, রাসূলেরও নয়। ফেরেশতার মাধ্যমে রাসূল আল্লাহর বাণী প্রাপ্ত হন।

رَسُوْلٍ : **রাসূল**। একবচন, বহুবচন- رُسُلٌ অর্থ- পয়গাম্বর। বার্তাবাহক; দূত।

كَرِيْمٍ : **সম্মানিত**। সীগাহ **صفت واحد مذكر** বহছ اَلْكَرَمُ বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার **مشبه** ও اَلْكَرَامَةُ অর্থ- সম্মানিত হওয়া।

আয়াত : ২০

ذِى الْعَرْشِ : **আরশের মালিক/ আরশওয়ালা**। ذِىْ ওয়ালা; অধিকারী; বিশিষ্ট ইত্যাদি অর্থের জন্য আসে।এটি اَسْمَاء سِتَّةٌ مُكَبَّرَةٌ -এর একটি। এটি **اسم ظاهر** -এর দিকে মুযাফ হয়ে ব্যবহার হয়। যমীরের দিকে মুযাফ হয় না। এর দ্বিবচন, বহুবচনও আসে। ذُوْ ও صَاحِبٌ একই অর্থবোধক। তবে ذُوْ দ্বারা ইযাফত صَاحِبٌ-এর তুলনায় অধিক অলংকারপূর্ণ ও সম্মানজনক। কেননা ذُوْ মুযাফ হয় تَابِعٌ-এর দিকে, আর صَاحِبٌ মুযাফ হয় **متبوع**-এর দিকে। সুতরাং اَلنَّبِيُّ اَبُوْ هُرَيْرَةَ صَاحِبُ النَّبِيِّ বলা হবে; কিন্তু صَاحِبُ اَبِىْ هُرَيْرَةَ হবে না। এ পার্থক্যের কারণেই আল্লাহ তা'আলা সূরা আম্বিয়ায় وَذَا النُّوْنِ বলেছেন আর সূরা নূনে বলেছেন وَلَا تَكُنْ كَصَاحِبِ الْحُوْتِ দেখুন ذَالنُّوْنِ ও صَاحِبُ الْحُوْت একই অর্থবোধক। কিন্তু দুটি ভিন্ন অবস্থার দিকে যে সৌন্দর্যের সাথে দুটি শব্দের মধ্যে ইঙ্গিত করা হয়েছে তা খুবই তাৎপর্যপূর্ণ। حُوْت -এর চেয়ে نُوْن শব্দটি অধিক মর্যাদাপূর্ণ। কারণ তা সূরার শুরুতে আনা হয়েছে। আর حُوْت -এর মধ্যে এমন কোনো বিষয় নেই। তাই نُوْنٌ-এর জন্য যা এখানে প্রশংসার বিষয় অর্থাৎ ذ آনা হয়েছে। আর حُوْتٌ -এর জন্য صَاحِبٌ আনা হয়েছে; কারণ এখানে অনুসরণ না করার কথা রয়েছে।

عَرْشٌ : **আরশ**। **সিংহাসন; রাজাসন**। ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন- عَرْش বলা হয় ছাদবিশিষ্ট কোনো কিছুকে। এর বহুবচন عُرُوْشٌ ; কুরআনে রয়েছে- وَهِىَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا (তারা তাদের মাচানের উপর পতিত ছিল) عَرَشْتُ الْكَرَمَ অর্থ- আঙ্গুরের লতার জন্য মাচান স্থাপন করা। আয়াত وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ -এর অর্থ আবূ উবায়দা বলেছেন- يَبْنُوْنَ তারা উঁচু ইমারত নির্মাণ করত। বাদশার বসার স্থানকেও عَرْش বলা হয়, কারণ তা উঁচু হয়। عَرْش সম্পর্কে মুফাসসিরগণের মত হলো তা সিংহাসনই, যা দেহবিশিষ্ট, যাকে আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন এবং ফেরেশতাদেরকে নির্দেশ দিয়েছেন তা বহন করে রাখতে এবং সম্মান প্রদর্শন ও তওয়াফ দ্বারা ইবাদত করতে। যেমনিভাবে দুনিয়াতে তিনি একটি গৃহ নির্মাণ করেছেন এবং বনি আদমকে নির্দেশ দিয়েছেন তার তওয়াফ করতে এবং নামাজে তার দিকে মুখ ফিরাতে। (কিতাবুল আসমা ওয়াসসিফাত : ইমাম বায়হাকী)

مَكِيْنٍ : **মর্যাদাশীল**। সীগাহ **صفت واحد مذكر** বহছ اَلْكَوْنُ বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার **مشبه** অর্থ- হওয়া; মর্যাদাবান হওয়া।

আয়াত : ২১

مُطَاعٍ : **যাকে মান্য করা হয়; অনুসৃত**। সীগাহ **واحد مذكر** বহছ **اسم مفعول** বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ- আনুগত্য করা; মান্য করা; কারো কথামতো চলা।

ثَمَّ : **সেথায়**। ইসমে ইশারাহ। যা দূরবর্তীর জন্য ব্যবহৃত হয়। মূলগতভাবে যা **ظرف**

اَمِيْنٍ : **বিশ্বাসভাজন; বিশ্বস্ত**। সীগাহ **واحد مذكر** বহছ **اسم فاعل** আবার **اسم مفعول** -ও হতে পারে। কারণ **فَعِيْل** -এর ওযন উভয়ের জন্য যৌথ। ফাররা আলেম **اسم فاعل** -এর অর্থে নিয়েছেন আর কতক ওলামা **اسم مفعول** অর্থে নিয়েছেন। বাব كَرُمَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمَانَةُ অর্থ- বিশ্বস্ত হওয়া; আমানতদার হওয়া; আস্থাভাজন হওয়া।

আয়াত : ২২

صَاحِبُكُمْ : **তোমাদের সাথী**। صَاحِبٌ এটি একবচন, মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন- اَصْحَابٌ ও صَحَابَةٌ অর্থ- সঙ্গী; সহচর। এখানে صَاحِبٌ দ্বারা উদ্দেশ্য হলো হযরত মুহাম্মদ ﷺ।

مَجْنُوْنٍ : **উন্মাদ**। সীগাহ اسم مفعول বহছ واحد مذكر ; জিনগ্রস্ত। জিন যাকে শিক্ষা দিয়েছে। যার জ্ঞানের উপর রোগ বা কোনো কিছুর পর্দা পড়েছে।

আয়াত : ২৩

اَلْاُفُقِ الْمُبِيْنِ : **স্পষ্ট দিগন্ত**। اُفُقٌ অর্থ– আকাশের ঐ দিগন্ত বা প্রান্ত যেখানে আকাশ মাটিতে মিশে গেছে বলে মনে হয়। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন– اُفُقٌ اَعْلٰى সাধারণত সূর্যকে বলা হয়।

مُبِيْنٍ : **প্রকাশ্য**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ২৪

ضَنِيْنٍ : **কৃপণ**। সীগাহ صفت مشبه বহছ واحد বাব ضَرَبَ، سَمِعَ মূলবর্ণ (ض ـ ن ـ ن) মাসদার اَلضَّنُّ অর্থ– কৃপণতা করা; কার্পণ্য করা। আবার কখনো মূল্যবান বস্তু দিতে কার্পণ্য করার ক্ষেত্রে ব্যবহার হয়।

আয়াত : ২৫

شَيْطَانٍ : **শয়তান। অবাধ্য; দুষ্ট**। ইমাম তাবারী (র.) লিখেছেন, আরবি ভাষায় যে কোনো অবাধ্যকে শয়তান বলা হয়, চাই সে মানুষ হোক বা জিন অথবা চতুষ্পদ জন্তু। যেমন আল্লাহর বাণী– وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْاِنْسِ وَالْجِنِّ (সকল নবীর জন্য আমি শত্রু নির্ধারণ করেছি দুষ্ট মানুষ ও জিন থেকে) হযরত ওমর (রা.) একটি তুর্কী ঘোড়ায় আরোহণ করলে ঘোড়াটি লাফাতে শুরু করে; তিনি ক্ষিপ্ত হয়ে তাকে প্রহার করতে থাকেন। অতঃপর বলেন, তোমরা আমাকে একটি শয়তানের উপর আরোহণ করিয়েছো। এটি اِشْتِقَاقٌ সম্পর্কে মতবিরোধ রয়েছে। বাসরীগণের মতে এটি شَطَنٌ থেকে مشتق হয়েছে। যার অর্থ দূরীভূত হওয়া। আর কুফাবাসী ইমামগণের মতে شَاطَ يَشِيْطُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ জ্বলা; ধ্বংস হওয়া। এর স্ত্রীলিঙ্গ شَيْطَانَةٌ এবং বহুবচন شَيَاطِيْنُ আসে। পরিভাষায় شَيْطَانٌ বলা হয় ইবলিসকে। اَلشَّيْطَانُ আলিফ লামসহ লিখলে এ অর্থই হয়।

رَجِيْمٍ : **অভিশপ্ত**। সীগায়ে সিফাত, فَعِيْلٌ -এর ওযনে مفعول অর্থে। বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ م) মাসদার اَلرَّجْمُ অর্থ– অভিসম্পাত করা; পাথর নিক্ষেপ করা। শয়তান যেহেতু আল্লাহর দরবার থেকে বিতাড়িত ও অভিশপ্ত, তাই এটি একান্ত তার বৈশিষ্ট্য।

আয়াত : ২৭

ذِكْرٌ : **উপদেশ**। এটি একবচন, ইসম। বহুবচন اَذْكَارٌ অথবা এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– স্মরণ করা; মুখস্থ করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– ذِكْرٌ দ্বারা কখনও নফসের এমন অবস্থা উদ্দেশ্য হয় যা দ্বারা মানুষ যে মারেফত অর্জন করে তা স্মরণ রাখা সম্ভব হয়। ذِكْرٌ দু প্রকার। যথা–

১. ذِكْرٌ قَلْبِيٌّ অন্তরে স্মরণ করা।
২. ذِكْرٌ لِسَانِيٌّ মৌখিক স্মরণ করা। প্রত্যেকটি আবার দুপ্রকার। ভুলে যাওয়ার পর স্মরণ আসা। ভুলা ব্যতীতই সর্বদা স্মরণ থাকা। বায়হাকী (র.) লিখেছেন ذِكْرٌ দু প্রকার। এক. যা نِسْيَانٌ (বিস্মৃত হওয়াা) এর বিপরীতার্থক। যেমন– وَمَآ اَنْسَانِيْهِ اِلَّا الشَّيْطَانُ اَنْ اَذْكُرَهٗ (শয়তানই আমাকে তা উচ্চারণ করতে ভুলিয়ে দিয়েছে) **দুই**. কথা যা মানুষ আলোচনা করে, আবার যে কথার দ্বারা মানুষ দোষ বর্ণনা করে। যেমন–سَمِعْنَا فَتًى يَّذْكُرُهُمْ (আমরা এক যুবকের ব্যাপারে শুনেছি যিনি তাদের দোষ বর্ণনা করেন)

لِلْعٰلَمِيْنَ : **বিশ্বজগৎ**। বহুবচন, একবচন عَالَمٌ

আয়াত : ২৮

يَسْتَقِيْمَ : **সে সরল পথে চলে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– অটল থাকা; স্থির থাকা; সরল পথে চলা।

আয়াত : ২৯

مَا تَشَاءُوْنَ : **তোমরা ইচ্ছা করবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

رَبُّ : **প্রতিপালক**। **মালিক**। শব্দটি মূলত বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– تَرْبِيَةٌ তথা প্রতিপালন করা। (বিস্তারিত সূরা ফাতিহা, দ্রষ্টব্য)

সূরা ইনফিতার : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১৯ রুকূ' : ১

আয়াত : ১

اَلسَّمَاءُ : **আকাশ**। একবচন, বহুবচন– سَمٰوَاتٌ ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে কোনো বস্তুর উপরি অংশ হলো سَمَاءٌ ; কেউ কেউ বলেন, যে কোনো سَمَاءٌ তার নিচেরটির তুলনায় اَرْض এবং উপরটির তুলনায় নিচেরটি তবে سَمَاءٌ -এর ব্যতিক্রম। কারণ সেটি সর্বাবস্থায় سَمَاءٌ عُلْيَا -ই: কোনো অবস্থাতেই اَرْض নয়। উল্লেখ্য এখানে আকাশ বলে আকাশের শূন্য পরিমণ্ডল বা মহাশূন্যকে বুঝানো হয়েছে। আকাশগাত্র এবং আকাশের অনেক নীচে অবস্থিত শূন্য পরিমণ্ডল এই উভয় অর্থে سَمَاءٌ শব্দের ব্যবহার সুবিদিত। কুরআনে শেষোক্ত অর্থেও স্থানে স্থানে سَمَاءٌ শব্দের ব্যবহার করা হয়েছে। গ্রহ নক্ষত্রসমূহ যে আকাশের অভ্যন্তরে নয়; বরং শূন্য পরিমণ্ডলে অবস্থিত এর চূড়ান্ত আলোচনা কুরআন পাকের আয়াতের আলোকে এবং প্রচীন ও আধুনিক সৌরবিজ্ঞানের আলোকে প্রমাণিত। –(মা'আরিফুল কুরআন : সূরা হিজর)

اِنْفَطَرَتْ : **তা বিদীর্ণ হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْفِطَارُ মূলবর্ণ (ف ـ ط ـ ر) অর্থ– বিদীর্ণ হওয়া; ফেটে যাওয়া।

আয়াত : ২

اَلْكَوَاكِبُ : **নক্ষত্রমণ্ডলী**। এটি كَوْكَبٌ -এর বহুবচন। যে কোনো নক্ষত্র; চোখের শুভ্রতা; গোত্রপ্রধান; নেতা। তরবারি। পানি। كَوْكَبُ الرَّوْضَةِ (কুলি।) يَوْمٌ ذُوْ كَوَاكِبَ (লোহার চমক।) كَوْكَبُ الْحَدِيْدِ (বিপদের দিন।) ذَهَبُوْا تَحْتَ كُلِّ كَوْكَبٍ (তারা বিক্ষিপ্ত হয়ে গেছে।) –(কামূস, তাজ)

اِنْتَثَرَتْ : **বিক্ষিপ্তভাবে ঝরে পড়বে**। সীগাহ واحد বহছ اسم مفعول বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِثَارُ মূলবর্ণ (ن ـ ث ـ ر) অর্থ– বিক্ষিপ্ত হওয়া; ছড়িয়ে পড়া; ঝরে পড়া।

আয়াত : ৩

اَلْبِحَارُ : **সমুদ্র**। বহুবচন, একবচন, بَحْرٌ -এর অন্যান্য বহুবচন হচ্ছে– اَبْحُرٌ، بُحُوْرٌ، بِحَارٌ، اَبْحَارٌ (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫০ দ্রষ্টব্য)

فُجِّرَتْ : **তা উদ্বেলিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْجِيْرُ মূলবর্ণ (ف ـ ج ـ ر) অর্থ– বিদীর্ণ করা অর্থাৎ সমুদ্র একটির মুখ অন্যটির দিকে খুলে দেওয়া হবে।

আয়াত : ৪

بُعْثِرَتْ : **উন্মোচিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব فَعْلَلٌ মাসদার اَلْبَعْثَرَةُ অর্থ– বিক্ষিপ্ত করা; উলট-পালট করা; ছড়িয়ে দেওয়া।

আয়াত : ৫

اَخَّرَتْ : **সে পশ্চাতে রেখে গেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّاخِيْرُ মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– পশ্চাতে রেখে যাওয়া।

আয়াত : ৬

مَا غَرَّكَ : **কিসে তোমাকে বিভ্রান্ত করেছে?** مَا প্রশ্নবোধক। غَرَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ر) মাসদার اَلْغُرُوْرُ অর্থ– প্রতারিত করা; বিভ্রান্ত করা। كَ যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

اَلْكَرِيْمِ : **সম্মানিত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْكَرَمُ ও اَلْكَرَامَةُ অর্থ– সম্মানিত হওয়া।

আয়াত : ৭

سَوّٰكَ : **তিনি তোমাকে সুঠাম করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সমান করা; বরাবর করা; পূর্ণাঙ্গ করা।

عَـدَلَـكَ : **তিনি তোমাকে সুসামঞ্জস্য করেছেন।** عَدَلَ সীগাহ বহছ واحد مذكر غائب বাব ماضى معروف মূলবর্ণ (ع ـ د ـ ل) মাসদার اَلْعَدْلُ অর্থ− সাম ضَرَبَ স্য করা; বরাবর করা। প্রত্যাবর্তন করা। ك যমীর মাফউলেবিহী। তাফসীরে কবীরে রয়েছে, কূফার ক্বারীগণ فَـعَـدَلَكَ তাখফীফের সাথে পড়েছেন। এর কয়েকটি অর্থ হতে পারে। যথা−

১. আবূ আলী ফারেসী (র.) বলেন, এর অর্থ হলো− তোমার কতক অঙ্গকে কতকের সাথে এমনভাবে বরাবর করেছেন যে, সব সামঞ্জস্য হয়ে গেছে।
২. ফাররা বলেন− فَـعَـدَلَـكَ অর্থ হলো− যে আকৃতির দিকে তোমাকে ইচ্ছা করেছেন ফিরিয়েছেন।

আয়াত : ৮

رَكَّـبَـكَ : **তিনি তোমাকে গঠন করেছেন।** رَكَّبَ সীগাহ বহছ واحد مذكر غائب বাব ماضى معروف মূলবর্ণ (ر ـ ك ـ ب) মাসদার اَلتَّرْكِيْبُ تَفْعِيْل অর্থ− গঠন করা; জোড়া লাগানো; যোগ করা; সন্ধি করা। ك যমীর মানসূব মুত্তাসিল মাফঊলে বিহী।

আয়াত : ৯

كَـلَّا : **কখনো নয়; কিছুতেই নয়; আদৌ নয়।** শব্দটি একাধারে পূর্ববর্তী বাক্যের বক্তব্য নাকচ করে এবং আর পরবর্তী বক্তব্য সমর্থন করে। জুমহূরের মতে এটি একক শব্দ। নাহুবিদ সা'লাবের মতে, শব্দটি كاف تشبيه ও لا نافية দ্বারা যুক্ত শব্দ। যুক্ত অবস্থায় ك ও لا -এর অর্থ অবশিষ্ট থাকেনি তাই لام কে তাশদীদযুক্ত করা হয়েছে। নাহুবিদ সীবাওয়াইহি, খলীল, মুবাররাদ, যুজাজ ও অধিকাংশ বসরী সাহিত্যিকগণের মতে كَـلَّا কেবলমাত্র ধমকপ্রদান, ভর্ৎসনা ও বাধাপ্রদানের জন্য। (ধমকস্বরূপ হোক বা শিক্ষাপ্রদানের জন্য হোক) এ কারণেই ঐ সমস্ত ওলামায়ে কেরামের মতে পবিত্র কুরআনের ৩৩ স্থানের যেখানেই كَـلَّا এসেছে সর্বস্থানেই ওয়াক্‌ফ করা জায়েজ। পরবর্তী বাক্য নতুনভাবে শুরু হবে। কেউ কেউ তো এমনও বলেছেন যে, মক্কার কাফেররা যেহেতু ভীষণ অবাধ্য ও দুষ্ট প্রকৃতির ছিল এবং ভর্ৎসনা ও ধমকস্বরূপ বাক্য কেবলমাত্র তাদের জন্যই অবতীর্ণ হয়েছে, আর كَـلَّا অর্থও ধমক এবং ভর্ৎসনা; তাই যে সমস্ত সূরাতে كَـلَّا এসেছে তার (অধিকাংশ) আয়াতকে মক্কী মনে করতে হবে। নাহুবিদ কাসাইর মতে كَلَّا টি حَقًّا (অবশ্যই) অর্থে, আবূ হাতেমের মতে لا। অর্থে যা বাক্য শুরুর জন্য আসে আর নাযার ও ফাররার মতে− এটি حرف جواب যেমন− اى ـ نعم -এর ন্যায় ব্যবহার হয়। সুতরাং স্থানভেদে এ ধরনের অর্থও হতে পারে।

আয়াত : ১০

لَـحٰـفِـظِـيْـنَ : **অবশ্যই আছে তত্ত্বাবধায়কগণ।** লাম তাকীদের জন্য। حَافِظِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) মাসদার اَلْحِفْظُ অর্থ− সংরক্ষণ করা; তত্ত্বাবধান করা।

আয়াত : ১১

كِـرَامًـا : **সম্মানিত।** বহুবচন, একবচন− كَرِيْمٌ অর্থ− সম্মানিত; ভদ্র।

كَـاتِـبِـيْـنَ : **লিপিকরবৃন্দ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ− লিখা; নির্ধারণ করা; ফরজ করা।

আয়াত : ১৩

اَلْاَبْـرَارَ : **পুণ্যবানগণ।** এটি بَارٌّ ও بَرٌّ এর বহুবচন।

আয়াত : ১৪

اَلْفُجَّارَ : **পাপাচারীগণ।** এটি فَاجِرٌ -এর বহুবচন। فَاجِرٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ج ـ ر) মাসদার اَلْفُجُوْرُ অর্থ− পাপকর্ম করা; অপরাধ করা।

আয়াত : ১৫

يَـصْلَـوْنَـهَـا : **তারা এতে প্রবেশ করবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلْىُ অর্থ− প্রবেশ করা।

আয়াত : ১৭

مَـا اَدْرٰىكَ : **তুমি কী জান?** مَـا প্রশ্নবোধক। اَدْرٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ر ـ ى) মাসদার اَلْاِدْرَاءُ অর্থ− জানানো; অবহিত করা।

সূরা মুতাফফিফীন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩৬ রুকূ' : ১

আয়াত : ১

وَيْلٌ : **দুর্ভোগ**। ইসমে মারফূ'। ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْل -এর আরো অনেকগুলো অর্থ রয়েছে। যেমন অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সকল অর্থে وَيْل হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلَةٌ ও وَيْلٌ -এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন غيب - خطاب ও متكلم -এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْل সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم -এর দিকে ইযাফত হলে বাধ্যতামূলকভাবে وَيْل কে যের দেওয়া হয়।

لِّلْمُطَفِّفِيْنَ : **মাপে কমদাতা**। সীগাহ جمع مذكر বহছ (ط - ف - ف) মূলবর্ণ تَفْعِيْل বাব اسم فاعل মাসদার اَلتَّطْفِيْفُ অর্থ– মাপে কম দেওয়া। طَفِيْف (তুচ্ছ বস্তু; অল্প বস্তু। طَفَافَةٌ অগ্রাহ্যনীয় বস্তু।

আয়াত : ২

اِذَا اكْتَالُوْا : **যখন তারা মেপে নেয়**। اِكْتَالُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ك - ى - ل) মাসদার اَلْاِكْتِيَالُ অর্থ– মেপে নেওয়া; মাপা।

يَسْتَوْفُوْنَ : **তারা পূর্ণমাত্রায় নেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (و - ف - ى) মাসদার اَلْاِسْتِيْفَاءُ অর্থ– পূর্ণ গ্রহণ করা; পূর্ণ করা।

আয়াত : ৩

اِذَا كَالُوْا : **যখন তারা মেপে দেয়**। كَالُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك - ى - ل) মাসদার اَلْكَيْلُ অর্থ– মাপা; মেপে দেওয়া।

وَزَنُوْا : **তারা ওজন করে দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَزْنُ মূলবর্ণ (و - ز - ن) অর্থ– ওজন করা।

يُخْسِرُوْنَ : **তারা কম দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْسَارُ মূলবর্ণ (خ - س - ر) অর্থ– কম করা; কম দেওয়া; ক্ষতি করা।

আয়াত : ৪

اَلَا يَظُنُّ : **তারা কি চিন্তা করে না?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَا يَظُنُّ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(ظ - ن - ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা। (বিস্তারিত সূরা আহযাব, আয়াত : ১০ দ্রষ্টব্য)

مَبْعُوْثُوْنَ : **তারা পুনরুত্থিত হবে**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (ب - ع - ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– প্রকৃত অর্থ– প্রেরণ করা; উঠিয়ে দাড় করানো। কিন্তু قَرِيْنَةٌ ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের জন্য بَعْث শব্দ ব্যবহার হলে তার অর্থ হবে– উটকে হাঁকানো, চালানো। মৃতব্যক্তিদের জন্য হলে তখন অর্থ হবে– পুনরুত্থিত হওয়া। রাসূলগণের জন্য হলে অর্থ হবে– রাসূল বানিয়ে প্রেরণ করা। মোটকথা আলামত ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ বুঝে নিতে হবে।

আয়াত : ৭

اَلْفُجَّارِ : **পাপাচারীগণ**। এটি فَاجِرٌ -এর বহুবচন। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَاجِرٌ মূলবর্ণ (ف - ج - ر) মাসদার اَلْفُجُوْرُ নَصَرَ অর্থ– পাপকর্ম করা; অপরাধ করা; গুনাহ করা; অন্যায় করা; সঠিক না করা।

আয়াত : ৮

سِجِّيْنٍ : **সিজ্জীন**। কারাগার। শব্দটি অনারবী। ইমাম ফখরুদ্দীন রাযী (র.) তাফসীরে কাবীরে লিখেছেন, এটি নির্দিষ্ট বস্তুর اسم علم নাকি اسم مشتق সে ব্যাপারে দুটি মত রয়েছে। যথা–

১. জুমহূর বলেন এটি নির্দিষ্ট বস্তুর নাম। সে বস্তুটি কী সে ব্যাপারে অধিকাংশের মত হলো সপ্তম জমির নিচের অংশ। যেমনটি হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত হয়েছে। তবে হযরত আবূ হুরায়রা থেকে বর্ণিত রয়েছে যে, سِجِّيْنٌ হলো জাহান্নামের একটি গর্ত। কালবী ও মুজাহিদ (র.) বলেন– سِجِّيْنٌ হলো জাহান্নামের নিচে একটি বিশাল পাথর।

২. এটি سِجْن থেকে فِعِّيْل ; مشتق -এর ওজনে। যার অর্থ تَضْيِيْقٌ ও حَبْس (বিরত রাখা; কয়েদ করা; সঙ্কীর্ণ করা) যেমনিভাবে فِسْق থেকে فِسِّيْق বলা হয়। শায়খ ইসমাঈল হাক্কী (র.) বলেন– سِجِّيْن হলো ঐ কিতাবের নাম যা অনিষ্টতার দফতর, যাতে শয়তান ও কাফের, মুশরিক, পাপিষ্ঠ, জিন ও ইনসানের আমলনামা সংকলন করা হয়েছে। শব্দটি منصرف কারণ তাতে কেবলমাত্র একটি سبب পাওয়া যায় অর্থাৎ মা'রেফা। আবার سِجِّيْنٌ -এর نون সম্পর্কেও দুটি মত রয়েছে।

১. মূলবর্ণের নূন। অর্থাৎ سِجْن থেকে سِجِّيْنٌ হয়েছে।

২. سِجِّيْنٌ মূলত سِجِّيْلٌ ছিল। লামকে নূন দ্বারা পরিবর্তন করা হয়েছে।

আয়াত : ৯

مَرْقُوْمٌ : **লিখিত/চিহ্নিত**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ق ـ م) মাসদার اَلرَّقْمُ অর্থ– লেখা; ছাপ দেওয়া; নম্বর বসানো; চিহ্ন দেওয়া; দাগ দেওয়া।

আয়াত : ১০

اَلْمُكَذِّبِيْنَ : **মিথ্যারোপকারী; অস্বীকারকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যারোপ করা; অস্বীকার করা।

আয়াত : ১১

يُكَذِّبُوْنَ : **তারা অস্বীকার করে/ মিথ্যা সাব্যস্ত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

আয়াত : ১২

مُعْتَدٍ : **সীমালঙ্ঘনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ع ـ د ـ و) বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা।

اَثِيْمٍ : **পাপিষ্ঠ; গুনাহগার**। এটি فَعِيْلٌ -এর ওযনে فاعل অর্থে।

আয়াত : ১৩

اِذَا تُتْلٰى : **যখন পাঠ করা হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلتِّلَاوَةُ মূলবর্ণ (ت ـ ل ـ و) অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা।

اَسَاطِيْرُ : **উপকথা**। বহুবচন; একবচন– اُسْطُوْرَةٌ রূপকথা; কাহিনী; গল্প।

اَلْاَوَّلِيْنَ : **সেকালের লোক; প্রাচীনকালের লোক**। বহুবচন, একবচন– اَلْاَوَّلُ অর্থ– প্রথম; শুরু।

আয়াত : ১৪

رَانَ : **তাতে জং ধরেছে। তা রঙ ধারণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ى ـ ن) মাসদার اَلرَّيْنُ অর্থ– রঙ ধারণ করা; রঙ ধরা।

يَكْسِبُوْنَ : **তারা অর্জন করে; উপার্জন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ– উপার্জন করা; কামাই করা।

আয়াত : ১৫

كَلَّا : **কখনো নয়; কিছুতেই নয়; আদৌ নয়**। শব্দটি একাধারে পূর্ববর্তী বাক্যের বক্তব্য নাকচ করে এবং

আর পরবর্তী বাক্যের বক্তব্য নাকচ করে এবং আর পরবর্তী বক্তব্য সমর্থন করে। (বিস্তারিত সূরা ইনফিতার, আয়াত : ৮ দ্রষ্টব্য)

আয়াত : ১৫

مَحْجُوْبُوْنَ : **তারা অন্তরিত থাকবে**। আল্লাহর নূর দেখা থেকে অন্ধ বা বঞ্চিত। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ(ح ـ ج ـ ب) মাসদার اَلْحِجَابُ ও اَلْحَجْبُ অর্থ– বাধাপ্রদান করা; বিরত রাখা। حَجَبَ পর্দার অন্তরীণ করা হয়েছে, তার কাছে কেউ পৌঁছতে পারবে না। اِحْتَجَبَ (পর্দার অন্তরালে হয়েছে।) حَاجِبٌ (দারোয়ান; প্রহরী।) حَجَبٌ (বাঁধ; ড্যাম।) সকল مشتقات -এর মধ্যেই বাধা প্রদানের অর্থ বিদ্যমান।

আয়াত : ১৬

صَالُوْا : **প্রবেশকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلَى অর্থ– প্রবেশ করা; ঝাঁপ দেওয়া; দগ্ধ হওয়া। মূলত صَالُوْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

اَلْجَحِيْم : **জাহান্নাম। জ্বলন্ত আগুন**। এটি فَعِيْلٌ -এর ওযনে فاعل অর্থে। جحم থেকে নির্গত, যার অর্থ– ভীষণভাবে জ্বলা।

আয়াত : ১৮

كِتٰبَ الْاَبْرَارِ : **পুণ্যবানদের আমলনামা**। كِتَابٌ অর্থ– কিতাব। গ্রন্থ; বই; । এটি একবচন, বহুবচন–كُتُبٌ ; এটি মাসদার যা মাফউল তথা مَكْتُوْبٌ অর্থে ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ শব্দটি অনেক অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন, আসমানি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূজ; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আল্লাহপ্রদত্ত দলিল; আমলনামা। এখানে শেষোক্ত অর্থটি উদ্দেশ্য হবে। اَلْاَبْرَارُ অর্থ– পুণ্যবানগণ; নেককারগণ। এটি بَرٌّ ও بَارٌّ -এর বহুবচন।

عِلِّيِّيْنَ : **ইল্লিয়্যীন**। অর্থ– উপরের লোকজন; উপরই উপর। ইমাম রাগেব ইস্পাহানি (র.) লিখেছেন, কারো কারো মতে عِلِّيِّيْنَ হলো সর্বোচ্চ স্তরের জান্নাতের নাম, যেমনিভাবে سِجِّيْنٌ হলো সর্বনিম্নস্তরের জাহান্নামের নাম। অপর একদলের মতে عِلِّيِّيْنَ মূলত তথাকার বাসিন্দাদের নাম। আরবি ভাষার নিয়ম-কানুন হিসেবে এটিই সঠিক বলে বিবেচিত হয়। কেননা এ বহুবচনটি ذَوِى الْعُقُوْل - এর জন্য নির্দিষ্ট। তারা عِلِّيِّيْنَ -কে عِلِّىٌّ -এর বহুবচন মনে করেন– এবং অর্থ করেন যে, পুণ্যবানগণও তাদেরই অন্তর্ভুক্ত হবে। আল্লামা যমখশরী (র.) বলেন–عِلِّيِّيْنَ হলো ফেরেশতা বা উচ্চমর্যাদা বা পুণ্যের রেজিস্টারের নাম, অথবা এর অর্থ হলো দ্বিগুণ-চারগুণ, উচ্চতার উপর উচ্চতা; সর্ববোচ্চ উচ্চতা।

আয়াত : ২১

يَشْهَدُهُ : **তারা তা দেখে**। يَشْهَدُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ– সাক্ষ্য দেওয়া; উপস্থিত হওয়া; দেখা।

اَلْمُقَرَّبُوْنَ : **সান্নিধ্যপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ– নিকটবর্তী করা; কাছাকাছি করা; নিকটে করা।

আয়াত : ২৩

اَلْاَرَائِكِ : **সুসজ্জিত আসন**। এটি اَرِيْكَةٌ -এর বহুবচন। অর্থ– পর্দা ঝুলানো সজ্জিত খাট।

يَنْظُرُوْنَ : **তারা অবলোকন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– অপেক্ষা করা; প্রতীক্ষা করা; দেখা।

আয়াত : ২৪

تَعْرِفُ : **তুমি প্রত্যক্ষ করবে; দেখতে পাবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ অর্থ– চিনা; জানা।

نَضْرَةَ النَّعِيْمِ : **স্বাচ্ছন্দ্যের দীপ্তি**। نَضْرَةً ইসমে মানসূব নাকেরা। সতেজতা; দীপ্তিময়; ঔজ্জ্বল্য। اَلنَّعِيْمُ অর্থ– স্বাচ্ছন্দ্য।

আয়াত : ২৫

يُسْقَوْنَ : **তাদেরকে পান করানো হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ق ـ ى) মাসদার اَلسَّقْىُ অর্থ– পান করানো; পরিতৃপ্ত করা।

رَحِيْقٍ : **শরাব; মদ**। এটি ইসমে জামেদ। আল্লামা আবূ মানসূর 'ফিকহুল্লুগাতে' আবূ উবাইদ থেকে বর্ণনা করেন যে–اَلرَّحِيْقُ صَفْوَةُ الْخَمْرِ الَّتِىْ لَيْسَ فِيْهَا غَشٌّ (রাহীক এমন স্বচ্ছ মদ যাতে অন্য কিছুর বিন্দুমাত্র মিশ্রণ নেই।)

مَخْتُوْمٍ : **মোহরকৃত**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ت ـ م) মাসদার اَلْخَتْمُ ও اَلْخِتَامُ এর অর্থ দুভাবে করা হয়। যথা–

১. সীলমোহর করার মসলা অর্থাৎ যা দ্বারা সীলমোহর করা হয়।

২. কোনো কিছুর সমাপ্তি। এ কারণেই مَخْتُوْمٌ-এর অর্থ অধিকাংশ মুফাসসিরগণ করেছেন 'মোহরকৃত' অর্থাৎ জান্নাতের মদের পাত্র আল্লাহর পক্ষ থেকে সম্মান ও সনদস্বরূপ মোহরকৃত হবে, যা কেবলমাত্র জান্নাতিগণই খুলবে এবং মদের বোতল খোলামাত্রই মেশকের সুঘ্রাণ তার মস্তিষ্কে পৌঁছে যাবে। কিন্তু ইবনে আবী শাইবা হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ থেকে বর্ণনা করেছেন যে, مَخْتُوْمٌ হলো এমন পুরাতন স্বচ্ছ মদ যার শেষের স্বাদ মেশকের সুঘ্রাণযুক্ত হবে। যেমনটি হযরত কাতাদাহ (রা.) থেকে বর্ণিত হয়েছে যে, তা হবে কর্পূরমিশ্রিত এবং তার শেষের স্বাদ হবে মেশকের ন্যায়। এ উক্তি অনুযায়ী خِتَامٌ দ্বিতীয় অর্থে ব্যবহৃত হবে। –(মা'আলিম, মাদারিক ও জালালাইন)

আয়াত : ২৬

خِتٰمُهٗ مِسْكٌ : **তার মোহর মেশকের**। خِتَامٌ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। خِتَامٌ এর অর্থ দুভাবে করা হয়। যথা–

১. সীলমোহর করার মসলা অর্থাৎ যা দ্বারা সীলমোহর করা হয়।

২. কোনো কিছুর সমাপ্তি। মুফাসসিরগণ এ আয়াতে উভয় অর্থই উদ্দেশ্য নিয়েছেন। অর্থাৎ তার সীলমোহর করার মসলা হলো মেশক। এ অনুবাদ প্রথম অর্থ হিসেবে। অর্থাৎ জান্নাতের মদের পাত্র আল্লাহর পক্ষ থেকে সম্মান ও সনদস্বরূপ মোহরকৃত হবে, যা কেবলমাত্র জান্নাতিগণই খুলবে এবং মদের বোতল খোলামাত্রই মেশকের সুঘ্রাণ তার মস্তিষ্কে পৌঁছে যাবে। কিন্তু ইবনে আবী শাইবা হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (র.) থেকে বর্ণনা করেছেন যে, مَخْتُوْمٌ হলো এমন পুরাতন স্বচ্ছ মদ যার শেষের স্বাদ মেশকের সুঘ্রাণযুক্ত হবে। যেমনটি হযরত কাতাদা (রা.) থেকে বর্ণিত হয়েছে যে, তা হবে কর্পূরমিশ্রিত এবং তার শেষের স্বাদ হবে মেশকের ন্যায়। এ উক্তি অনুযায়ী خِتَامٌ দ্বিতীয় অর্থে ব্যবহৃত হবে। –(মা'আলিম, মাদারিক ও জালালাইন)

مِسْكٌ : **মেশক**। মৃগনাভী; কস্তুরি। শব্দটি ইসম যার مِيْم বর্ণে যের ও পেশ উভয়ভাবেই পড়া যায়।

فَلْيَتَنَافَسِ : **সে যেন প্রতিযোগিতা করে**। فاء হরফে আত্‌ফ। ل টি لام امر ; يَتَنَافَس সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّنَافُسُ মূলবর্ণ (ن ـ ف ـ س) অর্থ– প্রতিযোগিতা করা। لام امر এর কারণে سين কে যের দিয়ে মিলানো হয়েছে। কারণ নিয়ম হলো সাকিনকে হরকত দিতে হলে যেরই দিতে হবে।

الْمُتَنَافِسُوْنَ : **প্রতিযোগীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ن ـ ف ـ س) মাসদার اَلتَّنَافُسُ অর্থ– প্রতিযোগিতা করা; প্রতিদ্বন্দ্বিতা করা।

আয়াত : ২৭

مِزَاجُهٗ : **তার মিশ্রণ**। مِزَاجٌ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। مِزَاجٌ মাসদার। অর্থ– মিশ্রণ করা; মিলানো; মিলিয়ে একাকার করা। মিশ্রণের পর যে নতুন আকৃতি সৃষ্টি হয় তাকেও مِزَاجٌ বলা হয়। এখানে প্রথম অর্থ উদ্দেশ্য।

تَسْنِيْم : **উচ্চে অবস্থিত ঝরণা হতে নিঃসৃত জান্নাতের পানি।** তাসনীম জান্নাতের একটি ঝরনার নাম। অভিধানে تَسْنِيْم বলা হয় ঐ বস্তুকে যা সুগন্ধি বা সুস্বাদুর জন্য শরবতের সাথে মিলানো হয়। যেমন– গোলাপ, কেওয়াড় ইত্যাদি। শব্দটি سِنَامٌ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ– উটের কুঁজ। যেহেতু পানীয় বস্তুর মধ্যে উপরিউক্ত বস্তু মিশ্রণের ফলে পাত্রে যে বুঁদবুঁদি উঠে তা উটের কুঁজের মতো মনে হয়, তাই তাকে تَسْنِيْم বলা হয়। এখানে تَسْنِيْم শব্দটি দ্বারা উদ্দেশ্য হলো জান্নাতের একটি ঝরনা যা সকল আহার্য্য বস্তুর মধ্যে শ্রেষ্ঠ ও সুস্বাদু হবে। নৈকট্যশীল ও অগ্রগামীগণকে এ প্রস্রবণ হতে পান করানো হবে।

আয়াত : ২৮

عَيْنًا : **প্রস্রবণ; ঝরনা।** একবচন, বহুবচন– عُيُوْنٌ ও اَعْيُنٌ অর্থ– চক্ষু; ঝরণা; প্রস্রবণ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেক অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব বলেন, এর মূল অর্থ– চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عَيْنٌ বলা যে, তার চক্ষুর সাথে সদৃশ্যতা রয়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

يَشْرَبُ : **সে পান করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ر ـ ب) মাসদার اَلشُّرْبُ অর্থ– পান করা।

اَلْمُقَرَّبُوْنَ : **সান্নিধ্যপ্রাপ্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ– নিকটবর্তী করা; পাশাপাশি করা; কাছাকাছি করা; নিকটে করা।

আয়াত : ২৯

اَجْرَمُوْا : **তারা অপরাধ করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجْرَامُ মূলবর্ণ (ج ـ ر ـ م) অর্থ– অপরাধ করা; পাপ করা; অন্যায় করা।

يَضْحَكُوْنَ : **তারা হাসি-ঠাট্টা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلضِّحْكُ মূলবর্ণ (ض ـ ح ـ ك) অর্থ– হাসা; হাসি-ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ৩০

يَتَغَامَزُوْنَ : **তারা চোখ টিপে ইশারা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (غ ـ م ـ ز) মাসদার اَلتَّغَامُزُ অর্থ– চোখ টিপে ইশারা করা।

আয়াত : ৩১

اِنْقَلَبُوْا : **তারা ফিরে গেল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْقِلَابُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– ফিরে যাওয়া; পরিবর্তন হওয়া; রূপান্তরিত হওয়া।

আয়াত : ৩২

ضَالُّوْنَ : **পথভ্রষ্টগণ।** সীগাহ اسم جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্ট হওয়া; গোমরাহ হওয়া; ধ্বংস করা; নষ্ট করা।

আয়াত : ৩৩

مَا اُرْسِلُوْا : **তাদেরকে পাঠানো হয়নি।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى منفى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

حٰفِظِيْنَ : **তত্ত্বাবধায়ক/রক্ষণাবেক্ষণকারী।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা; তত্ত্বাবধান করা।

আয়াত : ৩৬

ثُوِّبَ : **তাকে প্রতিফল দেওয়া হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّثْوِيْبُ মূলবর্ণ (ث ـ و ـ ب) অর্থ– বিনিময় দেওয়া; প্রতিফল দেওয়া।

সূরা ইনশিক্বাক্ব : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২৫ রুকূ' : ১

আয়াত : ১

اَلسَّمَاءُ : **আকাশ**। একবচন, বহুবচন– سَمٰوَاتٌ (বিস্তারিত সূরা ইনফিতার, আয়াত : ১ দ্রষ্টব্য)

اِنْشَقَّتْ : **তা বিদীর্ণ হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَال মাসদার اَلْاِنْشِقَاقُ মূলবর্ণ (ش ـ ق ـ ق) অর্থ– খণ্ড-বিখণ্ড হওয়া; চূর্ণ-বিচূর্ণ হওয়া।

আয়াত : ২

اَذِنَتْ : **সে পালন করবে/ শ্রবণ করবে**। শুরুতে اِذَا থাকার কারণে ماضى হওয়া সত্ত্বেও মুযারের অর্থ করা হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ– পালন করা; শ্রবণ করা।

حُقَّتْ : **তার জন্য করণীয়; তার জন্য অবধারিত**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ(ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ অর্থ– অবধারিত হওয়া; প্রমাণিত হওয়া।

আয়াত : ৩

مُدَّتْ : **তা সম্প্রসারিত করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلْمَدُّ মূলবর্ণ (م ـ د ـ د) অর্থ– বিস্তৃত করা; বিছানো।

আয়াত : ৪

اَلْقَتْ : **সে তা নিক্ষেপ করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ অর্থ– মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ নিক্ষেপ করা; ফেলে দেওয়া; রেখে দেওয়া।

تَخَلَّتْ : **তা শূন্যগর্ভ হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّخَلِّيَةُ মূলবর্ণ (خ ـ ل ـ ى) অর্থ– খালি করা; শূন্য করা। ভূমি শূন্যগর্ভ হওয়া দ্বারা উদ্দেশ্য হলো ভূমির ভিতর থেকে সকল মূর্দারকে বের করে ছুড়ে ফেলে দেওয়া হবে।

আয়াত : ৬

كَادِحٌ : **কঠোর সাধনাকারী; পরিশ্রমকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ك ـ د ـ ح) মাসদার اَلْكَدْحُ এটি لازم ও আসে আবার মুতা'আদ্দীও আসে। লাযেম হলে অর্থ হবে– পরিশ্রম করা; সাধনা করা; কষ্ট স্বীকার করা। বলা হয়–كَدَحَ فِى الْعَمَلِ (সে কাজের ব্যাপারে চেষ্টা করেছে)। كَدَحَ لِعِيَالِهٖ (পরিবার পরিজনের জন্য কষ্ট করেছে)। আর متعدى হলে অর্থ হবে আঁচড় দেওয়া। যেমন– كَدَحَ وَجْهَهٗ (তার চেহারায় আঁচড় কেটেছে)। এখানে প্রথম অর্থ উদ্দেশ্য।

مُلٰقِيْهِ : **তার সাথে সাক্ষাৎকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْمُلَاقَاةُ অর্থ– সাক্ষাৎ করা।

আয়াত : ৭

اُوْتِىَ : **তাকে দেওয়া হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া; দান করা।

بِيَمِيْنِهٖ : **তার ডান হাতে**। باء হরফে জার। يَمِيْن মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। يَمِيْن এটির বহুবচন– اَيْمَانٌ

আয়াত : ৯

يَنْقَلِبُ : **সে প্রত্যাবর্তন করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْقِلَابُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– ফিরে যাওয়া; প্রত্যাবর্তন করা; পরিবর্তন হওয়া; রূপান্তরিত হওয়া।

مَسْرُوْرًا : **প্রফুল্লচিত্তে**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ر ـ ر) মাসদার اَلسُّرُوْرُ অর্থ– খুশি হওয়া।

আয়াত : ১০

وَرَاۤءَ ظَهْرِهٖ : **তার পৃষ্ঠের পশ্চাৎদিক হতে**। আল্লামা বায়যাভী (র.) উল্লেখ করেছেন যে, وَرَاءٌ মূলত মাসদার

যাকে ظرف হিসেবে ব্যবহার করা হয়। এর ইযাফত فاعل -এর দিকেও হয় আবার مفعول -এর দিকেও। প্রথম অবস্থায় উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু। অর্থাৎ যার আড়ালে কোনো কিছু হয়। বাহ্যত তখন ঐ বস্তুটি আগে হবে এবং গোপন ব্যক্তি পিছনে হবে। আর দ্বিতীয় অবস্থায় এর বিপরীত। অর্থাৎ ব্যক্তিটি আগে হবে এবং বস্তুটি পিছনে হবে। এ কারণেই وَرَآءُ -এর অর্থ আগে ও পিছে উভয়টিই হয়। উল্লেখ্য وَرَآءَ -এর আরো একটি অর্থ হলো– এতদ্ভিন্ন; ছাড়া; ব্যতীত। কারণ এর মূল অর্থ হলো আড়াল; পার্থক্যকারী। সুতরাং কোনো কিছু আগে বা পিছনে হওয়া অথবা ছাড়া বা ব্যতীত হওয়া পার্থক্য ও সীমানাকেই বুঝায়। এ কারণেই এটি এ সকল অর্থেই ব্যবহৃত হয়। ظَهْر অর্থ– পশ্চাৎদিক; পৃষ্ঠ। বহুবচন–ظُهُوْرٌ।

আয়াত : ১১

ثُبُوْرًا : **ধ্বংস। মৃত্যু।** এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– ধ্বংস হওয়া; মৃত্যু হওয়া।

আয়াত : ১২

يَصْلٰى : **সে প্রবেশ করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلٰىُ অর্থ– প্রবেশ করা।

سَعِيْرًا : **প্রজ্বলিত অগ্নি।** فَعِيْلٌ -এর ওযনে مَسْعُوْرٌ অর্থে। বাব فَتَحَ থেকে মাসদার اَلسَّعْرُ অর্থ– প্রজ্বলিত করা।

আয়াত : ১৪

ظَنَّ : **সে মনে করেছে; সে ধারণা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মাসদার اَلظَّنُّ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) অর্থ– ধারণা করা; মনে করা। (বিস্তারিত সূরা আহযাব, আয়াত : ১০ দ্রষ্টব্য)

لَنْ يَّحُوْرَ : **সে কখনো ফিরে যাবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ و ـ ر) মাসদার اَلْحَوْرُ অর্থ– ফিরিয়ে দেওয়া; কাপড় ধবধবে সাদা করা।

আয়াত : ১৬

اَلشَّفَقِ : **অস্তরাগ। সন্ধাবেলায় পশ্চিম দিগন্তের লালিমা।** উল্লেখ্য যে, شَفَقٌ এর অর্থ সম্পর্কে মতবিরোধ রয়েছে। কারো মতে সন্ধ্যাবেলায় পশ্চিম দিগন্তের লালিমাকে شَفَقٌ বলা হয়। আবার কারো মতে সন্ধ্যাবেলার শুভ্রতাকে شَفَقٌ বলা হয়। ইমাম রাগেব (র.) বলেন, সূর্যাস্তের পর দিনের আলো ও রাতের অন্ধকারের পরস্পরের মিশ্রণকে شَفَقٌ বলা হয়। এ অর্থটি দিগন্তের লালিমা ও শুভ্রতা উভয়টিকেই অন্তর্ভুক্ত করে। আল্লামা ইবনুল আছীর জাযারী (র.) লিখেছেন– شَفَقٌ বিপরীতার্থক শব্দসমূহের একটি। যার অর্থ ইমাম শাফেয়ী -এর মতে সূর্যাস্তের সময়ের পশ্চিম দিগন্তের লালিমা। আর ইমাম আবূ হানিফা (র.) -এর মতে লালিমা চলে যাওয়ার পর দিগন্তে যে শুভ্রতা থাকে তাকে شَفَقٌ বলা হয়।

আয়াত : ১৭

مَا وَسَقَ : **যা সে সমাবেশ ঘটায়।** ما মাউসূলাহ। وَسَقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ س ـ ق) মাসদার اَلْوَسْقُ অর্থ– একত্র করা; সমাবেশ ঘটানো। এখানে সমাবেশ ঘটানো দ্বারা উদ্দেশ্য হলো রাত– মানুষ, জীবজন্তু ও পাখি সবাইকে একত্র করে এবং প্রত্যেককেই তার নিজ ঠিকানায় পৌঁছে দেয়। –(মহল্লী)

আয়াত : ১৮

اَلْقَمَرِ : **চন্দ্র।** একবচন, বহুবচন–اَقْمَارٌ অর্থ– চাঁদ; শশী। তৃতীয় তারিখ (কামূস) বা তৃতীয় তারিখের পর থেকে পরবর্তী রাতসমূহের চাঁদকে قَمَرٌ বলা হয়। (রাগেব)

اِذَا اتَّسَقَ : **যখন সে পূর্ণ হয়।** اذا হরফে শর্ত। اِتَّسَقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّسَاقُ অর্থ– চাঁদ পূর্ণ হওয়া, অর্থাৎ আলো দ্বারা ভরে যাওয়া।

আয়াত : ১৯

لَتَرْكَبُنَّ : **তোমরা অবশ্যই আরোহণ করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ك ـ ب) মাসদার اَلرُّكُوْبُ অর্থ– পশুপৃষ্ঠে আরোহণ করা; সওয়ার হওয়া কখনও নৌকায় আরোহণের জন্যও এর ব্যবহার হয়।

طَبَقًا عَنْ طَبَقٍ : **ধাপে ধাপে।** طَبَقٌ অর্থ– স্তর; ধাপ: অবস্থা। طَبَقٌ মূলত ঐ বস্তুকে বলা হয়, যা অপর বস্তুর

অনুযায়ী হয়। আর পরিভাষায় শব্দটি ঐ অবস্থার জন্য নির্দিষ্ট হয়েছে যা অপর অবস্থার অনুযায়ী হয়। যেমন আকরা' বিন হাবেস এর পংক্তি–

إِنِّي امْرَأٌ قَدْ حَلَبْتُ الدَّهْرَ اَشْطَرَهُ
وَسَاقَنِيْ طَبَقٌ مِنْهُ إِلَى طَبَقٍ

অর্থাৎ, আমি এমন ব্যক্তি যে কালের ঠাণ্ডা-গরম আস্বাদন করেছি, এবং তার এক অবস্থা আমাকে অন্য অবস্থার দিকে আকর্ষণ করেছে।

ভাষাবিদদের এক দল طَبَقَةٌ কে طَبَقٌ-এর বহুবচন মনে করেন, যার অর্থ– স্তর। আবার কতকের মতে এটি اسم جنس جمعى যা একবচন ও বহুবচন উভয়ের জন্য আসে। ইমাম রাগেব (র.) লিখেছেন, এ আয়াতের অর্থ হলো তোমাদেরকে অবশ্যই এক অবস্থা থেকে অন্য অবস্থায় উন্নীত হতে হবে। দুনিয়াতে মানুষ যেমন এক অবস্থা থেকে অন্য অবস্থায় অগ্রসর হয় এটা ঐ অবস্থা[illegible]কে ইঙ্গিত করে। যেমন আয়াত– خَلَقَكُمْ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُطْفَةٍ (তোমাদের সৃষ্টি করেছেন মাটি থেকে অতঃপর বীর্য থেকে।) এ আয়াতেও সেদিকেই ইঙ্গিত রয়েছে।

আয়াত : ২১

وَإِذَا قُرِئَ : **যখন পাঠ করা হয়।** قُرِئَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ر ـ أ) মাসদার اَلْقِرَاءَةُ অর্থ– পাঠ করা; অধ্যায়ন করা।

اَلْقُرْاٰنُ : **কুরআন।** এটি মাসদার। অর্থ– পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। (বিস্তারিত সূরা ইয়াসীন আয়াত : ২ দ্রষ্টব্য)

لَا يَسْجُدُوْنَ : **তারা সেজদা করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسَّجْدَةُ অর্থ– সেজাদা করা। কপাল মাটিতে ঠেকানো।

আয়াত : ২২

يُكَذِّبُوْنَ : **তারা অস্বীকার করে/ মিথ্যা সাব্যস্ত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

আয়াত : ২৩

يُوْعُوْنَ : **তারা পোষণ করে। তারা গোপন করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ع ـ ى) মাসদার اَلْاِيْعَاءُ অর্থ– আল্লামা জালালুদ্দীন মহল্লী অর্থ করেছেন "যা আমলনামায় একত্র করা হয়" আর হযরত ইবনে হযরত আব্বাস (রা.), কাতাদাহ (রা.) ও মুজাহিদ অর্থ করেছেন "যা তারা অন্তরে গোপন রাখে"।

আয়াত : ২৪

فَبَشِّرْهُمْ : **তুমি তাদেরকে সুসংবাদ দাও।** بَشِّرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ সুসংবাদ দেওয়া। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য)

اَلِيْمٍ : **মর্মন্তুদ।** যন্ত্রণাদায়ক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (أ ـ ل ـ م) মাসদার الالم অর্থ– কষ্ট পাওয়া।

আয়াত : ২৫

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

اَلصّٰلِحٰتِ : **সৎকার্যসমূহ।** এটি বহুবচন, একবচন– صَالِحٌ ; শব্দটি পবিত্র কুরআনের এক স্থানে শুধুমাত্র 'পুণ্যবতী মহিলাগণ' অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ (পঞ্চম পারা) এছাড়া সমস্ত স্থানে সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

غَيْرُ مَمْنُوْنٍ : **নিরবচ্ছিন্ন/ অবিচ্ছিন্ন।** غَيْر মুযাফ, مَمْنُوْنٌ মুযাফ ইলাইহি مَمْنُوْنٌ সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার المن অর্থ–হ্রাস করা; কমানো; কর্তন করা। অর্থাৎ তাদের আমল না হ্রাস করা হবে, না নিঃশেষ হবে। –(জমহুর মুফাসসিরীন) ইমাম রাগেব (র.) مَمْنُوْنٌ অর্থ করেছেন, বেশুমার; অগণিত। তখন এটি مَنٌّ ইসমে থেকে উদ্ভূত হবে, যার অর্থ ওজন করার বাটখারা। তখন مَمْنُوْنٌ হবে مَوْزُوْنٌ অর্থে। আর غَيْرُ مَمْنُوْنٍ অর্থ হবে– غَيْرُ مَوْزُوْنٍ অগণিত; বেশুমার।

সূরা বুরুজ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২২ রুকূ' : ১

আয়াত : ১

اَلسَّمَاءِ : **আকাশ**। একবচন, বহুবচন– سَمٰوٰتٌ

(বিস্তারিত সূরা ইনফিতার আয়াত : ১ দ্রষ্টব্য)

اَلْبُرُوْجِ : **রাশি-চক্র/কক্ষপথ/গ্রহ-নক্ষত্র**। এটি بُرْجٌ-এর বহুবচন। এটি বৃহৎ প্রাসাদ, দুর্গ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। মুজাহিদ, কাতাদা, আবূ সালেহ প্রমুখ তাফসীরবিদ এখানে بُرُوْجٌ-এর তাফসীর করেছেন বৃহৎ নক্ষত্র। আকাশের بُرُوْجٌ দ্বারা কী উদ্দেশ্য সে সম্পর্কে শাহ আব্দুল কাদির (র.) مُوْضِحُ الْقُرْاٰنِ-এ লিখেছেন– আকাশের পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত বারটি অংশ রয়েছে। সেগুলোই বারটি بُرُوْجٌ; সূর্য বছরে সেগুলো অতিক্রম করে। শীত ও গ্রীষ্ম তা দ্বারা পরিবর্তন হয়। গরম দ্বারা বৃষ্টি বর্ষিত হয়। আর বৃষ্টি দ্বারা পৃথিবী সজীব হয়। জ্যোতির্বিজ্ঞানীদের ভাষায় সেগুলোকে রাশি বলা হয়। বারটি রাশি হলো নিম্নরূপ–

১. حَمَلٌ : মেষরাশিঃ রাশিচক্রের প্রথম রাশি।
২. اَلثَّوْرُ : বৃষরাশিঃ রাশিচক্রের দ্বিতীয় রাশি।
৩. اَلْجَوْزَاءُ : মিথুনরাশিঃ রাশিচক্রের তৃতীয় রাশি।
৪. اَلسَّرَطَانُ : কর্কটরাশিঃ রাশিচক্রের চতুর্থ রাশি।
৫. اَلْاَسَدُ : সিংহরাশিঃ রাশিচক্রের পঞ্চম রাশি।
৬. اَلسُّنْبُلَةُ : কন্যারাশিঃ রাশিচক্রের ষষ্ঠ রাশি।
৭. اَلْمِيْزَانُ : তুলারাশিঃ রাশিচক্রের সপ্তম রাশি।
৮. اَلْعَقْرَبُ : বৃশ্চিকরাশিঃ রাশিচক্রের অষ্টম রাশি।
৯. اَلْقَوْسُ : ধনুকরাশিঃ রাশিচক্রের নবম রাশি।
১০. اَلْجَدْىُ : মকররাশিঃ রাশিচক্রের দশম রাশি।
১১. اَلدَّلْوُ : কুম্ভরাশিঃ রাশিচক্রের একাদশ রাশি।
১২. اَلْحُوْتُ : মীনরাশিঃ রাশিচক্রের দ্বাদশ রাশি।

আয়াত : ৩

شَاهِدٍ : **সাক্ষী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া; হাজির হওয়া। এখানে شَاهِدٌ দ্বারা জুমার দিন উদ্দেশ্য।

مَشْهُوْدٍ : **দৃষ্ট/উপস্থিতির সময়**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ ও اَلشُّهُوْدُ অর্থ– সাক্ষ্য দেওয়া। সহীহ হাদীসমূহের বর্ণনা অনুযায়ী এ সময়ে দিবা-রাত্রির উভয়দল ফেরেশতা নামাজে উপস্থিত হয়। তাই একে مَشْهُوْدٌ বলা হয়েছে। এখানে مَشْهُوْدٌ দ্বারা আরাফার দিন উদ্দেশ্য। –(তিরমিযী)

اَصْحٰبُ الْاُخْدُوْدِ : **কুণ্ডের অধিপতিরা/পরিখার অধিপতিরা**। اُخْدُوْدٌ শব্দটি একবচন; বহুবচন– اَخَادِيْدُ অর্থ– গর্ত; কুণ্ড; পরিখা; দাগ; রেখা। কুণ্ডের অধিপতি দ্বারা আল্লাহর ঐ সমস্ত শত্রু উদ্দেশ্য যারা গর্ত ও কুণ্ডের মধ্যে অগ্নি প্রজ্বলিত করে আল্লাহর অনুসারী একত্ববাদে বিশ্বাসীদেরকে তাতে নিক্ষেপ করেছিল। পৃথিবীর ইতিহাসে এ ধরনের ঘটনা কয়েকবার সংঘটিত হয়েছিল। এ কারণেই اَصْحٰبُ الْاُخْدُوْدِ-এর নির্ধারণ সম্পর্কে ইতিহাসবিদ ও মুফাসসিরগণ বিভিন্ন ঘটনা বর্ণনা করেছেন।

আয়াত : ৭

شُهُوْدٌ : **প্রত্যক্ষকারী; সাক্ষী**। এটি شَاهِدٌ-এর বহুবচন। শَاهِدٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া।

আয়াত : ৮

مَا نَقَمُوْا : **তারা নির্যাতন করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ق ـ م) মাসদার اَلنَّقْمُ অর্থ– শাস্তি দেওয়া। প্রতিশোধ গ্রহণ করা। نفى হওয়া সত্ত্বেও এখানে তা হ্যাঁ-বাচকের অর্থে হবে।

اَلْعَزِيْزِ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন– عَزِيْزٌ এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী

হন কখনও পরাজিত হন না। ইমাম যুজায (র.) লিখেছেন عَزِيْز এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর অনুবাদ করেছেন– এমন শক্তিশালী যিনি সব কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন– عَزِيْز হলো যার উপমা কিছু নেই; অনুপম। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য)

اَلْحَمِيْد : **প্রশংসার্হ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ م ـ د) মাসদার اَلْحَمْدُ অর্থ– প্রশংসা করা; তারিফ করা; গুণগান বর্ণনা করা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১০

فَتَنُوْا : **তারা নির্যাতন করেছে/ বিপদাপন্ন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ت ـ ن) মাসদার اَلْفِتْنَةُ অর্থ– পরীক্ষায় ফেলা; নির্যাতন করা; দুঃখ-কষ্ট দেওয়া; জুলুম করা; অত্যাচার করা।

يَتُوْبُوْا : **তারা তওবা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। তওবা সংজ্ঞা ইমাম খাত্তাবী (র.) বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ (তওবার অর্থ হলো গুনাহর পর বান্দা নেকীর দিকে প্রত্যাবর্তন করা।) تَوْبَةٌ শব্দটি متعدى ও لازم উভয়ভাবেই ব্যবহৃত হয়। সেলা ব্যতীত অর্থাৎ لازم হলে অর্থ হবে– তওবা করা; আল্লাহর প্রতি মনোযোগী হওয়া। আর যদি عَلىٰ দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে– আল্লাহর তওবা কবুল করা। তওবা কবুল হওয়ার শর্ত চারটি। যথা–

১. পাপকে মন্দ মনে করে বর্জন করা।
২. যা ভুল-ত্রুটি হয়েছে তার জন্য অনুতপ্ত হওয়া।
৩. পুনরায় উক্ত পাপ না করার দৃঢ় সংকল্প করা।
৪. যে সমস্ত কাজের ক্ষতিপূরণ সম্ভব তার ক্ষতিপূরণ দেওয়া। যেমন বান্দার হক হলে তা আদায় করা; আর আল্লাহর হক হলে যদি তা কাজা করার মতো হয় তা কাজা করা। এ চারটি শর্ত পাওয়া গেলে মনে করতে হবে যে, তার তওবা কবুল হয়েছে।

اَلْحَرِيْق : **দহনযন্ত্রণা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ر ـ ق) মাসদার اَلْحَرَقُ অর্থ– জ্বালানো; দগ্ধ করা।

আয়াত : ১২

بَطْش : **পাকড়াও করা**। বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ ط ـ ش) মাসদার اَلْبَطْشُ অর্থ– ধরা; পাকড়াও করা; আঘাত করা; গ্রেপতার করা।

شَدِيْدٌ : **কঠিন**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠোর হওয়া; তীব্র হওয়া; প্রচণ্ড হওয়া।

আয়াত : ১৩

يُبْدِئُ : **তিনি অস্তিত্ব দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْدَاءُ মূলবর্ণ (ب ـ د ـ أ) অর্থ– প্রকাশ করা; উন্মোচন করা; নতুনভাবে সৃষ্টি করা

يُعِيْدُ : **তিনি পুনরাবর্তন ঘটান**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعَادَةُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– পুনরায় প্রত্যাবর্তন করা; পুনরাবৃত্তি করা; পুনরায় সৃষ্টি করা।

আয়াত : ১৪

اَلْغَفُوْرُ : **অতিশয় ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ ও اَلْغُفْرَانُ অর্থ– ক্ষমা করা; মাফ করা।

وَدُوْدٌ : **প্রেমময়**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوُدُّ অর্থ– ভালোবাসা; কামনা করা।

আয়াত : ১৫

ذُو الْعَرْش : **'আরশ অধিপতি**। ذُوْ ওয়ালা; ময়; বিশিষ্ট ইত্যাদি অর্থের জন্য আসে। (বিস্তারিত সূরা তাকভীর, আয়াত : ২০ দ্রষ্টব্য)

اَلْمَجِيْدُ : **সম্মানিত**। সীগাহ واحد مذكر বহছ সিফাতে মুশাব্বাহ। বাব كَرُمَ মূলবর্ণ (م ـ ج ـ د) মাসদার اَلْمَجْدُ সম্মানিত হওয়া; মর্যাদাবান হওয়া। মূলত অভিধানে مَجْد অর্থ– প্রাচুর্য; ব্যাপক। বলা হয়– مَجَدَتْ اْلاِبِلُ (উট প্রশস্ত চারণভূমিতে পৌঁছেছে।) فِىْ كُلِّ شَجَرٍ نَارٌ وَّ اسْتَمْجَدَ الْمَخُ وَالْعِفَارُ সব বৃক্ষে আগুন রয়েছে; কিন্তু عِفَارٌ ও مرخ হলো সবচেয়ে সম্মানিত। সাধারণ পরিভাষায় এর অর্থ অনুগ্রহের ব্যাপকতা ও সম্মান মর্যাদার অর্থে হয়ে গেছে। আল্লাহ তা'আলা ব্যাপক অনুগ্রহের অধিকারী, প্রচুর কল্যাণের অধিকারী, সর্বাধিক সম্মানিত। পবিত্র কুরআনের সিফাত হলো مَجِيْد ; কারণ তা ইহকালীন ও পরকালীন সর্ব প্রকার কল্যাণের ধারক বাহক। –(রাগেব)

আয়াত : ১৬

فَعَّالٌ : **সম্পাদনকারী; সম্পন্নকারী; কর্মক্ষম**। এটি মুবালাগার সীগাহ। বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ع ـ ل) মাসদার اَلْفِعْلُ অর্থ– করা; কাজ করা।

مَا يُرِيْدُ : **যা তিনি ইচ্ছা করেন**। مَا মাউসূলাহ। সীগাহ مضارع معروف বহছ واحد مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা; আশা করা; আকাঙ্ক্ষা করা; ।

আয়াত : ১৭

اَلْجُنُوْدِ : **সৈন্যবাহিনী; দল**। বহুবচন। একবচন– جُنْدٌ অর্থ– সৈন্য।

حَدِيْثٌ : **কথা/বাণী**। এটি একবচন; বহুবচন اَحَادِيْثُ অর্থ– বাণী; কথা। এমন কথা যা মানুষ পর্যন্ত পৌঁছতে পারে, শ্রবণের মাধ্যমে হোক বা ওহীর মাধ্যমে; স্বপ্নের মাধ্যমে বা জাগ্রত অবস্থায় তাকে حَدِيْثٌ বলা হয়।

আয়াত : ১৯

كَفَرُوْا : **তারা কুফরি করেছে; তারা অবিশ্বাস করেছে**। সীগাহ ماضى معروف বহছ جمع مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ অর্থ– অবিশ্বাস করা; অস্বীকার করা; কুফরী করা; মিথ্যা বলা।

تَكْذِيْبٍ : **মিথ্যা আরোপ করা**। এটি বাব تَفْعِيْلٌ এর মাসদার। অর্থ– কারো প্রতি মিথ্যা আরোপ করা।

আয়াত : ২০

مِنْ وَّرَائِهِمْ : **তাদের পিছন হতে/ তাদের অলক্ষ্যে**। (বিস্তারিত সূরা ইনশিকাক, আয়াত : ১০ দ্রষ্টব্য)

مُّحِيْطٌ : **পরিবেষ্টনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা; অন্তর্ভুক্ত করা।

আয়াত : ২০

قُرْاٰنٌ مَّجِيْدٌ : **সম্মানিত কুরআন**। قُرْاٰنٌ অর্থ– কুরআন। এটি মাসদার। অর্থ– পাঠ করা। আল্লাহর ঐ কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। (বিস্তারিত সূরা ইয়াসীন, আয়াত : ২ দ্রষ্টব্য)

আয়াত : ২২

لَوْحٍ مَّحْفُوْظٍ : **সংরক্ষিত ফলক**। لَوْح একবচন, বহুবচন– اَلْوَاحٌ অর্থ– নৌকার তক্তা, লেখার শ্লেট। اُمُّ الْكِتَابْ যাকে لَوْحٌ مَحْفُوْظٌ বলা হয়েছে তা কী জিনিস? তা আল্লাহ ব্যতীত কেউ জানে না। হযরত ইবনে আব্বাস ও কাতাদাহ (র.) প্রমুখ কিছু কিছু বর্ণনা করেছেন তা দুর্বোধ্য। মোটকথা হলো এটি আল্লাহর কিতাব যাতে সকল বস্তু বিদ্যমান, পূর্বাপর, উপস্থিত অনুপস্থিত কোনো কিছুই তার অজানা নয়। لَوْح শব্দের অর্থ– প্রকাশ করা। যেমনিভাবে তক্তা বা শ্লেট তার লেখাকে প্রকাশ করে দেয়, ঘটনাবলি অতিক্রান্ত হয়ে যায়; কিন্তু তক্তায় তার লেখা অবশিষ্ট থেকে যায় এবং তা স্বীয় বিষয়বস্তুকে প্রকাশ করে দেয়। সম্ভবত এ কারণেই আল্লাহর ইলমী কিতাবকে لَوْح বলা হয়। যা হ্রাস-বৃদ্ধি, শয়তানের নাগাল এবং সৃষ্টজীবের জ্ঞানগতভাবে সেখানে পৌঁছা থেকে সংরক্ষিত। –(বগভী)

সূরা ত্বারিক : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১৭, রুকূ' : ১

আয়াত : ১

اَلسَّمَاءِ : **আকাশ**। একবচন, বহুবচন- سَمٰوَاتٌ (বিস্তারিত সূরা ইনফিতার, আয়াত : ১ দ্রষ্টব্য)

اَلطَّارِقِ : **রাত্রিতে যা আবির্ভূত হয়; অন্ধকারে আগমনকারী; রাত্রে উদিত তারকা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلطُّرُوْقُ মূলবর্ণ (ط ـ ر ـ ق) অর্থ- শব্দ করা; আঘাত করা; রাতে আগমন করা। আল্লামা আলূসী (র.) লিখেছেন, শব্দটি طَرْقٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ সজোরে আঘাত করা, যার শব্দ শোনা যায়। আর তা থেকেই مِطْرَقَةٌ (হাতুড়ি।) এবং طَرِيْقٌ (রাস্তা।) কারণ চলন্ত ব্যক্তি তাকে পদদলিত করতে থাকে। অতঃপর যে কোনো রাতে আগমন ও প্রকাশিত জিনিসের জন্য এর ব্যবহার হতে থাকে। জুমহূরের মতে এখানে রাতে উদিত তারকা উদ্দেশ্য।

আয়াত : ৩

اَلثَّاقِبُ : **উজ্জ্বল। জ্বলন্ত; ভস্মকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ث ـ ق ـ ب) মাসদার اَلثُّقُوْبُ অর্থ- উজ্জ্বল হওয়া; প্রজ্বলিত হওয়া।

আয়াত : ৫

فَلْيَنْظُرِ : **সে প্রণিধান করুক; সে যেন দেখে**। فاء হরফে আত্ফ। সীগাহ واحد مذكر غائب لِيَنْظُرْ বহছ امر غائب معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৬

مَاءٍ دَافِقٍ : **স্খলিত পানি**। دَافِقٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلدَّفْقُ মূলবর্ণ (د ـ ف ـ ق) অর্থ- বেগে প্রবাহিত হওয়া; স্খলিত হওয়া।

আয়াত : ৭

اَلصُّلْبِ : **মেরুদণ্ড। পৃষ্ঠ; পিঠ**। একবচন, বহুবচন صُلْبٌ ; اَصْلَابٌ ইমাম রাগেব (র.) লিখেছেন- অর্থ- কঠিন; শক্ত। কঠিনতা ও দৃঢ়তা হিসেবে পিঠকে صُلْبٌ বলা হয়। يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ এ আয়াতে صُلْبٌ-কে একবচন এবং تَرَائِبُ-কে বহুবচন আনার কারণ দুটি হতে পারে। যথা-

১. মহিলাদের বক্ষকে تَرِيْبَةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় বলা হয়- لِلْمَرْأَةِ تَرَائِبُ -এর দ্বারা উদ্দেশ্য তাদের বক্ষ ও তার আশপাশের অংশ।

২. صُلْبٌ দ্বারা اَصْلَابٌ-ই উদ্দেশ্য। কিন্তু বহুবচনের পরিবর্তে একবচন আনাকে যথেষ্ট মনে করা হয়েছে। যেমন- اَوَلَمْ يَرَى الَّذِيْنَ كَفَرُوْا اَنَّ السَّمٰوٰتِ وَالْاَرْضَ এখানে سَمٰوٰتٌ-কে বহুবচন আনা হয়েছে; কিন্তু এখানে ارض-কে বহুবচন না এনে একবচন আনা হয়েছে।

اَلتَّرَائِبِ : **পঞ্জরাস্থি; পাঁজরের হাড়**। বক্ষ। এটি تَرِيْبَةٌ-এর বহুবচন। যার অর্থ- বুকের হাড় ও পাঁজরের হাড়।

আয়াত : ৯

تُبْلَى : **পরীক্ষিত হবে; পরীক্ষা করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ و) মাসদার اَلْبَلَاءُ অর্থ- পরীক্ষা করা; বিপদে ফেলা; কষ্টে ফেলা; চিন্তায় ফেলা; টেনশনে ফেলা।

اَلسَّرَائِرُ : **গোপন বিষয়সমূহ**। এটি سَرِيْرَةٌ-এর বহুবচন। একবচনের ى কে বহুবচনে ء দ্বারা পরিবর্তন করে দুই সাকিন একত্র হওয়ায় তাকে যের দেওয়া হয়েছে।

আয়াত : ১১

اَلرَّجْع : **বৃষ্টি; বারি**। প্রত্যাবর্তন করা; ফিরে আসা; পুনরায় আসা। এটি বাব ضَرَبَ -এর মাসদার। কোনো কোনো মুফাসসিরের মতে এ আয়াতে ذَاتِ الرَّجْعِ - এর অর্থ– করেছেন 'প্রত্যাবর্তনকারী আসমান'। আসমানকে ذَاتِ الرَّجْعِ বলার কারণ হলো তা তার প্রতিটি প্রদক্ষিণ ও পরিভ্রমণ যেখান থেকে শুরু করে সেখানে আবার ফিরে আসে। –(আনওয়ারুত্‌তানযীল খ. ৩, পৃ. ৩৬৮) কিন্তু অধিকাংশ মুফাসসির ও ভাষাবিদগণের মতে এটি এখানে তার মাসদারী অর্থে ব্যবহৃত হয়নি; বরং বৃষ্টি অর্থে ব্যবহৃত হয়েছে। আবূ উবায়দা (র.) বলেন– رَجْع বৃষ্টির অপর নাম। ইবনুল আরাবী (র.) বলেন – كُلُّ مَطَرٍ يَنْبُتُ فِى الْاَرْضِ فَهُوَ رَجْعٌ (যে বৃষ্টি মাটিতে পতিত হয়, সেটাকে رَجْع বলা হয়।) তবে বৃষ্টির নাম কেন رَجْع হলো আল্লামা কাজী বায়যাভী -এর দুটি কারণ বর্ণনা করেছেন। যথা–

১. لِاَنَّ اللّٰهَ يَرْجِعُهُ وَقْتًا فَوَقْتًا اَوْ لِمَا قِيْلَ مِنْ اَنَّ السَّحَابَ يَحْمِلُ الْمَاءَ مِنَ الْبِحَارِ ثُمَّ يَرْجِعُهُ اِلَى الْاَرْضِ (কারণ এই যে, আল্লাহ তা'আলা সময় সময় বৃষ্টি প্রত্যাবর্তন করতে থাকে।

২. অথবা এ জন্য যে, মেঘমালা সমুদ্র থেকে পানি ধারণ করে অতঃপর ভূমিতে তা ফিরিয়ে দেয়।) হযরত ইবনে আব্বাস (র.) থেকে বর্ণিত আছে, رجع অর্থ– বৃষ্টি। শাহ ওয়ালিউল্লাহ এবং শাহ রফীউদ্দিন (র.) এটিকেই গ্রহণ করেছেন।

আয়াত : ১২

اَلصَّدْعِ : **বিদীর্ণ হয়**। এটি বাব فَتَحَ -এর মাসদার এখানে صَدْع দ্বারা উদ্দেশ্য হলো ভূমি বিদীর্ণ করে তা থেকে ফসল উদগত হওয়া।

আয়াত : ১৩

قَوْلٌ فَصْلٌ : **মীমাংসাকারী বাণী**। فَصْل অর্থ– হক ও বাতিলের মাঝে পার্থক্য করা।

আয়াত : ১৪

اَلْهَزْل : **নিরর্থক কথা**। এটি বাব ضَرَبَ ও سَمِعَ -এর মাসদার। অর্থ– তামাশা করা; ক্রীড়া-কৌতুক করা; রসিকতা করা।

আয়াত : ১৫

يَكِيْدُوْنَ : **তারা ষড়যন্ত্র করে**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **مضارع معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ى ـ د) মাসদার اَلْكَيْدُ অর্থ– ষড়যন্ত্র করা; চক্রান্ত করা। ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْر ও اِسْتِدْرَاج -এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

আয়াত : ১৬

اَكِيْدُ : **আমি কৌশল গ্রহণ করব**। সীগাহ **واحد متكلم** বহছ **مضارع معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ى ـ د) মাসদার اَلْكَيْدُ অর্থ– প্রতারণা করা; কৌশল অবলম্বন করা; ষড়যন্ত্র করা; ধোঁকা দেওয়া; চালাকি করা।

আয়াত : ১৭

مَهِّلْ : **তুমি অবকাশ দাও**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব تَفْعِيْل মাসদার اَلتَّمْهِيْلُ মূলবর্ণ (م ـ ه ـ ل) অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া; ঢিল দেওয়া।

رُوَيْدًا : **কিছুকাল; অল্প সময়**। ইসমে ফে'ল। মূলত এটি اَرْوَادٌ -এর তাসগীর। অর্থ– অল্প সুযোগ দেওয়া; অবকাশ দেওয়া; অল্প সময় দেওয়া। যেমন বলা হয়– اِمْشِ مَشْيًا رُوَيْدًا তুমি ধীরে চলো; তুমি ধীরে অগ্রসর হও; তাড়াহুড়া করো না। আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) লিখেছেন– رُوَيْدًا শব্দটি ইসম, যা সর্বদা تَصْغِيْر –ই হবে।

সূরা আ'লা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১৯, রুকূ' : ১

আয়াত : ১

سَبِّحِ : **তুমি মহিমা ঘোষণা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা। মহিমা ঘোষণা করা।

اَلْاَعْلٰى : **সুমহান; প্রবল**। বিজয়ী। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনস ناقص واوى মাসদার اَلْعُلُوُّ অর্থ– উঁচু হওয়া; উত্তম হওয়া।

আয়াত : ২

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

سَوّٰى : **তিনি সুঠাম করেছেন; পূর্ণাঙ্গ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সুঠাম করা; সমান করা; বরাবর করা; পূর্ণাঙ্গ করা; একই জিনিস করা।

আয়াত : ৩

قَدَّرَ : **তিনি পরিমিত বিকাশ সাধন করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ– স্থির করা; নির্ধারণ করা; পরিমিত বিকাশ সাধন করা; নির্দিষ্ট করা।

هَدٰى : **তিনি পথনির্দেশ করেন; সৎপথে পরিচালিত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া; সৎপথের আদেশ দেওয়া।

আয়াত : ৪

اَخْرَجَ : **তিনি উৎপাদন করেন; তিনি বের করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; উৎপাদন করা।

اَلْمَرْعٰى : **তৃণাদি**। ظرف مكان ; চারণভূমি। পশু ও মানুষের খাবার। অর্থাৎ ঘাস, ফল ইত্যাদি। মূলত رَعْى অর্থ– প্রাণীকে তত্ত্বাবধান করা; দেখাশুনা করা; হেফাজত করা। হেফাজত তিনভাবে হতে পারে। যথা–

১. খাবারের মাধ্যমে।
২. শত্রুকে প্রতিহত করার মাধ্যমে।
৩. সুব্যবস্থাপনার মাধ্যমে।

আয়াত : ৫

غُثَاءً : **তরঙ্গ-তাড়িত আবর্জনাসদৃশ**। ঢলবাহিত খড়কুটা ও ফেনা। হাঁড়ির ফেনা। غُثَاءٌ তাশদীদযোগেও ব্যবহার হয়। –(তাজ, কামূস, মুনতাহাল আরব, মাজ মাউল বিহার, আল মুফরাদাত) বাব نَصَرَ থেকে আসলে অর্থ হবে যেমন– غَثَا يَغْثُوْ غَثْوًا আবার বাব ضَرَبَ থেকে আসলে যেমন– غَثَا يَغْثِىْ غَثَيَانًا আসে। ضَرَبَ থেকে অর্থ হলো অন্তরের নিকৃষ্টতা। –(মুফরাদাত)

اَحْوٰى : **ধূসর। সবুজাভ কৃষ্ণবর্ণ; কালচে লাল**। এটি حوة থেকে উদ্‌গত। অর্থ– ঈষৎ সবুজমিশ্রিত কালো অথবা ঈষৎ কালোমিশ্রিত লাল রং।

আয়াত : ৬

سَنُقْرِئُكَ : **নিশ্চয় আমি তোমাকে পাঠ করাব**। سنقرأ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ أ) মাসদার اَلْاِقْرَاءُ অর্থ– পাঠ করানো; তেলাওয়াত করানো।

لَا تَنْسٰى : **তুমি বিস্মৃত হবে না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ- বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

আয়াত : ৮

نُيَسِّرُكَ : **আমি তোমার জন্য সুগম করে দিব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلتَّيْسِيْرُ অর্থ- সহজ করা; সুগম করা।

اَلْيُسْرٰى : **সহজ পথ**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل; পুংলিঙ্গ একবচন يُسْر মাসদার اَلْيُسْرُ সহজ হওয়া। يُسْرٰى দ্বারা শরিয়ত বা সৎকর্ম উদ্দেশ্য। -(ইবনে আব্বাস) অথবা এমন সহজ সরল পথ ও পন্থা উদ্দেশ্য যা আল্লাহর সন্তুষ্টি অর্জনের মাধ্যম। -(মা'আলিম)

আয়াত : ৯

ذَكِّرْ : **তুমি উপদেশ দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّذْكِيْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- উপদেশ দেওয়া; সৎ হুকুম দেওয়া।

ذِكْرٰى : **উপদেশ**। এটি বাব نَصَرَ-এর মাসদার। অর্থ- উপদেশ দেওয়া; স্মরণ; ওয়াজ; নসিহত। অধিক স্মরণের জন্য ذِكْرٰى বলা হয়। এটি ذِكْرٌ থেকে অধিক অলঙ্কারপূর্ণ।

আয়াত : ১১

يَتَجَنَّبُ : **সে উপেক্ষা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّجَنُّبُ মূলবর্ণ (ج ـ ن ـ ب) অর্থ- বিরত থাকা; উপেক্ষা করা; এড়িয়ে চলা।

اَلْاَشْقٰى : **নিতান্ত হতভাগ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ق ـ ى) মাসদার اَلشَّقَاوَةُ অর্থ- দুঃখ-কষ্ট পাওয়া; হতভাগা হওয়া; দুর্ভাগা হওয়া।

আয়াত : ১২

يَصْلَى : **সে প্রবেশ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلصَّلْىُ মূলবর্ণ (ص ـ ل ـ ى) অর্থ- প্রবেশ করা।

اَلْكُبْرٰى : **মহা; বড়**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচন- كُبَرٌ

আয়াত : ১৩

لَا يَمُوْتُ : **সে মরবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মৃত্যুবরণ করা; মারা যাওয়া।

لَا يَحْيٰى : **সে বাঁচবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْحَىُّ অর্থ- জীবিত থাকা।

আয়াত : ১৪

قَدْاَفْلَحَ : **নিশ্চয় সাফল্য লাভ করবে; সফলকাম হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب বাব اِفْعَالْ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ- সফল হওয়া; কৃতকার্য হওয়া।

مَنْ تَزَكّٰى : **যে পবিত্রতা অর্জন করে**। من মাউসূলাহ। تَزَكّٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلتَّزَكِّىْ অর্থ- পবিত্র হওয়া; আত্মশুদ্ধি করা।

আয়াত : ১৬

تُؤْثِرُوْنَ : **তোমরা প্রাধান্য দিবে; প্রাধান্য দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف; বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ ث ـ ر) মাসদার اَلْاِيْثَارُ অর্থ- প্রাধান্য দেওয়া।

আয়াত : ১৯

صُحُفِ : **গ্রন্থ; লিপিসমূহ**। صَحِيْفَةٌ-এর বহুবচন। শাব্দিক অর্থ- লিপিবদ্ধ পৃষ্ঠাসমূহ। এটি গ্রন্থ অর্থেও ব্যবহৃত হয়। -(লিসানুল আরব)

সূরা গাশিয়া : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২৬, রুকূ' : ১

আয়াত : ১

هَلْ : **কি? প্রশ্নবোধক অব্যয়**। ইতিবাচকের তলবের স্বীকৃতির জন্য তা গঠন করা হয়েছে। (বিস্তারিত সূরা দাহ্‌র, আয়াত : ১ দ্রষ্টব্য)

حَدِيْثُ : **কথা**। একবচন; বহুবচন– اَحَادِيْثُ অর্থ– বাণী; কথা।

اَلْغَاشِيَةِ : **কিয়ামত; সর্বগ্রাসী শাস্তি**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْغَشَاءُ মূলবর্ণ (غ ـ ش ـ ى) অর্থ– বেষ্টন করা; ঘিরে ফেলা। এখানে কিয়ামত উদ্দেশ্য।

আয়াত : ২

خَاشِعَةٌ : **অবনত/ বিনয়ী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ش ـ ع) মাসদার اَلْخُشُوْعُ অর্থ– ক্ষীণ হওয়া; স্তব্ধ হওয়া; বিনয়ী হওয়া; উষর ও শুষ্ক হওয়া।

আয়াত : ৩

نَاصِبَةٌ : **ক্লান্ত; বিপদগ্রস্ত; অক্ষম**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ ও نَصَرَ মাসদার اَلنَّصَبُ মূলবর্ণ (ن ـ ص ـ ب) অর্থ– অক্ষম হওয়া; ক্লান্ত হওয়া।

আয়াত : ৪

تَصْلٰى : **সে প্রবেশ করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلصَّلْىُ মূলবর্ণ (ص ـ ل ـ ى) অর্থ– প্রবেশ করা।

حَامِيَةً : **জ্বলন্ত; প্রজ্বলিত**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ى) মাসদার اَلْحَمْىُ অর্থ– প্রজ্বলিত হওয়া; গরম হওয়া।

আয়াত : ৫

تُسْقٰى : **পান করানো হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মাসদার اَلسَّقْىُ মূলবর্ণ (س ـ ق ـ ى) জিনস ناقص يائى অর্থ– পান করানো; পরিতৃপ্ত করা।

عَيْنٍ : **প্রস্রবণ; ঝরনা**। এটি একবচন, বহুবচন– عُيُوْنٌ ও اَعْيُنٌ অর্থ– চক্ষু; ঝরণা; প্রস্রবণ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেক অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) বলেন, এর মূল অর্থ– চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তার মতে ঝরনাকে এ জন্য عَيْنٌ বলা যে, তার চক্ষুর সাথে সাদৃশ্য রায়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

اٰنِيَةٍ : **পাত্র**। اٰنِيَةٌ হলো اِنَاءٌ-এর বহুবচন। অর্থ– পাত্র।

আয়াত : ৬

ضَرِيْعٍ : **কণ্টকময় গুল্ম**। সহীহ বুখারীতে 'বর্ণিত আছে যে, এটি এক প্রকার ঘাস যাকে شُبْرُقٌ বলা হয়। এটাই যখন শুকিয়ে যায় তখন তাকে ضَرِيْعٌ বলা হয় এবং এটা বিষ। ইমাম খলীল (র.) বলেন, এটা একপ্রকার দুর্গন্ধযুক্ত ঘাস যাকে সমুদ্র তীরে নিক্ষেপ করে। –(উমদাতুল কারী) মুজাহিদ (র.) বলেন, এটা একপ্রকার কাঁটাযুক্ত ঘাস যা মাটির সাথে মিশে থাকে। এটা সর্বনিকৃষ্ট খাবার। কালবী (র.) বলেন, এ ঘাস যখন শুকিয়ে যায় তখন পশুও এর কাছে ঘেষে না। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, ضَرِيْعٌ হলো জাহান্নামে কাঁটার ন্যায় একপ্রকার বৃক্ষ, যা তলোয়ার চেয়ে অধিক তিক্ত, মুরদারের চেয়ে অধিক দুর্গন্ধ, আগুনের চেয়ে অধিক উষ্ণ।

আয়াত : ৭

لَا يُسْمِنُ : **(যা তাদেরকে) পুষ্ট করবে না**। সীগাহ نفى فعل مضارع معروف বহছ واحد مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ن) মাসদার اَلْاِسْمَانُ অর্থ– মোটা করা; পুষ্ট করা।

আয়াত : ৮

نَاعِمَةٌ : **আনন্দোজ্জ্বল**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ع ـ م) মাসদার اَلنُّعُوْمَةُ অর্থ– আনন্দ হওয়া; সতেজ হওয়া; সজীব হওয়া।

আয়াত : ১১

لَاغِيَةً : **অসার বাক্য**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ل ـ غ ـ و) মাসদার اَللَّغْوُ অর্থ– অনর্থক কথা বলা; অহেতুক কাজ করা।

আয়াত : ১৩

سُرُرٌ : **আসনসমূহ**। বহুবচন, একবচন– سَرِيْرٌ ইমাম রাগেব (র.) লিখেছেন, যার উপর স্বাচ্ছন্দ্যে বসা যায় তাকে سَرِيْرٌ বলা হয়। কেননা এটা বিত্তবানদের কাছেই থাকে। এর বহুবচন سُرُرٌ ও اَسِرَّةٌ আসে।

مَّرْفُوْعَةٌ : **সমুচ্চ**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ– উঁচু করা।

আয়াত : ১৪

اَكْوَابٌ : **পানপাত্রসমূহ**। বহুবচন, একবচন– كُوْبٌ অর্থ– মদের পেয়ালা; পানপাত্র।

مَّوْضُوْعَةٌ : **প্রস্তুত; রক্ষিত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– রাখা; স্থাপন করা।

আয়াত : ১৫

نَمَارِقُ : **উপাধান; বালিশ**। এটি نَمْرَقَةٌ-এর বহুবচন। অর্থ– জিন; পালঙ্ক; স্বল্প বৃষ্টিময় মেঘ। –(কামূস) তোশক। –(থানভী) হেলান দেওয়ার তাকিয়া। –(মহল্লী, রূহুল মা'আনী)

مَصْفُوْفَةٌ : **সারিসারি; সারিবদ্ধ**। সীগাহ واحد مونث বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ ف ـ ف) মাসদার اَلصَّفُّ অর্থ– সারি বাধা; সারিবদ্ধ হওয়া।

আয়াত : ১৬

زَرَابِيُّ : **গালিচা**। এটি زَرْبِيٌّ-এর বহুবচন, যা একপ্রকার সজ্জিত বস্ত্র। কামূস গ্রন্থকার লিখেছেন– زَرَابِيُّ হলো গালিচা ও বিছানা অথবা এমন বস্তু যা বিছানো হয় এবং তাতে হেলান দেওয়া হয়।

مَبْثُوْثَةٌ : **বিস্তৃত; যা বিছানো হয়েছে**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلْبَثُّ মূলবর্ণ (ب ـ ث ـ ث) অর্থ– বিক্ষিপ্ত করা; বিছানো।

আয়াত : ১৯

نُصِبَتْ : **স্থাপন করা হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসদার اَلنَّصْبُ মূলবর্ণ (ن ـ ص ـ ب) অর্থ– স্থাপন করা: খাড়া করা; প্রতিষ্ঠিত করা।

আয়াত : ২০

سُطِحَتْ : **তা বিস্তৃত করা হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মাসদার اَلسَّطْحُ মূলবর্ণ (س ـ ط ـ ح) অর্থ– বিছানো; বিস্তৃত করা।

আয়াত : ২১

مُذَكِّرٌ : **উপদেশদাতা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ– উপদেশ দেওয়া।

আয়াত : ২২

مُصَيْطِرٍ : **সমুদয়ের নিয়ন্তা; দায়িত্বশীল; পর্যবেক্ষক**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فعلل মূলবর্ণ (ص ـ ى ـ ر) মাসদার اَلصَّيْطَرَةُ; যা মূলত سَيْطَرَةٌ ছিল। অর্থ– নিযুক্ত হওয়া।

আয়াত : ২৩

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّى মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلّٰى যখন صلة ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয়, তখন এর অর্থ হয়– কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন– وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ (তোমাদের মধ্য হতে তাদের সাথে বন্ধুত্ব করে, সে তাদের অন্তর্ভুক্ত) وَالَّذِىْ تَوَلّٰى كِبْرَهٗ (যে এ বিশাল কাজকে উঠিয়েছে) فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ (তোমার কাছে এই প্রত্যাশা যে, তুমি গভর্নর হবে)। আর যদি عَنْ দ্বারা মুতাআদ্দী হয় عَنْ শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক তখন অর্থ হবে– মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দুভাবে হতে পারে। আর তা হচ্ছে– সেখান থেকে সরে যাওয়া।

সূরা ফাজ্‌র : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩০, রুকূ' : ১

আয়াত : ১

وَالْفَجْرِ : **শপথ উষার**। وَ কসমের জন্য। اَلْفَجْرِ ইসমে ফে'ল ও মাসদার। বিদীর্ণ হওয়া; ফেটে যাওয়া; ভোরের আলো প্রকাশিত হওয়া। ফজর উদিত হওয়া। এ অর্থেই এটি কুরআনে ব্যবহার হয়েছে। এখানে فَجْر দ্বারা উদ্দেশ্য হলো–

১. প্রত্যেক দিনের প্রভাতকাল উদ্দেশ্য। –(হযরত আলী, ইবনে আব্বাস, ইবনে যুবায়ের)
২. মহররম মাসের প্রথম তারিখের প্রভাতকাল। –(কাতাদাহ)
৩. অথবা জিলহজ্ব মাসের দশম তারিখের প্রভাত। –(মুজাহিদ ও ইকরিমা)

আয়াত : ২

لَيَالٍ : **রজনী**। বহুবচন, একবচন– لَيْلَةٌ ও لَيْلٌ অর্থ– রাত; রাত্রি; রজনী। এখানে لَيَالٍ عَشْرٍ (দশ রাত্রি) দ্বারা জিলহজ্জ মাসের প্রথম দশ রাত্রি উদ্দেশ্য। যার ফজিলত সম্পর্কে হাদীসে রয়েছে যে, এর প্রত্যেক দিনের রোজা এক বছরের রোজার সমান এবং এতে প্রত্যেক রাত্রির ইবাদত শবে কদরের ইবাদতের সমতুল্য। –(মাযহারী)

আয়াত : ৩

الشَّفْعِ وَالْوَتْرِ : **জোড় ও বিজোড়**। شَفْعٌ অর্থ– জোড়; আর وَتْرٌ অর্থ– বেজোড়। এই জোড় ও বেজোড় বলে কি বুঝানো হয়েছে আয়াত থেকে তা জানা যায় না। তাই এ ব্যাপারে তাফসীরবিদগণের উক্তি অসংখ্য। কিন্তু হযরত জাবের (রা.) হতে বর্ণিত হাদীসে রাসূলুল্লাহ ﷺ বলেন– اَلْوَتْرُ يَوْمُ عَرَفَةَ وَالشَّفْعُ (وَتْر হলো আরাফার দিন আর شَفْع হলো يَوْمُ النَّحْرِ নাহর তথা কুরবানির দিন) আবার কোনো তাফসীরবিদ বলেন– জোড় বলে সমগ্র সৃষ্টজগৎ বোঝানো হয়েছে। কেননা আল্লাহ তা'আলা সমস্ত সৃষ্টিকে জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছেন। আল্লাহ বলেন– وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ; এর বিপরীত বেজোড় হলো একমাত্র আল্লাহ তা'আলার সত্তা– هُوَ اللّٰهُ اَحَدٌ اَللّٰهُ الصَّمَدُ

আয়াত : ৪

يَسْرِ : **তা গত হতে থাকে; তা চলতে থাকে**। এটি মূলত يَسْرِىْ ছিল। সীগাহ مضارع واحد مذكر غائب বহছ مضارع বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ر ـ ى) মাসদার معروف اَلسَّرْىُ অর্থ– চলা; রাত্রিতে চলা। অর্থাৎ শপথ রাত্রির যখন তা চলতে থাকে তথা খতম হতে থাকে।

আয়াত : ৫

لِذِىْ حِجْرٍ : **বোধসম্পন্ন ব্যক্তিদের জন্য**। ل হরফে জার; ذِى ওয়ালা। حِجْر-এর শাব্দিক অর্থ– বাধা দেওয়া। মানুষের বিবেকও মানুষকে মন্দ ও ক্ষতিকর বিষয়াদি থেকে বাধাদান করে, তাই حِجْر-এর অর্থ বিবেকও হয়ে থাকে। এখানে তাই বোঝানো হয়েছে। এটি মাসদার যা مَحْجُوْرٌ তথা مفعول অর্থে ব্যবহৃত হয়েছে। واحد ও جمع এবং مذكر ও مؤنث-এর জন্য সমানভাবে ব্যবহার হয়। বাব نَصَرَ অর্থ– বাধাপ্রদান করা; নিষেধ করা। (বিস্তারিত সূরা আন'আম, আয়াত : ১৩৮ দ্রষ্টব্য)

আয়াত : ৭

اِرَمَ : **ইরাম**। ইরাম শব্দের তাফসীর সম্পর্কে কয়েক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে বিশুদ্ধতম মত হলো এখানে ইরাম দ্বারা একটি বংশ ও গোত্র উদ্দেশ্য। যাদের পূর্বপুরুষ হলো اِرَمُ بْنُ سَامِ بْنِ نُوْحٍ; কুরআনে যাকে عَادُ اُوْلٰى বলা হয়েছে। اِرَمٌ শব্দটি হয়ত علميت ও تانيث অথবা عجميت ও علميت-এর কারণে غير منصرف;

ذَاتِ الْعِمَادِ : **সুউচ্চ প্রাসাদের অধিকারী**। عِمَادٌ ও عَمُوْدٌ শব্দের অর্থ– স্তম্ভ। তারা অত্যন্ত দীর্ঘকায় জাতি ছিল বিধায় তাদেরকে ذَاتِ الْعِمَادِ বলা হয়েছে। এই জাতি দৈহিক গঠন ও শক্তি সাহসে অন্য সব জাতি থেকে স্বতন্ত্র ছিল। কুরআনে বলা হয়েছে–

لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِى الْبِلَادِ

আবার কোনো কোনো তাফসীরবিদ বলেন : ارم হলো আ'দ তনয় শাদ্দাদ নির্মিত বেহেশতের নাম। এরই

বিশেষণ হচ্ছে– ذَاتِ الْعِمَادِ ; কেননা এই অনুপম প্রাসাদটি বহু স্তম্ভের উপর দণ্ডায়মান এবং স্বর্ণ-রৌপ্য ও মণিমুক্তা দ্বারা নির্মিত ছিল।

আয়াত : ৯

جَابُوا : **তারা কর্তন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْجَوْبُ অর্থ– কাটা; কর্তন করা; খোদাই করা।

الصَّخْرَ : **শিলাখণ্ড; প্রস্তর**। বহুবচন, একবচন– صَخْرَةٌ অন্য বহুবচন– صُخُورٌ

الْوَادِ : **উপত্যকা**। মূলত وَادِىْ ছিল। এটি একবচন, বহুবচন– اَوْدِيَةٌ

আয়াত : ১০

الْاَوْتَادِ : **কীলক**। এটি وَتَدٌ-এর বহুবচন। ذِى الْاَوْتَادِ অর্থ– কীলক ওয়ালা। ফেরাউনকে কীলকওয়ালা বলার কয়েকটি কারণ বর্ণনা করা হয়েছে। যথা–

১. ফেরাউন যার প্রতি অসন্তুষ্ট হতো তার হস্তপদ চারটি কীলকে বেঁধে অথবা চার হাত-পায়ে কীলক মেরে রৌদ্রে শুইয়ে দিত এবং তার দেহে সর্প-বিচ্ছু ছেড়ে দিত।

২. এখানে কীলক দ্বারা সৈনিকদের শিবির উদ্দেশ্য, যা বড় বড় কীলক দ্বারা ভূমিতে স্থাপন করা হয়। ফেরাউনের অনেক সৈনবাহিনী ছিল বিধায় তাকে এ বিশেষণে ভূষিত করা হয়েছে।

আয়াত : ১১

طَغَوْا : **তারা সীমালঙ্ঘন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلطُّغْيَانُ মূলবর্ণ (ط ـ غ ـ ى) অর্থ– অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন– طَغٰى يَطْغُوْ طُغْيَانًا ; আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ১২

اَكْثَرُوْا : **তারা বৃদ্ধি করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْثَارُ মূলবর্ণ (ك ـ ث ـ ر) অর্থ– অধিক করা; বৃদ্ধি করা।

আয়াত : ১৩

صَبَّ : **তিনি ঢাললেন; আঘাত হানলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ ب ـ ب) মাসদার اَلصَّبُّ অর্থ– উপর থেকে ঢেলে দেওয়া। শব্দটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহার হয়। لازم হলে বাব ضَرَبَ থেকে হবে এবং অর্থ হবে– প্রবাহিত করা। مُتَعَدِّىْ হলে বাব نَصَرَ থেকে হবে এবং অর্থ হবে– ঢেলে দেওয়া; প্রবাহিত করা। কুরআনে متعدى হিসেবেই ব্যবহৃত হয়েছে।

سَوْطَ : **কষাঘাত**। চামড়ার চাবুক। এটি একবচন, বহুবচন– اَسْوَاطٌ ও سِيَاطٌ যার মূল অর্থ কোনো বস্তু পরস্পর মিলে একাকার হওয়া। চাবুককে سَوْط বলা হয় এ কারণে যে, তার ফিতাগুলো পরস্পর মিলে থাকে। ইবনে দুরাইদ বলেন, যখন চাবুক মারা হয় তখন তা গোশতকে রক্তের সাথে মিশিয়ে দেয় তাই তাকে سوط বলা হয়। –(মুফরাদাত)

আয়াত : ১৪

الْمِرْصَادِ : **ওঁৎ পাতার স্থান; সতর্ক দৃষ্টি রাখার স্থান**। ظرف مكان একবচন, বহুবচন– مَرَاصِدُ; সুতরাং যেভাবে ওঁৎ পেতে গোপন স্থানে অবস্থানকারী থেকে সেদিক দিয়ে অতিক্রমকারী শত্রু বাঁচতে পারে না, উক্ত প্রহরী থেকে শত্রু গোপন থাকে না। তদ্রূপ আল্লাহও বান্দাদের সকল আমল সম্পর্কে সতর্ক দৃষ্টি রাখেন।

আয়াত : ১৫

ابْتَلٰهُ : **তিনি তাকে পরীক্ষা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْاِبْتِلَاءُ অর্থ– পরীক্ষা করা; বিপদে ফেলা; কষ্টে ফেলা।

نَعَّمَهُ : **তিনি তাকে অনুগ্রহ করেছেন**। نعم সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ع ـ م) মাসদার اَلتَّنْعِيْمُ অর্থ– অনুগ্রহ করা; নিয়ামত দান করা।

আয়াত : ১৬

قَدَرَ : **তিনি সংকুচিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقَدْرُ অর্থ– সামর্থ্য রাখা; শক্তি রাখা। জীবিকা সংকীর্ণ করা। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

اَهَانَنِ : **তিনি আমাকে হীন করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و . ه . ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– হেয় করা; অপমান-অপদস্থ করা। মূলত শব্দটি اَهَانَنِىْ ছিল। শেষের ى পড়ে গেছে।

আয়াত : ১৭

لَا تُكْرِمُوْنَ : **তোমরা সম্মান করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك . ر . م) মাসদার اَلْاِكْرَامُ অর্থ– সম্মানিত করা; সম্মান দেওয়া।

আয়াত : ১৮

لَا تَحَاضُّوْنَ : **তোমরা একে অপরকে উৎসাহিত করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُحَاضَّةُ মূলবর্ণ (ح . ض . ض) অর্থ– একে অপরকে উৎসাহিত করা; উদ্বুদ্ধ করা।

আয়াত : ১৯

اَلتُّرَاثَ : **উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ; মিরাশির; উত্তরাধিকার**। মূলত শব্দটি وَارِثٌ ছিল। তা কে واو দ্বারা পরিবর্তন করা হয়েছে।

لَمًّا : **সম্পূর্ণরূপে**। এটি বাব نَصَرَ-এর মাসদার মূলবর্ণ (ل . م . م) অর্থ– নিজের ও অন্যের অংশ খেয়ে ফেলা। আবূ উবাইদ বলেন– لَمَمْتُ اَجْمَعَ (আমি সবকিছু সাবাড় করেছি।) لم অর্থ– জমা করা; সংশোধন করা। আয়াতে প্রথম অর্থ উদ্দেশ্য। কেননা তারা এতিম ও মহিলাদেরকে মিরাশের অংশ দিত না; তাদের অংশও নিজেদের অংশের সাথে মিলিয়ে খেয়ে ফেলত।

আয়াত : ২০

تُحِبُّوْنَ : **তোমরা ভালোবাস; তোমরা পছন্দ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح . ب . ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– পছন্দ করা; ভালোবাসা; মহব্বত করা।

جَمًّا : **অতিশয়; প্রচুর; অনেক**। এটি বাব نَصَرَ ও ضَرَبَ-এর মাসদার যে কোনো কিছুর আধিক্য বুঝানোর জন্য ব্যবহার হয়।

আয়াত : ২১

اِذَا دُكَّتِ : **যখন তা চূর্ণ করা হবে**। সীগাহ دُكَّتْ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د . ك . ك) মাসদার اَلدَّكُّ অর্থ– চূর্ণ-বিচূর্ণ করা; ধসিয়ে সমতল করা। মূলত دك অর্থ– কোমল ও সমতল ভূমি। যেহেতু তা চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়, তাই তার মাসদারের মধ্যে এ অর্থ গ্রহণ করা হয়েছে।

আয়াত : ২৩

جِاْىءَ : **তাকে আনা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ج . أ . ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা। এর সেলা با এলে অর্থ হয়– আনা; নিয়ে আসা।

আয়াত : ২৪

قَدَّمْتُ : **আমি পূর্বে প্রেরণ করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق . د . م) মাসদার اَلتَّقْدِيْمُ অর্থ– অগ্রে পেশ করা; পূর্বে প্রেরণ করা।

আয়াত : ২৫

لَا يُعَذِّبُ : **সে শাস্তি দিবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع . ذ . ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ– শাস্তি দেওয়া।

আয়াত : ২৬

لَا يُوْثِقُ : **তাকে বাঁধা হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْثَاقُ মূলবর্ণ (و . ث . ق) অর্থ– বাঁধা; দৃঢ় করা।

আয়াত : ২৮

مَرْضِيَّةً : **সন্তোষভাজন**। সীগাহ اسم واحد مؤنث বহছ مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ر . ض . ى) মাসদার اَلرِّضَاءُ অর্থ– সন্তুষ্ট হওয়া।

আয়াত : ২৯

اُدْخُلِىْ : **তুমি প্রবেশ কর**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ (د . خ . ل) অর্থ– প্রবেশ করা।

সূরা বালাদ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২০, রুকূ‘ : ১

আয়াত : ১

لَاۤ اُقْسِمُ : **আমি শপথ করছি।** এখানে لا অব্যয়টি অতিরিক্ত। কারো বিরোধী মনোভাব খণ্ডন করার জন্য শপথ করা হলে শপথের পূর্বে অতিরিক্ত لا ব্যবহৃত হয়। আরবি বাক-পদ্ধতিতে এই ব্যবহার প্রসিদ্ধ ও সুবিদিত। (বিস্তারিত সূরা কিয়ামা, আয়াত : ১ দ্রষ্টব্য)

আয়াত : ২

حِلٌّ : **অধিবাসী।** حِلٌّ শব্দের দুটি অর্থ হতে পারে। যথা– ১. এটি حُلُوْلٌ থেকে উদ্ভূত। যার অর্থ– অবতরণ করা; অবস্থান করা। সে হিসেবে এর অর্থ হবে অবস্থানকারী; অধিবাসী। আয়াতের মর্মার্থ এই যে, মক্কা নগরী নিজেও সম্মানিত ও পবিত্র; অধিকন্তু আপনিও এ নগরীতে বসবাস করেন। সুতরাং আপনার বসবাসের কারণে এ নগরীর মর্যাদা আরো বৃদ্ধি পেয়েছে। অথবা এটা حَلَّتْ থেকে উদ্ভূত। অর্থ– হালাল হওয়া। সে হিসেবে আয়াতের মর্মার্থ হবে আপনার জন্য মক্কার হেরেমে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা হালাল করে দেওয়া হবে (সীমিত সময়ের জন্য)।

আয়াত : ৪

كَبَدٍ : **কষ্ট-ক্লেশ।** এটি ইসম একবচন, বহুবচন– اَكْبَادٌ ও كَبُوْدٌ ; كَابِدٌ পরিশ্রমী; মেহনতী। এ আয়াতে বলা হয়েছে, মানুষকে সৃষ্টি করা হয়েছে শ্রমনির্ভররূপে। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, মানুষ গর্ভাশয়ে আবদ্ধ থাকে, জন্মলগ্নে শ্রম ও কষ্ট স্বীকার করে, এরপর আসে জননীর দুগ্ধ পান করা ও তা ছাড়ার শ্রম। অতঃপর জীবিকাও জীবনোপকরণ সংগ্রহের কষ্ট, বার্ধক্যের কষ্ট; মৃত্যু, কবর, হাশর এবং তাতে আল্লাহর সম্মুখে জবাবদিহিতা, প্রতিদান ও শাস্তি। এ সমুদয় শ্রমের বিভিন্ন পর্যায়, যা মানুষের উপর দিয়ে অতিবাহিত হয়।

আয়াত : ৫

اَيَحْسَبُ : **তারা কি মনে করে?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। يَحْسَبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব حَسِبَ মাসদার اَلْحَسْبُ ও اَلْحِسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– মনে করা; ধারণা করা; অনুমান করা।

لَنْ يَّقْدِرَ : **ক্ষমতাবান হবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقَدْرُ অর্থ– সক্ষম হওয়া;।

আয়াত : ৬

اَهْلَكْتُ : **আমি নিঃশেষ করেছি; ধ্বংস করেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা।

لُبَدًا : **প্রচুর।** প্রচুর সম্পদ। মূলত لُبْدَةٌ, لُبَدٌ ও لُبَدَةٌ অর্থ– নামদা, আঠা, বা পানি ইত্যাদি লাগানো উল। ব্যাপক ব্যবহারের ফলে প্রচুর সম্পদের অর্থে ব্যবহৃত হতে থাকে। মক্কার সরদারগণ ইসলাম ও মুসলিমগণকে ধ্বংস করার জন্য প্রচুর অর্থ ব্যয় করত। আর তারা এ নিয়ে অহংকারও করত।

আয়াত : ৯

شَفَتَيْنِ : **দুই ওষ্ঠ; ওষ্ঠদ্বয়।** দ্বিবচন, একবচন– شَفَةٌ বহুবচন– شَفَوَاتٌ ও شَفَةٌ ; মূলত شَفْوَةٌ ছিল। واو কে বিলুপ্ত করে তার যবরকে পূর্বাক্ষরকে দেওয়া হয়েছে।

আয়াত : ১০

اَلنَّجْدَيْنِ : **দুটি পথ।** দ্বিবচন, একবচন– نَجْد বহুবচন– نُجُدٌ ও نُجُوْد - نِجَادٌ - اَنْجَادٌ - اَنْجُدٌ ; অর্থ– উচ্চভূমি; উজ্জ্বল রাস্তা; দক্ষ পথপ্রদর্শক। ঘরের শোভার সামগ্রী। এখানে দুটি পথ দ্বারা ভালো ও মন্দের রাস্তা উদ্দেশ্য।

আয়াত : ১১

اِقْتَحَمَ : **সে প্রবেশ করেছে; ঢুকে পড়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق ـ ح ـ م) মাসদার اَلْاِقْتِحَامُ অর্থ– না বুঝে শুনে নিজেকে কোনো কিছুতে ঠেলে দেওয়া।

اَلْعَقَبَةَ : **বন্ধুর গিরিপথ**। ঘাঁটি। একবচন, বহুবচন– عِقَابٌ ও عُقُبٌ অর্থ– পাহাড়ে উঠার কঠিন রাস্তা; কষ্টসাধ্য পথ।

আয়াত : ১৩

فَكُّ رَقَبَةٍ : **দাসমুক্তি**। فَكٌّ শব্দটি বাব نَصَرَ-এর মাসদার رَقَبَةٌ মুযাফ ইলাইহি। فَكٌّ মুযাফ رَقَبَةٌ শব্দটি একবচন, বহুবচন– رِقَابٌ যার অর্থ– গর্দান। কিন্তু এর দ্বারা পূর্ণ মানবদেহ উদ্দেশ্য নেওয়া হয়। পরিভাষায় দাস বা গোলামকে বলা হয়। ইমাম রাগেব লিখেছেন, গর্দানমুক্তি দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর শাস্তি থেকে নিজেকে এবং অন্যদেরকে মুক্ত করা।

আয়াত : ১৪

ذِىْ مَسْغَبَةٍ : **দুর্ভিক্ষ**। এটি ইসমে মাসদার। মাসদার হলো مَسْغَبَةٌ ও سُغُوْبٌ - سَغَابَةٌ - سَغَبٌ ; বাব سَمِعَ ও نَصَرَ ; অর্থ– ক্ষুধার্ত হওয়া। سَغَبٌ ক্ষুধার্ত। –(কামূস) سَغَبٌ (ক্ষুধা ও পিপাসা, যাতে ক্লান্তি অনুভব হয়।) –(রাগেব) ذِىْ অর্থ– ওয়ালা; مَسْغَبَةٌ অর্থ– ক্ষুধার্ত। উভয়টি মিলে অর্থ করা হয়– দুর্ভিক্ষ।

আয়াত : ১৫

ذَا مَقْرَبَةٍ : **আত্মীয়। নিকটাত্মীয়**। مَقْرَبَةٌ মাসদার ; مِنِّىْ অথ– নৈকট্য।

আয়াত : ১৬

مِسْكِيْنًا : **নিঃস্ব; মিসকিন**। একবচন, বহুবচন– مَسَاكِيْنُ অর্থ– অভাবগ্রস্ত; নিঃস্ব। যার নিকট কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

ذَا مَتْرَبَةٍ : **দারিদ্র্য-নিষ্পেষিত**। مَتْرَبَةٌ শব্দটি ইসম। অর্থ– ভীষণ নিঃস্বতা; দারিদ্র্য। এমন দারিদ্র্য যা তাকে ভূমিস্যাৎ করে দেয়, ফলে সে উঠতে সক্ষম হয় না।

আয়াত : ১৭

تَوَاصَوْا : **তারা একে অপরকে উপদেশ দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّوَاصِىْ মূলবর্ণ (و ـ ص ـ ى) অর্থ– একে অপরকে উপদেশ দেওয়া।

اَلصَّبْرِ : **ধৈর্যধারণ করা; ধৈর্যধারণ**। মাসদার বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– صَبْرٌ অর্থ– নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْرٌ একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْرٌ বলা হবে; এর বিপরীত হলো جَزَعٌ (অস্থিরতা, উৎকণ্ঠা)। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে شُجَاعَةٌ বা বীরত্ব, جُبْنٌ (ভীরুতা) হলো এর বিপরীত শব্দ। তেমনিভাবে বিষণ্নকারী বিপদের সময় হলে তাকে বলা হবে– رَحْبُ الصَّدْرِ (প্রসন্নতা; উদারতা); ضَجْرٌ (সঙ্কীর্ণতা) হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে كِتْمَانٌ (গোপন করা) ; আর مَذْلٌ (কথা ফাঁস করে দেওয়া) হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সব কাজকে صَبْرٌ নামে অভিহিত করেছেন।

اَلْمَرْحَمَةِ : **দয়া-দাক্ষিণ্য**। এটি বাব سَمِعَ থেকে মাসদারে মীমী মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ– দয়া দাক্ষিণ্য করা, করুণা প্রদর্শন করা, দয়া করা।

আয়াত : ১৮

اَصْحٰبُ الْمَيْمَنَةِ : **সৌভাগ্যশালী**। মূলত এর শাব্দিক অর্থ হলো দক্ষিণ পার্শ্বের সহচর। এটি একটি আরবি বাগধারা। যার ব্যাখ্যা করা হয়েছে– (সূরা ওয়াকিয়া : ৩৮ আয়াত) জান্নাতের বিবিধ সুখ-সম্ভোগের অধিকারী যারা তারাই দক্ষিণ পার্শ্বের সহচর। এ কারণে এর অর্থ করা হয়েছে 'সৌভাগ্যশালী'। আরবরা বাম হাতকে অমঙ্গল ও কুলক্ষণে মনে করত। আর ডান হাতকে মনে করত বরকত ও সৌভাগ্যের প্রতীক। তাই ডান পার্শ্বের লোকদেরকে সৌভাগ্যশালী বলা হয়।

আয়াত : ১৯

اَصْحٰبُ الْمَشْئَمَةِ : **হতভাগ্য**। اَلْمَشْئَمَةُ শব্দটি ইসম। এর আভিধানিক অর্থ হলো– বাম পার্শ্বের সহচর। সূরা ওয়াকিয়া : ৪২-৪৩ আয়াতে কুরআনুল কারীম এর ব্যাখ্যা করেছে এই যে, যারা জাহান্নামের নানাবিধ শাস্তিভোগ করবে তারাই বাম পার্শ্বের সহচর। তাই এস্থলে এর অর্থ করা হয়েছে 'হতভাগ্য'।

আয়াত : ২০

مُؤْصَدَةٌ : **অবরুদ্ধ**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْصَادُ অর্থ– অবরুদ্ধ করা।

সূরা শাম্‌স : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১৫, রুকূ' : ১

আয়াত : ১

اَلشَّمْسُ : **সূর্য**। একবচন, বহুবচন– شُمُوْسٌ অর্থ– সূর্য।

আয়াত : ২

اَلْقَمَرُ : **চন্দ্র**। একবচন, বহুবচন– اَقْمَارٌ অর্থ– চাঁদ; শশী। তৃতীয় তারিখ –(কামূস) বা তৃতীয় তারিখের পর থেকে পরবর্তী রাতসমূহের চাঁদকে قَمَرٌ বলা হয়। (রাগেব)

اِذَا تَلٰهَا : **যখন তা (সূর্যের) পরে আবির্ভূত হয়**। তার অনুসরণ করে; তার পিছন চলে। تَلٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نصر মূলবর্ণ(ت ـ ل ـ و) মাসদার اَلتَّلْوُ ও اَلتِّلَاوَةُ অর্থ– পিছনে চলা; অনুগামী হওয়া; অনুসরণ করা। মূলত تَلٰى-এর ব্যবহার কোনো কিছুর অনুসরণ করার জন্য হয়। অনুসরণ কখনো শারীরিকভাবে পিছনে হেঁটে হেঁটে হয়। আবার কখনো নির্দেশ মান্য করার দ্বারা হয়। এ অবস্থায় এর মাসদার আসে اَلتَّلْوُ ও اَلتُّلُوُّ; আবার অনুসরণ কখনো পাঠ ও চিন্তা-গবেষণার মাধ্যমে হয়। তার জন্য মাসদার আসে اَلتِّلَاوَةُ ; وَالْقَمَرِ اِذَا تَلٰهَا আয়াতে যে অনুসরণের কথা বলা হয়েছে তা মর্যাদাগত ও অবস্থানগতভাবে পিছনে হওয়া উদ্দেশ্য। কারণ চাঁদের আলো সূর্য থেকে গ্রহণ করা হয়, তাই চাঁদ সূর্যের স্থলাভিষিক্তের ন্যায়।

আয়াত : ৩

جَلّٰهَا : **সে তাকে প্রকাশ করে; আলোকিত করে**। جَلّٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ج ـ ل ـ ى) মাসদার اَلتَّجْلِيَةُ অর্থ– প্রকাশ করা; আলোকিত করা।

আয়াত : ৪

يَغْشٰى : **আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ى) মাসদার اَلْغِشْيَانُ অর্থ– আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া।

আয়াত : ৫

بَنٰهَا : **তিনি তা নির্মাণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْبِنَاءُ মূলবর্ণ (ب ـ ن ـ ى) অর্থ– নির্মাণ করা; বানানো। ها যমীর মাফউলে বিহী।

আয়াত : ৬

طَحٰهَا : **তিনি তা বিস্তৃত করেছেন; বিছিয়েছেন**। طَحٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ط ـ ح ـ و) মাসদার اَلطَّحْوُ অর্থ– বিস্তৃত করা; বিছানো; ছড়িয়ে দেওয়া। هَا যমীর মানসূব মুত্তাসিল মাফউলে বিহী।

আয়াত : ৭

سَوّٰى : **তিনি সুঠাম করেছেন; পূর্ণাঙ্গ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সুঠাম করা; সমান করা; বরাবর করা; পূর্ণাঙ্গ করা।

আয়াত : ৮

اَلْهَمَهَا : **তিনি তাকে জ্ঞান দান করেছেন**। اَلْهَمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ه ـ م) মাসদার اَلْاِلْهَامُ অর্থ– ঢেলে দেওয়া; জ্ঞান দান করা; আল্লাহর বাণী ও জ্ঞান-বুদ্ধি দান করা। ها যমীর মাফউলে বিহী।

فُجُوْرَ : **অসৎকর্ম**। বাব نَصَرَ শাব্দিক অর্থ– বাহনের পিঠের জিন একদিকে ঝুঁকে যাওয়া; মিথ্যা বলা; কাউকে মিথ্যাবাদী বলা; অবাধ্যতা করা; নাফরমানি করা; ধ্বংস হওয়া; দৃষ্টিশক্তি হ্রাস পাওয়া। পারিভাষিক অর্থ হলো– দীনের অবমাননা করা; প্রকাশ্যে গুনাহ করা। বলা হয়– فَجَرَ عَنِ الْحَقِّ (সে সত্য থেকে বিমুখ হয়েছে; মুখ ফিরিয়ে নিয়েছে।)

تَقْوٰهَا : **তার সৎকর্ম; আল্লাহভীতি**। تَقْوٰى মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। পরিভাষায় تَقْوٰى বলা হয় প্রবৃত্তিকে এমন বিষয় থেকে রক্ষা করা যার আশঙ্কা

করা হয়। শরিয়তের পরিভাষায় تَقْوٰى বলা হয় আত্মাকে এমন বস্তু থেকে রক্ষা করা যা পাপের দিকে নিয়ে যায়। এটা নিষিদ্ধ বস্তু থেকে বিরত থাকার দ্বারা অর্জিত হয়, তবে পূর্ণাঙ্গ রূপ লাভ করে তখনই যখন কিছু কিছু বৈধ বিষয়কেও বর্জন করা হয়। ওলামায়ে কেরাম বলেছেন- تَقْوٰى-এর তিনটি স্তর রয়েছে। নিম্ন, মধ্য ও উচ্চ। সর্বনিম্ন স্তরের তাকওয়া হলো ঈমান গ্রহণ করা। যার দ্বারা মানুষ জাহান্নামের স্থায়ী শাস্তি থেকে বাঁচতে পারে। মধ্যস্তরের তাকওয়া হলো এমন বিষয়কে বর্জন করা যা করা বা বর্জন দ্বারা মানুষকে গুনাগার বানিয়ে দেয়। সুতরাং সগিরা গুনাহ বারবার করা যাবে না এবং কবিরা গুনাহ পূর্ণরূপে বর্জন করতে হবে। আর উচ্চস্তরের তাকওয়া হলো আত্মাকে এমন বিষয় থেকে সংরক্ষণ করা যা আল্লাহ ব্যতীত অন্য কিছুতে লিপ্ত করে দেয়। এটা তাকওয়ার বাস্তব স্তর।

আয়াত : ৯

مَنْ زَكّٰىهَا : **যে নিজেকে পবিত্র করে।** مَنْ মাউসূলাহ। ماضى বহছ واحد مذكر غائب সীগাহ زكى বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার معروف اَلتَّزْكِيَةُ অর্থ- পবিত্র হওয়া; আত্মশুদ্ধি করা।

আয়াত : ১০

خَابَ : **সে ব্যর্থ মনোরথ হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَيْبَةُ মূলবর্ণ (خ ـ ى ـ ب) অর্থ- ব্যর্থ হওয়া; বিফল হওয়া।

مَنْ دَسّٰىهَا : **যে নিজেকে কলুষাচ্ছন্ন করবে।** مَنْ মাউসূলাহ। دَسّٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (د ـ س ـ س) মাসদার اَلتَّدْسِيَةُ অর্থ- লুকানো; গোপন করা; কলুষাচ্ছন্ন করা। هَا যমীর মাফঊল।

আয়াত : ১২

اِنْبَعَثَ : **সে তৎপর হয়ে উঠল; সে উঠে দাঁড়ালো।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْاِنْبِعَاثُ অর্থ- উঠে দাঁড়ানো; তৎপর হওয়া।

اَشْقٰى : **নিতান্ত হতভাগ্য।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ق ـ ى) মাসদার اَلشَّقَاوَةُ অর্থ- দুঃখ-কষ্ট পাওয়া; হতভাগা হওয়া।

আয়াত : ১৩

قَالَ : **সে বলল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

رَسُوْلُ اللّٰهِ : **আল্লাহর রাসূল।** পয়গাম্বর; প্রেরিত। رِسَالَةٌ থেকে উদ্ভূত فَعُوْل-এর ওযনে مُبَالَغَةٌ-এর সীগাহ। রাসূল কাকে বলা হয় সে সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। জুমহূরের মতে- যাদের নিকট আল্লাহর পক্ষ থেকে ওহী আসে তাঁরা হলেন নবী, এবং তাদের মধ্যে যারা বিশিষ্ট বা যাদের উম্মত আছে বা কিতাব আছে তাঁরা হলেন রাসূল। কাজী বায়যাভী (র.) -এর মতে- যাদেরকে আল্লাহ তা'আলা নতুন শরিয়ত দিয়ে প্রেরণ করেছেন তারা হলেন রাসূল, আর নবী হলেন ব্যাপক অর্থাৎ যাদেরকে নতুন শরিয়ত দান করা হয়েছে এবং যাদেরকে পূর্ববর্তী রাসূলের দীনের উপর পাঠানো হয়েছে।

نَاقَةَ : **উষ্ট্রী।** একবচন, বহুবচন- نُوْقٌ - نِيَاقٌ - نَاقَاتٌ

আয়াত : ১৪

عَقَرُوْهَا : **তারা উষ্ট্রীকে কেটে ফেলল; বধ করল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ر) মাসদার اَلْعَقْرُ অর্থ- পায়ের গোড়ালির উপরের রগ কাটা। আরবের নিয়ম ছিল উট নহর করার পূর্বে গোড়ালির উপরের রগ কেটে দিত, যেন তা পালাতে না পারে। তারপর তাকে নহর করত। তবে কখনো عَقَر দ্বারা নহর উদ্দেশ্য হয়। আযহারী তার কারণ বর্ণনা করেছেন, যেহেতু সাধারণত عَقْرٌ-এর পরই نَحْرٌ হয়ে থাকে তাই এর দ্বারা নহর উদ্দেশ্য। -(তাজুল আরূস)

دَمْدَمَ : **তিনি সমূলে ধ্বংস করে দিলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَعْلَلَ মূলবর্ণ (د ـ م ـ د ـ م) بَعْثَرَةٌ-এর ওযনে। মাসদার اَلدَّمْدَمُ অর্থ- ধ্বংস করা; সমূলে বিনাশ করা'; ক্রুদ্ধ হওয়া।

আয়াত : ১৫

عُقْبٰى : **কর্মফল; পরিমাণ।** কাজের ফল বা বদলাকে عُقْبٰى বলা হয়। এটা اَلْمُعَاقَبَةُ মাসদার হতে গঠিত। অর্থ- পিছনে আসা।

সূরা লাইল : মক্কায় অবতীর্ণ

আয়াত : ২১, রুকূ' : ১

আয়াত : ১

يَغْشٰى : **আচ্ছন্ন করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ش ـ ى) মাসদার اَلْغِشْيَانُ অর্থ– আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া।

আয়াত : ২

النَّهَارِ : **দিবস; দিন**। اسم جنس মাজরূর, মারেফা। কারো কারো মতে نَهَارٌ-এর বহুবচন نُهُرٌ ও اَنْهُرٌ; সম্ভবত তাদের মতে এটি اسم مفرد

اِذَا تَجَلّٰى : **যখন তা উদ্ভাসিত হয়; জ্যোতি প্রকাশ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ج ـ ل ـ و) মাসদার اَلتَّجَلِّىْ অর্থ– প্রকাশ পাওয়া; উজ্জ্বল হওয়া; কিরণময় হওয়া।

আয়াত : ৩

الذَّكَرَ : **নর; পুরুষ**। একবচন, বহুবচন– ذُكْرَانٌ ও ذُكُوْرٌ কখনো এর দ্বারা ইঙ্গিতার্থে পুরুষাঙ্গ উদ্দেশ্য হয়।

اَلْاُنْثٰى : **কন্যাসন্তান, মহিলা**। এটি একবচন, বহুবচন– اَنَاثٌ - اَنَاثِىْ

আয়াত : ৪

سَعْيَكُمْ : **তোমাদের কর্মপ্রচেষ্টা**। سَعْىٌ মাসদার মুযাফ, كم যমীর মুযাফ ইলাইহি। سَعْىٌ অর্থ– চেষ্টা করা; কষ্ট করা; পরিশ্রম করা।

شَتّٰى : **বিভিন্ন প্রকৃতির; নানা রকম**। কারো কারো মতে শব্দটি একবচন; আবার কারো মতে এটি شَتِيْتٌ-এর বহুবচন।

আয়াত : ৫

مَنْ اَعْطٰى : **যে দান করে**। مَنْ মাউসূলাহ। اَعْطٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ط ـ ى) মাসদার اَلْاِعْطَاءُ অর্থ– দান করা।

اِتَّقٰى : **সে মুত্তাকী হয়; সাবধান হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সতর্ক হওয়া; বিরত থাকা; সংযত হওয়া; ভয় করা।

আয়াত : ৬

صَدَّقَ : **সে সত্য বলে গ্রহণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ– সত্য প্রমাণিত করা; সত্যায়ন করা।

اَلْحُسْنٰى : **সুন্দর; উত্তম**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– সুন্দর হওয়া; উত্তম হওয়া।

আয়াত : ৭

سَنُيَسِّرُهٗ : **আমি তার জন্য সুগম করে দিব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلتَّيْسِيْرُ অর্থ– সহজ করা; সুগম করা।

لِلْيُسْرٰى : **সহজ পথ**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বহুবচন, একবচন اَيْسَرُ মাসদার اَلْيُسْرُ; অর্থ–সহজ হওয়া। يُسْرٰى দ্বারা শরিয়ত বা সৎকর্ম উদ্দেশ্য। (ইবনে আব্বাস) অথবা এমন সহজ পথ ও পন্থা উদ্দেশ্য যা আল্লাহর সন্তুষ্টি অর্জনের মাধ্যম। (মা'আলিম)

আয়াত : ৮

مَنْ بَخِلَ : **যে কার্পণ্য করল**। مَنْ মাউসূলাহ। بَخِلَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ خ ـ ل) মাসদার اَلْبُخْلُ অর্থ– কৃপণতা করা।

اِسْتَغْنٰى: **নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করল; যে পরোয়া করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ

(غ ـ ن ـ ى) মূলবর্ণ اِسْتِفْعَالٌ বাব مَاضِى مَعْرُوف মাসদার اَلْاِسْتِغْنَاءُ অর্থ- মুখাপেক্ষিহীন করা; বেপরোয়া করা।

আয়াত : ১১

مَا يُغْنِىْ : সে উপকারে আসে না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনস نَاقص يائى মাসদার اَلْاِغْنَاءُ অর্থ- উপকারে আসা; কাজে আসা। অমুখাপেক্ষী করা।

اِذَا تَرَدّٰى : যখন সে ধ্বংস হবে। تَرَدّٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلتَّرَدِّىْ অর্থ- গর্তে পতিত হওয়া; নিজেকে ধ্বংস করার জন্য উপস্থিত করা।

আয়াত : ১৪

اَنْذَرْتُكُمْ : আমি তোমাদেরকে সতর্ক করেছি। اَنْذَرْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা; ভয় দেখানো। كُمْ যমীর মাফঊলে বিহী।

تَلَظّٰى : লেলিহান অগ্নি; তা দাউ দাউ করে জ্বলে উঠে; যখন তা লেলিহান হয়। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّلَظِّىْ মূলবর্ণ (ل ـ ظ ـ ى) অর্থ- দাউ দাউ করে প্রজ্বলিত হওয়া।

আয়াত : ১৫

لَا يَصْلٰهَا : যেথায় প্রবেশ করে না। لَا يَصْلٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصَّلْىُ অর্থ- প্রবেশ করা; ভিতরে যাওয়া। هَا যমীর মাফঊলে বিহী

اَلْاَشْقٰى : নিতান্ত হতভাগ্য। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ق ـ ى) মাসদার اَلشَّقَاوَةُ অর্থ- দুঃখ-কষ্ট পাওয়া; হতভাগা হওয়া; দুর্ভাগা হওয়া।

আয়াত : ১৭

سَيُجَنَّبُ : তাকে দূরে রাখা হবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ج ـ ن ـ ب) মাসদার اَلتَّجْنِيْبُ অর্থ- বিরত রাখা; দূরে রাখা।

اَلْاَتْقٰى : অধিক মুত্তাকী। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; আল্লাহভীতি অর্জন করা।

আয়াত : ১৮

يُؤْتِىْ : সে দান করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা।

يَتَزَكّٰى : সে আত্মশুদ্ধি করে; পরিশোধন করবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلتَّزَكِّىْ অর্থ- পবিত্র হওয়া; পরিশোধন করা।

আয়াত : ১৯

تُجْزٰى : তাকে প্রতিফল দেওয়া হয়। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ- প্রতিফল দেওয়া; বিনিময় দেওয়া।

আয়াত : ২০

اِبْتِغَاءَ : প্রত্যাশায়; উদ্দেশ্যে। প্রত্যাশা করা; চাওয়া। এটি বাব اِفْتِعَالٌ-এর মাসদার; মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ- কামনা করা; অন্বেষণ করা; তালাশ করা; অনুসন্ধান করা।

اَلْاَعْلٰى : মহান; প্রবল; বিজয়ী। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনস ناقص واوى মাসদার العلو অর্থ- উঁচু হওয়া; উত্তম হওয়া।

আয়াত : ২১

سَوْفَ يَرْضٰى : সে অচিরেই সন্তোষ লাভ করবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ ى) মাসদার اَلرِّضٰى অর্থ- পছন্দ করা; রাজি হওয়া।

সূরা দোহা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১১, রুকূ' : ১

আয়াত : ১

وَالضُّحٰى : **শপথ পূর্বাহ্নের; যখন সূর্যের আলো প্রখর হয়।** কসমের জন্য। واو ضُحٰى অর্থ- রৌদ্র ছড়িয়ে পড়া; বেলা বৃদ্ধি পাওয়া। উক্ত সময়কেও ضُحٰى বলা হয়। নাহুবিদ ইবনে খালুবিয়া বলেন, এটি مؤنث; কিন্তু আল্লামা ফিরোজাবাদী বলেন, এটি مذكر ও আসে। শায়খ আবুল ফযল বলেন, যে এটাকে مؤنث করেছে সে ضَحْوَةٌ-এর বহুবচন করেছে। আর যে এটাকে مؤنث করেছে তার মতে এটি فعل-এর ওযনে ইসম।

আয়াত : ২

اِذَا سَجٰى : **যখন তা নিঝুম হয়; নীরব হয়; শান্ত হয়।** সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب سَجٰى বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ ى) মাসদার اَلسَّجْوُ অর্থ- শান্ত হওয়া; নীরব হওয়া;। নাহুবিদ ইবনে খালুবিয়া বলেন, নিঝুম অন্ধকার রাত্রিকে لَيْلٌ سَاجٍ বলা হয়। আবার প্রশান্ত সাগরকে বলা হয় بَحْرٌ سَاجٍ

আয়াত : ৩

مَا وَدَّعَكَ : **তিনি তোমাকে পরিত্যাগ করেননি।** সীগাহ ماضى منفى معروف বহছ واحد مذكر غائب বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ د ـ ع) মাসদার اَلتَّوْدِيْعُ বিদায় জানানো; পরিত্যাগ করা; বর্জন করা।

مَا قَلٰى : **তিনি তোমার প্রতি বিরূপ হননি।** সীগাহ واحد বাব ماضى منفى معروف বহছ مذكر غائب মূলবর্ণ (ق ـ ل ـ ى) মাসদার اَلْقِلٰى অর্থ -বাব ضَرَبَ মাসদার اَلْقَلْوُ অর্থ- ছুড়ে মারা; বিরূপ হওয়া; অসন্তুষ্ট হওয়া। ওহী নিয়ে হযরত জিবরাঈল (আ.)-এর আগমন কিছুদিন বন্ধ থাকলে রাসূলুল্লাহ ﷺ অতন্ত চিন্তাযুক্ত হন। অন্যদিকে মক্কার মুশরিকরাও এ ব্যাপারে তাকে ঠাট্টা-বিদ্রূপ করতে লাগল। তখন তাঁকে সান্ত্বনা দেওয়ার জন্য এ সূরাটি অবতীর্ণ হয়।

আয়াত : ৫

يُعْطِيْكَ : **তিনি তোমাকে দান করবেন।** يُعْطِىْ সীগাহ اِفْعَالٌ বাব مضارع معروف বহছ واحد مذكر غائب মূলবর্ণ (ع ـ ط ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِعْطَاءُ অর্থ- দান করা। ك যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৬

اٰوٰى : **তিনি আশ্রয় দান করেছেন; স্থান দিয়েছেন।** সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ و ـ ى) মাসদার اَلْاِيْوَاءُ অর্থ- আশ্রয় দেওয়া; স্থান দেওয়া।

আয়াত : ৭

ضَالًّا : **পথ সম্পর্কে অনবহিত।** পথভ্রষ্ট। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالَةُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ- পথভ্রষ্ট হওয়া; পথ সম্পর্কে অনবহিত হওয়া; পথ না চিনা।

আয়াত : ৮

عَائِلًا : **নিঃস্ব অবস্থায়।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার عَيْلٌ - عَيْلَةٌ - عُيُوْلٌ দরিদ্র হওয়া; মুখাপেক্ষী হওয়া; নিঃস্ব হওয়া।

আয়াত : ৯

لَا تَقْهَرْ : **তুমি কঠোর হয়ো না; অপদস্থ করো না।** সীগাহ نهى حاضر বহছ واحد مذكر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ه ـ ر) মাসদার اَلْقَهْرُ অর্থ- বাধ্য করা; দমন করা; পরাস্ত করা; প্রবল হওয়া।

আয়াত : ১০

لَا تَنْهَرْ : **তুমি তাকে ভর্ৎসনা করো না।** সীগাহ واحد فَتَحَ বাব نهى حاضر معروف বহছ مذكر حاضر মূলবর্ণ (ن ـ ه ـ ر) মাসদার اَلنَّهْرُ অর্থ- ধমক দেওয়া; ভর্ৎসনা দেওয়া; তাড়িয়ে দেওয়া।

আয়াত : ১১

حَدِّثْ : **তুমি জানিয়ে দাও; বর্ণনা কর।** সীগাহ واحد تَفْعِيْل বাব امر حاضر معروف বহছ مذكر মূলবর্ণ (ح ـ د ـ ث) মাসদার اَلتَّحْدِيْثُ অর্থ- বর্ণনা করা; জানিয়ে দেওয়া।

সূরা ইনশিরাহ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮, রুকূ' : ১

আয়াত : ১

أَلَمْ نَشْرَحْ : **আমি কি প্রশস্ত করে দেইনি?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ نَشْرَحْ সীগাহ **جمع متكلم** বহছ **مضارع منفى بلم معروف** বাব فَتَحَ মাসদার اَلشَّرْحُ মূলবর্ণ (ش ـ ر ـ ح) অর্থ– প্রশস্ত করা; উন্মুক্ত করা।

আয়াত : ২

وَضَعْنَا : **আমি অপসারণ করেছি; আমি দূর করেছি; নামিয়ে দিয়েছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– বিদূরিত করা; নামানো; মুক্ত করা।

وِزْرَكَ : **তোমার ভার; তোমার বোঝা**। وِزْرٌ শব্দটি একবচন, মুফরাদ মুযাফ; كَ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন– أَوْزَارٌ তোমার বোঝা দ্বারা নবুয়ত প্রাপ্তির পূর্বের বিচ্যুতি ইত্যাদি উদ্দেশ্য অর্থাৎ জাহিলী যুগের কৃতকর্ম আমি ক্ষমা করে দিলাম। –(হাসান, মুজাহিদ, কাতাদাহ, যাহ্‌হাক) অথবা নবুয়তির গুরুভার আমি হালকা করে দিয়েছি। –(আবূ উবাইদাহ, আব্দুল আজিজ বিন ইয়াহইয়া)

আয়াত : ৩

أَنْقَضَ : **তা ভেঙ্গে ফেলেছে**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ض) মাসদার اَلنَّقْضُ অর্থ– ভাঙ্গা; ভেঙ্গে ফেলা। أَنْقَضَ ظَهْرَكَ (তোমার পৃষ্ঠ ভেঙ্গে দিয়েছে) এটি একটি আরবি বাগধারা, যার অর্থ– অতিশয় কষ্টদায়ক।

ظَهْرَكَ : **তোমার পৃষ্ঠ**। ظَهْرَ মুযাফ, كَ যমীর মুযাফ ইলাইহি ظَهْرٌ একবচন, বহুবচন– ظُهْرَانٌ ও ظُهُورٌ; কাঁধ থেকে নিতম্ব পর্যন্ত স্থানকে ظَهْرٌ বলা হয়। এটি পুং ও স্ত্রী উভয়ভাবেই ব্যবহার হয়। –(তাজুল আরূস)

আয়াত : ৪

ذِكْرَكَ : **তোমার সুখ্যাতি; তোমার আলোচনা**। ذِكْرَ মুযাফ كَ যমীর মুযাফ ইলাইহি। রাসূলের সুখ্যাতি ও আলোচনা উন্নত করার দ্বারা উদ্দেশ্য হলো ইসলামের বৈশিষ্ট্যমূলক কর্মসমূহে আল্লাহর নামের সাথে তাঁর নাম উচ্চারণ করা হয়। সারা বিশ্বের মসজিদসমূহের মিনারে ও মিম্বরে اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ -এর সাথে اَشْهَدُ اَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللّٰهِ -ও বলা হয়ে থাকে। এ ছাড়া বিশ্বের কোনো জ্ঞানী মানুষ তাঁর নাম সম্মান প্রদর্শন ব্যতীত উচ্চারণ করে না, যদিও সে অমুসলমান হয়।

আয়াত : ৫

اَلْعُسْرِ : **কষ্ট। কঠোরতা; জটিলতা**। এটি يُسْر -এর বিপরীত শব্দ এবং বাব كَرُمَ ও سَمِعَ -এর মাসদার। দারিদ্র্যের মধ্যে সংকীর্ণতা ও কঠোরতা থাকে, তাই দারিদ্র্যের অর্থের জন্যও এর ব্যবহার হয়ে থাকে।

আয়াত : ৭

اِذَا فَرَغْتَ : **যখন তুমি অবসর হবে** (দীনের প্রচারকার্য থেকে)। فَرَغْتَ সীগাহ **واحد مذكر حاضر** বহছ **ماضى معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ر ـ غ) মাসদার اَلْفَرَاغُ অর্থ– অবসর হওয়া; মনোযোগী হওয়া; ।

اِنْصَبْ : **তুমি ইবাদত কর**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব سَمِعَ মাসদার اَلنَّصْبُ মূলবর্ণ (ن ـ ص ـ ب) অর্থ– কষ্ট করা; পরিশ্রম করা। এতে ইঙ্গিত রয়েছে যে, ইবাদত ও জিকির এতটুকু করা উচিত যাতে কিছু কষ্ট এবং ক্লান্তিও অনুভূত হয়– আরাম পর্যন্তই সীমিত রাখা উচিত নয়।

আয়াত : ৮

اِرْغَبْ : **তুমি মনোনিবেশ কর**। সীগাহ **واحد مذكرحاضر** বহছ **امر حاضر معروف** বাব سَمِعَ মাসদার اَلرَّغْبَةُ ও اَلرَّغْبٰى ও اَلرَّغْبُ - মূলবর্ণ (ر ـ غ ـ ب) ; ইমাম রাগেব (র.) লিখেছেন এর অর্থ– কামনা; বাসনা; ইচ্ছা; আগ্রহ করা। যেমন– وَيَدْعُوْنَنَا رَغَبًا وَّرَهَبًا (তারা আমাকে ডাকে আশা ও আশঙ্কা নিয়ে) সুতরাং رَغْبَةٌ এর পরে যদি اِلٰى বা فِىْ আসে তখন অর্থ হবে আশা, কামনা, ইত্যাদি। যেমন– اِنَّا اِلٰى رَبِّنَا رَاغِبُوْنَ (আমরা আমাদের প্রতিপালকের নিকট আশা রাখি)

সূরা ত্বীন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮, রুকূ' : ১

আয়াত : ১

وَالتِّيْنِ وَ الزَّيْتُوْنِ : **শপথ ত্বীন ও যায়তূনের**। تِيْن বলা হয় আঞ্জির বা ডুমুরকে। আর زَيْتُوْن হলো জলপাই বা জলপাই জাতীয় আরবদেশেরে ফলবিশেষ যা ফল, তরকারি ও ঔষধরূপে ব্যবহৃত হয়। এর তৈল অনেক উপকারী। আল্লাহ তা'আলা সকল ফলের মধ্য হতে বিশেষভাবে দুটি মাত্র ফলের শপথ করেছেন। কারণ আঞ্জির হলো একটি উত্তম ফল। যা কোমল ও দ্রুত হজমশীল, অধিক উপকারী, যা স্বভাবে কোমলতা আনয়ন করে, শ্লেষ্মা বিদূরিত করে, কিডনি পরিষ্কার করে, মূত্রথলির ময়লা অপসারণ করে, যকৃৎ ও ফুসফুসের ছিদ্র বিকশিত করে, শরীর হৃষ্টপুষ্ট করে। হাদীসে রয়েছে, এটি অর্শ্ব রোগের মহৌষধ। আর যায়তুন! সে তো ফল, তরকারি ও ঔষধরূপে ব্যবহৃত হয়। এর তৈল অনেক উপকারী। কারো কারো মতে তীন ও যায়তূন দ্বারা উদ্দেশ্য হলো পুণ্যভূমির দুটি পাহাড়। অথবা দামেস্ক ও বাইতুল মুকাদ্দাস।

আয়াত : ২

طُـوْر : **পর্বত। সবুজ-শ্যামল পাহাড়। বৃক্ষবিশিষ্ট পাহাড়**। আরবিতে طُـوْر অর্থ– পাহাড়। তবে ভাষাবিদগণ বলেছেন, যে কোনো পাহাড়কে طُوْر বলা হবে না, যতক্ষণ তা বৃক্ষ দ্বারা সমৃদ্ধ ও শ্যামল না হবে ততক্ষণ তাকে طُوْر বলা যাবে না। আল্লামা ইয়াকুত হামাবী (র.) তাঁর জগদ্বিখ্যাত কিতাব 'মুজামুল বুলদানে' লিখেছেন–وَالطُّوْرُ فِى كَلَامِ الْعَرَبِ الْجَبَلُ وَقَالَ بَعْضُ اَهْلِ اللُّغَةِ لَا يُسَمّٰى طُوْرًا حَتّٰى يَكُوْنَ ذَا شَجَرٍ وَلَا يُقَالُ لِلْاَجْرَدِ طُوْرٌ (ج ـ ٦، ص ـ ٦٧) আরবী ভাষায় طُوْر পাহাড়কে বলা হয়। তবে কিছু ভাষাবিদ বলেছেন, যদি তাতে গাছপালা না থাকে তাকে طُـوْر বলা হবে না। যেমন শুষ্ক ও বৃক্ষশূন্য পাহাড়কে طُوْر বলা হয় না। হযরত ইবনে আব্বাস (র.) বলেন–اَلطُّوْرُ مَا اَنْبَتَ مِنَ الْجِبَالِ وَمَا لَمْ يَنْبُتْ فَلَيْسَ بِطُوْرٍ (فَتْحُ الْقَدِيْر (ج ـ ١، ص ـ ٨٠) যে পাহাড়ে গাছপালা জন্মায় তা পাহাড়, আর যাতে গাছপালা জন্মায় না তা পাহাড় নয়। এখানে যে পাহাড়ের কথা বলা হয়েছে তা ঐ পাহাড় যা জিবরাঈল (আ.) বনী ইসরাঈলদের মাথার উপর উঠিয়ে ধরেছিলেন। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬৩ দ্রষ্টব্য)

سِيْنِيْنَ : **সিনাই**। سِيْنِيْنَ কে سِيْنَاءُ-ও বলা হয়। প্রসিদ্ধ পাহাড়। আল্লামা ইয়াকুত হামবী (র.) মুজামুল বুলদান গ্রন্থে লিখেছেন– سِيْنَاءُ সিন বর্ণে যবর ও যেরযোগে উভয়ভাবে পড়া যেতে পারে। এটি সিরিয়ার একটি স্থানের নাম। যার দিকে طُوْر কে সম্পৃক্ত করে طُوْر سَيْنَا বা সিনাই পর্বত বলা হয়। এটা ঐ পাহাড় যেখানে আল্লাহ তা'আলা হযরত মূসা (আ.) -এর সাথে কথা বলেছিলেন, এখানেই তাকে আহ্বান করা হয়েছিল। এটা ঘন বৃক্ষবিশিষ্ট পাহাড়। আল্লামা মাহমূদ আলূসী তাফসীরে রূহুল মা'আনীতে লিখেছেন যে, অধিকাংশের মত হলো سَيْنَا আরবি নয়; হয়তো নাবতী কিংবা হাবশী শব্দ। যার অর্থ হলো উত্তম ও বরকতময়। কেউ কেউ এটাকে আরবি বলেছেন। তারা বলেন, এটি سَنَاءُ থেকে নির্গত, যার অর্থ– উচ্চতা। অথবা سِنَا থেকে নির্গত হবে। তখন অর্থ হবে– নূর, বরকতময়। –(জুমাল, হাশিয়ায়ে জালালাইন, খ. ৩, ১৮৭– বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬৩ দ্রষ্টব্য)

আয়াত : ৩

اَلْاَمِيْنِ : **নিরাপদ। বিশ্বস্ত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمَانَةُ ও اَلْاَمْنُ অর্থ– নিরাপদ হওয়া; বিশ্বস্ত হওয়া; সৎ হওয়া; আমানতদার হওয়া।

আয়াত : ৪

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق)

মাসদার اَلْخَلْقُ অর্থ− সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা; তৈরি করা; বানানো; ।

اَحْسَن : **উত্তম; সর্বোত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ− উত্তম হওয়া; সুন্দর হওয়া; ভালো হওয়া; সর্বশ্রেষ্ঠ হওয়া।

تَقْوِيْم : **গঠন**। এটি বাব تَفْعِيْل-এর মাসদার মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ− উত্তম করে গঠন করা। ঠিক করা; কোনো কিছুর অবয়ব ও ভিত্তিকে ঠিক করা। اَحْسَنْ تَقْوِيْم-এর উদ্দেশ্য এই যে, তার মজ্জা ও স্বভাবকে অন্যান্য সৃষ্ট বস্তুর তুলনায় উত্তম করা হয়েছে এবং তার দৈহিক অবয়ব এবং আকার আকৃতিকেও দুনিয়ার সব প্রাণী অপেক্ষা সুন্দরতম করা হয়েছে। ইবনে আরাবী (র.) বলেন, আল্লাহর সৃষ্টবস্তুর মধ্যে মানুষ অপেক্ষা সুন্দর কেউ নেই। কেননা আল্লাহ তা'আলা তাকে জ্ঞানী, শক্তিবান, বক্তা, শ্রোতা, দ্রষ্টা, কুশলী এবং প্রজ্ঞাবান করেছেন। এগুলো প্রকৃতপক্ষে আল্লাহ তা'আলার গুণাবলি। সেমতে বুখারী ও মুসলিমের হাদীসে আছে اِنَّ اللّٰهَ خَلَقَ اٰدَمَ عَلٰى صُوْرَتِهٖ (আল্লাহ আদমকে সৃষ্টি করেছেন তাঁর নিজ আকৃতিতে।) এর অর্থ এটাও হতে পারে যে, আল্লাহ তা'আলার কতিপয় গুণাবলি কোনো পর্যায়ে তাকেও দেওয়া হয়েছে। নতুবা আল্লাহ তা'আলার তো কোনো আকার নেই। (কুরতুবী)

আয়াত : ৫

رَدَدْنَا : **আমি পরিণত করি**। আমি ফিরিয়ে দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ− প্রত্যাবর্তন করা; ফিরিয়ে আনা; ফিরে আসা পুনরায় প্রতিষ্ঠিত করা।

اَسْفَلَ : **হীনতম; অতিশয় হেয়**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلسَّفَالَةُ অর্থ− নীচু হওয়া; নিম্ন হওয়া; নিকৃষ্ট হওয়া; ছোট হওয়া।

سٰفِلِيْنَ : **হীনতাগ্রস্তগণ; অধস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ - نَصَرَ- سَمِعَ মাসদার اَلسُّفُوْلُ ও اَلسَّفَالُ অর্থ− নিচু হওয়া; হীন হওয়া; নিকৃষ্ট হওয়া; ছোট হওয়া।

আয়াত : ৬

غَيْرُ مَمْنُوْنٍ : **নিরবচ্ছিন্ন**। مَمْنُوْنٌ সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার اَلْمَنُّ অর্থ−হ্রাস করা; কমানো; কর্তন করা। অর্থাৎ তাদের আমল না হ্রাস করা হবে, না নিঃশেষ হবে। (অধিকাংশ মুফাসসিরীন) ইমাম রাগেব (র.) مَمْنُوْنٌ অর্থ− করেছেন− বেশুমার; অগণিত। তখন এটি مَنٌّ ইসমে মাসদার থেকে উদ্ভূত হবে, যার অর্থ− ওজন করার বাটখারা। তখন مَمْنُوْنٌ হবে مَوْزُوْنٌ অর্থে। আর غَيْرُ مَمْنُوْنٌ অর্থ হবে− غَيْرُ مَوْزُوْنٌ (অগণিত; বেশুমার)।

আয়াত : ৭

مَا يُكَذِّبُكَ : **কিসে তোমাকে অবিশ্বাসী করেছে?** مَا প্রশ্নবোধক। يُكَذِّبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْذِيْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ− মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; মিথ্যাবাদী বলে জানা। ك যমীর মাফঊল।

اَلدِّيْن : **দীন**। একবচন; বহুবচন− اَدْيَانٌ; অর্থ− প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; আনুগত্য করা; নির্দেশ মান্য করা। دِيْنٌ অর্থ− মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ-এর মাসদারও হয়।

আয়াত : ৮

اَحْكَم : **সর্বশ্রেষ্ঠ বিচারক**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ− নির্দেশ দেওয়া; ফয়সালা করা; ব্যবস্থা করা; হুকুম দেওয়া।

اَلْحٰكِمِيْنَ : اَلْحٰكِمِيْنَ : **বিচারক; মীমাংসাকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবণ (ح ـ ك ـ م)মাসদার اَلْحُكْمُ অর্থ− মীমাংসা করা; ফয়সালা করা।

সূরা 'আলাক : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১৯, রুকূ' : ১

আয়াত : ১

اِقْرَأْ : **তুমি পাঠ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ر ـ أ) মাসদার اَلْقَرَاءَةُ - اَلْقُرْآنُ ও اَلْقَرْءُ অর্থ- পাঠ করা; পড়া; তেলাওয়াত করা।

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

আয়াত : ২

عَلَقٍ : **রক্তপিণ্ড, জমাট রক্ত**। ইমাম কুরতুবী (র.) লিখেছেন- عَلَقَةٌ জমাট রক্তপিণ্ডকে বলা হয়। আর যদি তা প্রবহমান হয় তখন তাকে مَفْسُوْحٌ বলা হয়। তাফসীরকারগণ এর অর্থ রক্তপিণ্ড করেছেন। কিন্তু আধুনিক জীববিজ্ঞানীগণ মাতৃগর্ভে মনুষ্য ভ্রূণের ক্রমবিকাশের বর্ণনায় বলেন যে, পুরুষের শুক্র ও নারীর ডিম্বানু মিলিত হয়ে মাতৃগর্ভে যে ভ্রূণের সৃষ্টি হয় তা গর্ভধারণের পঞ্চম বা ষষ্ঠ দিবসে জরায়ু গাত্রে সংলগ্ন হয়ে পড়ে এবং এই সম্পৃক্তি সংঘটিত না হলে গর্ভাধারণ স্থায়ী হয় না। এই কারণে বর্তমানে عَلَقٌ-এর অনুবাদ করা হয় "এমন কিছু, যা লেগে থাকে"।

আয়াত : ৩

اَكْرَمُ : **মহিমান্বিত; সর্বাধিক মর্যাদাসম্পন্ন**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْرَامُ মূলবর্ণ (ك ـ ر ـ م) অর্থ- সম্মানী হওয়া। মর্যাদাবান হওয়া; উঁচু মানের হওয়া।

আয়াত : ৪

عَلَّمَ : **তিনি শিক্ষা দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ- শিক্ষা দেওয়া।

اَلْقَلَمِ : **কলম**। একবচন; বহুবচন- قَلَمٌ ; اَقْلَامٌ (ক্বাফবর্ণে যেরযোগে) অর্থ- কর্তিত। قَلْمٌ (লামবর্ণে সুকূন) অর্থ- কোনো শক্ত বস্তুকে কাটা। আয়াতে قَلَمٌ শব্দ দ্বারা লেখার উপকরণ তথা কলম উদ্দেশ্য।

আয়াত : ৬

يَطْغٰى : **সে সীমালঙ্ঘন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلطُّغْيَانُ মূলবর্ণ (ط ـ غ ـ ى) জিনস ناقص يائى অর্থ- অবাধ্যতা করা; সীমালঙ্ঘন করা। এ মাসদারের ফে'লটি যখন واوى হয় তখন বাব نَصَرَ থেকে আসে। যেমন- طَغٰى يَطْغُوْ طُغْيَانًا আর يائى হলে বাব فَتَحَ ও سَمِعَ থেকে আসে। পবিত্র কুরআনে এটি বাব فَتَحَ থেকেই এসেছে।

আয়াত : ৭

اَنْ رَّاٰهُ : **সে নিজেকে মনে করে;** দেখে। মূলত ছিল لِاَنْ رَاٰهُ শুরুর ان হলো مصدرية ; তাফসীরে জালালাইনে যার ব্যাখ্যা করা হয়েছে এরূপ- لِرُؤْيَةِ نَفْسِهِ مُسْتَغْنِيًا ; رَاٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; ভেবে দেখা; মনে করা।

اِسْتَغْنٰى : **সে নিজেকে অভাবমুক্ত মনে করল; সে পরোয়া করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِسْتِغْنَاءُ অর্থ- মুখাপেক্ষিতাহীন করা; বেপরোয়া করা; নিজেকে অভাবমুক্ত মনে করা; নিজকে নিঃস মনে করা।

আয়াত : ৮

اَلرُّجْعٰى : **প্রত্যাবর্তন**। এটি মাসদার। (বিস্তারিত مَرْجِعُكُمْ সূরা আলে ইমরান, আয়াত : ৫৫ দ্রষ্টব্য)

আয়াত : ৯

يَنْهٰى : **সে বাধা দেয়; নিষেধ করে।** সীগাহ **واحد مذكر غائب** বহছ **مضارع معروف** বাব **فَتَحَ**। মূলবর্ণ (ن . ه . ى) মাসদার **اَلنَّهْىُ** অর্থ- নিষেধ করা; বাধা দেওয়া।

আয়াত : ১০

اِذَا صَلّٰى : **যখন সে নামাজ পড়ে।** সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى معروف** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (ص . ل . ى) জিনস **ناقص يائى** মাসদার **اَلتَّصْلِيَةُ** অর্থ- সালাত আদায় করা; দোয়া করা।

আয়াত : ১১

اَرَءَيْتَ **তুমি কি লক্ষ্য করেছো?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। رَأَيْتَ সীগাহ **واحد مذكر حاضر** বহছ **ماضى معروف** বাব **فَتَحَ** মূলবর্ণ (ر . أ . ى) মাসদার **اَلرُّؤْيَةُ** অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা।

اَلْهُدٰى : **সৎপথ; হেদায়েত।** এটি বাব **ضَرَبَ**-এর মাসদার। এটি আরো অর্থের জন্য ব্যবহার হয়। যেমন- নবী; আল্লাহর কিতাব; সহীফা; স্বভাবগত দলিল; বুদ্ধিদীপ্ত প্রমাণ; ঈমান। **هُدًى** শব্দটি মাসদার; কিন্তু **اسم فاعل** অর্থেও ব্যবহার হয়। অর্থাৎ, হেদায়েতকারী।

আয়াত : ১২

اَلتَّقْوٰى: **তাকওয়া; আল্লাহভীতি।** এটি ইসম ও মাসদার। আভিধানিক অর্থে **تَقْوٰى** বলা হয় নিজেকে এমন জিনিস থেকে রক্ষা করা যা থেকে রক্ষা করা প্রয়োজন। পরিভাষায় **تَقْوٰى** বলা হয় প্রবৃত্তিকে এমন বিষয় থেকে রক্ষা করা যার আশঙ্কা করা হয়। কিন্তু কখনো কখনো **تَقْوٰى** কে **خَوْف** আবার কখনো **خَوْف** কে **تَقْوٰى** বলা হয়। যেমনিভাবে **سَبَبْ** বলে **مُسَبَّبْ** আবার **سَبَبْ** বলে **مُسَبَّبْ** উদ্দেশ্য নেওয়া হয়। শরিয়তের পরিভাষায় **تَقْوٰى** বলা হয় আত্মাকে এমন বস্তু থেকে রক্ষা করা যা পাপের দিকে নিয়ে যায়। এটা নিষিদ্ধ বস্তু থেকে বিরত থাকার দ্বারা অর্জিত হয়, তবে পূর্ণাঙ্গ রূপ লাভ করে তখনই যখন কিছু কিছু বৈধ বিষয়কেও বর্জন করা হয়। ওলামায়ে কেরাম বলেছেন- **تَقْوٰى** এর তিনটি স্তর রয়েছে। নিম্ন, মধ্য ও উচ্চ। সর্বনিম্ন স্তরের তাকওয়া হলো ঈমান গ্রহণ করা। যার দ্বারা মানুষ জাহান্নামের স্থায়ী শাস্তি থেকে বাঁচতে পারে। মধ্যস্তরের তাকওয়া হলো এমন বিষয়কে বর্জন করা যা করা বা বর্জন দ্বারা মানুষকে গুনাগার বানিয়ে দেয়। সুতরাং সগীরা গুনাহ বারবার করা যাবে না এবং কবীরা গুনাহ পূর্ণরূপে বর্জন করতে হবে। আর উচ্চস্তরের তাকওয়া হলো আত্মাকে এমন বিষয় থেকে সংরক্ষণ করা যা আল্লাহ ব্যতীত অন্য কিছুতে লিপ্ত করে দেয়। এটা তাকওয়ার বাস্তব স্তর।

আয়াত : ১৩

اِنْ كَذَّبَ : **যদি সে মিথ্যা আরোপ করে।** মিথ্যা সাব্যস্ত করে। **كَذَّبَ** সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى معروف** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (ك . ذ . ب) মাসদার **اَلتَّكْذِيْبُ** অর্থ- মিথ্যায়ন করা; অস্বীকার করা মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা।

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে।** সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى معروف** বাব **تَفَعُّلْ** মাসদার **اَلتَّوَلِّىْ** মূলবর্ণ (و . ل . ى) অর্থ- বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। **تَوَلّٰى** যখন **صلة** ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয় তখন এর অর্থ হয় কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন- **وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ** (তোমাদের মধ্য হতে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করে সে তাদের অন্তর্ভুক্ত) **وَالَّذِىْ تَوَلّٰى كِبْرَهٗ** (যে এ বিশাল কাজকে উঠিয়েছে) **فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ** (তোমার কাছে এই প্রত্যাশা যে, তুমি গভর্নর হবে)। আর যদি **عَنْ** দ্বারা মুতাআদ্দী হয় **عَنْ** শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক তখন অর্থ হবে- মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দুভাবে হতে পারে। আর তা হচ্ছে সেখান থেকে সরে যাওয়া অথবা, মনোযোগ না দেওয়া ও নির্দেশ না মানা; হুকুম অমান্য করা।

আয়াত : ১৫

لَـئِنْ لَّـمْ يَـنْـتَـهِ : **সে যদি নিবৃত্ত না হয়; বিরত না হয়।** نفى جحد বহছ واحد مذكر غائب সীগাহ لَمْ يَنْتَهِ الْاِنْـتِـهَـاءُ বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার بلم অর্থ– বিরত থাকা; নিবৃত্ত হওয়া।

لَـنَـسْـفَـعًـا : **অবশ্যই আমি হেঁচড়িয়ে নিয়ে যাব।** لام তাকীদের জন্য। نَسْفَعًا সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلسَّفْعُ মূলবর্ণ (س ـ ف ـ ع) ; আল্লামা যামাখশারী (র.)-এর অর্থ লিখেছেন– اَلْقَبْضُ عَلَى الشَّيْئِ وَجَذْبُهُ بِشِدَّةٍ কোনো কিছুকে কঠোরভাবে ধরা ও তা আয়ত্বে আনা। প্রমাণস্বরূপ তিনি আমর বিন মা'দীকারাবের নিম্নোক্ত পংক্তিটি উল্লেখ করেছেন–

قَوْمٌ إِذَا يَقَعُ الصَّرِيْمُ رَأَيْتَهُمْ
مِنْ بَيْنِ مُلْجِمٍ مُهْرَةٍ أَوْ سَافِعٍ

তবে জালালাইন গ্রন্থকার এর তরজমা করেছেন– لَنَسْفَعًا اَىْ لَنَجُرَّنَّ ; يَجُرُّ অর্থ– টানা হেঁচড়া করা।

আয়াত : ১৬

نَاصِيَةٍ : **মাথার ঝুঁটি।** একবচন, বহুবচন– نَوَاصِىْ অর্থ– ললাটের চুল; ললাট।

كَاذِبَةٍ : **মিথ্যাচারী।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা বলা; মিথ্যাচার করা।

خَاطِئَةٍ : **পাপিষ্ঠ; অপরাধী; পাপাচারী।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْخَطْأُ মূলবর্ণ (خ ـ ط ـ ء)অর্থ– অপরাধ করা; পাপাচার লিপ্ত হওয়া; অন্যায় কাজে লিপ্ত হওয়া।

আয়াত : ১৭

فَلْيَدْعُ : **অতএব সে আহ্বান করুক!** فا হরফে আত্ফ। لام كى টি لام ; يَدْعُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– ডাকা; কামনা করা; চাওয়া; আশা করা ।

نَادِيَهُ : **তার পার্শ্বচরকে; সহচরকে।** نَادِىْ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। বহুবচন– اَنْدِيَةٌ অর্থ– মজলিস; সংঘ; ক্লাব; জলসা; অফিস।

আয়াত : ১৮

سَنَدْعُ : **আমিও আহ্বান করব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– ডাকা; কামনা করা; চাওয়া; আশা করা ।

اَلزَّبَانِيَةَ : **প্রহরী; পুলিশের লোক।** জাহান্নামের ফেরেশতা। মূলত زَبَانِيَةٌ বলা হয় দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তথা পুলিশবাহিনীকে। মুজাহিদ ও আবু হুরায়রা (রা.) -এর অর্থ বর্ণনা করেছেন জাহান্নামের ফেরেশতা। –(ফতহুল বারী, কিতাবুততাফসীর, সূরা 'আলাক) আল্লামা বগভী (র.) লিখেছেন, এটি زَبْنِى-এর বহুবচন। যা উদ্ভূত হয়েছে زَبْنٌ থেকে। যার অর্থ প্রতিহত করা। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন– زَبَانِيَةٌ হলো জাহান্নাম। এ নামকরণের কারণ হলো জাহান্নামীদেরকে তার মধ্যে ধাক্কা দিয়ে প্রবেশ করানো হবে। –(মা'আলিমুত্তানযীল) জারমী (র.) বলেন, এর একবচন– زَبْنِيَّةٌ

আয়াত : ১৯

لَا تُطِعْ : **তুমি অনুসরণ করো না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা।

اُسْجُدْ : **তুমি সেজদা কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلسُّجُوْدُ মূলবর্ণ (س ـ ج ـ د) অর্থ– সেজদা করা; মস্তক অবনত করা; মাথা অবনত করা।

اِقْتَرِبْ : **তুমি আমার নিকটবর্তী হও; নৈকট্য অর্জন কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْاِقْتِرَابُ অর্থ– নিকটবর্তী হওয়া।

সূরা ক্বাদ্‌র : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫, রুকূ' : ১

আয়াত : ১

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি**। আমি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা; নাজিল করা।

لَيْلَةِ الْقَدْرِ : **মহিমান্বিত রজনী**। قَدْر-এর এক অর্থ মাহাত্ম্য ও সম্মান। কেউ কেউ এ স্থলে এ অর্থই নিয়েছেন। এর মাহাত্ম্য ও সম্মানের কারণে একে لَيْلَةُ الْقَدْرِ তথা মহিমান্বিত রাত বলা হয়। আবূ বকর ওয়াররাক বলেন : এ রাত্রিকে لَيْلَةُ الْقَدْرِ বলার কারণ এই যে, আমল না করার কারণে এর পূর্বে যার কোনো সম্মান ও মূল্য থাকে না, সে এ রাতে তওবা-ইসতিগফার ও ইবাদতের মাধ্যমে সম্মানিত হয়ে যায়। قَدْر-এর আর এক অর্থ হলো تَقْدِيْرٌ এবং আদেশও হয়ে থাকে। এ রাতে পরবর্তী এক বছরের অবধারিত বিধিলিপি ব্যবস্থাপক ও প্রয়োগকারী ফেরেশতাগণের কাছে হস্তান্তর করা হয়। এতে প্রত্যেক মানুষের বয়স, মৃত্যু, রিজিক বৃষ্টি ইত্যাদির পরিমাণ নির্দিষ্ট ফেরেশতাগণকে লিখে দেওয়া হয়। হযরত ইবনে আব্বাস (রা.) -এর উক্তি অনুযায়ী চারজন ফেরেশতাকে এসব কাজ সোপর্দ করা হয়। তারা হলেন হযরত ইসরাফিল, মীকাইল, আযরাঈল, ও জিবরাইল (আ.)

আয়াত : ৪

اَلْمَلٰٓئِكَةُ : **ফেরেশতা**। বহুবচন, একবচন- مَلَكٌ অর্থ- আল্লাহ তা'আলার এক বিশেষ সৃষ্টি যারা কখনও আল্লাহ তা'আলার অবাধ্যতা করে না, সর্বদা তাঁর নির্দেশ পালনে সচেষ্ট থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩০ দ্রষ্টব্য)

اَلرُّوْحُ : **ফেরেশতাদের দল/ওহী/কুরআন**। এটি একবচন; বহুবচন- اَرْوَاحٌ ; (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৮৭ দ্রষ্টব্য)

بِاِذْنِ : **অনুমতিক্রমে**। ب হরফে জার। اِذْن মাসদার, বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) অর্থ- অনুমতি প্রদান করা।

سَلَامٌ : **সালাম, সম্ভাষণ**। এটি ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া; দোষত্রুটিকে এড়িয়ে চলা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- سِلْمٌ ও سَلَامَةٌ অর্থ- প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন- مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيْهَا (নির্দোষ, তাতে কোনো দাগ নেই) অপ্রকাশ্য যেমন- بِقَلْبٍ سَلِيْمٍ (প্রতারণামুক্ত অন্তর) অন্যত্র আল্লাহ বলেন- اُدْخُلُوْهَا بِسَلَامٍ اٰمِنِيْنَ (তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।) প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়িত্ব আছে ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে অভাব-অনটন নেই, সম্মান আছে অপদস্থতা নেই, সুস্থতা আছে রোগ-ব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার হয়েছে। কেউ কেউ বলেন- اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী (র.) হযরত কাতাদা (র.) থেকে سَلَامٌ এর অর্থ বর্ণনা করেছেন যে- سَلَامٌ) اَلسَّلَامُ هُوَ الَّذِىْ يَسْلَمُ خَلْقُهٗ مِنْ ظُلْمِهٖ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে)।

আয়াত : ৫

مَطْلَعِ : **সূর্যোদয়স্থল; উদায়াচল**। এটি ইসম একবচন, বহুবচন- مَطَالِعُ আবার বাব نَصَرَ মাসদারও আসে। প্রকাশিত হওয়া; সূর্য, সকাল বা যে কোনো ব্যক্তি ইত্যাদি বের হওয়া। যেমন طُلُوْعُ الشَّمْسِ আবার مَطْلَعِ الْفَجْرِ

اَلْفَجْرِ : **উষাকাল; ফজর**। এটি ইসমে ফে'ল ও মাসদার। অর্থ- বিদীর্ণ হওয়া; ফেটে যাওয়া; ভোরের আলো প্রকাশিত হওয়া। ফজর উদিত হওয়া। এ অর্থেই এটি কুরআনে ব্যবহার হয়েছে।

সূরা বায়্যিনা : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৮, রুকূ' : ১

আয়াত : ১

لَمْ يَكُنْ : **তার কাজ নয়; সে ছিল না।** সীগাহ واحد نفى جحد بلم در فعل বহছ مذكر غائب مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . و . ن) মাসদার اَلْكَيْنُوْنَةُ ও اَلْكَوْنُ অর্থ- হওয়া; সংঘটিত হওয়া; তৈরি হওয়া; বানানো। এটি اَفْعَالُ نَاقِصَةٌ -এর অন্তর্ভুক্ত।

كَفَرُوْا : **তারা কুফরি করেছে; তারা অবিশ্বাস করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . ف . ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ অর্থ- অবিশ্বাস করা; অস্বীকার করা; কুফরি করা; মিথ্যা বলা।

اَهْلِ الْكِتٰبِ : **কিতাবী; আহলে কিতাব।** اَهْلَ অর্থ- ওয়ালা। اَلْكِتٰبُ অর্থ- গ্রন্থ; কিতাব। পবিত্র কুরআনের পরিভাষায় اَهْلَ الْكِتٰبِ শুধুমাত্র ইহুদি ও নাসারারাই উদ্দেশ্য। দলিল হলো-

وَهٰذَا كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ فَاتَّبِعُوْهُ وَاتَّقُوْا لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ - اَوْ تَقُوْلُوْا اِنَّمَآ اُنْزِلَ الْكِتٰبُ عَلٰى طَآئِفَتَيْنِ مِنْ قَبْلِنَا وَاِنْ كُنَّا عَنْ دِرَاسَتِهِمْ لَغٰفِلِيْنَ

সুতরাং اَهْلِ كِتَابٌ যদি এরা দুই সম্প্রদায় ব্যতীত আর কেউ থাকত তাহলে طَآئِفَيْنَ না বলে طَوَآئِفُ বলা হতো।

اَلْمُشْرِكِيْنَ : **মুশরিকগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش . ر . ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ- শরিক করা।

مُنْفَكِّيْنَ : **অবিচলিত; মতের উপর সুদৃঢ়।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْفِكَاكُ মূলবর্ণ (ف . ك . ك) অর্থ- পৃথক হওয়া; সুদৃঢ় হওয়া; বিরত হওয়া।

تَاْتِيَهُمُ : **তাদের নিকট আসবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ . ت . ى) অর্থ- আসা; আগমন করা; প্রত্যাবর্তন করা; ফিরে আসা; পুনরায় আগমন করা।

اَلْبَيِّنَةُ : **স্পষ্ট প্রমাণ।** একবচন, বহুবচন- بَيِّنَاتٌ অর্থ- দলিল; প্রমাণ।

আয়াত : ২

رَسُوْلٌ : **রাসূল। পয়গাম্বর; প্রেরিত।** এটি رِسَالَةٌ থেকে উদ্ভূত فَعُوْلٌ -এর ওযনে مبالغة -এর সীগাহ। রাসূল কাকে বলা হয় সে সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। জুমহূরের মতে- যাদের নিকট আল্লাহর পক্ষ থেকে ওহী আসে তারা হলেন নবী। আর তাদের মধ্যে যারা বিশিষ্ট বা যাদের উম্মত আছে বা কিতাব আছে তারা হলেন রাসূল। কাজী বায়যাভী (র.) -এর মতে, যাদেরকে আল্লাহ তা'আলা নতুন শরিয়ত দিয়ে প্রেরণ করেছেন তারা হলেন রাসূল, আর নবী হলেন ব্যাপক অর্থাৎ যাদেরকে নতুন শরিয়ত দান করা হয়েছে এবং যাদেরকে পূর্ববর্তী রাসূলের দীনের উপর পাঠানো হয়েছে, সবাই নবী।

يَتْلُوْا : **তিনি তেলাওয়াত করেন; পাঠ করেন; তিনি বর্ণনা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت . ل . و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ- তেলাওয়াত করা; পাঠ করা; বর্ণনা করা; আলোচনা করা; অনুসরণ করা; অনুকরণ করা।

صُحُفًا : **পবিত্র গ্রন্থ; লিপিসমূহ।** এটি صَحِيْفَةٌ -এর বহুবচন। শাব্দিক অর্থ লিপিবদ্ধ পৃষ্ঠাসমূহ; লিখিত কাজ সমূহ। গ্রন্থ অর্থেও ব্যবহৃত হয়। এখানে গ্রন্থ উদ্দেশ্য। (লিসানুল আরব)

مُطَهَّرَةً : **পবিত্র**। সীগাহ اسم مفعول বহছ واحد مؤنث বাব تَفْعِيْل মূলবর্ণ (ط . ه . ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ– পবিত্র করা। জালালাইনে এর তাফসীর করা হয়েছে– مُنَزَّهَةٌ عَنْ مَسِّ الشَّيْطَانِ শয়তানের ছোঁয়া থেকে পবিত্র।

আয়াত : ৩

قَيِّمَةٌ : **সঠিক**। এটি সিফাতে মুশাব্বার সীগাহ। মুফরাদ ও মারফূ'। সাধারণত মুফাসসিরগণ এর অর্থ করেন– সঠিক, সোজা। কিন্তু دِيْنُ الْقَيِّمَةِ -এর মধ্যে ইমাম রাগেব একটি সূক্ষ্ম অর্থ করেছেন, তা হলো এমন দীন যা ইহকাল পরকাল উভয়কে সংশোধনকারী। মূলত: ইমাম রাগেবের মতে قَيِّمٌ শব্দটি مُقَوِّمٌ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৪

تَفَرَّقَ : **তারা বিভক্ত হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَرُّقُ মূলবর্ণ (ف . ر . ق) অর্থ– বিচ্ছিন্ন হওয়া; বিভক্ত হওয়া; পৃথক করা।

اُوْتُوْا : **তাদেরকে দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ . ت . ى) অর্থ– দেওয়া; দান করা; সদকা করা।

আয়াত : ৫

اُمِرُوْا : **তারা আদিষ্ট হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ا . م . ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ করা; হুকুম করা।

مُخْلِصِيْنَ : **একনিষ্ঠভাবে; বিশুদ্ধচিত্ত হয়ে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ . ل . ص) অর্থ– একনিষ্ঠ হওয়া; কোনো বস্তুর মিশ্রণ থেকে অন্য বস্তুকে পৃথক করা। বান্দা মুখলিস হওয়ার অর্থ হলো একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করা, ইহুদিদের সদৃশতা এবং খ্রিস্টানদের ত্রিত্ব মতবাদ থেকে আল্লাহকে পবিত্র মনে করা। ইমাম রাগেবের মতে গাইরুল্লাহ থেকে নিজের খেয়ালকে সরিয়ে রাখা এবং একমাত্র আল্লাহরই জন্য হয়ে যাওয়া। আর আল্লাহ বান্দাকে মুখলিস বানানোর অর্থ হলো বান্দাকে মনোনীত ও নৈকট্যশীল বানিয়ে নেওয়া; তৈরি করা।

اَلدِّيْنَ : **দীন**। একবচন; বহুবচন– اَدْيَانٌ অর্থ– প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; আনুগত্য করা; নির্দেশ মান্য করা; আদেশ পালন করা। دِيْن অর্থ মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ -এর মাসদারও হয়।

حُنَفَاءَ : **একনিষ্ঠ**। এটি حَنِيْفٌ -এর বহুবচন। সকল বাতিল ধর্ম পরিত্যাগ করে এক সত্য ধর্ম গ্রহণ করাকে حَنِيْف বলা হয়। শব্দটি حَنَفٌ থেকে নির্গত। যার অর্থ হলো পথভ্রষ্টতা থেকে সঠিক পথের দিকে আকৃষ্ট হওয়া। فَعِيْل -এর ওযনে صفت مشبه -এর সীগাহ। (বিস্তারিত সূরা আলে ইমরান , আয়াত : ৬৭ দ্রষ্টব্য)

يُقِيْمُوْا : যেন **তারা কায়েম করে**। প্রতিষ্ঠা করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام كى বাব اِفْعَالٌ মূলবণ (ق . و . م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– সোজা করা; সঠিক করা। অবস্থান করা।

يُؤْتُوْا : **যেন তারা প্রদান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام كى বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ . ت . ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

اَلزَّكٰوةَ : **জাকাত**। এটি تَزْكِيَةٌ থেকে ইসম। বহুবচন– زَكٰوة : زَكَوَاتٌ অর্থ– পরিচ্ছন্নতা; প্রবৃদ্ধি; পবিত্র লাভ করা। জাকাত আদায় করার দ্বারা সম্পদ বৃদ্ধি পায় এবং জাকাতদাতার অন্তর এবং অবশিষ্ট সম্পদ পবিত্র হয়ে যায় তাই একে জাকাত বলা হয়। নিসাবের

অধিকারী মুসলমানের উপর সম্পদের চল্লিশভাগের একভাগ আল্লাহর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে দরিদ্র মুসলমানদের জন্য ব্যয় করা বা দান করাকে শরিয়তের পরিভাষায় জাকাত বলা হয়।

دِيْنُ الْقَيِّمَةِ : **সঠিক দীন**। اَلْقَيِّمَةُ সিফাতে মুশাব্বার সীগাহ। মুফরাদ ও মারফূ'। সাধারণত মুফাসসিরগণ এর অর্থ করেন– সঠিক, সোজা; এক বরাবর হওয়া; বাঁকা না হওয়া। কিন্তু এর মধ্যে ইমাম রাগেব (র.) একটি সূক্ষ্ম অর্থ করেছেন, তা হলো এমন দীন যা ইহকাল পরকাল উভয়কে সংশোধনকারী। মূলত ইমাম রাগেবের মতে قَيِّمٌ শব্দটি مُقَوَّمٌ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৬

خٰلِدِيْنَ : **তারা স্থায়ী হবে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– স্থায়ী হওয়া; শাশ্বত হওয়া।

اَلْبَرِيَّةِ : **সৃষ্টি; সৃষ্টজীব**। بَرْأً থেকে উদ্ভূত فَعِيْلَةٌ-এর ওযনে, مفعول অর্থে– যার অর্থ– অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা।

আয়াত : ৮

جَنّٰتُ عَدْنٍ : **স্থায়ী জান্নাত**। عَدْنٌ শব্দটি বাব ضَرَبَ ও نَصَرَ-এর মাসদার। অর্থ– থাকা; বসবাস করা; স্থায়ী হওয়া। جَنّٰتُ عَدْنٍ অর্থ– বসবাসের উদ্যান অর্থাৎ এমন উদ্যানসমূহ যেখানে চিরদিন থাকবে। উল্লেখ্য عَدْن কে কোনো কোনো আলেম عَلَمٌ বলেছেন; আবার কেউ صِفَت বলেছেন। যারা عَلَمٌ বলেন, তারা বলেন, এটি একটি বিশেষ জান্নাতের নাম। দলিলস্বরূপ তারা কুরআনের আয়াত– جَنّٰتُ عَدْنٍ الَّتِىْ وَعَدَالرَّحْمٰنُ عِبَادَهٗ بِالْغَيْبِ পেশ করেন। কারণ এখানে মারেফাকে তার সিফাত বানানো হয়েছে। তাছাড়া হাদীসে রয়েছে রাসূল ﷺ বলেছেন عَدْنٌ হলো আল্লাহর তা'আলার নির্মিত গৃহ যা না কোনো চক্ষু কখনও দেখেছে, না কোনো মানুষের অন্তরে তার কল্পনা উদয় হয়েছে। নবীগণ, সিদ্দীকগণ ও শহীদগণ ব্যতীত কেউ তাতে বসবাস করতে পারবে না। পক্ষান্তরে যারা عَدْنٌ কে عَلَمٌ (নাম) বলে মনে করেন না, তারা বলেন এটি جَنّٰتٌ-এর সিফাত। কারণ عَدْن-এর প্রকৃত অর্থ হলো স্থায়িত্ব; অবিচলতা। প্রবাদ রয়েছে– عَدَنَ بِالْمَكَانِ (সে এখানে অবস্থান করেছে।) عَدْنٌ দ্বারা উদ্দেশ্য হলো চিরস্থায়ী বসবাস। এ মত হিসেবে عدن সকল জান্নাতই আদ্‌ন।

تَجْرِىْ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجِرْيَانُ ও اَلْجَرْىُ অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; দৌড়ানো; এগিয়ে যাওয়া; অনবরত জারিত থাকা।

مِنْ تَحْتِهَا : **তার পাদদেশে**। تَحْتَ মুযাফ; هَا যমীর মুযাফ ইলাইহি। এটি اسم ظرف অর্থ– নিচে, অধীনে এবং এটি فَوْق-এর বিপরীত শব্দ।

اَلْاَنْهٰرُ : **নদীসমূহ**। বহুবচন, একবচন– نَهْرٌ অর্থ– নদী; নির্ঝরণী; ঝরনা; প্রস্রবণ।

رَضِىَ : **তিনি প্রসন্ন; তিনি সন্তুষ্ট আছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ و) মাসদার اَلرِّضْوَانُ ও اَلرِّضٰى অর্থ– রাজি হওয়া; সন্তুষ্ট হওয়া; পছন্দ হওয়া; মনের মতো হওয়া।

مَنْ خَشِىَ : **যে ভয় করে**। مَنْ মাওসূলাহ। خَشِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ش ـ ى) মাসদার اَلْخَشْيَةُ অর্থ– ভয় করা; আশংকা করা। কোনো শত্রু, হিংস্র জন্তু অথবা ইতর প্রাণী দেখে যে ভয়ের সঞ্চার হয় অথবা ভয়ঙ্কর কোনো প্রাণী দেখে আতংক সৃষ্টি হয় তাকে خَشْيَةٌ বলা হয় না; বরং কারো অসাধারণ মাহাত্ম্য ও প্রতাপ থেকে যে ভয়-ভীতির উৎপত্তি, তাকেই خَشْيَةٌ বলা হয়। এই ভয়ের পরিপ্রেক্ষিতে সর্বকাজে ও সর্বাবস্থায় সংশ্লিষ্ট সত্তার সন্তুষ্টি বিধানের চেষ্টা করা হয়। এই ভীতিই মানুষকে কামেল ও প্রিয় বান্দায় পরিণত করে।

সূরা যিলযাল : মদিনায় অবতীর্ণ

আয়াত : ৮, রুকূ' : ১

আয়াত : ১

إِذَا زُلْزِلَتْ : **যখন তা (ভূমি) প্রকম্পিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَعْلَلَةٌ ওজন بَعْثَرَةٌ মাসদার زِلْزَالٌ ও زَلْزَلَةٌ ; رباعى مجرد ; অর্থ– কাঁপানো; প্রকম্পিত করা।

আয়াত : ২

أَخْرَجَتْ : **সে বের করে দিবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْإِخْرَاجُ অর্থ– বের করা; বহিষ্কার করা।

أَثْقَالَهَا : **তার ভার/বোঝাসমূহ**। أَثْقَالٌ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। أَثْقَالٌ শব্দটি ثِقْلٌ -এর বহুবচন। অর্থ– বোঝা; ভার।

আয়াত : ৪

يَوْمَئِذٍ : **সেদিন**। يَوْمَ ইসমে যরফ মানসূব মুযাফ। إِذْ মুযাফ ইলাইহি। শব্দটি মূলত ছিল– يَوْمَ إِذْ كَانَ كَذَا (এমন ঘটনাবলির দিন।)

تُحَدِّثُ : **সে বর্ণনা করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْدِيْثُ মূলবর্ণ (ح ـ د ـ ث) অর্থ– বর্ণনা করা; জানিয়ে দেওয়া; অবহিত করা।

আয়াত : ৫

أَوْحٰى : **তিনি ওহী প্রেরণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

আয়াত : ৬

يَصْدُرُ النَّاسُ : **লোকেরা বের হবে**। يَصْدُرُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ر) মাসদার اَلصَّدْرُ অর্থ– বের করা; প্রকাশ করা।

أَشْتَاتًا : **ভিন্ন ভিন্ন দলে; পৃথক পৃথকভাবে**। شَتٌّ ও شَتَّاتٌ -এর বহুবচন। অর্থ– বিক্ষিপ্ত।

لِيُرَوْا : **যেন তারা দেখাতে পারে; দেখানোর জন্য**। শুরুতে لام كى ; সীগাহ يُرَوْا جمع مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِرَاءَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখানো; প্রদর্শন করা।

আয়াত : ৭

مَنْ يَعْمَلْ : **যে করে**। مَنْ মাউসূলাহ। يَعْمَلْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– করা; কাজ করা; আমল করা।

مِثْقَالَ : **সমপরিমাণ**। বহুবচন مَثَاقِيْلُ অর্থ– ভারি, সমান সমান, বাব كَرُمَ মূলবর্ণ (ث ـ ق ـ ل) মাসদার اَلثِّقَالَةُ - اَلثِّقْلُ অর্থ– ভারি হওয়া।

ذَرَّةٍ : **অণু**। একবচন, বহুবচন– ذَرَّاتٌ অর্থ– সামান্য; ছোট পিঁপড়া ইত্যাদি।

خَيْرًا : **সৎকর্ম; সর্বশ্রেষ্ঠ**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলত أَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের কারণে শুরুর হামযাটি বিলুপ্ত করা হয়েছে। এটি একবচন, বহুবচন– أَخْيَارٌ، خِيَارٌ অর্থ– উত্তম; কল্যাণ; সৎকর্ম। এমন বস্তু যা সকলের নিকট পছন্দনীয়; জ্ঞান; বুদ্ধি; ন্যায়পরায়ণতা; শ্রেষ্ঠত্ব;। এর বিপরীতার্থক শব্দ হলো شَرٌّ ; (বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ১৫৫ দ্রষ্টব্য)

আয়াত : ৮

شَرًّا : **অসৎকর্ম/নিকৃষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলত أَشَرُّ ছিল। সহজকরণার্থে শুরু থেকে হামযাটি বিলুপ্ত করা হয়েছে।

يَرَهُ : **সে তা দেখবে**। يَرٰى সীগাহ واحد مذكر غائب ; جواب شرط হওয়ার কারণে ي পড়ে গেছে। বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

সূরা আদিয়াত : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১১, রুকূ' : ১

আয়াত : ১

وَالْعٰدِيٰتِ : **ধাবমান (অশ্ব বা উষ্ট্রী)** সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব **نَصَرَ** মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْعَدْوُ অর্থ– দৌড়ানো; অতিক্রম করা; অগ্রসর হওয়া; পিছনে ফেলা; দৌড় প্রতিযোগিতা করা। একবচন– عَادِيَةٌ ইমাম রাগেব (র.) বলেন– عَدْوٌ অর্থ– অতিক্রম করা ও সম্পৃক্ততা ছিন্ন করা। সুতরাং এটা যদি চলার ক্ষেত্রে হয় তাহলে তার অর্থ হয়– দৌড়ানো। عَادِيَاتٌ দ্বারা কী উদ্দেশ্য? সে ব্যাপারে তাফসীরবিদগণের বিভিন্ন উক্তি রয়েছে। হযরত ইবনে আব্বাস, আতা, মুজাহিদ, ইকরিমা, হাসান বসরী, কালবী, কাতাদাহ, মাকাতিল, আবুল আলিয়া (র.) প্রমুখের মতে এর দ্বারা মুজাহিদদের ঘোড়া উদ্দেশ্য। অপরপক্ষে হযরত আলী ও ইবনে মাসউদ (র.)-এর মতে এর দ্বারা উদ্দেশ্য ঐ উট বা উষ্ট্রী যা আরাফা থেকে মুযদালিফা পর্যন্ত দৌড়ায়। আল্লামা শওকানী (র.) লিখেছেন–

وَالرَّاجِحُ اَنَّهَا الْخَيْلُ كَمَا ذَهَبَ اِلَيْهِ الْجَمْهُوْرُ وَكَمَا هُوَ الظَّاهِرُ مِنْ هٰذِهِ الْاَوْصَافِ الْمَذْكُوْرَةِ فِىْ هٰذِهِ السُّوْرَةِ فَاِنَّهَا فِى الْخَيْلِ اَوْضَحُ مِنْهَا فِى الْاِبِلِ

অর্থাৎ عَادِيَاتٌ দ্বারা ঘোড়া উদ্দেশ্য হওয়াটাই অগ্রাধিকারযোগ্য মত; আর এটি জুমহূরেরও মত। এছাড়া সূরার বর্ণনাভঙ্গিতে এটাই স্পষ্ট হয় যে, এর দ্বারা ঘোড়াই উদ্দেশ্য। কারণ এ গুণটি উটের তুলনায় ঘোড়ার মধ্যেই অধিক বিদ্যমান। কারণ এর সিফত আনা হয়েছে– ضَبْحٌ (হাঁপানো।) আর এগুণটি ঘোড়ার মধ্যেই পাওয়া যায়।

ضَبْحًا : **ঊর্ধ্বশ্বাসে (দৌড়ায়)**। ঘোড়া দৌড় দেওয়ার সময় তার বক্ষ থেকে নির্গত আওয়াজকে ضَبْح বলা হয়। এটি বাব فَتَحَ-এর মাসদার মূলবর্ণ (ض ـ ب ـ ح) অর্থ– হাঁপানো।

আয়াত : ২

اَلْمُوْرِيٰتِ : **অগ্নি-স্ফুলিঙ্গ বিচ্ছুরণকারী**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব **افعال** মাসদার اَلْاِيْرَاءُ অর্থ– অগ্নি-স্ফুলিঙ্গ নির্গত করা; আগুন প্রজ্বলিত করা। مُوْرِيٰتٌ দ্বারা কী উদ্দেশ্য সে সম্পর্কে কয়েকটি মতামত রয়েছে। যথা–

১. ইকরিমা, আতা, যাহ্হাক, কালবী (র.) প্রমুখের মতে ঐ ঘোড়া উদ্দেশ্য যা পাথরময় ভূমিতে দ্রুতগতিতে চলার কারণে তার খুরের ঘর্ষণে অগ্নি-স্ফুলিঙ্গ প্রজ্বলিত হয়।

২. হযরত কাতাদার মতে ঐ ঘোড়া উদ্দেশ্য যা ক্ষীপ্রগতিতে রণক্ষেত্রে যায় এবং তার ফলে আরোহীর অন্তরে শত্রুর বিরুদ্ধে শত্রুতার আগুন প্রজ্বলিত হয়।

৩. হযরত ইবনে আব্বাস (র.)-এর মতে আরোহীদের এমন দল উদ্দেশ্য যারা দিনভর যুদ্ধ করে সন্ধ্যাবেলা বাড়ি ফিরে এসে খাবার তৈরির জন্য আগুন প্রজ্বলিত করে।

قَدْحًا : **চকমকি পাথর ঘষে আগুন বের করা। পাথরের উপর পাথর মেরে অগ্নিস্ফুলিঙ্গ বের করা।** বলা হয়– قَدَحَ بِالزَّنْدِ (চকমকি পাথর ঘষে আগুন বের করেছে।) বাব نَصَرَ ; এর পরে সেলা যদি فِىْ আসে তাহলে অর্থ হবে– সমালোচনা করা; টিপ্পনী কাটা। আয়াতে যেহেতু সেলা ব্যতীত এসেছে তাই তার অর্থ হবে– ঘোড়ার নালযুক্ত খুর কঙ্করময় ভূমিতে মারা।

আয়াত : ৩

اَلْمُغِيْرَاتِ : **অভিযানকারী**। অজান্তে আক্রমণকারীগণ। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم فاعل** বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ى ـ ر) মাসদার اَلْاِغَارَةُ অর্থ– অতর্কিত আক্রমণ করা; গেরিলা হামলা চালানো। অধিকাংশ মুফাসসিরগণের মতে এর দ্বারা উদ্দেশ্য ভোরবেলা

শত্রুদের উপর অতর্কিত আক্রমণকারী যোদ্ধাদল। কিন্তু হযরত আলী ও একদল মুফাসসিরের মতে এর দ্বারা উদ্দেশ্য হলো উটদের এমন দল যারা আরোহীদেরকে নিয়ে কুরবানির দিন ভোরবেলা মিনার দিকে দ্রুতগতিতে চলে। সুন্নতও এটা যে, ভোর হওয়ার আগে রওয়ানা না করা। اِغَارَةٌ অর্থ- দ্রুতগতি। বলা হয়- اَشْرَقَ ثَبِيْرٌ كَيْمَا نُغِيْرُ (ছাবীর পাহাড় আলোকিত হয়েছে, অর্থাৎ সকাল হয়েছে যেন আমরা দ্রুতগতিতে চলতে পারি; অথবা ভোর হয়েছে আমরা দ্রুগতিতে অগ্রসর হতে পারি।)

আয়াত : ৪

اَثَرْنَ : **তারা (ধূলি) উৎক্ষিপ্ত করে**। সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ا ـ ث ـ ر) মাসদার اَلْاِثَارَةُ অর্থ- উত্তেজিত করা; উদ্বুদ্ধ করা; ধূলি উৎক্ষিপ্ত করা।

نَقْعًا : **ধূলি; ধুলাবালি; মাটি; পানি জমা হওয়ার সংকীর্ণ স্থান। কূপে জমা হওয়া পানি।**

আয়াত : ৫

وَسَطْنَ : **তারা (শত্রুদের) অভ্যন্তরে ঢুকে পড়ে ; মধ্যে প্রবেশ করা**। সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ س ـ ط) মাসদার اَلْوَسْطُ অর্থ- মধ্যে হওয়া; মধ্যে প্রবেশ করা; মাঝে হওয়া।

جَمْعًا : **দল; জমাত**। একবচন, বহুবচন- جُمُوْعٌ বাব فَتَحَ-এর মাসদার।

আয়াত : ৬

كَنُوْدٌ : **অকৃতজ্ঞ। এটি** সিফাতে মুশাব্বাহর এবং বাব نَصَرَ-এর মাসদার মূলবর্ণ (ك ـ ن ـ د) অর্থ- অকৃতজ্ঞ হওয়া। অনুর্বর ভূমি; কাফের; আল্লাহকে মন্দ বলে যে। কৃপণ। এখানে প্রথম অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৭

شَهِيْدٌ : **অবহিত; সাক্ষী**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতের সীগাহ। যা فَاعِلٌ অর্থে ব্যবহৃত। ইমাম রাগেব (র.) লিখেছেন- شَاهِدٌ তথা সাক্ষীকেও شَهِيْدٌ বলা হয়। আবার কোনো কিছুকে প্রত্যক্ষকারীকেও বলা হয়। আল্লামা ইবনুল আছীর (র.) বলেন, আল্লাহ তা'আলার নামসমূহের মধ্যে شَهِيْدٌ এমন সত্তা যার জ্ঞানের বাইরে কোনো কিছুই নেই। আর শরিয়তের পরিভাষায় شَهِيْدٌ বলা হয় তাকে, যিনি আল্লাহর রাস্তায় জীবন বিসর্জন দিয়েছেন।

আয়াত : ৮

شَدِيْدٌ : **প্রবল; কঠোর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ- কঠোর হওয়া; তীব্র হওয়া; প্রচণ্ড হওয়া; কঠিন হওয়া।

আয়াত : ৯

بُعْثِرَ : **উত্থিত হবে; উন্মোচিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف মাসদার اَلْبَعْثَرَةُ বাব فَعْلَلَةٌ অর্থ- বিক্ষিপ্ত করা; উলট-পালট করা; ছড়িয়ে দেওয়া।

اَلْقُبُوْرُ : **কবর; সমাধি**। বহুবচন, একবচন- قَبْرٌ

আয়াত : ১০

حُصِّلَ : **তা প্রকশ করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْصِيْلُ মূলবর্ণ (ح ـ ص ـ ل) অর্থ- খোসা থেকে শাস বের করা; খনি থেকে স্বর্ণ বের করা। শীষ থেকে গম বের করা।

اَلصُّدُوْرُ : **অন্তরসমূহ**। বহুবচন, একবচন- صَدْرٌ অর্থ- বক্ষ; বুক।

আয়াত : ১১

لَخَبِيْرٌ : **সবিশেষ অবহিত**। শুরুতে লামটি তাকীদের জন্য ব্যবহৃত হয়েছে। خَبِيْرٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ب ـ ر) মাসদার اَلْخَبْرُ অর্থ- উত্তমরূপে জানা; ভালোভাবে জানা; ভালো করে জানা।

সূরা ক্বা-রি'আ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১১, রুকূ' : ১

আয়াত : ১

اَلْقَارِعَةُ : **মহাপ্রলয়; বিপর্যয়; কিয়ামত দিবস**। সীগাহ ও قَارِعَاتٌ -বহুবচন اسم فاعل বহছ واحد مؤنث قَوَارِعُ অর্থ- বিপদ; আকস্মিক আপতিত বিপদ। মূলবর্ণ (ق ـ ر ـ ع) বাব فَتَحَ যার অর্থ হলো সজোরে আঘাত করা;। যেমন বলা হয়- قَرَعَ الْبَابَ সে দরজায় করাঘাত করেছে। সে হিসেবে قَارِعَةٌ অর্থ হলো করাঘাতকারী। কিয়ামত যেহেতু আকস্মিক আপতিত বিপদ তাই কিয়ামতের অপর নাম হলো قَارِعَةٌ

আয়াত : ৩

مَا اَدْرٰىكَ : **তুমি কী জান?** مَا প্রশ্নবোধক। اَدْرٰى সীগাহ إِفْعَالٌ বাব ماضي معروف বহছ واحد مذكر غائب মূলবর্ণ (د ـ ر ـ ى) মাসদার اَلْاِدْرَاءُ অর্থ- জানানো; অবহিত করা।

আয়াত : ৪

اَلْفَرَاشِ : **পতঙ্গ; প্রজাপতি**। এটি বহুবচন, একবচন- فَرَاشَةٌ ; আয়াতে فَرَاشٌ কে اسم جنس হিসেবে ব্যবহার করা হয়েছে। এ কারণেই তার সিফত مَبْثُوْثَةٌ -এর পরিবর্তে مَبْثُوْثٌ আনা হয়েছে। যেমনিভাবে اَلسَّحَابُ যদিও سَحَابَةٌ -এর বহুবচন (কামূস); কিন্তু সাথে সাথে তা اسم جنس -ও ; এ কারণেই سَحَابٌ مَّرْكُوْمٌ বলা হয়।

اَلْمَبْثُوْثِ : **বিক্ষিপ্ত**। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ث ـ ث) মাসদার اَلْبَثُّ অর্থ- বিক্ষিপ্ত করা; বিছানো; বিস্তৃত করা।

আয়াত : ৫

كَالْعِهْنِ : **রঙ্গীন পশমের ন্যায়**। عِهْنٌ শব্দটি একবচন, বহুবচন- عُهُوْنٌ

اَلْمَنْفُوْشِ : **ধূনিত। ধূননকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ- ضَرَبَ - نَصَرَ মাসদার اَلنَّفْشُ মূলবর্ণ (ن ـ ف ـ ش) অর্থ- পশম বা তুলা ধুনা করা। রাতের বেলা চরার জন্য পশুপাল ছেড়ে দেওয়া।

আয়াত : ৬

ثَقُلَتْ : مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ : **যার পাল্লা ভারি হবে**। সীগাহ ماضي معروف বহছ واحد مؤنث غائب বাব كَرُمَ মূলবর্ণ (ث ـ ق ـ ل) মাসদার اَلثِّقْلُ و اَلثَّقَالَةُ অর্থ- ভারী হওয়া।

مَوَازِيْنُ : **পাল্লা; দাড়িপাল্লা; নিক্তি**। বহুবচন, একবচন- مِيْزَانٌ বাব ضَرَبَ ; اسم با اسم آلة এটি اَلْموزون مفعول অর্থ দাড়িপাল্লাসমূহ বা ওজনযোগ্য আমলসমূহ।

আয়াত : ৭

عِيْشَةٍ : **জীবন-যাপন**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। যার অর্থ- জীবন যাপন করা; জীবিত থাকা।

رَّاضِيَةٍ : **সন্তোষভাজন; সন্তোষজনক**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ و) মাসদার اَلرِّضْوَانُ الرِّضٰى অর্থ- সন্তুষ্ট হওয়া; রাজি হওয়া;।

আয়াত : ৮

خَفَّتْ : **তা হালকা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ف ـ ف) মাসদার اَلْخِفَّةُ অর্থ- হালকা হওয়া; সহজ হওয়া। مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ -এর অর্থ হচ্ছে-

১. যার ওজন হালকা হবে। -(শাইখুল হিন্দ)
২. যার পাল্লা হালকা হবে। অর্থাৎ যার নেক আমল কম হবে। -(থানভী) কারো মতে مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ দ্বারা কাফের উদ্দেশ্য।

আয়াত : ৯

هَاوِيَةٌ : **হাভিয়া**। জাহান্নামের একটি স্তরের নাম। هُوَّةٌ অর্থ- গর্ত। গভীর গর্ত। هُوِيَّةٌ (অধিক গভীর কূপ।)

আয়াত : ১০

حَامِيَةٌ : **জ্বলন্ত; প্রজ্বলিত**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ى) মাসদার اَلْحَمْىُ অর্থ- প্রজ্বলিত হওয়া; গরম হওয়া।

সূরা তাকাছুর : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৮, রুকূ' : ১

আয়াত : ১

اَلْهٰكُمُ : **তোমাদেরকে মোহাচ্ছন্ন রেখেছে।** اَلْهٰى সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ه ـ و) মাসদার اَلْاِلْهَاءُ অর্থ— আসক্ত করা; মজিয়ে রাখা। كُمْ যমীর মাফউলে বিহী।

اَلتَّكَاثُرُ : **প্রাচুর্য লাভের প্রতিযোগিতা**। এটি বাব تَفَاعُلٌ -এর মাসদার। মূলবর্ণ (ك ـ ث ـ ر) অর্থ— ধন ও জনের প্রাচুর্য; ধন-সম্পদ ও মান-মর্যাদার জন্য একে অপরের সাথে ঝগড়া করা।

আয়াত : ২

زُرْتُمُ : **তোমরা উপনীত হও। তোমরা সাক্ষাৎ কর।** সীগাহ ماضى معروف বহছ جمع مذكر حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ و ـ ر) মাসদার اَلزِّيَارَةُ অর্থ— সাক্ষাৎ করা।

اَلْمَقَابِرَ : **কবরসমূহ।** ظرف مكان ; جمع منتهى ; اَلْجُموع একবচন— مَقْبَرَةٌ কবরস্থান; গোরস্থান।

আয়াত : ৩

سَوْفَ : **শীঘ্রই; অচিরেই; দ্রুত; এখনই**। ইমাম রাগেব (র.) লিখেছেন, سَوْفَ হলো এমন হরফ যা فعل مضارع কে ভবিষ্যতের জন্য নির্দিষ্ট করে حال বা বর্তমান কাল থেকে পৃথক করে দেয়। যেমন— سَوْفَ اَسْتَغْفِرُ لَكُمْ رَبِّىْ (অচিরেই আমার প্রতিপালকের নিকট হতে তোমাদের জন্য ক্ষমা করিয়ে নিব)। আল্লামা সুয়ূতী (র.) লিখেছেন— سَوْفَ টি س -এর ন্যায়। بصرى -দের মতে কাল হিসেবে এটি سين থেকে অধিক ব্যাপক। কেননা كَثْرَةُ الْمَبَانِىْ تَدُلُّ عَلٰى كَثْرَةِ الْمَعَانِىْ (বর্ণের আধিক্য অর্থের আধিক্যকে বুঝায়)।

আয়াত : ৫

عِلْمَ الْيَقِيْنِ : **নিশ্চিত জ্ঞান;** । ইসম। যা ظَنٌّ ধারণা ও অনুমানের বিপরীতার্থক শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে يَقِيْن বলা হয়। دِرَايَتٌ ও مَعْرِفَتٌ থেকে يَقِيْنٌ -এর স্তর অনেক উঁচু। এ কারণেই তা علم -এর صفت হয় معرفت হয় না, কিন্তু عِلْمُ الْيَقِيْنِ বলা হয়। اَلْيَقِيْنُ (রাগেব) বাব اِسْتِفْعَالٌ، اِفْعَالٌ، تَفَعُّلٌ সকল থেকেই এর ব্যবহার হয় এবং সবগুলোর অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার وَاجِبُ الْيَقِيْنِ কেও يَقِيْنٌ বলা হয়। এ কারণেই মৃত্যুকে يَقِيْن বলা হয়।

আয়াত : ৬

لَتَرَوُنَّ : **তোমরা অবশ্যই (জাহান্নাম) দেখবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ— দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৭

عَيْنَ الْيَقِيْنِ : **চাক্ষুষ প্রত্যয়**। অর্থাৎ এমন প্রত্যয় যা চাক্ষুষ দর্শন থেকে অর্জিত হয়। এটা বিশ্বাসের সর্বোচ্চ স্তর। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন— মূসা (আ.) যখন তূর পর্বতে অবস্থান করছিলেন এবং তার অনুপস্থিতিতে তার সম্প্রদায় গোবৎসের পূজা করতে শুরু করেছিল, তখন আল্লাহ তাআলা তূর পর্বতেই তাঁকে অবহিত করেছিলেন যে, বনী ইসরাঈলরা গোবৎসের পূজায় লিপ্ত হয়েছে; কিন্তু হযরত মূসা (আ.)-এর মধ্যে এর তেমন প্রতিক্রিয়া দেখা দেয়নি, যেমনটা ফিরে আসার পর স্বচক্ষে প্রত্যক্ষ করার ফলে দেখা দিয়েছিল। তিনি ক্রোধে আত্মহারা হয়ে তওরাতের তক্তিগুলো হাত থেকে ছেড়ে দিয়েছিলেন। —(মাযহারী)

আয়াত : ৮

لَتُسْئَلُنَّ : **অবশ্যই তোমরা জিজ্ঞাসিত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ— প্রশ্ন করা।

সূরা আসর : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩, রুকূ' : ১

আয়াত : ১

وَالْعَصْرِ : **শপথ মহাকালের**। و শপথের জন্য। عَصْر একবচন, বহুবচন– عُصُوْرٌ অর্থ– কাল; যুগ। আবার عَصْر -এর অর্থ দিনের শেষ প্রহরও হয়। সে হিসেবে এর অর্থ আসরের নামাজ। কামূস গ্রন্থকার লিখেছেন, এর বহুবচন– أَعْصُرٌ - عُصُرٌ - عُصُوْرٌ - إِعْصَارٌ –ও আসে। আয়াতে عَصْر দ্বারা কেউ কেউ কাল বা মহাকাল উদ্দেশ্য নিয়েছেন, আবার কেউ কেউ আসরের নামাজ উদ্দেশ্য নিয়েছেন। বস্তুত উভয়টিই উদ্দেশ্য সঠিক।

আয়াত : ২

الْإِنْسَانَ : **মানুষ; মানবজাতি**। এটি পুং ও স্ত্রী উভয়বচনেই ব্যবহৃত হয়। শব্দটি إِنْس থেকে গঠিত। যার অর্থ হৃদ্যতা; ঘনিষ্ঠতা; পারস্পরিক সৌহার্দ্যতা। যেহেতু মানুষ স্বভাবগতভাবে সামাজিক জীব, তাই তার জীবন গাড়ির চাকার মতো পারস্পরিক সৌহার্দ্যতা ও মেলামেশা ব্যতীত চলতে পারে না। তাই তার নাম রাখা হয়েছে إِنْسَانٌ

خُسْرٍ : **ক্ষতি; ধ্বংস**। এটি বাব سَمِعَ -এর মাসদার মূলবর্ণ (خ ـ س ـ ر) অন্য মাসদার হলো - اَلْخَسَارَةُ ও اَلْخَسَارُ ও اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতি হওয়া, অর্থাৎ মূলধন হ্রাস পাওয়া; ক্ষতিগ্রস্ত হওয়া। উল্লেখ্য যে, কখনো خَسَارَةٌ -এর نسبت মানুষের দিকে করা হয়। যেমন বলা হয়– অমুকের ক্ষতি হয়েছে; অমুক ক্ষতিগ্রস্ত হয়েছে। আবার কখনো কর্মের দিকে করা হয়। যেমন বলা হয়– তার ব্যবসায় ক্ষতি হয়েছে। আবার কখনো বাহ্যিক বস্তুর দিকে করা হয়, যেমন বলা হয়– ইহকালীন সম্মান মর্যাদা ইত্যাদি। - خَسَارَةٌ -এর ব্যবহার এ সমস্ত বাহ্যিক উপকরণের দিকেই হয়ে থাকে। আবার কখনো মূল্যবান বস্তুর দিকেও হয়। যেমন সুস্থতা, জ্ঞান, বুদ্ধি, ঈমান, ছওয়াব, ইত্যাদি। আল্লাহ এ সব মূল্যবান বস্তুর ক্ষতির ক্ষেত্রে خُسْرَانٌ مُّبِيْنٌ ব্যবহার করেছেন।

আয়াত : ৩

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ–আমল করা; ইবাদত করা; বন্দেগী করা।

الصّٰلِحٰتِ : **সৎকার্যসমূহ**। বহুবচন, একবচন– صَالِحٌ ; শব্দটি পবিত্র কুরআনের এক স্থানে শুধুমাত্র 'পুণ্যবতী মহিলাগণ' অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– اَلصّٰلِحٰتُ قٰنِتٰتٌ (পঞ্চম পারা) এছাড়া সমস্ত স্থানে এটি সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

تَوَاصَوْا : **তারা একে অপরকে উপদেশ দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّوَاصِىْ মূলবর্ণ (و ـ ص ـ ى) অর্থ– একে অপরকে উপদেশ দেওয়া।

اَلْحَقّ : **সত্য**। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য)

اَلصَّبْرِ : **ধৈর্যধারণ করা; ধৈর্যধারণ**। এটি বাব - ضَرَبَ এর মাসদার মূলবর্ণ (ص ـ ب ـ ر) ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– صَبْر অর্থ– নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন– বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো جَزْع (অস্থিরতা, উৎকণ্ঠা)। এ কাজ যদি যুদ্ধের সময় হয় তাহলে তাকে বলা হবে– شَجَاعَةٌ বা বীরত্ব; جُبْن (ভীরুতা) হলো এর বিপরীত শব্দ। তেমনিভাবে বিষণ্নকারী বিপদের সময় হলে তাকে বলা হবে– رَحْبُ الصَّدْرِ (প্রসন্নতা; উদারতা); ضَجْر (সঙ্কীর্ণতা) হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে– كِتْمَانٌ (গোপন করা) ; আর مَذَل (কথা ফাঁস করে দেওয়া) হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সব কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

সূরা হুমাযা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৯, রুকূ' : ১

আয়াত : ১

وَيْلٌ : **দুর্ভোগ**। এটি ইসমে মারফূ। অর্থ– ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْلٌ -এর আরো অনেক অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সব অর্থে وَيْلٌ হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلَةٌ ও وَيْلٌ -এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন متكلم ও خطاب - غيب -এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْلٌ সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم -এর দিকে ইযাফত হলে আবশ্যিকভাবে وَيْل কে যের দেওয়া হয়।

هُمَزَةٍ : **পশ্চাতে নিন্দাকারী; নিন্দুক; নিন্দাকারী; ভর্ৎসনাকারী**। এটি মুবালাগার সীগাহ। বাব نَصَرَ ও ضَرَبَ থেকে هَمْز অর্থ– নিন্দাস্বরূপ চোখ দ্বারা ইশারা করা; নিংড়ানো; বিদ্ধ করা; দোষচর্চা করা; কারো দোষ সম্পর্কে আলোচনা করা; দূর করা; প্রহার করা। কর্তন করা। ভাঙ্গা। শুধুমাত্র نَصَرَ থেকে হলে তার অর্থ হবে– ভূমিতে ঝরে পড়া। هَمْزُ الشَّيْطَانِ (শয়তানের প্ররোচনা; উন্মাদনা।)

لُمَزَةٍ : **সম্মুখে নিন্দাকারী**। এটি সিফাতের সীগাহ, মোবালাগার জন্য। বাব ضَرَبَ মূলবর্ণ (ل ـ م ـ ز) মাসদার اَللَّمْزُ অর্থ– দোষারোপ করা; অপবাদ দেওয়া; পেছনে নিন্দা করা; গিবত করা। উপহাসস্বরূপ ইঙ্গিত করা।

আয়াত : ২

عَدَّدَ : **সে বারবার গণনা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْدِيْدُ মূলবর্ণ (ع ـ د ـ د) অর্থ– বারবার গণনা করা। ইমাম বায়হাকী (র.) তাজুল মাসাদির গ্রন্থে লিখেছেন– تَعْدِيْد অর্থ বিপুল সংখ্যক সম্পদ জমা করা ও অধিক গুরুত্ব সহকারে কোনো কিছু গণনা করা। আল্লামা আহমদ ফাইউমী (র.) মিসবাহ গ্রন্থে লিখেছেন– عَدَّدَ (তাশদীদযোগে) -এর ব্যবহার মুবালাগার জন্য হয়।

তাফসীরে কাবীরে রয়েছে– عَدَّدَهٗ -এর তাফসীর কয়েক ভাবে হতে পারে।

১. এটি عُدَّةٌ থেকে উদ্ভূত। যার অর্থ– সঞ্চয় করা; সংগ্রহ করা; জমা করা; । বলা হয়– اَعْدَدْتُ الشَّيْءَ لِكَذَا وَعَدَّدْتُهٗ ; এর ব্যবহার এমন অবস্থার জন্য হয় যখন কেউ বিপদাপদ ও দুর্যোগকালের জন্য সম্পদ সঞ্চয় ও সংগ্রহ করে রাখে।

২. যাহ্হাক (র.) বলেন– عَدَّدَهٗ অর্থ হলো اَعَدَّ لَهٗ لِوَارِثِهٖ অর্থাৎ সে তার উত্তরাধিকারদের জন্য সংগ্রহ করে রাখে।

৩. عَدَّدَهٗ অর্থ হবে كَثَّرَهٗ অর্থাৎ সে তা প্রচুর করেছে; বৃদ্ধি করেছে; অতিরিক্ত করেছে; অথবা সে বেশী করেছে। বলা হয়– فِىْ بَنِىْ فُلَانٍ عَدَدٌ অর্থাৎ, অমুকের বংশ প্রচুর; অথবা অমুকের পরিবার অনেক; অথবা অমুকের সন্তান-সন্ততি প্রচুর।

৪. عَدَّدَهٗ অর্থ হলো তা প্রচুর গণনা করে। تشديد হলো গণনাকৃত বস্তুর আধিক্যের জন্য। যেমন বলা হয়– فُلَانٌ يُعَدِّدُ فَضَائِلَ فُلَانٍ অর্থাৎ, অমুক অমুকের ফজিলত ও মর্যাদা প্রচুর গণনা করে। এ কারণেই হযরত সুদ্দী (র.) عَدَّدَهٗ -এর অর্থ করেছেন– اَحْصَاهُ অর্থাৎ সে প্রচুর গণনা করে এবং বলতে থাকে এটা আমার, ওটা আমার। মোটকথা দিনভর সম্পদের মোহে ব্যস্ত থাকে এবং রাত এলে তা লুকিয়ে রাখে অথবা দিনভর সম্পদের জন্য পরিশ্রম করে এবং রাত এলে তা গোপন রাখে।

আয়াত : ৩

يَحْسَبُ : **সে ধারণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব حَسِبَ মাসদার اَلْحَسْبُ ও اَلْحُسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– মনে করা; ধারণা করা; অনুমান করা।

اَخْلَدَهُ : **সে তাকে অমর করে রাখবে; স্থায়ী করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْاِخْلَادُ অর্থ– স্থায়ী করা; অমর করা। ঝুঁকে পড়া; ধাবিত হওয়া। আকৃষ্ট হওয়া।

আয়াত : ৪

لَيُنْبَذَنَّ : **সে অবশ্যই নিক্ষিপ্ত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) মাসদার اَلنَّبْذُ অর্থ– নিক্ষেপ করা; ছুড়ে মারা; ছেড়ে দেওয়া; মারা; আঘাত করা; প্রহার করা ফেলে দেওয়া।

اَلْحُطَمَةِ : **হুতামা**। **পদদলিতকারী; পিষ্টকারী**। حَطْمٌ থেকে উদ্ভূত। এটি জাহান্নামের একটি স্তরের নাম।

আয়াত : ৬

اَلْمُوْقَدَةُ : **প্রজ্বলিত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ د) মাসদার اَلْاِيْقَادُ অর্থ– অগ্নি প্রজ্বলিত হওয়া; অগ্নিদগ্ধ হওয়া। বাব ضَرَبَ থেকে মাসদার اَلْوَقْدُ ও اَلْوُقُوْدُ অর্থ– অগ্নি প্রজ্বলিত হওয়া; জ্বলন্ত; দিপ্তময়; প্রদীপ্তময়; আগুন জালানো।

আয়াত : ৭

تَطَّلِعُ : **গ্রাস করবে; পৌছবে; অবহিত করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ط ـ ل ـ ع) মাসদার اَلْاِطِّلَاعُ অর্থ– উঁকি মারা; ঝুঁকে দেখা; লুকিয়ে দেখা; গোপন করে দেখা একান্ত দেখা। অবগত করা; জানিয়ে দেওয়া; বলে দেওয়া।

اَلْاَفْئِدَةِ : **হৃদয়; মন; অন্তর**। বহুবচন, একবচন– فُؤَادٌ ; "হৃদয়কে গ্রাস করবে।" জাহান্নামের অগ্নির এ বৈশিষ্ট্য উল্লেখ করার কারণ এই যে, দুনিয়ার অগ্নি মানুষের দেহে লাগলে হৃদয় পর্যন্ত পৌছার আগেই মৃত্যু হয়ে যায়। কিন্তু জাহান্নামে তো মৃত্যু নেই। কাজেই জীবিত অবস্থাতেই হৃদয় পর্যন্ত অগ্নি পৌছবে এবং হৃদয়-দহনের তীব্র যন্ত্রণা জীবদ্দশাতেই মানুষ অনুভব করবে।

আয়াত : ৮

مُؤْصَدَةٌ : **পরিবেষ্টনকারী**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ص ـ د) মাসদার اَلْاِيْصَادُ অর্থ– পরিবেষ্টন করা; ভাঁজ করা; সাজিয়ে রাখা; সুন্দর করা; গোছিয়ে রাখা।

আয়াত : ৯

عَمَدٍ : **স্তম্ভ**। এটি বহুবচন; একবচন– عِمَادٌ ; আল্লামা আহমদ ফাইউমী (র.) লিখেছেন– عِمَادٌ এমন বস্তু যার উপর ভর দেওয়া হয়। ইমাম রাগেব (র.) ও এ অর্থই লিখেছেন। কিন্তু কামূস গ্রন্থকার লিখেছেন– عِمَادٌ অর্থ উঁচু অট্টালিকা এবং এটাকে عِمَادَةٌ-এর বহুবচন লিখেছেন তিনি। আর এটি مؤنث –ও ব্যবহার হয়।

مُمَدَّدَةٍ : **দীর্ঘায়িত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلتَّمْدِيْدُ অর্থ– দীর্ঘ করা; লম্বা করা; অতিরিক্ত করা; বৃদ্ধি করা। বাব اِفْعَالٌ থেকে মাসদার اَلْاِمْدَادُ অর্থ– সাহায্য করা; দয়া করা; কল্যাণকর কাজে বৃদ্ধি করা; ভালো কাজে অতিরিক্ত করা।

সূরা ফীল : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫, রুকূ' : ১

আয়াত : ১

اَلَمْ تَرَ : **তুমি কি লক্ষ্য কর নি?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ تَرَ সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার الرؤية অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা।

فَعَلَ : **তিনি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ع ـ ل) মাসদার اَلْفِعْلُ অর্থ- করা; বানানো।

اَصْحٰبِ الْفِيْلِ : **হস্তীবাহিনী**। اَصْحٰبُ মুযাফ اَلْفِيْلُ মুযাফ ইলাইহি। فِيْلٌ একবচন, বহুবচন اَفْيَالٌ ও فُيُوْلٌ ; ইয়েমেনের বাদশাহ আবরাহা ৫৭১ সনে বাইতুল্লাহকে ধ্বংস করার জন্য সৈন্য প্রেরণ করেছিল। এ অভিযানে যেহেতু সে হাতির বাহিনী ব্যবহার করেছিল তাই আরবরা এ অভিযানকে وَاقِعَةُ الْفِيْلِ বলে স্মরণ করে। আর এ বছরকে عَامُ الْفِيْلِ বলে থাকে। এ কারণেই পবিত্র কুরআনেও ঐ ঘটনাবলিকে سُوْرَةُ الْفِيْلِ নামে নামকরণ করেছে। রাসূল ﷺ ঐ বছরই জন্মগ্রহণ করেন।

আয়াত : ২

اَلَمْ يَجْعَلْ : **তিনি কি করে দেননি?** শুরুর হামযাটি প্রশ্নবোধক। لَمْ يَجْعَلْ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো।

كَيْدَهُمْ : **তাদের কৌশল/ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْرٌ ও اِسْتِدْرَاجٌ - এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

تَضْلِيْلٍ : **ব্যর্থ করা**। এটি বাব تَفْعِيْلٌ -এর মাসদার মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ- বিপথগামী করা; পথভ্রষ্ট করা; ব্যর্থ করা।

.আয়াত : ৩

طَيْرًا : **পক্ষী; বিহঙ্গকুল**। বহুবচন, একবচন- طَائِرٌ صَاحِبٌ -এর বহুবচন صَحْبٌ এবং رَاكِبٌ -এর বহুবচন رَكْبٌ

اَبَابِيْلَ : **ঝাঁকে ঝাঁকে**। আবূ উবাইদ (র.) বলেন, বিচ্ছিন্ন দলকে اَبَابِيْلُ বলা হয়। আরবরা বলে- جَاءَتِ الْخَيْلُ اَبَابِيْلَ مِنْ هٰهُنَا وَهٰهُنَا (এদিক সেদিক থেকে দলে দলে অশ্বারোহী বাহিনী এসেছে) এর বহুবচন আসে কিনা? এ ব্যাপারে দুটি মত রয়েছে। প্রথমত আখফাশ ও ফাররা বলেন, এর একবচন আসে না। যেমনিভাবে عَبَادِيْدُ ও شَمَاطِيْطُ -এর একবচন আসে না। দ্বিতীয়ত আবূ জা'ফর রাওয়াসী বলেন, اَبَابِيْلُ -এর একবচন اَبَالَةٌ আসে। ফাররাও বলেন, কেউ যদি دِيْنَارٌ ও دَنَانِيْرُ -এর ন্যায় এর একবচন গঠন করে তাহলে তা সঠিক হতে পারে।

আয়াত : ৪

حِجَارَةٍ : **পাথর**। একবচন, বহুবচন- اَحْجَارٌ

سِجِّيْلٍ : **প্রস্তর-কংকর; কংকরসমূহ**। এটি ফার্সী শব্দ سنگ و گل -যা আরবিতে এসে سِجِّيْلٌ -এ পরিণত হয়েছে। ফারইয়াবী হযরত মুজাহিদ (র.) থেকে এ কথাই বর্ণনা করেছেন।

আয়াত : ৫

عَصْفٍ : **খোসা**। বহুবচন, একবচনে- عَصَفَةٌ ও عَصِيْفَةٌ অর্থ- শস্যের খোসা, ভুসি; তৃণ। এটি আরো কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। যেমন- প্রবল বাতাস; ভক্ষিত ফলের খোসা।

مَاْكُوْلٍ : **ভক্ষিত; ভক্ষণকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ- আহার করা, ভক্ষণ করা, খাওয়া।

সূরা কুরায়শ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৫, রুকূ' : ১

আয়াত : ১

لِاِيْلٰفِ : **আসক্তির কারণে; যেহেতু তাদের আসক্তি আছে।** لام হরফে জার। اِيْلَافٌ মাসদার, মাজরূর। বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ.ل.ف) অর্থ– আসক্ত হওয়া; পছন্দ করা। আরবি ব্যাকরণিক গঠনপ্রণালী অনুযায়ী حرف لام -এর সম্পর্ক কোনো পূর্ববর্তী বিষয়বস্তুর সাথে হওয়া বিধেয়। আয়াতে উল্লিখিত لام -এর সম্পর্ক কিসের সাথে, এ সম্পর্কে একাধিক উক্তি রয়েছে। যথা

১. কেউ কেউ বলেন, শুরুতে উহ্য বাক্য اِنَّآ اَهْلَكْنَا اَصْحٰبَ الْفِيْلِ -এর সাথে সম্পর্ক। অর্থাৎ আমি হস্তিবাহিনীকে এ জন্য ধ্বংস করেছি যেন কুরাইশদের শীত ও গ্রীষ্মকালীন সফরদ্বয়ের পথে কোনো বাধাবিপত্তি না থাকে।
২. কারো কারো মতে উহ্য বাক্য হলো– اِعْجَبُوْا অর্থাৎ তোমরা কুরাইশদের ব্যাপারে আশ্চর্যবোধ কর, তারা কিভাবে শীত ও গ্রীষ্মের সফর নিরাপদে করে।
৩. কেউ কেউ বলেন, এই لام -এর সম্পর্ক পরবর্তী বাক্য فَلْيَعْبُدُوْا -এর সাথে। অর্থাৎ এই নিয়ামতের ফলশ্রুতিতে কুরাইশদের কৃতজ্ঞ হওয়া ও আল্লাহর ইবাদতে আত্মনিয়োগ করা উচিত।

قُرَيْشٍ : **কুরাইশ**। কিনানা গোত্রের একটি শাখা গোত্র ছিল, এরাই পৃথিবীর বুকে قُرَيْش নামে পরিচিত ছিল। ইসলামের পূর্বে আদনানের সকল গোত্রের উপর তাদের শ্রেষ্ঠত্ব অর্জিত ছিল। ইসলামের পরেও তা স্বীকৃত ছিল। রাসূল ﷺ থেকে তার ঊর্ধ্বতন পুরুষ نَضْر পর্যন্ত তেরটি স্তর ছিল। রাসূল ﷺ-ও কুরাইশ বংশোদ্ভূত ছিলেন। শব্দটি قَرْش -এর تَصْغِيْر, যার অর্থের ব্যাপারে কয়েকটি উক্তি রয়েছে। যথা–

১. একপ্রকার সাহসী ও ভয়ঙ্কর প্রাণীর নাম হলো قُرَيْش ; কুরাইশদের মধ্যে এ ধরনের গুণ বিদ্যমান ছিল, তাই তাদেরকে قُرَيْش বলা হয়।
২. এটি تَقَرُّش থেকে উদ্ভূত। যার অর্থ– সমবেত করা। قُصَىْ بن كِلَابٌ নামক ব্যক্তি এই বিক্ষিপ্ত জাতিকে মক্কায় একত্র করেছিল বলে তাদেরকে কুরাইশ বলা হয়।
৩. قُرَيْش -এর একটি অর্থ كَسْب তথা উপার্জন করা। এরাও ব্যবসা-বাণিজ্য করে আয়-উপার্জন করত, এবং লুটতরাজ করত না, তাই এদেরকে قُرَيْش বলা হয়।

আয়াত : ২

رِحْلَةَ : **সফর; ভ্রমণ**। মূলত এর অর্থ– উটের পিঠে পালান কষে বাঁধা। যেহেতু এর উদ্দেশ্য ভ্রমণে বের হওয়া, তাই এর অর্থ হয়েছে– সফর; ভ্রমণ।

الشِّتَاءِ : **শীতকাল**। একবচন, বহুবচনে– اَشْتِيَةٌ কারো কারো মতে এটি شِتَاءٌ হলো شَتْوَةٌ -এর বহুবচন।

الصَّيْفِ : **গ্রীষ্মকাল**। যা شِتَاءٌ -এর বিপরীত শব্দ। এটি বাব ضَرَبَ -এর মাসদার। যার অর্থ– গ্রীষ্মকালে কোথাও অবস্থান করা। আবার গ্রীষ্মকালের জন্য ইসম হিসেবেও ব্যবহার হয়।

আয়াত : ৩

لِيَعْبُدُوْا : **তারা ইবাদত করুক; তাদের ইবাদত করা উচিত**। সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ع.ب.د) মাসদার معروف اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

رَبَّ : **মালিক। প্রতিপালক**। এটি একবচন, বহুবচন– اَرْبَابٌ (বিস্তারিত সূরা ফাতিহা, আয়াত : ১ দ্রষ্টব্য)

الْبَيْتِ : **গৃহ**। এটি একবচন, বহুবচন– بُيُوْتٌ : অর্থ– ঘর; বাড়ি। মূলত بَيْت এমন স্থানকে বলা হয়, যেখানে রাত্রিবেলা এসে আশ্রয়গ্রহণ করে। অতঃপর রাতের বিষয়টি বিবেচনায় না রেখে যে কোনো অবস্থানস্থলের জন্য তা ব্যবহৃত হতে থাকে, তা মাটির ঘর হোক বা পাকা ঘর। উপরে শামিয়ানা হোক বা না হোক, সব ঘরের জন্য بَيْت শব্দের ব্যবহার হতে থাকে। এখানে اَلْبَيْتُ দ্বারা কাবাগৃহ উদ্দেশ্য।

আয়াত : ৪

جُوْعٍ : **ক্ষুধা**। বাব نَصَرَ -এর মাসদার মূলবর্ণ (ج.و.ع) জিনস اَجْوَفْ وَاوِىْ অর্থ– ক্ষুধার্ত হওয়া।

সূরা মাউন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৭, রুকূ' : ১

আয়াত : ১

أَرَأَيْتَ : **তুমি কি দেখেছো? শুরুর হামযাটি প্রশ্নবোধক**। رَأَيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা।

يُكَذِّبُ : **সে অস্বীকার করে/ মিথ্যা সাব্যস্ত করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

اَلدِّيْنِ : **দীন**। একবচন; বহুবচন– أَدْيَانٌ ; অর্থ– প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; মূল্যায়ন করা; আনুগত্য করা; নির্দেশ মান্য করা। دِيْن অর্থ মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ -এর মাসদারও হয়।

আয়াত : ২

يَدُعُّ : **সে তাড়িয়ে দেয়; ধাক্কা দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعُّ মূলবর্ণ (د ـ ع ـ ع) অর্থ– ধাক্কা দেওয়া; তাড়িয়ে দেওয়া।

আয়াত : ৩

لَا يَحُضُّ : **সে উৎসাহিত করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ض ـ ض) মাসদার اَلْحَضُّ অর্থ– উৎসাহিত করা; উদ্বুদ্ধ করা।

اَلْمِسْكِيْنِ : **অভাবগ্রস্ত; মিসকিন**। এটি একবচন, বহুবচন– مَسَاكِيْنُ অর্থ– অভাবগ্রস্ত; নিঃস্ব সম্পদহীন ব্যক্তি। যার নিকট কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

আয়াত : ৪

وَيْلٌ : **দুর্ভোগ**। এটি ইসমে মারফূ'। অর্থ– ধ্বংস; শাস্তি; ; আজাব; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْل -এর আরো অনেক অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এসব অর্থে وَيْل হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلَةٌ ও وَيْلٌ -এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন غيب - متكلم ও خطاب -এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْل সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم -এর দিকে ইযাফত হলে আবশ্যিকভাবে وَيْل কে যের দেওয়া হয়।

لِلْمُصَلِّيْنَ : **সালাত আদায়কারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْلِيَةُ মূলবর্ণ (ص ـ ل ـ ى) অর্থ– সালাত আদায় করা; নামাজ আদায় করা।

আয়াত : ৫

صَلَاتِهِمْ : **তাদের সালাত ; তাদের নামাজ**। صَلَاةٌ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। এটি ইসম ও মাসদার। অর্থ– নামাজ; দোয়া; কল্যাণ। পবিত্র কুরআনে যেখানেই صَلَاةٌ শব্দটির ইযাফত যমীর -এর দিকে হয়েছে, সেখানে এটি الف। দ্বারা লিখা হয়। মাত্র দু স্থানে এর ব্যতিক্রম হয়েছে।

১. সূরা হূদ ,
২. সূরা তাওবা। সেখানে ইযাফত হওয়া সত্ত্বেও واو যোগে লিখা হয়েছে।

سَاهُوْنَ : **উদাসীন; বিস্মৃতকারী; অসচেতন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلسَّهْوُ মূলবর্ণ (س ـ و ـ ه) অর্থ– অসচেতন হওয়া; গাফেল হওয়া; উদাসীন হওয়া; অলস হওয়া; বোকা

কহওয়া। শব্দটি মূলত فَاعِلُوْنَ -এর ওজনে سَاهِيُوْنَ ছিল। ى পেশবিশিষ্ট তার পূর্বের অক্ষর যেরবিশিষ্ট, এ ধরনের উচ্চারণ কষ্টসাধ্য হওয়ায় ى - এর পেশকে স্থানান্তর করে পূর্বের অক্ষর ه -এর মধ্যে দেওয়া হয়েছে। এবার দুই সাকিন একত্র হওয়ার কারণে ى কে বিলুপ্ত করা হয়েছে। এভাবে سَاهُوْنَ হয়েছে।

ইমাম রাগেব (র.) লিখেছেন, অসতর্কতাবশত যে দোষ বা ত্রুটি হয় তাকে سَهْو বলা হয়। যা দুই প্রকার। যথা–

১. মানুষ থেকে এমন বিষয় সংঘটিত না হওয়া যা উক্ত ত্রুটিকে আবশ্যক করে এবং সৃষ্টি করে। যেমন– পাগল কোনো ব্যক্তিকে গালি দিল।
২. মানুষ থেকে এমন বিষয় সংঘটিত হওয়া যা উক্ত ত্রুটিকে সৃষ্টি করে। যেমন– এক ব্যক্তি মদ পান করার কারণে অনিচ্ছাসত্ত্বেও তার থেকে কোনো অপরাধ সংঘটিত হলো। সুতরাং প্রথম অপরাধ ক্ষমার্হ; কিন্তু দ্বিতীয় প্রকারের অপরাধের কারণে শাস্তি পাবে এবং দ্বিতীয় প্রকারে গুনাহের কারণে আল্লাহ তিরস্কার করেছে। যেমন আয়াত– اَلَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ (তারা তাদের নামাজের ব্যাপারে অসচেতন)

يُرَآؤُوْنَ : **তারা দেখানোর জন্য করে। তারা দেখিয়ে বেড়ায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْمُرَاءَةُ অর্থ– একে অপরকে দেখানো; দেখিয়ে বেড়ানো।

আয়াত : ৭

يَمْنَعُوْنَ : **তারা বিরত থাকে**। বিরত রাখে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ن ـ ع) মাসদার اَلْمَنْعُ অর্থ– রক্ষা করা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

اَلْمَاعُوْنَ : **গৃহস্থালীর প্রয়োজনীয় ছোট-খাটো জিনিস**। জাকাত। অভিধানে مَاعُوْن -এর অনেক অর্থ রয়েছে। কল্যাণ সদ্ব্যবহার, বৃষ্টি, পানি, ঘরোয়া সামগ্রী; আনুগত্য; যাকাত, ইত্যাদি। আবার যা কোনো প্রার্থনাকারীর সাহায্যের জন্য দেওয়া হয় তাকে مَاعُوْنٌ বলা হয়, আবার যা দেওয়া থেকে বিরত থাকা হয় তাকেও مَاعُوْن বলা হয়। (বিপরীতার্থক) আবূ উবাইদা বলেন, জাহিলী যুগে যে কোনো কল্যাণকর বস্তু ও দানকে مَاعُوْن বলা হতো। আর ইসলামে আনুগত্য, কল্যাণ, জাকাতকে مَاعُوْن বলা হয়। –(লিসানুল আরব) জনৈক কবির পংক্তি–

قَوْمٌ عَلَى الْاِسْلَامِ لَمَّا يَمْنَعُوْا
مَاعُوْنَهُمْ وَيُضَيِّعُوْنَ التَّهْلِيلَا

(তারা ইসলামের উপর অটল আছে, না তারা জাকাত প্রদান থেকে বিরত থাকে, আর না তারা তাদের কালিমা لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ কে নষ্ট করেছে।)

[ম'জামুল কুরআন]

আয়াতে مَاعُوْن দ্বারা কী উদ্দেশ্য? সে ব্যাপারে পূর্বসূরী আলেমগণের মাঝে মতবিরোধ রয়েছে। হযরত আলী, ইবনে ওমর, হাসান বসরী, কাতাদা ও যাহ্হাক (রা.) প্রমুখের মতে জাকাত উদ্দেশ্য। জাকাতকে مَاعُوْن বলার কারণ এই যে, জাকাত পরিমাণে আসল অর্থের তুলনায় খুবই কম– অর্থাৎ চল্লিশ ভাগের এক ভাগ হয়ে থাকে। হযরত আব্দুল্লাহ ইবনে মাসঊদ (রা.) -এর মতে কুঠার, বালতি, হাড়ি, ইত্যাদি গৃহস্থালির প্রয়োজনীয় ছোট-খটো জিনিস উদ্দেশ্য। হযরত ইকরিমা (রা.) বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো নিম্নমানের ঘরোয়া সামগ্রী ধার দেওয়া এবং উচ্চমানের হলো জাকাত। কুরতুবী (র.) বলেন شَيْءٌ قَلِيْلٌ বলা হয় مَاعُوْن তথা তুচ্ছ বস্তুকে। যেমন আরবদের উক্তি– مَالَهُ سَعَةٌ وَلَا مَعْنَةٌ (তার কাছে ছোট-বড় কিছুই নেই।) কারো কারো মতে مَاعُوْنٌ হলো এমন বস্তু যা থেকে বাধাপ্রদান শরিয়তে বৈধ নয়। যেমন পানি, লবণ ইত্যাদি। সেক্ষেত্রে বলা যেতে পারে যে, মূলত এর দ্বারা তাদের নীচতাকেই ফুটিয়ে তোলা হচ্ছে, অর্থাৎ তারা জাকাত কী দিবে, ব্যবহার্য জিনিস দেওয়ার মধ্যে কোনো খরচ নেই, এতেও তারা কৃপণতা করে। অতএব শাস্তির বিধান কেবল ব্যবহার্য জিনিস না দেওয়ার কারণেই নয়; বরং ফরজ জাকাত না দেওয়াসহ চরম কৃপণতার কারণে। (তাফসীরে তাবারী, মা'আলিমুত্তানযীল)

সূরা কাউছার : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৩, রুকূ' : ১

আয়াত : ১

أَعْطَيْنَا : **আমি দান করেছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব إِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ط ـ ى) মাসদার اَلْإِعْطَاءُ অর্থ– দান করা; দিয়ে দেওয়া; সদকা করা; ।

اَلْكَوْثَرَ : **কাউছার**। যার অর্থ– সবকিছুর আধিক্য। বিশেষ অর্থে– কল্যাণের প্রাচুর্য। كَوْثَرٌ দ্বারা কী উদ্দেশ্য? সে ব্যাপারে ওলামায়ে কেরামদের মাঝে মতবিরোধ রয়েছে। যথা–

১. হযরত আনাস ও ইবনে ওমর (রা.) থেকে বর্ণিত এটি জান্নাতের একটি প্রস্রবণ ও হাউযের নাম, যা আল্লাহ তা'আলা আমাদের নবী হযরত মুহাম্মদ ﷺ কে বিশেষভাবে দান করেছেন। যার থেকে কিয়ামতের দিন তিনি তার উম্মতদেরকে পানি পান করাবেন। -(মুসলিম)
২. হযরত হাসান বসরী (র.)-এর মতে মহাগ্রন্থ আল কুরআন উদ্দেশ্য।
৩. হযরত ইকরিমা (র.) -এর মতে, নবুয়ত ও কুরআন উভয়টি উদ্দেশ্য।
৪. হযরত সাঈদ ইবনে যুবাইর (রা.) -এর মতে, যে কোনো ধরনের প্রচুর কল্যাণ অথবা যে কোনো প্রচুর ভালো কাজ। হযরত ইবনে আব্বাস (রা.) মুজামুল কুরআনের লেখকের উক্তিকে বেশি প্রাধান্য দিয়েছেন। ভাষাবিদদের মতে শব্দটি كَثْرَةٌ থেকে উদ্ভূত। যেমন– نَوْفَلٌ শব্দটি نَفْلٌ থেকে উদ্ভূত। যা সংখ্যায় অধিক এবং মর্যাদায় শ্রেষ্ঠ তাকে আরবরা كَوْثَرٌ বলে থাকে।
৫. মহান নবুয়্যাত উদ্দেশ্য।
৬. একটি নহরের নাম। যার পানি দুধের চেয়েও বেশি সাদা এবং মধুর চেয়েও অতি মিষ্টি]
৭. মাকামামে মাহমূদ উদ্দেশ্য।

আয়াত : ২

فَصَلِّ : **সুতরাং তুমি সালাত আদায় কর**। صَلِّ সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (ص ـ ل ـ و/ ص ـ ل ـ ى) মাসদার اَلتَّصْلِيَةُ অর্থ– নামাজ পড়া; দরূদ পড়া; দোয়া করা; ইন্ধন আগুনে জ্বালানো; লাঠি বা লাকড়ি আগুনে সেঁকে সোজা করা; বরাবর করা; ঘোড়দৌড়ে ঘোড়া দ্বিতীয় হওয়া।

اِنْحَرْ : **তুমি কুরবানি কর**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব فَتَحَ মাসদার اَلنَّحْرُ মূলবর্ণ (ن ـ ح ـ ر) অর্থ– উট কুরবানি করা; উট জবাই করা। এর প্রচলিত পদ্ধতি হচ্ছে হাত-পা বেঁধে কণ্ঠনালীতে বর্শা অথবা ছুরি দিয়ে আঘাত করা এবং রক্ত বের করে দেওয়া। গরু-ছাগল ইত্যাদি কুরবানির পদ্ধতি জবাই করা। অর্থাৎ কোনো জন্তুকে শুইয়ে কণ্ঠনালীতে ছুরিকাঘাত করা। আরবে সাধারণতঃ উট কুরবানী করা হয় , তাই কুরবানি বোঝাবার জন্য এখানে نَحْرٌ শব্দ ব্যবহার করা হয়েছে। মাঝে মাঝে نَحْرٌ এ শব্দটি যে কোনো কুরবানির অর্থেও ব্যবহৃত হয়ে থাকে।

আয়াত : ৩

شَانِئَكَ : **আপনার প্রতি বিদ্বেষপোষণকারী**। আপনার শত্রু। সীগাহ **واحد مذكر** বহছ **اسم فاعل** বাব **فَتَحَ** মূলবর্ণ (ش ـ ن ـ أ) মাসদার اَلشَّنْأُ অর্থ– বিদ্বেষ পোষণ করা; শত্রুতা রাখা; হিংসা করা; ঘৃণা করা; দুশমনি করা। شَانِئٌ মুযাফ, ك যমীর মুযাফ ইলাইহি।

اَلْاَبْتَرُ : **লেজকর্তিত। নির্বংশ। নিঃসন্তান। ত্রুটিপূর্ণ; বিকলাঙ্গ,**। এটি بَتَرٌ থেকে নির্গত, সিফাতে মুশাব্বাহর সীগাহ।

সূরা কাফিরূন : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৬, রুকূ' : ১

আয়াত : ১

قُلْ : **তুমি বল; আপনি বলুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা। আরবিতে قَوْل অর্থ এত অধিক যে তা পরিসংখ্যান করা দুষ্কর। তন্মধ্য হতে অধিক ব্যবহৃত কয়েকটি নিম্নরূপ–

১. বলা, শব্দটি একবচন হোক বা বহুবচন।
২. মনের কথা। মনে মনে কথা বলা।
৩. মতবাদ, মতাদর্শ; রায়।
৪. ইঙ্গিতে কোনো কথা প্রকাশ করা।
৫. কোনো কিছুর প্রতি সঠিকভাবে মনোনিবেশ করা।
৬. কারো প্রতি কোনো কিছু ইলহাম করা।
৭. নির্দেশ প্রদান করা।
৮. আল্লাহর জ্ঞান।
৯. এমন বিষয় যা সম্পর্কে কোনো কথা বলা হয়েছে।
১০. বর্ণনা করা; রেওয়ায়েত করা।
১১. অপবাদ আরোপ করা।
১২. ইঙ্গিত করা; ইশারা করা।
১৩. অন্তরে কোনো কথাকে বিশ্বাস করা ও মুখে তা স্বীকার করা।

كٰفِرُوْنَ : **কাফেররা; প্রত্যাখ্যাকারীরা**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া; লুকানো; গোপন করা; মিথ্যা বলা; কিছু না বলা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য)

আয়াত : ২

لَآ اَعْبُدُ : **আমি ইবাদত করি না**। সীগাহ واحد متكلم বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

مَا تَعْبُدُوْنَ : **তোমরা যার ইবাদত কর**। ما মাউসূলাহ। تَعْبُدُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; বন্দেগি করা; নেক আমল করা; ।

আয়াত : ৩

عٰبِدُوْنَ : **ইবাদতকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; বন্দেগী করা।

আয়াত : ৪

مَا عَبَدْتُّمْ : **তোমরা যার ইবাদত কর**। مَا মাউসূলাহ। عَبَدْتُّمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; বন্দেগি করা।

لَكُمْ دِيْنُكُمْ : **তোমাদের দীন তোমাদের**। دِيْن অর্থ– দীন। এটি একবচন; বহুবচন– اَدْيَانٌ ; অর্থ– প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; আনুগত্য করা; নির্দেশ মান্য করা; হুকুম পালন করা। دِيْن অর্থ মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ -এর মাসদারও হয়।

لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ : **আমার দীন আমার জন্য**। دِيْن -এর তাফসীর প্রসঙ্গে আল্লামা ইবনে কাছীর (র.) বলেন , এ বাক্যটি তেমনি যেমন অন্য আয়াতে আছে– وَاِنْ كَذَّبُوْكَ فَقُلْ لِّيْ عَمَلِيْ وَلَكُمْ عَمَلُكُمْ ; আরও এক আয়াত আছে– لَنَا اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ -এর সারমর্ম এই যে, আল্লামা ইবনে কাছীর (র.) دِيْن শব্দকে ধর্মের ক্রিয়াকর্মের অর্থে নিয়েছেন। অর্থাৎ প্রত্যেককে নিজ নিজ কর্মের প্রতিদান ও শাস্তি ভোগ করতে হবে। অন্যভাবে বলা যায়– যেমন কর্ম তেমন ফল।"

সূরা নাস্‌র : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৩, রুকূ' : ১

আয়াত : ১

إِذَا جَاءَ : **যখন আসবে।** إِذَا হরফে শর্ত, جَاءَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج. أ. ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা।

اَلْفَتْحُ : **বিজয়।** এটি ইসমে ফে'ল বাব فَتَحَ -এর মাসদার; আল্লামা আবূ হাইয়ান 'বাহরুল মুহীতে' লিখেছেন, ইয়েমেনী ভাষায় فَتَحَ অর্থ– মীমাংসা করা; ফয়সালা করা। যেমন– وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ (তিনিই মীমাংসাকারী, সর্বজ্ঞ) স্মরণ করিয়ে দেওয়ার অর্থেও আসে। যেমন– فَتَحَ عَلَى الْإِمَامِ (সে ইমামকে স্মরণ করিয়ে দিয়েছে।) সাফল্য ও সাহায্যের অর্থেও ব্যবহৃত হয়। যেমন– فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ (তোমাদের নিকট বিজয় এসেছে) মূলত فَتَحَ অর্থ– খোলা; উন্মুক্ত করা, যা سَدَّ (বন্ধ করা) -এর বিপরীতার্থক শব্দ। –(আল বাহরুল মুহীত খ. ১, পৃ. ২৬৯)

ইমাম রাগেব (র.) লিখেছেন– فَتَحَ অর্থ– ধাঁধা ও জটিলতা সমাধান করা; বন্ধত্ব দূর করা। তার দুটি সুরত রয়েছে। প্রথমত যা দৃষ্টিগোচর হয়। যেমন দরজা, তালা ইত্যাদি খোলা। যেমন কুরআনে রয়েছে– وَلَمَّا فَتَحُوا مَتَاعَهُمْ (যখন তারা তাদের মালামাল খুলেছে) وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِنَ السَّمَاءِ (যদি আমি আকাশে তাদের জন্য দরজা খুলে দেই)। দ্বিতীয়ত যা অন্তর্দৃষ্টি দ্বারা অনুভব করা যায়। যেমন فَتَحَ الْهَمَّ দুঃখ ইত্যাদি দূর করা। এটাও আবার কয়েক প্রকার। দুনিয়াবি বিষয়ের। যেমন– দুঃখ দূর করে দেওয়া; দারিদ্র্য বিমোচন করা। যেমন– فَتَحْنَا عَلَيْهِمْ أَبْوَابَ كُلِّ شَيْءٍ (আমি তাদের জন্য সব কিছুর দরজা খুলে দিলাম) অর্থাৎ আমি তাদেরকে প্রশস্ততা দান করলাম। وَلَوْ أَنَّ أَهْلَ الْقُرَى آمَنُوا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكَاتٍ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ (যদি জনপদবাসী ঈমান আনে এবং আল্লাহকে ভয় করে, তাহলে আমি খুলে দিব তাদের জন্য আসমান ও জমিনের নিয়ামত) অর্থাৎ তাদের উপর নিয়ামত আসতে শুরু করবে। তৃতীয়ত জটিল বিষয়ের সমাধান করা। যেমন– فَتَحَ مِنَ الْعِلْمِ بَابًا مُغْلَقًا (সে ইলমের জটিল বিষয়ের সমাধান করেছে।)

আয়াত : ২

رَأَيْتَ : **তুমি দেখবে; তুমি দেখেছো।** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر. أ. ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

أَفْوَاجًا : **দলে দলে।** এটি فَوْجٌ -এর বহুবচন। অর্থ– দ্রুতগামী দল।

আয়াত : ৩

فَسَبِّحْ : **সুতরাং তুমি মহিমা ঘোষণা কর।** ف হরফে আত্‌ফ। সীগাহ سَبِّحْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س. ب. ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা। মহিমা ঘোষণা করা।

تَوَّابًا : **অধিক তওবা গ্রহণকারী।** এটি فَعَّالٌ -এর ওযনে مبالغة এর সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ(ت. و. ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– প্রত্যাবর্তন করা; গুনাহ থেকে ফিরে আসা। অভিধানে تَوَّابٌ অর্থ– তওবাকারী আবার তওবা গ্রহণকারী উভয় অর্থেই আসে। এটি যখন বান্দার জন্য আসে তখন অর্থ হবে– অধিক তওবাকারী বান্দা। আর যখন আল্লাহর জন্য হবে, তখন অর্থ হবে– অধিক তওবা কবুলকারী। ইমাম খাত্তাবী (র.) লিখেছেন– اَلتَّوَّابُ هُوَ الَّذِيْ يَتُوْبُ عَلَى عِبَادِهِ فَيَقْبَلُ تَوْبَتَهُمْ كُلَّمَا تَكَرَّرَتِ التَّوْبَةُ تَكَرَّرَ الْقَبُوْلُ অর্থাৎ تَوَّابٌ এমন সত্তা যিনি তার বান্দার তওবা গ্রহণ করেন, বান্দা যতবারই তওবা করে তিনি ততবারই তা কবুল করেন। পবিত্র কুরআনে تَوَّابٌ শব্দটি একমাত্র আল্লাহর জন্যই ব্যবহার হয়েছে।

সূরা লাহাব : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৫ , রুকূ' : ১

আয়াত : ১

تَبَّتْ : **ধ্বংস হোক! সে ধ্বংস হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلتَّبُّ، মূলবর্ণ (ت ـ ب ـ ب) জিনস مضاعف অর্থ– ধ্বংস হওয়া। বাব نَصَرَ থেকে اَلتَّبَابُ অর্থ– ধ্বংস করা।

يَدَآ اَبِىْ لَهَبٍ : **আবূ লাহাবের দুই হাত।** يَدَا মূলত يَدَيْنِ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে। মানুষের সব কাজে হাতের প্রভাবই বেশি, তাই কোনো ব্যক্তির সত্তাকে হাত বলেই ব্যক্ত করা হয়। যেমন কুরআনে بِمَا قَدَّمَتْ يَدَاكَ বলা হয়েছে।

اَبِىْ لَهَبٍ : **আবূ লাহাব।** এটি রাসূল ﷺ -এর পিতৃব্য আব্দুল উয্যা -এর কুনিয়াত। যার শাব্দিক অর্থ– স্ফুলিঙ্গের পিতা। সে খুবই সুদর্শন ছিল, তাই কুরাইশ তাকে اَبُوْ لَهَبٍ উপাধি দেয়। যা পরবর্তীতে ইসলাম বিদ্বেষী হওয়ার কারণে তার জাহান্নামী হওয়ার প্রতি ইঙ্গিতার্থে ব্যবহৃত হয়। হযরত ইবনে আব্বাস (র.) বর্ণনা করেন, আবূ লাহাব একদিন বলতে লাগল : মুহাম্মদ বলে যে, মৃত্যুর পর এটা হবে, সেটা হবে। পরপর সে তার হাতের দিকে ইশারা করে বললম, এই হাতে সেগুলোর মধ্য থেকে একটিও আসেনি। অতঃপর সে তার হাতকে লক্ষ্য করে বলল– تَبًّا لَكُمَا مَا اَرٰى فِيْكُمَا شَيْئًا مِمَّا قَالَ مُحَمَّدٌ - অর্থাৎ "তোমরা ধ্বংস হও, মুহাম্মদ যেসব বিষয় সংঘটিত হওয়ার কথা বলে আমি সেগুলোর মধ্যে একটিও তোমাদের মধ্যে দেখিনি।" এই ঘটনার পরিপ্রেক্ষিতে কুরআন বলেছে– আবূ লাহাবের হস্তদ্বয় ধ্বংস হোক! –(বয়ানুল কুরআন)

আয়াত : ২

مَآ اَغْنٰى : **তার কোনো উপকারে আসেনি।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْنَاءُ মূলবর্ণ (غ ـ ن ـ ى) অর্থ– কারো উপকারে আসা।

আয়াত : ৩

لَهَبٍ : **অগ্নিশিখা।** এটি মাসদার। অর্থ– অগ্নি প্রজ্বলিত হওয়া। ধোঁয়া ও ধূলাবালিকেও لَهَبٌ বলা হয়। –(রাগেব) বাব فَتَحَ ; বলা হয়– لَهَبَتِ النَّارُ (আগুন প্রজ্বলিত হয়েছে এবং ধোঁয়াবিহীন স্বচ্ছ আগুন বের হওয়া শুরু করেছে।) বাব سَمِعَ থেকে পিপাসার্ত হওয়া। বাব اِفْعَالٌ থেকে اَلْاِلْهَابُ অর্থ– আগুন জ্বালানো; ঘোড়া খুব দৌড়ানো। বাব تَفَعُّلٌ ও اِفْتِعَالٌ থেকে অর্থ– অগ্নি প্রজ্বলিত হওয়া। বাব تَفْعِيْلٌ থেকে অর্থ– প্রচুর আগুন প্রজ্বলিত করা।

আয়াত : ৪

حَمَّالَةَ الْحَطَبِ : **ইন্ধন বহনকারিণী।** حَمَّالَةَ সীগাহ مبالغة ; বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা;। এটা আবু লাহাবের স্ত্রী উম্মে জামিলের বিশেষণ। আরবের বাকপদ্ধতিতে পশ্চাতে নিন্দাকারীকে حَمَّالَةَ الْحَطَبِ বলা হয়। শুষ্ককাষ্ঠ একত্র করে যেমন কেউ অগ্নি সংযোগের ব্যবস্থা করে, পরোক্ষে নিন্দাকার্যটিও তেমনি। এর মাধ্যমে সে ব্যক্তিবর্গ ও পরিবারের মধ্যে আগুন জ্বালিয়ে দেয়। রাসূলুল্লাহ ﷺ ও সাহাবায়ে কেরামকে কষ্ট দেওয়ার জন্য আবূ লাহাব পত্নী পরোক্ষে নিন্দাকার্যের সাথেও জড়িত ছিল। তাই তাকে حَمَّالَةَ الْحَطَبِ বলা হয়েছে। –(ইবনে আব্বাস, ইকরিমা, মুজাহিদ)

আয়াত : ৫

فِىْ جِيْدِهَا : **তার গলদেশে।** جِيْدِ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। جِيْدٌ একবচন, বহুবচন– اَجْيَادٌ ও جُيُوْدٌ অর্থ– গ্রীবা; গলদেশ; গলা।

حَبْلٌ : **রশি।** একবচন, বহুবচন– حِبَالٌ ও حُبُوْلٌ অঙ্গীকার। রগ; ধমনী।

مَّسَدٍ : **পাকানো রজ্জু।** س বর্ণে সাকিনযোগে বাব ضَرَبَ -এর মাসদার অর্থ– রশি পাকানো; রশি মজবুত করা।

সূরা ইখলাস : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪, রুকূ' : ১

আয়াত : ১

قُلْ : **আপনি বলুন**। সীগাহ امر بحث واحد مذكر حاضر বহছ حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اَحَدٌ : **এক-অদ্বিতীয়**। একক। এটি একবচন, বহুবচন– اُحَادٌ ; اَحَدٌ শব্দের ব্যবহার দুভাবে হতে পারে। যথা–

১. কখনো نفى -এর জন্য। তখন استغراق جنس তথা সমগ্র জাতির না-বাচকের জন্য হয়। সংখ্যায় তা কম হোক বা বেশি, সম্মিলিতভাবে হোক বা বিচ্ছিন্নভাবে। যেমন–لَا تُصَلِّ عَلٰى اَحَدٍ مِّنْهُمْ (আপনি কোনো মুনাফিকের জানাযার নামাজ পড়বেন না) এ অর্থে احد -এর ব্যবহার কেবল نفى -এর জন্যই হতে পারে। কেননা দুটি বিপরীত বস্তুর نفى হতে পারে; কিন্তু اثبات হতে পারে না।

২. اثبات-এর জন্য। তখন এর ব্যবহার তিনভাবে হয়। যথা- ক. দশক সংখ্যার সাথে এক বৃদ্ধি করার জন্য। যেমন ১১, ২১, ৩১ ইত্যাদি। উদাহরণত اَحَدَ عَشَرَ- اَحَدٌ وَّعِشْرُوْنَ ইত্যাদি। খ. মুযাফ ও মুযাফ ইলাইহি হবে। যেমন اَحَدُكُمَا. ; গ. معنى وصفى তথা একক, অদ্বিতীয় ইত্যাদি অর্থের জন্য ব্যবহৃত হবে। তখন এটি কেবল আল্লাহর সত্তার জন্য হয়ে থাকে। যেমন– قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ

আয়াত : ২

اَللّٰهُ الصَّمَدُ : **আল্লাহ অমুখাপেক্ষী; মুখাপেক্ষিহীন**। যিনি পানাহার করেন না। صَمَدٌ শব্দের অর্থ সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন উক্তি রয়েছে। মূলত এর অর্থ– ইচ্ছা করা। সে অর্থেই এটি فعل -এর ওজনে সিফাতে মুশাব্বাহর সীগাহ, مفعول তথা مَقْصُوْد অর্থে ব্যবহৃত। যেমন ভাষাবিদ আবূ উবাইদা, ইমাম রাগেব এবং খাত্তাবী (র.) বলেন– اَلصَّمَدُ السَّيِّدُ (صَمَدٌ হলো এমন সত্তা اَلَّذِىْ يَصْمُدُ اِلَيْهِ বিপদাপদ, ও সকল বিষয়ে যার দিকে ইচ্ছা করা হয়) ইচ্ছা করার অর্থে আরবরা বলে–صَمَدْتُ فُلَانًا ; (আমি অমুকের অভিমুখী হয়েছি।)

ইমাম বগভী (র.) বলেন, হযরত ইবনে আব্বাস, মুজাহিদ, হাসান বসরী, সাঈদ ইবনে যুবায়ের প্রমুখের মতে صَمَدٌ বলা হয় তাকে যার পেট নেই। শা'বী বলেন, যিনি পানাহার করেন না, শাহ আব্দুল কাদির (র.)ও এ মতকে গ্রহণ করেছেন। কারো কারো মত হলো এর পরবর্তী বাক্যই এর ব্যাখ্যা। যেমন আবুল 'আলিয়া উবাই ইবনে কা'ব থেকে বর্ণনা করেন– اَلصَّمَدُ الَّذِىْ لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ (অর্থাৎ صَمَدْ এমন সত্তা যিনি কারো থেকে জন্মগ্রহণ করেন নি, এবং তার থেকেও কেউ জন্মগ্রহণ করে নি) শাকীক বিন সালমা বলেন, صمد হলো এমন নেতা যার পরে নেতৃত্ব সমাপ্ত হয়ে গেছে। অন্যভাবে বলা যায়, যার মধ্যে নেতৃত্বের যাবতীয় গুণাবলি পূর্ণাঙ্গভাবে বিদ্যমান।

আয়াত : ৩

لَمْ يَلِدْ : **তিনি কাউকে জন্ম দেন নি**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্ম দেওয়া; সন্তান ভূমিষ্ট করা।

لَمْ يُوْلَدْ : **তাকে কেউ জন্ম দেয়নি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্ম দেওয়া; সন্তান ভূমিষ্ট করা।

আয়াত : ৪

لَمْ يَكُنْ : **কেউ নেই; কেউ নয়**। সীগাহ واحد مذكرغائب বহছ نفى جحد بلم درفعل مستقبل বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার معروف اَلْكَيْنُوْنَةُ ও اَلْكَوْنُ অর্থ– হওয়া; সংঘটিত হওয়া। এটি افعال ناقصة -এর অন্তর্ভুক্ত।

كُفُوًا : **সমতুল্য; সমকক্ষ**। একবচন, বহুবচন– اَكْفَاءٌ মর্যাদায় সমান হওয়া; সমতুল্য হওয়া।

সূরা ফালাক : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৫, রুকূ' : ১

আয়াত : ১

قُلْ : **আপনি বলুন**। সীগাহ امر বহছ واحد مذكر حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) حاضر معروف মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اَعُوْذُ : **আমি আশ্রয় চাই/ আমি শরণ লই**। সীগাহ نَصَرَ বাব مضارع معروف বহছ واحد متكلم মূলবর্ণ (ع ـ و ـ ذ) মাসদার اَلْعَوْذُ অর্থ– আশ্রয়গ্রহণ করা; শরণ লওয়া; অন্যের নিকট প্রার্থনা করা; সাহায্য চাওয়া; ।

رَبِّ : **স্রষ্টা; প্রতিপালক**। একবচন, বহুবচন– اَرْبَابٌ ইমাম রাগেব (রা.) বলেন, رَبٌّ শব্দটি মাসদার, যা ফায়েলের জন্য উপমাস্বরূপ নেওয়া হয়েছে। তরবিয়াতের সংজ্ঞায় ইমাম রাগেব (র.) নিম্মোক্ত শব্দাবলী উল্লেখ করেছেন, هُوَ اِنْشَاءُ الشَّيْءِ حَالاً فَحَالاً اِلٰي حَدِّ التَّمَامِ অর্থাৎ কোনো জিনিসকে একের পর এক অবস্থা হতে অন্য অবস্থায় এরূপভাবে রূপান্তর করা, যাতে জিনিসটি পূর্ণতায় পৌছে যায়। (বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য)

اَلْفَلَقِ : **ঊষা। ভোর; প্রভাত**। –(সিহাহ, কামূস, রাগেব) সৃষ্টি; সৃষ্টজীব। –(ইবনে আব্বাস) শাব্দিক গঠন হিসেবে মূল অর্থ হলো– বিদীর্ণ করা; তৈরি করা। ঊষার আলো রাতের নিকষ কালো অন্ধকারকে ভেদ করে উদিত হয় তাই ঊষাকে فَلَقٌ বলা হয়। তাছাড়া মাখলুক তথা সৃষ্টজীব যেহেতু অনস্তিত্বের পর্দা বিদীর্ণ করে অস্তিত্বে আসে তাই তাকেও فَلَقٌ বলা হয়ে থাকে।

আয়াত : ২

شَرِّ : **অনিষ্ট; অকল্যাণ**। একবচন, বহুবচন– شُرُوْرٌ; শব্দটি خَيْرٌ-এর বিপরীতার্থক। যার দ্বারা সবাই কষ্ট পায় তাকে شَرٌّ বালা হয়।

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; তৈরি করা; বানানো; উদ্ভাবন করা; সঠিক নমুনা স্থির করা। (বিস্তারিত সূরা রূম, আয়াত : ১১ দ্রষ্টব্য)

আয়াত : ৩

غَاسِقٍ : **ঘন অন্ধকার রাত; চন্দ্রগ্রহণজনিত অন্ধকার রাত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ س ـ ق) মাসদার اَلْغَسَقُ অর্থ– অন্ধকারাচ্ছন্ন হওয়া; ঘন অন্ধকার হওয়া। غَاسِقٌ-এর তাফসীর প্রসঙ্গে বিভিন্ন উক্তি রয়েছে। যথা–

১. চন্দ্রগ্রহণজনিত অন্ধকারাচ্ছন্ন রাত। –(মুজামুল কুরআন)
২. সূর্যাস্তের পর পশ্চিমাকাশের লালিমা অস্ত যাওয়ার পরের অন্ধকার অথবা সূর্যাস্তের পরের আগত অন্ধকারাচ্ছন্ন রাতকে غَاسِقٌ বলা হয়। –(বগভী)
৩. অস্তমিত চন্দ্র। রাসূলুল্লাহ ﷺ বলেন– اِسْتَعِيْذُ بِاللّٰهِ مِنَ الْقَمَرِ فَاِنَّهُ الْغَاسِقُ (আমি চন্দ্র থেকে আশ্রয় প্রার্থনা করি, কেননা তা হচ্ছে غَاسِقٌ); –(তিরমিযী) রাসূল ﷺ হযরত আয়েশা (রা.)-এর হাত ধরে বলেন– تَعَوَّذِىْ بِاللّٰهِ مِنْ شَرِّ هٰذَا فَاِنَّهُ الْغَاسِقُ اِذَا وَقَبَ –(আবুস সাউদ)
৪. রাতে আগত বিপদাপদকে غَاسِقٌ বলা হয়। –(ইমাম রাগেব) রাতে আগমনকারী বিপদাপদ থেকে আত্মরক্ষা দুঃসাধ্য হয়ে থাকে। শত্রুর রাত্রিবেলার আক্রমণ, চুরি, ডাকাতি, সম্ভ্রমহানি এবং নানাজাতীয় বিপদাপদ সাধারণত রাতের বেলায়ই আগমন করে। তাই আরবরা বলে– اَللَّيْلُ اَخْفٰى لِلْوَيْلِ (রাত তার মাঝে বিপদাপদ লুকিয়ে রাখে।) –(মু'জামুল কুরআন)

اِذَا وَقَبَ : **যখন তা গভীর হয়। প্রবেশ করে, অদৃশ্য হয়; মুছে যায়**। وَقَبَ সীগাহ واحد مذكر غائب

বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ب) মাসদার اَلْوُقُوْبُ অর্থ− প্রবেশ করা; আচ্ছন্ন হওয়া; ছেয়ে যাওয়া; অদৃশ্য হওয়া। আল্লামা মহল্লী (র.) وَقَبَ -এর অর্থ প্রসঙ্গে বলেন− اَللَّيْلُ اِذَا اَظْلَمَ اَوِ الْقَمَرُ অর্থাৎ غَاسِقٍ দ্বারা উদ্দেশ্য যদি রাত হয়, তাহলে وَقَبَ দ্বারা উদ্দেশ্য হবে অন্ধকারাচ্ছন্ন হওয়া। আর غَاسِقٍ দ্বারা যদি চন্দ্র উদ্দেশ্য হয় তখন وَقَبَ দ্বারা উদ্দেশ্য হবে অস্ত যাওয়া; ডুবে যাওয়া। কিন্তু তিরমিযী শরীফে সহীহ রেওয়াতে রয়েছে− اَسْتَعِيْذُ بِاللّٰهِ مِنَ الْقَمَرِ فَاِنَّهٗ غَاسِقٌ اِذَا وَقَبَ اَىْ غَابَ الخ. এ হাদীসে وَقَبْ -এর অর্থ করা হয়েছে− অদৃশ্য হওয়া; অস্ত যাওয়া। মূলত وَقْبٌ -এর অর্থ হলো− اَلْوَقْبُ نَقْرَةٌ يَجْتَمِعُ فِيْهَا الْمَاءُ অর্থাৎ পাথরের যে গর্তে পানি জমা হয় তাকে وَقْبٌ বলা হয়। সেই সামঞ্জস্যতার কারণে অদৃশ্য হওয়া বা অন্ধকার হওয়ার জন্য তা ব্যবহার হয়।

আয়াত : ৪

اَلنَّفّٰثٰتِ : ফুৎকার দানকারী নারীগণ। সীগাহ جمع مؤنث বহছ اسم مبالغة বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ن ـ ف ـ ث) মাসদার اَلنَّفْثُ অর্থ− ফুঁ দেওয়া; হালকা থুথু ফেলা। تَفَلْ অর্থও থুথু ফেলা; কিন্তু نَفْثٌ -এর মধ্যে থুথুর স্বল্পতা এবং تَفْلٌ -এর দ্বারা থুথুর আধিক্য বুঝানো হয়। এটা হলো এর মূল অর্থ। অতঃপর রক্ত নিক্ষেপ করা এবং ফুঁ দেওয়ার অর্থের জন্যও نَفْثٌ -এর ব্যবহার হতে থাকে। اَلنَّفّٰثٰتِ فِى الْعُقَدِ দ্বারা জাদুকর নারী উদ্দেশ্য। আবূ উবাইদা বলেন, লাবীদ বিন আসম ইহুদির কন্যাগণ উদ্দেশ্য। যারা পিতার নির্দেশে রাসূলুল্লাহ ﷺ -এর উপর জাদু করেছিল। এটাই বিশুদ্ধ অভিমত।

اَلْعُقَدِ : গ্রন্থি; গিরা; গিট্টু। এটি اسم جمع ; একবচন− عُقْدَةٌ এখানে عُقَدٌ দ্বারা উদ্দেশ্য হলো এমন গিরা যা জাদুকারিণীরা ডোরা বা সুতায় মন্ত্র পড়ে ফুঁ দিয়ে তা বন্ধ করে দেয়। এ কারণেই আরবিতে জাদুকরকে مَعْقَدٌ বলা হয়। এখানে نَفّٰثٰتٌ স্ত্রীলিঙ্গ ব্যবহার করা হয়েছে। জাদুর কাজ সাধারণত নারীরাই করে এবং জন্মগতভাবে এর সাথে তাদের সম্পর্কই বেশি। এছাড়া রাসূলুল্লাহ ﷺ -এর উপর জাদুর ঘটনার প্রেক্ষাপটে সূরাদ্বয় অবতীর্ণ হয়েছে। ওলীদের কন্যারাই পিতার আদেশে রাসূলুল্লাহ ﷺ -এর উপর জাদু করেছিল। অন্য এক বর্ণনায় রয়েছে ইমাম ছা'লাবীর (র.) -এর বর্ণনামতে এক ছেলে রাসূলুল্লাহ ﷺ -এর খেদমত করত। এক মুনাফিক ইহুদী লাবিদ বিন আসিম তাকে প্ররোচনা দিয়ে রাসূল ﷺ -এর চিরুনী এবং চিরুনীর কিছু দাঁত তার দ্বারা হাতিয়ে নেয় এবং তার মধ্যে এগারোটি গিরা লাগায়। আর প্রত্যেক গিরায় একটি করে সুই লাগিয়ে চিরুণীসহ এটাকে খেজুর গাছের ফলের গুচ্ছে রেখে এক কূপে পাথরের নিচে চেপে রাখে। আর আল্লাহ তা'আলা দুটি সূরা নাজিল করেন। যার মধ্যে এগারোটি আয়াত রয়েছে।

আয়াত : ৫

حَاسِدٍ : হিংসুক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ س ـ د) মাসদার اَلْحَسَدُ অর্থ − হিংসা করা; ঘৃণা করা; বিদ্বেষ পোষণ করা; অন্যের নিয়ামত দেখে তা ধ্বংস হওয়া এবং তা নিজের জন্য অর্জিত হওয়ার কামনা করাকে حَسَدَ বলা হয়। এটা হারাম ও মহাপাপ।

اِذَا حَسَدَ : যখন সে হিংসা করে। حَسَدَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ س ـ د) মাসদার اَلْحَسَدُ অর্থ− হিংসা করা; বিদ্বেষ পোষণ করা; অন্যের নিয়ামত দেখে তা ধ্বংস হওয়া এবং তা নিজের জন্য অর্জিত হওয়ার কামনা করাকে حَسَدْ বলা হয়। এটা হারাম ও মহাপাপ। এর কাছাকাছি হলো غِبْطَةٌ তথা ঈর্ষা। অর্থাৎ কারও নিয়ামত ও সুখ দেখে নিজের জন্যও তদ্রূপ নিয়ামত ও সুখ কামনা করা। এটা জায়েজ; বরং উত্তম। حَسَدْ বা হিংসা হলো আকাশে কৃত সর্বপ্রথম গুনাহ এবং এটাই পৃথিবীতে কৃত সর্বপ্রথম গুনাহ। আকাশে ইবলীস হযরত আদম (আ.) -এর প্রতি এবং পৃথিবীতে আদমপুত্র কাবীল তদীয় ভ্রাতা হাবীলের প্রতি হিংসা করেছে। −(কুরতুবী)

সূরা নাস : মদীনায় অবতীর্ণ

আয়াত : ৬, রুকূ' : ১

আয়াত : ১

قُلْ : **আপনি বলুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اَعُوْذُ : **আমি আশ্রয় চাই/ আমি শরণ লই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعَوْذُ মূলবর্ণ (ع ـ و ـ ذ) অর্থ– আশ্রয়গ্রহণ করা; আশ্রয় নেওয়া; শরণ লওয়া।

رَبِّ : **স্রষ্টা; প্রতিপালক। মালিক**। একবচন, বহুবচন– اَرْبَابٌ শব্দটি মূলত বাব نَصَرَ -এর মাসদার অর্থ– تَرْبِيَةٌ তথা প্রতিপালন করা। অতৎপর মুবালাগার জন্য عَدْلٌ -এর ন্যায় وَصْفٌ হিসেবে ব্যবহার হতে থাকে। আবার কারো মতে بِرٌّ -এর ন্যায় সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) বলেন رَبٌّ মাসদার যা فاعل -এর জন্য ব্যবহার হয়ে থাকে। (বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য)

আয়াত : ২

مَلِكِ : **অধিপতি। রাজা; বাদশাহ**। সিফাতে মুশাব্বাহর সীগাহ। মাজরূর, মারেফা ও মুযাফ।

আয়াত : ৩

اِلٰهِ : **ইলাহ। উপাস্য**। একবচন, বহুবচন– اٰلِهَةٌ অর্থ– প্রভু; মাবুদ;। فِعَالٌ -এর ওযনে مفعول অর্থে; যে সম্প্রদায়ের যার ইবাদত করা হয়, চাই সত্য মাবুদ হোক বা বাতিল মাবুদ হোক তাকে اِلٰهٌ বলা হয়।

আয়াত : ৪

اَلْوَسْوَاسِ : **কুমন্ত্রণাদাতা**। কুমন্ত্রণা। শব্দটি বাব فَعْلَلَةٌ -এর মাসদার মূলবর্ণ (و ـ س ـ و ـ س) আরো একটি মাসদার হলো– وَسْوَسَةٌ; অর্থ– কুমন্ত্রণা দেওয়া; প্ররোচিত করা; কু-বুদ্ধি দেওয়া; প্রলুব্ধ করা; উদ্বুদ্ধ করা। এখানে অতিরঞ্জনের নিয়মে শয়তানকে কুমন্ত্রণা বলে দেওয়া হয়েছে; সে যেন আপাদমস্তক কুমন্ত্রণা। আওয়াজহীন গোপন বাক্যের মাধ্যমে শয়তান মানুষকে তার আনুগত্যের আহ্বান করে। মানুষ এই বাক্যের অর্থ অনুভব করে; কিন্তু কোনো আওয়াজ শুনে না। শয়তানের এরূপ আহবানকে কুমন্ত্রণা বা وَسْوَسَةٌ বলা হয়। –(কুরতুবী)।

اَلْخَنَّاسِ : **আত্মগোপনকারী**। এটি مبالغة -এর সীগাহ। মাসদার اَلْخُنُوْسُ ; মূলবর্ণ (خ ـ ن ـ س) অর্থ– পশ্চাতে সরে যাওয়া; পিছনে চলে যাওয়া; বন্ধ থাকা; বিরত হওয়া; থেমে যাওয়া। এটা শয়তানের উপাধি। কেননা যখন মানুষ আল্লাহর জিকির করে তখন তারা দূরে সরে যায়, থেমে যায় এবং কুমন্ত্রণা দিয়ে অদৃশ্য হয়ে যায়। মানুষ গাফেল হলে শয়তান আবার অগ্রসর হয়।

আয়াত : ৫

يُوَسْوِسُ : **সে কুমন্ত্রণা দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَعْلَلَ মাসদার اَلْوَسْوَسَةُ মূলবর্ণ (و ـ س ـ و ـ س) অর্থ– কুমন্ত্রণা দেওয়া; কু-বুদ্ধি দেওয়া। এটি بَعْثَرَ -এর ওযনে رباعى مجرد

صُدُوْرِ : **অন্তর**। এটি বহুবচন, একবচন– صَدْرٌ অর্থ– অন্তর; বক্ষ।

আয়াত : ৬

اَلْجِنَّةِ : **জিন**। শব্দটি اسم جمع ; একবচন– جِنِّىٌّ ; অন্যান্য মাখলুকাতের ন্যায় এরাও একপ্রকার সৃষ্টি। আগুন থেকে এদের জন্ম, তবে তার পদ্ধতি আমাদের জানা নেই। আমাদের ন্যায় এরাও শরিয়তের বিধিবিধান পালনে বাধ্য। এদের মধ্যে সন্তান প্রজননের

ধারাবাহিকতা রয়েছে এবং এরা ভালো ও মন্দ উভয়ই আছে। جِنٌّ অর্থ– অদৃশ; গোপন। এরাও মানুষের দৃষ্টি থেকে অদৃশ্য থাকে। তাই এদেরকে জিন বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, জিন শব্দের ব্যবহার মানুষের মোকাবিলায় ঐ সমস্ত প্রাণীদের জন্য হয় যারা দৃষ্টির অগোচরে থাকে। এমতাবস্থায় শয়তানও জিনজাতি এর অন্তর্ভুক্ত হবে। সুতরাং সকল ফেরেশতা জিন; কিন্তু সকল জিন ফেরেশতা নয়। জিনদের অস্তিত্ব সম্পর্কে সকল ওলামায়ে কেরামের ঐকমত্য রয়েছে। কারণ কুরআন ও মুতাওয়াতির হাদীস দ্বারা এর প্রমাণ রয়েছে। অনন্তর একটি হাদীসে রয়েছে রাসূলুল্লাহ ﷺ বলেছেন, জিন তিন প্রকার।

১. যাদের ডানা রয়েছে এবং তারা উড়ে বেড়ায়।
২. যারা সাপ ও বিচ্ছুর আকৃতির থাকে।
৩. যারা এক স্থানে কিছুদিন অবস্থান করার পর সেখান থেকে চলে যায়। –(ফতহুল বারী খ. ৬, পৃ. ২৪৬)

اَلنَّاسِ : **মানুষ**। শব্দটি اسم جمع বা جمع ; কারো কারো মতে اَلنَّاسُ মূলত اُنَاسٌ ছিল। বিলুপ্ত হামযার পরিবর্তে ال আনা হয়েছে। এ কারণেই আলিফ-লামটি হামযাসহ আসে না এবং اَلْاُنَاسُ বলা হয় না। (বায়যাভী) কারো কারো মতে শব্দটির মূলধাতু হলো (ن - س - ى) অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া; মনে না থাকা; স্বরণ না থাকা। আবার কারো কারো মতে (ن - و - س) যার অর্থ– ঢেউ খেলা; তরঙ্গায়িত হওয়া; দুলতে থাকা। এক ইয়েমেনী শাহজাদার স্কন্ধে চুলের বেণী ঝুলতে ছিল, তাই তাকে ذُوْ نُوَاسٌ বলা হতো। এমতাবস্থায় তার تصغير হবে نُوَيْسٌ ;

اَلنَّاسُ দ্বারা পুরুষ-মহিলা, শিশু-বৃদ্ধ, ভালো-মন্দ, মুসলিম-অমুসলিম, শিক্ষিত-অশিক্ষিত সকলেই এর অন্তর্ভুক্ত হবে।

শায়খ ইযযুদ্দীন (র.) বলেন– মানুষ-শয়তানের অনিষ্ট বলে নফসের কুমন্ত্রণা বোঝানো হয়েছে। কেননা, জিন-শয়তান যেমন মানুষের অন্তরে অপকর্মের আগ্রহ সৃষ্টি করে তেমনি স্বয়ং মানুষের নফসও মন্দ কাজেরই আদেশ করে। এ কারণেই রাসূলুল্লাহ ﷺ আপন নফসের অনিষ্ট থেকেও আশ্রয় প্রার্থনা শিক্ষা দিয়েছেন। হাদীসে আছে–اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِىْ وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَشِرْكِهٖ (হে আল্লাহ! আমি আপনার আশ্রয় চাই, আমার নফসের অনিষ্ট থেকে, শয়তানের অনিষ্ট থেকে এবং শিরক থেকেও।

কুরআনের সূচনা ও সমাপ্তির মিল : আল্লাহ তা'আলা সূরা ফাতিহার মাধ্যমে কুরআন পাক শুরু করেছেন, যার সারমর্ম আল্লাহর প্রশংসা ও গুণকীর্তনের পর তাঁর সাহায্য ও সরলপথে চলার তওফীক প্রার্থনা করা। আল্লাহ তা'আলার সাহায্য ও সরলপথের মধ্যেই মানুষের যাবতীয় ইহলৌকিক ও পারলৌকিক কামিয়াবি নিহিত; কিন্তু এ দুটি বিষয় অর্জনে এবং অর্জনের পর তা ব্যবহারে প্রতি পদক্ষেপে অভিশপ্ত শয়তানের চক্রান্ত ও কুমন্ত্রণার জাল বিছানো থাকে। তাই সূরা নাসের মাধ্যমে এ জাল ছিন্ন করার কার্যকর পন্থা তথা আল্লাহর আশ্রয় গ্রহণ দ্বারা পবিত্র কুরআন সমাপ্ত করা হয়েছে।

تمت بالخير